
জর্জ সিরিজ

- বি সি এস প্রিলিমিনারি
- ব্যাংকার্স রিক্রুটম্যান্ট
- শিক্ষক-প্রভাষক নিবন্ধন
- বিশ্ববিদ্যালয়-মেডিকেল ভর্তি সহায়িকা


GEORGE'S
বাংলা ভাষা ও সাহিত্য

নতুন ও পুরাতন বাংলা ব্যাকরণের সমন্বিত উপস্থাপন









Author
Dr. Md. Shahnewaz Hossain George

EASY PUBLICATIONS
https://www.facebook.com/groups/georgeseries

জর্জ সিরিজ

- বিসিএস প্রিলিমিনারি
- পিএসসি'র নিয়োগ
- প্রভাষক - শিক্ষক নিবন্ধন
- মাধ্যমিক - প্রাথমিক শিক্ষক নিয়োগ
- সরকারি - বেসরকারি ব্যাংক নিয়োগ
- বিশ্ববিদ্যালয় - মেডিকেল ভর্তি সহায়িকা

GEORGE'S

বাংলা ভাষা ও সাহিত্য

রচনা ও সম্পাদনায়

ডা. মো. শাহনেওয়াজ হোসেন জর্জ

এমবিবিএস (ঢামেক); বিসিএস (স্বাস্থ্য)


Easy PUBLICATIONS

গ্রন্থের নাম	George's বাংলা ভাষা ও সাহিত্য
লেখক,স্বত্ব,প্রচ্ছদ	ডা. মো. শাহনেওয়াজ হোসেন জর্জ
প্রকাশক	Easy Publications
মূল্য	৬৮০/= (ছয়শত আশি টাকা মাত্র)

প্রথম প্রকাশ : জুন, ২০১৫

সপ্তদশ সংস্করণ : ডিসেম্বর, ২০২২

পুনর্মুদ্রণ : জানুয়ারি, ২০২৩



নিবন্ধ সংখ্যা ১৪৪৭৫-কপার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কপিরাইট অফিস

স্বত্বাধিকার নিবন্ধভুক্তির প্রমাণপত্র

এতদ্বারা প্রমাণপত্র প্রদান করা হইতেছে যে ডাঃ মোঃ শাহনেওয়াজ হোসেন জর্জ প্রণীত এবং ২০১৫ খ্রিঃ তারিখে Easy Publications কর্তৃক প্রকাশিত "GEORGE'S বাংলা" নামক সাহিত্য কর্মের রচয়িতা স্বত্বাধিকার সংশ্লিষ্ট রেজিস্ট্রী বহিতে ডাঃ মোঃ শাহনেওয়াজ হোসেন জর্জ নামে ও ১৪৪৭৫-কপার ক্রমিক সংখ্যায় নিবন্ধভুক্ত করা হইয়াছে।

আমার সহি ও সীলমোহরে অদ্য ২০১৬ খ্রীষ্টাব্দের ফেব্রুয়ারি মাসের বাইশ তারিখে প্রদত্ত হইল।

রেজিস্ট্রার

গবেষণা ও সম্পাদনায়

মোঃ শাহরিয়ার হোসেন, মুহাম্মদ আসাদুল হক, মো. মেহেদী হাসান

বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার মানবণ্টন

সাহিত্য : ২০

ক. প্রাচীন যুগ ও মধ্যযুগ - ০৫

খ. আধুনিক যুগ (১৮০০ - বর্তমান পর্যন্ত) - ১৫

ভাষা : ১৫

প্রয়োগ-অপপ্রয়োগ, বানান ও বাক্য শুদ্ধি, পরিভাষা, সমার্থক শব্দ, বিপরীতার্থক শব্দ, ধ্বনি ও বর্ণ, শব্দ, পদ, বাক্য, প্রত্যয়, সন্ধি, সমাস।

বিষয়	বিষয়বস্তু	৪৪তম	৪৩তম	৪২তম	৪১তম	৪০তম	৩৯তম	৩৮তম	৩৭তম	৩৬তম	৩৫তম
বাংলা সাহিত্য	১. প্রাচীন যুগ	-	২	১	১	২	-	১	২	-	২
	২. মধ্যযুগ	৫	২	১	২	৩	১	৪	৪	৪	৪
	৩. আধুনিক যুগ	১৫	১৩	৩	১৫	১৩	৮	১৩	১৪	১৭	১০
	মোট	২০	১৭	৫	১৮	১৮	৯	১৮	২০	২১	১৬
বাংলা ব্যাকরণ	১. প্রয়োগ-অপপ্রয়োগ, বানান	২	১	৩	২	১	-	৩	১	১	২
	২. বাক্য শুদ্ধি	-	-	-	-	-	-	-	-	-	-
	৩. পরিভাষা	-	১	১	-	১	-	-	১	১	১
	৪. সমার্থক শব্দ	১	১		১	২	১	১	১	১	২
	৫. বিপরীত শব্দ	-	-	২	-	১	১	১	১	-	১
	৬. ধ্বনি ও বর্ণ	-	২	১	২	-	-	২	২	২	১
	৭. শব্দ	২	১	১	১	২	-	২	১	১	১
	৮. পদ	-	-	-	-	-	১	-	-	২	১
	৩. বাক্য	১	২	১	১	-	-	১	-	১	১
	৪. প্রত্যয়	১	১	১	১	২	১	২	-	১	১
	৯. সন্ধি	১	-	-	-	-	১	১	-	১	১
	১০. সমাস	১	১	১	১	-	১	১	২	১	১
	১১. বিবিধ	৬	৬	৫	৬	৭	৫	-	৩	২	২
	মোট	১৫	১৬	১৬	১৫	১৬	১১	১৪	১২	১৪	১৫

বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার মানবণ্টন

বাংলা ভাষা ও সাহিত্য

পূর্ণমান : ৩৫

সাহিত্য : ২০

ক. প্রাচীন যুগ ও মধ্যযুগ - ০৫

খ. আধুনিক যুগ (১৮০০ - বর্তমান পর্যন্ত) - ১৫

ভাষা : ১৫

প্রয়োগ-অপপ্রয়োগ, বানান ও বাক্য শুদ্ধি, পরিভাষা, সমার্থক শব্দ, বিপরীতার্থক শব্দ, ধ্বনি ও বর্ণ, শব্দ, পদ, বাক্য, প্রত্যয়, সন্ধি, সমাস।

বিষয়	বিষয়বস্তু	বিসিএস প্রিলিমিনারি প্রশ্নোত্তর									
		৪৪তম	৪৩তম	৪২তম	৪১তম	৪০তম	৩৯তম	৩৮তম	৩৭তম	৩৬তম	৩৫তম
বাংলা সাহিত্য	১. প্রাচীন যুগ	-	২	১	১	২	-	১	২	-	২
	২. মধ্যযুগ	৫	২	১	২	৩	১	৪	৪	৪	৪
	৩. আধুনিক যুগ	১৫	১৩	৩	১৫	১৩	৮	১৩	১৪	১৭	১০
	মোট	২০	১৭	৫	১৮	১৮	৯	১৮	২০	২১	১৬
বাংলা ব্যাকরণ	১. প্রয়োগ-অপপ্রয়োগ, বানান	২	১	৩	২	১	-	৩	১	১	২
	২. বাক্য শুদ্ধি	-	-	-	-	-	-	-	-	-	-
	৩. পরিভাষা	-	১	১	-	১	-	-	১	১	১
	৪. সমার্থক শব্দ	১	১		১	২	১	১	১	১	২
	৫. বিপরীত শব্দ	-	-	২	-	১	১	১	১	-	১
	৬. ধ্বনি ও বর্ণ	-	২	১	২	-	-	২	২	২	১
	৭. শব্দ	২	১	১	১	২	-	২	১	১	১
	৮. পদ	-	-	-	-	-	১	-	-	২	১
	৩. বাক্য	১	২	১	১	-	-	১	-	১	১
	৪. প্রত্যয়	১	১	১	১	২	১	২	-	১	১
	৯. সন্ধি	১	-	-	-	-	১	১	-	১	১
	১০. সমাস	১	১	১	১	-	১	১	২	১	১
	১১. বিবিধ	৬	৬	৫	৬	৭	৫	-	৩	২	২
	মোট	১৫	১৬	১৬	১৫	১৬	১১	১৪	১২	১৪	১৫

বাংলা সাহিত্য

বাংলা সাহিত্যের প্রবাদ পুরুষ














সরাসরি বই প্রাপ্তির নাম্বার - ০১৭০৮৮-৬৯৬০৩

সূচিপত্র

বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার সিলেবাস অনুযায়ী সূচি (পূর্ণমান : ৩৫)

Bangla._ Inner(Single) Color

বাংলা সাহিত্য

সাহিত্যের চিরন্তন উদ্দেশ্য সৌন্দর্যসৃষ্টি ও আনন্দদান। বাংলা সাহিত্যের যুগকে ৩ ভাগে ভাগ করা যায়। যথা-

ক্রম	যুগ	সময়কাল	বৈশিষ্ট্য
১	প্রাচীন বা আদিযুগ	৬৫০-১২০০ খ্রি.	ধর্ম নির্ভর এবং গোষ্ঠী কেন্দ্রিকতা
২	মধ্যযুগ	১২০১-১৮০০ খ্রি.	ধর্ম মুখ্য, মানুষ হয়ে পড়ে গৌণ।
৩	আধুনিক যুগ	১৮০১ খ্রি. - বর্তমান	স্বদেশ প্রেম, মানবতাবোধ ও ব্যক্তি স্বাধীনতা।

MCQ Solution

১. **সাহিত্যের প্রধান লক্ষ্য কী?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]

ⓚ মনোরঞ্জন করা
ⓛ সৌন্দর্য সৃষ্টি করা
ⓖ লেখকের প্রতিষ্ঠা
ⓘ সমাজের সমালোচনা করা **উত্তর: খ**

২. **বাংলা সাহিত্যের যুগকে কয় ভাগে ভাগ করা যায়?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২০]

ⓚ ৪টি ⓛ ৩টি
ⓖ ৫টি ⓘ ৬টি **উত্তর: খ**

৩. **বাংলা সাহিত্যের পঠন-পাঠনের সুবিধার জন্য বাংলা সাহিত্যের ইতিহাসকে তিনটি যুগে ভাগ করা হয়েছে। —— বাংলা সাহিত্যের প্রাচীন যুগ।** [৩৪তম বিসিএস]

ⓚ ৪৫০ - ৬৫০ ⓛ ৬৫০ - ৮৫০
ⓖ ৬৫০ - ১২০০ ⓘ ৬৫০ - ১২৫০ **উত্তর: গ**

৪. **বাংলা ভাষার মধ্যযুগ-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা) : ১৬]

ⓚ ৯০১ থেকে ১২০০ খ্রিষ্টাব্দ
ⓛ ১২০১ থেকে ১৩৫০ খ্রিষ্টাব্দ
ⓖ ১২০১ থেকে ১৮০০ খ্রিষ্টাব্দ
ⓘ ১৮০০ খ্রিষ্টাব্দ থেকে বর্তমান **উত্তর: গ**

৫. **বাংলা সাহিত্যে আধুনিক পর্ব শুরু হয় কত শতকে?** [বাংলাদেশ কৃষি ব্যাংক লি. অফিসার : ১১]

ⓚ ১৮ ⓛ ১৭
ⓖ ১৯ ⓘ ২০ **উত্তর: গ**

৬. **বাংলা সাহিত্যে আধুনিক যুগের কত সাল থেকে শুরু?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের ফার্মেসিক্যাল : ২২/ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর মেডিকেল অফিসার : ২১]

ⓚ ১৮০১ ⓛ ১৯০১
ⓖ ১৬০১ ⓘ ১৭০১ **উত্তর: ক**

৭. **আধুনিকতার লক্ষণ কি?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৯]

ⓚ ইংরেজি শিক্ষা
ⓛ দেশ বিদেশে ঘুরে বেড়ানো
ⓖ সহশিক্ষা
ⓘ স্বদেশ প্রেম ও মানবতাবোধ **উত্তর: ঘ**

৮. **কোন সাহিত্যাদর্শের মর্মে নৈরাশ্যবাদ আছে?** [বাতিলকৃত ২৪তম বিসিএস]

ⓚ রোমান্টিসিজম
ⓛ আধুনিকতাবাদ
ⓖ উত্তরাধুনিকতাবাদ
ⓘ বাস্তববাদ **উত্তর: গ**

আদি যুগ বা প্রাচীন যুগ

চর্যাপদ (Charyapada)


বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা হলো কাব্য। চর্যাপদ বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম নিদর্শন। চর্যাপদ বাংলা ভাষার প্রথম কাব্য বা কবিতা সংকলন। চর্যাপদের কবিতাগুলো গাওয়া হতো; তাই এগুলো একইসাথে গান ও কবিতা। এটি বাংলা সাহিত্যের প্রাচীনযুগের একমাত্র লিখিত নিদর্শন।

আবিষ্কার



ড. হরপ্রসাদ শাস্ত্রী

১৯০৭ সালে মহামহোপাধ্যায় ডক্টর হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজ দরবারের গ্রন্থাগার হতে 'চর্যাচর্যবিনিশ্চয়' নামক পুঁথিটি আবিষ্কার করেন। নেপালে প্রাপ্ত পুঁথিটিতে গ্রন্থের নাম বর্ণিত হয়েছে 'চর্যাচর্যবিনিশ্চয়' বলে অর্থাৎ পুঁথির পদগুলোর সাহায্যে কোনটি চর্য (আচরণীয়) আর কোনটি অ-চর্য (অনাচরণীয়) তা বিনিশ্চয় (নির্ণয়) করা যেতে পারে। চর্যাপদ প্রাচীন বাংলা ও নেপালি অক্ষরে লিখিত। চর্যাপদের সাথে 'ডাকার্ণব' ও 'দোহাকোষ' নামে আরও দুটি বই নেপালের রাজ গ্রন্থাগার হতে আবিষ্কৃত হয়। 'ডাকার্ণব' অবহট্ঠ (অপভ্রংশ ভাষার পরবর্তী স্তর) ভাষায় রচিত। হরপ্রসাদ শাস্ত্রীর সম্পাদনায় 'বঙ্গীয় সাহিত্য পরিষৎ' থেকে ১৯১৬ সালে সবগুলো বই একসাথে 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা' নামে প্রকাশিত হয়।



চিত্র : ডাকার্ণব

রচনাকাল

- চর্যাপদের রচনাকাল

  ড. মুহম্মদ শহীদুল্লাহ'র মতে ৬৫০ খ্রি.

  ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়সহ অধিকাংশের মতে ৯৫০ - ১২০০ খ্রি.

সপ্তম থেকে দ্বাদশ শতাব্দীর মধ্যবর্তী সময়ে চর্যাপদগুলো রচিত। চর্যাপদের আনুমানিক বয়স হাজার বছর।

বাংলার পাল বংশের রাজারা ছিলেন বৌদ্ধ ধর্মাবলম্বী। তাদের আমলে চর্যাগীতিগুলোর বিকাশ ঘটেছিল। 'চর্যাপদ' সহজিয়া বৌদ্ধ ধর্মাবলম্বীদের সাধনসঙ্গীত। পাল বংশের পরে আসে সেন বংশ। সেন বংশ হিন্দুধর্ম এবং ব্রাহ্মণ্যসংস্কার রাজধর্ম হিসাবে গ্রহণ করে। ফলে বৌদ্ধ সিদ্ধচার্যেরা এদেশ হতে বিতাড়িত হয় এবং নেপালে আশ্রয় গ্রহণ করে। তাই বাংলা সাহিত্যের আদি নিদর্শন বাংলাদেশের বাহিরে নেপালে পাওয়া গেছে।

চর্যাপদ ও বাঙালি জীবন (সমাজ চিত্র)

চর্যাপদে সে আমলের জীবনযাত্রার নানা আচারব্যবহার, রীতিনীতি, জীবিকা, অর্থনৈতিক অবস্থার পরিচয় পাওয়া যায়।

ভাষা

চর্যাপদের শব্দগুলো অপরিচিত, শব্দ ব্যবহারের রীতি বর্তমানের রীতি থেকে ভিন্ন - তাই এর কবিতাগুলো পড়ে বুঝতে কষ্ট হয়। হরপ্রসাদ শাস্ত্রী চর্যাপদের ভাষাকে সন্ধ্যা ভাষা / সান্ধ্য ভাষা / আলো আঁধারি ভাষা (খানিক বুঝা যায়, খানিক বুঝা যায় না) বলে অভিহিত করেন। সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁর 'বাঙলা ভাষার উৎপত্তি ও বিকাশ' (The Origin and Development of the Bengali language) নামক গ্রন্থে ধ্বনিতত্ত্ব ব্যাকরণ ও ছন্দ বিচার করে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, পদসংকলনটি আদি বাংলা ভাষায় রচিত।



আধুনিক ছন্দের বিচারে চর্যাপদের ছন্দকে মাত্রাবৃত্ত ছন্দ বলা যায়। ড. মুহম্মদ শহীদুল্লাহ সম্পাদিত 'চর্যাপদ' বিষয়ক গ্রন্থের নাম 'Buddhist Mystic Songs।' তাঁর মতে, চর্যাপদের ভাষা বঙ্গ-কামরূপী। সেকালের বাংলা, উড়িয়া বা অসমিয়া ভাষার পার্থক্য ছিল সামান্যই। তাই এই ভাষাগুলোকে বাংলার সহোদর ভাষাগোষ্ঠী বলা হয়। চর্যাপদ উড়িষ্যা, বিহার, আসাম, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের নিজ নিজ ভাষা ও সাহিত্যের আদি নিদর্শন হিসাবে বিবেচিত। মুনিদত্ত চর্যাপদের পদগুলোকে টীকার মাধ্যমে ব্যাখ্যা করেন।

MCQ Solution

১. **বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা কোনটি?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২/ বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]

ⓚ ছোটগল্প ⓚ নাটক

ⓖ কাব্য ⓖ উপন্যাস **উত্তর:** গ

২. **বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীন নিদর্শন কোনটি?** [ডাক-জীবন-বীমা-এর অফিস সহকারী : ২২]
ⓚ শ্রীকৃষ্ণবিজয় ⓚ শ্রীকৃষ্ণকীর্তন
ⓖ শূন্যপুরাণ ⓖ চর্যাপদ **উত্তর:** ঘ

৩. **বাংলা ভাষার প্রথম কবিতা সংকলন-** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ⓚ চর্যাপদ ⓚ বৈষ্ণব পদাবলি
ⓖ ঐতরেয় আরণ্যক ⓖ দোহাকোষ **উত্তর:** ক

৪. **'চর্যাপদ' রচনাটি বাংলা সাহিত্যের কোন যুগের কাব্য নিদর্শন?** [তিতাস গ্যাস ট্রান্সমিশন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কো. লি. ডেপুটি ইঞ্জিনিয়ার : ১১]
ⓚ আদিযুগ ⓚ মধ্যযুগ
ⓖ আধুনিক যুগ ⓖ অতি আধুনিক যুগ **উত্তর:** ক

৫. **'চর্যাপদ' হলো মূলত-** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা : ২২]
ⓚ গানের সংকলন ⓚ কবিতার সংকলন
ⓖ প্রবন্ধের সংকলন ⓖ কোনোটিই নয় **উত্তর:** ক

৬. **'চর্যাপদ' হলো-** [কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার (ক্যাশ) : ২১]
ⓚ একগুচ্ছ ধর্মোপদেশ ⓚ সাধন সংগীত
ⓖ জীবনাচরণ পদ্ধতি ⓖ দেবী বন্দনা **উত্তর:** খ

৭. **বাংলা ভাষার আদি নিদর্শন 'চর্যাপদ' আবিষ্কৃত হয় কত সালে?** [৩৪তম বিসিএস/ ৩০তম বিসিএস/ সিজিএ- কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ⓚ ২০০৭ সালে ⓚ ১৯০৭ সালে
ⓖ ১৯১৬ সালে ⓖ ১৯০৯ সালে **উত্তর:** খ

৮. **'চর্যাপদ' আবিষ্কৃত হয় কোথা থেকে?** [২৮তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় পর্যায়) : ২২]
ⓚ আরাকান রাজগ্রন্থাগার থেকে
ⓚ বাঁকুড়ার এক গৃহস্থের গোয়াল ঘর থেকে
ⓖ নেপালের রাজগ্রন্থশালা থেকে
ⓖ সুদূর চীন দেশ থেকে **উত্তর:** গ

৯. **বাংলা ভাষার প্রথম কাব্য সংকলন 'চর্যাপদ' এর আবিষ্কারক?** [১৭তম বিসিএস/ বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ২২]
ⓚ ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ
ⓚ ডক্টর সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓖ ডক্টর হরপ্রসাদ শাস্ত্রী
ⓖ ডক্টর সুকুমার সেন **উত্তর:** গ

১০. **হরপ্রসাদ শাস্ত্রী পুঁথি সাহিত্য সংগ্রহের জন্য গিয়েছিলেন-** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৯]
ⓚ তিব্বত, নেপাল ⓚ ভুটান, সিকিম
ⓖ কাশী, বেনারস ⓖ বোম্বে, জয়পুর **উত্তর:** ক

১১. **'চর্যাপদ'এর প্রাপ্তিস্থান কোথায়?** [৪৩তম বিসিএস]
ⓚ বাংলাদেশ ⓚ নেপাল
ⓖ উড়িষ্যা ⓖ ভুটান **উত্তর:** খ

১২. **'চর্যাচর্যবিনিশ্চয়'- এর অর্থ কী?** [৩৭তম বিসিএস]
ⓚ কোনটি চর্যাগান, আর কোনটি নয়
ⓚ কোনটি আচরণীয়, আর কোনটি নয়
ⓖ কোনটি চরাচরের, আর কোনটি নয়
ⓖ কোনটি আচার্যের, আর কোনটি নয় **উত্তর:** খ

১৩. **'ডাকার্ণব' কোন ভাষায় রচিত?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
ⓚ ব্রাহ্মী ⓚ পালি
ⓖ সান্ধ্যা ⓖ অপভ্রংশ **উত্তর:** ঘ

১৪. **'চর্যাপদ' প্রথম কোথা থেকে প্রকাশিত হয়?** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার : ১৩]
ⓚ বঙ্গীয় সাহিত্য পরিষৎ ⓚ ফোর্ট উইলিয়ম কলেজ
ⓖ শ্রীরামপুর মিশন ⓖ এশিয়াটিক সোসাইটি **উত্তর:** ক

১৫. **বঙ্গীয় সাহিত্য পরিষৎ কর্তৃক প্রকাশিত 'চর্যাপদ' কে সম্পাদনা করেন?** [৭ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১২]
ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ ⓚ শ্রী হরপ্রসাদ শাস্ত্রী
ⓖ ড. দীনেশচন্দ্র সেন ⓖ শ্রী হরলাল রায় **উত্তর:** খ

১৬. **হরপ্রসাদ শাস্ত্রী 'চর্যাপদ' যে গ্রন্থে প্রকাশ করেছিলেন তার নাম হল-** [সমাজসেবা অধিদপ্তরের সমাজ সংগঠক : ০৫]
ⓚ চর্যাপদাবলি
ⓚ হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা
ⓖ চর্যাচর্যবিনিশ্চয়
ⓖ চর্যাগীতিকা **উত্তর:** খ

১৭. **বাংলা সাহিত্যের প্রাচীন যুগের নিদর্শন কোনটি?** [৩৫তম বিসিএস]
ⓚ নিরঞ্জনের রুম্মা ⓚ দোহাকোষ
ⓖ গোপীচন্দ্রের সন্ন্যাস ⓖ ময়নামতীর গান **উত্তর:** খ

১৮. **বাংলা সাহিত্যের আদিগ্রন্থ 'চর্যাপদ' এর রচনাকাল-** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে কারা তত্ত্বাবধায়ক : ১০]
ⓚ সপ্তম থেকে দ্বাদশ শতক
ⓚ অষ্টম থেকে চতুর্দশ শতক
ⓖ নবম থেকে চতুর্দশ শতক
ⓖ দশম থেকে চতুর্দশ শতক **উত্তর:** ক

১৯. **চর্যাপদের বয়স আনুমানিক কত বছর?** [বাংলাদেশ রেলওয়ের সহ-কমান্ডেট : ০০]
ⓚ ৮০০ বছর ⓚ ১০০০ বছর
ⓖ ১১০০ বছর ⓖ ১২০০ বছর **উত্তর:** খ

২০. **বাংলা সাহিত্যের ইতিহাস ও ইংরেজি সাহিত্যের ইতিহাস- এ দু'টির মধ্যে কোনটি বেশি পুরাতন?** [পিএসসির সহকারী পরিচালক : ৯৮]
ⓚ বাংলা সাহিত্যের ইতিহাস
ⓚ ইংরেজি সাহিত্যের ইতিহাস
ⓖ দু'টিই সমসাময়িক
ⓖ বিষয়টি বিতর্কিত ও অমিমাংসিত **উত্তর:** খ

ব্যাখ্যা: বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন 'চর্যাপদ' (৬৫০ খ্রি.)। ইংরেজি সাহিত্যের প্রথম সাহিত্যকর্ম 'Beowulf' (৪৫০ খ্রি.)।

২১. **চর্যাপদের সঙ্গে কোন ধর্মের নাম সংশ্লিষ্ট?** [৪০তম বিসিএস]
ⓚ ইসলাম ধর্ম ⓚ খ্রিষ্টধর্ম
ⓖ শিখ ধর্ম ⓖ বৌদ্ধধর্ম **উত্তর:** ঘ

২২. **'চর্যাপদ' রচনার উদ্দেশ্য কি ছিল?** [ডেসকো সাব-স্টেশন অ্যাটেনডেন্ট : ২২]
ⓚ নীতি চর্চা ⓚ ধর্ম চর্চা
ⓖ সাহিত্য চর্চা ⓖ অনুবাদ চর্চা **উত্তর:** খ

২৩. **কোন রাজবংশের আমলে 'চর্যাপদ' রচনা শুরু হয়?** [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্টমাস্টার : ১০]
ⓚ পাল ⓚ সেন
ⓖ মোগল ⓖ তুর্কি **উত্তর:** ক

২৪. **প্রাচীন বাংলার অর্থনৈতিক পরিচিতি জানা যায় কোন গ্রন্থ থেকে?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : ১৬-১৭]
ⓚ চর্যাপদ ⓚ কৌটিল্যের অর্থশাস্ত্র
ⓖ রঘুবংশ ⓖ জমিদার দর্পণ **উত্তর:** ক

২৫. **'সন্ধ্যাভাষা' কোন সাহিত্যকর্মের সঙ্গে যুক্ত?** [৪২তম (বিশেষ) বিসিএস/ ৩৮তম বিসিএস/ স্বাস্থ্য মন্ত্রণালয়ের ফার্মেসিক্যাল : ২২]
ⓚ চর্যাপদ ⓚ পদাবলি
ⓖ মঙ্গলকাব্য ⓖ রোমান্সকাব্য **উত্তর:** ক

২৬. **চর্যাপদের ভাষাকে 'আলো-আঁধারি' বলে অভিহিত করেছেন কে?** [১৫তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ২২]
ⓚ মুহম্মদ শহীদুল্লাহ ⓚ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓖ হরপ্রসাদ শাস্ত্রী ⓖ সুকুমার সেন **উত্তর:** গ

২৭. **বাংলা লিপির প্রথম নিদর্শন পাওয়া যায়-** [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন মাস্টার : ২২]
ⓚ শ্রীকৃষ্ণকীর্তন ⓚ চর্যাপদ
ⓖ বৈষ্ণব পদাবলি ⓖ মঙ্গলকাব্য **উত্তর:** খ

২৮. **'চর্যাপদ' যে বাংলা ভাষায় রচিত এটি প্রথম কে প্রমাণ করেন?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ১১]
ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ ⓚ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓖ হরপ্রসাদ শাস্ত্রী ⓖ ড. এনামুল হক **উত্তর:** খ

২৯. **'The Origin and Development of the Bengali Language' গ্রন্থটি রচনা করেছেন-** [৩৩তম বিসিএস]
ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ⓚ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓖ হরপ্রসাদ শাস্ত্রী
ⓖ স্যার জর্জ গ্রিয়ারসন **উত্তর:** খ

৩০. **'চর্যাপদ' কোন ছন্দে লেখা?** [৩৩তম বিসিএস/ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর জুনিয়র অডিটর (এলডিএ) : ২২]
ⓚ অক্ষরবৃত্ত ⓚ মাত্রাবৃত্ত
ⓖ স্বরবৃত্ত ⓖ অমিত্রাক্ষর ছন্দ **উত্তর:** খ

৩১. **ড. মুহম্মদ শহীদুল্লাহ সম্পাদিত 'চর্যাপদ' বিষয়ক গ্রন্থের নাম কী?** [৩৭তম বিসিএস]
ⓚ Buddhist Mystic Songs
ⓚ হাজার বছরের পুরাণ বাংলা ভাষায় বৌদ্ধগান দোহা
ⓖ চর্যাগীতিকোষ
ⓖ চর্যাগীতিকা **উত্তর:** ক

৩২. **ড. মুহম্মদ শহীদুল্লাহ'র মতে, চর্যাপদের ভাষা-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২]
ⓚ ব্রজবুলি ⓚ জগাখিচুড়ি
ⓖ সন্ধ্যাভাষা ⓖ বঙ্গ-কামরূপী **উত্তর:** ঘ

৩৩. **নিচের কোনটি সহোদর ভাষাগোষ্ঠী?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠক : ০৫]
ⓚ বাংলা ও উর্দু ⓚ বাংলা ও অসমিয়া
ⓖ বাংলা ও হিন্দি ⓖ বাংলা ও সংস্কৃত **উত্তর:** খ

৩৪. **কোন পণ্ডিত চর্যাপদের পদগুলোকে টীকার মাধ্যমে ব্যাখ্যা করেন?** [৪১তম বিসিএস]
ⓚ কাহ্নপা ⓚ লুইপা
ⓖ ডাকার্ণব ⓖ মুনিদত্ত **উত্তর:** ঘ

চর্যার কবি

- চর্যার পদসংখ্যা
  ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে ৫০টি
  সুকুমার সেন সহ অধিকাংশের মতে ৫১টি

কয়েক পাতা নষ্ট হয়ে যাওয়ায় সর্বমোট সাড়ে ৪৬টি পদ পাওয়া গেছে। ২৩ নং পদটি খণ্ডিত আকারে উদ্ধার করা হয়েছে অর্থাৎ এর শেষাংশ পাওয়া যায়নি। ২৪, ২৫ ও ৪৮ নং পদগুলো পাওয়া যায়নি।

- চর্যার পদকর্তা
  ড. মুহম্মদ শহীদুল্লাহ'র মতে ২৩ জন
  সুকুমার সেন সহ অধিকাংশের মতে ২৪ জন

চর্যার পদকর্তারা হলেন লুই, শবর, কুক্কুরী, বিরুআ, গুণ্ডরী, চাটিল, ভুসুকু, কাহ্ন, কাম্বলাম্বর, ডোম্বী, শান্তি, মহিত্তা, বীণা, সরহ, আজদেব, ঢেণ্ঢণ, দারিক, ভাদে, তাড়ক, কঙ্কণ, জয়নন্দী, ধাম, তন্ত্রী ও লাড়ীডোম্বী। পদকর্তাদের নামের শেষে সম্মানসূচক 'পা' যোগ করা হয়। যেমন- লুই থেকে লুইপা, শবর থেকে শবরপা।

- চর্যাপদ তথা বাংলা সাহিত্যের আদি কবি-
  ড. মুহম্মদ শহীদুল্লাহ'র মতে শবরপা।
  ড. হরপ্রসাদশাস্ত্রীসহ অধিকাংশের মতে লুইপা।

পদকর্তা	পদসংখ্যা
কাহ্নপা	১৩টি
ভুসুকুপা	৮টি
সরহপা	৪টি
কুক্কুরীপা	৩টি
লুইপা	২টি
শান্তিপা	২টি

অবশিষ্টরা প্রত্যেকে ১টি করে পদ রচনা করেন। লাড়ীডোম্বীপার কোনো পদ পাওয়া যায়নি। চর্যাপদে মোট ৬টি প্রবাদ পাওয়া যায়।

কাহ্নপা

- *আলি এঁ কালি এঁ বাট রুন্ধেলা।*
  তা দেখি কাহ্ন বিমণা ভইলা।
  কাহ্ন কহি গই করিম নিবাস
  জো মণ গোঅর সো উআস।
  আধুনিক বাংলায় : জগতে যা কিছুই উৎপত্তি হয়, তা বিনাশ লাভ করে এ দেখে কাঁনুপা দুঃখিত হয়ে মুক্তির পথ সন্ধান করছেন।

ভুসুকুপা

ভুসুকুপা নিজেকে বাঙালি বলে পরিচয় দিয়েছেন।

- *আপনা মাংসেঁ হরিণা বৈরী।* (প্রবাদ)
  আধুনিক বাংলায় : হরিণের মাংসই তার জন্য শত্রু।

সরহপা

- *হাতের কাঙ্কন মা লোউ দাপন।* (প্রবাদ)
  আধুনিক বাংলায় : হাতের কঙ্কন দেখার জন্য দর্পণের প্রয়োজন হয় না।
- *বর সুন গোহালী কিমু দুঠ্য বলন্দেঁ।* (প্রবাদ)
  আধুনিক বাংলায় : দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল ভালো।

কুক্কুরীপা

- *রুখের তেন্তুলি কুমিরে খাই।*
  আধুনিক বাংলায় : গাছের তেঁতুল কুমিরে খায়।

লুইপা

- *চঞ্চল চীএ পইঠা কাল।।*
  আধুনিক বাংলায় : চঞ্চল চিত্তে কাল প্রবেশ করে।

লুইপা সংস্কৃত ভাষার 'অভিসময়বিভঙ্গ' নামক গ্রন্থ রচনা করেন।

শবরপা

- *উষ্ণা উষ্ণা পাবত তহিঁ বসই সরবী বালী।*
  মোরঙ্গি পীচ্ছ পরিহাণ সরবী গিবত গুঞ্জরী মালী।।
  আধুনিক বাংলায় : উঁচু উঁচু পর্বত - সেখানে বসে শবরী বালিকা, মধুর পুচ্ছ পরিহিত শবরী গলায় গুঞ্জার মালা।

ভাদেপা

- *একতাল হঁউ অচ্ছিলোঁ স্বমোহেঁ/ এবেঁ মই সদ্গুরু বোহেঁ।।*
  আধুনিক বাংলায় : এতকাল আমি স্বমোহে ছিলাম/ এখন সদগুরু বুঝলাম।

ঢেণ্ডণপা

- *টালত মোর ঘর নাহি পড়বেষী*
  হাড়ীত ভাত নাহি নিতি আবেশী। (প্রবাদ)
  আধুনিক বাংলায় : লোকশূন্য স্থানে প্রতিবেশীহীন আমার বাড়ি/ হাঁড়িতে ভাত নেই, অথচ প্রতিদিন প্রেমিকেরা এসে ভিড় করে। এই পদে দারিদ্রক্লিষ্ট জীবনের চিত্র ফুটে উঠেছে।
- *দুহিল দুধু কি বেন্টে সামায়।* (প্রবাদ)
  আধুনিক বাংলায় : দোহন করা দুধ কি বাটে প্রবেশ করানো যায়?

কঙ্কণপা

- *আন চাহন্তে আন বিনধা।* (প্রবাদ)
  আধুনিক বাংলায় : অন্য চাহিতে, অন্য বিনষ্ট।

মৎস্যেন্দ্রনাথ বা মীননাথ

ড. মুহম্মদ শহীদুল্লাহ্ মীননাথকে প্রথম বাঙালি কবি মনে করেন। চর্যাপদে মীননাথের কোনো পদ নেই। তবে ২১ সংখ্যক পদের টীকায় কেবল চারটি পঙ্ক্তির উল্লেখ আছে।

- *কমল মধু পিবি বি ধোকইন ভমরা।*
  আধুনিক বাংলায় : কমল মধু পান করিতে ভুল করে না ভোমরা।

MCQ Solution

১. প্রাপ্ত চর্যাপদের পদকর্তা কতজন? [সোনালী ব্যাংক লি. অফিসার : ১০]
ক) ১৯ খ) ২৩
গ) ২৫ ঘ) ২৭ **উত্তর: খ**

২. চর্যাপদে কতজন কবির পদ রয়েছে? [সিজিএ-এর অডিটর : ২২]
ক) ২৭ জন খ) ২৬ জন
গ) ২৪ জন ঘ) ২৫ জন **উত্তর: গ**

৩. বাংলা সাহিত্যের (চর্যাপদের) আদি কবি কে? [২৯তম বিসিএস/ ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক : ২২]
ক) কাহ্নপা খ) চেগুনপা
গ) লুইপা ঘ) ভুসুকুপা **উত্তর: গ**

৪. হরপ্রসাদশাস্ত্রী কাকে চর্যার আদি কবি মনে করেন? [আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল অ্যাডজুটেন্ট : ১০]
ক) লুইপা খ) কাহ্নপা
গ) ঢেণ্ডণপা ঘ) ভুসুকুপা **উত্তর: ক**

৫. সবচেয়ে বেশি 'চর্যাপদ' পাওয়া গেছে কোন কবির? [৩৫তম বিসিএস/ সোনালী, রূপালী, জনতা ব্যাংক লি. সহকারী প্রকৌশলী : ২১]
ক) লুইপা খ) শবরপা
গ) ভুসুকুপা ঘ) কাহ্নপা **উত্তর: ঘ**

৬. চর্যাগীতি রচনার সংখ্যাধিক্যের দ্বিতীয় স্থানের অধিকারী কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্ট: বিভাগ) : ০৩]
ক) জয়দেব খ) ভুসুকুপা
গ) হরপ্রসাদ শাস্ত্রী ঘ) কাহ্নপ **উত্তর: খ**

৭. কোন কবি নিজেকে বাঙালি বলে পরিচয় দিয়েছেন? [৩০তম বিসিএস/ রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ক) গোবিন্দদাস খ) কায়কোবাদ
গ) কাহ্নপা ঘ) ভুসুকুপা **উত্তর: ঘ**

৮. কোন জন চর্যাপদের পদকর্তা? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ক) ভারতচন্দ্র খ) শবরপা
গ) বিদ্যাপতি ঘ) চণ্ডীদাস **উত্তর: খ**

৯. উল্লিখিতদের মধ্যে কে প্রাচীন যুগের কবি নন? [৪০তম বিসিএস]
ক) কাহ্নপাদ খ) লুইপাদ
গ) শান্তিপাদ ঘ) রমণীপাদ **উত্তর: ঘ**

১০. চর্যাপদের গান সংখ্যা কতগুলো? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৮]

ক) ৪১টি খ) ৫১টি
গ) ৫৬টি ঘ) ৬২টি **উত্তর:** খ

১১. বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন চর্যাপদের সংখ্যা- [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]

ক) ৪৬টি খ) সাড়ে ৪৬টি
গ) ৪৯টি ঘ) ৫০টি **উত্তর:** ঘ

১২. চর্যাপদের কতটি পদ উদ্ধার করা সম্ভব হয়েছে? [পোস্টমাস্টার জেনারেল এর উচ্চমান সহকারী (উত্তরাঞ্চল) : ২২]

ক) সাড়ে ছেচল্লিশটি
খ) একান্নটি
গ) আটচল্লিশটি
ঘ) উনপঞ্চাশটি **উত্তর:** ক

১৩. চর্যাপদের কোন পদটি খণ্ডিত আকারে পাওয়া যায়? [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৯]

ক) ১০ নং পদ খ) ১৬ নং পদ
গ) ১৮ নং পদ ঘ) ২৩ নং পদ **উত্তর:** ঘ

১৪. 'চর্যাপদে' যে কবির নাম আছে, কিন্তু পদ নেই- [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৮-১৯]

ক) লুইপা খ) লহরীপা
গ) বহ্নিপা ঘ) লাড়ীডোম্বীপা **উত্তর:** ঘ

১৫. নিচের পঙ্ক্তিটি কার রচনা?
'আলি এঁ কালি এঁ বাট রুন্ধেলা। তা দেখি কাহ্নু বিমনা ভইলা।'– [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]

ক) কাহ্নপা খ) চাটিলপা
গ) শান্তিপা ঘ) ভুসুকুপা **উত্তর:** ক

১৬. 'আপনা মাংসে হরিণা বৈরী' লাইনটি কোন সাহিত্যের অন্তর্ভুক্ত? [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক : ২১]

ক) লোকসাহিত্য খ) ব্রজবুলি
গ) চর্যাপদ ঘ) বৈষ্ণব পদাবলি **উত্তর:** গ

১৭. 'রুখের তেন্তলি কুমিরে খাই'-এর অর্থ কী? [৪৩তম বিসিএস]

ক) তেজি কুমিরকে রুখে দিই
খ) বৃক্ষের শাখায় পাকা তেঁতুল
গ) গাছের তেঁতুল কুমিরে খায়
ঘ) ভুল থেকে শিক্ষা নিতে হয় **উত্তর:** গ

১৮. 'চঞ্চল চীএ পইঠা কাল' কোন কবির চর্যাংশ? [রাবি (গণযোগাযোগ ও সাংবাদিকতা) : ০৯-১০]

ক) বিরূপা
খ) শ্রীজ্ঞান অতীশ দীপঙ্কর
গ) লুইপা
ঘ) কুক্কুরীপা **উত্তর:** গ

১৯. 'অভিসময়বিভঙ্গ' কার রচনা? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ ও সাংবাদিকতা) : ০৯-১০]

ক) কাহ্নপা খ) হাড়িপা
গ) ভাদে ঘ) লুইপা **উত্তর:** ঘ

২০. "উষ্ণা উষ্ণা পাবত তহিঁ বসই সরবী বালী।
মোরঙ্গি পীচ্ছ পরিহাণ সরবী গিবত গুঞ্জরী মালী"।
পদটির পদকর্তা [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]

ক) সরহপা খ) শবরপা
গ) শান্তিপা ঘ) কঙ্কণপা **উত্তর:** খ

২১. 'একতাল হঁউ অচ্ছিলোঁ স্বমোহেঁ।/ এবেঁ মই সদ্গুরু বোহেঁ। পদটির পদকর্তা- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]

ক) ধর্মপা খ) বীণাসা
গ) মহীধরপা ঘ) ভাদেপা **উত্তর:** ঘ

২২. 'টালত মোর ঘর নাহি পড়বেশী, হাড়ীত ভাত নাহি নিতি আবেশী'।- চর্যাপদের এ চরণ দু'টিতে কী বোঝানো হয়েছে? [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর : ১৬]

ক) আত্মীয়ের প্রতি ভালোবাসা
খ) প্রতিবেশীর প্রতি ভালোবাসা
গ) দারিদ্রক্লিষ্ট জীবনের চিত্র
ঘ) একাকীত্বের কথা **উত্তর:** গ

২৩. 'মীননাথ' এর সঙ্গে সম্পর্ক কোন রচনার? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ১ ইউনিট) : ১৮-১৯]

ক) ধর্মমঙ্গল
খ) বৈষ্ণব গীতিকা
গ) আরাকান সাহিত্য
ঘ) চর্যাপদ **উত্তর:** ঘ

২৪. 'কমল মধু পিবিবি ধোকইন ভোমরা' কোন ভাষার নিদর্শন? [রাবি (গণযোগাযোগ ও সাংবাদিকতা) : ০৬-০৭]

ক) সান্ধ্য খ) মৈথিলি
গ) ভোজপুরী ঘ) পালি **উত্তর:** ক

মধ্যযুগ

মধ্যযুগের শ্রেণিবিভাগ

বাংলা সাহিত্যের মধ্যযুগ ১২০১ থেকে ১৮০০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বিস্তৃত। ১২০৪ খ্রিষ্টাব্দে বাংলাদেশে প্রথম মুসলমান শাসনের সূত্রপাত এবং ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে ইংরেজদের বিজয়ে তার অবসান। তাই বাংলা সাহিত্যের মধ্যযুগের সবটুকুই মুসলিম শাসনামলের অন্তর্গত।

মধ্যযুগ
- তুর্কি যুগ ১২০১-১৩৫০ খ্রি.
- সুলতানি যুগ ১৩৫১-১৫৭৫ খ্রি.
- মোগল যুগ ১৫৭৬-১৭৫৭ খ্রি.

ক) তুর্কি যুগ (১২০১-১৩৫০ খ্রি.)

বাংলা সাহিত্যে মধ্যযুগের শুরুতেই ১২০১ থেকে ১৩৫০ খ্রিষ্টাব্দ পর্যন্ত সময়কে তথাকথিত 'অন্ধকার যুগ' বলে একটি বিতর্কিত বিষয়ের অবতারণা করা হয়েছে। তুর্কি শাসকদের সময়কে বাংলা সাহিত্যের অন্ধকার যুগ বলা হয়। তুর্কি যুগকে প্রধানত ভাষা গঠনের যুগ ছিল বলে মনে করা হয়। অন্ধকার যুগে বাংলা সাহিত্যের ব্যাপক নিদর্শন পাওয়া না গেলেও অন্যান্য ভাষায় সাহিত্য সৃষ্টির নিদর্শন বর্তমান থাকাতে অন্ধকার যুগের অপবাদের অসারতা প্রমাণিত হয়। অন্য ভাষায় রচিত এ সময়ের উল্লেখযোগ্য গ্রন্থ-

- শূন্যপুরাণ : রামাই পণ্ডিত রচিত ধর্মপূজার শাস্ত্রগ্রন্থ। গদ্য-পদ্য মিশ্রিত চম্পূকাব্য। মোট অধ্যায় ৫১। 'নিরঞ্জনের রুষ্মা' (কলিমা জলাল) এই কাব্যের অংশ বিশেষ।
- সেক শুভোদয়া : হলায়ূধ মিশ্র রচিত সংস্কৃত গদ্যপদ্যে লেখা চম্পূকাব্য। মোট অধ্যায় ২৫। হলায়ূধ মিশ্র রাজা লক্ষ্মণ সেনের সভাকবি।

  হাত জোড় করিঞা মাঙ্গো দান,
  বারেক মহাত্মা রাখ সম্মান।

- প্রাকৃতপৈঙ্গল অপভ্রংশ ভাষায় রচিত একটি গীতিকবিতার সংকলন।

খ) সুলতানি যুগ (১৩৫১-১৫৭৫ খ্রি.)

পাঠান সুলতানগণ মধ্যযুগে বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতায় অগ্রণী ভূমিকা পালন করেন। এই সময়ে গৌড়ীয় শাহী দরবার বাংলা ভাষা ও সাহিত্যের সাংস্কৃতিক স্নায়ুকেন্দ্র রূপে গড়ে ওঠে। গৌড়কে কেন্দ্র করে এই সময়ে বাংলা সাহিত্যের বিকাশের গুরুত্ব বিবেচনা করে ড. দীনেশচন্দ্র সেন এই আমলকে 'গৌড়ীয় যুগ'ও বলে অভিহিত করেন।

- গৌড়ের সুলতান শামসুদ্দীন ইউসুফ শাহ এর পৃষ্ঠপোষকতায় জৈনুদ্দীন 'রসুলবিজয়' কাব্য
- মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে আলাউদ্দীন হোসেন শাহের রাজত্বকালকে 'স্বর্ণযুগ' বলা হয়। তাঁর পৃষ্ঠপোষকতায় বিপ্রদাস পিপিলাই 'মনসাবিজয়' কাব্য রচনা করেন।

গ) মোগল যুগ (১৫৭৬-১৭৫৭ খ্রি.)

আরাকান রাজসভার পৃষ্ঠপোষকতায় মুসলমান কবিগণ প্রণয়কাব্য রচনা করে বাংলা সাহিত্যে স্বতন্ত্র্য ধারার প্রবর্তন করেন।

MCQ Solution

১. **কোন সময়কে বাংলা সাহিত্যের 'অন্ধকার যুগ' বলা হয়?** [৩৪তম বিসিএস/ বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ⓚ ১২০১-১৩৫০ খ্রি. ⓚ ৬০০-৯৫০ খ্রি.
ⓖ ১৩৫১-১৫০০ খ্রি. ⓖ ৬০০-৭৫০ খ্রি. **উত্তর:** ক

২. **কোন শাসকদের সময়কে বাংলা সাহিত্যের অন্ধকার যুগ বলা হয়?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ১৪]
(ক) পাল (খ) সেন
(গ) গুপ্ত (ঘ) তুর্কি **উত্তর:** ঘ

৩. **ত্রয়োদশ শতকের সাহিত্যকর্ম কোনটি?** [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
(ক) মনসামঙ্গল (খ) শূন্যপুরাণ
(গ) পদ্মাপুরাণ (ঘ) চন্দ্রাবতী **উত্তর:** খ

৪. **'শূন্যপুরাণ' হলো-** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন বাংলাদেশ এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
(ক) ধর্মীয় তত্ত্বের গ্রন্থ
(খ) রাধাকৃষ্ণের প্রেমের কাব্য
(গ) রোমান্টিক প্রণয়োপাখ্যান
(ঘ) চৈতন্যজীবনীমূলক গ্রন্থ **উত্তর:** ক

৫. **'শূন্যপুরাণ' কাব্য কার রচনা?** [৩২তম বিসিএস]
(ক) লুইপা (খ) দৌলত উজির বাহরাম খান
(গ) কাহ্নপা (ঘ) রামাই পণ্ডিত **উত্তর:** ঘ

৬. **'শূন্যপুরাণ' গ্রন্থটি মোট কয়টি অধ্যায়ে বিভক্ত?** [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
(ক) ৪০টি (খ) ৪৫টি
(গ) ৫০টি (ঘ) ৫১টি **উত্তর:** ঘ

৭. **"হাত জোড় করিঞা মাঙ্গো দান, বারেক মহাত্মা রাখ সম্মান"। কোন গ্রন্থ থেকে গৃহীত?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
(ক) গোরক্ষ বিজয় (খ) চর্যাপদ
(গ) শূন্যপুরাণ (ঘ) সেক শুভোদয়া **উত্তর:** ঘ

৮. আঁধার যুগের রচনা বলা হয় কোনটিকে? [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ক) প্রাকৃতপৈঙ্গল খ) চর্যাপদ
গ) মনসামঙ্গল ঘ) শ্রীকৃষ্ণকীর্তন **উত্তর:** ক

৯. মধ্যযুগে বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতায় অগ্রণী ভূমিকা পালন করেন- [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৯]
ক) তুর্কি শাসকবর্গ খ) মুঘল সম্রাটগণ
গ) পাঠান সুলতানগণ ঘ) সংস্কৃত পণ্ডিতগণ **উত্তর:** গ

১০. বাংলা ভাষা ও সাহিত্যের বিশেষ সমৃদ্ধি ঘটেছিল যে শাসকের আমলে- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২১-২২]
ক) আলাউদ্দিন হোসেন শাহ খ) ফখরুদ্দিন মোবারক শাহ
গ) সুবেদার শায়েস্তা খান ঘ) শের শাহ সুরি **উত্তর:** ক

১১. আলাউদ্দীন হোসেন শাহ বাংলা সাহিত্যে কী কারণে খ্যাতিমান? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট) : ২০-২১]
ক) শাসনকর্তা হিসেবে
খ) বাংলা ভাষার স্কুল প্রতিষ্ঠার জন্য
গ) অনুবাদের পৃষ্ঠপোষকতার জন্য
ঘ) সালতানাৎ প্রতিষ্ঠার জন্য **উত্তর:** গ

১২. বিপ্রদাস পিপিলাই রচিত কাব্যের নাম কি? [আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল অ্যাডজুটেন্ট : ১০]
ক) মনসামঙ্গল খ) মনসাবিজয়
গ) চাঁদ সদাগরের কাহিনী ঘ) মনসা প্রশস্তি **উত্তর:** খ

শ্রীকৃষ্ণকীর্তন

'শ্রীকৃষ্ণকীর্তন' মধ্যযুগের বাংলা সাহিত্যের সর্বজন স্বীকৃত ও খাঁটি বাংলা ভাষায় রচিত প্রথম কাব্যগ্রন্থ। কাব্য পুঁথিটির রচয়িতা বড়ু চণ্ডীদাস। বড়ু চণ্ডীদাস মধ্যযুগের আদি কবি। কাব্যটি বাংলা ভাষায় রচিত কোনো লেখকের প্রথম একক গ্রন্থ। কবি চতুর্দশ শতাব্দীর শেষ দিকে কাব্যটি রচনা করেন। ১৯০৯ সালে 'বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ' ভারতের পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার কাকিল্যা গ্রামের এক গৃহস্থ বাড়ির গোয়ালঘর হতে পুঁথিটি উদ্ধার করেন। ১৯১৬ সালে 'বঙ্গীয় সাহিত্য পরিষৎ' থেকে বসন্তরঞ্জন রায়ের সম্পাদনায় কাব্যগ্রন্থটি প্রকাশিত হয়।পুঁথিতে প্রাপ্ত একটি চিরকুট অনুসারে কাব্যের প্রকৃত নাম 'শ্রীকৃ-ষ্ণসন্দর্ব্ব'। 'শ্রীকৃষ্ণকীর্তন' নামটি সম্পাদক প্রদত্ত। 'বড়ু চণ্ডীদাসের কাব্য' শিরোনামে গ্রন্থটি সম্পাদনা করেন মুহম্মদ আবদুল হাই ও আনোয়ার পাশা।

মধ্যযুগের যাত্রার প্রধানতম উপজীব্য ছিল কৃষ্ণলীলা। এজন্যই বাংলা সাহিত্যে 'কানু ছাড়া গীত নাই' এমন একটি প্রবাদের সৃষ্টি হয়। এখানে 'কানু' বলতে কৃষ্ণকে বোঝানো হয়েছে। কাব্যটিতে মোট ১৩টি খণ্ড রয়েছে। যথা- জন্মখণ্ড, তাম্বূল খণ্ড, দানখণ্ড, নৌকাখণ্ড, ভারখণ্ড, ছত্রখণ্ড, বৃন্দাবন খণ্ড, কালীয়দমন খণ্ড, যমুনা খণ্ড, হারখণ্ড, বাণখণ্ড, বংশীখণ্ড ও বিরহখণ্ড (রাধাবিরহ)। কাব্যের প্রধান চরিত্র রাধা (জীবাত্মা/ প্রাণিকূল), কৃষ্ণ (পরমাত্মা বা ঈশ্বর) ও বড়াই (প্রেমের দূতী)। শ্রীকৃষ্ণ, শ্রীরাধা ও বড়ায়ির পরস্পর উত্তর-প্রত্যুত্তরের মধ্যদিয়ে শ্রীকৃষ্ণকীর্তনের বিভিন্ন খণ্ডে এক-একটি কাহিনী বর্ণিত হয়েছে। শ্রীকৃষ্ণকীর্তন পাঁচালী করে না গেয়ে নাটগীত হিসেবে নৃত্য ও অভিনয়ের সঙ্গে গাওয়া যেত। পুঁথিটিকে 'ঝুমুর' জাতীয় লৌকিক নাটগীতের প্রাচীনতম নিদর্শন হিসেবে অভিহিত করা যায়।

MCQ Solution

১. মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন কোনটি? [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর : ২০]
ক) শ্রীকৃষ্ণকীর্তন খ) চর্যাপদ
গ) শূন্যপুরাণ ঘ) ডাকার্ণব **উত্তর:** ক

২. সর্বজন স্বীকৃত ও খাঁটি বাংলা ভাষায় রচিত প্রথম কাব্যগ্রন্থ কোনটি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার : ৯৯]
ক) চর্যাপদ খ) শ্রীকৃষ্ণকীর্তন
গ) ইউসুফ জোলেখা ঘ) পদ্মাবতী **উত্তর:** খ

৩. মধ্যযুগের প্রথম কাব্য কোনটি? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক : ১৩]
ক) শূন্যপুরাণ খ) ডাকার্ণব
গ) গীতগোবিন্দ ঘ) শ্রীকৃষ্ণকীর্তন **উত্তর:** ঘ

৪. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা- [২৯তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক) চণ্ডীদাস খ) বড়ু চণ্ডীদাস
গ) দ্বিজ চণ্ডীদাস ঘ) দীন চণ্ডীদাস **উত্তর:** খ

৫. মধ্যযুগের প্রথম কবি হচ্ছে- [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক) কাহ্নপা খ) বিদ্যাপতি
গ) বড়ু চণ্ডীদাস ঘ) মালাধর বসু **উত্তর:** গ

৬. 'শ্রীকৃষ্ণকীর্তন' আবিষ্কার করেন- [তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকর্তা : ২২]
ক) হরপ্রসাদ শাস্ত্রী খ) রামমোহন রায়
গ) বসন্তরঞ্জন রায় ঘ) প্রমথ চৌধুরী **উত্তর:** গ

৭. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের সম্পাদক- [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ক) বসন্তরঞ্জন খ) বড়ু চণ্ডীদাস
গ) ত্রৈলোক্য আচার্য ঘ) ব্রজসুন্দর সান্ন্যাস **উত্তর:** ক

৮. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি আবিষ্কৃত হয় - [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান : ১৮]
ক) ১৯০৯ খ) ১৮০৯
গ) ১৯০৭ ঘ) ১৯৯০ **উত্তর:** ক

৯. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যখানি আবিষ্কৃত হয় কোথায়? [৪৪তম বিসিএস]
ক) রাজপ্রাসাদে খ) গোয়ালঘরে
গ) কুঁড়েঘরে ঘ) গ্রন্থাগারে **উত্তর:** খ

১০. **"কানু ছাড়া গীত নাই"। কোন যুগে সত্য ছিল?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
ⓚ প্রাচীন যুগে ⓚ মধ্যযুগে
ⓖ অন্ধকার যুগে ⓖ আধুনিক যুগে **উত্তর:** খ

১১. **'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের খণ্ড সংখ্যা -** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪]
ক ১৪ খ ১৫
গ ১৩ ঘ ১২ **উত্তর:** গ

১২. **কোনটি 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের খণ্ড নয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
ক নৌকা খণ্ড খ হার খণ্ড
গ ছত্র খণ্ড ঘ প্রণয় খণ্ড **উত্তর:** ঘ

১৩. **কোনটি 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের অন্তর্ভুক্ত নয়?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ক বাণ খণ্ড খ তাম্বূল খণ্ড
গ কালিদাস খণ্ড ঘ নৌকা খণ্ড **উত্তর:** গ

১৪. **গঠনরীতিতে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য মূলত -** [৩৮তম বিসিএস]
ক পদাবলি খ ধামালি
গ প্রেমগীতি ঘ নাটগীতি **উত্তর:** ঘ

১৫. **শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের 'বড়াই' কী ধরনের চরিত্র?** [২৮তম বিসিএস]
ক শ্রী রাধার ননদিনী খ রাধাকৃষ্ণের প্রেমের দূতী
গ শ্রী রাধার শাশুড়ি ঘ জনৈক গোপবালা **উত্তর:** খ

১৬. **'বড়ু চণ্ডীদাসের কাব্য' গ্রন্থের সম্পাদক-** [বিসিআইসি এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক মুহম্মদ শহীদুল্লাহ্
খ মুহম্মদ আবদুল হাই ও আহমদ শরীফ
গ মুহম্মদ আবদুল হাই ও সৈয়দ আলী আহসান
ঘ মুহম্মদ আবদুল হাই ও আনোয়ার পাশা **উত্তর:** ঘ

পদ বা পদাবলি

মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ নিদর্শন 'বৈষ্ণব পদাবলি'। বৌদ্ধ বা বৈষ্ণবীয় ধর্মের গূঢ় বিষয়ের বিশেষ সৃষ্টি পদ বা পদাবলি। পদাবলি সাহিত্য বৈষ্ণবতত্ত্বের রসভাস্য। বৈষ্ণবদের উপাস্য ভগবান শ্রীকৃষ্ণ। তাঁর আনন্দময় তথা প্রেমময় প্রকাশ ঘটেছে রাধার মাধ্যমে। 'বৈষ্ণব পদাবলি' রাধা ও কৃষ্ণের আকর্ষণ-বিকর্ষণের বিচিত্র অনুভূতি সম্বলিত এক প্রকার গান। শ্রীকৃষ্ণের ও তার প্রেয়সীভাবাপন্ন ভক্তদের যে মধুর সম্বন্ধ এবং এই প্রিয় সম্বন্ধজনিত পরস্পরের মধ্যে যে সম্ভোগ ভাব তার নাম মধুর রস। বৈষ্ণব সমাজে বৈষ্ণব পদাবলি 'মহাজন পদাবলি' এবং বৈষ্ণব পদকর্তাগণ 'মহাজন' নামে পরিচিত ছিল।

পদাবলির আদি কবি বিদ্যাপতি। তিনি ব্রজবুলি ভাষায় পদগুলো রচনা করেন। বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা বড়ু চণ্ডীদাস। জ্ঞানদাস, গোবিন্দদাস, লোচনদাস, বলরামদাসের নামও বিশেষভাবে উল্লেখযোগ্য। আধুনিকযুগের কবিদের মধ্যে রবীন্দ্রনাথ ঠাকুরের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

জয়দেব : দ্বাদশ শতাব্দীর সংস্কৃত কবি। বিখ্যাত রচনা সংস্কৃত গীতিকাব্য 'গীতগোবিন্দম্'। রাধাকৃষ্ণের প্রেমলীলা এর মুখ্য বিষয়। পরবর্তীকালে বাংলা পদাবলি সাহিত্যে এর গভীর প্রভাব পড়েছে।

বিদ্যাপতি : বৈষ্ণব পদাবলির গুরুস্থানীয় রচয়িতা। অবাঙালি কবি। একটি বাংলা পঙ্ক্তি না লিখেও বাংলা সাহিত্যে তাঁকে অত্যন্ত মর্যাদাবান কবি বলা হয়। বিদ্যাপতির অমর উক্তি-

এ সখি হামারি দুখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর।

ব্রজবুলি ভাষা

ব্রজবুলি মূলত মৈথিলি ও বাংলা মিশ্রণে এক মধুর সাহিত্যিক ভাষা। 'ব্রজবুলি' কখনও মানুষের মুখের ভাষা ছিল না; সাহিত্যকর্ম ব্যতীত অন্যত্র এর ব্যবহারও নেই। বিদ্যাপতি এ ভাষার স্রষ্টা। বৈষ্ণব পদাবলির অধিকাংশই রচিত হয়েছে 'ব্রজবুলি' নামক একটি কৃত্রিম মিশ্র ভাষায়। এতে কিছু হিন্দি শব্দও আছে। ব্রজলীলা সম্পর্কিত পদাবলির ভাষা– 'ব্রজবুলি' নামে পরিচিত।

চণ্ডীদাস : মধ্যযুগের একাধিক কবি নিজেকে চণ্ডীদাস দাবি করলে সমস্যার সৃষ্টি হয়। ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, চণ্ডীদাস তিন জন; বড়ু চণ্ডীদাস, দ্বিজ চণ্ডীদাস ও দীন চণ্ডীদাস। তাঁদের মধ্যে বড়ু চণ্ডীদাস সবচেয়ে প্রাচীন। চণ্ডীদাসের অমর উক্তি-

✓ *সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।*
✓ *সই কে শুনাইল শ্যাম নাম।*
✓ *সই কেমনে ধরিব হিয়া*
আমার বঁধুয়া আন বাড়ি যায়
আমার আঙিনা দিয়া।
✓ *দুহুঁ কোরে দুহুঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া।*
আধ তিল না দেখিলে যায় যে মরিয়া।

জ্ঞানদাস : অনুমানিক ষোড়শ শতাব্দীতে বর্ধমান জেলায় কবি জ্ঞানদাসের জন্ম। তিনি চণ্ডীদাসের ভাবশিষ্য ছিলেন। চণ্ডীদাস ও জ্ঞানদাসের পদের মধ্যে যথেষ্ট সাদৃশ্য আছে। জ্ঞানদাস ছিলেন শিল্পী এবং চণ্ডীদাস ছিলেন সাধক। জ্ঞানদাসের বিখ্যাত পঙ্ক্তি-

✓ *রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।*
✓ *সুখের লাগিয়ে এ ঘর বান্ধিলুঁ আনলে পুড়িয়া গেল।*

গোবিন্দদাস : বিদ্যাপতির ভাবশিষ্য বলা হয়।

MCQ Solution

১. **পদ বা পদাবলি বলতে কী বুঝায়?** [২২তম বিসিএস]
ক লাচাড়ী ছন্দে রচিত পদ্য বা কবিতাবলী
খ পদ্যাকারে রচিত দেবস্তুতিমূলক রচনা
গ বৌদ্ধ বা বৈষ্ণবীয় ধর্মের গূঢ় বিষয়ের বিশেষ সৃষ্টি
ঘ বাউল বা মরমী গীতি **উত্তর:** গ

২. **মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ নিদর্শন কোনটি?** [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৩]
ⓚ শ্রীকৃষ্ণকীর্তন ⓚ চর্যাপদ
ⓖ বৈষ্ণব পদাবলি ⓖ নাথসাহিত্য **উত্তর:** গ

৩. **নিচের কোনটি মধ্যযুগের কাব্যের প্রধান একটি ধারা?** [সোনালী ব্যাংক লি. অফিসার : ১০]
(ক) মঙ্গলকাব্য (খ) রোমান্সধর্মী প্রণয়োপাখ্যান
(গ) অনুবাদ সাহিত্য (ঘ) বৈষ্ণব পদাবলি **উত্তর:** ঘ

৪. **কোন উক্তিটি ঠিক?** [দুর্নীতি দমন কমিশনের জেলা দুর্নীতি দমন অফিসার : ৯৪]
(ক) বৈষ্ণব পদাবলি মধ্যযুগের বাংলার এক প্রকার কাহিনীকাব্য
(খ) বৈষ্ণব পদাবলি বৈষ্ণব ধর্মের যৌক্তিক ব্যাখ্যা
(গ) বৈষ্ণব পদাবলি পদ্যে রচিত চৈতন্য দেবের জীবনী বিশেষ
(ঘ) বৈষ্ণব পদাবলি রাধা ও কৃষ্ণের আকর্ষণ-বিকর্ষণের বিচিত্র অনুভূতি সম্বলিত এক প্রকার গান **উত্তর:** ঘ

৫. **শৃঙ্গার রসকে বৈষ্ণব পদাবলিতে কী রস বলে?** [৩৭তম বিসিএস/ ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
(ক) ভাবরস (খ) মধুর রস
(গ) প্রেমরস (ঘ) লীলারস **উত্তর:** খ

৬. **'গীতগোবিন্দ'- এর রচয়িতা কে?** [সোনালী ব্যাংক লি. অফিসার (মুক্তিযোদ্ধা) : ১৯]
(ক) কৃত্তিবাস (খ) কাশীরাম দাস
(গ) জয়দেব (ঘ) দ্বিজ বংশী দাস **উত্তর:** গ

৭. **'গীতগোবিন্দ' কোন ভাষায় রচিত?** [সোনালী ব্যাংক লি. অফিসার (মুক্তিযোদ্ধা) : ১৯]
(ক) প্রাচীন বাংলা (খ) সংস্কৃত
(গ) ব্রজবুলি (ঘ) অবহট্‌ঠ **উত্তর:** খ

৮. **পদাবলির প্রথম কবি কে?** [২২তম বিসিএস]
(ক) শ্রীচৈতন্য (খ) বিদ্যাপতি
(গ) চণ্ডীদাস (ঘ) জ্ঞানদাস **উত্তর:** খ

৯. **'বিদ্যাপতি' কোন রাজসভার কবি ছিলেন?** [৩৮তম বিসিএস/ ২৮তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
(ক) রোসাঙ্গ (খ) কৃষ্ণনগর
(গ) বিক্রমপুর (ঘ) মিথিলা **উত্তর:** ঘ

১০. **বৈষ্ণব পদাবলির অবাঙালি কবি কে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী অফিসার : ০৫]
(ক) গোবিন্দদাস (খ) জ্ঞানদাস
(গ) চণ্ডীদাস (ঘ) বিদ্যাপতি **উত্তর:** ঘ

১১. **কোন কবি বাঙালি না হয়েও বাংলা সাহিত্যে স্বতন্ত্র স্থান দখল করে আছেন?** [যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৬]
(ক) বিদ্যাপতি (খ) জয়দেব
(গ) গোবিন্দদাস (ঘ) এদের কেউ নয় **উত্তর:** ক

১২. **বিদ্যাপতি কোন ভাষায় পদ রচনা করেন?** [৭ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১২]
(ক) ফারসি (খ) ব্রজবুলি
(গ) মারাঠি (ঘ) হিন্দি **উত্তর:** খ

১৩. **বৈষ্ণব পদাবলির অধিকাংশ পদ কোন ভাষায় রচিত?** [৪০তম বিসিএস / ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬]
(ক) মৈথিলি (খ) বাংলা
(গ) প্রাকৃত (ঘ) ব্রজবুলি **উত্তর:** ঘ

১৪. **'ব্রজবুলি' বলতে কী বোঝায়?** [২১তম বিসিএস]
(ক) ব্রজধামে কথিত ভাষা
(খ) এক রকম কৃত্রিম কবিভাষা
(গ) বাংলা ও হিন্দির যোগফল
(ঘ) মৈথিলি ভাষার একটি উপভাষা **উত্তর:** খ

১৫. **বাংলা এবং মৈথিলী ভাষার সমন্বয়ে যে ভাষার সৃষ্টি হয়েছে, তার নাম কি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক : ১৮]
(ক) মাগধী (খ) অসমিয়া
(গ) ব্রজবুলি (ঘ) জগাখিচুড়ি **উত্তর:** গ

১৬. **'ব্রজবুলি'র কোন স্থানের ভাষা?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩]
(ক) আসাম (খ) মিথিলা
(গ) গৌড় (ঘ) পশ্চিমবঙ্গ **উত্তর:** খ

১৭. **'ব্রজবুলি'র প্রবর্তক কে?** [নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স : ১৮]
(ক) চণ্ডীদাস (খ) বিদ্যাপতি
(গ) আলাওল (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** খ

১৮. **'ব্রজবুলি'তে কোন কবি পদাবলি রচনা করেন?** [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/ সমপর্যায়) : ১৮]
(ক) চণ্ডীদাস (খ) জ্ঞানদাস
(গ) বিদ্যাপতি (ঘ) গোবিন্দদাস **উত্তর:** গ

১৯. **বিদ্যাপতি কোন ভাষায় পদ রচনা করেছেন?** [৪৪তম বিসিএস/ সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক : ২১]
(ক) বাংলা (খ) সংস্কৃত
(গ) মৈথিলী (ঘ) পালি **উত্তর:** গ

২০. **কাকে বিদ্যাপতির ভাবশিষ্য বলা হয়?** [জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী : ২১]
(ক) চণ্ডীদাস (খ) জ্ঞানদাস
(গ) গোবিন্দদাস (ঘ) কৃষ্ণদাস **উত্তর:** গ

২১. **'এ ভরা বাদর মাহ ভাদর/ শূন্য মন্দির মোর।'- কে লিখেছেন?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী হিসাবরক্ষক : ২১]
(ক) চণ্ডীদাস (খ) বিদ্যাপতি
(গ) কাজী নজরুল ইসলাম (ঘ) রবীন্দ্রনাথ **উত্তর:** খ

২২. **বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা কে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮]
(ক) চণ্ডীদাস (খ) বিদ্যাপতি
(গ) জ্ঞানদাস (ঘ) আলাওল **উত্তর:** ক

২৩. **বৈষ্ণব পদকর্তা 'চণ্ডীদাস' কত জন?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ১০]
(ক) ৩ জন (খ) ২ জন
(গ) ৪ জন (ঘ) ৫ জন **উত্তর:** ক

২৪. **প্রাচীনতম চণ্ডীদাস কে?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]
ⓚ বড়ু চণ্ডীদাস ⓚ জ্ঞানদাস
ⓖ দ্বিজ চণ্ডীদাস ⓖ দীন চণ্ডীদাস **উত্তর:** ক

২৫. **'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই'- কে বলেছেন?** [২১তম বিসিএস/ বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা : ২২]
ⓚ চণ্ডীদাস ⓚ বিদ্যাপতি
ⓖ রামকৃষ্ণ পরমহংস ⓖ বিবেকানন্দ **উত্তর:** ক

২৬. **'সই কে শুনাইল শ্যাম নাম' পদটির রচয়িতা কে?** [ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ১৩]
ⓚ চণ্ডীদাস ⓚ দ্বিজ চণ্ডীদাস
ⓖ জ্ঞানদাস ⓖ গোবিন্দদাস **উত্তর:** ক

২৭. **"সই কেমনে ধরিব হিয়া / আমার বঁধুয়া আন বাড়ি যায়/ আমরি আঙিনা দিয়া।" কার রচনা?** [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস : ২২]
ⓚ চণ্ডীদাস ⓚ বিদ্যাপতি
ⓖ জ্ঞানদাস ⓖ গোবিন্দদাস **উত্তর:** ক

২৮. **নিচের কোন জন বাংলা ভাষার কবি?** [আইসিবি ব্যাংক লি. অফিসার/ সিনিয়র অফিসার : ১৪]
ⓚ সুরদাস ⓚ কালিদাস
ⓖ জ্ঞানদাস ⓖ জয়দেব **উত্তর:** গ

২৯. **'রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর' কার রচনা?** [২৬তম বিসিএস]
ⓚ চণ্ডীদাস ⓚ জ্ঞানদাস
ⓖ বিদ্যাপতি ⓖ লোচনদাস **উত্তর:** খ

৩০. **'সুখের লাগিয়ে এ ঘর বান্ধিলুঁ আনলে পুড়িয়া গেল'- পদটির রচয়িতা কে?** [সিজিএ-এর অডিটর : ২২]
ⓚ জ্ঞানদাস ⓚ বিদ্যাপতি
ⓖ চণ্ডীদাস ⓖ গোবিন্দদাস **উত্তর:** ক

৩১. **কে বাংলা ভাষার কবি নন?** [সিজিডিএফ'র জুনিয়র অডিটর : ২২]
ⓚ জ্ঞানদাস ⓚ জয়দেব
ⓖ মুকুন্দরাম ⓖ চণ্ডীদাস **উত্তর:** খ

৩২. **মধ্যযুগের কবি নন কে?** [৩৪তম বিসিএস]
ⓚ জয়নন্দী ⓚ বড়ু চণ্ডীদাস
ⓖ গোবিন্দদাস ⓖ জ্ঞানদাস **উত্তর:** ক

মঙ্গলকাব্য

মধ্যযুগে বিশেষ এক শ্রেণির ধর্মবিষয়ক আখ্যান কাব্য হলো 'মঙ্গলকাব্য'। যে কাব্য দেবতার আরাধনা, মাহাত্ম্য-কীর্তন করা হয়; যে কাব্য শ্রবণেও মঙ্গল হয় এবং বিপরীতটিতে হয় অমঙ্গল, তাকেই বলা হয় 'মঙ্গলকাব্য'। মঙ্গলকাব্যে মনসা ও চণ্ডী দুই স্ত্রী দেবতার প্রাধান্য বেশি। মঙ্গলকাব্য রচনার মূল কারণ স্বপ্নদেবী কর্তৃক আদেশ লাভ। ধর্মীয় আরাধনা মুখ্য হলেও মঙ্গলকাব্যের এর অন্যতম সাধারণ বৈশিষ্ট্য সামাজিক মিথস্ক্রিয়া। এতে তৎকালীন বাঙালির আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক জীবনের চিত্র রূপায়িত হয়েছে।

মঙ্গলকাব্যের বিষয়বস্তু চারটি অংশে বিভক্ত। যথা - বন্দনা, আত্মপরিচয়, দেবখণ্ড এবং নরখণ্ড। দেবদেবীর স্তুতিমূলক চৌতিশা বাংলা মঙ্গলকাব্যের গঠনগত বৈশিষ্ট্যের একটি অঙ্গ।
মঙ্গলকাব্যগুলোকে শ্রেণিগত দিক থেকে দু'ভাগে ভাগ করা যায় -
ক) পৌরাণিক শ্রেণি : গৌরীমঙ্গল, ভবানীমঙ্গল, দুর্গামঙ্গল, অন্নদামঙ্গল, কমলামঙ্গল, গঙ্গামঙ্গল প্রভৃতি।
খ) লৌকিক শ্রেণি : শিবায়ন বা শিবমঙ্গল, মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, শীতলামঙ্গল, রায়মঙ্গল, কালিকামঙ্গল (বিদ্যাসুন্দর), ষষ্ঠীমঙ্গল, সারদামঙ্গল, সূর্যমঙ্গল প্রভৃতি।

মঙ্গলকাব্যের প্রাচীনতম ধারা 'মনসামঙ্গল।' বাংলা সাহিত্যের নানা শ্রেণির কাব্যে মঙ্গল কথাটির প্রয়োগ থাকলেও কেবল বাংলা লৌকিক দেবতাদের নিয়ে রচিত কাব্যই মঙ্গলকাব্য নামে অভিহিত হয়। 'চৈতন্যমঙ্গল', 'গোবিন্দমঙ্গল' প্রভৃতি কাব্যের সঙ্গে মঙ্গল নাম থাকলেও এদের সাথে মঙ্গলকাব্যের কোনো যোগসূত্র নেই - এগুলো বৈষ্ণব সাহিত্যের অংশ। আধুনিকযুগের কবি বিহারীলাল চক্রবর্তীর 'সারদামঙ্গল'ও মঙ্গলকাব্যের অন্তর্গত নয়।

মনসামঙ্গল : সাপের অধিষ্ঠাত্রী দেবী মনসা। তাঁর অপর নাম কেতকা ও পদ্মাবতী। লৌকিক ভয়ভীতি থেকেই এ দেবীর উদ্ভব। এই দেবীর কাহিনি নিয়ে রচিত কাব্য 'মনসামঙ্গল' নামে পরিচিত। কোথাও তা 'পদ্মাপুরাণ' নামেও অভিহিত হয়েছে। কাব্যের প্রধান চরিত্র চাঁদ সদাগর, বেহুলা এবং লখিন্দর। পূজা দিতে অস্বীকার করায় বণিক চাঁদ সদাগরকে মনসা দেবী ধনহারা ও তার পুত্র লখিন্দরকে সর্পদংশনে হত্যা করে পুত্র হারা করে। বেহুলা লখিন্দরের নব পরিণীতা।
মনসামঙ্গলের তথা মঙ্গলকাব্যের আদি কবি কানা হরিদত্ত। বিজয় গুপ্তের মনসামঙ্গল ('পদ্মাপুরাণ' নামে পরিচিত) সর্বাধিক সমাদৃত। বিজয়গুপ্ত আদিকবি হরিদত্ত সম্পর্কে কটাক্ষ করে বলেন,

মূর্খে রচিত গীত না জানে বৃত্তান্ত।
প্রথমে রচিল গীত কানাহরি দত্ত।।

মনসামঙ্গলের অন্যান্য কবির মধ্যে নারায়ণ দেব, বিপ্রদাস পিপিলাই, দ্বিজ বংশীদাস, কেতকাদাস, ক্ষেমানন্দের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

চণ্ডীমঙ্গল : লৌকিক দেবী 'চণ্ডী'র কাহিনী অবলম্বনে রচিত। চণ্ডী শিবের দ্বিতীয় স্ত্রী পার্বতীর অবতার। মাণিক দত্ত চণ্ডীমঙ্গলের আদিকবি। চণ্ডীমঙ্গলের শ্রেষ্ঠ রচয়িতা কবিকঙ্কন মুকুন্দরাম চক্রবর্তী। চণ্ডীমঙ্গল কাব্যের কাহিনী মূলত দুটি। যথা-
১) কালকেতু উপাখ্যান : কালকেতু ও ফুল্লরার সংসার ছিল অনটনে ভরা। নায়িকা ফুল্লারার জবানীতে তার বারো মাসের জীবনযাত্রার পুঙ্খানুপুঙ্খ বর্ণনা (ফুল্লারার বারমাস্যা)

> *বারমাস্যা*
> কেন্দ্রীয় নারী চরিত্রের বছরের বারোমাসের জীবনচর্যার সুখদুঃখের আত্মবিবরণীকে বারমাস্যা বলে। তবে নারীর দুঃখের বর্ণনাই সুখের চেয়ে তুলনামূলকভাবে অনেক বেশি।

তুলে ধরা হয়। কালকেতু সারাদিন শিকার কর্মশেষে ঘরে ফিরলে স্ত্রী ফুল্লরা তার জন্য যে ভোজনের ব্যবস্থা করে তারই চমকপ্রদ বিবরণ পাওয়া যায় কালকেতুর ভোজন কবিতায়। কবিতাটির দুটি পঙ্‌ক্তি -

শয়ন কুৎসিত বীরের ভোজন বিটকাল।
গ্রাসগুলি তোলে যেন তে আটিয়া তাল।

দেবী চণ্ডীর কৃপায় দারিদ্র্যপীড়িত জীবন থেকে কালকেতু-ফুল্লরা বিশাল সাম্রাজ্যের অধিকারী হয়। কিন্তু ধনগর্বে তারা দেবীকে ভুলে যায়। প্রতারক ভাড়ুদত্তের ষড়যন্ত্রের ফলে তারা অশেষ দুর্গতিতে পতিত হয়। অবশেষে দেবীর শরণাপন্ন হয়ে তারা পুনরায় ধন-সম্পদ ও সুখ-সমৃদ্ধি লাভ করে।

২) ধনপতি সদাগরের কাহিনী : ধনপতি সদাগর ছিলেন উজানী নগরের বিখ্যাত বণিক। ধনপতির দুই স্ত্রী - লহনা ও খুল্লনার।

ধর্মমঙ্গল : আদিকবি ময়ূরভট্ট। অন্যান্য কবিদের মধ্যে রূপরাম চক্রবর্তী, ঘনরাম চক্রবর্তী, খেলারাম চক্রবর্তী, শ্যাম পণ্ডিত, সীতারাম দাস, রাজারাম দাস এবং সহদেব চক্রবর্তীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ধর্মঠাকুর নামে কোনো এক পুরুষ দেবতার পূজা হিন্দু সমাজের নিচুস্তরের লোকদের মধ্যে বিশেষত ডোম সমাজে প্রচলিত রয়েছে। ধর্মঠাকুর প্রধানত দাতা, নিঃসন্তান নারীকে সন্তান দান করেন, অনাবৃষ্টি হলে ফসল দেন, কুষ্ঠরোগীকে রোগ থেকে মুক্ত করেন। ধর্মঠাকুরের মাহাত্ম্য প্রচারের জন্য 'ধর্মমঙ্গল' কাব্য ধারার সূত্রপাত হয়েছে। ধর্মমঙ্গল কাব্যের দুটি কাহিনী হলো রাজা হরিশ্চন্দ্রের কাহিনী এবং লাউসেনের কাহিনী।

অন্নদামঙ্গল : চণ্ডী ও অন্নদা অভিন্ন-একই দেবীর দুই নাম। এ দেবীর কাহিনীই অন্নদামঙ্গলে স্থান পেয়েছে। অন্নদামঙ্গল কাব্যের রচয়িতা ভারতচন্দ্র রায়গুণাকর। কবি ভারতচন্দ্র রায়গুণাকর অষ্টাদশ শতকের তথা মধ্যযুগের অন্যতম শ্রেষ্ঠ কবি। ভারতচন্দ্র প্রাচীন ভুরসুর পরগনার পেঁড়ো (আধুনিক হাওড়া জেলার পাণ্ডুয়া) গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি কৃষ্ণনগর রাজসভার কবি ছিলেন। মহারাজ কৃষ্ণচন্দ্রের আদেশে তিনি তাঁর শ্রেষ্ঠ কীর্তি 'অন্নদামঙ্গল' কাব্যটি রচনা করেন। 'অন্নদামঙ্গল' কাব্যটি তিন খণ্ডে বিভক্ত। যথা- শিবায়ন-অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর-কালিকামঙ্গল এবং মানসিংহ-অন্নপূর্ণমঙ্গল। 'অন্নদামঙ্গল' কাব্যের অমর উক্তি -

- *"আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে"*- ঈশ্বরী পাটনী এ প্রার্থনা করেছেন।
- *বড়র পিরীতি বালির বাঁধ! ক্ষণে হাতে দড়ি, ক্ষণেকে চাঁদ।*
- *মন্ত্রের সাধন কিংবা শরীর পতন।*
- *নগর পুড়িলে দেবালয় কি এড়ায়।*

'সত্য পীরের পাঁচালী' কবির অন্য একটি বিখ্যাত গ্রন্থ।

MCQ Solution

১. **'মঙ্গলকাব্য' কোন যুগের বাংলা সাহিত্যের নিদর্শন?** [যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার : ১৮]
ⓚ উত্তর আধুনিক ⓚ আধুনিক
ⓖ মধ্যযুগ ⓖ প্রাচীন যুগ **উত্তর:** গ

২. **'মঙ্গলকাব্য' সমূহের বিষয়বস্তু মূলত-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৬]
(ক) লোকসঙ্গীত (খ) মধ্যযুগের সমাজ ব্যবস্থার বর্ণনা
(গ) ধর্মবিষয়ক আখ্যান (ঘ) পীর পাঁচালী **উত্তর:** গ

৩. **মঙ্গলকাব্য রচনার মূলে উল্লিখিত কারণ কি?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]
(ক) রাজাদের প্রাপ্তি
(খ) স্বপ্নে দেবী কর্তৃক আদেশ লাভ
(গ) রাজা ও সভাসদের মনোরঞ্জন করা
(ঘ) রাজকবির দায়িত্ব পালন **উত্তর:** খ

৪. **মঙ্গলকাব্যে কোন দুই দেবতার প্রাধান্য বেশি?** [৭ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১২]
(ক) শিবায়ন ও ধর্মঠাকুর (খ) মনসা ও শিবমঙ্গল
(গ) চণ্ডী ও শিবায়ন (ঘ) মনসা ও চণ্ডী **উত্তর:** ঘ

৫. **'মঙ্গলকাব্য'-এ ধর্মীয় আরাধনা মুখ্য হলেও এর অন্যতম সাধারণ বৈশিষ্ট্য হলো-** [বাংলাদেশ ব্যাংক অফিসার (ক্যাশ) : ১৯]
(ক) ব্যক্তির মুক্তি (খ) সামাজিক মিথস্ক্রিয়া
(গ) অন্ত্যেবাসী মানুষ (ঘ) শ্রেণিদ্বন্দ্ব **উত্তর:** খ

৬. **কোনো মঙ্গলকাব্যে কয়টি অংশ থাকে?** [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১০]
(ক) ৩টি (খ) ৫টি
(গ) ৭টি (ঘ) ৮টি
(ঙ) কোনোটিই নয় **উত্তর:** ঙ

৭. **'চৌতিশা' বাংলা কোন যুগের সাহিত্যের বৈশিষ্ট্য?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৯-২০]
(ক) প্রাচীন যুগের (খ) মধ্যযুগের
(গ) আধুনিক যুগের (ঘ) বাংলাদেশি সাহিত্য **উত্তর:** খ

৮. **মঙ্গলকাব্যের কবি নন কে?** [৩৫তম বিসিএস]
(ক) কানাহরি দত্ত (খ) মাণিক দত্ত
(গ) ভারতচন্দ্র (ঘ) দাশুরায় **উত্তর:** ঘ

৯. **কোনটি আধুনিকযুগের কাব্য?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ১০]
(ক) মনসামঙ্গল (খ) অন্নদামঙ্গল
(গ) কালিকামঙ্গল (ঘ) সারদামঙ্গল **উত্তর:** ঘ

১০. **নিচের কোনটি লৌকিক শ্রেণির মঙ্গলকাব্য?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
(ক) গৌরীমঙ্গল (খ) অন্নদামঙ্গল
(গ) মনসামঙ্গল (ঘ) চণ্ডীমঙ্গল **উত্তর:** গ,ঘ

১১. **মঙ্গলকাব্যের প্রাচীনতম ধারা-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৬-১৭]
ⓚ মনসামঙ্গল ⓚ চণ্ডীমঙ্গল
ⓖ কাব্যমঙ্গল ⓖ গীতিমাল্য **উত্তর:** ক

১২. **কোন দেবীর কাহিনী নিয়ে 'মনসামঙ্গল' কাব্য রচিত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ১৭]
ⓚ লখিন্দর দেবী ⓚ পদ্মাবতী দেবী
ⓖ মনসা দেবী ⓖ বেহুলা ও চাঁদসুন্দর **উত্তর:** খ,গ

১৩. **'মনসামঙ্গল' কাব্যের আদিকবি কে?** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ⓚ কৃত্তিবাস ⓚ মালাধর বসু
ⓖ মাণিক দত্ত ⓖ কানাহরি দত্ত **উত্তর:** ঘ

১৪. **মনসা দেবীকে নিয়ে লেখা বিজয়গুপ্তের মঙ্গলকাব্যের নাম কী?** [৪৩তম বিসিএস]
ⓚ মনসামঙ্গল ⓚ মনসাবিজয়
ⓖ পদ্মাপুরাণ ⓖ পদ্মাবতী **উত্তর:** গ

১৫. **'মনসামঙ্গল' কাব্যের রচয়িতা কোন কবি?** [বিভিন্ন মন্ত্রণালয় অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা (মুক্তিযোদ্ধা) : ১৮]
ⓚ বিজয় গুপ্ত ⓚ লোচন দাস
ⓖ রায় বিনোদ ⓖ রামাই পণ্ডিত **উত্তর:** ক

১৬. **"মূর্খে রচিত গীত না জানে বৃত্তান্ত।**
প্রথমে রচিল গীত কানাহরি দত্ত"। কে বলেছেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
ⓚ বিজয়গুপ্ত ⓚ ভারতচন্দ্র রায়গুণাকর
ⓖ চণ্ডীদাস ⓖ রামাই পণ্ডিত **উত্তর:** ক

১৭. **'চাঁদ সদাগর' বাংলা কোন কাব্যধারার চরিত্র?** [২৩তম বিসিএস]
ⓚ চণ্ডীমঙ্গল ⓚ মনসামঙ্গল
ⓖ ধর্মমঙ্গল ⓖ অন্নদামঙ্গল **উত্তর:** খ

১৮. **মঙ্গলকাব্যের কোন চরিত্রটি 'দেবতা-বিরোধী' বলে পরিচিত?** [এলজিইডিতে সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ⓚ ধনপতি সদাগর ⓚ লাউ সেন
ⓖ কালকেতু ⓖ চাঁদ সদাগর **উত্তর:** ঘ

১৯. **'বেহুলা-লখিন্দরের' কাহিনি পাওয়া যায় কোন মঙ্গলকাব্যে?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ⓚ মনসামঙ্গল ⓚ অন্নদামঙ্গল
ⓖ শীতলামঙ্গল ⓖ সারদামঙ্গল **উত্তর:** ক

২০. **'মনসামঙ্গল' কাব্যের চরিত্র-** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩]
ⓚ ফুল্লরা ⓚ কালকেতু
ⓖ বেহুলা, লখিন্দর ⓖ রাজা হরিশ্চন্দ্র **উত্তর:** গ

২১. **'চণ্ডীমঙ্গল' কাব্যের প্রধান (শ্রেষ্ঠ) কবি কে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫]
ⓚ কানাহরি দত্ত ⓚ শাহ মুহাম্মদ সগীর
ⓖ মুকুন্দরাম চক্রবর্তী ⓖ ভারতচন্দ্র রায়গুণাকর **উত্তর:** গ

২২. **'চণ্ডীমঙ্গল' কাব্যের উপাস্য 'চণ্ডী' কার স্ত্রী?** [৪৪তম বিসিএস/ বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ⓚ জগন্নাথ ⓚ বিষ্ণু
ⓖ প্রজাপতি ⓖ শিব **উত্তর:** ঘ

২৩. **'ধনপতি সদাগর' কোন নগরের অধিবাসী ছিলেন?** [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক : ২১]
ⓚ বিজয়নগর ⓚ উজানীনগর
ⓖ সিংহল ⓖ আরাকান **উত্তর:** খ

২৪. **'ভাড়ুদত্ত' কোন কাব্যের চরিত্র?** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
ⓚ চণ্ডীমঙ্গল ⓚ মনসামঙ্গল
ⓖ শ্রীকৃষ্ণকীর্তন ⓖ অন্নদামঙ্গল **উত্তর:** ক

২৫. **'চণ্ডীমঙ্গল' কাব্যে কোন চরিত্রটি পাওয়া যায়?** [বিভিন্ন মন্ত্রণালয় প্রশাসনিক কর্মকর্তা (মুক্তিযোদ্ধা) : ১৮]
ⓚ বড়াই ⓚ বেহুলা
ⓖ ঈশ্বরী ⓖ ফুল্লরা **উত্তর:** ঘ

২৬. **'ফুল্লরার বারমাস্যা' কোন মঙ্গলকাব্যের অন্তর্গত?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ⓚ মনসামঙ্গল ⓚ চণ্ডীমঙ্গল
ⓖ অন্নদামঙ্গল ⓖ ধর্মমঙ্গল **উত্তর:** খ

২৭. **বারমাস্যা কাকে বলে?** [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপজেলা সমাজসেবা অফিসার : ০৮]
ⓚ নায়িকার বারোমাসের সুখ-দুঃখের বর্ণনা
ⓚ বারোমাসের চাষাবাদের বিবরণ
ⓖ নায়ক-নায়িকার প্রেমের ধারাবাহিক বিন্যাস
ⓖ দেবদেবীর পূজা প্রচারের কাহিনি **উত্তর:** ক

২৮. **'চণ্ডীমঙ্গল' কাব্য থেকে নিচের কোন কবিতাটি নেওয়া হয়েছে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এইচ ইউনিট) : ১৬-১৭]
ⓚ লোক-লোকান্তর ⓚ কালকেতুর ভোজন
ⓖ ঐকতান ⓖ সেই অস্ত্র **উত্তর:** খ

২৯. **'শয়ন কুৎসিত বীরের ভোজন বিটকাল।**
গ্রাসগুলি তোলে যেন তে আটিয়া তাল।' কবিতাংশটি রচয়িতা কে? [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৭-১৮]
ⓚ মুকুন্দরাম চক্রবর্তী ⓚ সৈয়দ শামসুল হক
ⓖ আল মাহমুদ ⓖ আবু হেনা মোস্তফা **উত্তর:** ক

৩০. **ময়ূরভট্ট, রূপরাম চক্রবর্তী, শ্যাম পণ্ডিত, সীতারাম দাস প্রমুখ কবিদের সৃষ্টি কোন কাব্য?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ অন্নদামঙ্গল ⓚ মনসামঙ্গল
ⓖ চণ্ডীমঙ্গল ⓖ ধর্মমঙ্গল **উত্তর:** ঘ

৩১. **ভুরসুট পরগনার পাণ্ডুয়া গ্রামে জন্মগ্রহণ করেন-** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪]
ⓚ ভারতচন্দ্র রায়গুণাকর
ⓚ কবি কঙ্কন মুকুন্দরাম চক্রবর্তী
ⓖ ময়ূর ভট্ট
ⓖ কানাহরি দত্ত **উত্তর:** ক

৩২. **মধ্যযুগে বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ কবি কে?** [৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১১]
ⓚ হরিদত্ত ⓑ ভারতচন্দ্র
ⓖ মুকুন্দরাম ⓓ চণ্ডীদাস **উত্তর:** খ

৩৩. **'অন্নদামঙ্গল' কাব্য কে রচনা করেন?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উচ্চমান সহকারী : ২১]
ⓚ কানাহরি দত্ত ⓑ ঈশ্বরচন্দ্র গুপ্ত
ⓖ রূপরাম চক্রবর্তী ⓓ ভারতচন্দ্র রায়গুণাকর **উত্তর:** ঘ

৩৪. **ভারতচন্দ্র রায়গুণাকর কোন রাজসভার কবি?** [২৬তম বিসিএস]
ⓚ আরাকান রাজসভা
ⓑ কৃষ্ণনগর রাজসভা
ⓖ রাজা গণেশের রাজসভা
ⓓ লক্ষ্মণ সেনের রাজসভা **উত্তর:** খ

৩৫. **'মানসিংহ ভবানন্দ উপাখ্যান' কার রচনা?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ১০]
ⓚ কানাহরি দত্ত ⓑ ভারতচন্দ্র রায়গুণাকর
ⓖ মুকুন্দরাম ⓓ বিজয় গুপ্ত **উত্তর:** খ

৩৬. **'আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে' লাইনটি নিম্নোক্ত একজনের কাব্যে পাওয়া-** [১৭তম বিসিএস]
ⓚ মুকুন্দরাম চক্রবর্তী
ⓑ মদনমোহন তর্কালঙ্কার
ⓖ ভারতচন্দ্র রায়
ⓓ কামিনী রায় **উত্তর:** গ

৩৭. **'আমার সন্তান যেন থাকে দুধেভাতে' এ প্রার্থনাটি করেছে** – [৪৪তম বিসিএস/ ২৩তম বিসিএস/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন মাস্টার : ২২]
ⓚ ভাঁড়ুদত্ত ⓑ চাঁদ সদাগর
ⓖ ঈশ্বরী পাটনী ⓓ নলকুবের **উত্তর:** গ

৩৮. **'আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে'- বাংলা সাহিত্যের কোন কাব্যে বাঙালির এ প্রার্থনা ধ্বনিত হয়েছে?** [তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকর্তা : ২২]
ⓚ অন্নদামঙ্গল ⓑ পদ্মাবতী
ⓖ অশ্রুমালা ⓓ লায়লী-মজনু **উত্তর:** ক

৩৯. **"বড়র পিরীত বালির বাঁধ!**
ক্ষণে হাতে দড়ি, ক্ষণেকে চাঁদ" চরণ দু'টি কার রচনা?
[আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৪]
ⓚ আলাওল ⓑ ভারতচন্দ্র রায়
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓓ শেখ ফজলল করিম **উত্তর:** খ

৪০. **'নগর পুড়িলে দেবালয় কি এড়ায়।' বিখ্যাত এই ভাবদ্যোতক প্রবচন এর কবি কে?** [১৫তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ২২]
ⓚ বিজয় গুপ্ত ⓑ ভারতচন্দ্র
ⓖ বিপ্রদাস পিপিলাই ⓓ দ্বিজ বংশীদাস **উত্তর:** খ

জীবনী সাহিত্য


চৈতন্য দেব

শ্রীচৈতন্য দেব একজন বৈষ্ণব ধর্মপ্রচারক হলেও মধ্যযুগের বাংলা সাহিত্যে তাঁর প্রভাব ছিল অপরিসীম। একটি বাংলা পঙ্‌ক্তি না লিখলেও তাঁর নামে একটি যুগের সৃষ্টি হয়েছে।

মধ্যযুগ
- প্রাকচৈতন্য যুগ (১২০১-১৫০০ খ্রি.)
- চৈতন্য যুগ (১৫০১-১৭০০ খ্রি.)
- নবাবি আমল (১৭০১-১৮০০ খ্রি.)

বাংলা সাহিত্যে চৈতন্য জীবনীগ্রন্থ 'কড়চা' নামে পরিচিত। কড়চা (Biography) শব্দের শাব্দিক অর্থ ডায়রি, দিনলিপি বা রোজনামচা।

কড়চা	রচয়িতা	তথ্য কণিকা
চৈতন্যভাগবত	বৃন্দাবন দাস	বাংলা ভাষায় শ্রীচৈতন্যের প্রথম জীবনীকাব্য।
চৈতন্যমঙ্গল	লোচনদাস	
চৈতন্যচরিতামৃত	কৃষ্ণদাস কবিরাজ	বাংলা ভাষায় সর্বাপেক্ষা তথ্যবহুল শ্রীচৈতন্য জীবনী।

MCQ Solution

১. **বাংলা সাহিত্যের 'চৈতন্য যুগ' কোনটি?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৩-১৪]
ⓚ ১১০০-[illegible] খ্রি. ⓑ ১২০১-১৫০০ খ্রি.
ⓖ ১৫০১-১৬০০ খ্রি. ⓓ ১৬০১-১৭০০ খ্রি. **উত্তর:** গ

২. **'Biography' শব্দটির অর্থ-** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : [illegible]]
ⓚ গ্রন্থনির্দেশিকা ⓑ কড়চা
ⓖ বিবরণ ⓓ আলোচনা **উত্তর:** খ

৩. **'কড়চা' শব্দের সমার্থক শব্দ-** [ইবি (গ ইউনিট) : ১৩-১৪]
ⓚ রোজনামচা ⓑ ঝগড়া
ⓖ খসড়া ⓓ নিয়তি **উত্তর:** ক

৪. **'কড়চা' কী?** [পূবালী ব্যাংক লি. ট্রেইনি সহকারী জুনিয়র অফিসার : ১৯]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর- এর কাব্যগ্রন্থ
ⓑ জয়নুল আবেদিন- এর শিল্পকর্ম
ⓖ শ্রীচৈতন্য দেব- এর জীবনীগ্রন্থ
ⓓ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়- এর জীবনীগ্রন্থ **উত্তর:** গ

৫. **জীবনী সাহিত্যের ধারা গড়ে ওঠে কাকে কেন্দ্র করে?** [৪১তম বিসিএস]
ⓚ শ্রীচৈতন্যদেব ⓑ রামকৃষ্ণ পরমহংসদেব
ⓖ বিদ্যাপতি ⓓ কাহ্নপা **উত্তর:** ক

৬. **মধ্যযুগের বাংলা সাহিত্যে কোন ধর্মপ্রচারক-এর প্রভাব অপরিসীম?** [৩৬তম বিসিএস]
ক শ্রীচৈতন্যদেব খ শ্রীকৃষ্ণ
গ আদিনাথ ঘ মনোহর দাশ **উত্তর:** ক

৭. **চৈতন্যদেব ছিলেন-** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]
ক বৈষ্ণব ধর্মের প্রচারক খ ব্রজবুলি ভাষার প্রবর্তক
গ পদাবলির রচয়িতা ঘ সঙ্গীতজ্ঞ **উত্তর:** ক

৮. **শ্রীচৈতন্যদেবের জীবনভিত্তিক প্রথম কাহিনী কাব্য কে রচনা করেন?** [বিবিএস এর পরিসংখ্যান সহকারী : ২০]
ক বৃন্দাবন দাস খ লোচনদাস
গ জয়ানন্দ ঘ পরাগল খাঁ **উত্তর:** ক

৯. **জীবনীকাব্য রচনার জন্য বিখ্যাত** - [৪০তম বিসিএস]
ক ফকির গরীবুল্লাহ খ নরহরি চক্রবর্তী
গ বিপ্রদাস পিপিলাই ঘ বৃন্দাবন দাস **উত্তর:** ঘ

১০. **'চৈতন্যমঙ্গল' এর রচয়িতা-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ক রবিদাস খ প্রেমদাস
গ গুপিদাস ঘ লোচনদাস **উত্তর:** ঘ

১১. **চৈতন্য জীবনী কাব্যের শ্রেষ্ঠ কবি কে?** [ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ১৩]
ক কৃষ্ণদাস কবিরাজ খ কবি কর্ণপুর পরমানন্দ
গ বৃন্দাবন দাস ঘ জয়ানন্দ **উত্তর:** ক

নাথসাহিত্য

প্রাচীন কাল থেকে এ দেশে শিব উপাসক এক শ্রেণির যোগী সম্প্রদায় ছিল, তাদের ধর্মের নাম নাথধর্ম। নাথধর্মের কাহিনি অবলম্বনে রচিত আখ্যায়িকা কাব্য 'নাথসাহিত্য' নামে পরিচিত। শেখ ফয়জুল্লাহ এ ধারার আদি কবি। তাঁর নাথধর্মবিষয়ক আখ্যানকাব্য 'গোরক্ষবিজয়'।

মর্সিয়া সাহিত্য

'মর্সিয়া' এক ধরনের শোককাব্য বা শোকগীতি বা বিলাপসঙ্গীত। 'মর্সিয়া' কথাটি আরবি, এর অর্থ শোক প্রকাশ করা। মধ্যযুগে বাংলা সাহিত্যে 'মর্সিয়া সাহিত্য' নামে এক ধরনের শোককাব্য বিস্তৃত অঙ্গন জুড়ে আছে। আরবি সাহিত্যে মর্সিয়ার উদ্ভব নানা ধরনের শোকাবহ ঘটনা থেকে হলেও পরে তা কারবালার প্রান্তরে নিহত ইমাম হোসেন ও অন্যান্য শহীদকে উপজীব্য করে লেখা কবিতা 'মর্সিয়া' নামে আখ্যায়িত করা হয়। মর্সিয়া ধারা উল্লেখযোগ্য কবি নিম্নরূপ-

- শেখ ফয়জুল্লাহ : এ ধারার প্রথম কবি। বিখ্যাত কাব্য 'জয়নবের চৌতিশা'।
- দৌলত উজির বাহরাম খান : আনুমানিক ১৬ শতকে চট্টগ্রাম জেলার ফতেয়াবাদ (মতান্তরে জাফরাবাদ) এ জন্মগ্রহণ করেন। বিখ্যাত কাব্য 'জঙ্গনামা'। কারবালার বিষাদময় যুদ্ধবিগ্রহ এ কাব্যের বিষয়বস্তু।
- শেরবাজ : বিখ্যাত কাব্য 'কাশিমের লড়াই'।

সুফি সাহিত্য

বাস্তববাদী শামীয় আরবধর্ম ইরানের ভাবপ্রবণ আর্য মনে যে প্রতিক্রিয়ায় সৃষ্টি করেছিল, তাই সুফিতত্ত্বে রূপ লাভ করেছে। সুফিধর্ম হচ্ছে প্রেমবাদ। সে-প্রেম আল্লাহ-প্রেম। সুফিমতে স্থানিক প্রভাব লক্ষণীয়। ইসলাম সুফিমতের প্রভাবে ভারতে দেখা দেয় চিন্তা-বিপ্লব।

MCQ Solution

১. **'গোরক্ষবিজয়' কাব্য কোন ধর্মমতের কাহিনি অবলম্বনে লেখা?** [৩৭তম বিসিএস/ ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
ক শৈবধর্ম খ বৌদ্ধ সহজযান
গ নাথধর্ম ঘ কোনোটি নয় **উত্তর:** গ

২. **'মর্সিয়া' কি?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]
ক আনন্দগীতি খ চমাকগীতি
গ শোকগীতি ঘ পল্লীগীতি **উত্তর:** গ

৩. **'মর্সিয়া' শব্দের অর্থ কি?** [খাদ্য অধিদপ্তর সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ক শোক বা আহাজারি খ দুঃখ
গ শোককাব্য ঘ বেদনামিশ্রিত কাব্য **উত্তর:** ক

৪. **'মর্সিয়া' শব্দের উৎপত্তি কোন ভাষা থেকে?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন বাংলাদেশ এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক উর্দু খ ফারসি
গ আরবি ঘ তুর্কি **উত্তর:** গ

৫. **কোনটি শোকগীতি বা বিলাপ সঙ্গীত?** [জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী পরিচালক : ০৬]
ক সারিগান খ ভাটিয়ালী
গ মর্সিয়া ঘ হাম্‌দ **উত্তর:** গ

৬. **দৌলত উজির বাহরাম খান কোন অঞ্চলের মানুষ ছিলেন?** [৩৮তম বিসিএস]
ক ফরিদপুর খ সিলেট
গ কৃষ্ণনগর ঘ চট্টগ্রাম **উত্তর:** ঘ

৭. **কোনটি 'মর্সিয়া' সাহিত্য?** [সিজিএ-এর অডিটর : ২২]
ক মধুমালতী খ চন্দ্রাবতী
গ লায়লী-মজনু ঘ জঙ্গনামা **উত্তর:** ঘ

৮. **'জঙ্গনামা' কাব্যের বিষয় কি?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১১]
ক যুদ্ধ-বিগ্রহ খ শোক-তাপ
গ রোমান্স ঘ প্রেম-ভালবাসা **উত্তর:** ক


৯. **'কাশিমের লড়াই' গ্রন্থটির রচয়িতা-** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর : ১১]
ক নাসির মাহমুদ খ সৈয়দ সুলতান
গ আলাওল ঘ শেরবাজ **উত্তর:** ঘ

১০. **ইসলাম ও সুফিমতের প্রভাবে ভারতবর্ষে ঘটেছিল-** [৪৪তম বিসিএস]
ক বর্ণবাদের পুনরুত্থান খ রাষ্ট্রবিপ্লব
গ চিন্তাবিপ্লব ঘ অভিবাসন বিপ্লব **উত্তর:** গ

লোকসাহিত্য

জনসাধারণের মুখে মুখে প্রচলিত গাঁথাকাহিনি, গান, ছড়া, প্রবাদ ইত্যাদিকে লোকসাহিত্য বলা হয়। সাধারণত কোনো সম্প্রদায় বা জনগোষ্ঠীর অলিখিত সাহিত্যই লোকসাহিত্য। 'ডাক ও খনার বচন'কে লোকসাহিত্যের আদি নিদর্শন হিসাবে বিবেচনা করা হয়। তবে এর কোনো লিখিত নিদর্শন বর্তমান নেই। ডাকের বচন-এ জ্যোতিষ ও ক্ষেত্রতত্ত্বের কথা ও মানব চরিত্রের ব্যাখ্যা প্রাধান্য পেয়েছে। খনার বচন-এ কৃষি ও আবহাওয়ার কথা প্রাধান্য পেয়েছে।

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন লোক সাহিত্য গবেষক ড. মযহারুল ইসলাম 'ফোকলোর : পরিচিত ও পঠন-পাঠন' গ্রন্থে ফোকলোরের সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। রেভারেন্ড লাল বিহারী 'Folk Tales of Bengal' (১৮৮৩) বইটি রচনা করে লোকসাহিত্যের ইতিহাসে স্মরণীয় হয়ে আছেন।



ছড়া

লোকসাহিত্যের প্রাচীনতম সৃষ্টি ছড়া।

ধাঁধা

ধাঁধার বক্তব্য সাধারণত সঙ্গতিপূর্ণ থাকে না। যেমন-

প্রশ্ন : বন থেকে বেরুল টিয়ে সোনার টোপর মাথায় দিয়ে?

উত্তর : আনারস।

লোকগীতি

লোকসমাজের মুখে মুখে যে গীত চলে এসেছে। এতে কোন কাহিনি থাকে না। বিশেষ বিশেষ ভাব অবলম্বনে এই শ্রেণির গান রচিত।


প্রশ্নোত্তরমূলক একপ্রকার লোকগীতিকে 'তরজা' বলে। পরিবেশনার পদ্ধতি কবিগানের অনুরূপ। বাংলায় তরজা গানের প্রচলন ছিল প্রাচীনকাল থেকেই, তবে উনিশ শতকের প্রথমার্ধে মধু ঠাকুর ও তারক পাল নামে দুই কবিয়াল এ গানকে জনপ্রিয় করে তোলেন। প্রাচীন বিখ্যাত লোকগীতি সংকলন 'হারামণি'। মুহম্মদ মনসুর উদ্দীন ছিলেন এর প্রধান সম্পাদক।

গীতিকা (Ballad)

গীতিকা এক শ্রেণির আখ্যানমূলক লোকগীতি; যা সাহিত্যে গীতিকা নামে পরিচিত। ইংরেজিতে তাকে বলা হয় Ballad। Ballad শব্দটি ফরাসি Ballet বা নৃত্য শব্দ থেকে এসেছে। ইউরোপে প্রাচীনকালে নাচের সাথে যে কবিতা গীত হত তাকেই Ballad বলা হত। বাংলাদেশ থেকে সংগৃহীত লোকগীতিগুলোকে তিন ভাগে ভাগ করা হয়েছে। যথা-

১) *নাথ গীতিকা :* শুকুর মাহমুদ মধ্যযুগের বাংলা সাহিত্যের একজন সাধক কবি। রাজশাহী জেলার সিন্দুরকুসুমি গ্রামে তাঁর জন্ম। তাঁর কাব্যের নাম 'গোপীচাঁদের সন্ন্যাস' (১৭০৫)। ভাষাবিজ্ঞানী স্যার জর্জ গ্রিয়ারসন রংপুর জেলার মুসলমান কৃষকদের কাছ হতে 'ময়নামতী গোপীচন্দ্রের পুঁথি' সংগ্রহ করে 'মাণিকচন্দ্র রাজার গান' (১৮৭৮) শিরোনামে নামে প্রকাশ করেন।

২) *মৈমনসিংহ গীতিকা* বৃহত্তর ময়মনসিংহের ব্রহ্মপুত্র নদের পূর্বাংশে নেত্রকোনা, কিশোরগঞ্জ জেলার হাওর, বিল, নদ-নদী প্লাবিত ভাটি অঞ্চলের গীতিকা। ড. দীনেশচন্দ্র সেন গীতিকাগুলো সংগ্রহ করে 'মৈমনসিংহ গীতিকা' নামে প্রকাশ করেন। 'মৈমনসিংহ গীতিকা' বিশ্বের ২৩টি ভাষায় অনূদিত হয়েছে। মৈমনসিংহ গীতিকায় ১০টি গীতিকা স্থান পেয়েছে। যথা-


ড. দীনেশচন্দ্র সেন

গীতিকা/ পালা	রচয়িতা	গীতিকা/ পালা	রচয়িতা
মহুয়া	দ্বিজ কানাই	কঙ্ক ও লীলা	৪ জনের নাম পাওয়া যায়।
দেওয়ানা মদিনা	মনসুর বয়াতি	মলুয়া	অজ্ঞাতনামা
জয়চন্দ্র ও চন্দ্রাবতী	নয়ানচাঁদ ঘোষ	কাজল রেখা	
কমলা	দ্বিজ ঈশান	দেওয়ান ভাবনা	
দস্যু কেনারামের পালা	চন্দ্রাবতী	রূপবতী	

শ্রেষ্ঠ পালা মহুয়া। এটি একটি প্রণয় আখ্যান। প্রধান চরিত্র - মহুয়া, নদের চাঁদ।

৩) *পূর্ববঙ্গ গীতিকা* লোকসাহিত্যের একটি সংকলন। মুখে মুখে রচিত ও লোক সমাজে প্রচলিত এর পালাগুলি বাংলা সাহিত্যের এক অমূল্য সম্পদ। ময়মনসিংহ, নেত্রকোনা, চট্টগ্রাম, নোয়াখালী, ফরিদপুর, সিলেট, ত্রিপুরা প্রভৃতি অঞ্চল থেকে পালাগুলি সংগৃহীত। এ পালাগুলির প্রধান সংগ্রাহক হলেন চন্দ্রকুমার দে, দীনেশচন্দ্র সেন, আশুতোষ চৌধুরী, জসীমউদ্‌দীন, নগেন্দ্রচন্দ্র দে, রজনীকান্ত ভদ্র, বিহারীলাল রায় প্রমুখ। ড. দীনেশচন্দ্র সেন গীতিকাগুলো সংগ্রহ করে 'পূর্ববঙ্গ গীতিকা' নামে প্রকাশ করেন। উল্লেখযোগ্য গীতিকার মধ্যে রয়েছে- নিজাম ডাকাতের পালা, কাফন চোরা, কমল সদাগর প্রভৃতি।

প্রবাদ

প্রাচীন কালে মানুষের মুখে মুখে প্রবাদ প্রচলিত ছিল। যেমন- 'যদি থাকে বন্ধুর মন গাঙ পারাইতে কতক্ষণ'।

কথা
- নানা অবাস্তব ও অবিশ্বাস্য কাহিনী নিয়ে রচিত সাহিত্যই রূপকথা (Fairy Tales)। দক্ষিণারঞ্জন মিত্রের জনপ্রিয় রূপকথার সংকলন ঠাকুরমার ঝুলি, ঠাকুরদাদার ঝুলি, ঠানদিদির থলে, দাদা মশায়ের থলে।
- পশুপাখির চরিত্র অবলম্বনে যেসব কাহিনী গড়ে উঠেছে সেগুলোর নাম উপকথা।
- মেয়েলি ব্রতের সাথে সম্পর্কিত কাহিনি অবলম্বনে ব্রতকথা নামে এক ধরনের লোককথার বিকাশ ঘটেছে।

MCQ Solution

১. **লোকসাহিত্য কাকে বলে?** [২৮তম বিসিএস]
ⓚ গ্রামীণ নর-নারীর প্রণয় সংবলিত উপাখ্যানকে
ⓛ লোক সাধারণের কল্যাণে দেবতার স্তুতিমূলক রচনাকে
ⓖ লোকের মুখে মুখে প্রচলিত কাহিনি, গান, ছড়া ইত্যাদিকে
ⓘ গ্রামের অশিক্ষিত ও অখ্যাত লোকের সৃষ্ট রচনাকে **উত্তর:** গ

২. **মধ্যযুগের কোন সাহিত্য কৃষিকাজের জন্য উপযোগী?** [মৎস্য ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডিজুট্যান্ট : ১০]
ⓚ লোক সাহিত্য ⓛ ডাক ও খনার বচন
ⓖ পুঁথিসাহিত্য ⓘ ব্রতকথা **উত্তর:** খ

৩. **খনার বচনে প্রাধান্য পেয়েছে–** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়) : ২২]
ⓚ কৃষি ⓛ সাহিত্য
ⓖ শিল্প ⓘ বিজ্ঞান **উত্তর:** ক

৪. **'খনার বচন' - এর মূলভাব কী?** [৩৯তম (বিশেষ) বিসিএস]
ⓚ শুদ্ধ জীবনযাপন রীতি ⓛ সামাজিক মঙ্গলবোধ
ⓖ রাষ্ট্র পরিচালনা নীতি ⓘ লৌকিক প্রণয়সঙ্গীত **উত্তর:** ক

৫. **হারামণি কি? এর সংকলক কে?** [ইসলামী ব্যাংক লি. সহকারী অফিসার : ০৩]
ⓚ পুঁথি, আলাওল
ⓛ প্রাচীন লোকগীতি, মুহম্মদ মনসুরউদ্দীন
ⓖ উচ্চাঙ্গ সঙ্গীত, ওস্তাদ আয়াত আলী
ⓘ প্রাচীন সাহিত্য, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** খ

৬. **বাংলাদেশের কোন লোকসংস্কৃতিবিদ আন্তর্জাতিক খ্যাতি লাভ করেন?** [রাবি (ফোকলোর) : ০৭-০৮]
ⓚ ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ
ⓛ প্রফেসর মযহারুল ইসলাম
ⓖ জসীমউদ্দীন
ⓘ মুহম্মদ মনসুর উদ্দীন **উত্তর:** খ

৭. **'লোকসাহিত্য' বলতে কী বুঝায়?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা : ০৯]
ⓚ কবিতা, গান
ⓛ ছড়া, গান, ধাঁধা, প্রবাদ-প্রবচন
ⓖ উপন্যাস, নাটক
ⓘ প্রাচীন চিত্রকলা **উত্তর:** খ

৮. **লোক সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কোনটি?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর সহকারী পরিচালক (প্রশাসন) : ১৬]
ⓚ ধাঁধা ⓛ ছড়া
ⓖ প্রবাদ ⓘ গাথা কাহিনি **উত্তর:** খ

৯. **Ballad কি?** [২৬তম বিসিএস]
ⓚ লোকগীতি ⓛ লোকগাথা
ⓖ গীতিকা ⓘ গাঁথা **উত্তর:** গ

১০. **জর্জ আব্রাহাম গ্রিয়ারসন হলেন একজন–** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ রাজনীতিক ⓛ ভাষাবিজ্ঞানী
ⓖ বৈজ্ঞানিক ⓘ কবি **উত্তর:** খ

১১. **মধ্যযুগের কবি শুকুর মহম্মদ কোন জেলার অধিবাসী ছিলেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফোকলোর) : ০৯-১০]
ⓚ নোয়াখালী ⓛ শ্রীহট্ট
ⓖ বগুড়া ⓘ রাজশাহী **উত্তর:** ঘ

১২. **'গোপীচন্দ্রের সন্ন্যাস' খ্যাত মধ্যযুগের কবির বাড়ি রাজশাহীর–** [রাবি (আইন ও বিচার) : ০৯ - ১০]
ⓚ সন্তসপুর গ্রামে ⓛ সিন্দুর কুসুম গ্রামে
ⓖ কাপাসিয়া গ্রামে ⓘ বিজয়নগর গ্রামে **উত্তর:** খ

১৩. **'লোকসাহিত্য' সংগ্রহে অবদান রেখেছেন–** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১]
ⓚ কেশবচন্দ্র সেন ⓛ দীনেশচন্দ্র সেন
ⓖ হীরালাল সেন ⓘ রজনীকান্ত সেন **উত্তর:** খ

১৪. **মৈমনসিংহ অঞ্চল থেকে সংগৃহীত পালা গান কোন নামে পরিচিত?** [জাবি (সি ইউনিট) : ১৬-১৭]
ⓚ কথানাট্য ⓛ নৃত্যনাট্য
ⓖ পাঁচালি ⓘ গীতিকা **উত্তর:** ঘ

১৫. **'মৈমনসিংহ গীতিকা' সংগ্রহ করেন–** [বিপিএসসি এর সহকারী ইঞ্জিনিয়ার : ২২]
ⓚ দক্ষিণারঞ্জন মিত্র
ⓛ অচিন্ত্যকুমার সেনগুপ্ত
ⓖ দীনেশচন্দ্র সেন
ⓘ সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উত্তর:** গ

১৬. **'মৈমনসিংহ গীতিকা'র সম্পাদনা করেন কে?** [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষের অফিস সহকারী : ২১]
ⓚ দক্ষিণারঞ্জন মিত্র ⓛ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓖ অচিন্ত্যকুমার সেনগুপ্ত ⓘ দীনেশচন্দ্র সেন **উত্তর:** ঘ

১৭. **'মৈমনসিংহ গীতিকা' কতটি ভাষায় অনূদিত?** [আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]
ⓚ ১০ ⓛ ১৩
ⓖ ২০ ⓘ ২৩ **উত্তর:** ঘ

১৮. **'মহুয়া' গল্পটি কোন কাব্যের অন্তর্গত?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার : ০৪]
ⓚ বাউল গান ⓛ মৈমনসিংহ গীতিকা
ⓖ মধ্যযুগের গীতিকবিতা ⓘ পুঁথি **উত্তর:** খ

১৯. মৈমনসিংহ গীতিকার 'মহুয়া' পালার রচয়িতা কে? [২৬তম বিসিএস/ সমন্বিত ৯ ব্যাংক অফিসার (জেনারেল) : ২২]
ⓚ চন্দ্রাবতী ⓦ দ্বিজ কানাই
ⓖ মনসুর বয়াতি ⓖ দ্বিজ ঈশান **উত্তর:** খ

২০. 'নদের চাঁদ' কোন পালাগানের চরিত্র? [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক : ২১]
ⓚ মালুয়া ⓦ মহুয়া
ⓖ দেওয়ানা মদিনা ⓖ কাজল রেখা **উত্তর:** খ

২১. কোনটি মৈমনসিংহ গীতিকার উপাখ্যান? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১০]
ⓚ পদ্মাবতী ⓦ বিদ্যাসুন্দর
ⓖ পদ্মিনী উপাখ্যান ⓖ জয়চন্দ্র চন্দ্রাবতী **উত্তর:** ঘ

২২. নিচের পালাগানগুলোর মধ্যে কোনটি মনসুর বয়াতি রচিত? [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ০৫]
ⓚ মহুয়া ⓦ চন্দ্রাবতী
ⓖ দেওয়ানা মদিনা ⓖ মলুয়া **উত্তর:** গ

২৩. 'দেওয়ানা মদিনা' কোন কাব্যের অন্তর্গত? [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ⓚ মধ্যযুগের গীতিকবিতা ⓦ পূর্ববঙ্গ গীতিকা
ⓖ নাথ গীতিকা ⓖ মৈমনসিংহ গীতিকা **উত্তর:** ঘ

২৪. 'মলুয়া' লোকগীতিকাটি কোন অঞ্চলের? [রাবি (ঘ ইউনিট) : ০৬-০৭]
ⓚ রংপুর ⓦ যশোর
ⓖ কুমিল্লা ⓖ ময়মনসিংহ **উত্তর:** ঘ

২৫. মৈমনসিংহ গীতিকা নয়- [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উচ্চমান সহকারী : ২১]
ⓚ মহুয়া ⓦ মলুয়া
ⓖ চন্দ্রাবতী ⓖ ভেলুয়া **উত্তর:** ঘ

২৬. 'পূর্ববঙ্গ গীতিকা'র লোকপালাসমূহের সংগ্রাহক কে? [৩৭তম বিসিএস]
ⓚ হরপ্রসাদ শাস্ত্রী ⓦ দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার
ⓖ চন্দ্রকুমার দে ⓖ দীনেশচন্দ্র সেন **উত্তর:** গ,ঘ

২৭. 'যদি থাকে বন্ধুর মন গাঙ পারইতে কতক্ষণ'?- এটি কোন প্রকারের লোকসাহিত্য? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
ⓚ প্রবাদ ⓦ ধাঁধা
ⓖ কথা ⓖ ছড়া **উত্তর:** ক

২৮. 'বন থেকে বেরুল টিয়ে সোনার টোপর মাথায় দিয়ে।'- এটি কিসের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রাথমিক সহকারী শিক্ষক : ৯৩]
ⓚ প্রবাদের ⓦ উপমার
ⓖ ধাঁধার ⓖ ছড়ার **উত্তর:** গ

২৯. তরজা হলো- [বাংলাদেশ ব্যাংক অফিসার (সাধারণ) : ১৮]
ⓚ এক প্রকার সাহিত্য
ⓦ কবিগান জাতীয় লোকসংগীত
ⓖ প্রার্থনা সংগীত বিশেষ
ⓖ পাঁচালির বিবর্তিত রূপ **উত্তর:** খ

৩০. 'ঠাকুরমার ঝুলি' কার লেখা? [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ০৫]
ⓚ সুকুমার রায় ⓦ লালবিহারী দে
ⓖ দীনেশচন্দ্র সেন ⓖ দক্ষিণারঞ্জন মিত্র **উত্তর:** ঘ

৩১. 'ঠাকুরমার ঝুলি' কী জাতীয় রচনা সংকলন? [৩০তম বিসিএস/ কর্মসংস্থান ব্যাংক লি. ডাটা এন্ট্রি অপারেটর : ২২]
ⓚ রূপকথা ⓦ ছোটগল্প
ⓖ গ্রাম্যগীতিকা ⓖ রূপকথা-উপকথা **উত্তর:** ক

৩২. পশুপাখির কাহিনী অবলম্বনে রচিত লোকসাহিত্যেকে বলে- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৯-১০]
ⓚ রূপকথা ⓦ ব্রতকথা
ⓖ উপকথা ⓖ পালা **উত্তর:** গ


অনুবাদ সাহিত্য

বাংলা অনুবাদ কাব্যের সূচনা হয় মধ্যযুগে।

ক) সংস্কৃত ভাষা থেকে



রামায়ণ আদি মহাকাব্য। বাল্মীকি (অর্থ উইপোকার ঢিবি) তমসা নদীর তীরে বসে সংস্কৃত ভাষায় 'রামায়ণ' রচনা করেন। চরিত্র- রাম, লক্ষ্মণ, সীতা প্রমুখ। বাংলা ভাষায় অনূদিত প্রথম মহাকাব্য রামায়ণ। রামায়ণের প্রথম বাংলা অনুবাদক কৃত্তিবাস ওঝাঁ। গিয়াস উদ্দীন আজম শাহ এর নির্দেশে কৃত্তিবাস বাংলায় 'রামায়ণ' অনুবাদ করেন। রামায়ণের প্রথম মহিলা বাংলা অনুবাদক চন্দ্রাবতী। চন্দ্রাবতী বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি। তিনি কিশোরগঞ্জ অঞ্চলের মানুষ ছিলেন। তাঁর পিতার নাম দ্বিজ বংশীদাস।



মহাভারত এর রচয়িতা শ্রীকৃষ্ণ দ্বৈপায়ন বেদব্যাস। সংস্কৃত ভাষায় রচিত। কাব্যের মূল বিষয় হল- কৌরব ও পাণ্ডবদের গৃহবিবাদ এবং কুরুক্ষেত্র যুদ্ধের ঘটনাবলী। কুরুক্ষেত্র যুদ্ধের ব্যাপ্তিকাল ছিল ১৮ দিন। চরিত্র- অভিমন্যু, অর্জুন, কর্ণ, গান্ধারী, দ্রোপদী প্রমুখ। দ্রোপদী পাঁচ ভাইয়ের একক স্ত্রী। মহাভারতের প্রথম বাংলা অনুবাদক কবীন্দ্র পরমেশ্বর। তাঁর অনূদিত গ্রন্থের নাম 'পরাগলী মহাভারত'। শ্রীকর নন্দী অনূদিত গ্রন্থের নাম 'ছুটিখানী মহাভারত'। মহাভারতের শ্রেষ্ঠ বাংলা অনুবাদক কাশীরাম দাস।

ভগবত এর রচয়িতা বেদব্যাস। 'ভগবত' এর দশম ও একাদশ অধ্যায়ের অনুসরণে মালাধর বসু 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্য রচনা করেন।

খ) আরবি-ফারসি ভাষা থেকে

মধ্যযুগের বাংলা সাহিত্যের মুসলমান কবিগণের সবচেয়ে উল্লেখযোগ্য অবদান রোমান্টিক প্রণয়োপাখ্যান। ফারসি বা হিন্দি সাহিত্যের উৎস থেকে উপকরণ নিয়ে রচিত অনুবাদমূলক প্রণয় কাব্যগুলোতে প্রথমবারের মত মানবীয় বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে।

ভাষা	অনুবাদ গ্রন্থ	মূলগ্রন্থ/ উৎস	লেখক
ফারসি প্রেমাখ্যান	ইউসুফ জোলেখা	জামী রচিত 'ইউসুফ ওয়া জুলয়খা'	শাহ মুহম্মদ সগীর, আবদুল হাকিম, গরীবুল্লাহ।
	লায়লী-মজনু	নিজামী রচিত 'লায়লা ওয়া মজনুন'	দৌলত উজির বাহরাম খান, মুহম্মদ খাতের
	জঙ্গনামা	-	গরীবুল্লাহ
	গুলে বকাওলী	ইজ্জতুল্লাহ রচিত 'তাজুলমূলক্ গুল-ই বকাগুলী'	নওয়াজিস খান, মুহাম্মদ মুকীম
	হাতেম তাই	আলেফ লায়লা ওয়া লায়লা	সাদতুল্লাহ, সৈয়দ হামজা
	সপ্ত পয়কর	নিজামী রচিত 'হফত পয়কর'	আলাওল
	সিকান্দরনামা	নিজামী রচিত 'সিকান্দরনামা'	
	সয়ফুলমুলক-বদিউজ্জামাল	আলেফ লায়লা ওয়া লায়লা	
ধর্মীয় গ্রন্থ	তোহফা (নীতিকাব্য)	ইউসুফ গদা রচিত 'তোহফাতুন নেসায়েহ'	
	নূরনামা	-	আবদুল হাকিম
	কারবালা ও শহরনামা		
	নবী বংশ	স'লাবা বিরচিত 'কিসাসুল আমবিয়া'	সৈয়দ সুলতান
হিন্দি প্রেমাখ্যান	সতীময়না ও লোরচন্দ্রানী	কবি সাধন রচিত 'মৈনাসত'	প্রথম ও দ্বিতীয় খণ্ড : দৌলত কাজী তৃতীয় খণ্ড : আলাওল
	পদ্মাবতী	মালিক মুহম্মদ জায়সী রচিত 'পদুমাবৎ'	আলাওল
	মধুমালতী	মনঝন রচিত 'মধুমালত'	মুহম্মদ কবির, সৈয়দ হামজা, মুহম্মদ চুহর, শাকের মুহম্মদ

ইউসুফ জোলেখা : শাহ মুহম্মদ সগীর অনূদিত 'ইউসুফ জোলেখা' গ্রন্থটি বাংলা সাহিত্যের প্রথম প্রণয়োপাখ্যান। গ্রন্থটির রচনাকাল আনু. পঞ্চদশ শতকের প্রথম দশক। শাহ মুহম্মদ সগীর রোমান্টিক প্রণয়োপাখ্যান ধারার প্রথম কবি এবং প্রথম বাঙালি মুসলমান কবি। তিনি আনুমানিক ১৪-১৫ শতকের কবি। তাঁর 'শাহ' উপাধি থেকে অনুমান করা হয় যে, তিনি কোনো দরবেশ বংশে জন্মগ্রহণ করেন। তাঁর কাব্যে চট্টগ্রাম অঞ্চলের কতিপয় শব্দের ব্যবহার লক্ষ করে ড. মুহাম্মদ এনামুল হক তাঁকে চট্টগ্রামের অধিবাসী বলে বিবেচনা করেন। তিনি সুলতান গিয়াসউদ্দীন আজম শাহের পৃষ্ঠপোষকতায় কাব্যটি রচনা করেন। কাব্যের রাজবন্দনায় 'মুহম্মদ সগীর তান আজ্ঞার অধীন' - এ কথা থেকে ধারণা করা হয়, তিনি হয়তো সুলতানের কর্মচারী ছিলেন কিংবা কাব্যচর্চায় তাঁর পৃষ্ঠপোষকতা লাভ করেন।

লায়লী-মজনু : কাব্যের কাহিনির মূল উৎস আরবি লোকগাঁথা (সৌদি আরব)। চট্টগ্রামের অধিপতি নিজাম শাহ সুর এর পৃষ্ঠপোষকতায় দৌলত উজির বাহরাম খান কাব্য রচনা করেন।

নূরনামা : সতেরো শতকের কবি আবদুল হাকিমের নূরনামা কাব্যের বিখ্যাত কবিতা 'বঙ্গবাণী'। যারা মাতৃভাষার প্রতি শ্রদ্ধাশীল নয়, তাদের সম্পর্কে আবদুল হাকিমের সাহসী উচ্চারণ -

আপে অর্থ স্বয়ং

তে কাজে নিবেদি বাংলা করিয়া রচন।
নিজ পরিশ্রমে তোষি আমি সর্বজন। .....
সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন। .....
যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী।
সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।...
দেশি ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়
নিজ দেশ ত্যাগী কেন বিদেশ ন যায়। [বঙ্গবাণী]

MCQ Solution

১. **বাংলা অনুবাদ কাব্যের সূচনা কোন যুগে হয়?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]
ⓚ প্রাচীন যুগ ⓚ মধ্যযুগ
ⓖ অন্তমধ্য যুগ ⓖ আধুনিক যুগ **উত্তর:** খ

২. **প্রাচীনতম সাহিত্যকর্ম -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ⓚ শকুন্তলা ⓚ হংসদূত
ⓖ রামায়ণ ⓖ মহাভারত **উত্তর:** গ

৩. **'রামায়ণ' রচয়িতার নাম কি?** [সিজিএ-এর অডিটর : ২২]
ⓚ বাল্মীকি ⓚ ভিয়াস
ⓖ চণ্ডীদাস ⓖ এদের কেউ নন **উত্তর:** ক

৪. **'বাল্মীকি' শব্দের অর্থ-** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ⓚ সাপের গর্ত ⓚ উইপোকার ঢিবি
ⓖ পাখির বাসা ⓖ পাতালপুরী **উত্তর:** খ

৫. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]
ⓚ বাল্মিকী ⓚ বাল্মিকি
ⓖ বাল্মীকি ⓖ বাল্মীকী **উত্তর:** গ

৬. **Along the bank of which river did Rishi Valmiki write the epic 'Ramayana'?** [Jahangirnagar University (Public Adminstration) : 13-14]
ⓚ Ganges ⓚ Jamuna
ⓖ Saraswati ⓖ Tamash **উত্তর:** ঘ

৭. **'রামায়ণ' রচিত হয়-** [৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১১]
ⓚ হিন্দি ভাষায় ⓚ সংস্কৃত ভাষায়
ⓖ উর্দু ভাষায় ⓖ বাংলা ভাষায় **উত্তর:** খ

৮. **সীতা কোন মহাকাব্যের চরিত্র?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]
ক) ইলিয়াড খ) রামায়ণ
গ) মহাভারত ঘ) ওডিসি **উত্তর: খ**

৯. **পৃথিবীর প্রথম মহাকাব্য বাংলায় অনূদিত হয়, এটির নাম কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১১৫]
ক) রামায়ণ খ) মহাভারত
গ) ইলিয়াড ঘ) গিলগামেশ **উত্তর: ক**

১০. **বাংলা ভাষায় 'রামায়ণ' কে প্রথম রচনা করেন?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫]
ক) জয়দেব খ) হরপ্রসাদ শাস্ত্রী
গ) ভুসুকু ঘ) কৃত্তিবাস **উত্তর: ঘ**

১১. **বাংলায় কৃত্তিবাসকে রামায়ণ অনুবাদের অনুরোধ জানান-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক) নাসিরউদ্দীন শাহ খ) গিয়াস উদ্দীন আজম শাহ
গ) আলাউদ্দীন খলজী ঘ) শাহ মোহাম্মদ সগীর **উত্তর: খ**

১২. **রামায়ণের প্রথম মহিলা অনুবাদকের নাম কি?** [৯ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১৪]
ক) চন্দ্রকলাবতী খ) চন্দ্রাবতী
গ) পদ্মাবতী ঘ) কামিনী রায় **উত্তর: খ**

১৩. **বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি কে?** [৪৩তম বিসিএস/ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস : ২২]
ক) সারদা দেবী খ) চন্দ্রাবতী
গ) স্বর্ণকুমারী দেবী ঘ) সুফিয়া কামাল **উত্তর: খ**

১৪. **মধ্যযুগের মহিলা কবি চন্দ্রাবতীর পিতার নাম কী?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]
ক) বিদ্যাপতি খ) মুকুন্দরাম
গ) দ্বিজ বংশীদাস ঘ) দ্বিজ চণ্ডীদাস **উত্তর: গ**

১৫. **কবি চন্দ্রাবতী কোন অঞ্চলের মানুষ ছিলেন?** [শিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) : ২২]
ক) হবিগঞ্জ খ) নেত্রকোনা
গ) সুনামগঞ্জ ঘ) কিশোরগঞ্জ **উত্তর: ঘ**

১৬. **কোন বাক্যটি শুদ্ধ তা নির্দেশ করুন?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ক) কীর্তিবাস বাঙলা রামায়ন লিখিয়াছেন
খ) কীর্তিবাস বাংলা রামায়ন লিখিয়াছেন
গ) কৃত্তিবাস বাংলা রামায়ণ লিখেছেন
ঘ) কৃত্তিবাস বাঙলা রামায়ণ লিখেছেন **উত্তর: গ**

১৭. **'মহাভারত' এর রচয়িতা-** [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ক) বাল্মীকি খ) শ্রীকৃষ্ণ দ্বৈপায়ন বেদব্যাস
গ) ভদ্রবাহু ঘ) মনু **উত্তর: খ**

১৮. **'মহাভারত' এর শ্রেষ্ঠ অনুবাদক কে?** [স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক) কবীন্দ্র পরমেশ্বর খ) কাশীরাম দাস
গ) শ্রীকরণ নন্দী ঘ) সঞ্জয় **উত্তর: খ**

১৯. **'পরাগলী মহাভারত' খ্যাত গ্রন্থের অনুবাদকের নাম কি?** [৩১তম বিসিএস]
ক) সঞ্জয় খ) কবীন্দ্র পরমেশ্বর
গ) শ্রীকর নন্দী ঘ) কাশীরাম দাস **উত্তর: খ**

২০. **মহাভারতের মূলে রয়েছে-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ক) রাম-সীতার কাহিনি খ) বেহুলা-লক্ষ্মীন্দরের কাহিনি
গ) কুরু-পাণ্ডবের কাহিনি ঘ) রাধাকৃষ্ণের কাহিনি **উত্তর: গ**

২১. **মহাভারতে সংঘটিত যুদ্ধ কী নামে পরিচিত?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AP ইউনিট) : ১৭-১৮]
ক) রণক্ষেত্র খ) কুরুক্ষেত্র
গ) কুবের ক্ষেত্র ঘ) পাণ্ডুরণ **উত্তর: খ**

২২. **দ্রোপদী কে?** [৩৫তম বিসিএস]
ক) রামায়ণে সীতার সহচরী
খ) মহাভারতে দুর্যোধনের স্ত্রী
গ) রামায়ণে লক্ষণের প্রণয়প্রার্থী নারী
ঘ) মহাভারতে পাঁচ ভাইয়ের একক স্ত্রী **উত্তর: ঘ**

২৩. **গান্ধারী চরিত্রটি পাওয়া যায়-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ক) মহাভারতে খ) রামায়ণে
গ) অর্থশাস্ত্রে ঘ) গীতায় **উত্তর: ক**

২৪. **কুরুক্ষেত্রের যুদ্ধ কত সময় ব্যাপি চলেছিল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৪-১৫]
ক) ১৮ দিন খ) ১৮ সপ্তাহ
গ) ১৮ মাস ঘ) ১৮ বছর **উত্তর: ক**

২৫. **বাংলা সাহিত্যে মুসলিম কবির আবির্ভাব ঘটে কোন যুগে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জ ইউনিট) : ১১-১২]
ক) প্রাচীন যুগের শুরুতে খ) প্রাচীন যুগের শেষ দিকে
গ) মধ্যযুগে ঘ) আধুনিক যগে **উত্তর: গ**

২৬. **মধ্যযুগের বাংলা সাহিত্যে মুসলমানদের মধ্যে উল্লেখযোগ্য অবদান কোনটি?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১৬]
ক) নাথসাহিত্য খ) রোমান্টিক প্রণয়োপাখ্যান
গ) জীবনীকাব্য ঘ) মঙ্গলকাব্য **উত্তর: খ**

২৭. **হিন্দি ও ফারসি কাব্য থেকে কোন কাব্য ধারার প্রচলন হয়েছে?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব : ০৫]
ক) নাথসাহিত্য খ) প্রণয়োপাখ্যান
গ) পদাবলি ঘ) মঙ্গলকাব্য **উত্তর: খ**

২৮. **প্রণয়োপাখ্যান গুলোর প্রধান বৈশিষ্ট্য হচ্ছে-** [পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক) অনুকরণপ্রিয়তা খ) মানবিক প্রেম
গ) মুসলীমদের রচনা ঘ) রাজাদের কাহিনি **উত্তর: খ**

২৯. **বাংলা সাহিত্যে প্রথম প্রণয়োপাখ্যান কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী হিসাব রক্ষক : ২১]
ক) লায়লী-মজনু খ) ইউসুফ জোলেখা
গ) চন্দ্রাবতী ঘ) পদ্মাবতী **উত্তর: খ**

৩০. **মুসলমান কবি রচিত প্রাচীনতম বাংলা কাব্য-** [১২তম বিসিএস]
ক পদ্মাবতী খ চন্দ্রাবতী
গ ইউসুফ জোলেখা ঘ লায়লী-মজনু **উত্তর:** গ

৩১. **রোমান্টিক প্রণয়োপাখ্যান ধারার প্রথম কবি-** [বাংলাদেশ কোস্ট গার্ডের উপ-সহকারী প্রকৌশলী (পূর্ত) : ২০]
ক দৌলত কাজী খ দৌলত উজির বাহরাম খান
গ মুহম্মদ কবির ঘ শাহ মুহম্মদ সগীর **উত্তর:** ঘ

৩২. **বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাচীনতম মুসলমান কবি-** [২৯তম বিসিএস/ ১২তম বিসিএস/ টিটিসি'র ইন্সট্রাক্টর : ২২]
ক মুহম্মদ কবির খ সাবিরিদ খান
গ শেখ ফয়জুল্লাহ ঘ শাহ মুহম্মদ সগীর **উত্তর:** ঘ

৩৩. **কোন কবি গিয়াস উদ্দীন আজম শাহের রাজকর্মচারী ছিলেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]
ক ঈশ্বর গুপ্ত খ শাহ মুহম্মদ সগীর
গ সৈয়দ হামজা ঘ জয়েনউদ্দিন **উত্তর:** খ

৩৪. **কবি শাহ মুহম্মদ সগীরের 'শাহ' উপাধি থেকে অনুমান করা যায় যে, ...** [সমন্বিত সাত (৭) ব্যাংক এর সিনিয়র অফিসার : ২১]
ক তিনি সুলতানি আমলের কবি
খ তিনি দরবেশ-বংশ জাত
গ তিনি রাজকর্মচারী ছিলেন
ঘ তিনি পারস্যের অধিবাসী ছিলেন **উত্তর:** খ

৩৫. **'ইউসুফ জোলেখা' কী জাতীয় রচনা?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ক নাটক খ উপন্যাস
গ রোমান্টিক প্রণয়কাব্য ঘ রম্য রচনা **উত্তর:** গ

৩৬. **'ইউসুফ জোলেখা' প্রণয়কাব্য অনুবাদ করেছেন-** [২৩তম বিসিএস/ BEPZA এর সহকারী ব্যবস্থাপক : ২১]
ক মাগন ঠাকুর খ দৌলত উজির বাহরাম খান
গ আলাওল ঘ শাহ মুহম্মদ সগীর **উত্তর:** ঘ

৩৭. **'ইউসুফ জোলেখা' মর্সিয়া সাহিত্যের লেখক কে?** [এনএসআই এর কম্পিউটার টেকনিশিয়ান : ২১]
ক শেখ ফয়জুল্লাহ খ দৌলত খাঁ
গ আবদুল হাকিম ঘ আবদুল করিম **উত্তর:** গ

৩৮. **'লায়লী-মজনু' কাব্যের অনুবাদক হলেন-** [তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকতা : ২২]
ক সাবিরিদ খান খ দৌলত উজির বাহরাম খান
গ সৈয়দ সুলতান ঘ আলাওল **উত্তর:** খ

৩৯. **'লায়লী-মজনু' কাব্যের উপাখ্যান কোন দেশের?** [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
ক সৌদি আরব খ ইরাক
গ ইরান ঘ মিশর **উত্তর:** ক

৪০. **দৌলত উজির বাহরাম খান সাহিত্য সৃষ্টিতে কার পৃষ্ঠপোষকতা লাভ করেন?** [৪৩তম বিসিএস]
ক কোরেশী মাগন ঠাকুর খ সুলতান গিয়াসউদ্দিন আজম শাহ
গ সুলতান বরবক শাহ ঘ জমিদার নিজাম শাহ **উত্তর:** ঘ

৪১. **'গুলে বকাওলী' গ্রন্থের রচয়িতা কে?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ০৪]
ক মুহাম্মদ মুকীম খ দৌলত উজির বাহরাম খান
গ ফকীর গরীবুল্লাহ ঘ সাবিরিদ খান **উত্তর:** ক

৪২. **'সপ্ত পয়কর' কার রচনা?** [৩৫তম বিসিএস]
ক জৈনুদ্দিন খ সৈয়দ আলাওল
গ দীনবন্ধু মিত্র ঘ অমিয় দেব **উত্তর:** খ

৪৩. **'নবীবংশ' পুস্তকটি কে রচনা করেছেন?** [ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ১৩]
ক গোলাম মোস্তফা খ মীর মশাররফ হোসেন
গ হাজী মোহাম্মিল ঘ সৈয়দ সুলতান **উত্তর:** ঘ

৪৪. **'কারবালা' ও 'শহরনামা' কাব্যগ্রন্থটির রচয়িতা-** [রূপালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৮]
ক শাহ মুহাম্মদ সগীর খ আলাওল
গ আবদুল হাকিম ঘ দৌলত কাজী **উত্তর:** গ

৪৫. **'বঙ্গবাণী' কবিতাটি কে রচনা করেছেন?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) : ২০]
ক আলাওল খ আবদুল হাকিম
গ কায়কোবাদ ঘ মধুসূদন দত্ত **উত্তর:** খ

৪৬. **"যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী। সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।" এ পঙ্ক্তি দু'টি কোন কবির কবিতা হতে উদ্ধৃত করা হয়েছে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক রামনিধি গুপ্ত খ আলাওল
গ আবদুল হাকিম ঘ ঈশ্বরচন্দ্র গুপ্ত **উত্তর:** গ

৪৭. **"দেশি ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায় নিজ দেশ ত্যাগী কেন বিদেশ ন যায়।"– কবিতাংশটি কার?** [বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি - রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]
ক কবি আবদুল হাকিম খ মোজাম্মেল হক
গ কামিনী রায় ঘ রজনীকান্ত সেন **উত্তর:** ক

৪৮. **"তে কাজে নিবেদি বাংলা করিয়া রচন। নিজ পরিশ্রমে তোষি আমি সর্বজন।"– কোন কবির রচনা?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২]
ক আলাওল খ সৈয়দ সুলতান
গ আবদুল হাকিম ঘ আমির হামজা **উত্তর:** গ

৪৯. **'সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন।'- এখানে 'আপে' অর্থ কী?** [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার : ১৪]
ক আগে খ সম্পূর্ণ
গ স্বয়ং ঘ পুরোপুরি **উত্তর:** গ

৫০. **আলাওলের 'তোহফা' কোন ধরনের কাব্য?** [৩১তম বিসিএস]
ক আত্মজীবনী খ প্রণয়কাব্য
গ নীতিকাব্য ঘ জঙ্গনামা **উত্তর:** গ

৫১. **'তোহফা' কাব্যটি কে রচনা করেন?** [৩৬তম বিসিএস]
ক দৌলত কাজী খ মাগন ঠাকুর
গ সাবিরিদ খান ঘ আলাওল **উত্তর:** ঘ

৫২. **কোন গ্রন্থখানি রোমান্টিক প্রণয়োপাখ্যান?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ক) রামচরিত খ) কীচকবধ
গ) পদ্মাবতী ঘ) ভাগবত **উত্তর:** গ

৫৩. **'পদ্মাবতী' একটি -** [কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার (ক্যাশ) : ২১]
ক) অনুবাদ গ্রন্থ খ) মৌলিক গ্রন্থ
গ) ভ্রমণকাহিনী ঘ) কোনোটিই নয় **উত্তর:** ক

৫৪. **'পদ্মাবতী' কাব্যগ্রন্থের রচয়িতা কে?** [৪২তম (বিশেষ) বিসিএস]
ক) দৌলত কাজী খ) মাগন ঠাকুর
গ) আলাওল ঘ) শাহ মুহম্মদ সগীর **উত্তর:** গ

৫৫. **হিন্দি 'পদুমাবৎ' এর অবলম্বনে 'পদ্মাবতী' কাব্যের রচয়িতা-** [১৭তম বিসিএস]
ক) সৈয়দ সুলতান খ) আলাওল
গ) দৌলত উজির বাহরাম খান
ঘ) আবদুল করিম সাহিত্যবিশারদ **উত্তর:** খ

৫৬. **'পদ্মাবতী' কাব্যখানা মহাকবি আলাওল কোন ভাষা থেকে বাংলা ভাষায় অনুবাদ করেন?** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪]
ক) আরবি খ) ফারসি
গ) উর্দু ঘ) হিন্দি **উত্তর:** ঘ

৫৭. **'মধুমালতী' কাব্যগ্রন্থের কবি হলেন-** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৯]
ক) শাহ গরীবুল্লাহ খ) সৈয়দ সুলতান
গ) জৈনুদ্দীন ঘ) সৈয়দ হামজা **উত্তর:** ঘ

আরাকান রাজসভায় বাংলা সাহিত্য

আরাকানকে বাংলা সাহিত্যে 'রোসাং' বা 'রোসাঙ্গ' নামে উল্লেখ করা হয়েছে। বার্মার (মিয়ানমারের) উত্তর-পশ্চিম সীমায় এবং চট্টগ্রামের দক্ষিণে সমুদ্রের তীরে এর অবস্থান ছিল। আরাকানের অধিবাসীরা সাধারণভাবে বাংলাদেশে 'মগ' নামে পরিচিত। সুদূর আরাকানে বিজাতীয় ও ভিন্ন ভাষাভাষী রাজার অনুগ্রহ লাভ করে সপ্তদশ শতকে বঙ্গ ভাষাভাষী যে সকল প্রতিভাশালী কবির আবির্ভাব ঘটেছিল, তাঁরা তাঁদের গুরুত্বপূর্ণ ও মূল্যবান অবদানে বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছেন। রাজসভার কবিদের মধ্যে দৌলত কাজী, আলাওল, কোরেশী মাগন ঠাকুর, মরদন, আবদুল করীম খোন্দকার, শমশের আলীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। আরাকান রাজসভার কবিদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন আলাওল। মরদনের বিখ্যাত কাব্যগ্রন্থ 'নসীরানামা'।

দৌলত কাজী (১৬০০ - ১৬৩৮ খ্রি.)

আরাকান রাজসভার আদি কবি এবং প্রথম বাঙালি কবি। তিনি লৌকিক কাহিনির আদি রচয়িতা। তাঁর সবচেয়ে প্রসিদ্ধ কাব্যগ্রন্থ 'সতীময়না ও লোরচন্দ্রানী'; কাব্যটির বিখ্যাত পঙ্‌ক্তি-

দেশী ভাষে কহ তাকে পাঞ্চলীর ছন্দে।
সকলে শুনিয়া যেন বুঝয় সানন্দে।।

কোরেশী মাগন ঠাকুর

মাগন ঠাকুর রোসাঙ্গরাজের প্রধানমন্ত্রী ছিলেন। তাঁর প্রসিদ্ধ কাব্যগ্রন্থ 'চন্দ্রাবতী'।

আলাওল (১৬০৭ - ১৬৭৩ খ্রি.)

মধ্যযুগের সবচেয়ে উল্লেখযোগ্য মুসলমান কবি ছিলেন সৈয়দ আলাওল। মহাকবি আলাওল চট্টগ্রামের হাটহাজারী থানার জোবরা গ্রামে, মতান্তরে ফরিদপুরের ফতেয়াবাদ পরগণায় জন্মগ্রহণ করেন। জলপথে চট্টগ্রাম যাওয়ার সময় আলাওল ও তাঁর পিতা পর্তুগিজ জলদস্যুদের দ্বারা আক্রান্ত হন। যুদ্ধে পিতা নিহত হলে আলাওল পর্তুগিজ জলদস্যুদের হাতে পড়ে আরাকানে নীত হন। রাজমন্ত্রী মাগর ঠাকুর তাঁর বিদ্যাবুদ্ধি ও প্রতিভার পরিচয় পেয়ে তঁকে পৃষ্ঠপোষকতা দান করেন।

আলাওলের প্রথম এবং শ্রেষ্ঠ রচনা 'পদ্মাবতী'। রূপ বর্ণন খণ্ডে মহাকবি আলাওল বলেন-

রক্ত উৎপল লাজে জলান্তরে বৈসে।
তাম্বূল (পান) রাতুল হৈল অধর পরশে ॥
আধুনিক বাংলায় : ঠোঁটের পরশে পান লাল হলো।

ঋতু বর্ণন খণ্ডে কবি বলেন-

নবীন খঞ্জন দেখি বড়হি কৌতুক।
উপজিত যামিনী দম্পতি মনে সুখ ॥ ...
পুষ্প শয্যা ভেদ ভুলি বিচিত্র বসন।
উরে উরে এক হৈলে শীত নিবারণ ॥ ....

আবদুল করিম সাহিত্য বিশারদ আলাওলের 'পদ্মাবতী' পুঁথি সম্পাদনা করেন।

MCQ Solution

১. **আরাকানে কখন সমৃদ্ধ সাহিত্য সৃষ্টি হয়েছিল?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল অ্যাডজুটেন্ট : ১০]
ক) ষোড়শ শতাব্দী খ) সপ্তদশ শতক
গ) পঞ্চদশ শতক ঘ) অষ্টাদশ শতক **উত্তর:** খ

২. **'আরাকানের' পূর্ব নাম কি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৮-১৯]
ক) কাচিন খ) ইরাবতী
গ) রাখাইন ঘ) রোসাং **উত্তর:** ঘ

৩. **কোন দু'জন আরাকান রাজসভার কবি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দানিয়ুব) : ১৩]
ক) সৈয়দ সুলতান ও মুহাম্মদ কবির
খ) মহাকবি আলাওল ও দৌলত কাজী
গ) কাশীরাম দাস ও মহাকবি আলাওল
ঘ) মহাকবি আলাওল ও সৈয়দ সুলতান **উত্তর:** খ

৪. **আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি-** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক) কোরেশী মাগন ঠাকুর খ) দৌলত কাজী
গ) আলাওল ঘ) মরদন **উত্তর:** খ

৫. **লৌকিক কাহিনির প্রথম রচয়িতা কে?** [২৭তম বিসিএস]
ক) আলাওল খ) কোরেশী মাগন
গ) দৌলত কাজী ঘ) সৈয়দ সুলতান **উত্তর:** গ

৬. **'সতীময়না ও লোরচন্দ্রানী' কাব্যটির রচয়িতা-** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৯]
ক) আলাওল খ) দৌলত কাজী
গ) মাগন ঠাকুর ঘ) মরদন **উত্তর:** খ

৭. **'দেশী ভাষে কহ তাকে পাঞ্চালীর ছন্দে। সকলে শুনিয়া যেন বুঝয় সানন্দে।' এই কাব্যাংশের কবি কে?** [১৫তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ২২]
ক) দৌলত কাজী
খ) সৈয়দ আব্দুল হাকিম
গ) কোরশী মাগন ঠাকুর
ঘ) শেখ আবদুল করীম **উত্তর:** ক

৮. **'নসীরানামা' কাব্যগ্রন্থ কার রচনা?** [জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী : ২১]
ক) দৌলত কাজী খ) কবি মরদন
গ) কোরেশী মাগন ঠাকুর ঘ) আলাওল **উত্তর:** খ

৯. **'চন্দ্রাবতী' কি?** [৩৮তম বিসিএস/ মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ক) নাটক খ) কাব্য
গ) পদাবলি ঘ) পালাগান **উত্তর:** খ

১০. **আলাওল কোন রাজসভার কবি ছিলেন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক : ১৬]
ক) লক্ষ্মণ সেনের রাজসভা
খ) আরাকান রাজসভা
গ) সম্রাট আকবরের রাজসভা
ঘ) সম্রাট শাহজাহানের রাজসভা **উত্তর:** খ

১১. **কবি আলাওল কোন রাজ দরবারের কবি ছিলেন?** [বাংলাদেশ কোস্ট গার্ডের উপ-সহকারী প্রকৌশলী (পূর্ত) : ২০]
ক) ত্রিপুরা খ) দিল্লী
গ) রোসাঙ্গ ঘ) মুর্শিদাবাদ **উত্তর:** গ

১২. **মহাকবি আলাওল কোন যুগের কবি?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি এর সহকারী পরিচালক : ২২]
ক) সর্বাধুনিক যুগের খ) আধুনিক যুগের
গ) প্রাচীন যুগের ঘ) মধ্যযুগের **উত্তর:** ঘ

১৩. **কবি আলাওলের জন্মস্থান কোনটি?** [২৯তম বিসিএস]
ক) ফরিদপুরের সুরেশ্বর
খ) চট্টগ্রামের জোবরা
গ) চট্টগ্রামের পটিয়া
ঘ) বার্মার আরাকান **উত্তর:** খ

১৪. **কবি আলাওলের সময়কাল-** [রাবি (ফোকলোর) : ০৯-১০]
ক) ষোড়শ শতক খ) সপ্তদশ শতক
গ) পঞ্চদশ শতক ঘ) অষ্টাদশ শতক **উত্তর:** খ

১৫. **মধ্যযুগের সবচেয়ে উল্লেখযোগ্য মুসলমান কবি কে?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]
অথবা,
আরাকান রাজসভার কবিদের মধ্যে শ্রেষ্ঠ হলেন- [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ০৬]
ক) নাসির মাহমুদ খ) আলাওল
গ) সৈয়দ সুলতান ঘ) শাহ গরীবুল্লাহ **উত্তর:** খ

১৬. **কবি আলাওলের প্রথম রচনা-** [ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ১৩]
ক) সপ্ত পয়কর খ) সয়ফুলমুলক-বদিউজ্জামাল
গ) পদ্মাবতী ঘ) গুলে বকাওলী **উত্তর:** গ

১৭. **'তাম্বূল রাতুল হইল অধর পরশে', পঙ্ক্তিটির রচয়িতা -** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) : ১৮]
ক) শাহ মুহম্মদ সগীর খ) আলাওল
গ) কোরেশী মাগন ঠাকুর ঘ) মুহম্মদ কবির **উত্তর:** খ

১৮. **'তাম্বুল রাতুল হইল অধর পরশে।'.... অর্থ কী?** [৩৫তম বিসিএস]
ক) ঠোঁটের পরশে পান লাল হল
খ) অস্তাচলগামী সূর্যের আভায় মুখ রক্তিম দেখা গেল
গ) পানের পরশে ঠোঁট লাল হল
ঘ) অস্তাচলগামী সূর্য ও মুখ একই রকম লাল হয়ে গেল
উত্তর: ক

১৯. **'তাম্বূল' শব্দের অর্থ-** [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক : ২১]
ক) পান খ) ঠোঁট
গ) কপাল ঘ) গাল **উত্তর:** ক

২০. **'নবীন খঞ্জন দেখি বড়হি কৌতুক। উপজিত যামিনী দম্পতি মনে সুখ।' কবিতাংশটি কোন কবিতার অংশ** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ক) জীবন-বন্দনা খ) তাহারেই পড়ে মনে
গ) ঋতুবর্ণন ঘ) সুখ **উত্তর:** গ.

২১. **'পুষ্প শয্যা ভেদ ভুলি বিচিত্র বসন' এর পরের লাইন-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৬-১৭]
ক) কাফুর কস্তুরী চুয়া যাবক সৌরভ
খ) দম্পতির চিত্তেত চেতন অনুভব
গ) অতি দীর্ঘ সুখ নিশি পলকে পোহাএ
ঘ) উরে উরে এক হৈলে শীত নিবারণ **উত্তর:** ঘ


২২. **আলাওলের 'পদ্মাবতী' পুঁথি সম্পাদনা করেছেন-** [যুব উন্নয়ন অধিদপ্তরে সহকারী পরিচালক : ৯৯]
ক) ড. আহমদ শরীফ খ) আবদুল করিম সাহিত্যবিশারদ
গ) ড. মুহম্মদ এনামুল হক ঘ) ড. সুকুমার সেন **উত্তর:** খ

২৩. **নিচের কোন জন মধ্যযুগের কবি নন?** [রূপালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১৩]
ক) কায়কোবাদ খ) আলাওল
গ) মাগন ঠাকুর ঘ) জ্ঞানদাস **উত্তর:** ক

অবক্ষয় যুগ (১৭৬০ - ১৮৬০)

মধ্যযুগের পরিধি ১২০১ থেকে ১৮০০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বিস্তৃত বলে বিবেচনা করা হলেও প্রকৃতপক্ষে ১৭৬০ খ্রিষ্টাব্দে এই যুগের সর্বশেষ কবি ভারতচন্দ্র রায়গুণাকরের তিরোধানের সঙ্গে সঙ্গে বাংলা কাব্যের ইতিহাসে মধ্যযুগের অবসান ঘটে। ভারতচন্দ্রের মৃত্যু (১৭৬০) এর পর থেকে ১৮৬০ সালে আধুনিকতার যথার্থ বিকাশের পূর্ব পর্যন্ত এই 'একশ' বছর বাংলা কাব্যের ক্ষেত্রে উৎকর্ষপূর্ণ কোনো নিদর্শন বিদ্যমান নেই। সৈয়দ আলী আহসান ১৭৬০-১৮৬০ খ্রি. সময়কে 'প্রায় শূন্যতার যুগ' বলে উল্লেখ করেছেন। মধ্যযুগের শেষ আর আধুনিক যুগের শুরুর এই সময়টুকুকে 'অবক্ষয় যুগ' বলা হয়েছে। কারও কারও মতে, এই সময়টা 'যুগ সন্ধিক্ষণ' নামে আখ্যায়িত হওয়া উচিত। এ সময়ের একমাত্র প্রতিনিধি হচ্ছেন কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত।

ঈশ্বরচন্দ্র গুপ্ত (১৮১২-১৮৫৯)


ঈশ্বরচন্দ্র গুপ্ত

ঈশ্বরচন্দ্র গুপ্তের জন্ম চব্বিশ পরগনা জেলার কাঁচড়াপাড়া গ্রামে। তাঁর হাত ধরেই বাংলা কবিতা মধ্যযুগের গণ্ডি পেরিয়ে আধুনিকতার রূপ পেয়েছে। বিচিত্র অলংকারের ব্যবহার এবং ব্যঙ্গ-কৌতুক তাঁর কবিতার অন্যতম প্রধান বৈশিষ্ট্য। মৃত্যুর পর বিশিষ্ট ব্যক্তিদের সম্পাদনায় তাঁর কাব্যগ্রন্থ প্রকাশিত হয়। এদের মধ্যে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত 'কাব্যসংগ্রহ' বিশেষভাবে উল্লেখযোগ্য। ঈশ্বরচন্দ্র গুপ্তের বিখ্যাত কবিতা-

- স্বদেশ: *মিছা মণি মুক্তা হেম, স্বদেশের প্রিয় প্রেম,*
  তার চেয়ে রত্ন নাই আর। ...
  কতরূপ স্নেহ করি, দেশের কুকুর ধরি,
  বিদেশের ঠাকুর ফেলিয়া ॥
- তপসে মাছ: *নগরের লোক সব এই কয় মাস।*
  তোমার কৃপায় করে মহাসুখে বাস ॥ ...
- শাস্ত্র পাঠ : *লও তুমি যত পার শাস্ত্রের সন্ধান। ..*

'অবক্ষয় যুগ' তথা যুগসন্ধিক্ষণের ফসল হিসাবে হিন্দুদের মধ্যে কবিগান ও মুসলমানদের মধ্যে পুঁথি সাহিত্যের উদ্ভব ঘটে। হিন্দু সমাজে কবিগানের রচয়িতাদের কবিওয়ালা এবং মুসলমান সমাজে মিশ্র ভাষারীতির পুঁথি রচয়িতাদের 'শায়ের' বলা হতো। কবিওয়ালা এবং শায়েরের উদ্ভব ঘটে আঠারো শতকের শেষার্ধে ও উনিশ শতকের প্রথমার্ধে।

অবক্ষয় যুগে বাংলা সাহিত্য
- কবিগান
- পুঁথিসাহিত্য

কবিগান

কবিগান দুই পক্ষের বিতর্কের মাধ্যমে অনুষ্ঠিত হতো। দুই দলের মধ্যে প্রতিযোগিতাই এর বৈশিষ্ট্য। কবিওয়ালারা ছিলেন নিম্নবর্ণের হিন্দু। এরা মূলত গায়ক - অর্থের বিনিময়ে জনমনোরঞ্জন করতেন। কবিগানের আদি গুরু গোঁজলা গুঁই। কবিওয়ালাদের মধ্যে অন্যতম ছিলেন ভবানী বেনে, ভোলা ময়রা, হরু ঠাকুর, কেষ্টা মুচি, এন্টনি ফিরিঙ্গি, রামবসু, রাসু-নৃসিংহ, নিতাই বৈরাগী, শ্রীধর কথক, নীলমণি পাটনী, বলরাম বৈষ্ণব, রামসুন্দর স্যাকরা প্রমুখ।

পুঁথিসাহিত্য

অষ্টাদশ শতকের দ্বিতীয়ার্ধে রচিত 'আরবি-ফারসি' শব্দ মিশ্রিত ইসলামি চেতনাসম্পৃক্ত সাহিত্যকে পুঁথিসাহিত্য বলা হয়। কেউ কেউ এই শ্রেণির কাব্যকে 'আরবি-ফারসি' শব্দের প্রাচুর্যপূর্ণ ব্যবহারের জন্য 'দোভাষী পুঁথি' নামে অভিহিত করেছেন। কিন্তু এতে মাত্র দুটি ভাষার শব্দ নয় বরং কয়েকটি ভাষার শব্দ (বাংলা-হিন্দি-আরবি-ফারসি-তুর্কি) ব্যবহার করা হয়েছে। কলকাতার সস্তা ছাপাখানা থেকে মুদ্রিত হয়ে এই ধারার কাব্য দেশময় প্রচারিত হয়েছিল বলে 'বটতলার পুঁথি' নামেও একে চিহ্নিত করার প্রচেষ্টা চলেছে। পুঁথিসাহিত্য ধারার উল্লেখযোগ্য কবি নিম্নরূপ -

- ফকির গরীবুল্লাহ : পুঁথিসাহিত্যের প্রথম সার্থক ও জনপ্রিয় কবি। মিশ্র ভাষারীতিতে তাঁর রচিত কাব্য হচ্ছে : 'আমীর হামজা' (প্রথম অংশ), 'জঙ্গনামা', 'ইউসুফ জোলেখা', 'সোনাভান', 'সত্যপীরের পুঁথি'।
- কবি কৃষ্ণরাম দাস : বিখ্যাত কাব্য 'রায়মঙ্গল'।
- সৈয়দ হামজা : মিশ্র ভাষারীতিতে তাঁর রচিত কাব্যগুলো হচ্ছে 'আমীর হামজা' (২য় অংশ), 'জৈগুনের পুঁথি', 'হাতেম তাই'। তাঁর 'মধুমালতী' কাব্যটি পুঁথি সাহিত্যের ধারার অনুসারী নয়, কবি সম্ভবত ফারসি কাব্য থেকে বঙ্গানুবাদ করে এ কাব্যের রূপ দেন।
- এছাড়া আলাওল, মালে মুহম্মদ, মুহম্মদ খাতের, আবদুর রহিম নামও বিশেষভাবে উল্লেখযোগ্য।

পুঁথিসাহিত্য ও কবিগানের সমসাময়িক বিভিন্ন কবিতা ও গানের পরিচয় মেলে তাদের মধ্যে উল্লেখযোগ্য-

টপ্পাগান : টপ্পা এক ধরনের গান। কবিগানের সমসাময়িককালে কলকাতা ও শহরতলীতে টপ্পাগান নামে রাগ-রাগিনী সংযুক্ত এক ধরনের ওস্তাদি গানের প্রচলন ঘটেছিল। হিন্দি টপ্পাগান এর আদর্শ। বাংলা টপ্পাগানের জনক ছিলেন নিধু বাবু বা রামনিধি গুপ্ত। নিধু বাবুর একটি গান ভাষা বন্দনায় চমৎকার নিদর্শন-

নানান দেশের নানান ভাষা
বিনে স্বদেশীয় ভাষা
পুরে কি আশা? [স্বদেশী ভাষা]

পাঁচালি গান : উনবিংশ শতাব্দীর প্রথমদিকে পাঁচালি গান এদেশে জনপ্রিয় হয়েছিল। পাঁচালি রচয়িতাদের মধ্যে শক্তিশালী কবি ছিলেন দাশরথি রায় (দাশুরায় নামেও খ্যাত)।

শাক্ত পদাবলি বা শ্যামাসঙ্গীত : শাক্ত পদাবলি হিন্দু দেবী শ্যামা বা শক্তির উদ্দেশে রচিত এক প্রকার ভক্তিগীতি। এর অপর নাম শাক্তগীতি। খ্রিষ্টীয় দ্বাদশ-ত্রয়োদশ শতকে বাংলায় বৈষ্ণবধর্মের পাশাপাশি শাক্তধর্মের উদ্ভব ঘটে এবং তাকে কেন্দ্র করেই শাক্তগীতি চর্চার একটি ক্ষীণ ধারা প্রচলিত হয়। আঠারো শতকের মধ্যভাগে সাধক কবি রামপ্রসাদ সেন (আনুমানিক ১৭২০-১৭৮১) এতে প্রাণ সঞ্চার করে বাংলা গানের জগতে 'শাক্ত পদাবলি' বা 'শ্যামাসঙ্গীত' নামে একটি বিশেষ সঙ্গীতধারা প্রতিষ্ঠিত করেন।

MCQ Solution

১. **মধ্যযুগের শেষ কবি ভারতচন্দ্র রায়গুণাকর কত সালে মৃত্যুবরণ করেন?** [৩৬তম বিসিএস]
ক ১৭৫৬ খ ১৭৫২
গ ১৭৬০ ঘ ১৭৬২ **উত্তর:** গ

২. **মঙ্গলযুগের (মধ্যযুগের) সর্বশেষ কবির নাম কি?** [২৮তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক ঈশ্বরচন্দ্র গুপ্ত
খ ভারতচন্দ্র রায়গুণাকর
গ রামরাম বসু
ঘ শাহ মুহম্মদ সগীর **উত্তর:** খ

৩. **'লও তুমি যত পার, শাস্ত্রের সন্ধান' কার লেখা?** [যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার : ১৮]
ক কৃষ্ণচন্দ্র মজুমদার খ ঈশ্বরচন্দ্র গুপ্ত
গ কামিনী রায় ঘ যতীন্দ্রমোহন বাগচী **উত্তর:** খ

৪. **'মিছা মণি মুক্তা হেম, স্বদেশের প্রিয় প্রেম, তার চেয়ে রত্ন নাই আর'।-এই কবিতাংশের ভাব নিচের কোন কবিতায় প্রকট হয়ে ধরা দিয়েছে?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২১]
ক জীবন-সঙ্গীত খ আমার পরিচয়
গ তাহারেই পড়ে মনে ঘ কপোতাক্ষ **উত্তর:** ঘ
ব্যাখ্যা: উদ্ধৃতাংশটি ঈশ্বরচন্দ্র গুপ্তের 'স্বদেশ' কবিতার অন্তর্গত। 'স্বদেশ' কবিতা দেশপ্রেমের প্রভাব লক্ষ্য করা যায়। মাইকেল মধুসূদন দত্তের 'কপোতাক্ষ নদ' করিতায়ও প্রবল দেশপ্রেম ফুটে ওঠে।

৫. **'কতরূপ স্নেহ করি, দেশের কুকুর ধরি/ বিদেশের ঠাকুর ফেলিয়া।' চরণটি কোন কবির?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক ঈশ্বরগুপ্ত
খ কাজী নজরুল ইসলাম
গ রবীন্দ্রনাথ ঠাকুর
ঘ বিহারীলাল চক্রবর্তী **উত্তর:** ক

৬. **সৈয়দ আলী আহসান কোন সময়কে 'প্রায় শূন্যতার যুগ' বলে উল্লেখ করেছেন?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ক ১৭০০-১৮০০ খ্রি. খ ১৭৩০-১৮২০ খ্রি.
গ ১৭৬০-১৮৬০ খ্রি. ঘ ১৭৭০-১৮৭০ খ্রি. **উত্তর:** গ

৭. **কবিওয়ালা ও শায়েরের উদ্ভব ঘটে কখন?** [৩৩তম বিসিএস]
ক আঠারো শতকের শেষার্ধে ও উনিশ শতকের প্রথমার্ধে
খ ষোড়শ শতকের শেষার্ধে ও সপ্তদশ শতকের প্রথমার্ধে
গ সপ্তদশ শতকের শেষার্ধে ও আঠারো শতকের প্রথমার্ধে
ঘ উনিশ শতকের শেষার্ধে ও বিংশ শতকের প্রথমার্ধে
উত্তর: ক

৮. **কবিগানের রচয়িতারা ছিল-** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন মেডিকেল অফিসার : ০৩]
ক নিম্নবর্ণের হিন্দু
খ উচ্চবর্ণের হিন্দু
গ বৌদ্ধ
ঘ ভারতে বসবাসকারী তৎকালীন ইংরেজরা **উত্তর:** ক

৯. **কবি গান রচয়িতা এবং গায়ক হিসেবে এরা উভয়েই পরিচিত-** [১২তম বিসিএস]
ক রামবসু এবং ভোলা ময়রা
খ এন্টনি ফিরিঙ্গি এবং রামপ্রসাদ রায়
গ সাবিরিদ খান এবং দশরথি রায়
ঘ আলাওল ও ভারতচন্দ্র **উত্তর:** ক

১০. **কবি গানের প্রথম কবি কে?** [৩৩তম বিসিএস]
ক গোঁজলা পুট (গুঁই) খ হরু ঠাকুর
গ ভবানী ঘোষ ঘ নিতাই বৈরাগী **উত্তর:** ক

১১. **এন্টনি ফিরিঙ্গি কী জাতীয় সাহিত্যের রচয়িতা?** [৩৬তম বিসিএস/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ক কবিগান খ পুঁথিসাহিত্য
গ নাথসাহিত্য ঘ বৈষ্ণব পদ সাহিত্য **উত্তর:** ক

১২. **পুঁথি সাহিত্য বলতে বুঝি-** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৯]
ক প্রেম বিষয়ক
খ হিন্দু মুসলমান সম্পর্ক বিষয়ক
গ ইসলামি চেতনা সম্পৃক্ত
ঘ নবী রাসুল বিষয়ক **উত্তর:** গ

১৩. **পুঁথি সাহিত্যের ভাষা কিরূপ?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
ক বাংলা খ ফারসি
গ হিন্দি ঘ মিশ্র **উত্তর:** ঘ

১৪. **'দোভাষী পুঁথি' বলতে কী বুঝায়?** [২২তম বিসিএস]
ক দুই ভাষায় রচিত পুঁথি
খ কয়েকটি ভাষার শব্দ ব্যবহার করে মিশ্রিত ভাষায় রচিত পুঁথি
গ তৈরি করা কৃত্রিম ভাষার রচিত পুঁথি
ঘ আঞ্চলিক ভাষায় রচিত পুঁথি **উত্তর:** খ

১৫. বটতলার পুঁথি বলতে কী বুঝায়- [১২তম বিসিএস]
ক) মধ্যযুগীয় কাব্যের হস্তলিপিতে পাণ্ডুলিপি
খ) অবিমিশ্র দেশজ বাংলায় রচিত লোকসাহিত্য
গ) দোভাষী বাংলায় রচিত পুঁথি সাহিত্য
ঘ) বটতলা নামক স্থানে রচিত কাব্য **উত্তর:** গ

১৬. পুঁথি সাহিত্যের প্রথম সার্থক ও জনপ্রিয় কবি- [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]
ক) সৈয়দ সুলতান খ) ফকির গরীবুল্লাহ
গ) হায়াত মাহমুদ ঘ) শেখ ফয়জুল্লাহ **উত্তর:** খ

১৭. পুঁথি সাহিত্যের প্রাচীনতম লেখক - [১১তম বিসিএস]
ক) ভারতচন্দ্র রায় খ) দৌলত কাজী
গ) সৈয়দ হামজা ঘ) আবদুল হাকিম **উত্তর:** গ
ব্যাখ্যা: যদিও সৈয়দ হামজা পুঁথি সাহিত্যের প্রাচীনতম লেখক নন, কিন্তু উত্তরে উল্লিখিত চারজনের মধ্যে তিনিই একমাত্র পুঁথি সাহিত্যের লেখক।

১৮. 'সোনাভান' কাব্যগ্রন্থটির রচয়িতা কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ইছামতি) : ১০]
ক) সৈয়দ হামজা
খ) আলাওল
গ) ফকির গরীবুল্লাহ
ঘ) মীর মোহাম্মদ শফী **উত্তর:** গ

১৯. 'আমীর হামজা' কাব্য রচনা করেন কে? [১৪তম বিসিএস]
ক) আলাওল খ) ফকির গরীবুল্লাহ
গ) সৈয়দ হামজা ঘ) রেজাউদ্দৌলা **উত্তর:** খ
ব্যাখ্যা: 'আমীর হামজা' কাব্যের প্রকৃত রচয়িতা ফকির গরীবুল্লাহ। তবে তিনি কাজটি সমাপ্ত করতে পারেননি। তাঁর অসমাপ্ত কাজটি শেষ করেন সৈয়দ হামজা।

২০. পুঁথি সাহিত্যের লেখক- [বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষের অফিস সহকারী : ২১]
ক) সৈয়দ হামজা খ) আবদুল হাকিম
গ) ভারতচন্দ্র রায় ঘ) দৌলত কাজী **উত্তর:** ক

২১. উল্লিখিত কোন রচনাটি পুঁথি সাহিত্যের অন্তর্গত নয়? [৪০তম বিসিএস/ এনআরবিসি ব্যাংক লি. সহকারী ট্রেইনি অফিসার : ২১]
ক) ইউসুফ-জুলেখা খ) মৈমনসিংহ গীতিকা
গ) পদ্মাবতী ঘ) লায়লী-মজনু **উত্তর:** খ

২২. 'টপ্পা' কী? [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়) : ১৮]
ক) এক ধরনের গান
খ) এক ধরনের বাদ্যযন্ত্র
গ) নাচের মুদ্রা
ঘ) বিশেষ ধরনের খেলা **উত্তর:** ক

২৩. বাংলা টপ্পাগানের জনক কে? [চবি (খ১ ইউনিট) : ২০-২১]
ক) রামপ্রসাদ সেন খ) রামনিধি গুপ্ত
গ) রজনীকান্ত সেন ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** খ

২৪. "নানান দেশের নানান ভাষা বিনে স্বদেশি ভাষা, পুরে কি আশা?" - পঙ্‌ক্তিটির রচয়িতা কে? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী হিসাব রক্ষক : ২১]
ক) আবদুল হাকিম
খ) অতুলপ্রসাদ সেন
গ) রামনিধি গুপ্ত
ঘ) শেখ ফজলল করিম **উত্তর:** গ

২৫. পাঁচালিকার হিসেবে সর্বাধিক খ্যাতি কার ছিল? [৪১তম বিসিএস]
ক) দাশরথি রায়
খ) রামনিধি গুপ্ত
গ) ফকির গরীবুল্লাহ
ঘ) রামরাম বসু **উত্তর:** ক

২৬. শাক্ত পদাবলির জন্য বিখ্যাত- [৩৭তম বিসিএস/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকতা : ২২]
ক) রামনিধি গুপ্ত খ) দাশরথি রায়
গ) এন্টনি ফিরিঙ্গি ঘ) রামপ্রসাদ সেন **উত্তর:** ঘ

আধুনিক যুগ

বাংলা গদ্যের উৎপত্তি ও বিকাশ

বাংলা সাহিত্যের আধুনিক যুগের পূর্বে সাহিত্যগুণসমৃদ্ধ কোন গদ্যরচনার অস্তিত্বের প্রমাণ পাওয়া যায় না। দৈনন্দিন জীবনে বাঙালির কথাবার্তায় চিরদিন গদ্যরীতি ব্যবহৃত হলেও ঊনবিংশ শতাব্দীর পূর্ব পর্যন্ত সাহিত্যে তার অনুপ্রবেশ ঘটে নি এবং এর লিখিত রূপ চিঠিপত্র, দলিলদস্তাবেজ, বৈষ্ণব কড়চা ও বিদেশি খ্রিষ্টানকর্তৃক লিখিত ধর্মবিষয়ক গ্রন্থের সংকীর্ণ সীমানায় আবদ্ধ ছিল। ১৫৫৫ খ্রিষ্টাব্দে আসামের রাজাকে লেখা কোচবিহারের রাজার একটি পত্রকে বাংলা গদ্যের প্রাপ্ত প্রাচীনতম নিদর্শন বলে মনে করা হয়। সপ্তদশ শতাব্দীর শেষভাগে ঢাকার ভূষণার জমিদারপুত্র দোম আন্তোনিও নামক একজন দেশীয় পাদ্রি রচিত 'ব্রাহ্মণ-রোমান-ক্যাথলিক-সংবাদ' গ্রন্থটি বাংলা গদ্যের প্রাথমিক প্রচেষ্টার নিদর্শন হিসাবে ধরা হয়। গ্রন্থটির পর্তুগালের রাজধানী লিসবন নগরে ১৭৪৩ খ্রিষ্টাব্দে রোমান অক্ষরে মুদ্রিত হয়। এটি বাঙালির লেখা প্রথম মুদ্রিত গ্রন্থ।

রোমান ক্যাথলিক পর্তুগিজ পাদ্রি মানোএল দা আসসুম্পসাঁও কর্তৃক রচিত এবং ১৭৪৩ খ্রিষ্টাব্দে লিসবনে রোমান হরফে মুদ্রিত 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' বাংলা গদ্যের প্রাথমিক প্রচেষ্টার নিদর্শন হিসেবে উল্লেখযোগ্য। গ্রন্থকার ঢাকার ভাওয়াল অঞ্চলে পাদ্রি হিসেবে ধর্মপ্রচারে রত ছিলেন এবং সে অঞ্চলে থাকাকালীন গ্রন্থটি রচিত বলে তাতে স্থানীয় উপভাষার প্রভাব আছে। 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' বাংলা কথ্য ভাষার আদি গ্রন্থ। বাংলা গদ্যের ধারাবাহিক চর্চার পূর্বে কয়েকজন ইংরেজ পণ্ডিতব্যক্তি বাংলা গদ্যের বিকাশে বিশেষভাবে সাহায্য করেছিলেন।

MCQ Solution

১. **বাংলা সাহিত্যে কখন গদ্যের সূচনা হয়?** [২৮তম বিসিএস]
(ক) নবম শতকে (খ) ত্রয়োদশ শতকে
(গ) ষোড়শ শতকে (ঘ) উনিশ শতকে **উত্তর:** ঘ

২. **গদ্য সাহিত্য কোন যুগের সৃষ্টি?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর : ১৯]
(ক) প্রাচীন যুগ (খ) মধ্যযুগ
(গ) আধুনিক যুগ (ঘ) অন্ধকার যুগ **উত্তর:** গ


৩. **বাংলা-গদ্যের আদি নিদের্শন কোনটি?** [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৮]
(ক) চর্যাপদ
(খ) কোচবিহার রাজের লেখা চিঠি
(গ) শেখ শুভোদয়া
(ঘ) নরোত্তম দাসের দেহকড়চা **উত্তর:** খ

৪. **বাঙালির লেখা প্রথম মুদ্রিত গ্রন্থ 'ব্রাহ্মণ-রোমান-ক্যাথলিক সংবাদ'-এর রচয়িতা কে?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে সহকারী শ্রম অফিসার : ০৩]
(ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার (খ) হেনরি লুই ভিভিয়ান ডিরোজি
(গ) দোম আন্তোনিও (ঘ) হেনরি পিটস্ ফরস্টার **উত্তর:** গ

৫. **বাংলা কথ্য ভাষার আদি গ্রন্থ কোনটি?** [২৯তম বিসিএস]
(ক) প্রভু যিশুর বাণী (খ) ফুলমণি ও করুণার বিবরণ
(গ) কৃপার শাস্ত্রের অর্থভেদ (ঘ) মিশনারি জীবন **উত্তর:** গ

ফোর্ট উইলিয়ম কলেজ

বাংলাদেশে কর্মরত ইস্ট ইন্ডিয়া কোম্পানির ইংরেজ কর্মচারীদের দেশীয় ভাষায় শিক্ষাদানের জন্য তৎকালীন ইংরেজ শাসিত ভারতের গভর্নর জেনারেল লর্ড ওয়েলেসলি কর্তৃক ১৮০০ খ্রিষ্টাব্দে ৪ মে কলকাতায় ফোর্ট উইলিয়ম কলেজ প্রতিষ্ঠিত হয়। বাংলা গদ্য সাহিত্য বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য। এই কলেজে ১৮০১ খ্রিষ্টাব্দে বাংলা বিভাগ খোলা হলে প্রথম অধ্যক্ষ এবং বাংলা বিভাগের প্রধান হিসেবে যোগদান করেন বাংলায় অভিজ্ঞ উইলিয়াম কেরী। তিনি ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের প্রতিষ্ঠাতা প্রধান ছিলেন। কলেজের অন্যান্য পণ্ডিতদের মধ্যে অন্যতম ছিলেন রামরাম বসু, মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার, গোলকনাথ শর্মা, রাজীবলোচন মুখোপাধ্যায়, হরপ্রসাদ রায়, চণ্ডীচরণ মুনশী, তারিণীচরণ মিত্র। ফোর্ট উইলিয়ম যুগে সবচেয়ে বেশি গ্রন্থ রচনা করেন মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার।



উইলিয়াম কেরী (১৭৬১-১৮৩৪) ছিলেন একজন ইংরেজ মিশনারি। বাংলা গদ্যের বিকাশে এই বিদেশির অবদান সর্বাধিক। তিনি ইংল্যান্ডে জন্মগ্রহণ করেন। খ্রিষ্টধর্ম প্রচারের জন্য কেরী সর্বপ্রথম বাইবেলের বঙ্গানুবাদ করেন। ১৮১০ সালে দরিদ্র খ্রিষ্টান সন্তানদের জন্য কলকাতায় তিনি বোর্ডিং স্কুল প্রতিষ্ঠা করেন। উইলিয়াম কেরীর মৌলিক গ্রন্থ

- কথোপকথন : বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গ্রন্থ। বাংলা ভাষার কথ্যরীতির প্রথম নিদর্শন এই গ্রন্থে বিধৃত।
- ইতিহাসমালা : বাংলা ভাষার প্রথম গল্পসংগ্রহ।

রামরাম বসু (১৭৫৭-১৮১৩) উইলিয়াম কেরীকে বাংলা ভাষা শেখান। এজন্য তিনি 'কেরী সাহেবের মুনশি' হিসাবে পরিচিতি পান। রামরাম বসুর প্রবন্ধগ্রন্থ নিম্নরূপ-

- রাজা প্রতাপাদিত্য চরিত্র : ১৮০১ সালে গ্রন্থটি বাংলা ভাষায় মুদ্রিত হয়। এটি বাঙালী লেখা বঙ্গাক্ষরে মুদ্রিত প্রথম মৌলিক গ্রন্থ। বাংলা গদ্যে প্রথম জীবনচরিত।
- লিপিমালা : প্রথম বাংলা পত্রসাহিত্য।

ফোর্ট উইলিয়ম কলেজের পণ্ডিত	গ্রন্থ
মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার	প্রবোধচন্দ্রিকা, বেদান্তচন্দ্রিকা, রাজাবলী, বত্রিশ সিংহাসন
রাজীবলোচন মুখোপাধ্যায়	মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রং
তারিণীচরণ মিত্র	ওরিয়েন্টাল ফেবুলিস্ট
চণ্ডীচরণ মুনশী	তোতা ইতিহাস
হরপ্রসাদ রায়	পুরুষ পরীক্ষা
গোলকনাথ শর্মা	হিতোপদেশ

MCQ Solution

১. **বাংলা গদ্যরূপ কখন বিকাশ লাভ করে?** [খুলনা বিশ্ববিদ্যালয় (A&HS ইউনিট) : ১১-১২]
ক) প্রাচীন যুগ খ) ইংরেজ আগমনের পরে
গ) মধ্যযুগ ঘ) স্বাধীনতার যুদ্ধের পরে **উত্তর: খ**

২. **বাংলা গদ্য সাহিত্য বিকাশে কোন প্রতিষ্ঠানটির বিশেষ অবদান রয়েছে?** [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস : ২২]
ক) মুহসীন কলেজ খ) ফোর্ট উইলিয়ম কলেজ
গ) শ্রীরামপুর মিশন ঘ) সংস্কৃত কলেজ **উত্তর: খ**

৩. **ফোর্ট উইলিয়ম কলেজ কত সালের কোন তারিখে স্থাপিত হয়?** [শিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) : ২২]
ক) ১৮১৬, ১০ মার্চ খ) ১৮০১, ৫ মার্চ
গ) ১৮০০, ৪ মে ঘ) ১৮২১, ৪ জুন **উত্তর: গ**

৪. **ফোর্ট উইলিয়ম কলেজের প্রতিষ্ঠাতা কে?** [জাতীয় সংসদ সচিবালয়ে প্রসাশনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার : ০৬]
ক) লর্ড ওয়েলেসলি খ) লর্ড কর্নওয়ালিস
গ) উইলিয়াম কেরী ঘ) ক্লার্ক মার্শম্যান **উত্তর: ক**

৫. **ফোর্ট উইলিয়ম কলেজের প্রথম অধ্যক্ষ কে ছিলেন?** [৩৪তম বিসিএস]
ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ) রামরাম বসু
গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ) উইলিয়াম কেরী **উত্তর: ঘ**

৬. **ফোর্ট উইলিয়ম কলেজে বাংলা বিভাগ খোলা হয়?** [২৬তম বিসিএস/ স্বাস্থ্য মন্ত্রণালয়ের ফার্মেসিক্যাল : ২২]
ক) ১৮০০ সালে খ) ১৮০১ সালে
গ) ১৮০২ সালে ঘ) ১৮০৪ সালে **উত্তর: খ**

৭. **ফোর্ট উইলিয়ম কলেজের বাংলা বিভাগের প্রথম প্রধান ছিলেন-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৫]
ক) মি. উইলিয়াম খ) উইলিয়াম কেরী
গ) রামরাম বসু ঘ) জোশুয়া মার্শম্যান **উত্তর: খ**

৮. **যে ইংরেজ ব্যক্তির কাছে বাংলাভাষা চির ঋণী হয়ে আছে তার নাম-** [গণমাধ্যম ইন: সহকারী পরিচালক : ০৩]
ক) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক খ) উইলিয়াম কেরী
গ) লর্ড ক্লাইভ ঘ) লর্ড ডালহাউসি **উত্তর: খ**

৯. **বাংলা গদ্যের বিকাশে কোন বিদেশির অবদান সর্বাধিক?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল অ্যাডজুটেন্ট : ১০]
ক) উইলিয়াম কেরী খ) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক
গ) লর্ড ক্লাইভ ঘ) লর্ড ডালহৌসি **উত্তর: ক**

১০. **বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গ্রন্থের নাম নির্দেশ করুন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী অফিসার : ০৫]
ক) প্রবোধ চন্দ্রিকা খ) রাজা প্রতাপাদিত্য চরিত্র
গ) লিপিমালা ঘ) কথোপকথন **উত্তর: ঘ**

১১. **'কথোপকথন' গ্রন্থটি কার রচনা?** [ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ১৩]
ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ) উইলিয়াম কেরী
গ) রাজা রামমোহন রায় ঘ) পঞ্চানন কর্মকার **উত্তর: খ**

১২. **'ইতিহাসমালা'র লেখক কে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা : ১৬]
ক) উইলিয়াম কেরী খ) বিদ্যাসাগর
গ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ঘ) রামরাম বসু **উত্তর: ক**

১৩. **১৮১০ সালে দরিদ্র খ্রিষ্টান সন্তানদের জন্য কলকাতায় কে বোর্ডিং স্কুল প্রতিষ্ঠা করেন?** [উপজেলা শিক্ষা অফিসার : ৯৯]
ক) উইলিয়াম কেরী খ) মার্শম্যান
গ) ওয়ার্ড ঘ) লর্ড ম্যাকলে **উত্তর: ক**

১৪. **কে ফোর্ট উইলিয়ম কলেজের শিক্ষক ছিলেন?** [৩৮তম বিসিএস/ রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ক) হরপ্রসাদ শাস্ত্রী খ) রামরাম বসু
গ) দেবেন্দ্রনাথ ঠাকুর ঘ) অক্ষয়কুমার দত্ত **উত্তর: খ**

১৫. **কোন দুইজন ফোর্ট উইলিয়ম কলেজের বাংলা গ্রন্থ প্রণয়নকারী পণ্ডিত?** [উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা : ০৭]
ক) উইলিয়াম কেরী ও ঈশ্বরচন্দ্র গুপ্ত
খ) উইলিয়াম কেরী ও রামমোহন রায়
গ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ও রামরাম বসু
ঘ) রামরাম বসু ও গঙ্গাকিশোর ভট্টাচার্য **উত্তর: গ**

১৬. **বাঙালির লেখা বঙ্গাক্ষরে মুদ্রিত প্রথম মৌলিক গ্রন্থ কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]
ক) লিপিমালা খ) মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রং
গ) ইতিহাসমালা ঘ) রাজা প্রতাপাদিত্য চরিত্র **উত্তর: ঘ**

১৭. **'রাজা প্রতাপাদিত্য চরিত্র' গ্রন্থটির প্রণেতা-** [৩৬তম বিসিএস]
ক) উইলিয়াম কেরী খ) গোলকনাথ শর্মা
গ) রামরাম বসু ঘ) হরপ্রসাদ রায় **উত্তর: গ**

১৮. **'লিপিমালা' রচনা করেছেন?** [সোনালী ব্যাংক লি. অফিসার (মুক্তিযোদ্ধা) : ১৯]
ক) কাশীরাম দাস খ) দ্বিজরাম দেব
গ) রামরাম বসু ঘ) মুকুন্দরাম সেন **উত্তর: গ**

১৯. **কেরী সাহেবের মুনশি বলা হয়-** [বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]
ক) রামরাম বসুকে খ) চণ্ডীচরণ মুনশীকে
গ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারকে ঘ) গোলকনাথ শর্মাকে **উত্তর: ক**

২০. **'ফোর্ট উইলিয়ম যুগে' সবচেয়ে বেশি গ্রন্থ রচনা করেছেন-** [সমাজসেবা অধিদপ্তরের সমাজ সেবা অফিসার : ১০]
ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ) রামকিশোর তর্কচূড়ামণি
গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ) রামনারায়ণ তর্করত্ন **উত্তর:** ক

২১. **'বত্রিশ সিংহাসন' কার রচনা?** [২৬তম বিসিএস]
ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ) রাজীবলোচন মুখোপাধ্যায়
গ) বিদ্যাসাগর ঘ) রামরাম বসু **উত্তর:** ক

২২. **কোনটি সঠিক?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]
ক) গোলকনাথ শর্মা-হিতোপদেশ
খ) রাজীবলোচন মুখোপাধ্যায়-তোতা ইতিহাস
গ) রামরাম বসু-প্রবোধ চন্দ্রিকা
ঘ) উইলিয়াম কেরী-পুরুষ পরীক্ষা **উত্তর:** ক

২৩. **ফোর্ট উইলিয়ম কলেজের বাংলা বিভাগের শিক্ষক নয়-** [আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]
ক) উইলিয়াম কেরী খ) বিদ্যাসাগর
গ) রামমোহন রায় ঘ) রামরাম বসু **উত্তর:** গ

হিন্দু কলেজ ও ইয়ংবেঙ্গল


হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও

বাংলা সাহিত্যের বিকাশে কলকাতার 'হিন্দু কলেজ' বিশেষভাবে উল্লেখযোগ্য। এই কলেজের মাধ্যমে কলকাতার মধ্যবিত্ত সমাজের সন্তানেরা আধুনিক শিক্ষা গ্রহণের যথার্থ সুযোগ লাভ করে। হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও ছিলেন হিন্দু কলেজের একজন শিক্ষক এবং 'ইয়ংবেঙ্গল' আন্দোলনের প্রবক্তা। ডিরোজিও শিক্ষা ছিল 'আস্তিকতা হোক, নাস্তিকতা হোক, কোন জিনিসকে পূর্ব থেকে গ্রহণ না করা; জিজ্ঞাসা ও বিচার'। ইংরেজি ভাবধারাপুষ্ট মুক্তচিন্তায় বিশ্বাসী ডিরোজিওর বাঙালি শিষ্যরাই 'ইয়ং বেঙ্গল' নামে পরিচিত। ১৮৩১ সালে ইয়ং বেঙ্গলের প্রকাশ্য আত্মঘোষণা করা হয়। ডিরোজিওর আদর্শে অনুপ্রাণিত ইয়ংবেঙ্গল ছাত্রগোষ্ঠী সর্বগ্রাসী ক্ষুধায় ইউরোপীয় ভাবচিন্তাকে আত্মস্থ করেছিলেন। ছাত্র হিসাবে সকলেই ছিলেন প্রতিভাবান, ইংরেজি শিক্ষার প্রতি প্রবল আগ্রহী এবং ধর্মীয় গোঁড়ামির ব্যাপারে অত্যন্ত সমালোচনামুখর। বিবিধ সংবাদপত্র পরিচালনায়, পুস্তিকা রচনায়, শিক্ষা বিস্তারে, বিতর্কে, আলোচনায়, রাজনৈতিক ও সামাজিক সংস্কার আন্দোলনে কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়, মাইকেল মধুসূদন দত্ত, তারাচাঁদ চক্রবর্তী, দক্ষিণানন্দ মুখোপাধ্যায়, রামগোপাল ঘোষ, রসিককৃষ্ণ মল্লিক, প্যারীচাঁদ মিত্র, রাধানাথ শিকদার প্রমুখ শিষ্যরা যুক্তি ও মানবাধিকারের দীপ্ত বাণী ঘোষণা করেন। 'ইয়ংবেঙ্গল' গোষ্ঠীর মুখপত্ররূপে 'এনকোয়েরার', 'জ্ঞানান্বেষণ' প্রভৃতি পত্রিকা প্রকাশিত হয়।

MCQ Solution

১. **ইয়ংবেঙ্গল কি?** [২৮তম বিসিএস]
ক) বাংলাভাষা শিক্ষার্থী
খ) ইংরেজি ভাবধারাপুষ্ট বাঙালি যুবক
গ) একটি সাহিত্যিক গোষ্ঠীর নাম
ঘ) একটি সাময়িক পত্রের নাম **উত্তর:** খ

২. **ইয়ংবেঙ্গল' কী?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (I ইউনিট) : ১৭-১৮]
ক) ফেসবুক যুবসমাজ খ) মুক্তচিন্তায় বিশ্বাসী তরুণগোষ্ঠী
গ) বিশেষ গেরিলাগোষ্ঠী ঘ) একটি সফটওয়্যার **উত্তর:** খ

৩. **'ইয়ংবেঙ্গল' আন্দোলনের প্রবক্তা কে ছিলেন?** [শিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) : ২২]
ক) উইলিয়াম কেরী খ) ডিরোজিও
গ) প্যারীচাঁদ মিত্র ঘ) মাইকেল মধুসূদন দত্ত **উত্তর:** খ

৪. **ইয়ংবেঙ্গল গোষ্ঠীভুক্ত ছিলেন কে?** [৪০তম বিসিএস]
ক) অক্ষয়কুমার দত্ত খ) এন্টনি ফিরিঙ্গি
গ) মাইকেল মধুসূদন দত্ত ঘ) কালীপ্রসন্ন সিংহ ঠাকুর **উত্তর:** গ

৫. **'ইয়ংবেঙ্গল' গোষ্ঠীর মুখপত্ররূপে কোন পত্রিকা প্রকাশিত হয়?** [৩৬তম বিসিএস]
ক) বঙ্গদূত খ) জ্ঞানান্বেষণ
গ) জ্ঞানাঙ্কুর ঘ) সংবাদ প্রভাকর **উত্তর:** খ

বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি

বাঙালি মধ্যবিত্তের সাহিত্যচর্চা ও সাধনার পীঠভূমি 'বঙ্গীয় সাহিত্য পরিষৎ' প্রতিষ্ঠিত হয় ১৮৯৩ সালে। সেখানে মুসলমানদের গুরুত্ব উপেক্ষিত হওয়ায় ১৯১১ সালে প্রতিষ্ঠিত হয় 'বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি'। এর প্রতিষ্ঠাতাদের মধ্যে অন্যতম ছিলেন ড. মুহম্মদ শহীদুল্লাহ, মোহাম্মদ মোজাম্মেল হক, কাজী ইমদাদুল হক, মওলানা আকরম খাঁ, কমরেড মুজাফ্ফর আহমেদ প্রমুখ। এই সমিতির পত্রিকা ছিল বঙ্গীয় মুসলিম সাহিত্য পত্রিকা।

MCQ Solution

১. **'বঙ্গীয় মুসলমান সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয় কত সালে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]
ক) ১৯০৭ সালে খ) ১৯০৯ সালে
গ) ১৯১১ সালে ঘ) ১৯২১ সালে **উত্তর:** গ

ঢাকা মুসলিম সাহিত্য সমাজ

ঢাকা ইন্টারমিডিয়েট কলেজ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন যুক্তিবাদী ও প্রগতিশীল শিক্ষক ও ছাত্রের উদ্যোগে ১৯ জানুয়ারি, ১৯২৬ প্রতিষ্ঠিত হয় সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন ঢাকা মুসলিম সাহিত্য সমাজ। সংগঠনটির মুখপাত্র হিসেবে প্রকাশিত হয় 'শিখা' (১৯২৭) পত্রিকা। পত্রিকাটির সম্পাদক ছিলেন আবুল হুসেন। পত্রিকার প্রতি সংখ্যায় লেখা থাকত 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।'

সংগঠনটির মাধ্যমে 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সূত্রপাত হয়। সংগঠনটির প্রধান লেখক ছিলেন- আবদুল কাদির, কাজী আবদুল ওদুদ, আবুল হুসেন, আবুল ফজল, কাজী মোতাহার হোসেন, মোতাহের হোসেন চৌধুরী প্রমুখ।

MCQ Solution

১. **'মুসলিম সাহিত্য-সমাজ' কী ধরনের সংগঠন ছিল?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]
ⓚ সাম্প্রদায়িক ⓚ মুসলিম-সম্প্রদায়ের
ⓖ মধ্যপ্রাচ্যমুখী ⓖ প্রগতিশীল **উত্তর:** ঘ

২. **'মুসলিম সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয়-** [৪৩তম বিসিএস/ বাতিলকৃত ২৪তম বিসিএস/ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক) ১৯ মার্চ, ১৯২৬ খ) ১৯ জানুয়ারি, ১৯২৬
গ) ১৯ ফেব্রুয়ারি, ১৯২৬ ঘ) ২৬ মার্চ, ১৯২৭ **উত্তর:** খ

৩. **১৯২৬ এর 'বুদ্ধির মুক্তি আন্দোলন' কোন বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ক) কলকাতা বিশ্ববিদ্যালয়
খ) ঢাকা বিশ্ববিদ্যালয়
গ) আলিগড় বিশ্ববিদ্যালয়
ঘ) বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় **উত্তর:** খ

৪. **'মুসলিম সাহিত্য সমাজ' এর মুখপত্র ছিল-** [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক : ২১]
ক) শিখা খ) তত্ত্ববোধিনী
গ) বঙ্গদর্শন ঘ) সবুজপত্র **উত্তর:** ক

৫. **ঢাকায় বুদ্ধির মুক্তি আন্দোলনের মুখপত্ররূপে প্রকাশিত পত্রিকাটির নাম কী?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ক) শিখা খ) সমকাল
গ) অভিযান ঘ) জয়শ্রী **উত্তর:** ক

৬. **'বুদ্ধির মুক্তি আন্দোলন' কোথায় সংগঠিত হয়েছে?** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৮-১৯]
ক) আসামে খ) মস্কোতে
গ) কলকাতায় ঘ) ঢাকায় **উত্তর:** ঘ

৭. **"জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।"- এই উক্তিটি কোন পত্রিকার প্রতি সংখ্যায় লেখা থাকত?** [১৬তম বিসিএস/ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি এর সহকারী পরিচালক : ২২]
ক) সওগাত খ) মোহাম্মদী
গ) সমকাল ঘ) শিখা **উত্তর:** ঘ

৮. **'ঢাকা মুসলিম সাহিত্য সমাজ'- এর প্রধান লেখক ছিলেন-** [১৫তম বিসিএস]
ক) কাজী আবদুল ওদুদ, আবুল হুসেন প্রমুখ
খ) মোহাম্মদ বরকতুল্লাহ, আবুল কালাম শামসুদ্দীন প্রমুখ
গ) মোহাম্মদ আকরম খাঁ, মুহম্মদ শহীদুল্লাহ প্রমুখ
ঘ) কাজী ইমদাদুল হক, মোহাম্মদ ওয়াজেদ আলী প্রমুখ
উত্তর: ক

৯. **মোতাহের হোসেন চৌধুরী কোন আন্দোলনের সাথে যুক্ত ছিলেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ক) স্বদেশী খ) অসহযোগ
গ) ভাষা ঘ) বুদ্ধির মুক্তি **উত্তর:** ঘ

১০. **মুক্তবুদ্ধির লেখক হিসাবে বিশেষ উল্লেখযোগ্য-** [শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৫]
ক) শেখ ফজলল করিম
খ) এয়াকুব আলী চৌধুরী
গ) কাজী আবদুল ওদুদ
ঘ) কায়কোবাদ **উত্তর:** গ

১১. **নিচের কোন ব্যক্তি 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন না?** [৪৪তম বিসিএস]
ক) কাজী আবদুল ওদুদ
খ) এস ওয়াজেদ আলি
গ) আবুল ফজল
ঘ) আবদুল কাদির **উত্তর:** খ

মুসলমান গদ্য লেখক

খোন্দাকার শামসুদ্দিন মুহম্মদ সিদ্দিকী ১৯ শতকের সাহিত্যিক ও প্রথম মুসলমান গদ্য লেখক। তাঁর বিখ্যাত গ্রন্থের নাম 'উচিত শ্রবণ' (১৮৬০)।

জীবনচরিত (সীরাত গ্রন্থ) : হযরত মুহাম্মদ (সা.) এর জীবনী

রচয়িতা	গ্রন্থের ধরন	গ্রন্থ
গিরিশচন্দ্র সেন	প্রবন্ধ	মহাপুরুষচরিত : হযরতের জীবনী সংক্রান্ত প্রথমগ্রন্থ।
মওলানা আকরম খাঁ		মোস্তফা চরিত : অন্যতম শ্রেষ্ঠ রচনা।
শেখ আবদুর রহিম		হজরত মুহম্মদের জীবনচরিত ও ধর্মনীতি
এয়াকুব আলী চৌধুরী		মানব মুকুট, নূরনবী (ছোটদের জন্য), শান্তিধারা
গোলাম মোস্তফা		বিশ্বনবী
মোহাম্মদ ওয়াজেদ আলী		মরুভাস্কর (১৯৪১)
শেখ চাঁদ	কাব্যগ্রন্থ	রসুলবিজয়
কাজী নজরুল ইসলাম		মরুভাস্কর (অসম্পূর্ণ জীবনী)
মোজাম্মেল হক		হজরত মহাম্মদ
শেখ ফজলল করিম		পরিত্রাণ
আবদুর রহমান খাঁ		শেষ নবী

* 'সমস্যা ও সমাধান' গ্রন্থটি মোহাম্মদ আকরম খাঁ রচিত।

MCQ Solution

১. **১৯ শতকের প্রথম মুসলিম লেখকের নাম-** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
ক) গোলাম হোসেন
খ) খোন্দাকার শামসুদ্দিন সিদ্দিকী
গ) মীর মশাররফ হোসেন
ঘ) হামিদুল্লাহ খাঁ **উত্তর: খ**

২. **'মোস্তফা চরিত' গ্রন্থের রচয়িতা-** [১১তম বিসিএস]
ক) মুহম্মদ আবদুল হাই
খ) মোহাম্মদ বরকতুল্লাহ
গ) ড. মুহম্মদ শহীদুল্লাহ
ঘ) মওলানা আকরম খাঁ **উত্তর: ঘ**

৩. **আকরম খাঁ রচিত 'মোস্তফা চরিত' গ্রন্থটি -** [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস : ২২]
ক) কাব্যগ্রন্থ খ) উপন্যাস
গ) নাটক ঘ) সীরাত গ্রন্থ **উত্তর: ঘ**

৪. **কোন গ্রন্থটি মোহাম্মদ আকরম খাঁ রচিত?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) : ০৪]
ক) মানুষের নবী
খ) বিশ্বনবী
গ) সমস্যা ও সমাধান
ঘ) মরুদুলাল **উত্তর: গ**

৫. **'রসুলবিজয়' কাব্যের রচয়িতা কে?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ক) আবদুল হাকিম খ) শেখ চাঁদ
গ) মীর মুহম্মদ শফী ঘ) মুহম্মদ আকিল **উত্তর: খ**

৬. **কোনটি হযরত মুহম্মদ (স:) এর জীবনী গ্রন্থ?** [২২তম বিসিএস]
ক) মরুমায়া খ) মরুভাস্কর
গ) মরুতীর্থ ঘ) মরুকুসুম **উত্তর: খ**

৭. **কোন গ্রন্থটি এয়াকুব আলী চৌধুরী প্রণীত?** [বাতিলকৃত ২৪তম বিসিএস]
ক) মোস্তফা চরিত
খ) নয়া জাতির স্রষ্টা হজরত মোহাম্মদ
গ) বিশ্বনবী
ঘ) মানব মুকুট **উত্তর: ঘ**

৮. **এয়াকুব আলী চৌধুরী কোন গ্রন্থটির লেখক?** [জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৫]
ক) প্রেমের সমাধি
খ) সিরাজাম মুনীরা
গ) অনল প্রবাহ
ঘ) শান্তিধারা **উত্তর: ঘ**

বাংলা কথা সাহিত্য

কথা-সাহিত্য

কথা সাহিত্য বলতে উপন্যাস ও ছোটগল্পকে বোঝায়। উপন্যাস বলতে এমন একটি বিশেষ সাহিত্য সৃষ্টিকে বোঝায়; যাতে লেখকের জীবনদর্শন ও জীবনানুভূতি কোনো বাস্তব কাহিনী অবলম্বনে বর্ণনাত্মক শিল্পকর্মে রূপায়িত হয়। উপন্যাস ও ছোটগল্পের আকৃতি ও প্রকৃতিগত বেশকিছু পার্থক্য বিদ্যমান। উপন্যাসে যেখানে বৃহত্তর পরিসরে জীবনের পূর্ণাঙ্গ পরিচয় রূপলাভ করে, সেখানে ছোটগল্পে থাকে কোনো চরিত্রের একটিমাত্র দিকের প্রতিফলন।

উপন্যাস

বাংলা সাহিত্যে উপন্যাসের উদ্ভব মূলত উনিশ শতকের প্রথম দিকে এবং উদ্ভবের মূলে রয়েছে পাশ্চাত্য সাহিত্যের প্রভাব। ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ের ব্যঙ্গাত্মক নকশা 'নববাবুবিলাস' (১৮২৫) মধ্যে প্রথম বাংলা উপন্যাসের লক্ষণ ফুটে ওঠে। হ্যানা ক্যাথরিনা ম্যালেন্স রচিত 'ফুলমণি ও করুণার বিবরণ' (১৮৫২) গ্রন্থে প্রচারধর্মী জীবনচেতনার পরিচয় পাওয়া যায়, যদিও এটি তাঁর মৌলিক রচনা নয়। ভূদেব মুখোপাধ্যায় 'সফল স্বপ্ন ও অঙ্গুরীয় বিনিময়' (১৮৫৭) নামে যে-দুটি উপাখ্যান রচনা করেন তাতে ঐতিহাসিক উপন্যাসের যথেষ্ট উপাদান পরিলক্ষিত হয়।
বাংলা সাহিত্যের প্রথম-

ঔপন্যাসিক	প্যারীচাঁদ মিত্র
মহিলা ঔপন্যাসিক	স্বর্ণকুমারী দেবী
সার্থক ঔপন্যাসিক	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

MCQ Solution

১. **'কথা সাহিত্য' বলতে কোনটি বোঝায়?** [পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড এর সহকারী কর্মকর্তা (প্রশাসন) : ২১]
ক) কথা নিয়ে সাহিত্য খ) সাহিত্যের কথা
গ) নাটক ও আবৃত্তি ঘ) ছোটগল্প ও উপন্যাস **উত্তর: ঘ**

২. **উপন্যাস ও কবিতার মূল পার্থক্য-** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক) কাহিনিতে খ) চরিত্র চিত্রণে
গ) ভাষা রীতিতে ঘ) দৃশ্যপট **উত্তর: ক**
ব্যাখ্যা: উপন্যাসের পধান উপাদান কাহিনী বা গল্প এবং কবিতার সবচেয়ে বৈশিষ্ট্যপূর্ণ উপাদান হলো ছন্দ।

৩. **উপন্যাস কোন যুগের সৃষ্টি?** [বেবিচক-এর সিনিয়র অফিসার : ২১]
ক) প্রাচীন যুগের খ) মধ্যযুগের
গ) আধুনিক যুগের **উত্তর: গ**

৪. **বাংলা উপন্যাসের প্রাথমিক পর্যায়ে কোন বিষয়টি বিশেষ প্রাধান্য বিস্তার করেছিল?** [সহকারী প্রকৌশলী (গণপূর্ত) : ০৫]
ⓚ সামাজিক কাহিনী ⓚ সমাজের রঙ্গরসাত্মক চিত্র
ⓖ সামাজিক নির্যাতন ⓖ বাঙালির জীবন কাহিনী **উত্তর:** খ

৫. **কোন গ্রন্থটি বাংলা সাহিত্যে উপন্যাস রচনার প্রথম প্রয়াস?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
ⓚ কলিকাতা কমলালয় ⓚ ফুলমণি ও করুণার বিবরণ
ⓖ নববিবি বিলাস ⓖ নববাবুবিলাস **উত্তর:** ঘ

৬. **'ফুলমণি ও করুণার বিবরণ' গ্রন্থটির রচয়িতা কে?** [একটি বাড়ি একটি খামার প্রকল্পের ফিল্ড সুপারভাইজার : ১৮]
ⓚ হ্যানা ক্যাথরিনা ⓚ উইলিয়াম কেরী
ⓖ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ⓖ বিহারীলাল চক্রবর্তী **উত্তর:** ক

৭. **বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ ও সাংবাদিকতা) : ০৫-০৬]
ⓚ বেগম রোকেয়া ⓚ মহাশ্বেতা দেবী
ⓖ স্বর্ণকুমারী দেবী ⓖ রিজিয়া রহমান **উত্তর:** গ

বিখ্যাত উপন্যাস

ঔপন্যাসিক	উপন্যাস	
ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	কল্পতরু : বাংলা সাহিত্যের প্রথম ব্যঙ্গ উপন্যাস।	
রমেশচন্দ্র দত্ত	শতবর্ষ : চারটি ঐতিহাসিক উপন্যাসের সংকলন। যথা- বঙ্গবিজেতা, মাধবীকঙ্কন, জীবন প্রভাত এবং জীবন সন্ধ্যা। উপন্যাসগুলোর ঘটনাকাল মুগল শাসনের ১০০ বছরের মধ্যে।	
নারায়ণ গঙ্গোপাধ্যায়	বৈতালিক	
	চারমূর্তি : চরিত্র - টেনিদা।	
মোহাম্মদ মোজাম্মেল হক	জোহরা : তৎকালীন মুসলিম সমাজের বিরাজমান অন্যায় অনাচারের চিত্র অঙ্কিত হয়েছে। কন্যার মতামত অগ্রাহ্য করে বিয়ে দিতে গিয়ে যে দুর্ভোগের সৃষ্টি তাই উপন্যাসটির উপজীব্য।	
মোহাম্মদ নজিবর রহমান সাহিত্যরত্ন	আনোয়ারা (১৯১৪) : গ্রামীণ জীবনের পটভূমিকায় রচিত। বাঙালি মুসলমান সম্প্রদায়ের পারিবারিক ও সামাজিক জীবনের চিত্র ফুটে উঠেছে।	
	প্রেমের সমাধি	
প্রমথনাথ বিশী	কেরী সাহেবের মুন্সী	
অদ্বৈত মল্লবর্মণ	তিতাস একটি নদীর নাম : উপন্যাসের কাহিনীকে উপজীব্য করে ঋত্বিক কুমার ঘটক ১৯৭৩ সালে চলচ্চিত্র নির্মাণ করেন।	
সমরেশ বসু	গঙ্গা : গঙ্গানির্ভর মৎস্যজীবী সম্প্রদায়ের জীবনযাত্রার নিখুঁত প্রতিচ্ছবি।	
আবদুর রাজ্জাক	কন্যাকুমারী	
হুমায়ুন কবির	নদী ও নারী	
দিলারা হাসেম	ঘর মন জানালা	
খোন্দকার মোহাম্মদ ইলিয়াস	কতো ছবি কতো গান	
	ভাসানী যখন ইউরোপে	
রশীদ করিম	উত্তম পুরুষ	
	প্রসন্ন পাষাণ	
খান মুহাম্মদ মঈনুদ্দীন	অনাথিনী : লেখকের প্রথম উপন্যাস।	
কাজী ইমদাদুল হক	আবদুল্লাহ (১৯৩৩) : ধর্মীয় গোঁড়ামি ও কুসংস্কারে আচ্ছন্ন তৎকালীন মুসলিম মধ্যবিত্ত সমাজে এক কুসংস্কারমুক্ত যুবকের লড়াই চিত্র। 'মোসলেম ভারত' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়।	
ইমদাদুল হক মিলন	রূপনগর	বারো রকমের মানুষ
	সারাবেলা	নূরজাহান
হাসন রাজা	লোকে সিন্ধু	
ড. হরপ্রসাদ শাস্ত্রী	বেণের মেয়ে	
রাজিয়া খান	বটতলার উপন্যাস	
নূরজাহান বোস	আগুনমুখার মেয়ে	
জরাসন্ধ	ন্যায়দণ্ড	লৌহকপাট
সত্যেন সেন	পাপের সন্তান	অভিশপ্ত নগরী
সরদার জয়েনউদ্দীন	অনেক সূর্যের আশা	বিধ্বস্ত রোদের ঢেউ
স্বর্ণকুমারী দেবী	দীপনির্বাণ : লেখিকার প্রথম উপন্যাস।	
	মেবার রাজ	
অন্নদাশঙ্কর রায়	সত্যাসত্য	
তারানাথ গঙ্গোপাধ্যায়	স্বর্ণলতা	
প্রেমেন্দ্র মিত্র	পাঁক	
শীর্ষেন্দু মুখোপাধ্যায়	মানবজমিন	
অভিজিৎ সেন	রহু চণ্ডালের হাড়	
মহাশ্বেতা দেবী	কৈবর্ত খণ্ড : আদিবাসী জীবনকেন্দ্রিক।	
মৈত্রেয়ী দেবী	ন হন্যতে	
আবুল বাশার	ফুল বউ	
সৈয়দ মুস্তাফা সিরাজ	অলীক মানুষ	
হরিশংকর জলদাস	দহনকাল	
আনোয়ার পাশা	নীড় সন্ধানী : নগর ও গ্রামীণ জীবনের পটভূমি উপন্যাটির মূল উপজীব্য।	

পান্না কায়সার	হৃদয়ে বাংলাদেশ
মাহমুদুল হক	কালো বরফ : বিষয়বস্তু ৪৭-এর দেশবিভাগ
আকবর হোসেন	দু'দিনের খেলাঘর
	অবাঞ্ছিত
গৌরকিশোর ঘোষ	জল পড়ে পাতা নড়ে
অমিয়ভূষণ মজুমদার	মধু সাধু খাঁ
সতীনাথ ভাদুড়ী	ঢোঁড়াই চরিতমানস

MCQ Solution

১. **'ন্যায়দণ্ড' উপন্যাসটি কে রচনা করেন?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (পদ্মা) : ১৩]
ক) স্বর্ণকুমারী দেবী খ) জরাসন্ধ
গ) রশীদ করিম ঘ) সৈয়দ ওয়ালীউল্লাহ **উত্তর:** খ

২. **'বেণের মেয়ে' উপন্যাসের রচয়িতা-** [NBR-এর সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২]
ক) হরপ্রসাদ শাস্ত্রী খ) জসীমউদ্‌দীন
গ) রমেশচন্দ্র দত্ত ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** ক

৩. **'বৈতালিক' উপন্যাসটি কে রচনা করেছেন?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) : ১৩]
ক) প্রেমেন্দ্র মিত্র খ) নারায়ণ গঙ্গোপাধ্যায়
গ) গোলাম কুদ্দুস ঘ) আকবর হোসেন **উত্তর:** খ

৪. **'টেনিদা' যে সাহিত্যিকের কিশোরপাঠ্য লেখার কেন্দ্রীয় চরিত্র** - [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক (সাধারণ) : ১৮]
ক) প্রেমেন্দ্র মিত্র খ) নারায়ণ গঙ্গোপাধ্যায়
গ) সত্যজিৎ রায় ঘ) শরদিন্দু বন্দ্যোপাধ্যায় **উত্তর:** খ

৫. **'উত্তম পুরুষ' উপন্যাসের রচয়িতা কে?** [২৫তম বিসিএস]
ক) শওকত ওসমান খ) জহির রায়হান
গ) শহীদুল্লা কায়সার ঘ) রশীদ করিম **উত্তর:** ঘ

৬. **'প্রসন্ন পাষাণ' উপন্যাসটি কার রচনা?** [ন্যাশনাল ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ১৫]
ক) আবুল হোসেন খ) আলাউদ্দিন আল আজাদ
গ) রাবেয়া খাতুন ঘ) রশীদ করিম **উত্তর:** ঘ

৭. **মোহাম্মদ নজিবর রহমান রচিত উপন্যাস কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১০]
ক) রজনী খ) নববিধান
গ) পদ্মরাগ ঘ) প্রেমের সমাধি **উত্তর:** ঘ

৮. **'আনোয়ারা' কোন ধরনের গ্রন্থ?** [বিআরটিএ সহকারী পরিচালক : ০৫]
ক) নাটক খ) বড় গল্প
গ) উপন্যাস ঘ) প্রহসন **উত্তর:** গ

৯. **'আনোয়ারা' উপন্যাসের রচয়িতা কে?** [৪৪তম বিসিএস/ ৩২তম বিসিএস]
ক) আবদুল ওদুদ খ) ইসমাইল হোসেন সিরাজী
গ) মোজাম্মেল হক ঘ) নজিবর রহমান সাহিত্যরত্ন
উত্তর: ঘ

১০. **নজিবর রহমানের 'আনোয়ারা' কোন শ্রেণির উপন্যাস?** [সড়ক ও জনপদ অধি: উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ০৩]
ক) সামাজিক খ) পারিবারিক
গ) ঐতিহাসিক ঘ) রাজনৈতিক **উত্তর:** ক

১১. **'আনোয়ারা' উপন্যাসটি খ্রিষ্টীয় কত সালে প্রথম প্রকাশিত হয়?** [বিআরটিএ সহকারী পরিচালক : ০৫]
ক) ১৯৫২ সালে খ) ১৮৯৯ সালে
গ) ১৯৩৫ সালে ঘ) ১৯১৪ সালে **উত্তর:** ঘ

১২. **'দু'দিনের খেলাঘর' উপন্যাসটির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ইছামতি) : ১০]
ক) আকবর হোসেন খ) অন্নদাশঙ্কর রায়
গ) নারায়ণ গঙ্গোপাধ্যায় ঘ) শওকত আলী **উত্তর:** ক

১৩. **'অবাঞ্ছিত' কার রচনা?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৬]
ক) আনোয়ার পাশা খ) আকবর হোসেন
গ) আবু জাফর শামসুদ্দীন ঘ) রাবেয়া খাতুন **উত্তর:** খ

১৪. **'আবদুল্লাহ' উপন্যাসটির লেখক কে?** [২৯তম বিসিএস]
ক) গোলাম মোস্তফা খ) মীর মশাররফ হোসেন
গ) কাজী ইমদাদুল হক ঘ) শওকত ওসমান **উত্তর:** গ

১৫. **কাজী ইমদাদুল হকের 'আবদুল্লাহ' উপন্যাসের উপজীব্য কি?** [১৮তম বিসিএস]
ক) চাষী জীবনের করুণ চিত্র
খ) তৎকালীন মুসলিম মধ্যবিত্ত সমাজের চিত্র
গ) কৃষক সমাজের সংগ্রামশীল জীবন
ঘ) মুসলিম জমিদার শ্রেণির জীবন কাহিনী **উত্তর:** খ

১৬. **'তিতাস একটি নদীর নাম' কোন ধরনের শিল্পকর্ম?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে সহকারী প্রধান পরিদর্শক : ০৯]
ক) গল্পসংগ্রহ খ) ভ্রমণকাহিনী
গ) উপন্যাস ঘ) প্রবাদ সংকলন **উত্তর:** গ

১৭. **'তিতাস একটি নদীর নাম' উপন্যাসটির লেখক কে?** [বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ক) অদ্বৈত মল্লবর্মণ খ) মানিক বন্দ্যোপাধ্যায়
গ) আবু জাফর শামসুদ্দীন ঘ) মামুনুর রশীদ **উত্তর:** ক

১৮. **জেলে জীবন কেন্দ্রিক উপন্যাস কোনটি?** [৪১তম বিসিএস]
ক) গঙ্গা খ) পুতুলনাচের ইতিকথা
গ) হাঁসুলী বাঁকের উপকথা ঘ) গৃহদাহ **উত্তর:** ক

১৯. **'জোহরা' উপন্যাসের রচয়িতা হলেন-** [নির্বাচন কমিশনের সচিবালয়ে উপজেলা বা থানা নির্বাচন অফিসার : ০৮]
ক) প্যারীচাঁদ মিত্র খ) মীর মশাররফ হোসেন
গ) কাজী ইমদাদুল হক ঘ) মোজাম্মেল হক **উত্তর:** ঘ

২০. **কোনটি উপন্যাস?** [২৭তম বিসিএস]
ক) নতুন চাঁদ খ) কন্যাকুমারী
গ) গড্ডলিকা ঘ) নেমেসিস **উত্তর:** খ

২১. **নিচের কোনটি উপন্যাস?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব : ০৫]
ⓚ মানবজীবন ⓚ মানবজমিন
ⓖ গোজীবন ⓖ আমলার মামলা **উত্তর: খ**

২২. **'নদী ও নারী' উপন্যাসের রচয়িতা কে?** [৩৮তম বিসিএস/ ২০তম বিসিএস/ খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ⓚ হুমায়ুন কবির ⓚ আবুল ফজল
ⓖ আকবর আলী ⓖ শওকত ওসমান **উত্তর: ক**

২৩. **'নূরজাহান' উপন্যাসটি কে লিখেছেন?** [কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা : ২০]
ⓚ হুমায়ূন আহমেদ ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ ইমদাদুল হক মিলন **উত্তর: ঘ**

২৪. **ইমদাদুল হকের উপন্যাস নিচের কোনটি?** [NSI-এর ডেসপাচ রাইডার : ২১]
ⓚ জোহরা ⓚ মানব জমিন
ⓖ সারাবেলা ⓖ উত্তম পুরুষ **উত্তর: গ**

২৫. **'কতো ছবি কতো গান' এর লেখক -** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৭]
ⓚ আবু ইসহাক ⓚ খোন্দকার মোহাম্মদ ইলিয়াস
ⓖ আলাউদ্দিন আল আজাদ ⓖ আবুল ফজল **উত্তর: খ**

২৬. **'ভাসানী যখন ইউরোপে' বইটির লেখক-** [ঢাবি (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ শওকত ওসমান ⓚ খোন্দকার মোহাম্মদ ইলিয়াস
ⓖ আবু জাফর শামসুদ্দীন ⓖ বদরুদ্দীন ওমর **উত্তর: খ**

২৭. **'কেরী সাহেবের মুন্সী'র লেখক হলেন-** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]
ⓚ প্যারীচাঁদ মুখোপাধ্যায় ⓚ প্রভাতকুমার মুখোপাধ্যায়
ⓖ অন্নদাশঙ্কর রায় ⓖ প্রমথনাথ বিশী **উত্তর: ঘ**

২৮. **কোনটি সঠিক?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার : ১৭]
ⓚ রৌদ্র করোটিতে : ভ্রমণকাহিনী
ⓚ রাইফেল রোটি আওরাত : নাটক
ⓖ সোজন বাদিয়ার ঘাট : সিনেমা
ⓖ ঘর মন জানালা : উপন্যাস **উত্তর: ঘ**

২৯. **'অনাথিনী' কোন লেখকের প্রথম উপন্যাস?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ বেনজীর আহমদ ⓚ খান মুহাম্মদ মঈনুদ্দীন
ⓖ হুমায়ুন কবির ⓖ শামসুল হক **উত্তর: খ**

৩০. **'লোকে সিন্ধু' উপন্যাসটির রচয়িতা কে?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ লালন ফকির ⓚ হাসন রাজা
ⓖ ফকির আলমগীর ⓖ পাগলা কানাই **উত্তর: খ**

৩১. **'আগুনমুখার মেয়ে' গ্রন্থটি কে রচনা করেছেন?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ⓚ তসলিমা নাসরিন ⓚ নাসরীন জাহান
ⓖ নূরজাহান বোস ⓖ সেলিনা হোসেন **উত্তর: গ**

৩২. **বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক স্বর্ণকুমারী দেবী রচিত প্রথম উপন্যাসের নাম কি?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ⓚ দেবী ⓚ দীপনির্বাণ
ⓖ নির্বানদ্বীপ ⓖ দীপশিখা **উত্তর: খ**

৩৩. **'বটতলার উপন্যাস' এর লেখক কে?** [৩১তম বিসিএস]
ⓚ রাজিয়া খান ⓚ সেলিনা বাহার জামান
ⓖ রাজিয়া মজিদ ⓖ সেলিনা হোসেন **উত্তর: ক**

৩৪. **'জীবন-প্রভাত' কোন ধরনের উপন্যাস?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৬]
ⓚ সামাজিক ⓚ প্রেমের
ⓖ ঐতিহাসিক ⓖ আধ্যাত্মিক **উত্তর: গ**

৩৫. **'দহনকাল' উপন্যাসটির জন্য কথাসাহিত্যে 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১২' পদকে ভূষিত হন-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৩]
ⓚ হুমায়ূন আহমেদ ⓚ আনিসুল হক
ⓖ সনৎকুমার সাহা ⓖ হরিশংকর জলদাস **উত্তর: ঘ**

৩৬. **সৈয়দ মুস্তফা সিরাজের গ্রন্থ কোনটি?** [৩৭তম বিসিএস]
ⓚ রহু চণ্ডালের হাড় ⓚ কৈবর্ত খণ্ড
ⓖ ফুল বউ ⓖ অলীক মানুষ **উত্তর: ঘ**

৩৭. **ভারতের একাডেমি অ্যাওয়ার্ডপ্রাপ্ত আত্মজীবনীমূলক প্রেমের উপন্যাস 'ন হন্যতে' কার লেখা?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন অ্যাডমিনিস্টেশন অফিসার : ০৬]
ⓚ মহাশ্বেতা দেবী ⓚ অরুন্ধতী রায়
ⓖ মৈত্রেয়ী দেবী ⓖ মির্জা ইলিয়াছ **উত্তর: গ**

৩৮. **নগর ও গ্রামের জীবনের পটভূমিতে রচিত উপন্যাস কোনটি?** [সিজিডিএফ এর অডিটর: ২২]
ⓚ আগুনপাখি
ⓚ পোকা মাকড়ের ঘরবসতি
ⓖ জীবন পথের যাত্রী
ⓖ নীড় সন্ধানী **উত্তর: ঘ**

৩৯. **'হৃদয়ে বাংলাদেশ' গ্রন্থের রচয়িতা কে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮]
ⓚ পান্না কায়সার ⓚ আলাউদ্দিন আল আজাদ
ⓖ সেলিনা হোসেন ⓖ সালমা হোসেন **উত্তর: ক**

৪০. **'কালো বরফ' উপন্যাসটির বিষয়-** [৪০তম বিসিএস]
ⓚ তেভাগা আন্দোলন ⓚ ভাষা আন্দোলন
ⓖ মুক্তিযুদ্ধ ⓖ দেশভাগ **উত্তর: ঘ**

৪১. **'মধু সাধু খাঁ' উপন্যাসের রচয়িতা কে?** [চবি (চ ইউনিট) : ১৩-১৪]
ⓚ অমিয়ভূষণ মজুমদার
ⓚ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ⓖ সতীনাথ ভাদুড়ী
ⓖ কানাই কুণ্ডু **উত্তর: ক**

৪২. **কোনটি সঠিক?** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ক) গোরা (গল্পগ্রন্থ)
খ) জল পড়ে পাতা নড়ে (উপন্যাস)
গ) শেষের কবিতা (নাটক)
ঘ) শেষ প্রশ্ন (নাটক) **উত্তর:** খ

৪৩. **'ঢোঁড়াই চরিতমানস' উপন্যাসের লেখক কে?** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
ক) দেবেশ রায় খ) ভবভূতি
গ) সতীনাথ ভাদুড়ী ঘ) কৃত্তিবাস **উত্তর:** গ

গল্প/ ছোটগল্প

বাংলা সাহিত্যের আধুনিকতম শাখা হলো 'ছোটগল্প'। সাহিত্য গবেষক শ্রীশচন্দ্র দাস যথার্থই বলেছেন, "জীবনের কোনো একটি বিশেষ মুহূর্ত কোনো বিশেষ পরিবেশের মধ্যে কেমনভাবে লেখকের কাছে প্রত্যক্ষ হয়েছে ছোটগল্প তারই রূপায়ণ।"

গল্পকার	গল্প / ছোটগল্প
বনফুল	নিমগাছ
	ক্যান্‌ভাসার
	মানুষের মন
	মিনু
সত্যজিৎ রায়	কাকতাড়ুয়া
শাহেদ আলী	জিবরাঈলের ডানা
	একই সমতলে
রাজশেখর বসু	গড্ডলিকা
সুবোধ ঘোষ	ফসিল
প্রভাতকুমার মুখোপাধ্যায়	দেশী ও বিলাতী
	ষোড়শী
	গল্পাঞ্জলি
	গল্পবীথি
সরদার জয়েনউদ্দীন	বেলা ব্যানার্জীর প্রেম
শৈলজানন্দ মুখোপাধ্যায়	রেজিং রিপোর্ট
আবুল খায়ের মুসলেহউদ্দিন	নিষিদ্ধশহর
	নারিন্দালেন
	চিরকুট
	ওম শান্তি
সোমেন চন্দ	ইঁদুর
লীলা মজুমদার	পাখি
প্রভাতকুমার মুখোপাধ্যায়	ফুলের মূল্য : প্রধান চরিত্র - ম্যাগী।
মাহবুবুল আলম	কোরবানী
অজিত কমার গুহ	বুলু
আবুবকর সিদ্দিক	লখার একুশে
শাহরিয়ার কবির	একাত্তরের যীশু
হারুন হাবীব	পিতৃপুরুষের গল্প
মোহাম্মদ নাসির আলী	অলুক্ষণে জুতো
আমীরুল ইসলাম	বিচার নেই
মোহাম্মদ নাসির আলী	ঋণ পরিশোধ

MCQ Solution

১. **বাংলা সাহিত্যের আধুনিকতম শাখা কোনটি?** [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ক) কাব্য খ) ছোটগল্প
গ) নাটক ঘ) উপন্যাস **উত্তর:** খ

২. **বাংলা সাহিত্যের যুগবিভাগে ছোটগল্প কোন যুগের সৃষ্টি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ২০-২০]
ক) প্রাচীন যুগ
খ) মধ্যযুগ
গ) আধুনিক যুগ
ঘ) উত্তর-আধুনিক যুগ **উত্তর:** গ

৩. **সাহিত্যের কোন বিশেষ শাখাটি জীবনের কোন বিশেষ মুহূর্তের রূপায়ণ?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
ক) ভ্রমণকাহিনী খ) উপন্যাস
গ) নাটক ঘ) ছোটগল্প **উত্তর:** ঘ

৪. **'জিবরাঈলের ডানা' গল্পের রচয়িতা কে?** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ০৫]
ক) মিন্নাত আলী খ) শাহেদ আলী
গ) আবু রুশদ ঘ) বন্দে আলী মিয়া **উত্তর:** খ

৫. **'ইঁদুর' কার বিখ্যাত ছোটগল্পের নাম?** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২]
ক) হুমায়ূন আহমেদ খ) শহীদুল জহির
গ) সোমেন চন্দ ঘ) হাসান আজিজুল হক **উত্তর:** গ

৬. **'একাত্তরের যীশু' গল্পটির রচয়িতা কে?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর জুনিয়র অডিটর (এলডিএ) : ২২]
ক) শাহরিয়ার কবির
খ) সেলিম আল দীন
গ) মামুনুর রশীদ
ঘ) সৈয়দ শামসুল হক **উত্তর:** ক

বাংলা নাটক

নাটক

রঙ্গমঞ্চে মানুষের সুখ-দুঃখকে স্বাভাবিক অভিনয়ের মাধ্যমে প্রকাশ করাকে নাটক বলে। নাটক সংলাপ এবং অভিনয়ের মাধ্যমে মঞ্চে প্রদর্শিত হয়ে থাকে। নাটকের পাত্রপাত্রী বা চরিত্রসমূহের পরস্পরের সঙ্গে যে কথাবার্তা, তাকেই সংলাপ বলে। নাটককে শ্রাব্য-দৃশ্য-কাব্য বলা হয়।

শ্রেণিবিভাগ

ইংরেজি আদর্শের প্রেক্ষিতে নাটককে রসের দিক থেকে ৫টি ভাগে ভাগ করা যায়। যথা- ট্র্যাজেডি, মেলোড্রামা, ট্র্যাজিকমেডি, প্রহসন (Farce) এবং কমেডি।

- ট্র্যাজেডি, কমেডি এবং প্রহসনের মূল পার্থক্য জীবনানুভূতির গভীরতায়।
- প্রহসন সমাজের ত্রুটি নির্দেশক ব্যঙ্গাত্মক নাটক। নাটক ও প্রহসনে মূল পার্থক্য হলো ব্যঙ্গ বিদ্রুপ।

বাংলা নাটক

১৭৫৩ সালে ইংরেজরা কলকাতার লালবাজারে 'প্লে হাউস' নামে প্রথম রঙ্গমঞ্চ স্থাপন করে। বাংলা নাটকের প্রথম অভিনয় হয় ১৭৯৫ খ্রিষ্টাব্দে। বাংলা নাটক মঞ্চায়ন, রচনায় ও অনুবাদে একজন রুশদেশীয় আগন্তুক 'হেরাসিম লেবেডফ' এর নাম প্রথম আসে। তিনি কলকাতায় 'বেঙ্গল থিয়েটার' নামে একটি রঙ্গালয় স্থাপন করেন। এ রঙ্গালয়ে হেরাসিম লেবেডফ সর্বপ্রথম '*The Disguise*' এবং '*Love is the best Doctor*' নামে দুইটি নাটক বাংলায় অনূদিত করে এদেশীয় পাত্র-পাত্রীর দ্বারা অভিনয় করান। এই নাটক দুটি বাংলা ভাষার প্রকাশিত প্রথম অনুবাদ নাটক।

MCQ Solution

১. **সংলাপ কী?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
ⓚ বর্ণনা উপস্থাপন
ⓛ পাত্র-পাত্রীর ভাব বিনিময়
ⓖ বক্তৃতা করা
ⓘ কথা বলা **উত্তর: খ**

২. **সাহিত্যের কোন শাখাটি সংলাপ নির্ভর?** [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ : ২১-২২]
ⓚ গল্প ⓛ মহাকাব্য
ⓖ নাটক ⓘ আত্মজীবনী **উত্তর: গ**

৩. **নাটক কি?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৯]
ⓚ দৃশ্যকাব্য ⓛ কাব্যনাট্য
ⓖ গীতিনাট্য ⓘ নৃত্যনাট্য **উত্তর: ক**

৪. **প্রহসন বলতে কী বোঝায়?** [জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৯]
ⓚ কমেডি নাটক ⓛ হাস্যরসাত্মক উদ্দেশ্যহীন নাটক
ⓖ অস্বাভাবিক নাটক
ⓘ সমাজের ত্রুটি নির্দেশক ব্যঙ্গাত্মক নাটক **উত্তর: ঘ**

৫. **নাটক ও প্রহসনে পার্থক্য** - [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৫]
ⓚ ব্যঙ্গ বিদ্রুপ ⓛ উপাখ্যান
ⓖ সংলাপ ⓘ চরিত্র **উত্তর: ক**

৬. **প্রহসন কোন ধরনের নাটক?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AP ইউনিট) : ১৭-১৮]
ⓚ ট্র্যাজেডি ⓛ কমেডি
ⓖ মেলো-ড্রামা ⓘ কাব্যনাটক **উত্তর: খ**

৭. **ট্র্যাজেডি, কমেডি এবং ফার্সের মূল পার্থক্য**- [১৫তম বিসিএস]
ⓚ জীবনানুভূতির গভীরতায়
ⓛ কাহিনীর সরলতা ও জটিলতা
ⓖ দৃষ্টিভঙ্গির সূক্ষ্মতায়
ⓘ ভাষার প্রকারভেদে **উত্তর: ক**

৮. **কলকাতায় প্রথম রঙ্গমঞ্চ তৈরি হয় কত সালে?** [২৮তম বিসিএস]
ⓚ ১৮১৭ সালে ⓛ ১৮৩২ সালে
ⓖ ১৮৫২ সালে ⓘ ১৭৫৩ সালে **উত্তর: ঘ**

৯. **প্রথম বাংলা নাটক কোথায় মঞ্চস্থ হয়?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট - সেট ২) : ১০-১১]
ⓚ মহিলা সমিতিতে ⓛ শিল্পকলা একাডেমিতে
ⓖ বেঙ্গল থিয়েটারে ⓘ টাউন হল **উত্তর: গ**

১০. **বাংলা নাটক মঞ্চায়নে রচনায় ও অনুবাদে কোন বিদেশির নাম প্রথম আসে?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ০৫]
ⓚ হেরাসিম লেবেডফ ⓛ ডি রোজারিও
ⓖ উইলিয়াম কেরী ⓘ স্যার মেকলে **উত্তর: ক**

১১. **'দি ডিসগাইজ' নাটকের বাংলা অনুবাদক কে?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ উইলিয়াম কেরী ⓛ হেরাসিম লেবেডফ
ⓖ মার্শম্যান ⓘ জেমস লঙ **উত্তর: খ**

বাংলা নাটক

নাট্যকার	নাটকের নাম
তারাচরণ শিকদার	ভদ্রার্জুন (১৮৫২) : বাংলা ভাষায় রচিত প্রথম মৌলিক নাটক।
যোগেন্দ্রচন্দ্র গুপ্ত	কীর্তিবিলাস (১৮৫২) : বাংলা ভাষায় রচিত প্রথম বিয়োগান্তক নাটক।
রামনারায়ণ তর্করত্ন	কুলীনকুলসর্বস্ব (১৮৫৪) : প্রথম বাংলা মৌলিক সামাজিক নাটক। কৌলীন্য প্রথা অবলম্বনে রচিত।

রামনারায়ণ তর্করত্ন	বেণীসংহার	
	নব-নাটক	
	যেমন কর্ম তেমন ফল : প্রহসন।	
	উভয় সঙ্কট : প্রহসন।	
গিরিশচন্দ্র ঘোষ	প্রফুল্ল : বিয়োগান্তক নাটক। লেখকের প্রথম এবং শ্রেষ্ঠ নাটক।	
	সিরাজদ্দৌলা	
	জনা	
	রাবণবধ	
	হারানিধি	
	বিল্বমঙ্গল	
	ছত্রপতি শিবাজী	
মামুনুর রশীদ	ওরা কদম আলী	
	ইবলিস	
	সেই ছেলেটি : একটি নাটিকা।	
আবদুল্লাহ আল মামুন	সুবচন নির্বাসনে	
	সেনাপতি	
	কোকিলারা	
ক্ষিরোদপ্রসাদ	আলিবাবা	
	আহেরিয়া	
জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর	মৃচ্ছকটিক : অনুবাদ নাটক। মূল নাটকটির রচয়িতা শূদ্রক।	
	কিঞ্চিৎ জলযোগ : প্রহসন।	
	পুরুবিক্রম নাটক	
	সরোজিনী	
তুলশী লাহিড়ী	ছেঁড়াতার	
	পথিক	
জোবেদা খানম	ওরে বিহঙ্গ	
অমৃতলাল বসু	ডিসমিস	প্রহসন
	বিবাহ বিভ্রাট (চরিত্র - নন্দলাল)	
	চোরের উপর বাটপাড়ি	
	সম্মতি-সংকট	
ইব্রাহীম খলিল	স্পেনবিজয়ী মুসা	
সাঈদ আহমেদ	কালবেলা	
বিজন ভট্টাচার্য	নবান্ন	
আনিস চৌধুরী	মানচিত্র	
	অ্যালবাম	

আবুল কালাম আবদুল ওহাব	ছোটদের অভিনয়
শাহাদৎ হোসেন	মসনদের মোহ
মমতাজউদদীন আহমদ	স্বাধীনতা আমার স্বাধীনতা : স্বদেশী আন্দোলনের পটভূমিতে রচিত।
	পালা
	সুখী মানুষ : একটি নাটিকা।
	সাত ঘাটের কানাকড়ি
জিয়া হায়দার	এলেবেলে
হানিফ সংকেত	শোধ-বোধ
আ. ন. ম বজলুর রশীদ	উত্তরণ
	উত্তর ফাল্গুনী
মোহাম্মদ আবুল হাশেম	গরীবের ক্ষেত

MCQ Solution

১. **বাংলা ভাষায় রচিত প্রথম নাটক কোনটি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিরাপত্তা অপারেটর : ২১]
ⓚ ভদ্রার্জুন ⓚh নীলদর্পণ
ⓖ শর্মিষ্ঠা ⓖh কবর **উত্তর:** ক

২. **বাংলায় প্রথম মৌলিক নাটক রচনা করেন?** [হাজী মোহাম্মদ দানেশ বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৫-১৬]
ⓚ হরচন্দ্র ঘোষ ⓚh তারাচরণ শিকদার
ⓖ নন্দকুমার ঘোষ ⓖh রামনারায়ণ তর্করত্ন **উত্তর:** খ

৩. **বাংলা মৌলিক নাটকের যাত্রা শুরু হয় কোন নাট্যকারের হাতে?** [২৭তম বিসিএস]
ⓚ মধুসূদন দত্ত
ⓚh দীনবন্ধু মিত্র
ⓖ জ্যোতিন্দ্রনাথ ঠাকুর
ⓖh রামনারায়ণ তর্করত্ন **উত্তর:** ঘ
ব্যাখ্যা: অপশনের চারজনের মধ্যে প্রথম মৌলিক নাটক রচনা করেন রামনারায়ণ তর্করত্ন।

৪. **বাংলা ভাষায় প্রথম মৌলিক সামাজিক নাটক-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (L ইউনিট) : ১১-১২]
ⓚ কৃষ্ণকুমারী ⓚh নীলদর্পণ
ⓖ প্রফুল্ল ⓖh কুলীনকুলসর্বস্ব **উত্তর:** ঘ

৫. **'কুলীনকুলসর্বস্ব' নাটকটি কার লেখা?** [৩৪তম বিসিএস]
ⓚ দীনবন্ধু মিত্র ⓚh মাইকেল মধুসূদন দত্ত
ⓖ রামনারায়ণ তর্করত্ন ⓖh রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** গ

৬. **প্রথম বিয়োগান্তক নাটক-** [জনশক্তি ও কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
ⓚ ভদ্রার্জুন ⓚh কীর্তিবিলাস
ⓖ ছদ্মবেশ ⓖh হরিশচন্দ্র **উত্তর:** খ

৭. **গিরিশচন্দ্র ঘোষের প্রথম ও শ্রেষ্ঠ বিয়োগাত্মক নাটক-** [শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৩]
ক) চণ্ড খ) জনা
গ) প্রফুল্ল ঘ) হারানিধি **উত্তর:** গ

৮. **'সুবচন নির্বাসনে' নাটকটি কে লিখেছেন?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ : ১৪]
ক) কল্যাণ মিত্র খ) আবদুল্লাহ আল মামুন
গ) সৈয়দ শামসুল হক ঘ) হুমায়ূন আহমেদ **উত্তর:** খ

৯. **আবদুল্লাহ আল মামুনের নাটক কোনটি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৩-১৪]
ক) এলেবেলে খ) নেমেসিস
গ) কোকিলারা ঘ) মধুমালা **উত্তর:** গ

১০. **'মানচিত্র' কী ধরনের বই?** [সড়ক ও জনপদ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ০৩]
ক) মহাকাব্য খ) গীতিকাব্য
গ) কোষকাব্য ঘ) নাট্যকাব্য **উত্তর:** ঘ

১১. **'মানচিত্র' নাটক কে রচনা করেন?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৬/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (গোলাপ) : ০৯]
ক) তুলসী লাহিড়ী খ) আনিস চৌধুরী
গ) মামুনুর রশীদ ঘ) দীনবন্ধু মিত্র **উত্তর:** খ

১২. **বাংলাদেশের একজন প্রখ্যাত নাট্যকার-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
ক) আবদুল মান্নান সৈয়দ
খ) মমতাজউদদীন আহমদ
গ) সরদার জয়েনউদ্দীন
ঘ) শহীদুল্লা কায়সার **উত্তর:** খ

১৩. **বাংলাদেশের একজন প্রখ্যাত নাট্যকার-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শাপলা) : ০৯]
ক) মামুনুর রশীদ খ) আবদুল মান্নান সৈয়দ
গ) শহীদুল্লা কায়সার ঘ) আবুল হোসেন **উত্তর:** ক

১৪. **'ওরা কদম আলী' নাটকটির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২]
ক) মামুনুর রশীদ খ) মমতাজউদদীন আহমদ
গ) ইব্রাহীম খলিল ঘ) ওবায়েদ-উল হক **উত্তর:** ক

১৫. **'স্বাধীনতা আমার স্বাধীনতা' নাটকের রচয়িতা কে?** [৮ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১৩]
ক) শামসুর রাহমান
খ) মমতাজউদদীন আহমদ
গ) সৈয়দ শামসুল হক
ঘ) আবদুল্লাহ আল মামুন **উত্তর:** খ

১৬. **'শোধ-বোধ' নাটকটি কে রচনা করেছেন?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ঢাকা বিভাগ) : ০৭]
ক) হুমায়ূন আহমেদ খ) হানিফ সংকেত
গ) মামুনুর রশীদ ঘ) মাসুম রেজা **উত্তর:** খ

১৭. **'ওরে বিহঙ্গ' নাটকটি কার রচনা?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) : ১৩]
ক) মামুনুর রশীদ
খ) মমতাজউদদীন আহমদ
গ) জোবেদা খানম
ঘ) ইব্রাহীম খলিল **উত্তর:** গ

১৮. **'ছোটদের অভিনয়' নাটকটি কার রচনা?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (যমুনা) : ১৩]
ক) আলাউদ্দিন আল আজাদ
খ) আবুল কালাম আবদুল ওহাব
গ) জিয়া হায়দার
ঘ) সেলিম আল দীন **উত্তর:** খ

১৯. **'মসনদের মোহ' নাটকটির রচয়িতা কে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১৫]
ক) আকবর উদ্দীন খ) ইব্রাহীম খাঁ
গ) দ্বিজেন্দ্রলাল রায় ঘ) শাহাদৎ হোসেন **উত্তর:** ঘ

২০. **'ছেঁড়া তার' নাটকটির রচয়িতা কে?** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ০৫]
ক) মুনীর চৌধুরী
খ) তুলসী লাহিড়ী
গ) বিজন ভট্টাচার্য
ঘ) আবদুল্লাহ আল মামুন **উত্তর:** খ

২১. **'মৃচ্ছকটিক' নাটকের রচয়িতার নাম কী?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ০৫]
ক) ভরত খ) মন্ময় রায়
গ) শূদ্রক ঘ) ডি এল রায় **উত্তর:** গ

২২. **'কালবেলা' নাটকটির লেখক কে?** [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ০৬]
ক) আনিস চৌধুরী খ) সাঈদ আহমেদ
গ) মুনীর চৌধুরী ঘ) কল্যাণ মিত্র **উত্তর:** খ

২৩. **'নবান্ন' নাটক লিখেছেন-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২]
ক) অমৃতলাল বসু খ) সিকান্দার আবু জাফর
গ) নুরুল মোমেন ঘ) বিজন ভট্টাচার্য **উত্তর:** ঘ

২৪. **নিচের কোনটি নাটক?** [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর সহকারী পরিচালক : ০৬]
ক) এক পয়সার বাঁশি খ) বহুবচন
গ) উত্তরণ ঘ) খাতার শেষপাতা **উত্তর:** গ

২৫. **বাংলাদেশের প্রখ্যাত নাট্য নির্দেশক-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ১ ইউনিট) : ১৮-১৯]
ক) মামুনুর রশীদ, আব্দুল্লাহ আল মামুন, রশীদ হায়দার
খ) আব্দুল্লাহ আল মামুন, নাসিরউদ্দীন ইউসুফ, সৈয়দ জামিল আহমেদ
গ) নাসিরউদ্দীন ইউসুফ, মামুনুর রশীদ, ফেরদৌসী রহমান
ঘ) আতাউর রহমান, সৈয়দ জামিল আহমেদ, সৈয়দ মনজুরুল ইসলাম
উত্তর: খ

বাংলা প্রবন্ধ

সাধারণত কল্পনাশক্তি ও বুদ্ধিবৃত্তিকে আশ্রয় করে লেখক কোনো বিষয়বস্তু সম্পর্কে যে আত্মসচেতন নাতিদীর্ঘ সাহিত্যরূপ সৃষ্টি করেন, তাকেই প্রবন্ধ নামে অভিহিত করা হয়। ব্যুৎপত্তিগত অর্থে প্রকৃষ্ট বন্ধনযুক্ত রচনাকেই প্রবন্ধ বলা যেতে পারে। প্রবন্ধ রচনার ক্ষেত্রে শুরু থেকে শেষ পর্যন্ত ভাবের সমতা বজায় রাখতে হয়।

সাহিত্য ইতিহাস

লেখক	ইতিহাস বিষয়ক গ্রন্থ
রামগতি ন্যায়রত্ন	বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্যে বিষয়ক প্রস্তাব (১৮৭৩) : বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক প্রাচীনতম গ্রন্থ।
ড. দীনেশচন্দ্র সেন	বঙ্গভাষা ও সাহিত্য (১৮৯৬) : বাংলা সাহিত্যের প্রথম উল্লেখযোগ্য ইতিহাসগ্রন্থ।
ড. সুকুমার সেন	বাঙ্গালা সাহিত্যের কথা (১৯৩৯)
	বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (১৯৪০)
নাজিরুল ইসলাম মোহাম্মদ সুফিয়ান	বাংলা সাহিত্যের নতুন ইতিহাস (১৯৫০) : মুসলমান রচিত প্রথম বাংলা সাহিত্যের ইতিহাস।
ড. মুহম্মদ শহীদুল্লাহ	বাংলা সাহিত্যের কথা (দুই খণ্ড)
মুহম্মদ আবদুল হাই ও সৈয়দ আলী আহসান	বাংলা সাহিত্যের ইতিবৃত্ত
ড. অসিতকুমার বন্দ্যোপাধ্যায়	বাংলা সাহিত্যের ইতিবৃত্ত
ভূদেব চৌধুরী	বাংলা সাহিত্যের ইতিকথা
ড. ওয়াকিল আহমেদ	বাংলা সাহিত্যের পুরাবৃত্ত
গোপাল হালদার	বাংলা সাহিত্যের রূপরেখা

রম্য রচনা

রচয়িতা	রম্য রচনা
তাজাকলম	চেনা মানুষের ইতিকথা
কাজী দীন মোহাম্মদ	গোলকচন্দ্রের আত্মকথা
মুহম্মদ আবদুল হাই	তোষামোদ ও রাজনীতির ভাষা

ভ্রমণকাহিনী

রচয়িতা	ভ্রমণকাহিনী
অন্নদাশঙ্কর রায়	পথে-প্রবাসে
যাযাবর	দৃষ্টিপাত
জহুরুল হক	সাত সাঁতার
আ.ন.ম বজলুর রশীদ	দ্বিতীয় পৃথিবীতে
সানাউল হক	বন্দর থেকে বন্দরে
রাহুল সাংকৃত্যায়ন	ভলগা থেকে গঙ্গা (অনূদিত গ্রন্থ)
বিপ্রদাশ বড়ুয়া	মংড়ুর পথে

MCQ Solution

১. **প্রবন্ধের বাহন কী?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
ক কাহিনি খ সংলাপ
গ বিষয়বস্তু ঘ চরিত্র **উত্তর:** গ

২. **'প্রবন্ধ' শব্দটির অর্থ কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ক প্রকৃষ্ট বন্ধন খ প্রকৃষ্ট রচনা
গ প্রথম বন্ধন ঘ প্রথম রচনা **উত্তর:** ক

৩. **প্রবন্ধ রচনার ক্ষেত্রে শুরু থেকে শেষ পর্যন্ত সমতা বজায় রাখতে হবে-** [সমন্বিত পাঁচ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অফিসার : ১৮]
ক বাক্যের দৈর্ঘ্যের খ ভাষারীতির
গ শব্দসীমার ঘ ভাবের **উত্তর:** ঘ

৪. **বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস বিষয়ক গ্রন্থ কে রচনা করেন?** [২৭তম বিসিএস/ ২৫তম বিসিএস/ ২২তম বিসিএস]
ক দীনেশচন্দ্র সেন খ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ মুহম্মদ শহীদুল্লাহ ঘ মুহম্মদ এনামুল হক **উত্তর:** ক

৫. **কোন গ্রন্থটি বাংলা সাহিত্যের ইতিহাস?** [ঢাকা ইলেকট্রিকেল সাপ্লাই কোম্পানির অ্যাসিসটেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার : ১৯]
ক মুসলিম মানস ও বাংলা সাহিত্য
খ বঙ্গভাষা ও সাহিত্য
গ বাংলা গদ্যরীতির ইতিহাস
ঘ বাংলা সাহিত্যে গদ্য **উত্তর:** খ

৬. **বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (আধুনিক) কারা রচনা করেন?** [২২তম বিসিএস]
ক ড. মুহম্মদ শহীদুল্লাহ ও সৈয়দ হাসান আলী
খ ড. মুহম্মদ শহীদুল্লাহ ও মুহম্মদ আবদুল হাই
গ মুহম্মদ আবদুল হাই, আনিসুজ্জামান ও আনোয়ার পাশা
ঘ মুহম্মদ আবদুল হাই ও সৈয়দ আলী আহসান **উত্তর:** ঘ

৭. **বাংলা সাহিত্যের ইতিবৃত্ত - কে লিখেছেন?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ক সুকুমার সেন খ সুনীতিকুমার
গ হায়াৎ মাহমুদ ঘ হুমায়ুন আজাদ **উত্তর:**
ব্যাখ্যা: বাংলা সাহিত্যের ইতিবৃত্ত- গ্রন্থটির রচয়িতা মুহম্মদ আবদুল হাই, পুনর্লিখন করেছেন সৈয়দ আলী আহসান।

৮. **ড. মুহম্মদ শহীদুল্লাহর বাংলা সাহিত্যের ইতিহাস গ্রন্থের নাম-** [৩৭তম বিসিএস/ ২৬তম বিসিএস]
ক বঙ্গভাষা ও সাহিত্য খ বাংলা সাহিত্যের কথা
গ বাঙ্গালা সাহিত্যের ইতিহাস
ঘ বাংলা সাহিত্যের ইতিবৃত্ত **উত্তর:** খ

৯. 'বাংলা সাহিত্যের কথা (দুই খণ্ড)' গ্রন্থটি রচনা করেন- [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৫]
ⓚ মুহম্মদ আবদুল হাই
ⓚ মুহম্মদ শহীদুল্লাহ
ⓖ সৈয়দ আলী আহসান
ⓘ কাজী মোতাহার হোসেন **উত্তর:** খ

১০. 'বাংলা সাহিত্যের কথা' গ্রন্থটি রচনা করেন- [শিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) : ২২]
ⓚ মুহম্মদ আবদুল হাই ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ⓖ সুকুমার সেন ⓘ মুহম্মদ এনামুল হক **উত্তর:** খ

১১. নিচের কোনটি ভ্রমণকাহিনী? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক : ১৩/ তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৩]
ⓚ দুই দেশ, দুই মন ⓚ পার্থিব
ⓖ জঙ্গম ⓘ ভলগা থেকে গঙ্গা **উত্তর:** ঘ

১২. কোনটি গ্রন্থটি বাংলায় অনুদিত হয়েছে? [নির্বাচন কমিশন সচিবালয়ে জেলা নির্বাচন অফিসার ও সহকারী সচিব : ০৪]
ⓚ দৃষ্টিপাত ⓚ সাহেব বিবি গোলাম
ⓖ উড়ুক্কু ⓘ ভলগা থেকে গঙ্গা **উত্তর:** ঘ

১৩. যে বইতে যাযাবর বলেছেন-"আধুনিক সভ্যতা দিয়েছে বেগ, নিয়েছে আবেগ" তার নাম- [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ⓚ বৃষ্টিপাত ⓚ কৃষ্টিপাত
ⓖ জামপাত ⓘ দৃষ্টিপাত **উত্তর:** ঘ

১৪. নিচের কোনটি ভ্রমণ সাহিত্য বিষয়ক গ্রন্থ নয়? [৩৬তম বিসিএস]
ⓚ চার-ইয়ারি কথা ⓚ পালামৌ
ⓖ দৃষ্টিপাত ⓘ দেশে-বিদেশে **উত্তর:** ক

প্রবন্ধ

প্রাবন্ধিক	প্রবন্ধ
মুহম্মদ আবদুল হাই	• তোষামদ ও রাজনীতির ভাষা • ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনি তত্ত্ব • ভাষা ও সাহিত্য • সাহিত্য ও সংস্কৃতি • বিলেতে সাড়ে সাত শ'দিন : ভ্রমণ কাহিনী।
বদরুদ্দীন ওমর	ভাষা আন্দোলন সম্পর্কিত সবচেয়ে বেশি প্রামাণ্য ও মৌলিক গ্রন্থের লেখক। • পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি • সংস্কৃতির সংকট • সাংস্কৃতিক সাম্প্রদায়িকতা • সাম্প্রদায়িকতা
নীরদচন্দ্র চৌধুরী	• আত্মঘাতী বাঙালী
নীহাররঞ্জন রায়	• বাঙ্গালীর ইতিহাস : প্রাচীন বাংলার জনপদ ও অর্থনীতির পরিচয় পাওয়া যায়।
মোহাম্মদ বরকতুল্লাহ	• নয়া জাতির স্রষ্টা হযরত মোহম্মদ : গ্রন্থটির জন্য দাউদ পুরস্কার, প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড এবং সিতারা-ই-ইমতিয়াজ পদক পান। • পারস্য প্রতিভা • বিদায় হজ্জ্ব
আবদুস সাত্তার	উপজাতীয় জীবন, কৃষ্টি ও সংস্কৃতি তাঁর প্রবন্ধের আলোচনার বিষয়। • আরণ্য জনপদে • আরণ্য সংস্কৃতি
গোপাল হালদার	• সংস্কৃতির রূপান্তর
গুলবদন বেগম	• হুমায়ূন নামা
অলি আহাদ	• জাতীয় রাজনীতি : ১৯৪৫ থেকে ৭৫
খান মুহাম্মদ মঈনুদ্দীন	• যুগস্রষ্টা নজরুল
যতীন সরকার	• সাহিত্যের কাছে প্রত্যাশা
হুমায়ুন কবির	• বাংলার কাব্য
আবদুল হক	• চেতনার অ্যালবাম
দ্বিজেন শর্মা	• গহন কোন বনের ধারে
কবির চৌধুরী	• পহেলা বৈশাখ
শামসুজ্জামান খান	• বাংলা নববর্ষ
হায়াৎ মামুদ	• সাহিত্যের রূপ ও রীতি
মুস্তফা মনোয়ার	• শিল্পকলার নানা দিক
কামরুল হাসান	• আমাদের লোকশিল্প
এ.কে.শেরাম	• বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা
সানজীদা খাতুন	• মাদার তেরেসা
ড. মযহারুল ইসলাম	• বঙ্গবন্ধু শেখ মুজিব
গোলাম মুরশিদ	• হাজার বছরের বাঙালি সংস্কৃতি

MCQ Solution

১. মুহম্মদ আবদুল হাই রচিত ধ্বনি বিজ্ঞান বিষয়ক গ্রন্থের নাম কী? [৩৭তম বিসিএস]
ⓚ বাংলা ধ্বনিবিজ্ঞান
ⓚ আধুনিক বাংলা ধ্বনিবিজ্ঞান
ⓖ ধ্বনিবিজ্ঞানের কথা
ⓘ ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব **উত্তর:** ঘ

২. **'বিলাতে সাড়ে সাত শ'দিন' গ্রন্থটির রচয়িতা কে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার : ১৭]
ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ ⓚ ড. এনামুল হক
ⓖ মুহম্মদ আবদুল হাই ⓖ ইব্রাহীম খাঁ **উত্তর:** গ

৩. **ভাষা আন্দোলন সম্পর্কে সবচেয়ে প্রামাণ্য ও মৌলিক গ্রন্থের লেখক কে?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]
ⓚ বশীর আল হেলাল ⓚ ড. রফিকুল ইসলাম
ⓖ বদরুদ্দীন ওমর ⓖ ড. আহমদ শরীফ **উত্তর:** গ

৪. **'পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি' গ্রন্থটির রচয়িতা কে?** [খাদ্য অধিদপ্তরের স্প্রেম্যান : ২২]
ⓚ অলি আহাদ
ⓚ মাহবুব উল আলম চৌধুরী
ⓖ বদরুদ্দীন ওমর
ⓖ আহমদ ছফা **উত্তর:** গ

৫. **'সংস্কৃতির সংকট' প্রবন্ধ গ্রন্থটি রচনা করেছেন-** [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]
ⓚ বদরুদ্দীন ওমর
ⓚ আবুল কালাম মনজুর মোরশেদ
ⓖ মোহাম্মদ মনিরুজ্জামান
ⓖ সৈয়দ শামসুল হক **উত্তর:** ক

৬. **'বাঙ্গালীর ইতিহাস' বইটির লেখক কে?** [১৮তম বিসিএস/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
ⓚ নীহাররঞ্জন রায় ⓚ অধ্যাপক আবদুল করিম
ⓖ অধ্যাপক সুনীত ⓖ আর.সি. মজুমদার **উত্তর:** ক

৭. **প্রাচীন বাংলার জনপদ ও অর্থনীতির পরিচয় প্রথম কার কোন গ্রন্থে গুরুত্বসহ উল্লেখ করা হয়?** [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
ⓚ নীহাররঞ্জন রায়ের 'বাঙালীর ইতিহাস'
ⓚ আহমদ শরীফের 'বাঙালী ও বাঙলা সাহিত্য'
ⓖ অতুল সুরের 'বাঙালির নৃতাত্ত্বিক পরিচয়'
ⓖ দীনেশচন্দ্র সেনের 'বৃহৎবঙ্গ' **উত্তর:** ক

৮. **'আত্মঘাতী বাঙালী' কার রচিত গ্রন্থ?** [২০তম বিসিএস]
ⓚ অশোক মিত্র ⓚ দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়
ⓖ নীরদচন্দ্র চৌধুরী ⓖ অতুল সুর **উত্তর:** গ

৯. **'পারস্য প্রতিভা' গ্রন্থের রচয়িতা কে?** [পরিবেশ অধিদপ্তরের ফিল্ড ইনভেস্টিগেটর ও রিসার্চ অ্যাসিস্টেন্ট : ০৬]
ⓚ মওলানা আকরম খাঁ ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ⓖ মুহম্মদ আবদুল হাই ⓖ মোহাম্মদ বরকতুল্লাহ **উত্তর:** ঘ

১০. **'বিদায় হজ্জ' গ্রন্থের রচয়িতা কে?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ০৪]
ⓚ এস ওয়াজেদ আলী
ⓚ মোহাম্মদ লুৎফর রহমান
ⓖ ইয়াকুব আলী চৌধুরী
ⓖ মোহাম্মদ বরকতুল্লাহ **উত্তর:** ঘ

১১. **'জাতীয় রাজনীতি : ১৯৪৫ থেকে ৭৫' গ্রন্থটির রচয়িতা কে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৬]
ⓚ অলি আহাদ
ⓚ আবদুল গাফফার চৌধুরী
ⓖ আবুল মনসুর আহমদ
ⓖ মুনতাসির মামুন **উত্তর:** ক

১২. **'সংস্কৃতির রূপান্তর' গ্রন্থটির রচয়িতা কে?** [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ৯৯]
ⓚ গোপাল হালদার ⓚ সুফিয়া কামাল
ⓖ শহীদুল্লা কায়সার ⓖ আলতাফ মাহমুদ **উত্তর:** ক

১৩. **'হুমায়ুন নামা' এর রচয়িতা-** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী (সিভিল ইঞ্জিনিয়ারিং) : ৯৯]
ⓚ নূরজাহান ⓚ গুলবদন বেগম
ⓖ হুমায়ূন ⓖ আবুল ফজল **উত্তর:** খ

১৪. **'যুগস্রষ্টা নজরুল' গ্রন্থটি কার রচনা?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন অ্যাডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার : ০৬]
ⓚ কবি আতাউর রহমান
ⓚ কবি বেনজীর আহমদ
ⓖ মাহমুদ নূরুল হুদা
ⓖ খান মুহাম্মদ মঈনুদ্দীন **উত্তর:** ঘ

১৫. **'সাহিত্যের কাছে প্রত্যাশা' কার লেখা বই?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৬]
ⓚ আহমদ রফিক
ⓚ সিরাজুল ইসলাম চৌধুরী
ⓖ যতীন সরকার
ⓖ বদরুদ্দীন ওমর **উত্তর:** গ

১৬. **নিচের কোনটি প্রবন্ধ গ্রন্থ?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৯-২০]
ⓚ রাণুর প্রথমভাগ
ⓚ জীবন ও রাজনৈতিক বাস্তবতা
ⓖ বাঙালির হাসির গল্প
ⓖ বাংলার কাব্য **উত্তর:** ঘ

১৭. **'বঙ্গবন্ধু শেখ মুজিব' গ্রন্থের রচয়িতা-** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিরাপত্তা অপারেটর : ২১]
ⓚ সেলিনা হোসেন ⓚ রশীদ করিম
ⓖ ড. মযহারুল ইসলাম ⓖ সৈয়দ শামসুল হক **উত্তর:** গ

১৮. **'হাজার বছরের বাঙালি সংস্কৃতি' বইটির লেখক কে?** [সিজিএ এর অফিস সহায়ক : ২২]
ⓚ কাজী মোতাহার হোসেন
ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ গোলাম মুরশিদ **উত্তর:** ঘ

কাব্য

মহাকাব্য (Epic)

মহাকাব্যে সর্গবিভাগ থাকে এবং সর্গ সংখ্যা হয় অষ্টাধিক।

বাংলা মহাকাব্য	রচয়িতা
রৈবতক, কুরুক্ষেত্র, প্রভাস	নবীনচন্দ্র সেন
হেলেনা কাব্য	আনন্দচন্দ্র মিত্র
কাসেমবধ কাব্য	হামিদ আলী
পৃথ্বীরাজ, শিবাজী	যোগীন্দ্রনাথ বসু
বৃত্রসংহার	হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

MCQ Solution

১. **মহাকাব্য ন্যূনতম কয় সর্গে হয়?** [চবি (চ ইউনিট) : ১৪-১৫]
ⓚ ছয় ⓚ আট
ⓖ নয় ⓖ এগারো **উত্তর:** খ

২. **কে মহাকাব্য রচয়িতা নন?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ২১]
(ক) বিহারীলাল চক্রবর্তী (খ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
(গ) নবীনচন্দ্র সেন (ঘ) কায়কোবাদ **উত্তর:** ক

৩. **'রৈবতক', 'কুরুক্ষেত্র', 'প্রভাস' এই ত্রয়ী মহাকাব্য কার রচনা?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
(ক) নবীনচন্দ্র সেন (খ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
(গ) কাজেম আল কোরেশী (ঘ) মধুসূদন দত্ত **উত্তর:** ক

৪. **'বৃত্রসংহার' মহাকাব্যের রচয়িতা কে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
(ক) মাইকেল মধুসূদন দত্ত (খ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
(গ) নবীনচন্দ্র সেন (ঘ) যোগীন্দ্রনাথ বসু **উত্তর:** খ

৫. **কোন গ্রন্থটি মহাকাব্য?** [২৬তম বিসিএস/ বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]
(ক) অবকাশ রঞ্জিনী (খ) বৃত্রসংহার
(গ) বিরহবিলাপ (ঘ) বীরাঙ্গনা কাব্য **উত্তর:** খ

গীতিকবিতা (Lyric)

বাংলা সাহিত্যের সর্বাধিক সমৃদ্ধ ধারা। গীতিকবিতা কবির আত্মমুকুর। গীতিকবিতায় কবি হৃদয়ের অনুভূতি বা একান্ত ব্যক্তিগত বাসনাকামনা সঙ্গীতমাধুর্যসহকারে রূপায়িত হয়। গীতিকাবতায় প্রকৃতি ও নারীকে কেন্দ্র করে সৌন্দর্য ও প্রেমের রহস্য জটিল রূপটি প্রদর্শিত হয়। বিহারীলাল আধুনিক বাংলা গীতিকাব্যের প্রথম ও প্রধান কবি। বাংলা গীতিকবিতার পুনর্বিকাশ ঘটে রবীন্দ্রনাথের হাতে।

MCQ Solution

১. **Lyric শব্দের প্রতিশব্দ-** [সমন্বিত ৯ ব্যাংক অফিসার (জেনারেল) : ২২]
(ক) সংগীত (খ) সুর
(গ) গান (ঘ) গীতিকবিতা **উত্তর:** ঘ

২. **বাংলা সাহিত্যের সর্বাধিক সমৃদ্ধ ধারা-** [১২তম বিসিএস]
(ক) নাটক (খ) ছোটগল্প
(গ) প্রবন্ধ (ঘ) গীতিকবিতা **উত্তর:** ঘ

৩. **আত্মভাবপ্রধান কবিতা হলো-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৮-১৯]
(ক) মহাকাব্য (খ) গীতিকবিতা
(গ) চিত্রকাব্য (ঘ) বঙ্গকাব্য **উত্তর:** খ

৪. **কোন কাব্যের সুর প্রকৃতি ও নারী প্রেম?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৯-১০]
(ক) খণ্ডকাব্য (খ) গীতিকাব্য
(গ) মহাকাব্য (ঘ) প্রণয়কাব্য **উত্তর:** খ

৫. **বাংলা গীতিকবিতার জনক কে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(গ) বিহারীলাল চক্রবর্তী (ঘ) প্যারীচাঁদ মিত্র **উত্তর:** গ

৬. **বাংলা গীতিকবিতার পুনর্বিকাশ ঘটে-** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৫]
(ক) সত্যেন্দ্রনাথ দত্তের হাতে
(খ) কাজী নজরুল ইসলামের হাতে
(গ) রবীন্দ্রনাথ ঠাকুরের হাতে
(ঘ) রজনীকান্ত সেনের হাতে **উত্তর:** গ

আধুনিক কবিতা

বাংলা সাহিত্যে আধুনিক কবিতার স্রষ্টাদের মধ্যে ৫ জন প্রধান কবিকে 'পঞ্চপাণ্ডব' বলা হয়। তাঁরা হলেন- জীবনানন্দ দাশ, বিষ্ণু দে, বুদ্ধদেব বসু, সুধীন্দ্রনাথ দত্ত এবং অমিয় চক্রবর্তী। আধুনিকবাদী পঞ্চপাণ্ডবেরা ছিলেন ত্রিশের দশকের কবি। যে সকল সাহিত্যিক উনিশ শ' ত্রিশের সাহিত্যবলয় হতে মুক্ত হতে পারেন নি, তাদের ত্রিশোত্তর কালের সাহিত্যকার বলা হয়। সুকান্ত ভট্টাচার্যের কবিতায় আধুনিকতার ছাপ ছিল। অতি আধুনিক কবিদের মধ্যে সমর সেন, শামসুর রাহমানের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

MCQ Solution

১. **বাংলা সাহিত্যে পঞ্চপাণ্ডব কাকে বলা হয়?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ২১]
(ক) ৫ জন যোদ্ধাকে
(খ) ৫ জন কবিকে
(গ) ৫ জন নাট্যকারকে
(ঘ) ৫ জন সমালোচককে **উত্তর:** খ

২. **'পঞ্চপাণ্ডব' বলা হয়-** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মেডিকেল অফিসার : ০৩]
ক) তিরিশের কবিদের খ) চল্লিশের কবিদের
গ) পঞ্চাশের কবিদের ঘ) রবীন্দ্র যুগের কবিদের **উত্তর:** ক

৩. **কোন দুজন ত্রিশের দশকের লেখক?** [তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫]
ক) সুধীন্দ্রনাথ দত্ত ও বুদ্ধদেব বসু
খ) বিষ্ণু দে ও শওকত ওসমান
গ) সত্যেন্দ্রনাথ দত্ত ও ফররুখ আহমদ
ঘ) মোজাম্মেল হক ও শাহাদাত হোসেন **উত্তর:** ক

৪. **ত্রিশোত্তর কালের সাহিত্যকার কারা?** [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপজেলা সমাজসেবা অফিসার : ০৮]
ক) উনিশ শ' ত্রিশের পর যে সাহিত্যকারকের জন্ম
খ) উনিশ শ' ত্রিশের পর যাঁরা সাহিত্য রচনা শুরু করেন
গ) উনিশ শ' ত্রিশের সাহিত্যবলয় হতে যারা মুক্ত হতে পারেন নি
ঘ) তেরশ শ' ত্রিশের পর যাদের সাহিত্যিক সূচনা ও বিকাশ হয় **উত্তর:** গ

৫. **জীবনানন্দ দাশকে কোন সময়ের কবি বলা হয়?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AL ইউনিট) : ১৭-১৮]
ক) রোমান্টিক কবি খ) উত্তরাধুনিক কবি
গ) আধুনিক কবি ঘ) কোনোটিই নয় **উত্তর:** গ

কাব্যগ্রন্থ

রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়	• পদ্মিনী উপাখ্যান (১৮৫৮) : আধুনিক বাংলা সাহিত্যের প্রথম কাব্যগ্রন্থ। অন্যতম কবিতা স্বাধীনতা-সঙ্গীত। *স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে,* *কে বাঁচিতে চায়?* [স্বাধীনতা-সঙ্গীত]
বিহারীলাল চক্রবর্তী (১৮৩৫ - ১৮৯৪)	• বঙ্গসুন্দরী *সর্বদা হু হু করে মন,* *বিশ্ব যেন মরুর মতন;* [উপহার] • নিসর্গ সন্দর্শন • সারদামঙ্গল • সাধের আসন • বন্ধুবিয়োগ • প্রেমপ্রবাহিনী
হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়	• কবিতাবলী : উল্লেখযোগ্য কবিতা জীবন সঙ্গীত। কবিতাটি মার্কিন কবি Henry Wardsworth Longfellow এর 'A Psalm of life' শীর্ষক ইংরেজি কবিতার ভাবানুবাদ। কবিতাটির পঙ্ক্তি- *মহাজ্ঞানী মহাজন, যে পথে করে গমন হয়েছে প্রাতঃস্মরণীয়।* • চিন্তাতরঙ্গিণী • বীরবাহু • আশাকানন
কৃষ্ণচন্দ্র মজুমদার	• সদ্ভাবশতক : উল্লেখযোগ্য কবিতা সুখী দুঃখীর দুঃখ বুঝে না, দুঃখ বিনা সুখ হয় না, অপব্যয়ের ফল প্রভৃতি। *চিরসুখী জন ভ্রমে কি কখন,* *ব্যথিত বেদন বুঝিতে পারে?* *কি যাতনা বিষে বুঝিবে সে কিসে* *কভু আশীবিষে দংশেনি যারে।* [সুখী দুঃখীর দুঃখ বুঝে না] *কেন পান্থ ক্ষান্ত হও হেরি দীর্ঘ পথ? ...* *কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে,* *দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহিতে?* [দুঃখ বিনা সুখ হয় না] *যে জন দিবসে, মনের হরষে* *জ্বালায় মোমের বাতি;* [অপব্যয়ের ফল]
সুরেন্দ্রনাথ মজুমদার	• মহিলা
নবীনচন্দ্র সেন	• পলাশীর যুদ্ধ : ঐতিহাসিক গাথাকাব্য।
অক্ষয়কুমার বড়াল	• প্রদীপ : কবির প্রথম কাব্য। উল্লেখযোগ্য কবিতা মানববন্দনা। কবিতাটি অক্ষরবৃত্ত (পয়ার) ছন্দে রচিত। *একত্রে বরেণ্য তুমি, শরণ্য এককে* *আত্মার আত্মীয়।* [মানববন্দনা] • এষা • কণকাঞ্জলি • ভুল • শঙ্খ
রজনীকান্ত সেন	• অমৃত : কাব্যগ্রন্থের অন্তর্গত কবিতা স্বাধীনতার সুখ এর পঙ্‌ক্তি - *বাবুই পাখিরে ডাকি বলিছে চড়াই,* *কুঁড়ে ঘরে থেকে কর শিল্পের বড়াই,* *আমি থাকি মহাসুখে অট্টালিকা পরে* *তুমি কত কষ্ট পাও রোদ বৃষ্টি ঝড়ে।* • বাণী • কল্যাণী • অভয়া
মোহিতলাল মজুমদার	• স্বপন পসারী : কবিতা বেদুঈন। • ছন্দচতুর্দশী • হেমন্ত গোধূলি
যতীন্দ্রনাথ সেনগুপ্ত	• মরুমায়া : উল্লেখযোগ্য কবিতা নবান্ন। • মরুশিখা • ত্রিযামা
কালিদাস রায়	• পর্ণপুট : বিখ্যাত কবিতা বাবুরের মহত্ত্ব।
বিষ্ণু দে	• সন্দ্বীপের চর • সাত ভাই চম্পা • চোরাবালি • উর্বশী ও আর্টেমিস • নাম রেখেছি কোমল গান্ধার
গোবিন্দচন্দ্র দাস	• প্রেম ও ফুল • মগের মুলুক

আবুল হাসান	• পৃথক পালঙ্ক • যে তুমি হরণ করো • রাজা যায় রাজা আসে • আমার প্রেম আমার প্রতিনিধি
দাউদ হায়দার	• আমি ভালো আছি তুমি • নারকীয় ভুবনের কবিতা • জন্মই আমার আজন্ম পাপ
সমর সেন	• কয়েকটি কবিতা
আবদুল কাদির	• দিলরুবা • উত্তর বসন্ত • কাব্যমালঞ্চ
আ.ন.ম. বজলুর রশীদ	• মরুসূর্য • শীতে বসন্তে
মোহাম্মদ মাহফুজউল্লাহ	• অন্ধকারে একা • জুলেখার মন
মোহাম্মদ মনিরুজ্জামান	• প্রতনু প্রত্যাশা *কবিতায় আর কি লিখব?* *যখন বুকের রক্তে লিখেছি একটি নাম বাংলাদেশ।..* [শহীদ স্মরণে] • ভূমিহীন কৃষিজীবী ইচ্ছে তার
শহীদ কাদরী	• উত্তরাধিকার • তোমাকে অভিবাদন প্রিয়তমা • কোথাও কোনো ক্রন্দন নেই
মযহারুল ইসলাম	• বিচ্ছিন্ন প্রতিলিপি
প্রেমেন্দ্র মিত্র	• প্রথমা
আবু হেনা মোস্তফা কামাল	• আপন যৌবন বৈরী : উল্লেখযোগ্য কবিতা ছবি।
শঙ্খ ঘোষ	• মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে
হেলাল হাফিজ	• যে জলে আগুন জ্বলে : উল্লেখযোগ্য কবিতা - হৃদয়ের ঋণ, হিরণবালা, নিষিদ্ধ সম্পাদকীয় প্রভৃতি। *এখন যৌবন যার মিছিলে যাবার তার শ্রেষ্ঠ সময়* *এখন যৌবন যার যুদ্ধে যাবার তার শ্রেষ্ঠ সময়।* [নিষিদ্ধ সম্পাদকীয়] • কবিতা ৭১

MCQ Solution

১. **আধুনিক বাংলা সাহিত্যে প্রথম কাব্য কোনটি?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ক) মেঘনাদবধ খ) পদ্মিনী উপাখ্যান
গ) দিগদর্শন ঘ) ধূমকেতু **উত্তর:** খ

২. **"স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়"– চরণটি কার?** [১২তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক) ঈশ্বরচন্দ্র গুপ্ত খ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
গ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় ঘ) মধুসূদন দত্ত **উত্তর:** গ

৩. **উনিশ শতকের গীতিকাব্য ধারার অন্যতম কবি-** [সহকারী পরিসংখ্যান কর্মকর্তা, ২য় শ্রেণি : ৯৮]
ক) নবীনচন্দ্র সেন
খ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
গ) কামিনী রায়
ঘ) বিহারীলাল চক্রবর্তী **উত্তর:** ঘ

৪. **'সর্বদা হু হু করে মন, বিশ্ব যেন মরুর মতন' কোন কবির লেখা?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৬-১৭]
ক) বুদ্ধদেব বসু খ) বিহারীলাল
গ) বিষ্ণু দে ঘ) চণ্ডীদাস **উত্তর:** খ

৫. **'প্রেমপ্রবাহিনী' কাব্যের রচয়িতা কে?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার : ০৪]
ক) কায়কোবাদ খ) বিহারীলাল
গ) মশাররফ হোসেন ঘ) সত্যেন্দ্রনাথ দত্ত **উত্তর:** খ

৬. **"যে জন দিবসে মনের হরষে / জ্বালায় মোমের বাতি।" এই পঙক্তিটি কোন কবির কবিতা থেকে নেয়া হয়েছে?** [থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫]
ক) কৃষ্ণচন্দ্র মজুমদার খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) চণ্ডীদাস ঘ) কামিনী রায় **উত্তর:** ক

৭. **'যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি আশুগৃহে তার দেখিবে না আর নিশিতে প্রদীপ ভাতি।' – এই অংশের সম্প্রসারণে কোন ভাষাটি সঠিক?** [৬ষ্ঠ বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১০]
ক) দিনের বেলায় আলো উৎস সূর্য
খ) দিনের বেলায় প্রদীপ জ্বালানো আবশ্যক
গ) দিনের বেলায় প্রদীপ জ্বালানো অপব্যয়ের নামান্তর
ঘ) অপব্যয়ের পরিণাম অত্যন্ত দুঃখজনক **উত্তর:** ঘ

৮. **"কেন পান্থ ক্ষান্ত হও হেরি দীর্ঘ পথ?" - কার লেখা?** [৩৩তম বিসিএস]
ক) কৃষ্ণচন্দ্র মজুমদার খ) ঈশ্বরচন্দ্র গুপ্ত
গ) কামিনী রায় ঘ) যতীন্দ্রমোহন বাগচী **উত্তর:** ক

৯. **'কাঁটা হেরি ক্ষান্ত কেন ...... তুলিতে'-** [জনতা ব্যাংক লি. এক্সিকিউটিভ অফিসার : ১২]
ক) কুসুম খ) পুষ্প
গ) কমল ঘ) গোলাপ **উত্তর:** গ

১০. **উনিশ শতকের 'মহিলা' কাব্যের রচয়িতা কে?** [শ্রম মন্ত্রণালয়ের অধীন উপ-সহকারী পরিচালক : ০১]
ক) সুরেন্দ্রনাথ মজুমদার
খ) বিহারীলাল চক্রবর্তী
গ) সত্যেন্দ্রনাথ দত্ত
ঘ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় **উত্তর:** ক

১১. **'চিন্তাতরঙ্গিণী' কাব্যগ্রন্থের রচয়িতা কে?** [কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক : ০৭]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর
১৬. **কোন গ্রন্থ প্রকাশের মাধ্যমে বাংলা সাহিত্যে নতুন যুগের সূচনা হয়?** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ⓚ ভ্রান্তিবিলাস ⓛ সংস্কৃত সাহিত্যের ইতিহাস
ⓖ প্রভাবতী সম্ভাষণ ⓘ বেতালপঞ্চবিংশতি **উত্তর:** ঘ

১৭. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস' কোন নাটকের গদ্য অনুবাদ? [২৩তম বিসিএস]
ⓚ মার্চেন্ট অব ভেনিস ⓚ অ্যা মিডসামার নাইটস ড্রিম
ⓖ টেমিং অব দ্যা শ্রু ⓖ কমেডি অব এররস **উত্তর:** ঘ

১৮. নিচের কোনটি উইলিয়াম শেক্সপীয়রের গ্রন্থের অনুবাদ? [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ⓚ প্রভাবতী সম্ভাষণ ⓚ শকুন্তলা
ⓖ ভ্রান্তিবিলাস ⓖ সীতার বনবাস **উত্তর:** গ

১৯. 'অভিজ্ঞান শকুন্তলম' নাটকের রচয়িতা কে? [রাবি : ১০-১১]
ⓚ কালিদাস ⓚ জয়দেব
ⓖ বিশাখা দত্ত ⓖ ভট্ট নারায়ণ **উত্তর:** ক

২০. কালিদাসের 'অভিজ্ঞান শকুন্তলম' নাটকটি মূলত কোন ভাষায় রচিত? [রাবি (নাট্যকলা ও সঙ্গীত) : ০৯-১০]
ⓚ বাংলা ভাষায় ⓚ হিন্দি ভাষায়
ⓖ সংস্কৃত ভাষায় ⓖ ব্রজবুলি ভাষায় **উত্তর:** গ

২১. 'শকুন্তলা' কে অনুবাদ করেন? [ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.ফিল্ড অফিসার : ২২]
ⓚ প্যারীচাঁদ মিত্র ⓚ বিদ্যাসাগর
ⓖ রামমোহন রায় ⓖ অক্ষয়কুমার দত্ত **উত্তর:** খ

২২. শকুন্তলার পিতার নাম কি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা) : ০৯-১০]
ⓚ রাজ নারায়ণ ⓚ চন্দ্রপাল
ⓖ গোপাল পাল ⓖ মহর্ষি বিশ্বামিত্র **উত্তর:** ঘ

২৩. 'একি শরীরের রূপ, নাকি রূপের শরীর' রাজা দুষ্মন্ত কোন গদ্যাংশে এই উক্তি করেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১০-১১]
ⓚ হৈমন্তী ⓚ বিলাসী
ⓖ শকুন্তলা ⓖ অর্ধাঙ্গী **উত্তর:** গ


২৪. 'বুঝিলাম, আজ উদ্যানলতা, সৌন্দর্যগুণে, বনলতার নিকট পরাজিত হইল' উক্তিটি কোথা থেকে নেওয়া হয়েছে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
ⓚ শকুন্তলা ⓚ হৈমন্তী
ⓖ বিলসী ⓖ সৌদামিনী মালো **উত্তর:** ক

২৫. 'শকুন্তলা' উপাখ্যানে যে নদীর কথা উল্লেখ আছে- [রাবি (ইসলামের ইতিহাস) : ০৭-০৮]
ⓚ সমাগরা ⓚ তপোবন
ⓖ সারথি ⓖ মালিনী **উত্তর:** ঘ

২৬. ১৮৫৫ সালে বিদ্যাসাগরের লেখা কোন বইটি ক্লাসিক মর্যাদা লাভ করেছে? [থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫]
ⓚ শকুন্তলা ⓚ সীতার বনবাস
ⓖ বর্ণপরিচয় ⓖ ভ্রান্তিবিলাস **উত্তর:** গ

২৭. বিদ্যাসাগরের অনুবাদগ্রন্থ নয় কোনটি? [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৬]
ⓚ শকুন্তলা ⓚ সীতার বনবাস
ⓖ কথামালা ⓖ ভ্রান্তিবিলাস **উত্তর:** গ

মাইকেল মধুসূদন দত্ত (১৮২৪ - ১৮৭৩)



উনবিংশ শতাব্দীর বিখ্যাত সাহিত্যিক মাইকেল মধুসূদন দত্ত ১৮২৪ সালের ২৫ জানুয়ারি যশোরের কেশবপুর উপজেলার কপোতাক্ষ নদের তীরে অবস্থিত সাগরদাঁড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। ১৮৪৩ সালে তিনি খ্রিষ্টধর্ম গ্রহণ করে তিনি পিতৃপ্রদত্ত নামের শুরুতে 'মাইকেল' শব্দ যোগ করেন। তিনি ব্যারিস্টারি পাশ করেছিলেন, তবে এ পেশায় ভালো করতে পারেন নি। ছাত্রাবস্থায় তাঁর সাহিত্যচর্চার মাধ্যম ছিল ইংরেজি ভাষা। কিন্তু পরবর্তীতে বিদেশি ভাষার মোহ থেকে তিনি মাতৃভাষার কাছে ফিরে আসেন। তিনি The Madars Chronicle পত্রিকা সম্পাদনা করেন। ১৮৭৩ সালের ২৯ জুন কলকাতার আলিপুর হাসপাতালে তিনি মৃত্যুবরণ করেন।

মহাকাব্য

বাংলা সাহিত্যে মাইকেল মধুসূদন দত্তের প্রধান অবদান মহাকাব্য রচনা। তিনি বাংলা সাহিত্যের প্রথম মহাকবি।

- মেঘনাদবধ কাব্য (১৮৬১) : বাংলা সাহিত্যের সর্বপ্রথম ও সর্বশ্রেষ্ঠ মহাকাব্য। এটি বাংলা সাহিত্যের প্রথম সার্থক মহাকাব্য। অমিত্রাক্ষর ছন্দে রচিত। সর্গ সংখ্যা ৯টি। কাহিনীর উৎস সংস্কৃত মহাকাব্য রামায়ণ। মহাকাব্যটি ইংরেজিতে অনুবাদ করেন রাজনারায়ণ বসু। এটি একটি করুণ রসের কাব্য। মহাকাব্যে মাতৃভূমির প্রতি ভালোবাসা এবং দেশদ্রোহিতার বিরুদ্ধে প্রকাশিত হয় ঘৃণা।

  রামচন্দ্র কর্তৃক দ্বীপরাজ্য স্বর্ণলঙ্কা আক্রান্ত হলে রাজা রাবণ শত্রুর দৈব-কৌশলের কাছে অসহায় হয়ে পড়েন। রামচন্দ্র ভাসমান শিলার সাহায্যে সেতুনির্মাণ করে লঙ্কানগরীতে উপনীত হন। যুদ্ধে রাবণপুত্র বীরবাহু নিহত হন। জন্মভূমি রক্ষাহেতু প্রিয় পুত্রের আত্মবিসর্জনে রাবণ গর্ববোধ করে বলেন-

  যে ডরে, ভীরু সে মূঢ়; শত ধিক্ তারে! .

  [সমুদ্রের প্রতি রাবণ (মেঘনাদবধ কাব্য এর প্রথম সর্গের অংশ)]
  রামের হাতে শৃঙ্খলিত সমুদ্রকে দেখে রাবণ ব্যথিত হৃদয়ে সমুদ্রের প্রতি ব্যঙ্গোক্তি উচ্চারণ করেন -

  ফেনাময়, ফণাময় যথা ফণিবর,
  উথলিছে নিরন্তর গভীর নির্ঘোষে। .... [সমুদ্রের প্রতি রাবণ]

  লঙ্কানগরীতে অনুপ্রবেশের জন্য ছিল চারটি মূল সিংহদ্বার। লঙ্কা পূর্বদ্বারে অবস্থান নিলেন মহাবীর নীল, দক্ষিণ দুয়ারে অঙ্গদ, উত্তর দ্বারে বীরসিংহ রাজা সুগ্রীব আর পশ্চিমদ্বারে স্বয়ং রামচন্দ্র। রাবণের কনিষ্ঠ সহোদর বিভীষণ যুদ্ধে স্বপক্ষ

ত্যাগ করে। বিভীষণের স্ত্রীর সরমাও রামকে সহায়তা করে। বীরবাহুর মৃত্যুর পর অপর পুত্র মেঘনাদকে সেনাপতি নিয়োগ দেন পিতা রাবণ। মেঘনাদকে ইন্দ্রজিৎ বলা হতো কারণ তিনি দেবতাদের রাজা ইন্দ্র (বাসব) কে জয় করেছিলেন। মেঘনাদের স্ত্রী প্রমীলা এসময় ছিলেন প্রমোদ উদ্যানে। লঙ্কাপুরীতে গিয়ে পতির সঙ্গে মিলিত হওয়ার বাসনা প্রকাশ করেন সখীদের কাছে। রামের অনুচরবৃন্দদের এড়িয়ে লঙ্কায় প্রবেশ অসম্ভব জেনে প্রমীলা সাজেন যুদ্ধসাজে এবং বলেন *'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে* (রামকে বুঝানো হয়েছে)?

'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটুকু ষষ্ঠ সর্গ [শিরোনাম: বধো' (বধ)] থেকে সংকলিত। যুদ্ধযাত্রাকালে কপোট লক্ষ্মণের হাতে অন্যায় যুদ্ধে যজ্ঞাগারে অগ্নিদেবের পূজারত অবস্থায় মৃত্যু ঘটে নিরস্ত্র মেঘনাদের। যজ্ঞাগারে লক্ষ্মণের অনুপ্রবেশের পথপ্রদর্শক যে পিতৃব্য বিভীষণ, তা অনুধাবন করে মেঘনাদ (= অরিন্দম, বাসবত্রাস) বলেন,

এতক্ষণে - অরিন্দম কহিলা বিষাদে-
জানিনু কেমনে আসি লক্ষ্মণ পশিল ...

- হেক্টরবধ (১৮৭১) : অসমাপ্ত গ্রন্থ। হোমারের 'ইলিয়াড'এর বঙ্গানুবাদ।

কাব্যগ্রন্থ

মধুসূদন বাংলা কাব্যে আধুনিকতার পথিকৃৎ।

- *The captive Ladie* : ইংরেজিতে লেখা তাঁর প্রথম কাব্যগ্রন্থ।
- *Visions of the Past*
- তিলোত্তমাসম্ভব কাব্য (১৮৬০) : বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দে রচিত প্রথম গ্রন্থ। এটি একটি কাহিনী কাব্য। 'পদ্মাবতী' নাটকের দ্বিতীয় অঙ্কে সর্বপ্রথম অমিত্রাক্ষর ছন্দের প্রথম প্রয়োগ হলেও 'তিলোত্তমাসম্ভব' কাব্যগ্রন্থই অমিত্রাক্ষর ছন্দে রচিত প্রথম পূর্ণাঙ্গ গ্রন্থ।
- চতুর্দশপদী কবিতাবলী : বাংলা সাহিত্যের প্রথম সনেট সংকলন। উল্লেখযোগ্য কবিতা - বঙ্গভাষা, কপোতাক্ষ নদ, আশা, বঙ্গদেশে এক মান্য বন্ধুর উপলক্ষে প্রভৃতি।

হে বঙ্গ, ভাণ্ডারে তব বিবিধ রতন;-
তা সবে (অবোধ আমি!) অবহেলা করি,
পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।
কাটাইনু বহু দিন সুখ পরিহরি।
অনিদ্রায়, নিরাহারে সঁপি কায়, মনঃ
মজিনু বিফল তপে অবরণ্যে বরি;
কেলিনু শৈবালে, ভুলি কমল-কানন।
ওরে বাছা মাতৃকোষে রতনের রাজি,
এ ভিখারী দশা তবে কেন তোর আজি।
স্বপ্নে তব কুললক্ষ্মী কয়ে দিলা পরে-
"ওরে বাছা, মাতৃকোষে রতনের রাজি,
এ ভিখারী-দশা তবে কেন তোর আজি?
যা ফিরি, অজ্ঞান তুই, যা রে ফিরি ঘরে!"
পালিলাম আজ্ঞা সুখে; পাইলাম কালে
মাতৃ-ভাষা-রূপে খনি, পূর্ণ মণিজালে। [বঙ্গভাষা]

বঙ্গভাষা বাংলা সাহিত্যের প্রথম সনেট। 'বঙ্গভাষা' অষ্টক ও ষষ্টকে বিভক্ত। কবিতাটি অক্ষরবৃত্ত ছন্দে রচিত। কবিতাটির প্রথম শিরোনাম ছিল 'কবি-মাতৃভাষা'। কবিতাটিতে কবির বক্তব্য মাতৃভাষার প্রতি উপেক্ষার অনুতাপ।

শব্দার্থ : বিফল তপে - ব্যর্থ তপস্যায়। কেলিনু - খেলা করলাম। বাছা - বৎস$_{\text{সংস্কৃত}}$।

টীকা : পর-ধন -পাশ্চাত্য সাহিত্য। শৈবাল - পরভাষা। কমল-কানন - বাংলা ভাষা। কুললক্ষ্মী - ভাষাদেবী।

'মাতৃভাষা রূপ-খনি, পূর্ণ মণিজালে' - মাতৃভাষা (বঙ্গভাষা) ও সাহিত্যের ভাণ্ডার যেন রত্নখনি (খনির মতো অনন্ত রত্নসম্পদের আকর)।

হে বঙ্গ – বঙ্গ বলতে কবি বাংলা ভাষাকেই বুঝিয়েছেন।

সতত হে নদ, তুমি পড় মোর মনে।
সতত তোমার কথা ভাবি এ বিরলে। ....
বহু দেশে দেখিয়াছি বহু নদ-দলে,
কিন্তু সে স্নেহের তৃষ্ণা মিটে কার জলে?
দুগ্ধস্রোতরূপী তুমি জন্ম-ভূমি স্তনে।..... [কপোতাক্ষ নদ]

হায়রে কোথা সে বিদ্যা,
যে বিদ্যা বলে দূরে থাকি পার্থরথী তোমার চরণে।
[বঙ্গদেশে এক মান্য বন্ধুর উপলক্ষে]

- বীরাঙ্গনা : বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য। এতে ১১টি পত্র আছে।
- ব্রজাঙ্গনা : রাধা-কৃষ্ণ বিষয়ক বৈষ্ণব পদাবলির আধুনিক পরিণতি।

কবিতা

- বঙ্গভূমির প্রতি : একটি গীতি কবিতা।
জন্মিলে মরিতে হবে, অমর কে কোথা কবে,
চিরস্থির কবে নীর, হায় রে, জীবন-নদে? ....
সেই ধন্য নরকুলে, লোকে যারে নাহি ভুলে,
- রসাল ও স্বর্ণলতিকা
উর্দ্ধশির যদি তুমি কুল মনে ধনে;
করিওনা ঘৃণা তব নীচ শির জনে। ....

নাটক

- শর্মিষ্ঠা (১৮৫৮) : বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক। নাটকটির প্রস্তাবনা-*অলীক কুনাট্যরঙ্গে, মজে লোক রাঢ়ে ও বঙ্গে নিরখিয়া প্রাণে নাহি সয়।*
- পদ্মাবতী (১৮৬০) : বাংলা সাহিত্যের প্রথম সার্থক কমেডি।
- মায়াকানন
- কৃষ্ণকুমারী (১৮৬১) : মধুসূদনের শ্রেষ্ঠ নাটক। বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্র্যাজেডি। বাংলা সাহিত্যের প্রথম ঐতিহাসিক নাটক। প্রধান চরিত্র - ভীমসিং, বিলাসবতী।

প্রহসন

- একেই কি বলে সভ্যতা (১৮৫৯)
- বুড় সালিকের ঘাড়ে রোঁ (১৮৫৯) : বাংলা সাহিত্যে প্রথম পাশ্চাত্যধারা তথা ইংরেজি Farce-এর বৈশিষ্ট্য ও গুণ সমন্বিত প্রহসন। প্রধান চরিত্র - ভক্তপ্রসাদ বাবু।

MCQ Solution

১. **মাইকেল মধুসূদন দত্তের জীবনকাল কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার : ১৩]
ⓚ ১৮২২-১৮৭৩ ⓚ ১৮২৪-১৮৭৫
ⓖ ১৮২৪-১৮৭৩ ⓖ ১৮২৫-১৮৮০ **উত্তর:** গ

২. **মাইকেল মধুসূদন দত্ত কোন শতাব্দীতে জীবিত ছিলেন?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]
(ক) অষ্টাদশ শতাব্দী (খ) উনবিংশ শতাব্দী
(গ) বিংশ শতাব্দী (ঘ) একবিংশ শতাব্দী **উত্তর:** খ

৩. **মাইকেল মধুসূদন দত্ত যে গ্রামে জন্মগ্রহণ করেছিলেন-** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
(ক) বরুদিয়া (খ) সাগরদাঁড়ি
(গ) দেওয়াটখালি (ঘ) নারুচি **উত্তর:** খ

৪. **মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান কোনটি?** [নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স : ১৮]
(ক) মাগুরা (খ) যশোর
(গ) খুলনা (ঘ) সাতক্ষীরা **উত্তর:** খ

৫. **মাইকেল মধুসূদন দত্তের বাড়ি যশোর জেলার কোন উপজেলায়?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ০৭]
(ক) মণিরামপুর (খ) চৌগাছা
(গ) কেশবপুর (ঘ) অভয়নগর **উত্তর:** গ

৬. **মধুসূদন খ্রিষ্টধর্মে দীক্ষিত হন-** [সমাজসেবা অধিদপ্তরের উপ-সহকারী পরিচালক : ০৫]
(ক) ১৭৪৩ খ্রিষ্টাব্দে (খ) ১৮৪৩ খ্রিষ্টাব্দে
(গ) ১৯৪৩ খ্রিষ্টাব্দে (ঘ) ১৮৪৪ খ্রিষ্টাব্দে **উত্তর:** খ

৭. **মধুসূদনের মৃত্যু হয় কোথায়?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
(ক) ভার্সাই নগরে
(খ) কলকাতা মেডিকেল কলেজে
(গ) আলিপুর হাসপাতালে
(ঘ) সাগরদাঁড়ি নিজ বাসভবনে **উত্তর:** গ

৮. **মাইকেল মধুসূদন দত্তের প্রধান অবদান কোনটি?** [কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক : ০৭]
(ক) মহাকাব্য রচনা (খ) দেশপ্রেম বিষয়ক রচনা
(গ) সনেটের প্রবর্তন (ঘ) প্রহসন রচয়িতা **উত্তর:** ক

৯. **বাংলা সাহিত্যের প্রথম মহাকবি-** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ) : ০৩]
(ক) কায়কোবাদ (খ) মাইকেল মধুসূদন দত্ত
(গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) আলাওল **উত্তর:** খ

১০. **বাংলা সাহিত্যে সার্থক মহাকাব্যের রচয়িতা-** [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর সিনিয়র ইন্সট্রাক্টর : ২১]
(ক) নবীনচন্দ্র (খ) মাইকেল মধুসূদন দত্ত
(গ) মীর মশাররফ হোসেন (ঘ) কায়কোবাদ **উত্তর:** খ

১১. **মধুসূদন দত্ত যে সাহিত্য রচনা করে অমর হয়ে রয়েছেন তা হলো-** [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর : ২০]
(ক) বিষাদ-সিন্ধু (খ) তিলোত্তমা
(গ) মেঘনাদবধ (ঘ) দত্তা **উত্তর:** গ

১২. **বাংলা সাহিত্যের প্রথম সার্থক মহাকাব্য-** [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]
(ক) মহাভারত (খ) মহাশ্মশান
(গ) মেঘনাদবধ (ঘ) অশ্রুমালা **উত্তর:** গ

১৩. **'মেঘনাদবধ কাব্য' কত সালে প্রকাশিত হয়?** [৩৮তম বিসিএস/ মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
(ক) ১৮৫২ (খ) ১৮৫৩
(গ) ১৮৬১ (ঘ) ১৮৬৪ **উত্তর:** গ

১৪. **মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্যে'র উৎস কি?** [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
(ক) রামায়ণ (খ) মহাভারত
(গ) ভগবৎ (ঘ) কুমারসম্ভব **উত্তর:** ক

১৫. **মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য' প্রকৃতপক্ষে কোন রসের কাব্য?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
(ক) বীর রস (খ) করুণ রস
(গ) শান্ত রস (ঘ) মধুর রস **উত্তর:** খ

১৬. **'মেঘনাদবধ' কাব্যে সর্গ সংখ্যা কয়টি?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]
(ক) ১৫টি (খ) ৮টি
(গ) ১২টি (ঘ) ৯টি **উত্তর:** ঘ

১৭. **'মেঘনাদবধ' কোন ছন্দে রচিত?** [NBR এর গোয়েন্দা কর্মকর্তা : ১০]
(ক) পয়ার ছন্দে (খ) মুক্তক ছন্দে
(গ) ছড়ার ছন্দে (ঘ) অমিত্রাক্ষর ছন্দে **উত্তর:** ঘ

১৮. **'মেঘনাদবধ' কাব্যে কোনটির প্রবল প্রকাশ ঘটেছে?** [বাংলাদেশ ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার : ১৬]
(ক) জাতিসত্তা (খ) দেশপ্রেম
(গ) স্বজনপ্রীতি (ঘ) আত্মপ্রীতি **উত্তর:** খ

১৯. **মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাবধ কাব্য' ইংরেজিতে প্রথম অনুবাদ করেন কে?** [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৭]
(ক) দীনবন্ধু মিত্র (খ) রাজনারায়ণ বসু
(গ) সজনীকান্ত দাস (ঘ) ডি. এল. রায় **উত্তর:** খ

২০. **'যে ডরে, ভীরু সে মূঢ়; শত ধিক্ তারে!' উক্তিটি কোন কবিতার অংশ?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৩-১৪]
(ক) বঙ্গভাষা (খ) সমুদ্রের প্রতি রাবণ
(গ) মানব বন্দনা (ঘ) নিবেদন **উত্তর:** খ

২১. 'ফেনাময়, ফণাময় যথা ফণিবর,/ উথলিছে নিরন্তর গভীর নির্ঘোষে'। উক্তিটি কোন কবিতার অংশ? [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৩-১৪]
ক খেয়াপারের তরণী খ সমুদ্রের প্রতি রাবণ
গ বীরঙ্গনা ঘ পাঞ্জেরি **উত্তর:** খ

২২. 'মেঘনাদবধ' কাব্যে যুদ্ধের সময় পশ্চিম দুয়ারে রক্ষক হিসেবে কে ছিলেন? [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ক বীর নীল খ অঙ্গদ
গ রামচন্দ্র ঘ সুগ্রীব **উত্তর:** গ

২৩. "আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?"– 'ভিখারী রাঘব' কে? [সমাজকল্যাণ মন্ত্রণালয়ে সমাজসেবা অফিসার : ১০]
ক রাবণ খ মেঘনাদ
গ রাম ঘ বিভীষণ **উত্তর:** গ

২৪. বিভীষণের স্ত্রীর নাম কি? [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ১২]
ক উর্মিলা খ মন্দোদরী
গ চিত্রাঙ্গদা ঘ সরমা **উত্তর:** ঘ

২৫. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটুকু 'মেঘনাদবধ কাব্য'র কোন সর্গ থেকে নেওয়া হয়েছে? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (মানবিক শাখা) : ২১-২২]
ক দ্বিতীয় খ চতুর্থ
গ ষষ্ঠ ঘ অষ্টম **উত্তর:** গ

২৬. অরিন্দম কে? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক শাখা) : ২০-২১]
ক বিভীষণ খ মেঘনাদ
গ রাম ঘ লক্ষ্মণ **উত্তর:** খ

২৭. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশে 'বাসবত্রাস' বলা হয়েছে- [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ক বিভীষণকে খ মেঘনাদকে
গ লক্ষ্মণকে ঘ রামকে **উত্তর:** খ

২৮. 'হেক্টরবধ' কোন উপাখ্যান অবলম্বনে রচিত? [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ক হোমারের ইলিয়াড খ দান্তের ডিভাইন কমেডি
গ হোমারের ওদিসি ঘ ভার্জিনের ইনিদ **উত্তর:** ক

২৯. বাংলা সাহিত্যের প্রথম আধুনিক কবি কে? [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর মেডিকেল অফিসার : ২১]
ক মাইকেল মধুসূদন দত্ত
খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ঘ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** ক

৩০. 'দি ক্যাপটিভ লেডি' (The Captive Ladie) কাব্যটি লিখেছেন- [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী : ১১]
ক উইলিয়াম কেরী খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ মাইকেল মধুসূদন ঘ প্রেমেন্দ্র মিত্র **উত্তর:** গ

৩১. অমিত্রাক্ষর ছন্দে রচিত মাইকেল মধুসূদন দত্তের প্রথম কাব্য কোনটি? [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ০৫]
ক ব্রজাঙ্গনা কাব্য খ তিলোত্তমাসম্ভব কাব্য
গ বীরাঙ্গনা কাব্য ঘ মেঘনাদবধ কাব্য **উত্তর:** খ

৩২. মাইকেল মধুসূদন দত্তের 'তিলোত্তমাসম্ভব কাব্য' একটি- [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২]
ক পত্রকাব্য খ খণ্ড কবিতার সংকলন
গ কাহিনীকাব্য ঘ মহাকাব্য **উত্তর:** গ

৩৩. 'চতুর্দশপদী কবিতাবলী' কার রচনা? [২১তম বিসিএস]
ক হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
খ নবীনচন্দ্র সেন
গ মাইকেল মধুসূদন দত্ত
ঘ রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় **উত্তর:** গ

৩৪. 'বঙ্গভাষা' কবিতা রচয়িতা কে? [রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ শামসুর রাহমান
গ মাইকেল মধুসূদন দত্ত ঘ অমিয় চক্রবর্তী **উত্তর:** গ

৩৫. 'বঙ্গভাষা' সনেট প্রথম কী নামে লেখা হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০৭-০৮]
ক কবি-মাতৃভাষা খ মাতৃভাষা
গ আত্মবিলাপ ঘ মহাভাষার অহঙ্কার **উত্তর:** ক

৩৬. 'বঙ্গভাষা' কবিতাটি কোন ছন্দে রচিত? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ১৭]
ক অক্ষরবৃত্ত খ মাত্রাবৃত্ত
গ স্বরবৃত্ত ঘ মুক্তক ছন্দ **উত্তর:** ক

৩৭. কোন কবিতাটি অষ্টক ও ষটকে বিভক্ত? [চবি (গ ইউনিট) : ০৬-০৭]
ক কবর খ সোনার তরী
গ ধন্যবাদ ঘ বঙ্গভাষা **উত্তর:** ঘ

৩৮. নিচের কোনটি চতুর্দশপদী কবিতা? [স্ট্যান্ডার্ড ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার : ১২]
ক কবর খ আজান
গ বঙ্গভাষা ঘ আসমানী **উত্তর:** গ

৩৯. "হে বঙ্গ ভাণ্ডারে তব বিবিধ রতন,
তা সবে (অবোধ আমি) অবহেলা করি,
পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।" এই পঙ্ক্তিটি কোন কবির রচনা? [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ক গোবিন্দচন্দ্র দাস খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ মধুসূদন দত্ত **উত্তর:** ঘ

৪০. "পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।"– কবি পর-ধন বলতে বুঝিয়েছেন- [রাজশাহী বিশ্ববিদ্যারয় : ০৫-০৬]
ক পরের ধন সম্পত্তিকে
খ বৈদেশিক সম্পদকে
গ পাশ্চাত্য সাহিত্যকে
ঘ ভিন দেশের লেখক সৃষ্ট সাহিত্যকে **উত্তর:** গ

৪১. **"হে বঙ্গ ..... তব বিবিধ রতন" বাক্যের শূন্যস্থানে কোন শব্দটি প্রযোজ্য?** [ঢাবি (ক ইউনিট) : ০৩-০৪]
ক) ভাণ্ডারে খ) গহবরে
গ) হৃদয়ে ঘ) ভাঁড়ারে **উত্তর:** ক

৪২. **"ভাণ্ডারে তব বিবিধ রতন"– কার ভাণ্ডারে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]
ক) বাংলা ভাষা খ) মাইকেল মধুসূদন দত্ত
গ) ইংরেজি সাহিত্য ঘ) গ্রিক সাহিত্য **উত্তর:** ক

৪৩. **'হে বঙ্গ' বলতে কবি কী বুঝিয়েছেন-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৫-০৬]
ক) বালা ভাষা খ) বাংলাদেশ
গ) বাংলা সাহিত্য ঘ) বাংলা কবিতা **উত্তর:** ক

৪৪. **"ওরে বাছা মাতৃকোষে রতনের রাজি,
এ ভিখারী দশা তবে কেন তোর আজি"– এ পঙক্তিদ্বয় কোন কবিতার অন্তর্গত?** [উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা : ০৭]
ক) বলাকা খ) ক্রন্দসী
গ) বঙ্গভাষা ঘ) দারিদ্র্য **উত্তর:** গ

৪৫. **"ওরে বাছা মাতৃকোষে রতনের রাজি"– 'বাছা' শব্দটি-** [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩]
ক) তৎসম খ) তদ্ভব
গ) দেশি ঘ) বিদেশি **উত্তর:** খ

৪৬. **বঙ্গভাষা কবিতায় কুললক্ষ্মী বলতে কাকে বোঝানো হয়েছে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৯-১০]
ক) বঙ্গলক্ষ্মী খ) ভাষাদেবী
গ) সরস্বতী ঘ) দেবী **উত্তর:** খ

৪৭. **'কেলিনু শৈবালে, ভুলি কমল-কানন।' 'শৈবালে' বলতে বোঝানো হয়েছে-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ক) নিজভাষাকে খ) অনাহারক্লিষ্ট জীবনকে
গ) পরভাষাকে ঘ) শেওলারদামকে **উত্তর:** গ

৪৮. **"কেলিনু শৈবালে, ভুলি কমল-কানন।" এখানে কমল-কানন শব্দের ব্যঞ্জনার্থ-** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
ক) পদ্মবন খ) বাংলা ভাষা
গ) বিদেশি ভাষা ঘ) ফুলের বাগান **উত্তর:** খ

৪৯. **'কেলিনু' এর গদ্যরূপ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন) : ০৫ - ০৬]
ক) সাঁতার কাটিলাম খ) ক্রয় করিলাম
গ) খেলা করলাম ঘ) রাগান্বিত হইলাম **উত্তর:** গ

৫০. **'বঙ্গভাষা' কবিতায় কবির বক্তব্য-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : ১০ - ১১]
ক) মাতৃভাষার প্রতি কবির দরদ
খ) বাংলা কবিতার প্রতি আকর্ষণ
গ) স্বপ্নে বাংলা ভাষার প্রতি দরদের নির্দেশ
ঘ) মাতৃভাষার প্রতি উপেক্ষার অনুতাপ **উত্তর:** ঘ

৫১. **'বঙ্গভাষা' কবিতায় কবি মাতৃভাষাকে কোনরূপে পেয়েছেন?** [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৬ - ০৭]
ক) ভাণ্ডার খ) শৈবাল
গ) পদ্মফুল ঘ) রত্নখনি **উত্তর:** ঘ

৫২. **"পালিলাম আজ্ঞাসুখে, পাইলাম কালে"- কে পেয়েছিলেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (মার্কেটিং বিভাগ) : ০৩-০৪]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) মাইকেল মধুসূদন দত্ত
গ) গোবিন্দ দাস ঘ) বেনজীর আহমদ **উত্তর:** খ

৫৩. **"মাতৃভাষা- রূপ খনি পূর্ণ মণিজালে"- 'মণিজাল' শব্দের অর্থ-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১০-১১]
ক) প্রচুরমণি খ) জালের মত ছড়িয়ে থাকা মণি
গ) জলন্তমণি ঘ) চাকচিক্যময় মণি **উত্তর:** খ

৫৪. **"মজিনু বিফল তপে অবরণ্যে বরি"– এ চরণের 'বিফল তপে' বলতে প্রকৃত অর্থে বোঝানো হয়েছে-** [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৮-০৯]
ক) ব্যর্থ তপস্যায় খ) বিদেশি ভাষা চর্চায়
গ) বাংলা ভাষার প্রতি অবহেলায়
ঘ) বাংলাদেশের প্রতি অনুরাগহীনতায় **উত্তর:** ক

৫৫. **'কপোতাক্ষ নদ' কোন জাতীয় কবিতা?** [পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক) গদ্য কবিতা খ) গীতিকবিতা
গ) সনেট ঘ) পয়ার **উত্তর:** গ

৫৬. **"সতত হে নদ, তুমি পড় মোর মনে।
সতত তোমার কথা ভাবি এ বিরলে।"– চরণ দুটির কবি কে?** [থানা শিক্ষা অফিসার : ৯৬]
ক) সুকান্ত ভট্টাচার্য খ) মোহিতলাল মজুমদার
গ) সত্যেন্দ্রনাথ দত্ত ঘ) মাইকেল মধুসূদন দত্ত **উত্তর:** ঘ

৫৭. **'দুগ্ধস্রোতরূপী তুমি জন্ম-ভূমি স্তনে।' কার উক্তি?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১১-১২]
ক) হেমচন্দ্র খ) নবীনচন্দ্র
গ) বিহারীলাল ঘ) মধুসূদন দত্ত **উত্তর:** ঘ

৫৮. **"হায়রে কোথা সে বিদ্যা,
যে বিদ্যা বলে দূরে থাকি পার্থরথী তোমার চরণে।"- উদ্ধৃত চরণ দুটির কবি কে?** [যুব উন্নয়ন অধিদপ্তরে সহকারী পরিচালক : ৯৪]
ক) মাইকেল মধুসূদন দত্ত খ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
গ) কায়কোবাদ ঘ) ফররুখ আহমদ **উত্তর:** ক

৫৯. **বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য কোনটি?** [১৪তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ২১]
ক) বীরাঙ্গনা খ) পদ্মিনী
গ) সারদামঙ্গল ঘ) চিত্তনামা **উত্তর:** ক

৬০. **মাইকেল মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা' কোন ধরনের কাব্য?** [৩৬তম বিসিএস/ ৩১তম বিসিএস/ ১২তম বিসিএস/ কর্মসংস্থান ব্যাংক লি. ডাটা এন্ট্রি অপারেটর : ২২]
ক) মহাকাব্য খ) পত্রকাব্য
গ) গীতিকাব্য ঘ) আখ্যানকাব্য **উত্তর:** খ

৬১. **'বীরঙ্গনা' পত্রকাব্যে পত্র সংখ্যা কত?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ২১]
ক) ১১ খ) ২১
গ) ৩১ ঘ) ৪১ **উত্তর:** ক

৬২. **রাধা-কৃষ্ণ বিষয়ক রচনা কোনটি?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৫]
ক) সারদামঙ্গল খ) বঙ্গসুন্দরী
গ) ব্রজাঙ্গনা ঘ) কৃষ্ণকুমারী **উত্তর:** গ

৬৩. **"জন্মিলে মরিতে হবে,/ অমর কে কোথা কবে,/ চিরস্থির কবে নীর,/ হায় রে, জীবন-নদে? কোন কবির উক্তি?** [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ক) নবীনচন্দ্র সেন খ) মাইকেল মধুসূদন দত্ত
গ) কায়কোবাদ ঘ) বিহারীলাল চক্রবর্তী **উত্তর:** খ

৬৪. **'সেই ধন্য নরকুলে, লোকে যারে নাহি ভুলে'..... পঙ্‌ক্তিটি কার?** [দুদক-এর উপ-সহকারী পরিচালক : ২০]
ক) মাইকেল মধুসূদন দত্ত
খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) সমরেশ বসু ঘ) কাজী নজরুল ইসলাম **উত্তর:** ক

৬৫. **মাইকেল মধুসূদন দত্তের রচনা নয় কোনটি?** [৩৪তম বিসিএস]
ক) মেঘনাদবধ কাব্য খ) তিলোত্তমাসম্ভব কাব্য
গ) বেতালপঞ্চবিংশতি ঘ) বীরঙ্গনা **উত্তর:** গ

৬৬. **কোন বাঙালি নাট্যকার বাংলা নাটকের পথিকৃৎ?** [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ক) দীনবন্ধু মিত্র খ) মাইকেল মধুসূদন দত্ত
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) গিরিশচন্দ্র ঘোষ **উত্তর:** খ

৬৭. **প্রথম সার্থক বাংলা নাটক-** [বন ও পরিবেশ অধি: ফরেস্ট অফিসার : ২২]
ক) শর্মিষ্ঠা খ) কৃষ্ণকুমারী
গ) শাজাহান ঘ) বসন্ত **উত্তর:** ক

৬৮. **মাইকেল মধুসূদন দত্তের নাটক কোনটি?** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪]
ক) শকুন্তলা খ) শর্মিষ্ঠা
গ) ভদ্রার্জুন ঘ) রাবণবধ **উত্তর:** খ

৬৯. **'অলীক কুনাট্য রঙ্গে, মজে লোক রাঢ়ে ও বঙ্গে'- কার উক্তি?** [তথ্য মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক : ০৩]
ক) দ্বিজেন্দ্রলাল রায় খ) মাইকেল মধুসূদন দত্ত
গ) রামরাম বসু ঘ) ঈশ্বরচন্দ্র গুপ্ত **উত্তর:** খ

৭০. **বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দ প্রথম ব্যবহৃত হয়-** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩]
ক) মধুসূদন দত্তের 'পদ্মাবতী' নাটকে
খ) মেঘনাদবধ মহাকাব্যে
গ) ব্রজাঙ্গনা কাব্যে ঘ) বীরাঙ্গনা কাব্যে **উত্তর:** ক

৭১. **বাংলা সাহিত্যের প্রথম ঐতিহাসিক নাটক কোনটি?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১২]
ক) অশোক খ) সাজাহান
গ) সরোজিনী ঘ) কৃষ্ণকুমারী **উত্তর:** ঘ

৭২. **বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্র্যাজেডি নাটক-** [৩৫তম বিসিএস/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ২১]
ক) বসন্তকুমারী খ) জমিদার দর্পণ
গ) কৃষ্ণকুমারী ঘ) শর্মিষ্ঠা **উত্তর:** গ

৭৩. **নিম্ন গ্রন্থগুলোর মধ্যে মধুসূদনের রচিত কোনটি?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-সহকারী পরিচালক : ০১]
ক) রত্নাবতী খ) সীতার বনবাস
গ) মায়াকানন ঘ) রামচরিত মানস **উত্তর:** গ

৭৪. **'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির রচয়িতা কে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক) মাইকেল মধুসূদন দত্ত খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ) কাজী নজরুল ইসলাম ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ক

৭৫. **'একেই কি বলে সভ্যতা' এটি মধুসূদন দত্তের কী জাতীয় রচনা?** [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক) কাব্য খ) প্রহসন
গ) মহাকাব্য ঘ) উপন্যাস **উত্তর:** খ

৭৬. **নিচের কোনটি মাইকেল মধুসূদন দত্তের রচনা নয়?** [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন মাস্টার : ২২]
ক) কৃষ্ণকুমারী খ) শর্মিষ্ঠা
গ) অশ্রুমালা ঘ) পদ্মাবতী **উত্তর:** গ

দীনবন্ধু মিত্র (১৮৩০ - ১৮৭৩)



১৮৩০ সালে নদীয়ার চৌবেড়িয়া গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। তাঁর পিতা প্রদত্ত নাম ছিল গন্ধর্ব নারায়ণ। ১৮৫৫ খ্রিষ্টাব্দে দীনবন্ধু মিত্র পাটনায় পোস্টমাস্টার নিযুক্ত হন। ক্রমে পদোন্নতি লাভ করে তিনি ওড়িশা, নদিয়া ও ঢাকা বিভাগে এবং পরে কলকাতায় সুপারিনটেনডেন্ট পোস্টমাস্টার নিযুক্ত হন। লুসাই যুদ্ধের সময় তিনি ডাকবিভাগের কাজে কাছাড়ে প্রেরিত হন। এ সময় তাঁর তদারকি কাজে সন্তুষ্ট হয়ে তৎকালীন সরকার তাঁকে 'রায়বাহাদুর' উপাধি দান করেন।

নাটক

বাংলার আর্থ-সামাজিক ও রাজনৈতিক বিষয়ে প্রথম নাটক লেখেন দীনবন্ধু মিত্র।

- নীলদর্পণ (১৮৬০) : ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ। মেহেরপুর অঞ্চলের নীলকর সাহেবদের অত্যাচারের চিত্র এতে অঙ্কিত হয়েছে। প্রধান চরিত্র - গোলক বসু, নবীন মাধব, রাইচরণ, তোরাপ প্রমুখ। মাইকেল মধুসূদন দত্ত নাটকটি ইংরেজিতে অনুবাদ করে নাম দেন 'The Indigo Planting Mirror'। নাটকটিকে 'Uncle Tom's Cabin' সাথে তুলনা করা হয়। নাটকটি প্রথম মঞ্চস্থ হয় ঢাকায়। এই নাটক দেখতে এসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মঞ্চের অভিনেতাদের লক্ষ্য করে জুতা ছুঁড়ে মেরেছিলেন।

- নবীন তপস্বিনী
- কমলে কামিনী
- লীলাবতী

প্রহসন

- সধবার একাদশী : সামাজিক নাটক। উনবিংশ শতাব্দীর মধ্যভাগে সুরা পান ও বেশ্যা বৃত্তি যুবকদের জীবনে বিপর্যয় সৃষ্টি করেছিল। এই সামাজিক বিপর্যয়ের কাহিনী নিয়ে নাটকটি রচিত। নাটকটির উল্লেখযোগ্য চরিত্র নিমচাঁদ, কেনারাম।
- বিয়ে পাগলা বুড়ো
- জামাই বারিক

MCQ Solution

১. **কোন বিখ্যাত সাহিত্যিক ব্রিটিশ শাসনামলে ঢাকায় পোস্ট মাস্টার পদে কর্মরত ছিলেন?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর (পূর্বাঞ্চল) : ১৬]
ⓚ দীনবন্ধু মিত্র ⓚ মীর মশাররফ হোসেন
ⓖ হরিশচন্দ্র মিত্র ⓖ মানিক বন্দ্যোপাধ্যায় **উত্তর:** ক

২. **দীনবন্ধু মিত্র কোন শ্রেণীর সাহিত্য রচনা করেন?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ⓚ উপন্যাস ⓚ কাব্য
ⓖ নাটক ⓖ প্রবন্ধগ্রন্থ **উত্তর:** গ

৩. **বাংলা ভাষায় প্রথম আর্থ-সামাজিক রাজনৈতিক বিষয়ে নাটক লেখেন-** [জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৯]
ⓚ দীনবন্ধু মিত্র ⓚ মীর মশাররফ হোসেন
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ মুনীর চৌধুরী **উত্তর:** ক

৪. **'নীলদর্পণ' নাটকটি কার লেখা?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৮]
ⓚ ইব্রাহীম খাঁ ⓚ মীর মশাররফ হোসেন
ⓖ ডি. এল. রায় ⓖ দীনবন্ধু মিত্র **উত্তর:** ঘ

৫. **'নীলদর্পণ' কোন ধরনের রচনা?** [শহর সমাজসেবা অফিসার : ০৭]
ⓚ নাটক ⓚ উপন্যাস
ⓖ প্রহসন ⓖ ছোটগল্প **উত্তর:** ক

৬. **কোন গ্রন্থটি ঢাকা হতে প্রথম প্রকাশিত হয়েছিল?** [১৬তম বিসিএস/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকর্তা : ২২]
ⓚ মেঘনাদবধ কাব্য ⓚ দুর্গেশনন্দিনী
ⓖ নীলদর্পণ ⓖ অগ্নিবীণা **উত্তর:** গ

৭. **দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটক প্রথম কোথা থেকে প্রকাশিত হয়?** [৩৮তম বিসিএস]
ⓚ কলকাতা ⓚ ঢাকা
ⓖ লন্ডন ⓖ মুর্শিদাবাদ **উত্তর:** খ

৮. **'নীলদর্পণ' প্রথম মঞ্চস্থ হয়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]
ⓚ ঢাকা ⓚ কলকাতা
ⓖ চট্টগ্রাম ⓖ বরিশাল **উত্তর:** ক

৯. **'নীলদর্পণ' নাটকটির বিষয়বস্তু কি?** [৩৪তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ⓚ নীলকরদের অত্যাচার ⓚ ভাষা আন্দোলন
ⓖ অসহযোগ আন্দোলন ⓖ তেভাগা আন্দোলন **উত্তর:** ক

১০. **ব্রিটিশ ভারতে নীলকরদের অত্যাচারের কাহিনী উপজীব্য কে নাটক রচনা করেন?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ⓚ দীনবন্ধু মিত্র ⓚ তারাচরণ শিকদার
ⓖ মীর মশাররফ হোসেন ⓖ রামনারায়ণ **উত্তর:** ক

১১. **বিখ্যাত 'নীলদর্পণ' নাটকটির ইংরেজি অনুবাদ কী নামে প্রকাশিত হয়েছিল?** [চবি (ঘ ইউনিট) : ০২-০৩]
ⓚ প্ল্যান্টিং মিরর ইন্ডিগো
ⓚ ইন্ডিগো প্লান্টিং মিরর
ⓖ মিরর প্ল্যান্টিং ইন্ডিগো
ⓖ ব্লুমির **উত্তর:** খ

১২. **দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটি ইংরেজিতে অনুবাদ করেন কে?** [৪০তম বিসিএস/ বিআরইবি'র জেনারেল ম্যানেজার (প্রশাসন) : ২২]
ⓚ প্যারীচাঁদ মিত্র ⓚ মাইকেল মধুসূদন দত্ত
ⓖ প্রমথ চৌধুরী ⓖ দ্বিজেন্দ্রলাল রায় **উত্তর:** খ

১৩. **দীনবন্ধু মিত্রের কোন নাটকের অভিনয় দেখতে এসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মঞ্চে জুতো ছুঁড়ে মেরেছিলেন?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে সহকারী শ্রম অফিসার : ০৩]
ⓚ সধবার একাদশী ⓚ জামাই বারিক
ⓖ নীলদর্পণ ⓖ লীলাবতী **উত্তর:** গ

১৪. **'Uncle Tom's Cabin'-এর সাথে তুলনা করা হয় কোন নাটককে?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]
ⓚ জমিদার দর্পণ ⓚ পায়ের আওয়াজ পাওয়া যায়
ⓖ মানচিত্র ⓖ নীলদর্পণ **উত্তর:** ঘ

১৫. **'নবীন মাধব' কোন উপন্যাসের চরিত্র?** [ডেসকো সাব-স্টেশন আটেনডেন্ট : ২২]
ⓚ ডাকঘর ⓚ জমিদার দর্পণ
ⓖ সাজাহান ⓖ নীলদর্পণ **উত্তর:** ঘ

১৬. **'লীলাবতী' গ্রন্থটি সংক্রান্ত নিম্নোক্ত কোন তথ্যটি সঠিক?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৫]
ⓚ নাটক, দীনবন্ধু মিত্র
ⓚ কাব্যগ্রন্থ, গিরিশচন্দ্র ঘোষ
ⓖ উপন্যাস, কালীপ্রসন্ন সিংহ
ⓖ রূপকথার সম্ভার **উত্তর:** ক

১৭. **কোনটি দীনবন্ধু মিত্রের রচনা?** [২৬তম বিসিএস]
ⓚ কমলে কামিনী ⓚ চক্ষুদান
ⓖ বিধবা বিবাহ ⓖ ভদ্রার্জুন **উত্তর:** ক

১৮. **সামাজিক নাটক কোনটি?** [বিবিএস-এর পরিসংখ্যান সহকারী : ২০]
ⓚ ডাকঘর ⓚ নূরজাহান
ⓖ সধবার একাদশী ⓖ রাবনবধ **উত্তর:** গ

১৯. **কোনটি প্রহসন?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২]
ⓚ নীলদর্পণ ⓚ কৃষ্ণকুমারী
ⓖ সধবার একাদশী ⓖ যৈবতী কন্যার মন **উত্তর:** গ

২০. **দীনবন্ধু মিত্রের প্রহসন কোনটি?** [২৮তম বিসিএস]
ⓚ বিয়ে পাগলা বুড়ো ⓚ বুড় সালিকের ঘাড়ে রোঁ
ⓖ কিঞ্চিৎ জলযোগ ⓖ কল্কি অবতার **উত্তর:** ক

২১. **নিচের কোন নাটকের রচয়িতা দীনবন্ধু মিত্র?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রসায়নিক পরীক্ষক : ০২]
ⓚ নবীন তপস্বিনী ⓚ কমলে কামিনী
ⓖ বিয়ে পাগলা বুড়ো ⓖ সবগুলো **উত্তর:** ঘ

সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৪-১৮৮৯)

সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রসিদ্ধ ভ্রমণকাহিনী 'পালামৌ'।

'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।

MCQ Solution

১. **'পালামৌ' ভ্রমণকাহিনীটি কার রচনা?** [৩২তম বিসিএস]
ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓚ সুনীল গঙ্গোপাধ্যায়
ⓖ সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় **উত্তর:** গ

২. **'বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে' উক্তিটি কার?** [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৪]
ⓚ রবি ঠাকুরের ⓚ সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের
ⓖ টেকচাঁদ ঠাকুরের ⓖ জগদীশচন্দ্র বসুর **উত্তর:** খ

নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী (১৮৩৪ - ১৯০৩)




লাকসামের নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী নারী শিক্ষার প্রসার ও সামাজিক বিভিন্ন কর্মকাণ্ডে অবদানের স্বীকৃতিস্বরূপ দক্ষিণ এশিয়ার প্রথম এবং একমাত্র মুসলিম নারী হিসেবে ব্রিটেনের মহারানী ভিক্টোরিয়া কর্তৃক 'নওয়াব' উপাধি পান। সাহসিক উদ্যোগ নিয়ে এই মহীয়সী নারী বেগম রোকেয়ার জন্মের সাত বছর আগে ১৮৭৩ সালে কুমিল্লায় প্রতিষ্ঠা করেন নবাব ফয়জুন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয়। গদ্যে-পদ্যে রচিত তাঁর 'রূপজালাল' (১৮৭৬) গ্রন্থটি রূপকের আশ্রয়ে একটি আত্মজীবনীমূলক রচনা। এতে তাঁর বিড়ম্বিত দাম্পত্য জীবনের করুণ কাহিনি স্থান পেয়েছে।

MCQ Solution

১. **১৯ শতকের মুসলিম মহিলা কবির নাম-** [শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
ⓚ নূরুন্নেছা খাতুন বিদ্যাবিনোদীনি
ⓚ বেগম রোকেয়া
ⓖ নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী
ⓖ রহিমুন্নেসা **উত্তর:** গ

২. **'রূপজালাল' নামে আত্মজীবনী কে লিখেছিলেন?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক:-০৭]
ⓚ নূরুন্নেসা খাতুন ⓚ নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী
ⓖ বেগম রোকেয়া ⓖ আবুল ফজল **উত্তর:** খ

গিরিশচন্দ্র সেন [ভাই] (১৮৩৫ - ১৯১০)



ভাই গিরিশচন্দ্র সেন ব্যক্তিগত জীবনে তিনি ছিলেন ব্রাহ্মধর্মাবলম্বী। তিনি সর্বপ্রথম কুরআন শরীফ বঙ্গানুবাদ (১৮৮১-৮৬) করেন।

অনুবাদ গ্রন্থ

- তাপসমালা : ফারসি ভাষার মওলানা ফরিদুদ্দিন আত্তারের 'তাজকেরাতুল আওলিয়া' অবলম্বনে রচিত। ৯৬ জন ওলী-আল্লা'র জীবন কাহিনী এতে আলোচিত হয়েছে। বাংলা সাহিত্যে সুফী-দরবেশদের জীবন কাহিনী সংক্রান্ত প্রথম গ্রন্থ।

মৌলিক গ্রন্থ

- মহাপুরুষচরিত

MCQ Solution

১. **সমগ্র পবিত্র কোরআনের প্রথম বাংলা অনুবাদ কে করেন?** [১৬তম বিসিএস/ ১০ম বিসিএস]
ⓚ গোলাম মোস্তফা ⓚ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓖ ভাই গিরিশচন্দ্র সেন ⓖ ফররুখ আহমদ **উত্তর:** গ

২. **বাংলা ভাষায় কোরআন শরীফ-এর অনুবাদক 'গিরিশচন্দ্র সেন' কোন ধর্মের অনুসারী ছিলেন?** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ⓚ হিন্দুধর্ম ⓚ খ্রিষ্টান ধর্ম
ⓖ ব্রাহ্মধর্ম ⓖ নাথধর্ম **উত্তর:** গ

৩. **তাজকেরাতুল আওলিয়া অবলম্বনে 'তাপসমালা' কে রচনা করেন?** [২৬তম বিসিএস]
ⓚ মুন্সী আবদুল লতিফ ⓚ কাজী আকরাম হোসেন
ⓖ গিরিশচন্দ্র সেন ⓖ শেখ আবদুল জব্বার **উত্তর:** গ

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪)

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৩৮ সালের ২৭ জুন পশ্চিমবঙ্গের চব্বিশ পরগণার কাঁঠালপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। ১৮৫২ সালে 'সম্বাদ প্রভাকর' পত্রিকায় কবিতা প্রকাশের মাধ্যমে বঙ্কিমের সাহিত্যচর্চা শুরু হয়। ১৮৫৮ খ্রিষ্টাব্দে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএ পরীক্ষায় উত্তীর্ণ প্রথম স্নাতকদের মধ্যে তিনি একজন। পেশাগত জীবনে তিনি ছিলেন ম্যাজিস্ট্রেট। এ চাকরিসূত্রে খুলনার ম্যাজিস্ট্রেট হিসেবে যোগদান করে তিনি নীলকরদের অত্যাচার দমন



করেন। দীর্ঘ ৩৩ বছর চাকরি করার পর ১৮৯১ সালে তিনি সরকারি চাকুরি থেকে অবসর গ্রহণ করেন। বঙ্কিমের গ্রন্থ সংখ্যা ৩৪। ১৮৯৪ সালের ৮ এপ্রিল কলকাতায় মৃত্যুবরণ করেন।

কাব্যগ্রন্থ

- ললিতা তথা মানস (১৮৫৬) : বঙ্কিমের প্রথম কাব্যগ্রন্থ।

উপন্যাস

বঙ্কিম পাশ্চাত্য ভাবাদর্শে বাংলা উপন্যাস রচনার পথিকৃৎ।

- Rajmohan's wife (১৮৬৪) : ইংরেজি ভাষায় রচিত। লেখকের প্রথম উপন্যাস।
- দুর্গেশনন্দিনী (১৮৬৫) : লেখকের প্রথম বাংলা উপন্যাস। বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস। 'দুর্গেশনন্দিনী' অর্থ দুর্গ প্রধানের কন্যা। মুগল-পাঠানের যুদ্ধের পটভূমিকায় নরনারীর প্রেমের উপাখ্যান অবলম্বনে রচিত। বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক উপন্যাস। প্রধান চরিত্র আয়েশা, তিলোত্তমা।
- কপালকুণ্ডলা (১৮৬৬) রোমান্টিক বা রোমান্সধর্মী উপন্যাস। উপন্যাসের নায়ক নবকুমার সঙ্গীদের স্বার্থপরতা সম্পর্কে বলেন, "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?"। নবকুমারের আত্মপরিচয়দানের বর্ণনায় পাওয়া যায় *'প্রদীপ নিবিয়া গেল।'*
  নায়িকা কপালকুণ্ডলা নবকুমারকে উদ্দেশ্য করে বলেছিল, 'পথিক তুমি পথ হারাইয়াছ!'।
- কৃষ্ণকান্তের উইল (১৮৭৮) : তাঁর সর্বশ্রেষ্ঠ উপন্যাস হিসাবে বিবেচিত। একটি সামাজিক উপন্যাস। নায়িকা রোহিণী স্বীয় ব্যর্থ জীবনের হাহাকারের জন্য আত্মহত্যা করতে চেয়েছিল। প্রধান চরিত্র - গোবিন্দলাল ও রোহিণী।
- রজনী একটি সামাজিক উপন্যাস। ইংরেজ ঔপন্যাসিক E.B Lytton রচিত The last Days of Pompeii অবলম্বনে রচিত। বাংলা ভাষায় প্রথম মনস্তাত্ত্বিক বিশ্লেষণমূলক গ্রন্থ।
- বিষবৃক্ষ : সামাজিক উপন্যাস। চরিত্র - কুন্দনন্দিনী, নগেন্দ্রনাথ, সূর্যমুখী প্রমুখ।
- রাজসিংহ : ঐতিহাসিক উপন্যাস। উপন্যাসটির বিখ্যাত পঙক্তি *'কিন্তু মনুষ্য কখনো পাষাণ হয় না।'*
- মৃণালিনী : ত্রয়োদশ শতাব্দীর বাংলাদেশ ও তুর্কি আক্রমণের ঐতিহাসিক পটভূমিতে রচিত। প্রধান চরিত্র - মৃণালিনী, হেমচন্দ্র, মাধবাচার্য, মনোরমা প্রমুখ।
- আনন্দমঠ : ছিয়াত্তরের মন্বন্তরের পটভূমিকায় সন্ন্যাসী বিদ্রোহের ছায়া অবলম্বনে রচিত। ঔপন্যাসিকের দেশপ্রেম ফুটে উঠেছে।
- ইন্দিরা
- রাধারাণী
- যুগলাঙ্গুরীয়
- চন্দ্রশেখর
- আনন্দমঠ
- দেবী চৌধুরাণী
- সীতারাম : রাজনৈতিক উপন্যাস। বঙ্কিমের সর্বশেষ উপন্যাস।

প্রবন্ধ সংকলন

- কমলাকান্তের দপ্তর : একটি ব্যঙ্গাত্মক রম্য রচনা। এটি ডিকুইনসির Confessions of an English opium Eater অবলম্বনে রচিত। ৩টি খণ্ডে বিভক্ত গ্রন্থটির উল্লেখযোগ্য প্রবন্ধ একা 'কে গায় ওই', ফুলের বিবাহ, বিড়াল, কমলাকান্তের জবানবন্দি প্রভৃতি।
  একা 'কে গায় ওই' প্রবন্ধে উচ্চারিত হয় *'পুষ্প আপনার জন্য ফুটে না। পরের জন্য তোমার হৃদয়-কুসুমকে প্রস্ফুটিত করিও।'*

<u>বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার জন্য অধিক উপযোগী</u>

বিড়াল প্রবন্ধটি রসাত্মক ও ব্যঙ্গধর্মী। প্রবন্ধের শুরুতে প্রাবন্ধিক কমলাকান্তের অবস্থা বর্ণনা করেন, *'আমি শয়নগৃহে, চারপায়ীর উপর বসিয়া, হুঁকা হাতে ঝিমাইতেছিলাম।'* নেশায় বুঁদ কমলাকান্ত ওয়াটারলু যুদ্ধ নিয়ে ভাবছিল। গোয়ালিনী প্রসন্ন কমলাকান্তের জন্য দুধ রেখেছিল। একটি বিড়াল (মার্জার) দুধটুকু খেয়ে ফেলে। কমলাকন্তের তখন মনে হয় *'কেহ মরে বিল ছেঁচে কেহ খায় কই। ..... অতএব পুরুষের মত আচরণ করাই বিধেয়।'* কমলাকান্ত বিড়ালকে মারতে উদ্যত হলে তাদের মধ্যে কাল্পনিক কথোপকথন হয়। বিড়াল বলে *'পরোপকারই পরম ধর্ম'*। বিড়ালের কণ্ঠে পৃথিবীর সকল বঞ্চিত, নিষ্পেষিত, দলিতের প্রতিবাদ-ক্ষোভ-মর্মবেদনা যুক্তিগ্রাহ্য সাম্যতাত্ত্বিক সৌকর্যে উচ্চারিত হতে থাকে *'আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করিয়া চোর হইয়াছি?"* বিড়ালটি যুক্তি দেখায়, *'অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আইসে নাই।'* বিড়ালের সোশিয়ালিস্টিক, সুতার্কিক কথা শুনে কমলাকান্তের মনে পড়ে আত্মরক্ষামূলক শ্লেষাত্মক বাণী *'বিজ্ঞ লোকের মত এই যে, যখন বিচারে পরাস্ত হইবে, তখন গম্ভীরভাবে উপদেশ প্রদান করিবে।'* কমলাকান্ত বিড়ালকে অন্যের হাঁড়ি না খাওয়ার পরামর্শ দেয়, ক্ষুধার্ত হলে তার নিকট থেকে সরিষাভোর (স্বল্প পরিমাণ) আফিং গ্রহণের প্রস্তাব দেয়। মার্জার প্রত্যুত্তরে জানায় *'আফিঙের বিশেষ প্রয়োজন নাই, তবু হাঁড়ি খাওয়ার কথা, ক্ষুধানুসারে বিবেচনা করা যাইবে।'* অতঃপর *'মার্জার বিদায় হইল।'*

কমলাকান্তের জবানবন্দি প্রবন্ধ ১২৮৮ বঙ্গাব্দের ফাল্গুন সংখ্যায় বঙ্গদর্শন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। আদালতের কাঠগড়ায় দাঁড়ানো সাক্ষীকে উকিলের জেরার একটা চালচিত্র বা চিত্রধর্মী বর্ণনা ফুটে উঠেছে। হালকা রসালো কথাবার্তার মধ্য দিয়ে তৎকালীন আদালতের বিচারব্যবস্থার অসঙ্গতির দিকটি এখানে তুলে ধরা হয়েছে।

- সাম্য : লেখক গ্রন্থটি বাজার থেকে প্রত্যাহার করে নেন।
- লোকরহস্য (ব্যঙ্গ)
- বিজ্ঞানরহস্য
- মুচিরাম গুড়ের জীবনচরিত (ব্যঙ্গ)

- বিবিধ প্রবন্ধ : উল্লেখযোগ্য প্রবন্ধ 'বাঙ্গালার নব্য লেখকদের প্রতি নিবেদন'। প্রবন্ধটি 'প্রচার' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়।
- কৃষ্ণচরিত্র

প্রবন্ধ

- রচনার শিল্পগুণ

MCQ Solution

১. **'কাঁঠালপাড়া'য় জন্মগ্রহণ করেন কোন লেখক?** [৩০তম বিসিএস]
ক) সুভাষ মুখোপাধ্যায় খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ) কাজী ইমদাদুল হক ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** ঘ

২. **বঙ্কিমচন্দ্রের সাহিত্যচর্চার শুরু কোন পত্রিকার মাধ্যমে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৬-১৭]
ক) সম্বাদ প্রভাকর খ) তত্ত্ববোধিনী
গ) বঙ্গদর্শন ঘ) সবুজপত্র **উত্তর:** ক

৩. **বঙ্কিমচন্দ্র পেশাজীবন শুরু করেন কী হিসেবে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ২২]
ক) ডেপুটি ম্যাজিস্ট্রেট খ) বিশ্ববিদ্যালয়ের শিক্ষক
গ) উকিল ঘ) দলিল লেখক **উত্তর:** ক

৪. **বঙ্কিমচন্দ্র কত সালে চাকরি থেকে অবসর গ্রহণ করেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক) ১৮৯১ খ) ১৮৯৪
গ) ১৮৯২ ঘ) ১৮৯৩ **উত্তর:** ক

৫. **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস কোনটি?** [জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী পরিচালক : ০৬]
ক) Rajmohan's wife খ) বিষবৃক্ষ
গ) ইন্দিরা ঘ) দুর্গেশনন্দিনী **উত্তর:** ক

৬. **বাংলা আধুনিক উপন্যাস-এর প্রবর্তক ছিলেন-** [৪০তম বিসিএস]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ) প্যারীচাঁদ মিত্র **উত্তর:** খ

৭. **বাংলা সাহিত্যের প্রথম আধুনিক উপন্যাস কোনটি?** [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ব্রিজ) : ১৮]
ক) বিষবৃক্ষ খ) রাজসিংহ
গ) কপালকুণ্ডলা ঘ) দুর্গেশনন্দিনী **উত্তর:** ঘ

৮. **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত প্রথম উপন্যাস কোনটি?** [২৯তম বিসিএস]
ক) মৃণালিনী খ) বনফুল
গ) দেবীচৌধুরাণী ঘ) দুর্গেশনন্দিনী **উত্তর:** ঘ

৯. **বাংলা সাহিত্যের প্রথম সার্থক ঔপন্যাসিক কে?** [বাংলাদেশ জুটমিল কর্পোরেশনের অফিসার : ১৭]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর
খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) তারাশঙ্কর বন্দোপাধ্যায়
ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** খ

১০. **বাংলা সাহিত্যে প্রথম সার্থক উপন্যাস কোনটি?** [বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২/ বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ২২]
ক) সীতার বনবাস খ) আলালের ঘরের দুলাল
গ) দুর্গেশনন্দিনী ঘ) শকুন্তলা **উত্তর:** গ

১১. **বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস 'দুর্গেশনন্দিনী' কত সালে প্রকাশিত হয়?** [৪৩তম বিসিএস]
ক) ১৮৫৯ সালে খ) ১৮৬০ সালে
গ) ১৮৬১ সালে ঘ) ১৮৬৫ সালে **উত্তর:** ঘ

১২. **'দুর্গেশনন্দিনী' শব্দের অর্থ কী?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ০৫]
ক) দুর্গা দেবীর কন্যা খ) দুর্গের অধিবাসী
গ) দুর্গাধিপতি ঘ) দুর্গ প্রধানের কন্যা **উত্তর:** ঘ

১৩. **বাংলা সাহিত্যের অনবদ্য উপন্যাস 'কপালকুণ্ডলা' এর রচয়িতা কে?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) মধুসূদন দত্ত **উত্তর:** খ

১৪. **'কপালকুণ্ডলা' কোন প্রকৃতিক রচনা?** [৩৫তম বিসিএস]
ক) ঐতিহাসিক উপন্যাস গ) রোমান্সমূলক উপন্যাস
খ) বিয়োগান্তক নাটক ঘ) সামাজিক উপন্যাস **উত্তর:** খ

১৫. **"পথিক তুমি পথ হারাইয়াছ!"– কথাটি কার?** [১৬তম বিসিএস/ ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর : ১৬]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) মীর মশাররফ হোসেন
গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** গ

১৬. **"পথিক, তুমি পথ হারাইয়াছ! উদ্ধৃতাংশটুকু কোন গ্রন্থের?** [গ্লোবাল ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২২]
ক) কপালকুণ্ডলা খ) উদাসীন পথিকের মনের কথা
গ) কৃষ্ণকান্তের উইল ঘ) শ্রীকান্ত **উত্তর:** ক

১৭. **'কপালকুণ্ডলা' উপন্যাসের নায়কের নাম কি?** [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রিসার্চ অফিসার : ০৬]
ক) শাহজাদা সেলিম খ) আওরঙ্গজেব
গ) চন্দ্রশেখর ঘ) নবকুমার **উত্তর:** ঘ

১৮. **"পথিক তুমি পথ হারাইয়াছ"– কে কাকে বলেছিল?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন পুলিশ সহকারী রসায়নবিদ : ০২]
ক) সীমার হোসেন (রা.) কে
খ) আলেয়া সিরাজকে
গ) কপালকুণ্ডলা নবকুমারকে
ঘ) উপরের কোনোটিই নয় **উত্তর:** গ

১৯. **"তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?" কোন উপন্যাস থেকে উৎকলিত?** [৩২তম বিসিএস]
ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'মেজদিদি'
খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'কাবুলিওয়ালা'
গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কপালকুণ্ডলা'
ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষবৃক্ষ' **উত্তর:** গ

২০. **"প্রদীপ নিবিয়া গেল!"- এ বিখ্যাত বর্ণনা কোন উপন্যাসের?** [৩৭তম বিসিএস]
ⓚ বঙ্কিমচন্দ্রের 'বিষবৃক্ষ'
ⓚ রবীন্দ্রনাথের 'চোখের বালি'
ⓖ বঙ্কিমচন্দ্রের 'কপালকুণ্ডলা'
ⓖ রবীন্দ্রনাথের 'যোগাযোগ' **উত্তর:** ক,গ

২১. **নিচের কোনটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস?** [নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স : ১৮]
ⓚ ঘরে-বাইরে ⓚ কৃষ্ণকান্তের উইল
ⓖ কাশবনের কন্যা ⓖ নৌকাডুবি **উত্তর:** খ

২২. **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের প্রধান দুটি চরিত্রের নাম-** [১৬তম বিসিএস/ ১৩তম বিসিএস]
ⓚ নগেন্দ্রনাথ ও কুন্দনন্দিনী
ⓚ মধুসূদন ও কমুদিনী
ⓖ গোবিন্দলাল ও রোহিণী
ⓖ সুরেশ ও অচলা **উত্তর:** গ

২৩. **'কৃষ্ণকান্তের উইল' এ রোহিণী আত্মহত্যা করতে চেয়েছিল কেন?** [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপজেলা সমাজসেবা অফিসার : ০৮]
ⓚ উইলচুরি জনিত আত্মগ্লানি
ⓚ হরলালকে বিয়ে করতে ব্যর্থ হয়ে
ⓖ ভ্রমরের সুখী জীবন প্রত্যক্ষ করে
ⓖ স্বীয় ব্যর্থ জীবনের হাহাকারে **উত্তর:** ঘ

২৪. **'রোহিণী-বিনোদিনী-কিরণময়ী' কোন গ্রন্থগুচ্ছের চরিত্র?** [২৩তম বিসিএস]
ⓚ বিষবৃক্ষ-চতুরঙ্গ-চরিত্রহীন
ⓚ কৃষ্ণকান্তের উইল-যোগাযোগ-পথের দাবী
ⓖ দুর্গেশনন্দিনী-চোখের বালি-গৃহদাহ
ⓖ কৃষ্ণকান্তের উইল-চোখের বালি-চরিত্রহীন **উত্তর:** ঘ

২৫. **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস কোনটি?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী লোকোমোটিভ মাস্টার : ২২]
ⓚ স্ত্রী-চরিত্র ⓚ রাজর্ষি
ⓖ ষোড়শী ⓖ রজনী **উত্তর:** ঘ

২৬. **কোনটি সামাজিক উপন্যাস?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ⓚ কপালকুণ্ডলা ⓚ আনন্দমঠ
ⓖ বিষবৃক্ষ ⓖ দুর্গেশনন্দিনী **উত্তর:** গ

২৭. **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষবৃক্ষ' উপন্যাসের চরিত্র কোনটি?** [৩৩তম বিসিএস]
ⓚ কুন্দনন্দিনী ⓚ শ্যামাসুন্দরী
ⓖ বিমলা ⓖ রোহিণী **উত্তর:** ক

২৮. **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'বিষবৃক্ষ' উপন্যাসে কোন চরিত্রটি পাওয়া যায়?** [বিভিন্ন মন্ত্রণালয়ে প্রশাসনিক কর্মকর্তা (মুক্তিযোদ্ধা) : ১৮]
ⓚ মৃণালিনী ⓚ শৈবলিনী
ⓖ সূর্যমুখী ⓖ রাধারাণী **উত্তর:** গ

২৯. **ঐতিহাসিক উপন্যাস হল-** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]
ⓚ রাজসিংহ ⓚ পথের দাবী
ⓖ জননী ⓖ হাজার বছর ধরে **উত্তর:** ক

৩০. **'রাজসিংহ' উপন্যাস কার রচনা?** [জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০]
ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** গ

৩১. **'কিন্তু মনুষ্য কখনো পাষাণ হয় না' উক্তিটি কোন উপন্যাসের?** [৪০তম বিসিএস/ রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ২১]
ⓚ রবীন্দ্রনাথের 'চোখের বালি'
ⓚ শরৎচন্দ্রের 'পথের দাবী'
ⓖ বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ'
ⓖ শওকত ওসমানের 'ক্রীতদাসের হাসি' **উত্তর:** গ

৩২. **'মৃণালিনী' উপন্যাসটি কার রচনা?** [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]
ⓚ বিমল মিত্র ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** গ

৩৩. **'মনোরমা' বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের চরিত্র?** [৪৪তম বিসিএস]
ⓚ কৃষ্ণকান্তের উইল ⓚ দুর্গেশনন্দিনী
ⓖ মৃণালিনী ⓖ বিষবৃক্ষ **উত্তর:** গ

৩৪. **'আনন্দমঠ' উপন্যাসটি কার লেখা?** [৩১তম বিসিএস]
ⓚ ফাল্গুনী মুখোপাধ্যায় ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ⓖ অক্ষয়কুমার দত্ত **উত্তর:** খ

৩৫. **'ইন্দিরা' গ্রন্থটি কার রচনা?** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ প্যারীচাঁদ মিত্র ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** খ

৩৬. **'যুগলাঙ্গরীয়' গ্রন্থের রচয়িতা কে?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ১২]
ⓚ প্যারীচাঁদ মিত্র ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ মশাররফ হোসেন ⓖ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** খ

৩৭. **'দেবীচৌধুরাণী' উপন্যাসটির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ⓖ কাজী ইমদাদুল হক **উত্তর:** গ

৩৮. **'চন্দ্রশেখর' উপন্যাস কার লেখা?** [শিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) : ২২]
ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓚ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ কাজী নজরুল ইসলাম **উত্তর:** ক

৩৯. **নিচের কোনটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা উপন্যাস?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (বিজনেস স্টাডিজ অনুষদ) : ২০-২১]
ⓚ সাম্য ⓚ বঙ্গদর্শন
ⓖ কৃষ্ণচরিত্র ⓖ সীতারাম **উত্তর:** ঘ

৪০. **নিচের যে উপন্যাসে গ্রামীণ সমাজ জীবনের চিত্র প্রাধান্য লাভ করেনি-** [৩৬তম বিসিএস]
ⓚ গণদেবতা ⓚ পদ্মানদীর মাঝি
ⓖ সীতারাম ⓖ পথের পাঁচালী **উত্তর:** গ

৪১. **বঙ্কিমচন্দ্রের তিনটি গ্রন্থের নাম-** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
ⓚ দুর্গেশনন্দিনী, অঙ্গুরীয় বিনিময়, রাজসিংহ
ⓚ দুর্গেশনন্দিনী, বামাতোষিণী, কমলাকান্তের দপ্তর
ⓖ দুর্গেশনন্দিনী, বিষবৃক্ষ, সীতারাম
ⓖ নববাবুবিলাস, বামাতোষিণী, সীতারাম **উত্তর:** গ

৪২. **'কমলাকান্তের দপ্তর' কার লেখা?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
ⓚ শরৎচন্দ্র ⓚ বঙ্কিমচন্দ্র
ⓖ জগদীশচন্দ্র ⓖ মনোজ বসু **উত্তর:** খ

৪৩. **'কমলাকান্তের দপ্তর' কোন শ্রেণির রচনা?** [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার : ১৮]
ⓚ প্রবন্ধ ⓚ উপন্যাস
ⓖ রম্য রচনা ⓖ ভ্রমণকাহিনী **উত্তর:** গ

৪৪. **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটি কয়টি অংশে বিভক্ত?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৮-১৯]
ⓚ তিনটি ⓚ চারটি
ⓖ পাঁচটি ⓖ ছয়টি **উত্তর:** ক

'পুষ্প আপনার জন্য ফোটে না, পরের জন্য তোমার হৃদয়-কুসুমকে প্রস্ফুটিত করিও' উক্তিটি কার? [জবি (ক ইউনিট) : ১৩-১৪]
ⓚ বঙ্কিমচন্দ্র ⓚ মীর মশাররফ
ⓖ রবীন্দ্রনাথ ⓖ কায়কোবাদ **উত্তর:** ক

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় লিখিত 'বিড়াল' কী ধরনের রচনা? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ⓚ উপন্যাস ⓚ প্রবন্ধ
ⓖ গল্প ⓖ কবিতা **উত্তর:** খ

'বিড়াল' কোন ধরনের রচনা? [GST গুচ্ছভুক্ত বিশ্বিদ্যালয় (মানবিক শাখা) : ২০-২১]
ⓚ যুক্তিনিষ্ঠ ও সাবলীল ⓚ রসাত্মক ও ব্যঙ্গধর্মী
ⓖ সাম্যবাদী ⓖ কাল্পনিক ও উদ্ভট **উত্তর:** খ

'আমি শয়নগৃহে, চারপায়ীর উপর বসিয়া, হুঁকা হাতে ঝিমাইতেছিলাম।' উক্তিটি কোন লেখার অন্তর্গত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৯-২০]
ⓚ চাষার দুক্ষু ⓚ সৌদামিনী মালো
ⓖ মাসি-পিসি ⓖ বিড়াল **উত্তর:** ঘ

'.... অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আইসে নাই' - উক্তিটি কার? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (মানবিক শাখা) : ২১-২২]
ⓚ কমলাকান্ত ⓚ মার্জার
ⓖ কালীকান্ত চট্টোপাধ্যায় ⓖ কাজী নজরুল ইসলাম **উত্তর:** খ

'বিড়াল' রচনায় কোন যুদ্ধের উল্লেখ রয়েছে? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ২০-২১]
ⓚ পলাশির যুদ্ধ ⓚ পানিপথের যুদ্ধ
ⓖ ওয়াটারলু যুদ্ধ ⓖ মুক্তিযুদ্ধ **উত্তর:** গ

'কমলাকান্তের দপ্তর' রচনাটিতে গোয়ালিনি চরিত্রটির নাম কী? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ⓚ মঙ্গলা ⓚ কপিলা
ⓖ কমলা ⓖ প্রসন্ন **উত্তর:** ঘ

'কেহ মরে বিল ছেঁচে কেহ খায় কই।' এ প্রবচনটি কোন প্রবন্ধ থেকে উদ্ধৃত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ১ ইউনিট) : ২০-২১]
ⓚ জীবন ও বৃক্ষ ⓚ মাসি-পিসি
ⓖ বিড়াল ⓖ জাদুঘরে কেন যাব **উত্তর:** গ

'অতএব পুরুষের মত আচরণ করাই বিধেয়' কথাটিতে কী প্রকাশ পেয়েছে? [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ শ্লেষ ⓚ ঔচিত্যাবোধ
ⓖ উদারতা ⓖ প্রতিশোধস্পৃহা **উত্তর:** ক

'পরোপকারই পরম ধর্ম' কোন রচনার অন্তর্গত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২০-২১]
ⓚ বিড়াল ⓚ আমার পথ
ⓖ জীবন ও বৃক্ষ ⓖ আহবান **উত্তর:** ক

'বিড়াল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র কাদের অধিকারের কথা বলেছেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
ⓚ শোষক-শোষিতের ⓚ ধনী-দরিদ্রের
ⓖ সাধু-চোরের ⓖ সকলের **উত্তর:** ঘ

'বিড়াল' রচনায় বিড়াল কোন চেতনার প্রকাশ? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ⓚ মানবতাবাদ ⓚ সাম্রাজ্যবাদ
ⓖ সাম্যবাদ ⓖ ফ্যাসিবাদ **উত্তর:** গ

'তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্টিক' কোন রচনার অংশ? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ⓚ আহ্বান ⓚ মাসি-পিসি
ⓖ নেকলেস ⓖ বিড়াল **উত্তর:** ঘ

'আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করিয়া চোর হইয়াছি?' উক্তিটি কোন গদ্যের? [জাবি (চ ইউনিট) : ১৭-১৮]
ⓚ চেতনার অ্যালবাম ⓚ কাসেমের যুদ্ধযাত্রা
ⓖ চাষার দুক্ষু ⓖ বিড়াল **উত্তর:** ঘ

'বিজ্ঞ লোকের মত এই যে, যখন বিচারে পরাস্ত হইবে, তখন গম্ভীরভাবে উপদেশ প্রদান করিবে।' বক্তব্যটি কোন রচনার অন্তর্গত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ১ ইউনিট) : ১৬-১৭]
ⓚ চাষার দুক্ষু ⓚ বিড়াল
ⓖ আমার পথ ⓖ জীবন ও বৃক্ষ **উত্তর:** খ

'সরিষাভোর' শব্দের অর্থ কী? [ইবি (H ইউনিট) : ১৭-১৮]
ⓚ সকাল ⓚ সরিষার তেল
ⓖ স্বল্প পরিমাণ ⓖ কোনোটিই না **উত্তর:** গ

'আফিঙের বিশেষ প্রয়োজন নাই, তবু হাঁড়ি খাওয়ার কথা, ক্ষুধানুসারে বিবেচনা করা যাইবে' উক্তিটি কোন প্রবন্ধের অন্তর্গত? [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৬-১৭]
ক) বর্ষা খ) পণ্ডিত সাহেব
গ) বিড়াল ঘ) দেয়াল **উত্তর: গ**

'মার্জার বিদায় হইল।' বাক্যটি কোন রচনার অন্তর্গত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (G ইউনিট) : ১৬-১৭]
ক) আমার পথ খ) অপরিচিতা
গ) চাষার দুক্ষু ঘ) বিড়াল **উত্তর: ঘ**

'মার্জার' কোন নামটির সমার্থক? [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ক) কুকুর খ) বিড়াল
গ) গর্দভ ঘ) শিয়াল **উত্তর: খ**

'কমলাকান্তের জবানবন্দি' প্রথম যে পত্রিকায় প্রকাশিত হয়, সেটির নাম- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৯-১০]
ক) সবুজপত্র খ) সংবাদ প্রভাকর
গ) তত্ত্ববোধিনী ঘ) বঙ্গদর্শন **উত্তর: ঘ**

৪৫. **'সাম্য' গ্রন্থের রচয়িতা কে?** [বাতিলকৃত ২৪তম বিসিএস]
ক) কাজী নজরুল ইসলাম খ) মোহাম্মদ লুৎফর রহমান
গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) মোহাম্মদ বরকতুল্লাহ **উত্তর: গ**


৪৬. **'বিবিধ প্রবন্ধ' বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কী ধরনের রচনা?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
ক) গদ্যগ্রন্থ খ) উপন্যাস
গ) প্রবন্ধ ঘ) নাটক **উত্তর: গ**

৪৭. **'লোকরহস্য' বইটির লেখক কে?** [জাককানইবি (ক ইউনিট) : ১৫-১৬]
ক) রবীন্দ্রনাথ খ) বঙ্কিমচন্দ্র
গ) দ্বিজেন্দ্রনাথ ঘ) সত্যেন্দ্রনাথ **উত্তর: খ**

৪৮. **কোন প্রবন্ধগুচ্ছ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৭-১৮]
ক) কালান্তর, সাম্য, বিবিধ প্রসঙ্গ
খ) বিজ্ঞান রহস্য, কৃষ্ণচরিত্র, লোকরহস্য
গ) ইন্দিরা, যুগলাঙ্গুরীয়, রজনী
ঘ) কপালকুণ্ডলা, মৃণালিনী, আরণ্যক **উত্তর: খ**

৪৯. **'রচনার শিল্পগুণ' প্রবন্ধটি কার লেখা?** [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন- এর সিনিয়র ইন্সট্রাক্টর : ২১]
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) প্যারীচাঁদ মিত্র ঘ) বিহারীলাল **উত্তর: খ**

কালীপ্রসন্ন সিংহ (১৮৪০ - ১৮৭০)



কালীপ্রসন্ন সিংহ কলকাতার জোড়াসাঁকোয় জন্মগ্রহণ করেন। 'হুতোম প্যাঁচার নকশা' এবং মহাভারতের অনুবাদ এই দুই কীর্তির জন্য তিনি বাংলা সাহিত্যে চিরস্মরণীয় হয়ে আছেন। তাঁর বিখ্যাত রম্য রচনা 'হুতোম প্যাঁচার নকশা' (প্রধান চরিত্র - দনুবাবু)। কালীপ্রসন্ন অনুসৃত ভাষা রীতিকে 'হুতোমী বাংলা' বলা হয়।

MCQ Solution

১. **'হুতোম প্যাঁচার নকশা'র রচয়িতা কে?** [সঞ্চয় পরিদপ্তরের হিসাবরক্ষক : ১০]
ক) রামরাম বসু খ) ভূদের মুখোপাধ্যায়
গ) দীনবন্ধু মিত্র ঘ) কালীপ্রসন্ন সিংহ **উত্তর: ঘ**

২. **'হুতোম প্যাঁচার নকশা' কোন জাতীয় রচনা?** [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫]
ক) রম্য রচনা খ) উপন্যাস
গ) চিত্র কর্ম ঘ) প্রবন্ধ **উত্তর: ক**

৩. **হুতোমী গদ্যের লেখকের নাম কি?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৯]
ক) টেকচাঁদ ঠাকুর খ) দীনবন্ধু মিত্র
গ) ভানুসিংহ ঠাকুর ঘ) কালীপ্রসন্ন সিংহ **উত্তর: ঘ**

কালীপ্রসন্ন ঘোষ (১৮৪৩ - ১৯১০)

কালীপ্রসন্ন ঘোষ ঢাকার জেলার বিক্রমপুরে ভরাকর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর উল্লেখযোগ্য প্রবন্ধগ্রন্থ - প্রভাত-চিন্তা, নিভৃত-চিন্তা, নিশীথ-চিন্তা প্রভৃতি। তাঁর 'পারিব না' কবিতার বিখ্যাত পঙ্‌ক্তি - *পারিব না একথাটি বলিও না আর*
কেন পারিবে না তাহা ভাব একবার...

MCQ Solution

১. **'প্রভাত-চিন্তা', 'নিভৃত-চিন্তা', 'নিশীথ-চিন্তা' প্রভৃতি গ্রন্থের রচয়িতা-** [১৫তম বিসিএস]
ক) কালীপ্রসন্ন সিংহ খ) কালীপ্রসন্ন ঘোষ
গ) কৃষ্ণচন্দ্র মজুমদার ঘ) এস ওয়াজেদ আলী **উত্তর: খ**

মীর মশাররফ হোসেন (১৮৪৭ - ১৯১২ খ্রি.)



মীর মশাররফ হোসেন ১৮৪৭ সালের ১৩ নভেম্বর কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার চাঁপড়া ইউনিয়নের গৌরী নদীর তীরে লাহিনীপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি আধুনিক বাংলা সাহিত্যের প্রথম উল্লেখযোগ্য মুসলিম সাহিত্যিক (গদ্য লেখক, নাট্যকার ও ঔপন্যাসিক)। তিনি 'সংবাদ প্রভাকর' এবং 'গ্রামবার্তা প্রকাশিকা' পত্রিকার সংবাদদাতা হিসাবে কাজ করতেন। এছাড়াও তাঁর সম্পাদিত পত্রিকা দুটি হলো - আজিজননেহার (১৮৭৪) ও হিতকরী (১৮৯০)। তাঁর সাহিত্যগুরু ছিলেন কাঙাল হরিনাথ। মীর মশাররফ হোসেন-এর মৃত্যু তারিখ নিয়ে মতভেদ রয়েছে। যথা- ১৯ ডিসেম্বর, ১৯১১ খ্রিষ্টাব্দ। [সূত্র : উচ্চ মাধ্যমিক বাংলা সংকলন]
১৯ ডিসেম্বর, ১৯১২। [সূত্র : বাংলাপিডিয়া]

উপন্যাস

- রত্নবতী (১৮৬৯ খ্রি.) : লেখকের প্রথম গ্রন্থ। বাংলা সাহিত্যে মুসলিম সাহিত্যিক রচিত প্রথম উপন্যাস।
- বিষাদ-সিন্ধু (১৮৮৫-১৮৯১ খ্রি.) : ইতিহাস আশ্রিত উপন্যাস। লেখকের শ্রেষ্ঠ রচনা। উপন্যাসটি ৩টি পর্বে বিভক্ত। যথা- মহরম পর্ব, উদ্ধার পর্ব ও এজিদ-বধ পর্ব। কারবালার ঘটনার মর্মস্পর্শী বর্ণনা এর মূল উপজীব্য। প্রধান চরিত্র - এজিদ (নায়ক), ইমাম হোসেন, মাওয়ান, শিমার প্রমুখ। উপন্যাসটির বিখ্যাত পঙ্ক্তি-
  'রে পথিক! রে পাষাণহৃদয়! কি লোভে ত্রস্তে দৌড়িতেছ? কি আশায় খণ্ডিত শির বর্শার অগ্রভাবে বিদ্ধ করিয়া লইয়া যাইতেছ? এ শিরে হায়! এ খণ্ডিত শিরে তোমার প্রয়োজন কি?'
- গাজী মিয়াঁর বস্তানী (১৮৯৯) : আত্মজীবনীমূলক ব্যঙ্গরসাত্মক রচনা।
- উদাসীন পথিকের মনের কথা (১৮৯০) : আত্মজীবনীমূলক উপন্যাস। নীলকর অত্যাচারের কাহিনী এতে সুন্দরভাবে রূপায়িত হয়েছে।

নাটক

- বসন্তকুমারী (১৮৭৩ খ্রি.) : বাংলা সাহিত্যে মুসলিম সাহিত্যিক রচিত প্রথম নাটক। নাটকটি তিনি নওয়াব আবদুল লতিফকে উৎসর্গ করেন।
- জমিদার দর্পণ (১৮৭৩ খ্রি.) : নামকরণে নীলদর্পণ নাটকের প্রভাব আছে। ১৮৭২-৭৩ সালে সিরাজগঞ্জে সংঘটিত কৃষক-বিদ্রোহের পটভূমিকায় রচিত।
- বেহুলা গীতাভিনয়
- টালা অভিনয়

প্রহসন

- এর উপায় কি : বাংলা সাহিত্যে মুসলিম সাহিত্যিক রচিত প্রথম প্রহসন।
- ভাই ভাই এইত চাই
- ফাঁস কাগজ
- একি

আত্মজীবনী

- আমার জীবনী
- বিবি কুলসুম

প্রবন্ধ

- গো-জীবন (১৮৮৯ খ্রি.) : এই গ্রন্থ রচনার দায়ে তাকে মামলায় জড়িয়ে পড়তে হয়।
- আমাদের শিক্ষা : প্রবন্ধটির বিখ্যাত পঙ্ক্তি - *মাতৃভাষায় যাহার ভক্তি নাই, সে মানুষ নহে।*

কাব্যগ্রন্থ

- মোসলেম বীরত্ব
- গোরাই ব্রীজ বা গৌরী সেতু
- মদিনার গৌরব

MCQ Solution

১. **মীর মশাররফ হোসেনের জীবনকাল কোনটি?** [৩০তম বিসিএস]
ⓚ ১৮৬৮-১৯৪৪ ⓚ ১৮২০-১৮৯১
ⓖ ১৮৪৭-১৯১২ ⓖ ১৮২৪-১৮৭৪ **উত্তর:** গ

২. **মীর মশাররফ হোসেনের জন্মস্থান-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী) : ১৫]
ⓚ লাহিনীপাড়া ⓚ দেলদুয়ার
ⓖ পদমদী ⓖ কুসুমপুর **উত্তর:** ক

৩. **কোনটি শুদ্ধ?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ মীর মোশারফ হোসেন
ⓚ মীর মশারফ হোসেন
ⓖ মীর মশাররফ হোসেন
ⓖ মীর মোশাররফ হোসেন **উত্তর:** গ

৪. **আধুনিক বাংলা মুসলমান সাহিত্যিকদের পথিকৃৎ -** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]
ⓚ গোলাম মোস্তফা ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ কায়কোবাদ ⓖ মীর মশাররফ হোসেন **উত্তর:** ঘ

৫. **বাংলা সাহিত্যের প্রথম মুসলিম ঔপন্যাসিকের নাম কি?** [২৮তম বিসিএস/ সিজিএ- কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ⓚ মোতাহের হোসেন ⓚ ইসমাইল হোসেন সিরাজী
ⓖ মীর মশাররফ হোসেন ⓖ ফররুখ আহমদ **উত্তর:** গ

৬. **'গ্রামবার্তা প্রকাশিকা' এর সংবাদদাতা হিসাবে কাজ করতেন-** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাব রক্ষক : ২১]
ⓚ ফররুখ আহমদ ⓚ মীর মশাররফ হোসেন
ⓖ প্রমথ চৌধুরী ⓖ শেখ ফজলল করিম **উত্তর:** খ

৭. **মীর মশাররফ হোসেন কোন ধরনের গ্রন্থ রচনায় কৃতিত্ব দেখিয়েছেন?** [পিএসসি'র সহকারী সচিব : ০৫]
ⓚ প্রবন্ধ গ্রন্থ ⓚ সাহিত্যরস সমৃদ্ধ গ্রন্থ
ⓖ ভ্রমণকাহিনী ⓖ কাব্যগ্রন্থ **উত্তর:** খ

৮. **মীর মশাররফ হোসেনের প্রথম গ্রন্থ কোনটি?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ১২]
ⓚ জমিদার দর্পণ ⓚ বসন্তকুমারী
ⓖ রত্নবতী ⓖ বিষাদ-সিন্ধু **উত্তর:** গ

৯. **'বিষাদ-সিন্ধু' কার রচনা?** [২০তম বিসিএস]
ⓚ কায়কোবাদ ⓚ ইসমাইল হোসেন সিরাজী
ⓖ মীর মশাররফ হোসেন ⓖ মোজাম্মেল হক **উত্তর:** গ

১০. **'বিষাদ-সিন্ধু' লেখকের পরিচয়-** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
ⓚ দেলদুয়ারের জমিদার ⓚ গৌরীনদীর তীরে লাহিনীপাড়ার লোক
ⓖ একজন সাংবাদিক কবি ⓖ একজন বাউল **উত্তর:** খ

১১. **মীর মশাররফ হোসেনের শ্রেষ্ঠ উপন্যাস কোনটি?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]
ⓚ রত্নাবতী ⓚ বিষাদ-সিন্ধু
ⓖ জমিদার দর্পণ ⓖ গো-জীবন **উত্তর:** খ

১২. 'বিষাদ-সিন্ধু' উপন্যাসের নায়কের নাম কি? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৬]
ⓚ ইমাম হোসেন ⓚ ইমাম হাসান
ⓖ এজিদ ⓖ সীমার **উত্তর:** গ

১৩. মীর মশাররফ হোসেন রচিত 'বিষাদ-সিন্ধু' উপন্যাসের চরিত্র নয় কোনটি? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার : ১৭]
ⓚ এজিদ ⓚ মাওয়ান
ⓖ ইমাম হোসেন ⓖ ইব্রাহীম কার্দি **উত্তর:** ঘ

১৪. 'বিষাদ-সিন্ধু' কোন যুগের গ্রন্থ? [সমবায় অধিদপ্তরে ২য় শ্রেণির গেজেটেড অফিসার : ৯৭]
ⓚ প্রাচীন যুগের ⓚ আধুনিক যুগের
ⓖ মধ্যযুগের ⓖ অন্তঃমধ্যযুগের **উত্তর:** খ

১৫. 'বিষাদ-সিন্ধু' একটি – [৪৪তম বিসিএস/ ৩৬তম বিসিএস]
ⓚ গবেষণা গ্রন্থ ⓚ ইতিহাস আশ্রয়ী উপন্যাস
ⓖ ধর্মবিষয়ক প্রবন্ধ ⓖ আত্মজীবনী **উত্তর:** খ

১৬. মীর মশাররফ হোসেনের 'বিষাদ-সিন্ধু' কোন ঐতিহাসিক ঘটনা অবলম্বনে লিখিত? [দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো সহকারী পরিচালক : ০১]
ⓚ কারবালার যুদ্ধ ⓚ বাংলাদেশের মুক্তিযুদ্ধ
ⓖ পানিপথের যুদ্ধ ⓖ পলাশীর যুদ্ধ **উত্তর:** ক

১৭. মীর মশাররফ হোসেনের 'বিষাদ-সিন্ধু' গ্রন্থটি সম্পর্কে কোন উক্তিটি উপযোগী? [বিআরসি অফিসার : ৯৮]
ⓚ এটি বাংলা সাহিত্যের প্রতিনিধিত্বশীল মহাকাব্য
ⓚ এটি প্রামাণ্য ইতিহাস সম্বলিত মহাকাব্য
ⓖ এটি ঐতিহাসিক ঘটনার আবেগ-নির্ভর মর্মস্পর্শী বর্ণনা
ⓖ এটি মুসলমানের লেখা প্রথম কবিতা সংকলন **উত্তর:** গ

১৮. "রে পথিক! রে পাষাণ হৃদয়! কি লোভে ত্রস্তে দৌড়িতেছ? কি আশায় খণ্ডিত শির বর্শার অগ্রভাবে বিদ্ধ করিয়া লইয়া যাইতেছ? এ শিরে হায়! এ খণ্ডিত শিরে তোমার প্রয়োজন কি?" – উদ্ধৃতাংশটুকু কোন গ্রন্থের? [পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]
ⓚ রাজসিংহ ⓚ নবাব সিরাজউদ্দৌলা
ⓖ বিষাদ-সিন্ধু ⓖ পুরুবিক্রম **উত্তর:** গ

১৯. মীর মশাররফ হোসেনের আত্মজীবনীমূলক রচনা– [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৫]
ⓚ বিষাদ-সিন্ধু ⓚ জমিদার দর্পণ
ⓖ রত্নাবতী ⓖ গাজী মিয়াঁর বস্তানী **উত্তর:** ঘ

২০. 'গাজী মিয়াঁর বস্তানী' কী ধরনের রচনা? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ⓚ উপন্যাস ⓚ কাব্য
ⓖ আত্মজীবনী ⓖ নাটক **উত্তর:** ক,গ

২১. 'উদাসীন পথিকের মনের কথা' কোন জাতীয় রচনা? [২৬তম বিসিএস/ খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ নাটক ⓚ আত্মজৈবনিক উপন্যাস
ⓖ কাব্য ⓖ গীতি কবিতায় সংকলন **উত্তর:** খ

২২. 'উদাসীন পথিকের মনের কথা' কার রচনা? [আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের অফিস সহায়ক: ২০]
ⓚ শাহাদাৎ হোসেন ⓚ মীর মশাররফ হোসেন
ⓖ ফররুখ আহমদ ⓖ প্রমথ চৌধুরী **উত্তর:** খ

২৩. বাংলা সাহিত্যের প্রথম মুসলিম নাট্যকার কে? [কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক : ০৭]
ⓚ আবুল ফজল ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ মীর মশাররফ হোসেন ⓖ শওকত ওসমান **উত্তর:** গ

২৪. বাংলা সাহিত্যে প্রথম মুসলিম নাট্যকার রচিত নাট্যগ্রন্থ কোনটি? [১৪তম বিসিএস]
ⓚ জগৎ মোহিনী ⓚ বসন্তকুমারী
ⓖ আয়না ⓖ মোহনী প্রেমদাস **উত্তর:** খ

২৫. মীর মশাররফ হোসেন লিখিত নিচের রচনাগুলোর মধ্যে কোনটি নাটক? [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক : ০৪]
ⓚ রত্নাবতী ⓚ উদাসীন পথিকের মনের কথা
ⓖ জমিদার দর্পণ ⓖ বিষাদ-সিন্ধু **উত্তর:** গ

২৬. মীর মশাররফ হোসেনের নাটক কোনটি? [২৮তম বিসিএস]
ⓚ নটির পূজা ⓚ বেহুলা গীতাভিনয়
ⓖ নবীন তপস্বিনী ⓖ কৃষ্ণকুমারী **উত্তর:** খ

২৭. 'এর উপায় কি?' 'ও ভাই ভাই এইতো চাই' প্রহসনটির রচয়িতা– [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ⓚ কায়কোবাদ ⓚ মাইকেল মধুসুধন দত্ত
ⓖ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ⓖ মীর মোশারফ হোসেন **উত্তর:** ঘ

২৮. 'ফাঁস কাগজ' কী [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৬-১৭]
ⓚ উপন্যাস ⓚ নাটক
ⓖ কবিতা ⓖ গদ্য **উত্তর:** খ


২৯. 'বিবি কুলসুম' কার রচনা? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা সংগঠক : ০৫]
ⓚ মোজাম্মেল হক ⓚ ইসমাইল হোসেন সিরাজী
ⓖ মীর মশাররফ হোসেন ⓖ কাজী ইমদাদুল হক **উত্তর:** গ

৩০. মীর মশাররফ হোসেনের 'মোসেলেম বীরত্ব' কোন ধরনের গ্রন্থ? [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৩]
ⓚ উপন্যাস ⓚ কাব্যগ্রন্থ
ⓖ প্রবন্ধ ⓖ নাটক **উত্তর:** খ

৩১. 'মদিনার গৌরব' কী ধরনের সাহিত্যকর্ম? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জ ইউনিট) : ১১-১২]
ⓚ নাটক ⓚ কাব্য
ⓖ উপন্যাস ⓖ গল্প **উত্তর:** খ

৩২. "মাতৃভাষায় যাহার ভক্তি নাই, সে মানুষ নহে।"- কার উক্তি? [৩৭তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়) : ২২]
ⓚ মীর মশাররফ হোসেনের
ⓚ ইসমাইল হোসেন সিরাজীর
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুরের
ⓖ কাজী নজরুল ইসলামের **উত্তর:** ক

কায়কোবাদ (১৮৫৭ - ১৯৫১)



মহাকবি কায়কোবাদ ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার আগলা গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি আধুনিক বাংলা সাহিত্যের প্রথম মুসলমান কবি। বাঙালি মুসলমান কবিদের মধ্যে তিনি প্রথম মহাকাব্য এবং সনেট রচনা করেন। বাংলা কাব্যধারায় কায়কোবাদ গীতিকবি হিসেবেই খ্যাত।

মহাকাব্য

- মহাশ্মশান (১৯০৪) : মূল উপজীব্য পানিপথের তৃতীয় যুদ্ধ (১৭৬১) এর কাহিনী।

কাব্যগ্রন্থ

- বিরহবিলাপ (১৮৭০) : কবির প্রথম কাব্যগ্রন্থ।
- অশ্রুমালা (১৮৯৫) : একটি গীতিকাব্য। কবিতা- প্রার্থনা।
- অমিয়ধারা : উল্লেখযোগ্য কবিতা বাংলা আমার, সুখ প্রভৃতি।
  বাংলার কাব্য বাংলার ভাষা মিটায় আমার প্রাণের পিপাসা,
  সে দেশ আমার নয় গো আপন,
  যে দেশে বাঙালি নেই। [বাংলা আমার]
- মন্দাকিনী-ধারা
- শিব-মন্দির
- কুসুমকানন
- শ্মশান-ভস্ম
- মহররম শরীফ

কবিতা

- আযান : *আমি তো পাগল হয়ে যাই যে মধুর তানে*
  কি যে এক আকর্ষণে ছুটে যাই মুগ্ধ মনে।

MCQ Solution

১. **কবি কায়কোবাদের সঠিক জন্ম সন কোনটি?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২]
ক) ১৮৫৮ খ্রি. খ) ১৮৫৭ খ্রি.
গ) ১৮৬৭ খ্রি. ঘ) ১৮৭৭ খ্রি. **উত্তর:** খ

২. **আধুনিক বাংলা সাহিত্যের প্রথম মুসলিম কবি-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক) নজরুল ইসলাম খ) ফররুখ আহমদ
গ) কায়কোবাদ ঘ) সৈয়দ সুলতান **উত্তর:** গ

৩. **মহাকাব্য রচয়িতা হিসাবে বিশেষ উল্লেখযোগ্য-** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৫]
ক) মোজাম্মেল হক খ) হামিদ আলী
গ) কায়কোবাদ ঘ) যোগীন্দ্রনাথ বসু **উত্তর:** গ

৪. **নিচের কোনটি কায়কোবাদ রচিত মহাকাব্য?** [ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার : ১৮]
ক) অশ্রুমালা খ) মহাশ্মশান অস্ত্রে
গ) বলাবন ঘ) মেঘনাদবধ **উত্তর:** খ

৫. **কায়কোবাদের 'মহাশ্মশান' গ্রন্থটি কোন ধরনের রচনা?** [প্রিমিয়ার ব্যাংক জুনিয়র ট্রেইনি অফিসার (ক্যাশ) : ২২]
ক) ইতিহাস খ) গীতিকাব্য
গ) মহাকাব্য ঘ) উপন্যাস **উত্তর:** গ

৬. **কবি কায়কোবাদ রচিত 'মহাশ্মশান' কাব্যের ঐতিহাসিক পটভূমি ছিল-** [৩৭তম বিসিএস]
ক) পলাশীর যুদ্ধ
খ) ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহ
গ) তৃতীয় পানিপথের যুদ্ধ
ঘ) ছিয়াত্তরের মন্বন্তর **উত্তর:** গ

৭. **'মহাশ্মশান' মহাকাব্য কোন সালের পানি পথের যুদ্ধের উপর ভিত্তি করে রচিত?** [জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৫]
ক) ১৭২৬ খ) ১৭৬১
গ) ১৫৫৬ ঘ) ১৫২৬ **উত্তর:** খ

৮. **নিচের কোনটি উপন্যাস নয়?** [রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
ক) দিবারাত্রির কাব্য খ) শেষের কবিতা
গ) মহাশ্মশান ঘ) লালসালু **উত্তর:** গ

৯. **কায়কোবাদের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?** [কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক : ০৭]
ক) চম্পাবতী খ) গঙ্গামণি
গ) লাজুকলতা ঘ) বিরহবিলাপ **উত্তর:** ঘ

১০. **কায়কোবাদ কর্তৃক রচিত কাব্যগ্রন্থ-** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০]
ক) মহাশ্মশান খ) অশ্রুমালা
গ) অমিয়ধারা ঘ) উপরের সবগুলো **উত্তর:** ঘ


১১. **'শিব-মন্দির' কাব্যগ্রন্থের রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২]
ক) গোবিন্দচন্দ্র দাস
খ) কায়কোবাদ
গ) অক্ষয় কুমার সরকার
ঘ) নবীনচন্দ্র সেন **উত্তর:** খ

১২. **'আযান' কবিতাটি কার রচিত?** [মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০২]
ক) আহসান হাবীব খ) কায়কোবাদ
গ) জসীমউদ্দীন ঘ) শামসুর রাহমান **উত্তর:** খ

১৩. **"বাঙ্গালার কাব্য বাঙ্গালার ভাষা মিটায় আমার প্রাণের পিপাসা, সে দেশ আমার নয় গো আপন/যে দেশে বাঙালি নেই।" এ পঙ্ক্তিটি কোন কবির কবিতা থেকে উদ্ধৃত করা হয়েছে?** [রেলওয়ে সহকারী কমান্ডেট : ০০]
ক) আলাওল খ) রামনিধি গুপ্ত
গ) আবদুল হাকিম ঘ) কায়কোবাদ **উত্তর:** ঘ

১৪. **কায়কোবাদের রচনা নয় কোনটি?** [শ্রম পরি. সহকারী শ্রম পরিচালক : ০৬]
ক) মহাশ্মশান খ) অশ্রুমালা
গ) চিন্তাতরঙ্গিণী ঘ) বিরহবিলাপ **উত্তর:** গ

রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১ - ১৯৪১)



রবীন্দ্রনাথ ঠাকুর ৭ মে, ১৮৬১ খ্রি. (২৫ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দ) কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ও সারদাসুন্দরী দেবীর চতুর্দশ সন্তান। তাঁর পিতামহ ছিলেন প্রিন্স দ্বারকানাথ ঠাকুর। ১৮৮৩ সালে তিনি ভবতারিণী দেবী'র (বিবাহোত্তর নাম মৃণালিণী দেবী) সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। স্কুলে নিয়মিত প্রাতিষ্ঠানিক শিক্ষা তাঁর হয় নি। সতের বছর বয়সে ব্যারিস্টারি পড়তে বিলাতে গিয়েছিলেন। সে পড়া শেষ না হতেই দেশে ফিরে আসেন তিনি। কিন্তু রবীন্দ্রনাথ ছিলেন অসামান্য শিক্ষা সংগঠক। ১৮৬৩ সালে মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর বোলপুরে 'শান্তি নিকেতন' নামক একটি আশ্রম প্রতিষ্ঠা করেন। রবীন্দ্রনাথ ঠাকুর ১৯০১ সালে শান্তি নিকেতনে 'ব্রহ্মচর্যাশ্রম' নামক বিদ্যাপীঠ প্রতিষ্ঠা করেন যা ১৯২১ সালে বিশ্বভারতী কলেজ (পরবর্তীতে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়) এ পরিণত হয়।

রবীন্দ্রনাথ ছিলেন অনন্য চিত্রশিল্পী। ষাটোত্তর বয়সে তিনি চিত্রচর্চা শুরু করেন। লেখার কাটাকুটি থেকেই তাঁর এ চর্চার সূচনা। ১৯২৬ খ্রিষ্টাব্দে ফ্রান্সের প্যারিসের পিগাল আর্ট গ্যালারিতে তাঁর প্রথম চিত্র প্রদর্শনী হয়।

রবীন্দ্রনাথ ছিলেন অনুসন্ধিৎসু বিশ্বপরিব্রাজক। ১৯৩০ সালে জার্মানিতে আইনস্টাইন সাথে তাঁর সাক্ষাৎ হয়। সাক্ষাতে তিনি দর্শন, মানুষ ও বিজ্ঞান নিয়ে আলাপচারিতা করেন।

৭ আগস্ট, ১৯৪১ খ্রি. (২২ শ্রাবণ, ১৩৪৮ বঙ্গাব্দ) জোড়াসাঁকোর ঠাকুর বাড়িতে কবির জীবনাবসান ঘটে।

১৯১৫ সালে তৎকালীন ভারত সরকার তাঁকে 'স্যার' বা 'নাইট' উপাধি প্রদান করে। ১৯১৯ সালে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে তিনি 'নাইট' উপাধি ত্যাগ করেন। ১৯১৩ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৩৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ১৯৪০ সালে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় তাঁকে ডি.লিট উপাধি প্রদান করে। ইংরেজ অনুবাদক উইলিয়াম রাদিচে রবীন্দ্র রচনাবলী নিয়ে গবেষণা করেন। রবীন্দ্রনাথকে গুরুদেব, কবিগুরু ও বিশ্বকবি প্রভৃতি অভিধায় ভূষিত করা হয়। তাঁকে 'বিশ্বকবি' অভিধায় প্রথম অভিষিক্ত করেন পণ্ডিত রোমান ক্যাথলিক ব্রহ্মবান্ধব উপাধ্যায়।

MCQ Solution

১. **রবীন্দ্রনাথ ঠাকুরের সময়কাল-** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) : ১৮]
ⓚ ১৮৬১-১৯৪১ ⓛ ১৮৬০-১৯৪১
ⓜ ১৮৬০-১৯৪০ ⓝ ১৮৬১-১৯৪০ **উত্তর:** ক

২. **রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম-** [ডাক-জীবন-বীমা-এর অফিস সহকারী : ২২]
ক) ১৮৬১ খ্রিষ্টাব্দে ৭ মে
খ) ১৮৪১ খ্রিষ্টাব্দে ৭ জুন
গ) ১৮৩৮ খ্রিষ্টাব্দে ৫ মে
ঘ) ১৮৫১ খ্রিষ্টাব্দে ৭ জুন **উত্তর:** ক

৩. **রবীন্দ্রনাথ ঠাকুর কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন বাংলা-** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ক) ২৫ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দে
খ) ৭ বৈশাখ, ১২৭৮ বঙ্গাব্দে
গ) ২৭ বৈশাখ, ১৩৫৭ বঙ্গাব্দে
ঘ) ২৪ বৈশাখ, ১৩৬৮ বঙ্গাব্দে **উত্তর:** ক

৪. **কোন সালে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম-শতবার্ষিকী পালিত হয়?** [১৩তম বিসিএস]
ক) ১৯৫১ খ) ১৯৬১
গ) ১৯৭১ ঘ) ১৯৮১ **উত্তর:** খ

৫. **২০১১ সালে সার্ধশত জন্মবার্ষিকী পালিত হয়-** [কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি.-এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক) রবীন্দ্রনাথ ঠাকুরের খ) মীর মশাররফ হোসেনের
গ) প্রমথ চৌধুরীর ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের **উত্তর:** ক

৬. **রবীন্দ্রনাথ ঠাকুরের পিতার নাম কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৫-০৬]
ক) অবনীন্দ্রনাথ ঠাকুর খ) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
গ) দ্বারকানাথ ঠাকুর ঘ) দেবেন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

৭. **Who was the founder of '*Santiniketan*'?** [Bangladesh Krishi Bank Officer : 12]
ⓐ Dwarkanath Tagore
ⓑ Rabindranath Tagore
ⓒ Abanindranath Tagore
ⓓ Debendranath Tagore **Ans.** d

৮. **'বিশ্বভারতী' কে প্রতিষ্ঠা করেন?** [প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে সহকারী পরিচালক : ০১]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর
গ) অবনীন্দ্রনাথ ঠাকুর ঘ) রথীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ক

৯. **রবীন্দ্রনাথ শান্তি নিকেতন প্রতিষ্ঠা করেন-** [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
ক) ১৯০০ সালে খ) ১৯০১ সালে
গ) ১৯০২ সালে ঘ) ১৯০৩ সালে **উত্তর:** খ

১০. **ছবি এঁকে বিখ্যাত হয়েছেন?** [ঢাককানইবি (খ-ইউনিট) : ১০-১১]
ⓚ নজরুল ⓚ রবীন্দ্রনাথ
ⓖ আবুল হোসেন ⓖ শামসুর রাহমান **উত্তর:** খ

১১. **রবীন্দ্রনাথ ঠাকুরের চিত্রকর্মের প্রথম প্রদর্শনী কোথায় হয়?** [ঢাককানইবি (এপি- ইউনিট) : ১৭-১৮]
ⓚ ফ্রান্সে ⓚ লন্ডনে
ⓖ মস্কো ⓖ জাপান **উত্তর:** ক

১২. **বিশ্বকবি রবীন্দ্রনাথ বিশ্ব বিজ্ঞানী এর সাথে দর্শন, মানুষ ও বিজ্ঞান নিয়ে আলাপচারিতা করেছিলেন-** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
ⓚ নিউটন ⓚ আইনস্টাইন
ⓖ শ্রডিঞ্জার ⓖ ম্যাক্স প্লাংক **উত্তর:** খ

১৩. **Which Bengali poet was awarded the title 'Knight'?/কোন বাঙালি কবি 'নাইট' উপাধি পেয়েছিলেন?** [Bangladesh Bank Asst. Director : 04]
ⓐ Kazi Nazrul Islam
ⓑ Shukumar Roy
ⓒ Rabindranath Tagore
ⓓ Satyendranath Datta **Ans.** c

১৪. **রবীন্দ্রনাথ ঠাকুরকে কত সালে স্যার (নাইটহুড) উপাধিতে ভূষিত করা হয়?** [শিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) : ২২]
ⓚ ১৯১৩ ⓚ ১৯১৫
ⓖ ১৯১৭ ⓖ ১৯২০ **উত্তর:** খ

১৫. **রবীন্দ্রনাথ নাইট উপাধি ত্যাগ করেন কোন সালে?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দানিয়ুব) : ১৩]
ⓚ ১৯১৩ ⓚ ১৯১৫
ⓖ ১৯১৭ ⓖ ১৯১৯ **উত্তর:** ঘ

১৬. **কত সালে ঢাকা বিশ্ববিদ্যালয় কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরকে ডি.লিট উপাধি দেয়?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ ১৯২৩ ⓚ ১৯৩০
ⓖ ১৯৩৬ ⓖ ১৯৪০ **উত্তর:** গ

১৭. **২২ শ্রাবণ কেন স্মরণীয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২]
ⓚ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস
ⓚ কবি নজরুল ইসলামের মৃত্যু বার্ষিকী
ⓖ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন
ⓖ কবি জীবনানন্দ দাশের জন্মদিন **উত্তর:** ক

১৮. **কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর মৃত্যুবরণ করেন-** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ০১]
ⓚ ১৯৩৮ সালে ⓚ ১৯৪১ সালে
ⓖ ১৯৪২ সালে ⓖ ১৯৪০ সালে **উত্তর:** খ

১৯. **'উইলিয়াম রাদিচে একজন-** [ইবি (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ নজরুল বিশেষজ্ঞ ⓚ রবীন্দ্র বিশেষজ্ঞ
ⓖ বঙ্কিম বিশেষজ্ঞ ⓖ মধুসূদন বিশেষজ্ঞ **উত্তর:** খ

২০. **"এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ, মরণে তাই তুমি করে গেলে দান।" – কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর কাকে উদ্দেশ্য করে কথাগুলো লিখেছিলেন?** [পরিসংখ্যান ব্যুরোর সহকারী পরিসংখ্যান কর্মকর্তা : ৯৮]
ⓚ সত্যেন্দ্রনাথ দত্ত ⓚ আশুতোষ মুখোপাধ্যায়
ⓖ নবীনচন্দ্র সেন ⓖ চিত্তরঞ্জন দাস **উত্তর:** ঘ

রবীন্দ্রনাথ ও পূর্ববঙ্গ

জোড়াসাঁকোর ঠাকুর পরিবারের আসল পদবি ছিল 'কুশারী'। জগন্নাথ কুশারী ছিলেন ঠাকুর বংশের আদি পুরুষ। তাঁর বসতি ছিল খুলনা জেলার রূপসা উপজেলার ভৈরব তীরবর্তী পিঠাভোগ গ্রামে। তিনি খুলনা জেলার ফুলতলার দক্ষিণডিহি নিবাসী শুকদেব রায়চৌধুরীর এক কন্যাকে বিয়ে করে জাতিচ্যুত হন। পরে তিনি দক্ষিণডিহির শ্বশুরালয়ে স্থায়ী বসতি স্থাপনে বাধ্য হন।

ঠাকুর পরিবারের বাংলাদেশে শিলাইদহ, শাহাজাদপুর ও কালিগ্রাম পরগনাসহ মোট তিনটি জমিদারি ছিল। কালিগ্রাম স্টেটের কাচারিবাড়ি ছিল নওগাঁর পতিসরে। জমিদারির দেখভালের জন্য পিতার নির্দেশে ১৮৯০ সালে পূর্ববঙ্গে আসেন রবীন্দ্রনাথ ঠাকুর। তিনি পূর্ববঙ্গের শিলাইদহ - শাহজাদপুর - পতিসরে ১০ বছর জীবন অতিবাহিত করেন। কুষ্টিয়ার শিলাইদহে বসবাসকালেই কবি সোনার তরী, চিত্রা, চৈতালি, কল্পনা, ক্ষণিকা এবং কথা ও কাহিনী কাব্যের শ্রেষ্ঠ কবিতাগুলি রচনা করেন। রবীন্দ্রনাথের ছোটগল্পের বেশিরভাগ পূর্ববঙ্গে অবস্থানকালে লেখা। শিলাইদহ ছিল রবীন্দ্রনাথের ছোটগল্প রচনার স্বর্ণযুগ। ভাগবাটোয়ারা সূত্রে রবীন্দ্রনাথের ভাগে পড়েছিল কালিগ্রাম পরগনা। পতিসরে বসেই কবি- চিত্রা, সন্ধ্যা, গোরা, ঘরে-বাইরে (অংশবিশেষ) সহ অসংখ্য গ্রন্থ রচনা করেন। পতিসরের কাছারিবাড়ির পাশ দিয়ে বয়ে যাওয়া আঁকাবাঁকা নাগর নদীকে কেন্দ্র করেই কবি রচনা করেন বিখ্যাত কবিতা 'আমাদের ছোট নদী'। পতিসরে বসেই কবি রচনা করেন তাঁর বিখ্যাত দুই বিঘা জমি, তালগাছ প্রভৃতি কবিতা। সিরাজগঞ্জের শাহজাদপুরে অবস্থানকালে কবি ছুটি, পোস্টমাস্টার, সমাপ্তি, অতিথি প্রভৃতি ছোটগল্প, বিসর্জন নাটক, কল্পনা কাব্যের বিভিন্ন গান, সোনার তরী কাব্যের ভরা ভাদরে, দুই পাখি, আকাশের চাঁদ, হৃদয় যমুনা, প্রত্যাখ্যান, পুরস্কার প্রভৃতি কবিতা রচনা করেন।

১৯০৫ সালে বঙ্গভঙ্গের প্রতিবাদে তীব্র আন্দোলন গড়ে তোলেন। হিন্দু-মুসলমানের মিলনের জন্য তিনি রাখি উৎসবের প্রচলন করেন। রবীন্দ্রনাথ ঠাকুর ২ বার (১৮৯৮, ১৯২৬) ঢাকায় আসেন এবং ১৯২৬ সালের ১০ই ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা দেন।

MCQ Solution

১. **'ঠাকুর' পরিবারের আসল পদবি ছিল-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ⓚ কুশারী ⓚ মুখোপাধ্যায়
ⓖ শাস্ত্রী ⓖ ঘোষ **উত্তর:** ক

২. **রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্বপুরুষের আদিবসতি কোথায় ছিল?** [৩৫তম বিসিএস]
ক খুলনার দক্ষিণ ডিহি গ ছোটনাগপুর মালভূমি
খ যশোরের কেশবপুর ঘ কুষ্টিয়ার শিলাইদহ **উত্তর:** ক

৩. **কবি রবিঠাকুরের স্মৃতিবিজড়িত শিলাইদহ কোন জেলায়?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১৫]
ক রাজশাহী খ কুমিল্লা
গ কুষ্টিয়া ঘ ঢাকা **উত্তর:** গ

৪. **রবীন্দ্রনাথের ছোটগল্পগুলো বেশির ভাগ কোথায় রচিত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
ক উত্তরবঙ্গে খ দক্ষিণবঙ্গে
গ পূর্ববঙ্গে ঘ পশ্চিমবঙ্গে **উত্তর:** গ

৫. **রবীন্দ্রনাথের ছোটগল্প রচনায় স্বর্ণযুগ-** [জাবি (গ ইউনিট) : ১৯-২০]
ক কুষ্টিয়ার শিলাইদহ খ সিরাজগঞ্জের শাহজাদপুর
গ শান্তিনিকেতন ঘ খুলনার দক্ষিণডিহি **উত্তর:** ক

৬. **রবীন্দ্রনাথ ঠাকুর 'সোনার তরী' কোথায় রচনা করেন?** [সড়ক ও জনপদ অধিদপ্তরের কার্য-সহকারী : ২২]
ক শাহজাদপুর খ শিলাইদহ
গ পতিসর ঘ জোড়াসাঁকো **উত্তর:** খ

৭. **কোন জমিদারি শেষ পর্যন্ত রবীন্দ্রনাথের ভাগে পড়ে-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ক পতিসর খ শাহজাদপুর
গ শিলাইদহ ঘ কনকশর **উত্তর:** ক

৮. **বাংলাদেশের কোন স্মৃতি বিজড়িত এলাকায় রবীন্দ্রনাথ ঠাকুর জমিদারির জন্য ঘুরে বেড়ান?** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ক কালিগ্রাম খ সখিপুর
গ টুনিরহাট ঘ ব্যারিস্টার বাজার **উত্তর:** ক

৯. **শিলাইদহ ছাড়া রবীন্দ্রনাথ বাংলাদেশের আর কোন অঞ্চলে অবস্থান করতেন?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১৬]
ক কুমিল্লা খ পতিসর
গ খুলনা ঘ সাভার **উত্তর:** খ

১০. **রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতা কোনটি?** [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট : ২০]
ক আদুরে খ আমাদের ছোট নদী
গ জননী ঘ কবর **উত্তর:** খ

১১. **রবীন্দ্রস্মৃতি বিজড়িত 'পতিসর' কোন নদীর তীরে অবস্থিত?** [রাবি (এ ইউনিট - সেট বি) : ১৪-১৫]
ক তুলসী গঙ্গা খ করতোয়া
গ আত্রাই ঘ বড়াল **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর - নাগর নদী। [সূত্র - বাংলাপিডিয়া]

১২. **রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় ছিলেন না?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ১০]
ক শাহজাদপুর খ শিলাইদহ
গ মনপুরা ঘ পতিসর **উত্তর :** গ

১৩. **রবীন্দ্রনাথ ঠাকুর কতবার ঢাকায় এসেছিলেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১ - ১২]
ক এক খ দুই
গ তিন ঘ চার **উত্তর:** খ

১৪. **ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন তারিখে রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর প্রথম বক্তৃতা করেন-** [সমন্বিত ৯ ব্যাংক অফিসার (জেনারেল) : ২২]
ক ১৯২৬ সালের ১০ই ফেব্রুয়ারি
খ ১৯২৮ সালের ১০ই এপ্রিল
গ ১৯৩০ সালের ১০ই মে
ঘ ১৯৩২ সালের ১০ই আগস্ট **উত্তর:** ক

রবীন্দ্রনাথের উপন্যাস (১২টি)

- বৌঠাকুরানীর হাট (১৮৮৩) প্রথম উপন্যাস। এটি ঐতিহাসিক উপন্যাস।
- রাজর্ষি : ঐতিহাসিক উপন্যাস।
- চোখের বালি : বাল্যবিধবা 'বিনোদিনী'র প্রতি আকৃষ্ট দুই পুরুষ (মহেন্দ্র ও বিহারী) এর ত্রিভুজপ্রেমের কাহিনি অঙ্কিত হয়েছে।
- নৌকাডুবি : সামাজিক উপন্যাস।
- গোরা (১৯১০) একটি রাজনৈতিক উপন্যাস। চরিত্র - গোরা, ললিতা, বিনয় প্রমুখ।
- চতুরঙ্গ (১৯১৬)
- ঘরে-বাইরে (১৯১৬) ব্রিটিশ বিরোধী স্বদেশী আন্দোলনের পটভূমিতে রচিত। প্রধান চরিত্র - নিখিলেস, বিমলা।
- শেষের কবিতা (১৯২৯) একটি রোমান্টিক কাব্যোপন্যাস। চলিত ভাষার লিখিত। প্রধান চরিত্র অমিত, লাবণ্য ও শোভনলাল। উপন্যাসটিতে রবি ঠাকুর ইংরেজ কবি জন ডানের নান্দনিক পঙ্ক্তি "For God's sake, hold your tongue and let me love"টি ব্যবহার করেন। উপন্যাসের নায়ক অমিতকে বেড়াতে গিয়ে ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের 'বাংলা ভাষার শব্দতত্ত্ব' বই পড়তে দেখা যায়। উপন্যাসের উপসংহারে লাবণ্য একটি চিঠিতে লেখেন-

  কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও? ...
  কোনোদিন কর্মহীন পূর্ণ অবকাশে
  বসন্তবাতাসে
  অতীতের তীর হতে যে রাত্রে বহিবে দীর্ঘশ্বাস,
  ঝরা বকুলের কান্না ব্যথিবে আকাশ। ...
  যে আমারে দেখিবারে পায় অসীম ক্ষমায় ভালো মন্দ মিলায়ে সকলি,
  এবার পূজায় তারি আপনারে দিতে চাই বলি। ......
  গ্রহণ করেছ যত, ঋণী তত করেছ আমায়।

- যোগাযোগ : প্রধান চরিত্র - মধুসূদন, কুমুদিনী। সামাজিক উপন্যাস। কাহিনীসূত্র ফ্ল্যাশব্যাক (পূর্বের ইতিহাস পরে বর্ণনা করা) পদ্ধতিতে রচিত হয়। এই প্রসঙ্গে রবীন্দ্রনাথ নিজেই বলেন, *"কিন্তু আরম্ভের পূর্বেও আরম্ভ আছে। সন্ধ্যা বেলায় দীপ জ্বালার আগে সকাল বেলায় সলতে পাকানো।"*

- দুইবোন (১৯৩৩): কাব্যধর্মী উপন্যাস। প্রধান চরিত্র শর্মিলা।
- মালঞ্চ
- চার অধ্যায় (১৯৩৪) : রাজনৈতিক উপন্যাস। উপন্যাসটির মূল সুর অসহযোগ আন্দোলন পরবর্তী হিংসাত্মক বিপ্লব আন্দোলনের প্রতি বিরূপ মনোভাব।

MCQ Solution

১. **রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত উপন্যাস-** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষক : ১৭]
ⓚ চোখের বালি ⓚ বৌঠাকুরানীর হাট
ⓖ শেষের কবিতা ⓖ গোরা **উত্তর: খ**

২. **বিধবার প্রেম নিয়ে রচিত উপন্যাস কোনটি?** [৪১তম বিসিএস]
ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'শেষ প্রশ্ন'
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুরের 'চোখের বালি'
ⓖ কাজী নজরুল ইসলামের 'কুহেলিকা'
ⓖ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কপালকুণ্ডলা' **উত্তর: খ**

৩. **রবীন্দ্রনাথের 'চোখের বালি' উপন্যাসের প্রধান দু'টি চরিত্রের নাম-** [খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অধীনে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা : ০৪]
ⓚ মহেন্দ্র ও বিনোদিনী
ⓚ নগেন্দ্রনাথ ও কুন্দনন্দিনী
ⓖ সুরেশ ও অচলা
ⓖ মধুসূদন ও কুমুদিনী **উত্তর: ক**

৪. **'নৌকাডুবি' রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত একটি-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ⓚ গল্প ⓚ নাটক
ⓖ উপন্যাস ⓖ প্রবন্ধ **উত্তর: গ**

৫. **কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রাজনৈতিক উপন্যাস?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাব রক্ষক : ২১]
ⓚ শেষের কবিতা ⓚ গোরা
ⓖ নৌকাডুবি ⓖ চোখের বালি **উত্তর: খ**

৬. **কোনটি রবীন্দ্রনাথের রচনা?** [২১তম বিসিএস]
ⓚ চতুরঙ্গ ⓚ চতুর্দশী
ⓖ চতুষ্কোণ ⓖ চতুষ্পাঠী **উত্তর: ক**

৭. **'চতুরঙ্গ' গ্রন্থ একটি-** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ⓚ নাটক ⓚ উপন্যাস
ⓖ ভ্রমণকাহিনী ⓖ কাব্য **উত্তর: খ**

৮. **কোন উপন্যাসটির রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর?** [৩৪তম বিসিএস/ ১৬তম বিসিএস]
ⓚ বিষবৃক্ষ ⓚ গণদেবতা
ⓖ আরণ্যক ⓖ ঘরে-বাইরে **উত্তর: ঘ**

৯. **স্বদেশী আন্দোলনের পটভূমিতে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস কোনটি?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর : ২১]
ⓚ নৌকাডুবি ⓚ রাজর্ষি
ⓖ গোরা ⓖ ঘরে-বাইরে **উত্তর: ঘ**

১০. **'ঘরে-বাইরে' উপন্যাসের মূল উপজীব্য হলো-** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
ⓚ জমিদার-প্রজার কাহিনী ⓚ ব্রিটিশ ভারতের রাজনীতি
ⓖ প্রেম-ভালবাসা ⓖ ইতিহাস **উত্তর: খ**

১১. **নিচের কোন চরিত্র দুটি রবীন্দ্রনাথের 'ঘরে-বাইরে' উপন্যাসের?** [৩৬তম বিসিএস]
ⓚ বিহারী-বিনোদিনী ⓚ নিখিলেস-বিমলা
ⓖ মধুসূদন-কুমুদিনী ⓖ অমিত-লাবণ্য **উত্তর: খ**

১২. **'শেষের কবিতা' রবীন্দ্রনাথ রচিত-** [১০ম বিসিএস]
ⓚ উপন্যাসের নাম ⓚ কবিতার নাম
ⓖ গল্প সংকলনের নাম ⓖ নাটকের নাম **উত্তর: ক**

১৩. **'শেষের কবিতা' কি?** [ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার : ২২]
ⓚ কাব্য ⓚ কাব্যোপন্যাস
ⓖ গীতিকবিতা ⓖ উপন্যাস **উত্তর: খ**

১৪. **রবীন্দ্রনাথের কোন গ্রন্থটি উপন্যাস?** [২৪তম বিসিএস/ স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) : ২২]
ⓚ শেষের কবিতা ⓚ বলাকা
ⓖ ডাকঘর ⓖ কালান্তর **উত্তর: ক**

১৫. **নিচের কোন গ্রন্থটি অন্যদের থেকে আলাদা?** [BEPZA এর সহকারী ব্যবস্থাপক : ২১]
ⓚ সোনার তরী ⓚ দোলন চাঁপা
ⓖ মানসী ⓖ শেষের কবিতা **উত্তর: ঘ**

১৬. **চলিত ভাষায় রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ নৌকাডুবি ⓚ গোরা
ⓖ দুই বোন ⓖ শেষের কবিতা **উত্তর: ঘ**

১৭. **'অমিত ও লাবণ্য' চরিত্র দুটির রচয়িতা কে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]
ⓚ সৈয়দ মুজতবা আলী ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ মুনীর চৌধুরী **উত্তর: গ**

১৮. **'শেষের কবিতা' উপন্যাসটির নায়ক কে?** [শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার : ০৫]
ⓚ শোভনলাল ⓚ অমিত রায়
ⓖ নরেন ⓖ অভিক **উত্তর: খ**

১৯. **রবীন্দ্রনাথ ঠাকুরের 'শেষের কবিতা' উপন্যাসে কোন ভাষাবিদের নাম পাওয়া যায়?** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ⓚ সুকুমার সেন ⓚ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓖ হরপ্রসাদ শাস্ত্রী ⓖ পবিত্র সরকার **উত্তর: খ**

২০. **"কোনোদিন কর্মহীন পূর্ণ অবকাশে বসন্তবাতাসে অতীতের তীর হতে যে রাত্রে বহিবে দীর্ঘশ্বাস, ঝরা বকুলের কান্না ব্যথিবে আকাশ।" উপরিউক্ত চরণের রচয়িতা কে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ⓚ শামসুর রাহমান ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ চণ্ডীদাস **উত্তর: গ**

২১. **"যে আমারে দেখিবারে পায় অসীম ক্ষমায় ভালো মন্দ মিলায়ে সকলি/ এবার পূজায় তারি আপনারে দিতে চাই বলি।" চরণটির রচয়িতা-** [বেবিচক-এর এরোড্রম কর্মকর্তা : ২১]
ক) অমিত রায় খ) জীবনানন্দ দাশ
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) কবি কালিদাস **উত্তর:** গ

২২. **"গ্রহণ করেছ যত, ঋণী তত করেছ আমায়।"– উদ্ধৃত বাক্যটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'শেষের কবিতা' উপন্যাসের কোন চরিত্রের বক্তব্য?** [যুব উন্নয়ন অধিদপ্তরে সহকারী পরিচালক : ৯৯]
ক) অমিত রায় খ) লাবণ্য
গ) শোভন লাল ঘ) কেতকী **উত্তর:** খ

২৩. **"For God's sake, hold your tongue and let me love" occurs in a novel by-** [৪২তম (বিশেষ) বিসিএস]
ক) Jane Austen খ) Rabindranath Tagore
গ) Syed Waliullah ঘ) Somerset Maugham
উত্তর: খ

২৪. **'যোগাযোগ' উপন্যাসের রচয়িতা কে?** [দুর্নীতি দমন কমিশন (দুদক) এর উপ-সহকারী পরিচালক : ২০]
ক) ঈশ্বরচন্দ্র গুপ্ত খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ) বনফুল ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

২৫. **'মধুসূদন' নিচের যে উপন্যাসের অন্যতম প্রধান চরিত্র-** [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৮]
ক) গৃহদাহ খ) যোগাযোগ
গ) শর্মিষ্ঠা ঘ) নদীবক্ষে **উত্তর:** খ

২৬. **'কুমুদিনী' কোন উপন্যাসের নায়িকা?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২]
ক) যোগাযোগ খ) ঘরে-বাইরে
গ) নৌকাডুবি ঘ) শেষের কবিতা **উত্তর:** ক

২৭. **"কিন্তু আরম্ভের পূর্বেও আরম্ভ আছে। সন্ধ্যা বেলায় দীপ জ্বালার আগে, সকাল বেলায় সলতে পাকানো'- বাক্যদ্বয় কোন রচনা থেকে উদ্ধৃত?** [৪০তম বিসিএস]
ক) নৌকাডুবি খ) চোখের বালি
গ) যোগাযোগ ঘ) শেষের কবিতা **উত্তর:** গ

২৮. **'শর্মিলা' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কোন উপন্যাসের নায়িকা?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ঢাকা বিভাগ) : ০৮]
ক) দুইবোন খ) মালঞ্চ
গ) শেষের কবিতা ঘ) বৌঠাকুরানীর হাট **উত্তর:** ক

২৯. **'নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
ক) বলাকা খ) বসন্ত
গ) মালঞ্চ ঘ) শেষ লেখা **উত্তর:** গ

৩০. **রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা-** [ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ক) চতুর্দশী খ) চতুষ্পাঠী
গ) চতুর্দশপদী ঘ) চার অধ্যায় **উত্তর:** ঘ

রবীন্দ্রনাথের গল্প সংকলন (ছোটগল্প ১১৯টি)

রবীন্দ্রনাথের লেখনীতেই বাংলা ছোটগল্পের উদ্ভব, বিকাশ ও সমৃদ্ধি ঘটেছে। ছোটগল্প সম্পর্কে রবীন্দ্রনাথ তাঁর 'বর্ষাযাপন' কবিতায় বলেন, *"ছোট প্রাণ ছোট ব্যথা, ছোট ছোট দুঃখ কথা/ নিতান্তই সহজ সরল।"* গল্পগুচ্ছ গ্রন্থে রবীন্দ্রনাথের ৯৫টি ছোটগল্প সংকলিত হয়।

- ভিখারিণী (১৮৭৪ খ্রি.) : লেখকের প্রথম প্রকাশিত ছোটগল্প।
- তোতাকাহিনী
- সুভা
- মুসলমানীর গল্প : রবীন্দ্রনাথের সর্বশেষ গল্প।

সামাজিক গল্প

- দেনা-পাওনা : বাংলা সাহিত্যের প্রথম সার্থক ছোটগল্প। গল্পের উল্লেখযোগ্য লাইন-
  'শাস্ত্রশিক্ষা, নীতিশিক্ষা একেবারে নাই, কাজেই'।
- হৈমন্তী - যৌতুক প্রথা প্রাধান্য পেয়েছে। চরিত্র - হৈমন্তী, গৌরীশঙ্কর, অপু। গল্পের উল্লেখযোগ্য লাইন-
  .... এ যে দুর্লভ, এ যে মানবী, ইহার রহস্যের কি অন্ত আছে? ...... মানুষ পণ করে পণ ভাঙিয়া ফেলিয়া হাঁফ ছাড়িবার জন্য ... । যাহা দিলাম তাহা উজাড় করিয়াই দিলাম। এখন ফিরিয়া তাকাইতে গেলে দুঃখ পাইতে হইবে। .... হায়রে, তাহার বউমার প্রতি বাবার সেই মধুমাখা পঞ্চস্বর এবার এমন বাজখাই খাদে নামিল কেমন করিয়া? ..... বুকের রক্ত দিয়া আমাকে যে একদিন দ্বিতীয় সীতা বিসর্জনের কাহিনী লিখতে হইবে সে কথা কে জানিত।.....
- ছুটি : চরিত্র - ফটিক। গল্পের উল্লেখযোগ্য লাইন-
  একজন আসিয়া ভয়ে ভয়ে তাহাকে একটু-আধটু ঠেলিল কিন্তু সে তাহতে কিছুমাত্র বিচলিত হইল না; এই অকাল-তত্ত্ব জ্ঞানী মানব সকল প্রকার ক্রীড়ার অসাড়তা সম্বন্ধে নিজের চিন্তা করিতে লাগিল।...... মামা, আমার ছুটি হয়েছে কি।.......... মা, এখন আমার ছুটি হয়েছে মা, এখন আমি বাড়ি যাচ্ছি।
- পোস্টমাস্টার : প্রধান চরিত্র রতন। গল্পের উল্লেখযোগ্য লাইন-
  একবার মনে হইল ফিরিয়া যাই, জগতের ক্রোড়বিচ্যুত সেই অনাথিনীকে সঙ্গে করিয়া লইয়া আসি - নদীবক্ষে ভাসমান পথিকের হৃদয়ে এই তথ্যের উদয় হইল? ... ফিরিয়া ফল কি-এ পৃথিবীতে কে কাহার?
- কাবুলিওয়ালা : গল্পের উল্লেখযোগ্য মুসলিম চরিত্র- রহমত, খুকী। গল্পের বিখ্যাত লাইন-
  কিন্তু মঙ্গল আলোকে আমার শুভ উৎসব উজ্জ্বল হইয়া উঠিল।
- খোকাবাবুর প্রত্যাবর্তন : চরিত্র - রাইচরণ।
- শাস্তি : প্রধান চরিত্র - দুখিরাম রুই, ছিদাম রুই, চন্দরা এবং রাধা।
- মাস্টারমশায়
- ব্যবধান
- পণরক্ষা
- কর্মফল

- দিদি
- করুণা
- মেঘ ও রৌদ্র
- যজ্ঞেশ্বরের যজ্ঞ

প্রেমের গল্প

- অপরিচিতা

> **বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার জন্য অধিক উপযোগী**
>
> অপরিচিতা গল্পটি 'সবুজপত্র' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। এটি ব্যক্তিত্বহীন পুরুষের বিপরীতে নারী-জাগরণের গল্প। গল্পের শুরুতে নায়ক অনুপম নিজের সম্পর্কে বলেন, *'ছেলেবেলায় আমার সুন্দর চেহারা লইয়া পণ্ডিতমশায় আমাকে শিমুল ফুল ও মাকাল ফলের সহিত তুলনা, বিদ্রুপ করিবার সুযোগ পাইয়াছিলেন।'* কথক (অনুপম) নিজের ব্যক্তিত্বহীন সত্তাকে 'অন্নপূর্ণার কোলে গজাননের ছোট ভাই' বলেও ব্যঙ্গ করেন। **গল্পটিতে পুরুষতন্ত্রের অমানবিকতার স্ফুরণ যেমন ঘটেছে, তেমনি একই সঙ্গে যৌতুকের বিরুদ্ধে পিতা শম্ভুনাথ সেন এবং কন্যা (নায়িকা) কল্যাণীর প্রতিরোধের প্রশস্তিও চিত্রিত হয়েছে। আত্মমর্যাদাবান শম্ভুনাথ কন্যাসম্প্রদানে অসম্মতি জানিয়ে বলেন, *"আমার কন্যার গহনা আমি চুরি করিব এ কথা যারা মনে করে তাদের হাতে আমি কন্যা দিতে পারি না।"***
>
> **গল্পের উল্লেখযোগ্য লাইন-**
>
> ***আমার শরীর মন বসন্ত বাতাসে বকুলবনের নবপল্লবরাশির মতো কাঁপিতে কাঁপিতে আলোছায়া বুনিতে লাগিল। ..... কিন্তু, মেয়ের বয়স যে পনেরো, তাই শুনিয়া আমার মন ভার হইল। কন্যাকে আশীর্বাদ করিবার জন্য যাহাকে পাঠানো হইল সে আমাদের বিনুদাদা, আমার পিসতুতো ভাই। ..... বিনুদাদার ভাষাটা অত্যন্ত আঁট। ..... গাড়ি লোহার মৃদঙ্গে তাল দিতে দিতে চলিল; আমি মনের মধ্যে গান শুনিতে শুনিতে চলিলাম।....... আপনারা আমাদের গাড়িতে আসুন না-এখানে জায়গা আছে।***

- নষ্টনীড় : চরিত্র - চারু, অমল।
- সমাপ্তি : চরিত্র - মৃন্ময়ী। গল্পেটির উল্লেখযোগ্য পঙক্তি- *শিশুরাজ্যে এই মেয়েটি একটি ছোটখাট বর্গির উপদ্রব বলিলেই হয়।*
- একরাত্রি : গল্পের নায়িকা সুরবালা।
- রবিবার : প্রধান চরিত্র - অভীক, বিভা।
- শেষের রাত্রি
- মাল্যদান
- ল্যাবরেটরি
- পাত্র ও পাত্রী
- মহামায়া
- স্ত্রীর পত্র
- শেষকথা
- মধ্যবর্তিনী
- প্রায়শ্চিত্ত
- দুরাশা
- মানভঞ্জন

অতি প্রাকৃত গল্প

- মনিহার
- গুপ্তধন
- কঙ্কাল
- নিশীথে
- ক্ষুধিত পাষাণ : চরিত্র- মেহের আলি।
- জীবিত ও মৃত : চরিত্র - কাদম্বিনী। গল্পটির একটি প্রসিদ্ধ লাইন 'কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল, সে মরে নাই।'

MCQ Solution

১. **বাংলা ছোটগল্পের জনক বলা হয় কাকে?** [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক : ২২/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ⓚ মনিরুজ্জামান ⓚ মুনীর চৌধুরী
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ মীর মশাররফ হোসেন **উত্তর:** গ

২. **বাংলা সাহিত্যের প্রথম সার্থক ছোট গল্পকার হলেন-** [মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরিদর্শক : ০৪]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ প্রমথ চৌধুরী
ⓖ বঙ্কিম চট্টোপাধ্যায় ⓖ সৈয়দ ওয়ালীউল্লাহ **উত্তর:** ক

৩. **"ছোট প্রাণ ছোট ব্যথা, ছোট ছোট দুঃখ কথা, নিতান্তই সহজ সরল"- ছোটগল্প সম্পর্কে এ বক্তব্য কার?** [মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাঠ সহকারী : ১৯]
ⓚ প্রমথ চৌধুরী ⓚ প্রথমনাথ বিশী
ⓖ প্রেমেন্দ্র মিত্র ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

৪. **'ছোট প্রাণ, ছোট ব্যথা, ছোট ছোট দুঃখ কথা, নিতান্তই সহজ সরল' রবীন্দ্রনাথের কোন কবিতার অংশ?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র.বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৪-১৫]
ⓚ বর্ষা ⓚ বর্ষাবরণ
ⓖ বর্ষাযাপন ⓖ বর্ষা বিদায় **উত্তর:** গ

৫. **গল্পগুচ্ছের লেখক কে?** [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬]
ⓚ রবীন্দ্রনাথ ⓚ বীরবল
ⓖ সুনীল গঙ্গোপাধ্যায় ⓖ সৈয়দ মুজতবা আলী **উত্তর:** ক

৬. **রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা প্রথম ছোটগল্প কোনটি?** [পিএসসি'র সহকারী পরিচালক : ১৬]
ⓚ ভিখারিণী ⓚ ছুটি
ⓖ সমাপ্তি ⓖ অপরিচিতা **উত্তর:** ক

৭. **রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সর্বশেষ গল্পের নাম?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
ⓚ মুসলমানীর গল্প ⓚ মুসলমানের গল্প
ⓖ মুসলমানির গল্প ⓖ মুসলিমের গল্প **উত্তর:** ক

৮. **'দেনা-পাওনা' গল্পটির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৭]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ সৈয়দ মুজতবা আলী ⓖ প্রমথ চৌধুরী **উত্তর:** ক

৯. **'শাস্ত্রশিক্ষা, নীতিশিক্ষা একেবারে নাই, কাজেই' উক্তিটি কোন গল্পের?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ বিলাসী ⓚ দেনাপাওনা
ⓖ হৈমন্তী ⓖ সুভা **উত্তর:** খ

১০. **যৌতুক প্রথা প্রাধান্য পেয়েছে কোন গল্পে?** [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]
ⓚ হৈমন্তী ⓚ বিলাসী
ⓖ কোরবানী ⓖ মহেশ **উত্তর:** ক

১১. **"এ যে দুর্লভ, এ যে মানবী, ইহার রহস্যের কি অন্ত আছে?" এই উক্তিটি কার?** [কর্মসংস্থান ব্যাংক অ্যাসিসটেন্ট অফিসার : ০১]
ⓚ প্রমথ চৌধুরী ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ⓖ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** খ

১২. **'মানুষ পণ করে পণ ভাঙিয়া ফেলিয়া হাঁফ ছাড়িবার জন্য... ।' লাইনটি কোন গদ্যের অন্তর্গত?** [জবি (চ ইউনিট) : ১৮-১৯]
ⓚ বিলাসী ⓚ হৈমন্তী
ⓖ অর্ধাঙ্গী ⓖ সাহিত্যে খেলা **উত্তর:** খ

১৩. **"যাহা দিলাম তাহা উজাড় করিয়াই দিলাম। এখন ফিরিয়া তাকাইতে গেলে দুঃখ পাইতে হবে।" – উক্তিটি কোনটির অন্তর্গত?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ০৮]
ⓚ বিলাসী ⓚ হৈমন্তী
ⓖ অর্ধাঙ্গিনী ⓖ বৈকালী **উত্তর:** খ

১৪. **"হায়রে, তাহার বউমার প্রতি বাবার সেই মধুমাখা পঞ্চস্বর এবার এমন বাজখাই খাদে নামিল কেমন করিয়া?"– উদ্ধৃতাংশটুকুর প্রবন্ধকার কে?** [সহকারী থানা শিক্ষা অফিসার : ৯৬]
ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ⓚ রামেন্দ্র সুন্দর ত্রিবেদী
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** গ

১৫. **"বুকের রক্ত দিয়া আমাকে যে একদিন দ্বিতীয় সীতা বিসর্জনের কাহিনী লিখতে হইবে সে কথা কে জানিত"– এ বাক্যটি কোন লেখায় আছে?** [স্বাস্থ্য অধিদপ্তরে স্বাস্থ্য সহকারী : ১০]
ⓚ যৌবনের গান ⓚ বিলাসী
ⓖ হৈমন্তী **উত্তর:** গ

১৬. **'ফটিক'- চরিত্রটি কোন ছোট গল্পের মূল চরিত্র?** [পিএসসি'র নিয়োগ : ১৮]
ⓚ কুসুম বিলাস ⓚ তেপান্তরের মাঠ
ⓖ ছুটি ⓖ বিলাসী **উত্তর:** গ

১৭. **'একজন আসিয়া ভয়ে ভয়ে তাহাকে একটু-আধটু ঠেলিল কিন্তু সে তাহতে কিছুমাত্র বিচলিত হইল না; এই অকাল-তত্ত্ব জ্ঞানী মানব সকল প্রকার ক্রীড়ার অসাড়তা সম্বন্ধে নিজের চিন্তা করিতে লাগিল।' এ অংশটুকু রবীন্দ্রনাথ ঠাকুরের কোন সাহিত্যকর্ম থেকে নেওয়া হয়েছে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জার্নালিজম) : ১২-১৩]
ⓚ নৌকাডুবি ⓚ ডাকঘর
ⓖ ছুটি ⓖ শিশু ভোলানাথ **উত্তর:** গ

১৮. **"মামা, আমার ছুটি হয়েছে কি?" 'ছুটি' গল্পে ফটিকের এই উক্তি দ্বারা তার মনের কোন ভাবের অভিব্যক্তি ঘটেছে?** [আবহাওয়া অধিদপ্তরের অধীনে সহকারী আবহাওয়াবিদ : ৯৫]
ⓚ ছুটি হলে পড়ার পর বিশ্রাম নেয়া যাবে
ⓚ ছুটি হলে সে গ্রামের বাড়িতে ফিরে যেতে পারবে
ⓖ ছুটি হলে সে লেখাপড়ার চাপ থেকে মুক্তি পাবে
ⓖ ছুটি হলে সে মনের আনন্দে বেড়াতে পারবে **উত্তর:** খ

১৯. **'মা, আমার ছুটি হয়েছে, আমি বাড়ি যাচ্ছি'- কোন গল্পের উদ্ধৃতি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ২১]
ⓚ শাস্তি ⓚ মহেশ
ⓖ ফটিক ⓖ ছুটি **উত্তর:** ঘ

২০. **'পোস্টমাস্টার'- ছোট গল্পটির রচয়িতা কে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী হিসাব রক্ষক : ২১]
ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ বিহারীলাল ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

২১. **'রতন' কবি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গল্পের চরিত্র?** [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন মাস্টার : ২২]
ⓚ গিন্নি ⓚ পোস্টমাস্টার
ⓖ সুভা ⓖ ছুটি **উত্তর:** খ

২২. **"একবার মনে হইল ফিরিয়া যাই, জগতের ক্রোড়বিচ্যুত সেই অনাথিনীকে সঙ্গে করিয়া লইয়া আসি - নদীবক্ষে ভাসমান পথিকের হৃদয়ে এই তথ্যের উদয় হইল? ফিরিয়া ফল কি-এ পৃথিবীতে কে কাহার?" কার লেখা?** [শ্রম অধিদপ্তরে রেজিস্ট্রার : ০০]
ⓚ বঙ্কিমচন্দ্র ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ তারাশঙ্কর ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

২৩. **"কিন্তু মঙ্গল আলোকে আমার শুভ উৎসব উজ্জ্বল হইয়া উঠিল"– উদ্ধৃতাংশটুকু রবি ঠাকুরের কোন গল্প থেকে নেয়া হয়েছে?** [গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লি. এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ⓚ শেষের কথা ⓚ করুণা
ⓖ কাবুলিওয়ালা ⓖ হৈমন্তী **উত্তর:** গ

২৪. **রবীন্দ্রনাথের কোনটি গল্পটিতে মুসলমান চরিত্র আছে?** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫]
ⓚ সমাপ্তি ⓚ হৈমন্তী
ⓖ একরাত্রি ⓖ কাবুলিওয়ালা **উত্তর:** ঘ

২৫. **'দুখিরাম রুই' ও 'ছিদাম রুই' চরিত্র দুটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোটগল্পের?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ শাস্তি ⓚ দিদি
ⓖ মেঘ ও রৌদ্র ⓖ মাস্টারমশায় **উত্তর:** ক

২৬. **'চন্দরা' চরিত্রের স্রষ্টা কে?** [৩৮তম বিসিএস]
ⓚ বুদ্ধদেব বসু ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ মীর মশাররফ হোসেন ⓖ সৈয়দ শামসুল হক **উত্তর:** খ

২৭. **'চারু' ও 'অমল' চরিত্রদ্বয় রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোট গল্পের চরিত্র?** [৪১তম বিসিএস]
ⓚ একরাত্রি ⓚ জীবিত ও মৃত
ⓖ সমাপ্তি ⓖ নষ্টনীড় **উত্তর:** ঘ

২৮. **'মৃন্ময়ী' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোট গল্পের নায়িকা?** [২৫তম বিসিএস/ বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]
ⓚ সমাপ্তি ⓚ দেনা-পাওনা
ⓖ পোস্টমাস্টার ⓖ মধ্যবর্তিনী **উত্তর:** ক

২৯. **"শিশুরাজ্যে এই মেয়েটি একটি ছোটখাট বর্গির উপদ্রব বলিলেই হয়।"– রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গল্পের সংলাপ?** [২৭তম বিসিএস]
ক) একরাত্রি খ) শুভা
গ) সমাপ্তি ঘ) পোস্টমাস্টার **উত্তর: গ**

৩০. **'অভীক' রবীন্দ্রনাথের কোন গল্পের নায়ক?** [৪৪তম বিসিএস]
ক) নষ্টনীড় খ) নামঞ্জুর গল্প
গ) রবিবার ঘ) ল্যাবরেটরি **উত্তর: গ**

'অপরিচিতা' কোন গ্রন্থের অন্তর্গত? [চবি (G ইউনিট) : ১৬-১৭]
ক) গল্পগুচ্ছ খ) আত্মজা ও একটি করবী গাছ
গ) শিউলিমালা ঘ) বহে না সুবাতাস **উত্তর: ক**

রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' প্রথম প্রকাশিত হয় নিচের কোন পত্রিকায়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ১ ইউনিট) : ১৮-১৯]
ক) ভারতী খ) বঙ্গদর্শন
গ) সবুজপত্র ঘ) কল্লোল **উত্তর: গ**

'অপরিচিতা' গল্পের কথক- [বেরোবি (খ ইউনিট) : ১৭-১৮]
ক) কল্যাণী খ) অনপুম
গ) নিরূপম ঘ) শম্ভুনাথ **উত্তর: খ**

'অপরিচিতা' গল্পের নায়কের নাম কী? [চবি (খ ইউনিট) : ২০-২১]
ক) অনুপম খ) অমিত
গ) অপূর্ব ঘ) প্রাণময় **উত্তর: ক**

'অপরিচিতা' গল্পে নায়িকার নাম কী ছিল? [চবি (ক ইউনিট) : ১৮-১৯]
ক) কল্যাণী খ) অপরিচিতা
গ) উমা ঘ) নিরূপমা **উত্তর: ক**

রবীন্দ্রনাথের 'অপরিচিতা' গল্পের মূল বিষয়বস্তু কী? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক) নারী শিক্ষা খ) যৌতুক প্রথা
গ) গ্রাম্য সমাজ ঘ) কুসংস্কার **উত্তর: খ**

পুরুষতন্ত্রের অমানবিকতার স্ফুরণ ঘটেছে কোন গল্পে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৮-১৯]
ক) বিলাসী খ) আহ্বান
গ) মাসি-পিসি ঘ) অপরিচিতা **উত্তর: ঘ**

'অপরিচিতা' গল্প প্রসঙ্গে কোন মন্তব্যটি যথার্থ" [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
ক) এটি একটি নির্দোষ প্রেমের গল্প
খ) এটি একটি সামাজিক গল্প
গ) ব্যক্তিত্বহীন পুরুষের বিপরীতে নারী-জাগরণের গল্প
ঘ) যৌতুক-প্রথার কুফল প্রকাশজ্ঞাপক গল্প **উত্তর: গ**

'অপরিচিতা' গল্পে পণ্ডিতমশায় অনুপমকে কোন ফুলের সঙ্গে তুলনা করতেন? [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (বাণিজ্য শাখা) : ২১-২২]
ক) শিউলি খ) শিমুল
গ) গোলাপ ঘ) রজনীগন্ধা **উত্তর: খ**

'অপরিচিতা' গল্পে 'অন্নপূর্ণার কোলে গজাননের ছোট ভাই' বাক্যাংশ ব্যবহৃত হয়েছে? [শাবিপ্রবি (ক ইউনিট) : ১৯-২০]
ক) নিন্দার্থে খ) ব্যঙ্গার্থে
গ) প্রসংশার্থে ঘ) আনন্দার্থে **উত্তর: খ**

'আমার কন্যার গহনা আমি চুরি করিব এ কথা যারা মনে করে তাদের হাতে আমি কন্যা দিতে পারি না।' উক্তিটি কে করেছিলেন? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২০-২১]
ক) শম্ভুনাথ খ) হরিশ
গ) মামা ঘ) অনুপম **উত্তর: ক**

'আমার কন্যার গহনা আমি চুরি করিব এ কথা যারা মনে করে তাদের হাতে আমি কন্যা দিতে পারিনা' উক্তিটিতে কী প্রকাশ পেয়েছে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৭-১৮]
ক) আপেক্ষা খ) অভিযান
গ) একগুয়েমি ঘ) আত্মমর্যাদাবোধ **উত্তর: ঘ**

'আমার শরীর মন বসন্ত বাতাসে বকুলবনের নবপল্লবরাশির মতো কাঁপিতে কাঁপিতে আলোছায়া বুনিতে লাগিল।' উক্তিটি কোন গদ্যের অন্তর্গত? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ক) আহ্বান খ) অপরিচিতা
গ) জীবন ও বৃক্ষ ঘ) আমার পথ **উত্তর: খ**

"কিন্তু, মেয়ের বয়স যে পনেরো, তাই শুনিয়া মামার মন ভার হইল।" বাক্যটি কোন গল্প থেকে নেওয়া হয়েছে? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (সি ইউনিট) : ২১-২২]
ক) বিলাসী খ) আমার পথ
গ) হৈমন্তী ঘ) অপরিচিতা **উত্তর: ঘ**

'অপরিচিতা' গল্পে কল্যাণীকে আশীর্বাদ করতে গিয়েছিলেন- [ঢাবি অধিভুক্ত ৭ (সাত) কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ক) হরিশ খ) অনুপম
গ) অনুপমের মামা ঘ) বিনুদাদা **উত্তর: ঘ**

'বিনুদাদার ভাষাটা অত্যন্ত .....।' শূন্যস্থানে কোনটি বসবে? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ক) প্রাণবন্ত খ) জটিল
গ) আঁট ঘ) আঁটসাট **উত্তর: গ**

'গাড়ি লোহার .... তাল দিতে দিতে চলিল; আমি মনের মধ্যে ...... শুনিতে শুনিতে চলিলাম।' শূন্যস্থানে কী হবে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]
ক) চাকায়, ঘর্ঘর খ) ছন্দে, কবিতা
গ) শব্দে, কণ্ঠস্বর ঘ) মৃদঙ্গে, গান **উত্তর: ঘ**

'মৃদঙ্গ' শব্দের অর্থ- [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র.বিশ্ববিদ্যালয় (G ইউনিট) : ১৭-১৮]
ক) এক ধরনের বাদ্যযন্ত্র খ) অভ্রের তৈরি ঝারবাতি
গ) এক ধরনের খনিজ ধাতু ঘ) কিশলয়যুক্ত কচি ডাল **উত্তর: ক**

'আপনারা আমাদের গাড়িতে আসুন না-এখানে জায়গা আছে।' উক্তিটি কোন গল্পের অন্তর্গত কোন লেখকের? [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৬-১৭]
ক) কাজী নজরুল ইসলামের 'আমার পথ'
খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা'
গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'আত্মচরিত'
ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আবহান' **উত্তর: খ**

৩১. **রবীন্দ্রনাথ ঠাকুরের অতিপ্রাকৃত গল্প কোনটি?** [২৮তম বিসিএস]
ⓚ একরাত্রি ⓚ নষ্টনীড়
ⓖ ক্ষুধিত পাষাণ ⓖ মধ্যবর্তিনী **উত্তর:** গ

৩২. **রবীন্দ্রনাথের 'ক্ষুধিত পাষাণ' এর একটি চরিত্র-** [রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ প্রত্যুষ ⓚ মহিম
ⓖ মেহের আলি ⓖ নবীন মাধব **উত্তর:** গ

৩৩. **'কাদম্বিনী' চরিত্রটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গল্পের?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১৬]
ⓚ সমাপ্তি ⓚ ছুটি
ⓖ জীবিত ও মৃত ⓖ হৈমন্তী **উত্তর:** গ

৩৪. **"কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল সে মরে নাই"– উক্তিটি কোন গল্প লেখকের?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ⓚ মানিক বন্দোপাধ্যায় ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

৩৫. **'কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল সে মরে নাই।'- এ বাক্য যে গল্পে রয়েছে তার নাম?** [রূপালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১৩]
ⓚ শাস্তি ⓚ জীবিত ও মৃত
ⓖ মেঘ ও রৌদ্র ⓖ মধ্যবর্তিনী **উত্তর:** খ

৩৬. **নিচের কোন গল্পটি রবীন্দ্রনাথের লেখা?** [দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো সহকারী পরিচালক : ০১]
ⓚ ক্ষুধিত পাষাণ ⓚ একটি তুলসী গাছের কাহিনী
ⓖ মাস্টারমশায় ⓖ পদ্মগোখরা **উত্তর:** ক,গ

৩৭. **রবীন্দ্রনাথ ঠাকুরের নিম্নোক্ত কোন তিনটি গল্পেই মুসলমান চরিত্র রয়েছে?** [পি.এস.সি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]
ⓚ মুকুট, ছুটি ও মুসলমানীর গল্প
ⓚ কাবুলিওয়ালা, মুসলমানীর গল্প ও সমাপ্তি
ⓖ ক্ষুধিত পাষাণ, মুকুট ও সুভা
ⓖ সমস্যা পূরণ, মুকুট ও সুভা **উত্তর:** খ

৩৮. **কোনটি রবীন্দ্রনাথের ছোটগল্প নয়?** [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৭]
ⓚ একরাত্রি ⓚ দুরাশা
ⓖ দুরবস্থা ⓖ মাস্টারমশায় **উত্তর:** গ

৩৯. **নিচের কোনটি রবীন্দ্রনাথের লেখা গল্প নয়?** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ⓚ ল্যাবরেটরি ⓚ মুসলমানীর গল্প
ⓖ প্রাগৈতিহাসিক ⓖ অপরিচিতা **উত্তর:** গ

রবীন্দ্র নাট্যধারা (নাটক ২৯টি, কাব্যনাট্য ১৯টি)

গীতিনাট্য
- বাল্মীকিপ্রতিভা (১৮৮১) : রবীন্দ্রনাথের প্রথম প্রকাশিত নাটক।
- বসন্ত : কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেন।

নৃত্যনাট্য
- শ্যামা
- চণ্ডালিকা

রূপক বা সাংকেতিক নাটক
- কালের যাত্রা : গ্রন্থের প্রথম নাটিকা রথের রশি। লেখক গ্রন্থটি শরৎচন্দ্রকে উৎসর্গ করেন।
- তাসের দেশ : নেতাজী সুভাষ চন্দ্র বসুকে উৎসর্গ করেন।
- ডাকঘর : চরিত্র - অমল।
- রক্তকরবী : চরিত্র - নন্দিনী।
- রাজা (১৯১০) : নাটকটির সংক্ষিপ্ত রূপ অরূপরতন।
- অচলায়তন
- মুক্তধারা
- তপতী
- মুকুট

সামাজিক নাটক
- নটীর পূজা
- মুক্তির উপায়
- প্রায়শ্চিত্ত
- পরিত্রাণ

কাব্যনাট্য
- বিসর্জন : অমিত্রাক্ষর ছন্দে রচিত। এই কাব্যনাট্যে গোমতী নদীর কথা উল্লেখ আছে। প্রধান চরিত্র - জয়সিংহ, রঘুপতি, অপর্ণা।
- চিত্রাঙ্গদা
- মালিনী
- রুদ্রচণ্ড
- রাজা ও রাণী

নাট্য-কবিতা
- বিদায় অভিশাপ
- কাহিনী

প্রহসন
- বৈকুণ্ঠের খাতা
- শেষরক্ষা
- চিরকুমার সভা

MCQ Solution

১. **রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর রচিত কোন নাটকটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেছিলেন?** [১৫তম বিসিএস/ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস : ২২/ ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
ⓚ বিসর্জন ⓚ ডাকঘর
ⓖ বসন্ত ⓖ অচলায়তন **উত্তর:** গ

২. **রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নৃত্যনাট্য কোনটি?** [জনতা ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ২০]
ⓚ তাসের দেশ ⓚ চণ্ডালিকা
ⓖ রক্তকরবী ⓖ ডাকঘর **উত্তর:** খ

৩. **'কালের যাত্রা' নাটকটির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ অমৃতলাল বসু
ⓖ নবীনচন্দ্র সেন ⓖ মনোমোহন বসু **উত্তর:** ক

৪. **কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর 'কালের যাত্রা' নাটকটি নিচের কাকে উৎসর্গ করেন?** [বেবিচক-এর নিরাপত্তা অপারেটর : ২১]
ⓚ সুভাষচন্দ্র বসু ⓚ লোকেন্দ্রনাথ পালিত
ⓖ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ⓖ কাজী নজরুল ইসলাম **উত্তর:** গ

৫. রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর কোন রচনাটি নেতাজী সুভাষচন্দ্র বসুকে উৎসর্গ করেন? [বিবিএস এর পরিসংখ্যান অ্যাসিসটেন্ট অফিসার : ১৪]
ক) শেষের কবিতা খ) কালের যাত্রা
গ) তাসের দেশ ঘ) বসন্ত **উত্তর:** গ

৬. রবীন্দ্রনাথের রূপকধর্মী নাটক কোনটি? [সিজিডিএফ-এর অডিটর : ২২]
ক) বিসর্জন খ) তাসের দেশ
গ) শ্যামা ঘ) উপরের সবগুলো **উত্তর:** খ

৭. 'তাসের দেশ' নাটকটির রচয়িতা কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) দ্বিজেন্দ্রলাল রায়
গ) অমৃতলাল বসু ঘ) আকবর উদ্দীন **উত্তর:** ক

৮. 'ডাকঘর' কোন ধরনের রচনা? [প্রিমিয়ার ব্যাংক জুনিয়র ট্রেইনি অফিসার (ক্যাশ) : ২২]
ক) নাটক খ) কবিতা
গ) উপন্যাস ঘ) প্রবন্ধ **উত্তর:** ক

৯. রবীন্দ্রনাথের সাংকেতিক নাটক হল- [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর : ১৮]
ক) রাজা ও রাণী খ) ডাকঘর
গ) তাসের ঘর ঘ) প্রায়শ্চিত্ত **উত্তর:** খ,গ

১০. রবীন্দ্রনাথের কোন গ্রন্থটি নাটক? [২২তম বিসিএস]
ক) চোখের বালি খ) বলাকা
গ) ঘরে-বাইরে ঘ) রক্তকরবী **উত্তর:** ঘ

১১. 'নন্দিনী' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন লেখার প্রধান চরিত্র? [শ্রম অধিদপ্তরের শ্রম কর্মকর্তা : ০৩]
ক) কাবুলিওয়ালা খ) ছুটি
গ) পোস্টমাস্টার ঘ) রক্তকরবী **উত্তর:** ঘ

১২. 'রাজা' নাটক কোন সালে প্রকাশিত? [জাবি (গ ইউনিট) : ১১-১২]
ক) ১৯০৯ খ) ১৯১২
গ) ১৯২২ ঘ) ১৯১০ **উত্তর:** ঘ

১৩. 'তাপসী' নাটকটি কে রচনা করেছেন? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ডালিয়া) : ১২]
ক) দ্বিজেন্দ্রলাল রায় খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ) মীর মশাররফ হোসেন ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ
ব্যাখ্যা: প্রশ্নে ভুল আছে। তাপসী এর স্থলে তপতী হবে।

১৪. রবীন্দ্রনাথের 'মুক্তধারা'- [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
ক) একটি কাব্য খ) একটি নাটক
গ) একটি প্রবন্ধ ঘ) একটি নৃত্যনাট্য **উত্তর:** খ

১৫. 'বিসর্জন' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত - [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৯]
ক) কাব্যনাটক খ) উপন্যাস
গ) আত্মজীবনী ঘ) ছোটগল্প **উত্তর:** ক

১৬. 'অপর্ণা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন নাটকের নায়িকা? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক) বিসর্জন খ) চিত্রঙ্গদা
গ) রক্তকরবী ঘ) রাজা ও রানী **উত্তর:** ক

১৭. 'বিসর্জন' কাব্যনাট্যে কোন নদীর উল্লেখ আছে? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন ইনস্ট্রাক্টর (নন টেক) : ০৫]
ক) পদ্মা খ) গোমতী
গ) গড়াই ঘ) ইছামতি **উত্তর:** খ

১৮. রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা গ্রন্থসমূহের মধ্যে নিচের কোনটি নাটক? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২১]
ক) পোস্টমাস্টার খ) মালিনী
গ) শাস্তি ঘ) মহামায়া **উত্তর:** খ

১৯. 'বিদায় অভিশাপ' কবিতাটি কার লেখা? [বিআরডিবি'র এর মাঠকর্মী : ১৪]
ক) কাজী নজরুল ইসলাম
খ) মাইকেল মধুসূদন দত্ত
গ) রবীন্দ্রনাথ ঠাকুর
ঘ) বিহারীলাল চক্রবর্তী **উত্তর:** গ

২০. 'রবীন্দ্রনাথ ঠাকুরের কৌতুকের নাটক কোনটি? [হাজী মোহাম্মদ দানেশ বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৫-১৬]
ক) বসন্ত খ) বিজর্সন
গ) বৈকুণ্ঠের খাতা ঘ) তাসের দেশ **উত্তর:** গ

২১. 'চিরকুমার সভা' নাটকটির রচয়িতা কে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বেলী) : ০৯]
ক) নুরুল মোমেন খ) মীর মশাররফ হোসেন
গ) মুনীর চৌধুরী ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

২২. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক- [জাবি (গ) ইউনিট) : ১৮-১৯]
ক) রাজা ও রানী, বিসর্জন, রাজা, নবান্ন
খ) মুক্তধারা, মুকুট, সাজাহান, রক্তকরবী
গ) অচলায়তন, হরগজ, বিসর্জন, নটীর পূজা
ঘ) মুক্তির উপায়, চিরকুমার সভা, রথের রশি, তাসের দেশ
উত্তর: ঘ

২৩. কোন নাটকগুচ্ছ রবীন্দ্রনাথ ঠাকুরের? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৭-১৮]
ক) ভানুমতী চিত্তবিলাস, কৌরব বিয়োগ, চারুমুখ চিত্তহরা
খ) কুলীনকুলসর্বস্ব, কীর্তিবিলাস, ভদ্রার্জুন
গ) চক্ষুদান, যেমন কর্ম তেমনি ফল, উভয় সঙ্কট
ঘ) চিত্রাঙ্গদা, বিদায় অভিশাপ, মালিনী **উত্তর:** ঘ

রবীন্দ্রনাথের প্রবন্ধগ্রন্থ

- য়ুরোপ প্রবাসীর পত্র (১৮৮১) : রবীন্দ্রনাথের প্রথম প্রবন্ধ।
- জাভা যাত্রীর পত্র : ইন্দোনেশিয়ার বোরোবুদুর বৌদ্ধ মন্দিরের নাম উল্লেখ রয়েছে।
- জাপান যাত্রী
- পশ্চিম যাত্রীর ডায়েরি
- রাশিয়ার চিঠি : ভ্রমণকাহিনী।
- জাপানে-পারস্যে
- পথে ও পথের প্রান্তে
- লোকসাহিত্য
- ছেলেবেলা
- জীবনস্মৃতি : আত্মজীবনী।

- ছিন্নপত্র : একটি আত্মকথনমূলক পত্রসংকলন। অধিকাংশ পত্র ভ্রাতুষ্পুত্রী (মেজ ভাই সত্যেন্দ্রনাথের মেয়ে) ইন্দিরা দেবীকে উদ্দেশ্য করে লেখা।
- বিচিত্র প্রবন্ধ : উল্লেখযোগ্য প্রবন্ধ বাজে কথা, লাইব্রেরি।
- সভ্যতার সংকট : *মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ।*
- পঞ্চভূত : রম্যরচনা।
- চরিত্রপূজা : উল্লেখযোগ্য প্রবন্ধ বিদ্যাসাগরচরিত।
আমরা আরম্ভ করি, শেষ করি না; আড়ম্বর করি, কাজ করি না; যাহা অনুষ্ঠান করি, তাহা বিশ্বাস করি না। [বিদ্যাসাগরচরিত]
- বিশ্বপরিচয়
- কালান্তর
- স্বদেশ
- বাংলা শব্দতত্ত্ব
- শিক্ষা : উল্লেখযোগ্য প্রবন্ধ শিক্ষার হেরফের।
- বাঙলা ভাষার পরিচয় : প্রবন্ধটির উল্লেখযোগ্য পঙ্ক্তি- *ধ্বনি দিয়ে আঁটবাঁধা শব্দই ভাষার ইঁট, বাংলায় তাকে বলি 'কথা'।*
- সাহিত্য : উল্লেখযোগ্য প্রবন্ধ সাহিত্যের বিচারক।
অন্তরের জিনিসকে বাহিরের, ভাবের জিনিসকে ভাষায়, নিজের জিনিসকে বিশ্বমানবের এবং ক্ষণকালের জিনিসকে চিরকালের করে তোলা সাহিত্যের কাজ। [সাহিত্যের বিচারক]
- সহজ পাঠ : বাংলা ভাষা শেখার বই। এ গ্রন্থের একটি কবিতা নতুন দেশ।

MCQ Solution

১. **রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত গদ্যগ্রন্থ-** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ০১]
ক) য়ুরোপ প্রবাসী পত্র খ) য়ুরোপ যাত্রীর ডায়রি
গ) জাপান যাত্রী ঘ) জাভা যাত্রীর পত্র **উত্তর:** ক

২. **বোরোবুদুর কী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ক) মন্দির খ) আগ্নেয়গিরি
গ) নগরী ঘ) মাজার **উত্তর:** ক

৩. **বোরোবুদুর কোথায় অবস্থিত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৬-১৭]
ক) মিয়ানমার খ) বাংলাদেশ
গ) ইন্দোনেশিয়া ঘ) কম্বোডিয়া **উত্তর:** গ

৪. **'জাপান যাত্রী' এর রচয়িতা কে?** [সিজিএ-এর অডিটর : ২২]
ক) জসীমউদ্দীন খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) ইব্রাহীম খাঁ ঘ) আহমদ ছফা **উত্তর:** খ

৫. **'রাশিয়ার চিঠি' রবীন্দ্রনাথের কোন ধরনের রচনা?** [কমিল্লা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক) আত্মজীবনী খ) ভ্রমণকাহিনী
গ) কাব্যগ্রন্থ ঘ) উপন্যাস **উত্তর:** খ

৬. **'জীবনস্মৃতি' কার আত্মজীবনী?** [৪০তম বিসিএস]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) বুদ্ধদেব বসু
গ) সৈয়দ মুজতবা আলী ঘ) রজনীকান্ত সেন **উত্তর:** ক

৭. **'কালান্তর' শীর্ষক প্রবন্ধ গ্রন্থের রচয়িতা কে?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে উপ-পরিদর্শক : ১৮]
ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ) রামেন্দ্র সুন্দর ত্রিবেদী
গ) প্রমথ চৌধুরী ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

৮. **কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধের নাম?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল অ্যাডজুটেন্ট : ১০]
ক) বই পড়া খ) যৌবনে দাও রাজটীকা
গ) বাজে কথা ঘ) সাহিত্যে খেলা **উত্তর:** গ

৯. **নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত শিক্ষা বিষয়ক গ্রন্থ?** [পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) : ১৯]
ক) শিক্ষার হেরফের খ) শিক্ষাতত্ত্ব
গ) শিক্ষার বুনিয়াদ ঘ) শিক্ষার রূপরেখা **উত্তর:** ক

১০. **'বাংলা শব্দতত্ত্ব' কার লেখা গ্রন্থ?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ক) হায়াৎ মামুদ খ) কাজী নজরুল ইসলাম
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) হুমায়ুন আজাদ **উত্তর:** গ

১১. **'বাঙলা ভাষার পরিচয়' গ্রন্থের লেখক কে?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় : ১১-১২]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) ড. মুহম্মদ শহীদুল্লাহ্
গ) সুকুমার সেন ঘ) ড. এনামুল হক **উত্তর:** ক

১২. **'পঞ্চভূত' কার লেখা-** [সোনালী ও জনতা ব্যাংক লি. অফিসার (আইটি) : ১৯]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) কাজী নজরুল ইসলাম
গ) হুমায়ূন আহমেদ ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর **উত্তর:** ক

১৩. **'ছিন্নপত্র' রচয়িতার নাম কি?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AP ইউনিট) : ১৮-১৯]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) কাজী নজরুল ইসলাম
গ) রামপ্রসাদ রায় ঘ) অতুল চক্রবর্তী **উত্তর:** ক

১৪. **'ছিন্নপত্র' রচনাটি কোন শ্রেণির?** [সহকারী উপজেলা অফিসার : ১০]
ক) ছোটগল্প খ) আত্মকথন
গ) নাটক ঘ) রম্যরচনা **উত্তর:** খ

১৫. **'ছিন্নপত্র' এর অধিকাংশ পত্র কাকে উদ্দেশ্য করে লেখা?** [৩১তম বিসিএস]
ক) ইন্দিরা দেবী খ) কাদম্বরী দেবী
গ) মৃণালিনী দেবী ঘ) মৈত্রেয়ী দেবী **উত্তর:** ক

১৬. **"আমরা আরম্ভ করি শেষ করি না; আড়ম্বর করি কাজ করি না, যাহা অনুষ্ঠান করি, তাহা বিশ্বাস করি না" – এ উক্তিটি করেছেন-** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) কাজী নজরুল ইসলাম
গ) রাজা রামমোহন রায় ঘ) অরুন্ধতী রায় **উত্তর:** ক

১৭. **"মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ"– কার উক্তি?** [পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক : ১৪]
ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ) মীর মশাররফ হোসেন
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** গ

১৮. **কোন প্রবন্ধগুচ্ছ রবীন্দ্রনাথ ঠাকুরের?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৭-১৮]
ক) লোকরহস্য, কমলাকান্তের দপ্তর, মুচিরাম গুড়ের জীবনচরিত্র
খ) সভ্যতার সঙ্কট, কালান্তর, স্বদেশ
গ) বাংলার ইতিহাস, অনুকরণ, ভারতবর্ষের স্বাধীনতা ও পরাধীনতা
ঘ) কৃষ্ণচরিত্র, বিজ্ঞানরহস্য, সাম্য **উত্তর:** খ

১৯. **কোন প্রবন্ধগুচ্ছ রবীন্দ্রনাথ ঠাকুরের?** [জাবি (গ ইউনিট) : ১৭-১৮]
ⓚ পশ্চিম যাত্রীর ডায়েরি, জাপানে-পারস্যে, পথে ও পথের প্রান্তে
ⓚ ব্যথার দান, রিক্তের বেদনা, হেনা
ⓖ সংসারসীমান্তে, সাগর সঙ্গম, তেলেনাপোতা আবিষ্কার
ⓖ ঘাটের কথা, রাজপথের কথা, খাতা **উত্তর: ক**

২০. **'লোকসাহিত্য' বইটির লেখক কে?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ শামসুজ্জামান খান ⓖ মযহারুল ইসলাম **উত্তর: ক**

২১. **'অন্তরের জিনিসকে বাহিরের, ভাবের জিনিসকে ভাষায়, নিজের জিনিসকে বিশ্বমানবের এবং ক্ষণকালের জিনিসকে চিরকালের করে তোলে যা তাই সাহিত্য' এ বক্তব্য কার?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৯-১০]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ মুহম্মদ আবদুল হাই ⓖ রূপরাম চক্রবর্তী **উত্তর: ক**

২২. **'ধ্বনি দিয়ে আঁট বাধা শব্দই ভাষার ইট।' এই ইটকে বাংলা ভাষায় কী বলে?** [বেবিচক-এর এরোড্রম কর্মকর্তা (এটিএম) : ২১]
ⓚ বর্ণ ⓚ কথা
ⓖ বাক্য ⓖ ব্যাকরণ **উত্তর: খ**

২৩. **"মানুষ যা চায় ভুল করে চায়, যা পায় তা চায় না"– কার কথা?** [পিএসসির সহকারী সচিব : ০৫]
ⓚ ঈশ্বরচন্দ্র গুপ্ত ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ শেক্সপীয়র ⓖ কবি কায়কোবাদ **উত্তর: খ**

২৪. **"সমগ্র শরীরকে বঞ্চিত করে কেবল মুখে রক্ত জমলে তাকে স্বাস্থ্য বলা যায় না।"– বলেছেন-** [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ⓚ নজরুল ইসলাম ⓚ শরৎচন্দ্র
ⓖ বঙ্কিমচন্দ্র ⓖ রবীন্দ্রনাথ **উত্তর: ঘ**

রবীন্দ্রনাথের কবিতা

- জন্মভূমি : কবিতাটির বিখ্যাত লাইন-
  জানি নে তোর ধন রতন আছে কি না রানির মতন,
  শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে।
  এখানে 'ছায়া' বলতে জন্মভূমির আশ্রয়কে বোঝানো হয়েছে।

রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থ (৫৬টি)

মাত্র ১৩ বছর বয়সে কবির প্রথম কবিতা (হিন্দু মেলার উপহার) 'অমৃতবাজার' পত্রিকায় প্রকাশিত হয়।

- কবি-কাহিনী (১৮৭৮) : কবির প্রথম গ্রন্থ।
- বনফুল (১৮৮০) কবির দ্বিতীয় গ্রন্থ। কবির বয়স যখন মাত্র ১৫ বছর অর্থাৎ ১৮৭৬ সালে 'বনফুল' কাব্যগ্রন্থের কবিতা দুটি পত্রিকায় প্রকাশিত হয়। এজন্য অনেকে 'বনফুল' কে রবীন্দ্রনাথের প্রথম কাব্যগ্রন্থ বলে থাকেন।
- ভানুসিংহ ঠাকুরের পদাবলী : ব্রজবুলি ভাষায় রচিত। এ কাব্যের উল্লেখযোগ্য কবিতা - মরণ রে, তুঁহু মম শ্যামসমান; আজ সখি; মুহু মুহু প্রভৃতি।
- মানসী (১৮৯০) কাব্যের কবিতা- অনন্ত প্রেম, ব্যক্ত প্রেম, গুপ্ত প্রেম, নবদম্পতির প্রেমালাপ প্রভৃতি।
  তোমারেই যেন ভালোবাসিয়াছি শত রূপে শত বার
  জনমে জনমে যুগে যুগে অনিবার। [অনন্ত প্রেম]
  কী করছি বনে কুঞ্জভবনে? [নবদম্পতির প্রেমালাপ]
- সোনার তরী (১৮৯৪) মাত্রাবৃত্ত ছন্দে রচিত। উল্লেখযোগ্য কবিতা সোনার তরী, যেতে নাহি দেব, নিরুদ্দেশ যাত্রা, হিং টিং ছট, পুরস্কার, দুই পাখি, বৈষ্ণব কবিতা প্রভৃতি।
  গগনে গরজে মেঘ, ঘন বরষা।
  কূলে একা বসে আছি, নাহি ভরসা।
  রাশি রাশি ভারা ভারা
  ধান কাটা হলো সারা, ...
  একখানি ছোটো খেত আমি একেলা- ....
  দেখে যেন মনে হয় চিনি উহারে ....
  এতকাল নদীকূলে
  যাহা লয়ে ছিনু ভুলে
  সকলি দিলাম তুলে
  থরে বিথরে -
  এখন আমারে লহো করুণা করে।।
  ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোট সে তরী
  আমারি সোনার ধানে গিয়েছে ভরি। [সোনার তরী]
  কী গভীর দুঃখে মগ্ন সমস্ত আকাশ, সমস্ত পৃথিবী!
  ধ্বনিতেছে চিরকাল অনাদ্যন্ত রবে। [যেতে নাহি দেব]
  এ ধরার মাঝে তুলিয়া নিনাদ চাহিনা করিতে বাদপ্রতিবাদ। [পুরস্কার]

  খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে
  বনের পাখি ছিল বনে
  একদা কী করিয়া মিলন হল দোঁহে,
  কী ছিল বিধাতার মনে। [দুই পাখি]
  দেবতারে যাহা দিতে পারি, দিই তাই
  প্রিয়জনে- প্রিয়জনে যাহা দিতে পাই,
  তাই দেব দেবতারে। [বৈষ্ণব কবিতা]
  আর কতদূরে নিয়ে যাবে মোরে
  হে সুন্দরী? [নিরুদ্দেশ যাত্রা]
- চিত্রা (১৮৯৬) : কবিতা - দুই বিঘা জমি, উর্বশী, স্বর্গ হইতে বিদায়, ১৪০০ সাল প্রভৃতি।
  এ জগতে হায়, সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি।
  রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি। ....
  আমি শুনে হাসি, আঁখিজলে ভাসি, এ ছিল মোর ঘটে
  তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে। ...
  পরের মাস দেড়ে ভিটেমাটি ছেড়ে বাহির হইনু পথে
  করিল ডিক্রি, সকলই বিক্রির মিথ্যা দেনার খতে। ..

নমোনমো নম সুন্দরী মম জননী বঙ্গভূমি। ...
সন্ন্যাসীবেশে ফিরি দেশে দেশে হইয়া সাধুর শিষ্য
কত হেরিলাম মনোহর ধাম, কত মনোরম দৃশ্য!
[দুই বিঘা জমি]

ধরাতলে দীনতম ঘরে
যদি জন্মে প্রেয়সী আমার .....
সে বালিকা [স্বর্গ হইতে বিদায়]

আজ হতে শতবর্ষ পরে,
কে তুমি পড়িছ বসি আমার কবিতাখানি
কৌতূহলভরে ... [১৪০০ সাল]

- ক্ষণিকা (১৯০০): উল্লেখযোগ্য কবিতা - আষাঢ়, উদাসীন, অকালে, দুই তীরে প্রভৃতি।

  নীল নবঘনে আষাঢ় গগনে, তিল ঠাঁই আর নাহিরে
  ওগো, আজ তোরা যাসনে ঘরের বাহিরে। [আষাঢ়]

- 'গীতাঞ্জলি' (১৯১০) কবির সবচেয়ে বিখ্যাত কাব্যগ্রন্থ। গীতাঞ্জলি ও অন্যান্য কাব্যের কবিতার সমন্বয়ে স্ব-অনূদিত ইংরেজি সংকলনগ্রন্থ The Song Offerings - এর জন্য ১৯১৩ খ্রিষ্টাব্দে ১০ নভেম্বর ৫২ বছর বয়সে কবি সুইডিশ অ্যাকাডেমি কর্তৃক নোবেল পুরস্কারে ভূষিত হন। রবীন্দ্রনাথ নোবেল পুরস্কারপ্রাপ্ত প্রথম ভারতীয় তথা এশীয় এবং সাহিত্যে নোবেলজয়ী প্রথম অ-ইউরোপীয় ব্যক্তি। লন্ডনের ইন্ডিয়া সোসাইটি কর্তৃক প্রকাশিত 'The Song Offerings' গ্রন্থে ১০৩টি কবিতা/গান স্থান পায়। কবি বাংলা গীতাঞ্জলি কাব্যের ১৭৫টি কবিতা/গান থেকে ৫৩টি কবিতা/ গানকে The Song Offerings-এ স্থান দেন। অবশিষ্ট ৫০টি কবিতা/গান নেন ৯টি অন্য কাব্যগ্রন্থ থেকে। গ্রন্থটির আন্তরিক ও প্রশস্তিপূর্ণ ভূমিকা লেখেন W. B. Yeats। রবীন্দ্রনাথ W. B. Yeats কে গ্রন্থটি উৎসর্গ করেন। ২৪ মার্চ, ২০০৪ দিবাগত রাতে 'শান্তি নিকেতন' থেকে নোবেল পুরস্কার চুরি হয়ে যায়।

  বিপদে মোরে রক্ষা কর
  এ নহে মোর প্রার্থনা
  বিপদে আমি না যেন করি ভয়। [বিপদে মোরে রক্ষা কর]

- বলাকা (১৯১৬) : কবিতা - সবুজের অভিযান, শা-জাহান, বলাকা, শঙ্খ, ছবি প্রভৃতি। কাব্যটিতে গতিতত্ত্বের প্রকাশ ঘটেছে।

  সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা। [বলাকা]

  ওরে নবীন, ওরে আমার কাঁচা
  ওরে সবুজ, ওরে অবুঝ
  আধ-মরাদের ঘা মেরে তুই বাঁচা। [সবুজের অভিযান]

  তোমার কীর্তির চেয়ে তুমি যে মহৎ
  তাই তব জীবনের রথ
  পশ্চাতে ফেলিয়া যায় কীর্তিরে তোমার বারংবার
  চিহ্ন তব পড়ে আছে তুমি হেথা নাই। [শা-জাহান]

- পূরবী (১৯২৫) : কাব্যগ্রন্থটি আর্জেন্টিনার কবি ভিক্টোরিয়া ওকাম্পোকে উৎসর্গ করেন। উল্লেখযোগ্য কবিতা -

  উদয়ের পথে শুনি কার বাণী
  ভয় নাই, ওরে ভয় নাই,
  নিঃশেষে প্রাণ যে করিবে দান
  ক্ষয় নাই-তার ক্ষয় নাই। [সুপ্রভাত]

- পুনশ্চ (১৯৩২) : গদ্যছন্দে রচিত গ্রন্থ। টি.এস.এলিয়টের 'The Journey of the Magi' কবিতার অনুবাদ 'তীর্থযাত্রী' শিরোনামে গ্রন্থে সংকলিত হয়। বিষ্ণু দে রবীন্দ্রনাথকে টি.এস.এলিয়টের কবিতা অনুবাদে প্ররোচিত করেন। বিষ্ণু দে-ই সেই কবি, যিনি বাঙালি কবিদের টি.এস. এলিয়টের কবিতার বাংলা অনুবাদের সাথে পরিচয় করিয়ে দেন।
- সেঁজুতি (১৯৩৮) : উল্লেখযোগ্য কবিতা পরিচয়।

  মোর নাম এই বলে খ্যাত হোক,
  আমি তোমাদেরই লোক, [পরিচয়]

- খেয়া : বিজ্ঞানী জগদীশচন্দ্র বসুকে উৎসর্গ করেন।
- নৈবেদ্য : কবিতা- ন্যায়দণ্ড, বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয় প্রভৃতি।

  তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে
  অর্পণ করেছে নিজে প্রত্যেকের পরে
  দিয়েছে শাসনভার হে রাজাধিরাজ। [ন্যায়দণ্ড]

- কথা ও কাহিনী : কবিতা - গান্ধারীর আবেদন, নিষ্ফল উপহার, দীনদান প্রভৃতি।

  অধর্মের মধুমাখা নিষ্ফল তুলি
  আনন্দে নাচিছে পুত্র; স্নেহমোহে ভুলি
  সে ফল দিয়ো না তারে ভোগ করিবারে;
  কেড়ে লও, ফেলে দাও, কাঁদাও তাহারে। ....
  যে তোমার পুত্র নহে তারো পিতা আছে।
  [গান্ধারীর আবেদন]

- প্রভাতসংগীত : অন্যতম কবিতা - নির্ঝরের স্বপ্নভঙ্গ। কবির প্রথম জীবনের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য কবিতা। কবিতাটির উপলব্ধি ছিল ভবিষ্যৎ বিচিত্র ও বিপুল সম্ভাবনাময়।

  আজি এ প্রভাতে রবির কর
  কেমনে পশিল প্রাণের পর,
  কেমনে পশিল গুহার আঁধারে প্রভাত পাখির গান!
  না জানি কেন রে এত দিন পরে জাগিয়া উঠিল প্রাণ।
  [নির্ঝরের স্বপ্নভঙ্গ]

- কড়ি ও কোমল : কবিতা - প্রাণ, পুরাতন, নূতন, বিষ্টি পড়ে টাপুর টুপুর প্রভৃতি।

  মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে
  মানবের মাঝে আমি বাঁচিবারে চাই। [প্রাণ]
  বাদলা হাওয়ায় মনে পড়ে ছেলে বেলার গান
  বৃষ্টি পড়ে টাপুর টুপুর, নদেয় এলো বান।
  [বিষ্টি পড়ে টাপুর টুপুর]

- কণিকা : কবিতা - কুটুম্বিতা-বিচার, ক্ষুদ্রের দম্ভ, শক্রতাগৌরব, একই পথ, মাঝারির সতর্কতা প্রভৃতি।

  কেরোসিন শিখা বলে মাটির প্রদীপে,
  ভাই ব'লে ডাক যদি দেব গলা টিপে।
  হেনকালে গগনেতে উঠিলেন চাঁদা;
  কেরোসিন বলি উঠে, এসো মোর দাদা। [কুটুম্বিতা-বিচার]

  শৈবাল দীঘিরে কহে উচ্চ করি শির,
  লিখে রেখ, এক ফোঁটা দিলেম শিশির। [ক্ষুদ্রের দম্ভ]

  পেঁচা রাষ্ট্র করে দেয় পেলে কোন ছুতা
  জান না আমার সঙ্গে সূর্যের শত্রুতা। [শত্রুতাগৌরব]

  দ্বার বন্ধ করে দিয়ে ভ্রমটারে রুখি।
  সত্য বলে, আমি তবে কোথা দিয়ে ঢুকি। [একই পথ]
  উত্তম নিশ্চিন্তে চলে অধমের সাথে। [মাঝারির সতর্কতা]

- গীতবিতান : এ কাব্যের উল্লেখযোগ্য কবিতা - হে মোর চিত্ত, পুণ্য তীর্থে; দেশ দেশ; নন্দিত করি; আনন্দ ধ্বনি জাগাও গগনে, বাংলার মাটি বাংলার জল (সনেট জাতীয় রচনা) প্রভৃতি।

  হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগো রে ধীরে–
  এই ভারতের মহামানবের সাগরতীরে।
  [হে মোর চিত্ত, পুণ্য তীর্থে]

- জন্মদিনে (১৯৪১) : উল্লেখযোগ্য কবিতা ঐকতান।

  বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি। ...
  রয়ে গেল অগোচরে। বিশাল বিশ্বের আয়োজনে;
  মন মোর জুড়ে থাকে অতি ক্ষুদ্র তারি এক কোণ। ...
  যেথা পাই চিত্রময়ী বর্ণনার বাণী ...
  জ্ঞানের দীনতা এই আপনার মনে
  পূরণ করিয়া লই যত পারি ভিক্ষালব্ধ ধনে।
  আমি পৃথিবীর কবি, যেথা তার যত উঠে ধ্বনি...
  নানা কবি ঢালে গান নানা দিক হতে; ...
  বাধা হয়ে আছে মোর বেড়াগুলি জীবনযাত্রার।...
  অতি ক্ষুদ্র অংশে তার সম্মানের চিরনির্বাসনে
  সমাজের উচ্চ মঞ্চে বসেছি সংকীর্ণ বাতায়নে।...
  জীবনে জীবন যোগ করা.....
  কর্মে ও কথায় সত্য আত্মীয়তা করেছে অর্জন,
  যে আছে মাটির কাছাকাছি
  সে কবির বাণী-লাগি কান পেতে আছি।
  এসো কবি অখ্যাতজনের
  নির্বাক মনের। ....
  সাহিত্যের ঐকতান সংগীতসভায়
  একতারা যাহাদের তারাও সম্মান যেন পায়- [ঐকতান]

  ঐকতান কবিতাটি 'প্রবাসী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। কবিতাটি সলিল প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দে রচিত। ঐকতান কবির আত্মসমালোচনা; কবি হিসেবে নিজের অপূর্ণতার স্বতঃস্ফূর্ত স্বীকারোক্তি। কবি ঐকতান (বিভিন্ন বাদ্যযন্ত্রের সাহায্যে সৃষ্ট সুর, সমস্বর) বলতে বহু সুরের সমন্বয়ে এক সুরে বাঁধা পৃথিবীর সুরকে বোঝানো হয়েছে।

- শিশু : উল্লেখযোগ্য কবিতা- প্রশ্ন, জন্মকথা, খেলা, বীরপুরুষ।
  আমি যে দেখেছি গোপন হিংসা কপট রাত্রিছায়ে। [প্রশ্ন]
- শ্যামলী : উল্লেখযোগ্য কবিতা - হঠাৎ-দেখা।
  রাতের সব তারাই আছে
  দিনের আলোর গভীরে। [হঠাৎ-দেখা]
- গীতালি : উল্লেখযোগ্য কবিতা ক্লান্তি আমার ক্ষমা কর প্রভু।
- কল্পনা : উল্লেখযোগ্য কবিতা - বৈশাখ, জুতা আবিষ্কার প্রভৃতি।
  ধুলায় ধূসর রুক্ষ উড্ডীন পিঙ্গল জটাজাল। [বৈশাখ]
- স্ফুলিঙ্গ : উল্লেখযোগ্য কবিতা একটি শিশির বিন্দু।
  একটি ধানের শীষের উপরে একটি শিশির বিন্দু।
  [একটি শিশির বিন্দু]
- স্মরণ : স্ত্রী মৃণালিনী দেবীর মৃত্যুকে কেন্দ্র করে তিনি কাব্যটি রচনা করেন।
- চৈতালি : উল্লেখযোগ্য কবিতা বঙ্গমাতা। কবিতার শেষ চরণ
  রেখেছো বাঙালি করে, মানুষ করনি।
- শিশু ভোলানাথ : শিশুতোষ।
- খাপছাড়া : শিশুতোষ।
- গল্পসল্প
- আরোগ্য
- শেষসপ্তক
- পরিশেষ
- বিচিত্রিতা
- ছড়ার ছবি
- সঞ্চয়িতা
- মহুয়া
- লেখন
- সন্ধ্যাসংগীত
- সানাই
- নবজাতক
- উৎসর্গ
- শেষ লেখা : শেষ কাব্যগ্রন্থ তথা শেষ গ্রন্থ। কবির মৃত্যুর পর প্রকাশিত হয়। কবিতা - সম্মুখে শান্তি পারাবার, তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি, রূপ-নারায়নের কূলে প্রভৃতি।

  সম্মুখে শান্তি পারাবার
  ভাসাও তরী হে কর্ণধার
  তুমি হবে চিরসাথী লও লও হে ক্রোড়পতি
  অসীমের পথে জ্বলিবে জ্যোতি ধ্রুবতারার।
  [সম্মুখে শান্তি পারাবার]

  রূপ-নারানের কূলে
  জেগে উঠিলাম,
  জানিলাম এ জগৎ
  স্বপ্ন নয়।.....
  সত্য যে কঠিন,
  কঠিনেরে ভালোবাসিলাম,
  সে কখনো করে না বঞ্চনা। [রূপ-নারায়নের কূলে]

MCQ Solution

১. **'অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে'- এখানে 'ছায়া' বলতে কী বোঝানো হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় পর্যায়) : ২২]
ⓚ জন্মভূমির আশ্রয় ⓚ মায়ের কোল
ⓖ জন্মভূমির প্রকৃতি ⓖ গাছের ছায়া **উত্তর:** ক

২. **রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম কাব্যগ্রন্থ কোনটি?** [পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) : ১৯]
ⓚ সোনার তরী ⓚ সন্ধ্যাসংগীত
ⓖ কবি-কাহিনী ⓖ জন্মদিনে **উত্তর:** গ

৩. **রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓚ গীতাঞ্জলি ⓚ বলাকা
ⓖ বনফুল ⓖ পূরবী **উত্তর:** গ

৪. **কত বছর বয়সে রবীন্দ্রনাথ ঠাকুরের 'বনফুল' প্রকাশিত হয়?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ⓚ পঁচিশ ⓚ একুশ
ⓖ পনের ⓖ উনিশ **উত্তর:** গ

৫. **কত বছর বয়সে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থ প্রকাশিত হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ২০-২১]
ⓚ ১০ বছর ⓚ ১৫ বছর
ⓖ ১৮ বছর ⓖ ২০ বছর **উত্তর:** খ

৬. **পদাবলী লিখেছেন-** [২২তম বিসিএস/ বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৪]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ মাইকেল মধুসূদন দত্ত
ⓖ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ⓖ কায়কোবাদ **উত্তর:** ক

৭. **'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' এর রচয়িতা কে?** [২৬তম বিসিএস/ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ২০]
ⓚ ভানু বন্দ্যোপাধ্যায় ⓚ চণ্ডীদাস
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ ভারতচন্দ্র **উত্তর:** গ

৮. **'ভানুসিংহ ঠাকুরের পদাবলী'র ভাষা-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী) : ১৫]
ⓚ ব্রজবুলি ⓚ সৌরসেনী অপভ্রংশ
ⓖ বঙ্গকামরূপী ভাষা ⓖ বঙ্গভাষা **উত্তর:** ক

৯. **"মরণ রে, তুঁহু মম শ্যাম সমান।"- পঙ্ক্তিটির রচয়িতা কে?** [৪৪তম বিসিএস/ পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ⓚ বিহারীলাল চক্রবর্তী ⓚ অতুলপ্রসাদ সেন
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ সুফিয়া কামাল **উত্তর:** গ

১০. **'মানসী' কাব্যগ্রন্থের রচয়িতা কে?** [NSI- এর কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ মাইকেল মধুসূদন দত্ত
ⓖ কাজী নজরুল ইসলাম ⓖ জীবনানন্দ দাশ **উত্তর:** ক

১১. **'ব্যক্ত প্রেম' ও 'গুপ্ত প্রেম' কবিতা দুটি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?** [৪৪তম বিসিএস]
ⓚ খেয়া ⓚ মানসী
ⓖ কল্পনা ⓖ সোনার তরী **উত্তর:** খ

১২. **"তোমারেই যেন ভালোবাসিয়াছি শত রূপে শত বার/ জনমে জনমে যুগে যুগে অনিবার।"- রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতার অংশ?** [৪৩তম বিসিএস]
ⓚ অনন্ত প্রেম ⓚ উপহার
ⓖ ব্যক্ত প্রেম ⓖ শেষ উপহার **উত্তর:** ক

১৩. **'কী করছি বনে কুঞ্জভবনে? চরণটির লেখক-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ রোকেয়া ⓚ রবীন্দ্রনাথ
ⓖ নজরুল ⓖ জসীমউদ্‌দীন **উত্তর:** খ

১৪. **কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ⓚ বঙ্গসুন্দরী ⓚ সোনার তরী
ⓖ প্রেম ও ফুল ⓖ দীপ ও ধূপ **উত্তর:** খ

১৫. **রবীন্দ্রনাথের 'সোনার তরী' কবিতা কোন ছন্দে রচিত?** [৩০তম বিসিএস/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ স্বরবৃত্ত ⓚ অক্ষরবৃত্ত
ⓖ মন্দাক্রান্তা ⓖ মাত্রাবৃত্ত **উত্তর:** ঘ

১৬. **'হিং টিং ছট' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যগ্রন্থ হতে নেয়া হয়েছে?** [NSI - এর সহকারী পরিচালক : ১৫]
ⓚ কবি-কাহিনী ⓚ ভানুসিংহের পদাবলী
ⓖ চিত্রাঙ্গদা ⓖ সোনার তরী **উত্তর:** ঘ

১৭. **"গগনে গরজে মেঘ, ঘন বরষা।**
কূলে একা বসে আছি, নাহি ভরসা।"- এ উদ্ধৃতাংশটি কোন কবির রচনা? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিতাস) : ১০]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ নবীনচন্দ্র সেন
ⓖ গোলাম মোস্তফা ⓖ সুফী মোতাহার হোসেন **উত্তর:** ক

১৮. **"গগনে গরজে মেঘ, ঘন বরষা।/ .... / রাশি রাশি ভারা ভারা/ ধান কাটা হলো সারা। কবিতার দ্বিতীয় লাইনটি হবে ......** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ০৮]
ⓚ একখানি ছোট খেত, আমি একেলা
ⓚ কাটিতে কাটিতে ধান এল বরষা।
ⓖ চারিদিকে বাঁকা জল করিছে খেলা
ⓖ কূলে একা বসে আছি, নাহি ভরসা। **উত্তর:** ঘ

১৯. **"একখানি ছোট খেত আমি একেলা"- রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতার চরণ?** [৩৬তম বিসিএস]
ⓚ সোনার তরী ⓚ চিত্রা
ⓖ মানসী ⓖ বলাকা **উত্তর:** ক

২০. **'দেখে যেন মনে হয় চিনি উহারে' চরণটির রচয়িতা কে?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (G ইউনিট) : ১৭-১৮]
ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ সৈয়দ ওয়ালীউল্লাহ
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

২১. "এতকাল নদীকূলে যাহা লয়েছিনু ভুলে/ সকলি দিলাম তুলে থরে বিথরে/ এখন আমারে লহ করুণা করে" –উদ্ধৃত চরণ কয়টি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন অ্যাডমিনিস্ট্রেশন অফিসার : ০৬]

ⓚ মানসী ⓚ সোনার তরী
ⓖ বলাকা ⓖ চিত্রা **উত্তর:** খ

২২. ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোট সে তরী/ আমারি সোনার ধানে গিয়েছে ভরি। এটি কোন কবির কোন কবিতার অংশ? [বাংলাদেশ ডেভলোপমেন্ট ব্যাংক অফিসার : ১৬]

ⓚ কবি রবীন্দ্রনাথ ঠাকুর : সোনার তরী
ⓚ কবি জসীমউদ্দীন : কবর
ⓖ কবি কাজী নজরুল ইসলাম : সর্বহারা
ⓖ কবি রবীন্দ্রনাথ ঠাকুর : হিং টিং ছট **উত্তর:** ক

২৩. "ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোট যে তরী/ আমারি সোনার ধানে গিয়েছে ভরি।" পঙ্‌ক্তিটি কি বোঝায়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২০-২১]

ⓚ সাফল্যে ভর্তি
ⓚ সাফল্যের মাঝে নিজেরই স্থান নাই
ⓖ কোথাও ঠাঁই নাই
ⓖ পৃথিবী খুব ছোট **উত্তর:** খ

২৪. "কী গভীর দুঃখে মগ্ন সমস্ত আকাশ, সমস্ত পৃথিবী!"– কোন কবির কবিতা? [জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী পরিচালক : ০৬]

ⓚ জীবনানন্দ দাশ ⓚ সুকান্ত ভট্টাচার্য
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ সুধীন্দ্রনাথ দত্ত **উত্তর:** গ

২৫. "ধ্বনিতেছে ..... অনাদ্যন্ত রবে।" শূন্যস্থানে প্রচলিত শব্দটি চিহ্নিত করুন? [বি আর সি অফিসার : ৯৮]

ⓚ মহাকাল ⓚ চিরন্তন
ⓖ চিরকাল ⓖ কুহুধ্বনী **উত্তর:** গ

২৬. "এ ধরার মাঝে তুলিয়া নিনাদ চাহিনা করিতে বাদ প্রতিবাদ।"– কোন কবির উক্তি? [আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ০০]

ⓚ সত্যেন্দ্রনাথ দত্ত ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ শামসুর রাহমান **উত্তর:** গ

২৭. "খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে
বনের পাখি ছিল বনে।
একদা কী করিয়া মিলন হল দোঁহে,
কী ছিল বিধাতার মনে।" পঙ্‌ক্তিটির রচয়িতা কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২]

ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ বিহারীলাল চক্রবর্তী
ⓖ সত্যেন্দ্রনাথ দত্ত ⓖ কবি সুফিয়া কামাল **উত্তর:** ক

২৮. 'আর কতদূরে নিয়ে যাবে .... সুন্দরী?' - শূন্যস্থানে কী বসবে? [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫]

ⓚ আমাকে ⓚ তুমি
ⓖ মোরে ⓖ ওগো **উত্তর:** গ

২৯. 'চিত্রা' রবীন্দ্রনাথের একটি- [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর এরোড্রম কর্মকর্তা : ২১]

ⓚ উপন্যাস ⓚ প্রবন্ধ
ⓖ কাব্যগ্রন্থ ⓖ নাটক **উত্তর:** গ

৩০. '১৪০০ সাল', 'উর্বশী', 'স্বর্গ হইতে বিদায়'- এ কবিতাগুলো রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাব রক্ষক : ২১]

ⓚ নৈবদ্য ⓚ বলাকা
ⓖ ক্ষণিকা ⓖ চিত্রা **উত্তর:** ঘ

৩১. 'দুই বিঘা জমি' কবিতাটি কার লেখা? [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী : ২২]

ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ মাইকেল মধুসূদন দত্ত ⓖ কায়কোবাদ **উত্তর:** ক

৩২. "এ জগতে হায়, সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।"– চরণদ্বয় রবীন্দ্রনাথের কোন কবিতার অংশ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]

ⓚ পুরাতন ভৃত্য ⓚ নিষ্ফল উপহার
ⓖ দুই বিঘা জমি ⓖ দেবতার গ্রাস **উত্তর:** গ

৩৩. "আমি শুনে হাসি, আঁখিজলে ভাসি, এই ছিল মোর ঘটে তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে।" - পঙ্‌ক্তিটির রচয়িতা কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৬]

ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ মোজাম্মেল হক ⓖ মোহিতলাল মজুমদার **উত্তর:** ক

৩৪. "পরে মাস-দেড়ে ভিটেমাটি ছেড়ে বাহির হইনু পথে- করিল ডিক্রি, সকলই বিক্রি মিথ্যা দেনার খতে।" -পঙ্‌ক্তিটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কোন কবিতার অংশ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শাপলা) : ০৯]

ⓚ পুরাতন ভৃত্য ⓚ চিত্রা
ⓖ দুই বিঘা জমি ⓖ দিন শেষে **উত্তর:** গ

৩৫. "নমোনমো নম সুন্দরী মম জননী বঙ্গভূমি" উদ্ধৃতাংশের লেখক- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৯]

ⓚ বঙ্কিমচন্দ্র ⓚ সুফিয়া কামাল
ⓖ জীবনানন্দ দাশ ⓖ রবীন্দ্রনাথ **উত্তর:** ঘ

৩৬. 'দুই বিঘা জমি' কবিতায় 'ধাম' বলতে কবি কী বুঝিয়েছেন? [দুর্নীতি দমন কমিশনের অফিস সহায়ক : ১৯]

ⓚ তীর্থস্থান ⓚ পাত্র বিশেষ
ⓖ জমি ⓖ আনন্দ **উত্তর:** ক

৩৭. "আজ হতে শতবর্ষ পরে, কে তুমি পড়িছ বসি আমার .... কৌতূহলভরে।" শূন্যস্থানে প্রচলিত শব্দটি চিহ্নিত করুন? [বিআরসি অফিসার : ৯৮]

ⓚ রচনাখানি ⓚ কবিতাখানি
ⓖ গ্রন্থখানি ⓖ কাব্যখানি **উত্তর:** খ

৩৮. **"নীল নবঘনে আষাঢ় গগনে ...... ঠাঁই আর নাহিরে।"-** [কর্মসংস্থান ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর : ১১]
ⓚ তিল ⓚ এতটুকু
ⓖ বিন্দু ⓖ সামান্য **উত্তর:** ক

৩৯. **"নীল নবঘনে আষাঢ় গগনে
তিল ঠাঁই আর নাহিরে
ওগো, আজ তোরা যাসনে ঘরের বাহিরে"- পঙ্ক্তিটি কার লেখা?** [বিআরটিএ সহকারী পরিচালক : ০৫]
ক সত্যেন্দ্রনাথ দত্ত খ কাজী নজরুল ইসলাম
গ সিকান্দার আবু জাফর ঘ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

৪০. **'গীতাঞ্জলি' কী ধরনের রচনা?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিরাপত্তা অপারেটর : ২১]
ক নাটক খ কাব্যগ্রন্থ
গ গল্প ঘ প্রবন্ধ **উত্তর:** খ

৪১. **রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি' কাব্য প্রকাশিত হয় কত সনে?** [৩৭তম বিসিএস/ সমন্বিত পাঁচ (৫) ব্যাংক এর অফিসার (ক্যাশ) : ২১]
ক ১৯১০ খ ১৯১১
গ ১৯১২ ঘ ১৯১৩ **উত্তর:** ক

৪২. **কোনটি শুদ্ধ বানান?** [ডাক-জীবন-বীমা-এর অফিস সহকারী : ২২]
ক গীতাঞ্জলী খ গিতাঞ্জলী
গ গীতাঞ্জলি ঘ গিতাঞ্জলি **উত্তর:** গ

৪৩. **রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন-** [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক : ২২]
ক আগস্ট, ১৯১৩ খ্রিষ্টাব্দে
খ সেপ্টেম্বর, ১৯১৩ খ্রিষ্টাব্দে
গ অক্টোবর, ১৯১৩ খ্রিষ্টাব্দে
ঘ নভেম্বর, ১৯১৩ খ্রিষ্টাব্দে **উত্তর:** ঘ

৪৪. **এশিয়া তথা উপমহাদেশের প্রথম নোবেল বিজয়ী কে?** [ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.ফিল্ড অফিসার : ২২]
ক সি ভি রমন খ আব্দুল সালাম
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ মাদার তেরেসা **উত্তর:** গ

৪৫. **The first Nobel prize given to an Asian was for his work in -/ কোন ক্ষেত্রে অবদানের জন্য কোন এশীয় ব্যক্তিকে প্রথম নোবেল পুরস্কার দেওয়া হয়?** [NCC Bank Ltd. MTO: 11]
ⓐ Medicine ⓑ Physiology
ⓒ Chemistry ⓓ Literature **Ans.** d

৪৬. **Who is the first non-European to win the Nobel Prize in Literature? / সাহিত্যে নোবেলজয়ী প্রথম অ-ইউরোপীয় কে?** [Rupali Bank Ltd. Senior Officer : 13]
ⓐ Pearl S. Buck ⓑ Rabindranath Tagore
ⓒ Sinclair Lesis
ⓓ Eugene O'Neil **Ans.** b

৪৭. **সাহিত্যে নোবেল পুরস্কার পান প্রথম ভারতীয়-** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) : ০১]
ক স্যার ইকবাল খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ কৃষণ চন্দর ঘ নীরোদ চৌধুরী **উত্তর:** খ

৪৮. **কোন বাঙালি সাহিত্যে নোবেল পুরস্কার পান?** [NSI-এর ডেসপাচ রাইডার : ২১]
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ মীর মশাররফ হোসেন
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ মাইকেল মধুসূদন দত্ত **উত্তর:** ক

৪৯. **রবীন্দ্রনাথ ঠাকুর কত বছর বয়সে সাহিত্যে নোবেল পুরস্কার পান?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (চতুর্থ পর্যায়) : ১৯]
ক ৫৫ খ ৫২
গ ৫৭ ঘ ৬১ **উত্তর:** খ

৫০. **রবীন্দ্রনাথের নোবেল বিজয়ী গ্রন্থ-/ For which literary work was Rabindranath Tagore awarded with the Nobel prize?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৬-০৭]
ক Khanika খ Sonartori
গ Song Offerings ঘ Sanchita **উত্তর:** গ

৫১. **রবীন্দ্রনাথ ঠাকুর কোন গ্রন্থটির জন্য নোবেল পুরস্কার পেয়েছিলেন?/ What was the name of the book that earned the Nobel Prize for Rabindranath Tagore?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৯]
ⓐ Geetanjali ⓑ Kapal Kundala
ⓒ Choker Bali ⓓ Rajtarangini **Ans.** a

৫২. **'কোন প্রতিষ্ঠান রবীন্দ্রনাথ ঠাকুরকে নোবেল পুরষ্কার দিয়েছিলেন?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক ইন্ডিয়ান সোসাইটি খ লন্ডন লিটারেরি সোসাইটি
খ প্যারিস অকাডেমি ঘ সুইডিশ অ্যাকাডেমি **উত্তর:** ঘ

৫৩. **'Song Offerings' কোন কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদ?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ক এটি একটি মৌলিক কাব্যগ্রন্থ
খ গীতাঞ্জলি ও অন্যান্য কিছু কবিতা
গ গীতাঞ্জলির কিয়দংশ
ঘ গীতাঞ্জলি **উত্তর:** খ

৫৪. **রবীন্দ্রনাথ যে রচনাটির জন্য সর্বাধিক বিখ্যাত, সেটি কোনটি?** [বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের অধীনে সহকারী বিস্ফোরক পরিদর্শক : ০৩]
ক গল্পগুচ্ছ খ বাংলাদেশের জাতীয় সংগীত
গ সঞ্চয়িতা ঘ গীতাঞ্জলি **উত্তর:** ঘ

৫৫. **'গীতাঞ্জলি' কাব্যের ইংরেজি অনুবাদ করেন কে?** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
ক টি. এস. এলিয়ট খ ডব্লিউ. বি. ইয়েটস
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ বুদ্ধদেব বসু **উত্তর:** গ

৫৬. **'Gitanjali' of Rabindranath Tagore was translated by-** [৩৬তম বিসিএস]

অথবা,

গীতাঞ্জলির ইংরেজি অনুবাদ সম্পাদনা করেছেন-[৩৩তম বিসিএস/ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স সহকারী ব্যবস্থাপক : ২১]

ⓚ W. B. Yeats ⓚ Rudyard Kipling
ⓖ John Keats ⓖ Robert Frost **উত্তর:** ক

৫৭. **Who wrote the introduction of the book '*Song Offerings*' of Rabindranath Tagore?** [SIBL Probationary Officer: 13]

ⓚ W. B. Yeats ⓚ Rabindranath Tagore
ⓖ George Eliot ⓖ Robert Browning **Ans.** a

৫৮. **'বলাকা' কাব্য লিখেছেন-** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]

ⓚ ঈশ্বরচন্দ্র গুপ্ত ⓚ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ কাজী নজরুল ইসলাম **উত্তর:** গ

৫৯. **নিচের কোনটি উপন্যাস নয়?** [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]

ⓚ খোয়াবনামা ⓚ বলাকা
ⓖ জননী ⓖ শেষের কবিতা **উত্তর:** খ

৬০. **রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যে গতিতত্ত্বের প্রকাশ ঘটেছে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫]

ⓚ ক্ষণিকা ⓚ বলাকা
ⓖ মানসী ⓖ পূরবী **উত্তর:** খ

৬১. **নিচের কোনটি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের একটি বিখ্যাত কবিতার নাম?** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]

ⓚ কবি ⓚ ছবি
ⓖ জীবনের জলছবি ⓖ কাঠ কয়লার ছবি **উত্তর:** খ

৬২. **'সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা'– রবীন্দ্রনাথের কোন কাব্যের কবিতা?** [২৫তম বিসিএস]

ⓚ বলাকা ⓚ সোনার তরী
ⓖ চিত্রা ⓖ পুনশ্চ **উত্তর:** ক

৬৩. **'সবুজের অভিযান' রবীন্দ্রনাথের কোন কাব্য হতে সংকলিত?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৩]

ⓚ ক্ষণিকা ⓚ বলাকা
ⓖ কণিকা ⓖ বীথিকা **উত্তর:** খ

৬৪. **"ওরে নবীন, ওরে আমার কাঁচা, ওরে সবুজ, ওরে অবুঝ,/ আধ-মরাদের ঘা মেরে তুই বাঁচা।"-পঙ্‌ক্তিটি কোন কবির রচনা?** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শিউলী) : ১১]

ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ গোলাম মোস্তফা ⓖ সুফিয়া কামাল **উত্তর:** ক

৬৫. **রবীন্দ্রনাথের বিখ্যাত 'শা-জাহান' কবিতাটি তার কোন কাব্যে স্থান পেয়েছে?** [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬]

ⓚ ক্ষণিকা ⓚ বলাকা
ⓖ চিত্রা ⓖ পূরবী **উত্তর:** খ

৬৬. **রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'পূরবী' কাব্য কাকে উৎসর্গ করেছিলেন?** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]

ⓚ মৈত্রেয়ী দেবী ⓚ হেমন্তবালা দেবী
ⓖ ভিক্টোরিয়া ওকাম্পো ⓖ কাদম্বরী দেবী **উত্তর:** গ

৬৭. **রবীন্দ্রনাথ ঠাকুরের গদ্যকাব্য কোনটি?** [বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২]

ⓚ পুনশ্চ ⓚ বলাকা
ⓖ সোনার তরী ⓖ ক্ষণিকা **উত্তর:** ক

৬৮. **কোন কবিতা হতে রবীন্দ্রনাথ গদ্যরীতিতে কবিতা লেখা শুরু করেন?** [এনআরবি ব্যাংক লি. ট্রেইনি অফিসার : ২২]

ⓚ বলাকা ⓚ পুনশ্চ
ⓖ খাপছাড়া ⓖ সেঁজুতি **উত্তর:** খ

৬৯. **বাংলায় টি.এস. এলিয়টের কবিতার প্রথম অনুবাদক -** [১০ম বিসিএস/ সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৩]

ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ বিষ্ণু দে
ⓖ সুধীন্দ্রনাথ দত্ত ⓖ বুদ্ধদেব বসু **উত্তর:** খ

৭০. **T.S Eliot-এর 'The Journey of the Magi' কবিতার রবীন্দ্রনাথ ঠাকুরকৃত অনূদিত রূপ হলো-** [বাংলাদেশ ব্যাংক অফিসার (সাধারণ) : ১৯]

ⓚ পুনশ্চ ⓚ তীর্থযাত্রী
ⓖ বাঁশি ⓖ জীবনদেবতা **উত্তর:** খ

৭১. **কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা?** [বাংলাদেশ ব্যাংক ক্যাশ অফিসার : ১৬]

ⓚ সেঁজুতি ⓚ বেলা-অবেলা
ⓖ নবনী ⓖ শ্রীকান্ত **উত্তর:** ক

৭২. **'মোর নাম এই বলে খ্যাত হোক,/ আমি তোমাদেরই লোক,' এ উক্তিটি কার?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৮-১৯]

ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ জীবনানন্দ দাশ ⓖ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** ক

৭৩. **'খেয়া' রবীন্দ্রনাথের একটি -** [সমবায় অধিদপ্তরে ২য় শ্রেণির গেজেটেড অফিসার : ৯৭]

ⓚ নাটক ⓚ কাব্যগ্রন্থ
ⓖ গল্পগ্রন্থ ⓖ প্রবন্ধ **উত্তর:** খ

৭৪. **'বৈরাগ্য সাধনে ..... সে আমার নয়।' শূন্যস্থান পূরণ করুন।** [১১তম বিসিএস/ পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর : ২০]

ⓚ আনন্দ ⓚ মুক্তি
ⓖ বিশ্বাস ⓖ আশ্বাস **উত্তর:** খ

৭৫. **অধর্মের মধুমাখা বিষফল তুলি
আনন্দে নাচিছে পুত্র; স্নেহমোহে ভুলি
সে ফল দিয়ো না তারে ভোগ করিবারে;
কেড়ে লও, ফেলে দাও, কাঁদাও তাহারে।' কবিতাংশটির মূল কবিতা ও রচয়িতা-** [তথ্য মন্ত্রণালয়ে সহকারী পরিচালক : ০১]

ⓚ পরার্থে - কামিনী রায়
ⓚ সোমের প্রতি তারা - মাইকেল মধুসূদন দত্ত
ⓖ গান্ধারীর আবেদন - রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ রক্তাম্বরধারিণী মা - কাজী নজরুল ইসলাম **উত্তর:** গ

৭৬. **"যে তোমার পুত্র নহে তারো ... আছে।" শূন্যস্থানে প্রচলিত শব্দটি চিহ্নিত করুন?** [বিআরসি অফিসার : ৯৯]
ⓚ পিতা ⓚ পুত্র
ⓖ দাবি ⓖ অধিকার **উত্তর:** ক

৭৭. **"আজি এ প্রভাতে রবির কর
কেমনে পশিল প্রাণের পর,
কেমনে পশিল গুহার আঁধারে প্রভাত পাখির গান!
না জানি কেন রে এত দিন পরে জাগিয়া উঠিল প্রাণ।"- এই উদ্ধৃতাংশটি কোন কবির রচনা?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্ম) : ০৯]
ⓚ সুকান্ত ভট্টাচার্য ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ কবি গোলাম মোস্তফা **উত্তর:** গ

৭৮. **'আজি এ প্রভাতে রবির কর/ কেমনে পশিল প্রাণের পর'-কোন কবিতার চরণ?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা : ১০]
ⓚ হিং টিং ছট ⓚ আজ সৃষ্টি সুখের উল্লাসে
ⓖ নির্ঝরের স্বপ্নভঙ্গ ⓖ প্রিয়তমাসু **উত্তর:** গ

৭৯. **"মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে"- ছড়াটি কার রচনা?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা : ২২]
ⓚ বঙ্কিমচন্দ্র ⓚ সুফিয়া কামাল
ⓖ জীবনানন্দ দাশ ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

৮০. **মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে,
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।' চরণ দুটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতা উল্লেখ আছে?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সহকারী নিরাপত্তা কর্মকর্তা : ২১]
ⓚ সোনার তরী ⓚ নূতন
ⓖ প্রাণ ⓖ পুরাতন **উত্তর:** গ

৮১. **"বাদলা হাওয়ায় মনে পড়ে ছেলে বেলার গান-
বৃষ্টি পড়ে টাপুর টুপুর, নদেয় এলো বান।" পঙ্‌ক্তিটির রচয়িতা কে?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা) : ১৩]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ সত্যেন্দ্রনাথ ঠাকুর
ⓖ কবি সুফিয়া কামাল ⓖ গোলাম মোস্তফা **উত্তর:** ক

৮২. **"কেরোসিন শিখা বলে মাটির প্রদীপে,
ভাই ব'লে ডাক যদি দেব গলা টিপে।
হেনকালে গগনেতে উঠিলেন চাঁদা,
কেরোসিন বলি উঠে, এসো মোর দাদা।"- পঙ্‌ক্তিটি কোন কবির রচনা?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম) : ১২]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ সুকুমার রায়
ⓖ শেখ ফজলল করিম ⓖ সত্যেন্দ্রনাথ দত্ত **উত্তর:** ক

৮৩. **"শৈবাল দীঘিরে কহে উচ্চ করি শির, লিখে রেখ, এক ফোঁটা দিলেম শিশির।"- এ অংশটুকুর মূল প্রতিপাদ্য।** [১৩তম বিসিএস/ বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার (আইটি) : ১৬]
ⓚ প্রতিদান ⓚ প্রত্যুপকার
ⓖ অকৃতজ্ঞতা ⓖ অসহিষ্ণুতা **উত্তর:** গ

৮৪. **শৈবাল দিঘিরে বলে উচ্চ করি শির,
লিখে রেখো ...... দিলেম শিশির।**- [জনতা ব্যাংক লি. এক্সিকিউটিভ অফিসার : ১২]
ⓚ এক বিন্দু ⓚ এক ফোঁটা
ⓖ দুই বিন্দু ⓖ এতটুকু **উত্তর:** খ

৮৫. **"পেঁচা রাষ্ট্র করে দেয় পেলে কোন ছুতা
জান না আমার সঙ্গে সূর্যের শত্রুতা।"- এর মূল প্রতিপাদ্য কোনটি?** [যুব উন্নয়ন অধিদপ্তরে সহকারী পরিচালক : ৯৪]
ⓚ অপরকে দুশমন মনে করা
ⓚ হীনমন্যতা
ⓖ বাগাড়ম্বর
ⓖ নিজের ঢোল নিজে পেটানো **উত্তর:** খ

৮৬. **"দ্বার বন্ধ করে দিয়ে ভ্রমটারে রুখি।
সত্য বলে, আমি তবে কোথা দিয়ে ঢুকি।" উদ্ধৃতাংশটির রচয়িতা কে?** [বিটিআরসি উপ-সহকারী পরিচালক (কারিগরি) : ২১]
ⓚ লালন শাহ ⓚ মাইকেল মধুসূদন দত্ত
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ কৃষ্ণচন্দ্র মজুমদার **উত্তর:** গ

৮৭. **শূন্যস্থান পূরণ করুন: উত্তম নিশ্চিন্তে চলে ..... সাথে-** [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৪]
ⓚ মধ্যমের ⓚ অধমের
ⓖ সবার ⓖ অনেকের **উত্তর:** খ

৮৮. **"হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগো রে ধীরে-এই ভারতের মহামানবের সাগরতীরে।" চরণগুলো কার রচিত?** [৭ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১২]
ⓚ সত্যেন্দ্রনাথ দত্ত ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ প্রফুল্লচন্দ্র রায় **উত্তর:** গ

৮৯. **'বাংলার মাটি বাংলার জল' সনেটটি কার রচনা?** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার : ১৩]
ⓚ অতুলপ্রসাদ সেন ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖ দ্বিজেন্দ্রলাল রায় **উত্তর:** গ

৯০. **'ঐকতান' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যভুক্ত?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (মানবিক শাখা) : ২১-২২]
ⓚ সেঁজুতি ⓚ শেষলেখা
ⓖ জন্মদিনে ⓖ পত্রপুট **উত্তর:** গ

৯১. **রবীন্দ্রনাথের 'ঐকতান' কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AL ইউনিট) : ১৭-১৮]
ⓚ বিচিত্রা ⓚ প্রবাসী
ⓖ সবুজপত্র ⓖ পরিচয় **উত্তর:** খ

৯২. **'ঐকতান' কবিতাটি কোন ছন্দে রচিত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ⓚ স্বরবৃত্ত ⓚ মাত্রাবৃত্ত
ⓖ অক্ষরবৃত্ত ⓖ গদ্যছন্দ **উত্তর:** গ

৯৩. রবীন্দ্রনাথ ঠাকুর 'ঐকতান' বলতে বুঝিয়েছেন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক ধনী-গরিবের মিলন খ জীবনের সর্বপ্রান্তস্পর্শী সমস্বর
গ নারী-পুরুষের মিলন ঘ বৃদ্ধ ও তরুণের মিলন **উত্তর: খ**

৯৪. 'ঐকতান' কবিতার সারকথা কী? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]
ক কবি হিসেবে নিজের অপূর্ণতার স্বতঃস্ফূর্ত স্বীকারোক্তি
খ সৃষ্টিশীল সত্তার বিশালতা ও বৈচিত্র্যের অনুভূতি
গ ভ্রমণবিলাশী চিত্তের সাবলীল ও স্বতঃস্ফূর্ত স্বীকারোক্তি
ঘ ক্ষণস্থায়ী জীবনের নিজের অর্পূণতার স্বতঃস্ফূত স্বীকারোক্তি
উত্তর: ক

৯৫. 'ঐকতান' কবিতাটি রবীন্দ্রনাথ কত বছর বয়সে রচনা করেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (গার্হস্থ্য অর্থনীতি) : ২১-২২]
ক ষাট খ সত্তর
গ পাঁচাশি ঘ আশি **উত্তর: ঘ**

৯৬. 'বিপুলা পৃথিবীর কতটুকু জানি' কোন কবিতার চরণ? [বেগম রোকয়ো বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক লোক-লোকান্তর খ সাম্যবাদী
গ সেই অস্ত্র ঘ ঐকতান **উত্তর: ঘ**

৯৭. 'ঐকতান' কবিতায় কবি রবীন্দ্রনাথ ঠাকুর পৃথিবীকে কী বলে আখ্যায়িত করেছেন? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২০-২১]
ক কৃপণ খ বিপুলা
গ বনফুল ঘ ঐশ্বর্যময় **উত্তর: খ**

৯৮. 'বিশাল বিশ্বের আয়োজনে; মন মোর জুরে থাকে অতি ক্ষুদ্র তারি এক কোণ।' চরণটি কোন কবিতার? [যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ক সোনারতরী খ কালকেতুর ভোজন
গ ঐকতান ঘ জীবন-বন্দনা **উত্তর: গ**

৯৯. 'যেথা পাই চিত্রময়ী বর্ণনার বাণী।' এটি কোন কবিতার চরণ? [বেগম রোকয়ো বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক সেই অস্ত্র খ ঐকতান
গ সাম্যবাদী ঘ হাড় **উত্তর: খ**

১০০. 'জ্ঞানের দীনতা এই আপনার মনে/পূরণ করিয়া লই যত পারি ....।' শূন্যস্থানে বসবে- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ক হৃদয়-প্রাঙ্গণে খ চিত্র-বাতায়নে
গ আনন্দিত মনে ঘ ভিক্ষালব্ধ ধনে **উত্তর: ঘ**

১০১. 'আমি পৃথিবীর কবি, ...' অপূর্ণ এ পঙ্ক্তির পরের অংশ কোনটি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ক যেথা তার যত উঠে ধ্বনি
খ যতটুকু জানি
গ সাড়া তার জাগিবে তখনি
ঘ দেখেছি কত না নগর রাজধানী **উত্তর: ক**

১০২. 'নানা কবি ঢালে গান নানা দিক হতে' কোন কবিতার চরণ? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৯-২০]
ক সাম্যবাদী খ তাহারেই পড়ে মনে
গ লোক-লোকান্তর ঘ ঐকতান **উত্তর: ঘ**

১০৩. 'বাধা হয়ে আছে মোর বেড়াগুলি জীবনযাত্রার' কাব্যাংশটির তাৎপর্য কী? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ক সংসার জীবন
খ কবির উচ্চবিত্ত জীবন
গ দার্শনিক জীবন
ঘ নিম্নবিত্ত জীবন **উত্তর: খ**

১০৪. 'অতি ক্ষুদ্র অংশে তার সম্মানের চিরনির্বাসনে সমাজের উচ্চ মঞ্চে বসেছি সংকীর্ণ বাতায়নে' চরণদ্বয়ের অন্তর্নিহিত ভাব কোনটি? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ক ধনীর সংকীর্ণ হৃদয়
খ জনবিচ্ছিন্ন ক্ষুদ্রগণ্ডিতে আবদ্ধ উচ্চবিত্তের মনোভাব
গ ধনীর অহংকারী মনোভাব
ঘ কোনোটিই নয় **উত্তর: খ**

১০৫. 'ঐকতান' কবিতায় 'জীবনে জীবন যোগ করা' বলতে কোন বিষয়টি বোঝাতে চেয়েছেন কবি? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ক জনপ্রিয়তা খ জনসম্পৃক্ততা
গ অজ্ঞতা ঘ মহানুভবতা **উত্তর: খ**

১০৬. 'কর্মে ও কথায় ..... আত্মীয়তা করেছে অর্জন।' এ পঙ্ক্তির শূন্যস্থানে বসবে- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ক নিবিড় খ সত্য
গ ঘনিষ্ঠ ঘ বহু **উত্তর: খ**

১০৭. নিচের কবিতাংশটি কোন কবির রচনা?
"যে আছে মাটির কাছাকাছি, সে কবির বাণী লাগি কান পেতে আছি।" [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ২০-২১]
ক সুকান্ত ভট্টাচার্য খ কাজী নজরুল ইসলাম
গ জীবনানন্দ দাশ ঘ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর: ঘ**

১০৮. 'এসো কবি অখ্যাতজনের, নির্বাক মনের' কোন কবিতার চরণ? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (গ১ ইউনিট) : ১৬-১৭]
ক সাম্যবাদী খ ঐকতান
গ সেই অস্ত্র ঘ লোক- লোকান্তর **উত্তর: খ**

১০৯. 'সাহিত্যের ঐকতান সংগীতসভায়/একতারা যাহাদের তারাও সম্মান যেন পায়' পঙ্ক্তি দুটির রচয়িতার জন্ম সাল- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (I ইউনিট) : ১৭-১৮]
ক ১৮৬১ খ ১৮৭২
গ ১৮৯৪ ঘ ১৯১৩ **উত্তর: ক**

১১০. "আমি যে দেখেছি গোপন হিংসা কপট রাত্রিছায়ে" উদ্ধৃতাংশটি কোন কবির কোন কবিতার অংশ? [তথ্য মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক (গ্রেড-২) : ০৩]
ক) প্রশ্ন-রবীন্দ্রনাথ ঠাকুর
খ) রক্তাম্বরধারিণী মা-কাজী নজরুল ইসলাম
গ) সিঁড়ি-সুকান্ত ভট্টাচার্য
ঘ) সোমের প্রতি তারা-মাইকেল মধুসূদন দত্ত **উত্তর:** ক

১১১. 'রাতের সব তারাই আছে দিনের আলোর গভীরে।' কার উক্তি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১১-১২]
ক) কামিনী রায় খ) রবীন্দ্রনাথ ঠকুর
গ) সত্যেন্দ্রনাথ দত্ত ঘ) কৃষ্ণচন্দ্র মজুমদার **উত্তর:** খ

১১২. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ব্রিজ) : ১৮]
ক) গীতালি খ) মরীচিকা
গ) কনকাঞ্জলি ঘ) হোমশিখা **উত্তর:** ক

১১৩. 'ক্লান্তি আমার ক্ষমা কর প্রভু' গানটির রচয়িতা কে? [এনআরবিসি ব্যাংক লি. সহকারী ট্রেইনি অফিসার : ২১]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) কাজী নজরুল ইসলাম
গ) হাসন রাজা ঘ) লালন শাহ **উত্তর:** ক

১১৪. 'ধুলায় ধূসর রুক্ষ উড্ডীন পিঙ্গল জটাজাল।' উক্তিটির রচয়িতা? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৮-১৯]
ক) দ্বিজেন্দ্রলাল রায় খ) কাজী নজরুল ইসলাম
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) মাইকেল মধুসূদন দত্ত **উত্তর:** গ

১১৫. "একটি ধানের শীষের উপরে একটি শিশির বিন্দু" পঙ্‌ক্তিটির রচয়িতা কে? [কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার (ক্যাশ) : ২১]
ক) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) জীবনানন্দ দাশ ঘ) কাজী নজরুল ইসলাম **উত্তর:** খ

১১৬. স্ত্রীর মৃত্যুকে উপলক্ষ করে রবীন্দ্রনাথ রচনা করেন- [কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ১২]
ক) স্মরণ খ) উৎসর্গ
গ) নৈবেদ্য ঘ) খেয়া **উত্তর:** ক

১১৭. 'রেখেছো বাঙালি করে, মানুষ করনি'। পঙ্‌ক্তিটি কার? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]
ক) রবীন্দ্রনাথ খ) অমিয় চক্রবর্তী
গ) জীবনানন্দ ঘ) ডি এল রায় **উত্তর:** ক

১১৮. 'সঞ্চয়িতা' কোন কবির কাব্য সংকলন? [২২তম বিসিএস]
ক) জীবনানন্দ দাশ খ) কাজী নজরুল ইসলাম
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) বিষ্ণু দে **উত্তর:** গ

১১৯. কোনটি রবীন্দ্রনাথের রচনা? [জাবি (গ ইউনিট) : ১১-১২]
ক) পদ্মরাগ খ) রায়নন্দিনী
গ) শেষসপ্তক ঘ) কুহু ও কেকা **উত্তর:** গ

১২০. রবীন্দ্রনাথের শেষ কাব্যগ্রন্থ কোনটি? [৩৮তম বিসিএস/২০তম বিসিএস]
ক) পরিশেষ খ) শেষ লেখা
গ) জন্মদিনে ঘ) পুনশ্চ **উত্তর:** খ

১২১. রবীন্দ্রনাথ ঠাকুরের মৃত্যুর পর প্রকাশিত শেষ কাব্যগ্রন্থ- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৮-০৯]
ক) পুনশ্চ খ) শেষলেখা
গ) খেয়া ঘ) ক্ষণিকা **উত্তর:** খ

১২২. রবীন্দ্রনাথ কোন কাব্যগ্রন্থটির নামকরণ করে যেতে পারেননি? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক) শেষ লেখা খ) ইতিকথা
গ) বিচারক ঘ) গীতাঞ্জলি **উত্তর:** ক

১২৩. "সম্মুখে শান্তি পারাবার
ভাসাও তরী হে কর্ণধার
তুমি হবে চিরসাথী লও লও হে ক্রোড়পতি
অসীমের পথে জ্বলিবে জ্যোতি ধ্রুবতারার।"–
উদ্ধৃতাংশটুকুর রচয়িতা কে? [দুদক এর জেলা দুর্নীতি দমন অফিসার : ৯৪]
ক) ঈশ্বরচন্দ্র গুপ্ত খ) দ্বিজেন্দ্রলাল রায়
গ) সত্যেন্দ্রনাথ দত্ত ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

১২৪. "তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি"– রবীন্দ্রনাথের কোন কাব্যের কবিতা? [২৬তম বিসিএস]
ক) পূরবী খ) শেষ লেখা
গ) আকাশ প্রদীপ ঘ) সেঁজুতি **উত্তর:** খ

১২৫. সত্য যে কঠিন, কঠিনেরে ভালোবাসিলাম-সে কখনো করে না বঞ্চনা। কবিতাংশটি কার? [ব্যাংকার্স সিলেকশন কমিটি (বিএসসি) সিনিয়র অফিসার : ১৮]
ক) শামসুর রাহমান খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) কাজী নজরুল ইসলাম ঘ) জীবনানন্দ দাশ **উত্তর:** খ

১২৬. "রূপ-নারানের কূলে/ জেগে উঠিলাম,/ জানিলাম এ জগৎ স্বপ্ন নয়"। পঙ্‌ক্তিটির রচয়িতা- [জাবি (ছ ইউনিট) : ১৯-২০]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) কাজী নজরুল ইসলাম
গ) আলাওল ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** ক

১২৭. "ধরণীর কোন এক দীনতম গৃহে যদি জন্মে প্রেয়সী"– কার লেখা? [শ্রম অধিদপ্তরে রেজিস্ট্রার : ০০]
ক) দীননাথ সেন খ) মোহিতলাল মজুমদার
গ) কবি রবীন্দ্রনাথ ঠাকুর
ঘ) কবি কাজী নজরুল ইসলাম **উত্তর:** গ

১২৮. রবীন্দ্রনাথ কোন আঙ্গিকে সাহিত্যে রচনা করেননি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক) ছোটগল্প খ) নাট্যকাব্য
গ) স্মৃতিকথা ঘ) মহাকাব্য **উত্তর:** ঘ

১২৯. রবীন্দ্রনাথ ঠাকুর মানবজীবনের সাথে কোনটির তুলনা করেছেন? [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ক) নদী খ) বৃক্ষ
গ) পথ ঘ) পাহাড় **উত্তর:** ক

১৩০. কোনটি রবীন্দ্র রচনার অন্তর্গত নয়? [৩৫তম বিসিএস]
ক) "কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও"?
খ) "অগ্নিগ্রাসী বিশ্বত্রাসি জাগুক আবার আত্মদান"।
গ) "প্রাণের মানুষ আছে প্রাণে তাই হেরি তায় সকল খানে"।
ঘ) "কি আঁচল বিছায়েছ বটের মূলে নদীর কূলে"। **উত্তর:** খ

রবীন্দ্রসঙ্গীত (২২৩২টি গান)

রবীন্দ্রনাথের সমুদয় গানের সংকলন গ্রন্থ 'গীতবিতান'। পরবর্তীকালে এই সংস্করণের সকল গান কবি পূজা, স্বদেশ, প্রেম, প্রকৃতি, বিচিত্র ও আনুষ্ঠানিক পর্যায়ে বিন্যস্ত করেন।

- প্রেম
  - *আমারও পরাণ যাহা চায়, তুমি তাই তুমি তাই গো।*
  - *আমার মন মানে না .....আমি এ কথা, এ ব্যথা, সুখব্যাকুলতা কাহার চরণতলে দিব নিছনি।*

  [এখানে 'নিছনি' অর্থ- পূজা]
- পূজা
  - *আনন্দলোকে মঙ্গলালোকে বিরাজ সত্য সুন্দর।*
  - *আমার প্রাণের মানুষ আছে প্রাণে/ তাই হেরি তায় সকল খানে।*
- স্বদেশ
  - *আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে।*
  - *ও আমার দেশের মাটি, তোমার পরে ঠেকাই মাথা।*
- বিচিত্র
  - *যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে।*
- প্রকৃতি
  - *আকাশ ভরা সূর্য তারা বিশ্বভরা প্রাণ।*

রবীন্দ্র সংগীত চর্চা ও প্রসারের জন্য ১৯৬১ সালে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশের অন্যতম সংস্কৃতিক সংগঠন ছায়ানট। রেজওয়ানা চৌধুরী বন্যা, ইন্দ্রনী সেন, হেমন্ত মুখোপাধ্যায় প্রমুখ রবীন্দ্র সঙ্গীত শিল্পী হিসেবে পরিচিত।

MCQ Solution

১. **'আমারও পরাণ যাহা চায়' গানটি কার রচনা?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮]
ⓚ রজনীকান্ত সেন ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ ডি.এল.রায় ⓖ অতুলপ্রসাদ **উত্তর:** খ

২. **"আমি এ কথা, এ ব্যথা, সুখব্যাকুলতা কাহার চরণতলে দিব নিছনি।" - রবীন্দ্রনাথের এ গানে 'নিছনি' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [৩৭তম বিসিএস]
(ক) অপনোদন অর্থে (খ) পূজা অর্থে
(গ) বিলানো অর্থে (ঘ) উপহার অর্থে **উত্তর:** খ

৩. **'আনন্দলোকে মঙ্গলালোকে বিরাজ সত্য সুন্দর'- এই শাশ্বত বাণী রচনা করেছেন কে?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১৬]
(ক) নজরুল (খ) রবীন্দ্রনাথ
(গ) রজনীকান্ত (ঘ) অতুলপ্রসাদ **উত্তর:** খ

৪. **"আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে"- এই পঙক্তিটির রচয়িতা কে?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক : ১৩]
(ক) সত্যেন্দ্রনাথ দত্ত (খ) সিকান্দার আবু জাফর
(গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) কাজী নজরুল ইসলাম **উত্তর:** গ

৫. **"ও আমার দেশের মাটি, তোমার পরে ঠেকাই মাথা' - পঙক্তিটির লেখক কে?** [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১২]
(ক) দীনবন্ধু মিত্র (খ) রবীন্দ্রনাথ ঠাকুর
(গ) দ্বিজেন্দ্রলাল রায় (ঘ) কাজী নজরুল ইসলাম **উত্তর:** খ

৬. **'যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে'- গানটি কে রচনা করেছেন?** [জাবি (সি ইউনিট - সেট ৮) : ১৬-১৭]
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) গাজী মাযহারুল আনোয়ার
(গ) দ্বিজেন্দ্রলাল রায় (ঘ) কাজী নজরুল ইসলাম
উত্তর: ক

৭. **'আকাশ ভরা সূর্য তারা বিশ্বভরা প্রাণ' চরণটি কার রচনা?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৪-১৫]
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর
(খ) আবু হেনা মোস্তফা কামাল
(গ) মোহাম্মদ মনিরুজ্জামান
(ঘ) কাজী নজরুল ইসলাম **উত্তর:** ক

৮. **রবীন্দ্র সংগীত চর্চা ও প্রসারে নিবেদিত প্রতিষ্ঠান?** [রাবি (এ-৭ ইউনিট) : ১২-১৩]
(ক) বুলবুল ললিত কলা একাডেমি
(খ) শিল্পকলা একাডেমি
(গ) রবীন্দ্র সঙ্গীত চর্চা ও প্রসার কেন্দ্র
(ঘ) ছায়ানট **উত্তর:** ঘ

৯. **রেজওয়ানা চৌধুরী বন্যা কোন ধারার সঙ্গীত শিল্পী?** [রাবি (এ-৭ ইউনিট) : ১২-১৩]
(ক) লোকসঙ্গীত (খ) রাগসঙ্গীত
(গ) অতুলপ্রসাদী (ঘ) রবীন্দ্র সঙ্গীত **উত্তর:** ঘ

দ্বিজেন্দ্রলাল রায় [ডি. এল. রায়] (১৮৬৩ - ১৯১৩)



নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায় পশ্চিমবঙ্গের নদীয়া জেলার কৃষ্ণনগরে জন্মগ্রহণ করেন।

নাটক

- সাজাহান : সম্রাট সাজাহানের কাহিনী নিয়ে রচিত প্রথম নাটক।
- মেবারপতন
- তারাবাঈ
- চন্দ্রগুপ্ত
- নূরজাহান : ঐতিহাসিক নাটক।
- কল্কি অবতার (প্রহসন) : সামাজিক নাটক।

গান

ধন ধান্যে পুষ্পে ভরা আমাদের এই বসুন্ধরা
তাহার মাঝে আছে দেশ এক-সকল দেশের সেরা। ....
সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি। ....
কোথায় এমন হরিৎক্ষেত্র আকাশতলে মেশে।

(হরিৎক্ষেত্র অর্থ - সবুজ মাঠ)

MCQ Solution

১. **দ্বিজেন্দ্রলাল রায় প্রধানত –** [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
ⓚ কবি ⓚ নাট্যকার
ⓖ গীতিকার ⓖ ঔপন্যাসিক **উত্তর:** খ

২. **কোনটি নাটক?** [২১তম বিসিএস]
ⓚ কর্তার ইচ্ছায় কর্ম ⓚ গড্ডলিকা
ⓖ পল্লীসমাজ ⓖ সাজাহান **উত্তর:** ঘ

৩. **'সাজাহান' নাটকের প্রথম রচয়িতা কে?** [২৬তম বিসিএস]
ⓚ দ্বিজেন্দ্রলাল রায় ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ শাহাদৎ হোসেন ⓖ ইব্রাহীম খাঁ **উত্তর:** ক

৪. **ঐতিহাসিক নাটক কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (আলফা) : ১৪]
ⓚ নূরজাহান ⓚ রাবণবধ
ⓖ সধবার একাদশী ⓖ ডাকঘর **উত্তর:** ক

৫. **'তারাবাঈ'- নাটকটির লেখক কে?** [বিবিএস'র থানা পরিসংখ্যানবিদ : ২০]
ⓚ ইসমাইল হোসেন সিরাজী
ⓚ মীর মশাররফ হোসেন
ⓖ আবদুল্লাহ আল মামুন
ⓖ দ্বিজেন্দ্রলাল রায় **উত্তর:** ঘ

৬. **কোন চরণটি সঠিক?** [৩৩তম বিসিএস]
ⓚ ধন ধান্যে পুষ্পে ভরা
ⓚ ধন্য ধান্যে পুষ্পে ভরা
ⓖ ধণ্যে ধান্যে পুষ্পে ভরা
ⓖ ধন্যে ধান্য পুষ্পে ভরা **উত্তর:** ক

৭. **"ধনধান্য পুষ্প ভরা আমাদের এই বসুন্ধরা/ তাহার মাঝে আছে দেশ এক-সকল দেশের সেরা" কবিতাংশটুকু কোন কবির রচনা?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা : ২২]
ⓚ দ্বিজেন্দ্রলাল রায় ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ শামসুর রাহমান ⓖ কৃষ্ণচন্দ্র মজুমদার **উত্তর:** ক

৮. **'ধন-ধান্য-পুষ্প-ভরা আমাদের এই বসুন্ধরা' – চরণটির পরের চরণ-** [ঢাবি (ঘ ইউনিট) : ১০-১১]
ⓚ এমন দেশেটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি
ⓚ ভায়ের মায়ের এত স্নেহ কোথায় গেলে পাবে কেহ?
ⓖ তারা ফুলের ওপর ঘুমিয়ে পড়ে ফুলের মধু খেয়ে
ⓖ তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা **উত্তর:** ঘ

৯. **'সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি'- চরণটি কোন কবির রচনা?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর জুনিয়র অডিটর : ২২]
ⓚ দ্বিজেন্দ্রলাল রায় ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ জসীমউদ্দীন ⓖ মধুসূদন দত্ত **উত্তর:** ক

১০. **'কোথায় এমন হরিৎক্ষেত্র আকাশ তলে মেশে।'- কবি ডি এল রায় যে প্রসঙ্গে উক্তটি করেছেন-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক (সাধারণ) : ১৮]
ⓚ বাংলার ঋতুবৈচিত্র্য ⓚ বাংলার সাম্প্রদায়িক সম্প্রীতি
ⓖ বাংলার সবুজ মাঠ ⓖ বাংলার সামাজিক জীবন **উত্তর:** গ

প্রমথ চৌধুরী (১৮৬৮ - ১৯৪৬)



প্রমথ চৌধুরী যশোরে জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক নিবাস ছিল পাবনা জেলার চাটমোহর উপজেলার হরিপুর গ্রামে। কর্মজীবনে তিনি ছিলেন ইংরেজি সাহিত্যের অধ্যাপক। তিনি রবীন্দ্রনাথের অগ্রজ সত্যেন্দ্রনাথ ঠাকুরের কন্যা ইন্দিরা দেবীকে বিবাহ করেন। তিনি 'জীবনে জ্যাঠামি ও সাহিত্যে ন্যাকামি' সহ্য করতে পারতেন না। পরিশীলিত বাগবৈদগ্ধ্যময় রম্যরচনায় তিনি ছিলেন সিদ্ধহস্ত। ১৯৪৬ সালের ২ সেপ্টেম্বর তিনি কলকাতায় মৃত্যুবরণ করেন।

প্রবন্ধ সংকলন

প্রমথ চৌধুরী মূলত একজন প্রাবন্ধিক।

- তেল-নুন-লকড়ি (১৯০৬)
- বীরবলের হালখাতা (১৯১৬) : প্রবন্ধ হালখাতা, যৌবনে দাও রাজটীকা, কথার কথা, সাহিত্যে খেলা প্রভৃতি। 'ভারতী' পত্রিকায় প্রকাশিত 'হালখাতা' (১৯০২) প্রমথ চৌধুরীর চলিত রীতির প্রথম গদ্য রচনা।
  ভাষা মানুষের মুখ থেকে কলমের মুখে আসে, উল্টোটা করতে গেলে মুখে শুধু কালিই পড়ে। [কথার কথা]
  যিনি গড়তে জানেন, তিনি শিবও গড়তে জানেন, বাঁদরও গড়তে জানেন। ... মন উঁচুতেও উঠতে চায়, নিচুতেও নামতে চায়।... আনন্দের ধর্ম এই যে তা সংক্রামক। .... দুঃখের বিষয় এই যে, স্কুল মাস্টারেরা একালে সাহিত্যের ভার নিয়েছেন। [সাহিত্যে খেলা]
  রোদ্যাঁ একজন ব্যক্তির নাম।
- বিচিত্র : উল্লেখযোগ্য প্রবন্ধ বর্ষা।
- সাহিত্য : প্রাবন্ধিক 'বই পড়া' প্রবন্ধে বলেন, '*সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।*'
- আমাদের শিক্ষা
- রায়তের কথা

গল্প সংকলন

- চার-ইয়ারি কথা
- আহুতি

কাব্যগ্রন্থ

- সনেট পঞ্চাশৎ

MCQ Solution

১. **প্রমথ চৌধুরী একজন-** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ⓚ কবি ⓚ নাট্যকার
ⓖ প্রাবন্ধিক ⓖ ঔপন্যাসিক **উত্তর:** গ

২. **'পরিশীলিত বাগ্‌বৈদগ্ধ্যময়' রম্যরচনার সিদ্ধহস্ত কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন) : ১২-১৩]
ⓚ প্যারীচাঁদ মিত্র ⓚ সৈয়দ মুজতবা আলী
ⓖ প্রমথ চৌধুরী ⓖ সুকুমার রায় **উত্তর:** গ

৩. **"জীবনে জ্যাঠামি ও সাহিত্যে ন্যাকামি" সহ্য করতে পারতেন না-** [২৭তম বিসিএস]
ⓚ বঙ্কিমচন্দ্র ⓚ সৈয়দ মুজতবা আলী
ⓖ প্রমথ চৌধুরী ⓖ প্রমথনাথ বিশী **উত্তর:** গ

৪. **'তেল-নুন-লকড়ি' কার রচিত গ্রন্থ?** [৩৫তম বিসিএস]
ⓚ প্রবোধচন্দ্র সেন ⓖ প্রমথ চৌধুরী
ⓚ প্রমথনাথ বিশী ⓖ প্রদ্যুম্ন মিত্র **উত্তর:** গ

৫. **বাংলা সাহিত্যে চলিত ভাষায় রচিত প্রথম গ্রন্থ-** [সম্মিলিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ⓚ নারীর মূল্য ⓚ বীরবলের হালখাতা
ⓖ তেল-নুন-লকড়ি ⓖ রায়তের কথা **উত্তর:** খ

৬. **'বীরবলের হালখাতা' গ্রন্থটি কোন ধরনের রচনা?** [বাতিলকৃত ২৪তম বিসিএস/ সড়ক ও জনপদ অধিদপ্তরের কার্য-সহকারী : ২২]
ⓚ কাব্য ⓚ নাটক
ⓖ উপন্যাস ⓖ প্রবন্ধ **উত্তর:** ঘ

৭. **'বীরবলের হালখাতা' কার রচনা?** [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ⓚ আবু সয়ীদ আইয়ুব
ⓚ আবদুল করিম সাহিত্যবিশারদ
ⓖ মোহিতলাল মজুমদার
ⓖ প্রমথ চৌধুরী **উত্তর:** ঘ

৮. **"ভাষা মানুষের মুখ থেকে কলমের মুখে আসে, উল্টোটা করতে গেলে মুখে শুধু কালি পড়ে"- কে বলেছেন?** [২৪তম বিসিএস]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ বলাইচাঁদ মুখোপাধ্যায় ⓖ প্রমথ চৌধুরী **উত্তর:** ঘ

৯. **'যিনি গড়তে জানেন, তিনি শিবও গড়তে জানেন, বাঁদরও গড়তে জানেন' কোন প্রবন্ধের উদ্বৃতি?** [নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৫-১৬]
ⓚ হৈমন্তী ⓚ একুশের গল্প
ⓖ ভাষার কথা ⓖ সাহিত্যে খেলা **উত্তর:** ঘ

১০. **'মন উঁচুতেও উঠতে চায়, নিচুতেও নামতে চায়।' এটি কার উক্তি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬]
ⓚ বঙ্কিমচন্দ্রের ⓚ কাজী নজরুল ইসলামের
ⓖ রবীন্দ্রনাথের ⓖ প্রমথ চৌধুরীর **উত্তর:** ঘ

১১. **'আনন্দের ধর্ম এই যে তা সংক্রামক' উদ্ধৃতিটি কোথা থেকে নেওয়া হয়েছে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৯-২০]
ⓚ যৌবনের গান ⓚ অপরাহ্নের গল্প
ⓖ সাহিত্যে খেলা ⓖ কলিমদ্দী দফাদার **উত্তর:** গ

১২. **'দুঃখের বিষয় এই যে, স্কুল মাস্টারেরা একালে সাহিত্যের ভার নিয়েছেন' কথাটি কে কোন রচনায় বলেছেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট): ১৩-১৪]
ⓚ প্রমথ চৌধুরী - বীরবলের হালখাতা'য়
ⓚ প্রমথ চৌধুরী - সাহিত্যে খেলা
ⓖ দীনেশচন্দ্র সেন - বঙ্গভাষা ও সাহিত্য গ্রন্থে
ⓖ রবীন্দ্রনাথ - সাহিত্য গ্রন্থ **উত্তর:** খ

১৩. **'সাহিত্য খেলা' প্রবন্ধের 'রোদ্যাঁ' কি?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন ব্যাংক সিনিয়র অফিসার : ১০]
ⓚ এক ব্যক্তির নাম ⓚ রেস্টুরেন্টের নাম
ⓖ জায়গার নাম ⓖ পাহাড়ের নাম **উত্তর:** ক

১৪. **'বই পড়া' প্রবন্ধটি কার লেখা?** [টিটিসি'র ইন্সট্রাক্টর : ২২]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ মোতাহের হোসেন চৌধুরী
ⓖ প্রমথ চৌধুরী ⓖ হায়াৎ মামুদ **উত্তর:** গ

১৫. **'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত'- এই উক্তিটি কার?** [১৫তম বিসিএস/ বিবিএস জুনিয়র পরিসংখ্যান সহকারী : ২১]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ মোহাম্মদ লুৎফর রহমান
ⓖ কাজী আবদুল ওদুদ ⓖ প্রমথ চৌধুরী **উত্তর:** ঘ

১৬. **'চার-ইয়ারি কথা' গ্রন্থটি কে রচনা করেন?** [যোগাযোগ মন্ত্রণালয়ের অধীণ সহকারী সার্জন (রেলওয়ে হাসপাতাল) : ০৫]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ প্রমথ চৌধুরী ⓖ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** গ

১৭. **গদ্যশৈলী ছাড়াও প্রমথ চৌধুরী বিশিষ্টতা অর্জন করেছেন-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬]
ⓚ মহাকাব্যে ⓚ সনেটকার হিসেবে
ⓖ গানে ⓖ চিত্রাঙ্কনে **উত্তর:** খ

১৮. **'সনেট পঞ্চাশৎ' কার রচনা?** [ঢাবি (খ ইউনিট) : ১৫-১৬]
ⓚ জীবনানন্দ দাশ ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ আল মাহমুদ ⓖ প্রমথ চৌধুরী **উত্তর:** ঘ

কামিনী রায় (১৮৬৪ - ১৯৩৩)

কামিনী রায় বরিশাল জেলার বাকেরগঞ্জের বাসণ্ডা গ্রামে জন্মগ্রহণ করেন। কলকাতা বিশ্ববিদ্যালয় তাঁকে জগত্তারিণী স্বর্ণপদকে ভূষিত করে।

কাব্যগ্রন্থ

- আলো ও ছায়া: কবিতা- সুখ, পাছে লোকে কিছু বলে প্রভৃতি।

পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলি দাও,
তার মত সুখ কোথাও কি আছে?
আপনার কথা ভুলিয়া যাও। [সুখ]
করিতে পারি না কাজ
সদা ভয় সদা লাজ,
সংশয়ে সংকল্প সদা টলে
পাছে লোকে কিছু বলে। [পাছে লোকে কিছু বলে]

- মাল্য ও নির্মাল্য
- দীপ ও ধূপ
- গুঞ্জন : শিশুকাব্য।
- জীবন পথে
- অশোক সঙ্গীত

কবিতা

- পরার্থে *সকলের তরে সকলে আমরা*
  প্রত্যেকে আমরা পরের তরে।

MCQ Solution

১. **'পাছে লোকে কিছু বলে' এ বিখ্যাত লাইনটির স্রষ্টা কে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ বিহারীলাল চক্রবর্তী
ⓖ কামিনী রায় ⓖ গোবিন্দচন্দ্র দাস **উত্তর:** গ

২. **'পাছে লোকে কিছু বলে' - কবিতা পাঠকের মনে কোন আচরণের উদ্রেক ঘটায়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ক) পরোপকারিতা খ) সাহসিকতা
গ) ভয়হীনতা ঘ) সংকোচ **উত্তর:** ঘ


৩. **"সকলের ..... সকলে আমরা।" শূন্যস্থানে প্রচলিত শব্দটি চিহ্নিত করুন-** [বি আর সি অফিসার : ৯৯]
ক) জন্য খ) উপরে
গ) কাজে ঘ) তরে **উত্তর:** ঘ

৪. **'সকলের তরে সকলেই আমরা প্রত্যেকে আমরা পরের তরে' - এর মূল অর্থ কোনটি?** [সিজিএ- কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ক) দয়া খ) সহমর্মিতা
গ) মমত্ববোধ ঘ) সহনশীলতা **উত্তর:** খ

৫. **"সকলের তরে সকলে আমরা/ প্রত্যেকে আমরা পরের তরে।" পঙ্ক্তিদ্বয় কোন কবিতা হতে নেওয়া হয়েছে?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর : ২০]
ক) মানুষকে খ) শহীদ স্মরণে
গ) পরার্থে ঘ) মানব কল্যাণ **উত্তর:** গ

৬. **'সকলের তরে সকলে আমরা/ প্রত্যেকে আমরা পরের তরে।' - কার রচিত পঙ্ক্তি?** [৪৪তম বিসিএস]
ক) রজনীকান্ত সেন খ) ইসমাইল হোসেন সিরাজী
গ) কামিনী রায় ঘ) দ্বিজেন্দ্রলাল রায় **উত্তর:** গ

অতুলপ্রসাদ সেন (১৮৭১ - ১৯৩৪)




অতুলপ্রসাদ সেন মূলত কবি, গীতিকার ও গায়ক। তাঁর রচিত "মোদের গরব, মোদের আশা আ মরি বাংলা ভাষা" গানটি ষাটের দশকে পূর্ববাংলায় বাঙালি জাতীয়তাবাদী আন্দোলনে, আন্দোলনকারীদের মনে উদ্দীপনার সঞ্চার করেছিল।

MCQ Solution

১. **'মোদের গরব, মোদের আশা / আ মরি বাংলা ভাষা।' রচয়িতা-** [১২তম বিসিএস]
ক) রামনিধি গুপ্ত খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) অতুলপ্রসাদ সেন ঘ) সত্যেন্দ্রনাথ দত্ত **উত্তর:** গ

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৭৬-১৯৩৮ খ্রি.)



শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৭৬ সালের ১৫ সেপ্টেম্বর (৩১ ভাদ্র, ১২৮৩ বঙ্গাব্দ) হুগলি জেলার দেবানন্দপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর কৈশোর ও যৌবনের অধিকাংশ সময় অতিবাহিত হয় ভাগলপুরে, মাতুলালয়ে। ২৪ বছর বয়সে মনের ঝোঁকে সন্ন্যাসী হয়ে তিনি গৃহত্যাগ করেন। সংগীতজ্ঞ হিসেবে খ্যাতির সূত্রে ঘটনাচক্রে এক জমিদারের বন্ধু হয়েছিলেন তিনি। ১৯০৩ সালে জীবিকার তাগিদে দেশ ছেড়ে গিয়েছিলেন বার্মার (বর্তমান মিয়ানমারে) রেঙ্গুনে। শরৎচন্দ্র চিত্রাঙ্কনেও দক্ষ ছিলেন। তাঁর একটি বিখ্যাত চিত্রকর্ম (অয়েল পেইন্টিং) 'মহাশ্বেতা'। তাঁর শিল্পমানসের মৌলবৈশিষ্ট্য মানবতা ও মানুষের প্রতি ভালোবাসা। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় হতে 'জগত্তারিণী' পদক (১৯২৩) এবং ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ডি.লিট উপাধি (১৯৩৬) লাভ করেন। ১৯৩৮ সালের ১৬ জানুয়ারি তিনি কলকাতায় মৃত্যুবরণ করেন।

উপন্যাস

শরৎচন্দ্র বাংলা সাহিত্যের সবচেয়ে জনপ্রিয় ঔপন্যাসিক। উপন্যাসে বাঙালি নারীর প্রতিকৃতি অঙ্কনে তিনি অসামান্য দক্ষতা দেখিয়েছেন।

- বড়দিদি (১৯০৭): শরৎচন্দ্রের প্রথম উপন্যাস। ভারতী পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। চরিত্র - মাধবী, সুরেন্দ্রনাথ।
- শ্রীকান্ত (৪ পর্ব) : একটি আত্মচরিতমূলক উপন্যাস। এটি শরৎচন্দ্রের শ্রেষ্ঠ রচনা। রাজলক্ষ্মী, ইন্দ্রনাথ, অন্নদা দিদি ও অভয়া উপন্যাসটির প্রধান চরিত্র। ইন্দ্রনাথ বাংলা সাহিত্যে শ্রেষ্ঠ কিশোর চরিত্র।
- গৃহদাহ (১৯২০) উপন্যাসে ত্রিভুজ প্রেমের চিত্র অঙ্কিত হয়েছে। প্রধান চরিত্র - সুরেশ, অচলা ও মহিম।
- পথের দাবী (১৯২৬) : ব্রিটিশ ভারতের ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে এক অসাধারণ বিপ্লবী সব্যসাচী ও তার সাথীদের সংগ্রামের কাহিনী নিয়ে রচিত। উপন্যাসটি ব্রিটিশ সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়।
- দেনাপাওনা : উপন্যাসটির প্রধান চরিত্র জীবানন্দ ও ষোড়শী।

- চরিত্রহীন : প্রধান চরিত্র সাবিত্রী, কিরণময়ী।
- দেবদাস : রচনার সমাপ্তিকাল ১৯০০ খ্রি. এবং প্রকাশ কাল ১৯১৭ খ্রি.। উপন্যাসটি নিয়ে শরৎচন্দ্রের দ্বিধা ছিল বলে দীর্ঘ ১৭ বছর প্রকাশ করা থেকে বিরত ছিলেন। প্রধান চরিত্র - দেবদাস, পার্বতী, চন্দ্রমুখী।
- দত্তা : চরিত্র - নরেন, বিজয়া।
- পল্লী-সমাজ : চরিত্র - রমা, রমেশ।
- বৈকুণ্ঠের উইল
- পরিণীতা
- নিষ্কৃতি
- চন্দ্রনাথ
- শুভদা
- বিরাজ বৌ
- শেষ প্রশ্ন
- নববিধান
- শেষের পরিচয়
- বিপ্রদাস
- পণ্ডিতমশাই

গল্প

- মন্দির : লেখকের প্রথম গল্প; এটি তাঁর প্রথম মুদ্রিত রচনা। এটি 'কুন্তলীন' পুরস্কারপ্রাপ্ত।
- বিলাসী : ভারতী পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। এই গল্পে লেখক বিশ শতকের প্রথমার্ধে ভারতবর্ষে বাঙালি রক্ষণশীল হিন্দু সমাজের বর্ণপ্রথা, কুসংস্কারের চিত্র রূপায়ন করেছেন। শরৎচন্দ্র ন্যাড়া নামের যুবকের জবানিতে তাঁর নিজের প্রথম জীবনের ছায়াপাত ঘটিয়েছেন। গল্পের উল্লেখযোগ্য চরণ-
  "সে পুনরায় কহিল, ঘন জঙ্গলের পথ, একটু দেখে পা ফেলে যেয়ো।.... মহত্ত্বের কাহিনী আমাদের অনেক আছে। ..... ঠাকুর আমার মাথার দিব্যি রইল, এসব তুমি আর কখনও করো না।"
- মেজদিদি : হেমাঙ্গিনী, কাদম্বিনী গল্পটির প্রধান চরিত্র।
- মহেশ : প্রধান চরিত্র গফুর।
- বিন্দুর ছেলে
- রামের সুমতি
- অভাগীর স্বর্গ
- স্বামী
- কাশিনাথ
- অনুরাধা
- হরিলক্ষ্মী
- দেওঘরের স্মৃতি

প্রবন্ধ

- নারীর মূল্য

নাটক

- ষোড়শী
- বিজয়া
- রমা

MCQ Solution

১. **শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মস্থান কোথায়?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৯]
ⓚ নিমতা গ্রাম ⓚ দেবানন্দপুর গ্রাম
ⓖ গেধিয়া গ্রাম ⓘ করিমগঞ্জ **উত্তর:** খ

২. **নিচের যেটি শরৎচন্দ্রের ক্ষেত্রে প্রাসঙ্গিক-** [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৮]
(ক) সংগীতজ্ঞ (খ) গীতিকার
(গ) নাট্যকার (ঘ) চিত্রশিল্পী **উত্তর:** গ,ঘ

৩. **কত খ্রিষ্টাব্দে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের 'জগত্তারিণী' পদক লাভ করেন?** [২৭তম বিসিএস]
(ক) ১৯১৬ খ্রিষ্টাব্দে (খ) ১৯২৩ খ্রিষ্টাব্দে
(গ) ১৯৩৩ খ্রিষ্টাব্দে (ঘ) ১৯০৩ খ্রিষ্টাব্দে **উত্তর:** খ

৪. **কত খ্রিষ্টাব্দে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ডি. লিট ডিগ্রি প্রদান করা হয়?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]
(ক) ১৯৩২ খ্রিষ্টাব্দে (খ) ১৯৩৬ খ্রিষ্টাব্দে
(গ) ১৯৪০ খ্রিষ্টাব্দে (ঘ) ১৯৪৪ খ্রিষ্টাব্দে **উত্তর:** খ

৫. **শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কোন ধরনের সাহিত্যিক ছিলেন?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা : ১৬]
(ক) কবি (খ) ঔপন্যাসিক
(গ) ছোট গল্পকার (ঘ) প্রাবন্ধিক **উত্তর:** খ

৬. **শরৎচন্দ্রের প্রথম উপন্যাস কোনটি?** [সড়ক ও জনপদ অধিদপ্তরের কার্য-সহকারী : ২২]
(ক) বড়দিদি (খ) বিন্দুর ছেলে
(গ) রামের সুমতি (ঘ) বৈকুণ্ঠের উইল **উত্তর:** ক

৭. **'শ্রীকান্ত' শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি-** [জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী : ২১]
(ক) ছোটগল্প (খ) নাটক
(গ) উপন্যাস (ঘ) ভ্রমণকাহিনী **উত্তর:** গ

৮. **'শ্রীকান্ত' উপন্যাসটি কয় খণ্ডে রচিত?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩]
(ক) ২টি (খ) ৩টি
(গ) ৪টি (ঘ) ৫টি **উত্তর:** গ

৯. **শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের শ্রেষ্ঠ রচনা কোনটি?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩]
(ক) দেবদাস (খ) শ্রীকান্ত
(গ) চরিত্রহীন (ঘ) গৃহদাহ **উত্তর:** খ

১০. **শরৎচন্দ্রের 'শ্রীকান্ত' কোন শ্রেণির উপন্যাস?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর (পূর্বাঞ্চল) : ১৬]
(ক) ঐতিহাসিক (খ) আত্মজৈবনিক
(গ) সামাজিক (ঘ) রহস্য **উত্তর:** খ

১১. **'রাজলক্ষ্মী' চরিত্রের স্রষ্টা ঔপন্যাসিক কে?** [১১তম বিসিএস]
(ক) বঙ্কিমচন্দ্র (খ) শরৎচন্দ্র
(গ) তারাশঙ্কর (ঘ) নজরুল ইসলাম **উত্তর:** খ

১২. **'ইন্দ্রনাথ' শরৎচন্দ্রের কোন উপন্যাসের চরিত্র?** [তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন এর উচ্চমান সহকারী : ১৭]
(ক) গৃহদাহ (খ) পল্লীসমাজ
(গ) পথের দাবী (ঘ) শ্রীকান্ত **উত্তর:** ঘ

১৩. **বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ কিশোর চরিত্র কে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৮]
ক) অমল খ) ইন্দ্রনাথ
গ) অপু ঘ) কেষ্ট **উত্তর:** খ

১৪. **'অভয়া' শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন উপন্যাসের চরিত্র?** [ডেসকো অ্যাসিসটেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার : ১৯]
ক) পল্লীসমাজ খ) শ্রীকান্ত
গ) গৃহদাহ ঘ) দেবদাস **উত্তর:** খ

১৫. **'অন্নদা দিদি' শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন উপন্যাসের চরিত্র?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ক) গৃহদাহ খ) চরিত্রহীন
গ) শ্রীকান্ত ঘ) দত্তা **উত্তর:** গ

১৬. **নিচের কোন দু'জন শরৎচন্দ্র-সৃষ্ট নারী চরিত্র?** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ক) আয়েশা, শ্রী খ) দামিনী, কুমুদিনী
গ) অভয়া, অন্নদা ঘ) সর্বজয়া, দুর্গা **উত্তর:** গ

১৭. **নিম্নের কোনটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস?** [পিএসসি'র নিয়োগ : ১৮]
ক) কপালকুণ্ডলা খ) বিষাদ-সিন্ধু
গ) কৃষ্ণকান্তের উইল ঘ) গৃহদাহ **উত্তর:** ঘ

১৮. **'গৃহদাহ' উপন্যাসের রচনাকাল-** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]
ক) ১৯১৭ খ) ১৯১৯
গ) ১৯২০ ঘ) ১৯২৩ **উত্তর:** গ

১৯. **শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন উপন্যাসে ত্রিভুজ প্রেমের চিত্র অঙ্কিত হয়েছে?** [উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা : ০৭]
ক) গৃহদাহ খ) শ্রীকান্ত
গ) পল্লীসমাজ ঘ) শেষ প্রশ্ন **উত্তর:** ক

২০. **'গৃহদাহ' উপন্যাসের প্রধান দুটি চরিত্রের নাম কি?** [টিটিসি'র ইন্সট্রাক্টর : ২২/ বাংলাদেশ সরকারি কর্মকমিশন এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক) সুরেশ ও অচলা
খ) নগেন্দ্রনাথ ও কুন্দনন্দিনী
গ) মধুসূদন ও কুমুদিনী
ঘ) গোবিন্দলাল ও রোহিণী **উত্তর:** ক

২১. **'পথের দাবী' উপন্যাসটির রচয়িতা কে?** [২২তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ) মানিক বন্দ্যোপাধ্যায়
গ) নবীনচন্দ্র সেন ঘ) সত্যেন সেন **উত্তর:** ক

২২. **কোনটি সঠিক?** [২২তম বিসিএস / ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন মাস্টার : ২২]
ক) গোরা (নাট্যগ্রন্থ)
খ) একাত্তরের দিনগুলি (উপন্যাস)
গ) পথের দাবী (উপন্যাস)
ঘ) বিদ্রোহী (কাব্যগ্রন্থ) **উত্তর:** গ

২৩. **শরৎচন্দ্রের কোন উপন্যাসটি সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়েছিল?** [২৪তম বিসিএস]
ক) পথের দাবী খ) নিষ্কৃতি
গ) চরিত্রহীন ঘ) দত্তা **উত্তর:** ক

২৪. **'পথের দাবী' উপন্যাসের মূল বক্তব্য কী?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]
ক) বিপ্লবীর আদর্শ খ) দেশমুক্তি
গ) জাতিমুক্তি ঘ) উন্মুক্ত জীবন **উত্তর:** ক

২৫. **'দেনাপাওনা' উপন্যাসটি রচনা করেছেন-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০]
ক) কাজী ইমদাদুল হক খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) বেগম রোকেয়া **উত্তর:** খ

২৬. **শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কোন বইটি লিখেছেন?** [নার্সিং সেবা অধিদপ্তরের মিডওয়াইফ : ১৭]
ক) পদ্মাবতী খ) উন্নত জীবন
গ) ব্যথার দান ঘ) চরিত্রহীন **উত্তর:** ঘ

২৭. **শরৎচন্দ্রের রচনা কোনটি?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ১৪]
ক) দেবদাস খ) পদ্মরাগ
গ) পালামৌ ঘ) নবযুগ **উত্তর:** ক

২৮. **কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কত বছর বয়সে তাঁর কালজয়ী উপন্যাস 'দেবদাস' রচনা করেন?** [স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক) ১৬ বছর খ) ২০ বছর
গ) ২২ বছর ঘ) ২৫ বছর **উত্তর:** ঘ

২৯. **'শেষ প্রশ্ন' উপন্যাসটি কে লিখেছেন?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১১]
ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
খ) হুমায়ুন আজাদ
গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ঘ) সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** গ

৩০. **'বিরাজ বৌ' উপন্যাসের রচয়িতা-** [৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১১]
খ) সত্যেন সেন ক) মানিক বন্দ্যোপাধ্যায়
গ) সুকান্ত ভট্টাচার্য ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** ঘ

৩১. **'পল্লীসমাজ' উপন্যাসের রচয়িতা কে?** [খাদ্য অধিদপ্তরে খাদ্য পরিদর্শক : ০৯]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ) কাজী নজরুল ইসলাম ঘ) মানিক বন্দ্যোপাধ্যায় **উত্তর:** খ

৩২. **'বৈকুণ্ঠের উইল' কার রচনা?** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার : ১৫]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর
খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ঘ) কাজী নজরুল ইসলাম **উত্তর:** গ

৩৩. **'দত্তা' উপন্যাসটি কার লেখা?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইন্সট্রাক্টর : ১৮]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ রবীন্দ্রনাথ দত্ত ⓖ সুরেন্দ্রপাল **উত্তর:** খ

৩৪. **শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম গল্প/ সাহিত্যকর্ম কোনটি?** [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক : ১৩]
ⓚ মন্দির ⓚ বড়দিদি
ⓖ শ্রীকান্ত ⓖ মেজদিদি **উত্তর:** ক

৩৫. **কুসংস্কার-বিরোধী একটি গল্পের নাম-** [জবি (চ ইউনিট) : ১৬-১৭]
ⓚ হৈমন্তী ⓚ একটি তুলসি গাছের কাহিনী
ⓖ বিলাসী ⓖ অর্ধাঙ্গী **উত্তর:** গ

৩৬. **'বিলাসী' গল্পটি কে লিখেছেন?** [সোনালী ব্যাংক লি. অফিসার/ অফিসার (ক্যাশ) : ১৪]
ⓚ শরৎচন্দ্র ⓚ রবীন্দ্রনাথ
ⓖ মানিক বন্দোপাধ্যায় ⓖ শওকত ওসমান **উত্তর:** ক

৩৭. **'সে পুনরায় কহিল, ঘন জঙ্গলের পথ, একটু দেখে পা ফেলে যেয়ো' কোন গল্পের অংশ?** [জবি (জি ইউনিট) : ১৮-১৯]
ⓚ বিলাসী ⓚ হৈমন্তী
ⓖ মৌসুম ⓖ রেইনকোট **উত্তর:** ক

৩৮. **'মহত্ত্বের কাহিনী আমাদের অনেক আছে, উক্তিটি কোন গল্পের?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ⓚ বিলাসী ⓚ একটি তুলসী গাছের কাহিনী
ⓖ হৈমন্তী ⓖ অর্ধাঙ্গী **উত্তর:** ক

৩৯. **'ঠাকুর আমার মাথার দিব্যি রইলো, এসব তুমি আর কখনও করোনা।' উক্তিটি কোন গল্পের/কবিতার?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ বিলাসী ⓚ ভ্রান্তিবিলাস
ⓖ আত্মচরিত ⓖ নবান্ন **উত্তর:** ক

৪০. **শরৎচন্দ্রের ছোটগল্প কোনটি?** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫]
ⓚ সতী ⓚ মহেশ
ⓖ বিন্দুর ছেলে ⓖ রামের সুমতি **উত্তর:** খ

৪১. **শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'মহেশ' গল্পের প্রধান চরিত্র কে?** [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রিসার্চ অফিসার : ০৬]
ⓚ হানিফ ⓚ গফুর
ⓖ হায়ওয়ান আলী ⓖ ভক্তপসাদ **উত্তর:** খ

৪২. **'হেমাঙ্গিনী' ও 'কাদম্বিনী' কোন বিখ্যাত গল্পের দুই চরিত্র?** [বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৩]
ⓚ মহেশ ⓚ বড়দিদি
ⓖ মেজদিদি ⓖ হরিলক্ষ্মী **উত্তর:** গ

৪৩. **'ষোড়শী' শরৎচন্দ্রের কোন জাতীয় রচনা?** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক : ০৪]
ⓚ উপন্যাস ⓚ গল্প সংকলন
ⓖ প্রবন্ধ ⓖ নাটক **উত্তর:** ঘ

৪৪. **'বিজয়া' নাটকটির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ দ্বিজেন্দ্রলাল রায় ⓖ মীর মশাররফ হোসেন **উত্তর:** খ

৪৫. **নিচের কোনটি শরৎ সাহিত্যের চরিত্র নয়?** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা : ০৭]
ⓚ অভয়া ⓚ সুরবালা
ⓖ ষোড়শী ⓖ সাবিত্রী **উত্তর:** খ

সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী (১৮৮০ - ১৯৩১)



সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী সিরাজগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন।

মহাকাব্য
- স্পেন বিজয় কাব্য (১৯১৪) : স্পেনের সম্রাট রডারিকের সাথে মুসলমান বীর তারেকের সংগ্রাম কাহিনী।

কাব্যগ্রন্থ
- অনল প্রবাহ (১৯০০) : লেখকের প্রথম রচনা। গ্রন্থটি ইংরেজ সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়।

উপন্যাস
- রায়নন্দিনী: বঙ্কিমচন্দ্রের 'দুর্গেশনন্দিনী'র প্রতিক্রিয়া স্বরূপ তিনি উপন্যাসটি রচনা করেন।
- তারাবাঈ

প্রবন্ধ
- তুরস্ক ভ্রমণ (১৯১০) : ভ্রমণ কাহিনী।

পঙ্ক্তি

একি অকস্মাৎ হোল বজ্রপাত! কি আর লিখিবে কবি।
বঙ্গের ভাস্কর প্রতিভা আকর অকালে লুকানো ছবি।

MCQ Solution

১. **সৈয়দ ইসমাইল হোসেন সিরাজীর জন্মগ্রহণ করেন-** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ⓚ ১৮৯৯ ⓚ ১৮৮০
ⓖ ১৮৮১ ⓖ ১৮৮২ **উত্তর:** খ

২. **সৈয়দ ইসমাইল হোসেন সিরাজীর জন্মস্থান কোথায়?** [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]
ⓚ রাজশাহী ⓚ রংপুর
ⓖ কুষ্টিয়া ⓖ সিরাজগঞ্জ **উত্তর:** ঘ

৩. **নিম্ন তালিকার মধ্যে মহাকাব্য রচনা করেন-** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপসহকারী পরিচালক : ০১]
ⓚ গোলাম মোস্তফা ⓚ সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী
ⓖ দেবেন্দ্রনাথ সেন ⓖ মুহম্মদ রিয়াজউদ্দিন আহমদ
উত্তর: খ

৪. **'স্পেন বিজয় কাব্যে'র রচয়িতা কে?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা : ০৯]
ক) অক্ষয়কুমার বড়াল
খ) সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী
গ) শামসুদ্দীন আবুল কালাম
ঘ) নবীনচন্দ্র সেন **উত্তর:** খ

৫. **'রায়নন্দিনী' কার রচনা?** [ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
খ) সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী
গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ঘ) রোকেয়া সাখাওয়াত হোসেন **উত্তর:** খ

৬. **'অনল প্রবাহ' রচনা করেন কে?** [২৯তম বিসিএস/ ১৩তম বিসিএস]
ক) মোজাম্মেল হক
খ) সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী
গ) এয়াকুব আলী চৌধুরী
ঘ) মুনিরুজ্জমান ইসলামাবাদী **উত্তর:** খ

৭. **"একি অকস্মাৎ হোল বজ্রপাত! কি আর লিখিবে কবি। বঙ্গের ভাস্কর প্রতিভা আকর অকালে লুকানো ছবি।"এই ছন্দ দুটি কোন কবির লেখা?** [উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ৯৯]
ক) ফররুখ আহমদ খ) ইসমাইল হোসেন সিরাজী
গ) কায়কোবাদ ঘ) গোলাম মোস্তফা **উত্তর:** খ

রোকেয়া সাখাওয়াত হোসেন (১৮৮০ - ১৯৩২)



বেগম রোকেয়া ১৮৮০ সালের ৯ ডিসেম্বর রংপুর জেলার মিঠাপুকুর থানার অন্তর্গত পায়রাবন্দ গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম জহীরুদ্দীন মোহাম্মদ আবু আলী হায়দার সাবের। তাঁর প্রকৃত নাম রোকেয়া খাতুন এবং বৈবাহিকসূত্রে নাম রোকেয়া সাখাওয়াত হোসেন। অত্যন্ত রক্ষণশীল সামাজিক পরিমণ্ডলে বেড়ে ওঠেন বেগম রোকেয়া। ১৮৯৮ সালে উর্দুভাষী ও বিপত্নীক সৈয়দ সাখাওয়াত হোসেনের সাথে তিনি বিবাহ বন্ধনে আবদ্ধ হন। ডেপুটি ম্যাজিস্ট্রেট স্বামীর অনুপ্রেরণায় তিনি সাহিত্যচর্চা শুরু করেন। স্বামীর মৃত্যুর কয়েক মাস পর ১৯০৯ সালে তিনি স্বামীর নামানুসারে বিহারের ভাগলপুরে 'সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল' প্রতিষ্ঠা করেন। ১৯১১ সালে তিনি স্কুলটি কলকাতায় স্থানান্তর করেন। শিক্ষা বিমুখ মুসলমান মেয়েদের শিক্ষার আলোয় আলোকিত করার জন্য বাড়িতে বাড়িতে ঘুরে ছাত্রী সংগ্রহ করতেন। নারীর অধিকার প্রতিষ্ঠার জন্য তিনি প্রতিষ্ঠা করেন 'আঞ্জুমান খাওয়াতিনে ইসলাম' (মুসলিম মহিলা সমিতি)। তিনি ছিলেন বাংলা সাহিত্যের প্রথম নারীবাদী লেখিকা। সমাজের কুসংস্কার ও জড়তা দূর করার জন্য তিনি অসাধারণ পাণ্ডিত্যপূর্ণ ও হৃদয়গ্রাহী গদ্য রচনা করেন। তাঁর সব রচনাই সমাজ জীবনের গভীর উপলব্ধি থেকে উৎসারিত। সমকালীন সাময়িকপত্রে তাঁর মিসেস আর.এস হোসেন নামে তাঁর রচনা প্রকাশিত হতো। ১৯৩২ সালের ৯ ডিসেম্বর কলকাতায় তাঁর মৃত্যু হয়। প্রতিবছর ৯ ডিসেম্বর 'রোকেয়া দিবস' হিসেবে পালন করা হয়। তাঁর নামানুসারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি হলের নামকরণ করা হয় 'রোকেয়া ছাত্রীনিবাস'।

প্রবন্ধ সংকলন

- মতিচূর : তাঁর প্রথম গ্রন্থ। উল্লেখযোগ্য রচনা স্ত্রী জাতির অবনতি, অর্ধাঙ্গী, নিরীহ বাঙালি প্রভৃতি।
  অর্ধাঙ্গী গল্পে লেখিকা বলেন, *'কোন রোগীর চিকিৎসা করিতে হইলে প্রথমে রোগের অবস্থা জানা আবশ্যক।'*
  স্ত্রী জাতির অবনতি প্রবন্ধে লেখিকা নারীদের অবনতির জন্য তাদের মানসিক দাসত্বকে দায়ী করেন। এই রচনার অংশবিশেষ জাগো গো ভগিনী শিরোনামে সংকলিত হয়।
  নিরীহ বাঙালি প্রবন্ধে লেখিকা বাঙালির কর্মে খ্যাতি অর্জনের চেয়ে দয়া-দাক্ষিণ্যে পাওয়া খ্যাতিতে আগ্রহের কথা কটাক্ষ করে তুলে ধরেছেন।

প্রবন্ধ

- চাষার দুক্ষু

<u>বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার জন্য অধিক উপযোগী</u>

চাষার দুক্ষু প্রবন্ধটি তৎকালীন (১৯৪৭ পূর্ববর্তী) দারিদ্র্যপীড়িত কৃষকদের বঞ্চনার মর্মন্তুদ দলিল। লেখিকা বলেন *'শুনিতে পাই, দেড়শত বৎসর পূর্বে ভারতবাসী অসভ্য বর্বর ছিল, এই দেড়শত বৎসর হইতে আমরা ক্রমশ সভ্য হইতে সভ্যতর হইতেছি।'* কিন্তু সেই ভারতবর্ষেই কৃষকদের অবস্থা এতো শোচনীয় যে *"পাছায় জোটেনা ত্যানা! ইহা ভাবিবার বিষয় নহে কী?"* ইহার উত্তর শ্রদ্ধাস্পদ রবীন্দ্রনাথ দিয়েছেন, *'ধন্য তার বসুন্ধরা যার'*। ইউরোপীয় মহাযুদ্ধের সাথে চাষাদের দারিদ্র্যের সম্পর্ক ছিল অতি অল্প। কারণ যুদ্ধের পূর্বেও কৃষক কন্যা জমিরনের মাথার চুলের তেল জুটত না। উড়িষ্যার অন্তর্গত কণিকা রাজ্যের কৃষকেরা পখাল (পান্তা) ভাতের সাথে লবণ ছাড়া অন্য কিছু জুটাতে পারত না। সাতভায়া গ্রামের লোকেদের পখাল ভাতের সাথে লবণও জুটত না। রংপুরের দরিদ্র কৃষকেরা ভাত না পাইয়া লাউ, কুমড়া সিদ্ধ করিয়া খাইত। অথচ সেই রংপুর ধান ও পাটের জন্য প্রসিদ্ধ। লেখিকা এই চরম দারিদ্র্যের জন্য সভ্যতার নামে এক শ্রেণির মানুষের চরম বিলাসিতা ও অনুকরণপ্রিয়তাকে দায়ী করেন। লেখিকা আক্ষেপ করিয়া বলেন, 'এ বহ্নির শত শিখা, কে

করিবে গণনা?'। সভ্যতার বিস্তারের সঙ্গে সঙ্গে দেশীয় শিল্প বিলুপ্ত হয়েছে - যা কৃষকদের দারিদ্রের অন্যতম কারণ। অথচ এদেশের এন্ডি (মোটা রেশমি কাপড়) এক সময় 'আসাম সিল্ক' নামে ইউরোপীয়দের অঙ্গে শোভা পেত। লেখিকা কৃ-ষকদের এই মুমূর্ষু অবস্থা থেকে মুক্তির জন্য দেশীয় গ্রামীণ কুটির শিল্প - বিশেষত নারী শিল্পসমূহের পুনরুদ্ধারের ওপর গুরুত্বারোপ করেন। তিনি আসাম ও রংপুরবাসী ললনাগণকে এন্ডিপোকা প্রতিপালনে তৎপর হওয়ার পরামর্শ দেন।

- নারীর অধিকার : লেখিকার শেষ প্রবন্ধ। অসমাপ্ত রেখে মারা যান।
- গৃহ

গদ্যগ্রন্থ

- অবরোধবাসিনী (১৯৩১) : লেখিকার শ্রেষ্ঠ গ্রন্থ। পর্দাপ্রথা নির্ভর হাস্যরসাত্মক রচনা।

উপন্যাস (২টি)

- পদ্মরাগ
- Sultana's Dream : ইংরেজিতে লিখিত। রোকেয়া নিজেই সুলতানার স্বপ্ন শিরোনামে বঙ্গানুবাদ করেন।

MCQ Solution

১. **বেগম রোকেয়া কখন এবং কোথায় জন্মগ্রহণ করেন?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইঞ্জিনিয়ারিং কলেজ এর ক্যাশ সরকারী : ২১]
ⓚ ১৮৭০ সালে গাইবান্ধা জেলায়
ⓚh ১৮৮১ সালে নীলফামারি জেলায়
ⓖ ১৮৮০ সালে রংপুর জেলায়
ⓖh ১৮৭৯ সালে রংপুর জেলায় **উত্তর:** গ

২. **বেগম রোকেয়ার জন্মস্থান-** [জাবি (গ১ ইউনিট) : ১৮-১৯]
(ক) রংপুর জেলার পদ্মপুকুর থানার পায়রাবন্দ গ্রামে
(খ) রংপুর জেলার শঠিবাড়ি থানার পায়রাবান্দা গ্রামে
(গ) রংপুর জেলার মিঠাপুকুর থানার পায়রাবন্দ গ্রামে
(ঘ) রংপুর জেলার মিঠাপুকুর থানার পায়রাবান্দা গ্রামে
উত্তর: গ

৩. **রোকেয়া সাখাওয়াত হোসেনের জন্ম ও মৃত্যু তারিখ :** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
(ক) ৮ ডিসেম্বর (খ) ৯ ডিসেম্বর
(গ) ১০ডিসেম্বর (ঘ) ১১ ডিসেম্বর **উত্তর:** খ

৪. **রোকেয়া দিবস কোন তারিখে পালিত হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
(ক) ৯ ডিসেম্বর (খ) ১০ জানুয়ারি
(গ) ১৫ ফেব্রুয়ারি (ঘ) ১০ এপ্রিল **উত্তর:** ক

৫. **রোকেয়া সাখাওয়াত হোসেনের প্রকৃত নাম কী?** [খুলনা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
(ক) বেগম রোকেয়া (খ) রোকেয়া সুলতানা
(গ) রোকেয়া বেগম (ঘ) রোকেয়া খাতুন **উত্তর:** ঘ

৬. **বেগম রোকেয়ার পিতার নাম কি?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
(ক) মসিহুজ্জামান সাবের
(খ) জহীরুদ্দীন মোহাম্মদ আবু আলী হায়দার সাবের
(গ) জহুরউদ্দীন সাবের
(ঘ) আবদুর রহমান আজু জায়সাম সাবের **উত্তর:** খ

৭. **বেগম রোকেয়া জীবনের শুরুতে ছিলেন?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৫-১৬]
(ক) সমাজসেবী (খ) পর্দাবিরোধী
(গ) অন্তঃপুরবাসিনী (ঘ) শিক্ষাবিদ **উত্তর:** গ

৮. **রোকেয়ার স্বামীর নাম -** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
(ক) মির্জা সাখাওয়াত হোসেন
(খ) সৈয়দ সাখাওয়াত হোসেন
(গ) মীর সাখাওয়াত হোসেন
(ঘ) শেখ সাখাওয়াত হোসেন **উত্তর:** খ

৯. **কার প্রেরণায় বেগম রোকেয়া সাহিত্যচর্চা শুরু করেন?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]
(ক) বড়ভাই (খ) স্বামী
(গ) পিতা (ঘ) মাতা **উত্তর:** খ

১০. **রোকেয়া সাখাওয়াত হোসেনের পারিবারিক ভাষা কী ছিল?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
(ক) বাংলা (খ) উর্দু
(গ) ফারসি (ঘ) ইংরেজি **উত্তর:** খ

১১. **মুসলিম মহিলা সমিতির প্রতিষ্ঠাতা-** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
(ক) নওয়াব ফয়জুন্নেসা (খ) রোকেয়া সাখাওয়াত হোসেন
(গ) সুফিয়া কামাল (ঘ) নূরজাহান **উত্তর:** খ

১২. **'আঞ্জুমান খাওয়াতিনে ইসলাম' কে প্রতিষ্ঠা করেন?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাব রক্ষক : ২১]
(ক) সুফিয়া কামাল
(খ) নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী
(গ) গোলাম মোস্তফা
(ঘ) বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন **উত্তর:** ঘ

১৩. **বাংলা সাহিত্যের প্রথম নারীবাদী লেখিকা কে?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
(ক) তসলিমা নাসরিন (খ) রোকেয়া সাখাওয়াত হোসেন
(গ) হুমায়ুন আজাদ (ঘ) বেগম সুফিয়া কামাল **উত্তর:** খ

১৪. **বেগম রোকেয়া লেখনী ধারণ করেছিলেন-** [বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক : ০৬]
(ক) নারীদের ধর্মীয় শিক্ষায় অনুপ্রাণিত করতে
(খ) সমাজে ধনী- দরিদ্রের বৈষম্য দূর করতে
(গ) শিশুদের নীতিকথা শিক্ষা দিতে
(ঘ) নারীদের কুসংস্কারমুক্ত ও শিক্ষিত করতে **উত্তর:** ঘ

১৫. **রোকেয়া সাখাওয়াত হোসেনের সব রচনাই-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]
ক সমাজ জীবনের গভীর উপলব্ধি থেকে উৎসারিত
খ নারীমুক্তি ও নারীশিক্ষা বিষয়ক উপলব্ধির ফল
গ কুসংস্কার ও ধর্মান্ধতার বিরুদ্ধে প্রতিবাদস্বরূপ
ঘ সমাজসংস্কার আন্দোলন থেকে উৎসারিত **উত্তর:** ক

১৬. **রোকেয়া সাখাওয়াত হোসেনের লেখা কী নামে প্রকাশিত হতো?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩; ১১-১২]
ক বেগম রোকেয়া খ মিসেস আর. এস. হোসেন
গ রোকেয়া সাখাওয়াত ঘ রোকেয়া হোসেন **উত্তর:** খ

১৭. **বেগম রোকেয়া কত সালে মৃত্যুবরণ করেন?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]
ক ১৯২৭ খ ১৯৩০
গ ১৯৩২ ঘ ১৯৩৪ **উত্তর:** গ

১৮. **রোকেয়া সাখাওয়াত হোসেনের সমাধি কোথায়?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ক রংপুরে খ ভাগলপুরে
গ কলকাতায় ঘ ঢাকায় **উত্তর:** গ

১৯. **রোকেয়া সাখাওয়াত হোসেনের 'মতিচূর' কোন ধরনের রচনা?** [৩৮তম বিসিএস]
ক প্রবন্ধ খ উপন্যাস
গ নাটক ঘ আত্মজীবনী **উত্তর:** ক

২০. **'স্ত্রী জাতির অবনতি' প্রবন্ধে রোকেয়া কী প্রসঙ্গে আলোচনা করেছেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]
ক মানসিক দাসত্ব খ নারী পুরুষের দৈহিক পার্থক্য
গ শারীরিক সুস্থতা ঘ নারীকে 'হাফেজা' করা **উত্তর:** ক

২১. **'জাগো গো ভগিনী' প্রবন্ধটির রচয়িতা-** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ক সেলিনা হোসেন
খ রোকেয়া সাখাওয়াত হোসেন
গ সুলতানা কামাল
ঘ সুফিয়া কামাল **উত্তর:** খ

২২. **'অর্ধাঙ্গী' কার রচনা?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২]
ক সুফিয়া কামাল খ বেগম রোকেয়া
গ সেলিনা হোসেন ঘ কামিনী রায় **উত্তর:** খ

২৩. **'কোন রোগীর চিকিৎসা করিতে হইলে প্রথমে রোগের অবস্থা জানা আবশ্যক।' উক্তিটি কোন লেখার অন্তর্গত?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৮-১৯]
ক সাহিত্যে খেলা খ বিলাসী
গ যৌবনের গান ঘ অর্ধাঙ্গী **উত্তর:** ঘ

২৪. **'নিরীহ বাঙালি' প্রবন্ধে বাঙালিদের .... করা হয়েছে :** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
ক ভর্ৎসনা খ প্রশান্তি
গ হিংসা ঘ উপহাস **উত্তর:** ঘ

'চাষার দুক্ষু' প্রবন্ধের মূল বিষয় কী? [গার্হস্থ্য অর্থনীতি কলেজ বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২০-২১]
ক চাষিদের অশিক্ষা খ চাষিদের গৃহহীনতা
গ চাষিদের দারিদ্র্য ঘ চাষিদের উদারতা **উত্তর:** গ

'চাষার দুক্ষু' কোন সময়ের রচনা? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক ১৯৪৭ পরবর্তী খ ১৯৪৭ পূর্ববর্তী
গ ১৯৭১ পূর্ব ঘ ১৯৫২ পূর্ব **উত্তর:** খ

'শুনিতে পাই, দেড়শত বৎসর পূর্বে ভারতবাসী অসভ্য বর্বর ছিল, এই দেড়শত বৎসর হইতে আমরা ক্রমশ সভ্য হইতে সভ্যতর হইতেছি।' উক্তিটি কোন লেখকের? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৯-২০]
ক শামসুর রাহমান
খ মুহম্মদ জাফর ইকবাল
গ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ঘ রোকেয়া সাখাওয়াত হোসেন **উত্তর:** ঘ

"পাছায় জোটেনা ত্যানা! ইহা ভাবিবার বিষয় নহে কী?" অংশটুকু কোন লেখকের রচনায় বিবৃত হয়েছে? [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ক মানিক বন্দ্যোপাধ্যায়
খ কাজী মোতাহার হোসেন
গ সুফিয়া কামাল
ঘ রোকেয়া সাখাওয়াত হোসেন **উত্তর:** ঘ

"ধন্য তার বসুন্ধরা যার" এ বাণীটি নিচের কোন রচনায় উদ্ধৃত হয়েছে? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ক বিড়াল খ সাম্যবাদী
গ অপরিচিতা ঘ চাষার দুক্ষু **উত্তর:** ঘ

'চাষার দুক্ষু' প্রবন্ধে কোন যুদ্ধের উল্লেখ আছে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ১ ইউনিট) : ১৬-১৭]
ক পলাশীর যুদ্ধ খ ক্রিমিয়ার যুদ্ধ
গ পানিপথের যুদ্ধ ঘ ইউরোপীয় মহাযুদ্ধ **উত্তর:** ঘ

'চাষার দুক্ষু' প্রবন্ধে কৃষক কন্যার নাম কী? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
ক আমিরন খ জরিমন
গ জমিরন ঘ জরিনা **উত্তর:** গ

'কণিকা' রাজ্যের উল্লেখ রয়েছে - রচনায়- [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (ক ইউনিট) : ১৭-১৮]
ক আহ্বান খ বিভীষণের প্রতি মেঘনাদ
গ চাষার দুক্ষু ঘ মাসি-পিসি **উত্তর:** গ

'কণিকা রাজ্য' ভারতবর্ষের কোন প্রদেশের অন্তর্ভুক্ত ছিল? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক বাংলা খ বিহার
গ উড়িষ্যা ঘ আসাম **উত্তর:** গ

\# **'পখাল' শব্দের অর্থ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৯-২০]
ⓚ পাখির খামারি ⓚ পান্তা
ⓖ পাখ-পাখালি ⓖ পাটের আঁশ **উত্তর:** খ

\# **সাতভায়া গ্রামের নামটি কোন প্রবন্ধে উক্ত হয়েছে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ বায়ান্নর দিনগুলো ⓚ গ্রিন হাউজ প্রতিক্রিয়া
ⓖ চাষার দুক্ষু ⓖ জীবন ও বৃক্ষ **উত্তর:** গ

\# **'চাষার দুক্ষু' প্রবন্ধে কোন অঞ্চলকে ধান ও পাটের জন্য বিখ্যাত বলা হয়েছে?** [যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ⓚ রংপুর ⓚ ঢাকা
ⓖ কুমিল্লা ⓖ গাইবান্ধা **উত্তর:** ক

\# **'চাষার দুক্ষু' প্রবন্ধে রোকেয়া সাখাওয়াত হোসেন সভ্যতার যে নেতিবাচক দিকগুলো উল্লেখ করেছেন তা হলো-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ যন্ত্রনির্ভরতা ও আলস্য
ⓚ অনুকরণপ্রিয়তা ও বিলাসিতা
ⓖ কুটির শিল্পের বিলোপ ও আলস্য
ⓖ দারিদ্র্য ও দুর্ভোগ **উত্তর:** খ

\# **'এ বহ্নির শত শিখা, কে করিবে গণনা?' কোন রচনার অংশ?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ⓚ সাম্যবাদী ⓚ আহ্বান
ⓖ ঐকতান ⓖ চাষার দুক্ষু **উত্তর:** ঘ

\# **'চাষার দুক্ষু' রচনায় লেখিকার প্রত্যাশা কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৬-১৭]
ⓚ সভ্যতার অগ্রগতি ⓚ দেশি শিল্পের পুনরুদ্ধার
ⓖ শিক্ষার সংস্কার ⓖ ভূমি সংস্কার **উত্তর:** খ

\# **রংপুর অঞ্চলে রেশমকে স্থানীয় ভাষায় কী বলে?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ এড়েন্ডা ⓚ এন্ডি
ⓖ রেড়ি ⓖ ভেড়েন্ডা **উত্তর:** খ

\# **'চাষার দুক্ষু' প্রবন্ধে কোন অঞ্চলের প্রসঙ্গ অধিক গুরুত্ব পেয়েছে?** [পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৭-১৮]
ⓚ কলকাতা-বগুড়া ⓚ পাবনা-সিরাজগঞ্জ
ⓖ রাজশাহী-নাটোর ⓖ আসাম-রংপুর **উত্তর:** ঘ

২৫. **রোকেয়া সাখাওয়াত হোসেনের শেষ রচনা কোনটি?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ শেষ রচনা ⓚ নারী ও স্বাধীনতা
ⓖ নারীর অধিকার ⓖ নারী ও তার প্রাপ্য **উত্তর:** গ

২৬. **বেগম রোকেয়ার উপন্যাস কোনটি?** [১১তম বিসিএস/ ডাক-জীবন-বীমা-এর অফিস সহকারী : ২২]
ⓚ অবরোধবাসিনী ⓚ পদ্মানদীর মাঝি
ⓖ ইউসুফ জুলেখা ⓖ জননী **উত্তর:** ক

২৭. **বেগম রোকেয়ায় শ্রেষ্ঠ গ্রন্থ কোনটি?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ০৪]
ⓚ অবরোধবাসিনী ⓚ পদ্মরাগ
ⓖ সুলতানার স্বপ্ন ⓖ মতিচূর **উত্তর:** ক

২৮. **বেগম রোকেয়ার সর্বশ্রেষ্ঠ গ্রন্থ 'অবরোধবাসিনী' প্রকাশিত হয়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ৯৪-৯৫]
ⓚ ১৯০৮ খ্রি. ⓚ ১৯১৮ খ্রি.
ⓖ ১৯৩১ খ্রি. ⓖ ১৯৩৮ খ্রি. **উত্তর:** গ

২৯. **পর্দাপ্রথা নির্ভর হাস্যরসাত্মক গ্রন্থ কোন খানি?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ⓚ ভারত-মহিলা ⓚ অবরোধবাসিনী
ⓖ বাঙ্গালী-চরিত ⓖ মডেল-ভাগিনী **উত্তর:** খ

৩০. **রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত উপন্যাস সংখ্যা:** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
ⓚ ১টি ⓚ ২টি
ⓖ ৩টি ⓖ ৪টি **উত্তর:** খ

৩১. **'পদ্মরাগ' উপন্যাসটির রচয়িতা-** [বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি এর সহকারী পরিচালক : ২২]
ⓚ সুফিয়া কামাল ⓚ রোকেয়া সাখাওয়াত হোসেন
ⓖ বিভূতিভূষণ ⓖ সেলিনা হোসেন **উত্তর:** খ

৩২. **'সুলতানার স্বপ্ন' গ্রন্থের রচয়িতা কে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ১৭]
ⓚ তসলিমা নাসরিন ⓚ সুফিয়া কামাল
ⓖ বেগম রোকেয়া **উত্তর:** গ

৩৩. **'সুলতানার স্বপ্ন' কোন ধরনের গ্রন্থ?** [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ) এর জুনিয়র অডিটর : ২২]
ⓚ উপন্যাস ⓚ নাটক
ⓖ কাব্য ⓖ প্রবন্ধ **উত্তর:** ক

৩৪. **বেগম রোকেয়ার কোন গ্রন্থটি ইংরেজিতে লেখা?** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪]
ⓚ মতিচূর ⓚ সুলতানার স্বপ্ন
ⓖ পদ্মরাগ ⓖ অবরোধবাসিনী **উত্তর:** খ

সত্যেন্দ্রনাথ দত্ত (১৮৮২ - ১৯২২)

সত্যেন্দ্রনাথ দত্ত কলকাতার নিকটবর্তী নিমতা গ্রামে জন্মগ্রহণ করেন। বিশিষ্ট প্রাবন্ধিক অক্ষয়কুমার দত্ত ছিলেন তাঁর পিতামহ।

মৌলিক কাব্যগ্রন্থ

- বেণু ও বীণা : উল্লেখযোগ্য কবিতা কোন দেশে।

কোন দেশেতে তরুলতা
সকল দেশের চাইতে শ্যামল?
কোন দেশেতে চলতে গেলেই
দলতে হয়রে দুর্বা কমল? [কোন দেশে]

- কুহু ও কেকা
- সবিতা
- সন্ধিক্ষণ
- হোমশিখা

- বেলাশেষের গান
- বিদায় আরতি
- অভ্র-আবীর : উল্লেখযোগ্য কবিতা জাতির পাঁতি, মানুষ জাতি।

কালো আর ধলো বাহিরে কেবল
ভিতরে সবার সমান রাঙা। [জাতির পাঁতি]

অনুবাদ কাব্যগ্রন্থ

- তীর্থ-সলিল
- তীর্থ-রেণু
- ফুলের ফসল : কাব্যগ্রন্থটির বিখ্যাত লাইন-

জোটে যদি মোটে একটি পয়সা,
খাদ্য কিনিও ক্ষুধার লাগি
দুটি যদি জোটে অর্ধকে তার
ফুল কিনে নিয়ো, হে অনুরাগী।

কবিতা

- খাঁটি সোনা

মধুর চেয়ে আছে মধুর
সে এই আমার দেশের মাটি
আমার দেশের পথের ধুলা
খাঁটি সোনার চাইতে খাঁটি।

- ঝর্ণার গান
- পালকির গান

MCQ Solution

১. **সত্যেন্দ্রনাথ দত্তের একটি মৌলিক কাব্য** - [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৮]
ⓚ অভ্র-আবীর ⓛ তীর্থ-সলিল
ⓖ তীর্থ-রেণু ⓘ বেণু-বীণা **উত্তর:** ক,ঘ

২. **'কালো আর ধলো বাহিরে কেবল, ভিতরে সবার সমান রাঙা।' কোন কবির রচনার অংশ?** [চবি (ঙ ইউনিট) : ০৭-০৮]
ⓚ কৃষ্ণচন্দ্র মজুমদার ⓛ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ লালন শাহ ⓘ সত্যেন্দ্রনাথ দত্ত **উত্তর:** ঘ

৩. **"মধুর চেয়ে আছে মধুর/ সে আমার এই দেশের মাটি/ আমার দেশের পথের ধুলা/ খাঁটি সোনার চেয়ে খাঁটি।"- কবিতার এই অংশ বিশেষের রচয়িতা-** [১৭তম বিসিএস]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓛ মোহাম্মদ মনিরুজ্জামান
ⓖ সত্যেন্দ্রনাথ দত্ত ⓘ নির্মলেন্দু গুণ **উত্তর:** গ

ড. মুহম্মদ শহীদুল্লাহ (১৮৮৫ - ১৯৬৯)



ড. মুহম্মদ শহীদুল্লাহ ১৮৮৫ সালের ১০ জুলাই পশ্চিমবঙ্গের চব্বিশ পরগণার অন্তর্গত পেয়ারা গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁকে 'জ্ঞানতাপস' অভিধায় অভিহিত করা হয়। তিনি বহুভাষাবিদ ও পণ্ডিত হিসেবে খ্যাত। মুহম্মদ শহীদুল্লাহ ১৯১২ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ভাষাতত্ত্বে এমএ পাশ করেন। তিনি ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাষাতত্ত্ব বিভাগের প্রথম ছাত্র। পরে তিনি প্যারিসের সোরবন বিশ্ববিদ্যালয় থেকে ১৯২৮ সালে ডক্টর অব লিটারেচার ডিগ্রি লাভ করেন। কর্মজীবনে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগে অধ্যাপনা করেন। ভাষা ও সাহিত্য নিয়ে গবেষণার স্বীকৃতি হিসেবে তিনি অনেক পুরস্কার পেয়েছেন। 'বাংলা ভাষার অভিধান' সম্পাদনার জন্য তিনি ১৯৬০ সালে বাংলা একাডেমিতে যোগদান করেন। তাঁকে 'চলিষ্ণু অভিধান' বলা হয়ে থাকে। ১৯৬৯ সালের ১৩ জুলাই তিনি ঢাকায় মৃত্যুবরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের পাশে তাঁকে সমাহিত করা হয়। ঐ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ঢাকা হলের নামকরণ করা হয় শহীদুল্লাহ হল। বাংলা সাহিত্য সম্পর্কিত গবেষণার জন্য তাঁর নাম এদেশের সাহিত্যের ইতিহাসে অত্যুজ্জ্বল হয়ে রয়েছে।

গবেষণা-মূলকগ্রন্থ

- বাংলা ভাষার ইতিবৃত্ত
- আঞ্চলিক ভাষার অভিধান
- বাংলা সাহিত্যের কথা (২ খণ্ড)
- ভাষা ও সাহিত্য

অনুবাদগ্রন্থ

- শিকওয়াহ ও জওয়াব-ই-শিকওয়াহ
- রুবাইয়াত ই ওমর খ্যায়াম
- দীওয়ান-ই-হাফিজ

শিশুতোষ

- শেষ নবীর সন্ধানে

গল্প

- সততার পুরস্কার

MCQ Solution

১. **ড. মুহম্মদ শহীদুল্লাহর জীবনকাল কোনটি?** [গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫]
ⓚ ১৮৮৫-১৯৬৯ ⓛ ১৮৭৫-১৯৬৯
ⓖ ১৮৮৪- ১৯৬৯ ⓘ ১৮৮৫-১৯৭০ **উত্তর:** ক

২. **ড. মুহম্মদ শহীদুল্লাহর মৃত্যুদিবস কোনটি?** [আইসিবি ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
ⓚ ১৯৬৪ সালের ১ মে
ⓛ ১৯৬৬ সালের ১ জুলাই
ⓖ ১৯৬৯ সালের ১৩ জুলাই
ⓘ ১৯৭০ সালের ১৩ জুলাই **উত্তর:** গ

৩. **কে বহুভাষাবিদ পণ্ডিত ও গবেষক ছিলেন?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১৩]
ⓚ জর্জ আব্রাহাম গ্রিয়ারসন
ⓛ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓖ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ⓘ বিখ্যাত ব্যাকরণবিদ পাণিনি **উত্তর:** গ

৪. **ড. মুহম্মদ শহীদুল্লাহ ছিলেন প্রধানত-** [১২তম বিসিএস]
ⓚ ভাষাতত্ত্ববিদ ⓚ সাহিত্যের ইতিহাস রচয়িতা
ⓖ ইসলাম প্রচারক ⓖ সমাজ সংস্কারক **উত্তর:** ক

৫. **বাংলা সাহিত্য সম্পর্কিত গবেষণার জন্য যার নাম এ দেশের সাহিত্যের ইতিহাসে অত্যুজ্জ্বল হয়ে রয়েছে-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
ⓚ সৈয়দ আলী আহসান
ⓚ আবুল ফজল
ⓖ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ⓖ ড. মুহম্মদ এনামুল হক **উত্তর:** গ

৬. **'বাংলা ভাষার অভিধান' সম্পাদনার জন্য ড. মুহম্মদ শহীদুল্লাহ বাংলা একাডেমিতে কোন সালে যোগদান করেন?** [বন ও পরিবেশ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ৯৫]
ⓚ ১৯৪৯ সালে ⓚ ১৯৬০ সালে
ⓖ ১৯৫০ সালে ⓖ ১৯৫৮ সালে **উত্তর:** খ

৭. **বাংলা একাডেমির 'বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান' সম্পাদনা কে করেন?** [বাতিলকৃত ২৪তম বিসিএস]
ⓚ মুহম্মদ শহীদুল্লাহ ⓚ মুহম্মদ এনামুল হক
ⓖ মুহম্মদ মনসুরউদ্দীন ⓖ মুহম্মদ আবদুল হাই **উত্তর:** ক

৮. **'চলিষ্ণু অভিধান' কাকে বলা হয়?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ⓚ রামনারায়ণ তর্করত্ন ⓚ হরপ্রসাদ শাস্ত্রী
ⓖ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ⓖ ড. মুহম্মদ শহীদুল্লাহ **উত্তর:** ঘ

৯. **'বাংলা ভাষার ইতিবৃত্ত' কার রচনা?** [২৪তম বিসিএস/ ২১তম বিসিএস]
ⓚ মুহম্মদ শহীদুল্লাহ ⓖ মোফাজ্জল হোসেন চৌধুরী
ⓚ মুহম্মদ আবদুল হাই ⓖ মুনীর চৌধুরী **উত্তর:** ক

১০. **'শিকওয়াহ ও জওয়াব-ই-শিকওয়াহ' অনুবাদ গ্রন্থটির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২]
ⓚ কাজী আবদুল ওদুদ
ⓚ আবুল কালাম শামসুদ্দীন
ⓖ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ⓖ ইব্রাহীম খাঁ **উত্তর:** গ

সুকুমার রায় (১৮৮৭ - ১৯২৩)



শিশুসাহিত্যিক সুকুমার রায় ময়মনসিংহ জেলার মাসুয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বিখ্যাত শিশু সাহিত্যিক উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পুত্র এবং বিখ্যাত চলচ্চিত্রকার ও শিশু সাহিত্যিক সত্যজিৎ রায়ের পিতা। কলেজে পড়ার সময় তিনি 'ননসেন্স ক্লাব' নামে একটি অদ্ভুত ক্লাব প্রতিষ্ঠা করেন। এই ক্লাবের পত্রিকার নাম ছিল 'সাড়ে বত্রিশ ভাজা'। বকচ্ছপ, সিংহরিণ, হাঁসজারু, হাতিমি প্রভৃতি কাল্পনিক প্রাণীর নাম তাঁরই সৃষ্টি। তিনি বিখ্যাত 'সন্দেশ' পত্রিকা সম্পাদনা করেন।

শিশুতোষ গ্রন্থ

- আবোল-তাবোল : বিখ্যাত কবিতা পাকাপাকি, ছায়াবাজি।
  লোকে বলে, কাঁঠাল সে পাকে নাকি কিলিয়ে?
  বুদ্ধি পাকিয়ে তোলে লেখাপড়া গিলিয়ে। [পাকাপাকি]
- খাই খাই : উল্লেখযোগ্য ছড়া শ্রাবণে।
- অবাক জলপান : একটি নাটিকা।
- হ-য-ব-র-ল • পাগলা দাশু • বহুরূপী

ছড়া

- ষোল আনাই মিছে
  বিদ্যে বোঝাই বাবুমশাই চড়ি শখের বোটে,
  মাঝিরে কন, বলতে পারিস সূর্যি কেন ওঠে?

MCQ Solution

১. **সুকুমার রায় কী ধরনের সাহিত্যের জন্য বহুল সমাদৃত?** [ICB ক্যাশিয়ার : ১৮]
ⓚ গীতিকাব্য ⓚ উপন্যাস
ⓖ কথাসাহিত্য ⓖ শিশুসাহিত্য **উত্তর:** ঘ

২. **'আবোল-তাবোল' কার লেখা?** [২১তম বিসিএস]
ⓚ সত্যজিৎ রায় ⓚ উপেন্দ্রকিশোর রায় চৌধুরী
ⓖ সুকুমার রায় ⓖ দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার
উত্তর: গ

৩. **"বিদ্যে বোঝাই বাবুমশাই চড়ি শখের বোটে/ মাঝিরে কন, বলতে পারিস সূর্যি কেন ওঠে?"- এই উদ্ধৃতাংশটুকু কোন কবির রচনা?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্মা) : ০৯]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ সুকুমার রায়
ⓖ ফররুখ আহমদ ⓖ সত্যেন্দ্রনাথ দত্ত **উত্তর:** খ

মোহাম্মদ লুৎফর রহমান (১৮৮৯ - ১৯৩৬)

মোহাম্মদ লুৎফর রহমান তৎকালীন ব্রিটিশ ভারত যশোর জেলার মাগুরা মহাকুমার (বর্তমান মাগুরা জেলা) পারনান্দুয়ালী গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ডাক্তার (হোমিওপ্যাথ) হিসেবে জীবিকা নির্বাহ করেন। তিনি ডাক্তার লুৎফর রহমান নামে পরিচিত ছিলেন। নারী সমাজের উন্নতি জন্য 'নারীতীর্থ' নামে সেবা প্রতিষ্ঠান গঠন করেন।

প্রবন্ধ সংকলন

- মহৎ জীবন • মানবজীবন
- সত্য জীবন • উচ্চ জীবন
- উন্নত জীবন : উল্লেখযোগ্য প্রবন্ধ উদ্যম ও পরিশ্রম, পয়সা-কড়ি।
  যিনি সাধু, কর্মী ও পরিশ্রমী তাঁর উন্নতি যেমন অবশ্যম্ভাবী, অন্যের তেমন নয় .... [পয়সা-কড়ি]

গল্প

- বালকের সততা

উপন্যাস

- সরলা

MCQ Solution

১. **সাহিত্যিক মোহাম্মদ লুৎফর রহমান কোথায় জন্মগ্রহণ করেন?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ৯২]
ⓚ কুষ্টিয়া জেলায় ⓚ নদীয়া জেলায় যে
ⓖ পাবনা জেলায় ⓖ যশোর জেলায় **উত্তর:** ঘ

২. **'মানবজীবন', 'মহৎ জীবন', 'উন্নত জীবন'- প্রভৃতি গ্রন্থের রচয়িতা-** [১৭তম বিসিএস]
ⓚ এস ওয়াজেদ আলী ⓚ মোহাম্মদ ওয়াজেদ আলী
ⓖ এয়াকুব আলী চৌধুরী ⓖ মোহাম্মদ লুৎফর রহমান **উত্তর:** ঘ

৩. **'যিনি সাধু, কর্মী ও পরিশ্রমী তাঁর উন্নতি যেমন অবশ্যম্ভবী, অন্যের তেমন নয়' উক্তিটি কার?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ কাজী নজরুল ইসলাম ⓚ ইসমাইল হোসেন সিরাজী
ⓖ মোতাহার হোসেন ⓖ ডা. লুৎফর রহমান **উত্তর:** ঘ

৪. **'খরলা' উপন্যাসটি কার লেখা?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৪]
ⓚ বেগম রোকেয়া ⓚ মোহাম্মদ লুৎফর রহমান
ⓖ এস ওয়াজেদ আলী ⓖ কাজী ইমদাদুল হক **উত্তর:**
ব্যাখ্যা: 'খরলা' নামে উপন্যাস নেই। তবে 'সরলা' উপন্যাসের লেখক ডা. লুৎফর রহমান।

এস ওয়াজেদ আলি (১৮৯০-১৯৫১)



এস ওয়াজদ আলী কলকাতা প্রেসিডেন্সির ম্যাজিস্ট্রেট ছিলেন। তিনি বঙ্গীয় মুসলিম সাহিত্য সমিতির সভাপতি নির্বাচিত হন।

উপন্যাস
- গ্রানাডার শেষ বীর : ঐতিহাসিক উপন্যাস।

গল্পগ্রন্থ
- মাশুকের দরবার
- গুলদাস্তা
- বাদশাহীর গল্প
- গল্পের মজলিস

প্রবন্ধ সংকলন
- ভবিষ্যতের বাঙালী : সাম্প্রদায়িকতামুক্ত দেশ গঠনের লক্ষ্যে হিন্দু- মুসলমানদের ঐক্যবদ্ধ হবার আহবান জানান।
- জীবনের শিল্প
- প্রাচ্য ও প্রতীচ্য

ভ্রমণকাহিনী
- মোটর যোগে রাঁচী সফর

MCQ Solution

১. **কোন গ্রন্থটির রচয়িতা এস ওয়াজেদ আলী?** [২৪তম বিসিএস]
ⓚ ভবিষ্যতের বাঙালী ⓚ আশা-আকাঙ্ক্ষার সমর্থনে
ⓖ উন্নত জীবন ⓖ সভ্যতা **উত্তর:** ক

প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ (১৮৯৪ - ১৯৭৮)



প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ টাঙ্গাইল জেলার শাবাজ নগর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলা একাডেমি (১৯৬৩) পুরস্কার লাভ করেন।

নাটক
- আনোয়ার পাশা
- কাফেলা
- কামাল পাশা

গল্পগ্রন্থ
- আলু বোখরা
- দাদুর আসর
- সোনার শিকল

ভ্রমণকাহিনী
- ইস্তাম্বুল যাত্রীর পত্র
- রসুলের দেশে

MCQ Solution

১. **কোন নাটকটি প্রিন্সিপাল ইব্রাহীম খানের রচনা?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ০৬]
ⓚ সাজাহান ⓚ কাফেলা
ⓖ নীলদর্পণ ⓖ রক্তাক্ত প্রান্তর **উত্তর:** খ

২. **'আনোয়ার পাশা' নাটকটির রচয়িতা কে?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১১]
ⓚ আকবর উদ্দীন ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ ইব্রাহীম খাঁ ⓖ সৈয়দ ওয়ালীউল্লাহ **উত্তর:** গ

৩. **ইব্রাহীম খাঁ রচিত গ্রন্থ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৮]
ⓚ খোয়াবনামা ⓚ ইস্তাম্বুল যাত্রীর পত্র
ⓖ মোস্তফা চরিত ⓖ পদ্মানদীর মাঝি **উত্তর:** খ

৪. **কোনটি ইব্রাহীম খাঁর গ্রন্থ নয়?** [১৪তম বিসিএস]
ⓚ আনোয়ার পাশা ⓚ ইস্তাম্বুল যাত্রীর পত্র
ⓖ কুচবরণ কন্যা ⓖ সোনার শিকল **উত্তর:** গ

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (১৮৯৪ - ১৯৫০)



বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গের উত্তর চব্বিশ পরগনা জেলার মুরারিপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি স্কুলে শিক্ষকতা করেন। তাঁর গদ্য কাব্যময় এবং চিত্রাত্মক বর্ণনায় সমৃদ্ধ। শরৎচন্দ্রের পরে তিনি বাংলা কথাসাহিত্যের সবচেয়ে জনপ্রিয় শিল্পী। ১৯৫০ সালের পহেলা সেপ্টেম্বর ঘাটশিলায় মৃত্যুবরণ করেন।

উপন্যাস

- পথের পাঁচালী (১৯২৯) : তাঁর প্রথম এবং শ্রেষ্ঠ রচনা। প্রধান চরিত্র অপু এবং দুর্গা। উপন্যাসটি ইংরেজি ও ফরাসি ভাষায় অনূদিত হয়। 'আম আঁটির ভেঁপু' শীর্ষক গল্প এই উপন্যাস সংগ্রহ করা হয়।
- অপরাজিত : মাসিক 'প্রবাসী' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়।
- ইছামতি : উপন্যাসটির জন্য রবীন্দ্র পুরস্কারে ভূষিত হন।
- অশনি সংকেত
- দৃষ্টিপ্রদীপ
- দেবযান
- আরণ্যক

কিশোর উপন্যাস

- চাঁদের পাহাড়
- মিসমিদের কবচ
- হীরামানিক জ্বলে

ভ্রমণ-দিনলিপি

- তৃণাঙ্কুর
- স্মৃতির রেখা
- অভিযাত্রিক

গল্প সংকলন

- মেঘমল্লার
- মৌরিফুল
- যাত্রাবদল
- কিন্নর দল

ছোটগল্প

- আহ্বান : বুড়ি (জমির করাতির বৃদ্ধা স্ত্রী) ও গল্পকথকের উদার মানবিক সম্পর্কের একটি গল্প। কথক তার নিজের গ্রামের বাড়ির দুর্দশার বর্ণনার এক পর্যায়ে বলেন, "*আজ্ঞে সামান্য মাইনে পাই।*"
- রাণুর প্রথমভাগ
- পুঁই মাচা

MCQ Solution

১. **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় পেশায় ছিলেন-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ⓚ স্কুল শিক্ষক ⓚ কলেজের অধ্যাপক
ⓖ ডাক্তার ⓖ পত্রিকা সম্পাদক **উত্তর:** ক

২. **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের গদ্যের ধরন কেমন?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
(ক) চিত্রাত্মক (খ) হাস্যরসাত্মক
(গ) ব্যঙ্গাত্মক (ঘ) বুদ্ধিপ্রধান **উত্তর:** ক

৩. **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ১৯৫০ সালের কত তারিখে মারা যান?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
(ক) ১ সেপ্টেম্বর (খ) ২ সেপ্টেম্বর
(গ) ৩ সেপ্টেম্বর (ঘ) ১ সেপ্টেম্বর **উত্তর:** ক

৪. **'পথের পাঁচালী' উপন্যাসের রচয়িতা -** [স্বাস্থ্য ও সেবা অধিদপ্তরের নকশারকার ড্রাফটম্যান : ২২]
(ক) প্যারীচাঁদ মিত্র (খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
(গ) সত্যজিৎ রায় (ঘ) বনফুল **উত্তর:** খ

৫. **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী'র প্রকাশকাল-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী) : ১৫]
(ক) ১৯১৯ (খ) ১৯২৯
(গ) ১৯৩৯ (ঘ) ১৯৪৯ **উত্তর:** খ

৬. **'অপু ও দুর্গা' চরিত্র দুটি কোন উপন্যাসের?** [৬টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সিনিয়র অফিসার : ১৯]
(ক) জননী (খ) অশনি সংকেত
(গ) পথের পাঁচালী (ঘ) আরণ্যক **উত্তর:** গ

৭. **'অপরাজিত' উপন্যাসের লেখক-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (আলফা) : ১৪]
(ক) মানিক বন্দ্যোপাধ্যায়
(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
(গ) শহীদুল্লা কায়সার
(ঘ) নারায়ণ গঙ্গোপাধ্যায় **উত্তর:** খ

৮. **'অপরাজিত' উপন্যাসটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
(ক) শিখা (খ) প্রবাসী
(গ) পরিচয় (ঘ) সবুজপত্র **উত্তর:** খ

৯. **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস কোনটি?** [আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সার্কেল এ্যাডজুটেন্ট : ১৫]
(ক) পদশব্দ (খ) আরণ্যক
(গ) রজনী (ঘ) অসম বৃক্ষ **উত্তর:** খ

১০. **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস কোনটি?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]
(ক) ইছামতী (খ) ময়ূরকণ্ঠী
(গ) ধূপছায়া (ঘ) সংকর সকীর্তন **উত্তর:** ক

১১. **'চাঁদের পাহাড়' কার রচনা?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৮]
(ক) জীবনানন্দ দাশ (খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
(গ) আল মাহমুদ (ঘ) অবধূত **উত্তর:** খ

১২. **'দৃষ্টিপ্রদীপ' উপন্যাসটি কে রচনা করেছেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ১ ইউনিট) : ২০-২১]
(ক) মানিক বন্দ্যোপাধ্যায় (খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
(গ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** খ

১৩. **বিভূতিভূষণের কোন উপন্যাসটির চলচ্চিত্রায়ন এখনও হয়নি?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AL ইউনিট) : ১৭-১৮]
(ক) পথের প্যাঁচলী (খ) ইছামতি
(গ) অপরাজিত (ঘ) অশনি-সংকেত **উত্তর:** খ

১৪. **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আহ্বান' একটি-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]
(ক) স্নেহ ও সম্পর্ক বিষয়ক গল্প
(খ) দারিদ্র্য ও মৃত্যু বিষয়ক গল্প
(গ) উদার মানবিক সম্পর্কের গল্প
(ঘ) গ্রাম ও শহর সম্পর্কিত গল্প **উত্তর:** গ

১৫. **'আজ্ঞে সামান্য মাইনে পাই' কথাটি কোন গল্পের অংশ?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
ⓚ মাসি-পিসি ⓚ আহ্বান
ⓖ অপরিচিতা ⓖ নেকলেস **উত্তর:** খ

১৬. **'আহ্বান' গল্পে বুড়ি কে?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (মানবিক শাখা) : ২১-২২]
ⓚ জমির করাতির স্ত্রী ⓚ চক্কোত্তি মশায়ের স্ত্রী
ⓖ আবদালির মা ⓖ শুকুর মিঞার মা **উত্তর:** ক

কাজী আবদুল ওদুদ (১৮৯৪ - ১৯৭০)

কাজী আবদুল ওদুদ ঢাকা ইন্টারমিডিয়েট কলেজ (বর্তমানে ঢাকা কলেজে) বাংলা বিষয়ে অধ্যাপনা করেন। 'সংকল্প' ও 'তরুণপত্র' নামে দুটি পত্রিকা তাঁর সম্পাদনায় প্রকাশিত হয়।

গল্প
- মীরপরিবার

উপন্যাস
- নদীবক্ষে
- আজাদ

প্রবন্ধ
- নবপর্যায়
- শাশ্বত বঙ্গ
- রবীন্দ্রকাব্যপাঠ
- সমাজ ও সাহিত্য

MCQ Solution

১. **'শাশ্বত বঙ্গ' গ্রন্থটির রচয়িতা কে?** [বাতিলকৃত ২৪তম বিসিএস]
ⓚ আবুল হুসেন
ⓚ কাজী আনোয়ারুল কাদির
ⓖ কাজী আবদুল ওদুদ
ⓖ কাজী মোতাহার হোসেন **উত্তর:** গ

গোলাম মোস্তফা (১৮৯৭ - ১৯৬৪)

গোলাম মোস্তফা ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার মনোহরপুর গ্রামে জন্মগ্রহণ করেন।

কাব্যগ্রন্থ
- বুলবুলিস্তান : বিখ্যাত কবিতা জীবন বিনিময়।
- হাস্নাহেনা
- সাহারা
- বনি আদম
- রক্তরাগ

কবিতা
- *আমি চাইনা বিচার হাশরের দিন,*
  চাই করুণা তোমার ওগো হাকীম। [হে খুদা দয়াময়]

জীবনীগ্রন্থ
- বিশ্বনবী : হযরত মুহাম্মদ (সা:) এর জীবনী।


MCQ Solution

১. **'বনি আদম' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া) : ১২]
ⓚ শেখ ফজলল করিম ⓚ ইসমাইল হোসেন সিরাজী
ⓖ গোলাম মোস্তফা ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** গ

২. **"আমি চাইনা বিচার হাশরের দিন চাই করুণা তোমার ওগো হাকীম।"– চরণ দুটি নিচের কোন কবির?** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]
ⓚ গোলাম মোস্তফা ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ কায়কোবাদ ⓖ শেখ ফজলল করিম **উত্তর:** ক

৩. **'বিশ্বনবী' কার লেখা?** [আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের অফিস সহায়ক : ২০]
ⓚ মওলানা আকরম খাঁ
ⓚ কবি গোলাম মোস্তফা
ⓖ কাজী নজরুল ইসলাম
ⓖ কবি জসীমউদ্‌দীন **উত্তর:** খ

আবুল মনসুর আহমদ (১৮৯৮ - ১৯৭৯)



আবুল মনসুর আহমদ ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলার ধানিখোলা গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি রম্য রচনার জন্য বিশেষভাবে খ্যাতি অর্জন করেন। তিনি বাংলা একাডেমি পুরস্কার (১৯৬০) লাভ করেন।

উপন্যাস
- আবে-হায়াৎ
- সত্যমিথ্যা
- জীবন ক্ষুধা

গল্প সংকলন (রম্য)
- আয়না : উল্লেখযোগ্য গল্প আয়না, হুযুর কেবলা।
- আসমানী পর্দা : উল্লেখযোগ্য গল্প আসমানী পর্দা, আদু ভাই।
- ফুড কনফারেন্স
- গালিভরের সফরনামা : শিশু সাহিত্য।

প্রবন্ধ
- আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর (আত্মজীবনী)
- পাক বাংলার কালচার

MCQ Solution

১. **রম্য রচনার জন্য খ্যাত লেখক হলেন-** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ১২]
ⓚ আল মাহমুদ ⓚ আবদুল করিম সাহিত্যবিশারদ
ⓖ আবুল মনসুর আহমদ ⓖ আবদুল কাদির **উত্তর:** গ

২. **'আবে-হায়াৎ' গ্রন্থের রচয়িতা** - [তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক (গ্রেড-২) : ০৩]
ক) মুহম্মদ শহীদুল্লাহ খ) আবদুল করিম সাহিত্যবিশারদ
গ) আবুল মনসুর আহমদ ঘ) আবুল ফজল **উত্তর:** গ

৩. **'সত্যমিথ্যা' ভাবানুবাদ উপন্যাসের লেখক কে?** [তথ্য মন্ত্রণালয়ের অধীন টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) : ০৪]
ক) আবু রুশদ খ) আলাউদ্দিন আল আজাদ
গ) আবুল মনসুর আহমদ ঘ) আবুল ফজল **উত্তর:** গ

৪. **'ফুড কনফারেন্স' গ্রন্থের রচয়িতা-** [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ক) মীর মশাররফ হোসেন খ) কাজী নজরুল ইসলাম
গ) ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ) আবুল মনসুর আহমদ **উত্তর:** ঘ

৫. **'ফুড কনফারেন্স' কী ধরনের রচনা?** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী : ৯৯]
ক) উপন্যাস খ) কাব্য
গ) ভ্রমণকাহিনী ঘ) কোনোটিই নয় **উত্তর:** ঘ

৬. **ব্যঙ্গ রসাত্মক রচনা কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ০৬]
ক) নদী ও নারী খ) নেমেসিস
গ) যদি এমন হতো ঘ) ফুড কনফারেন্স **উত্তর:** ঘ

৭. **'আয়না' আবুল মনসুর আহমদের কোন ধরনের রচনা?** [সমাজসেবা অধিদপ্তরের অফিস সহকারী : ১৮]
ক) প্রবন্ধ খ) কাব্যগ্রন্থ
গ) রম্যরচনা ঘ) নাটক **উত্তর:** গ

৮. **নিচের কোনটি ব্যঙ্গ রচনা?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৩]
ক) আয়না খ) তেইশ নম্বর তৈলচিত্র
গ) শবনম ঘ) মৃত্যুক্ষুধা **উত্তর:** ক

৯. **'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' গ্রন্থটির রচয়িতা কে?** [৪৩তম বিসিএস/ ১১তম বিসিএস/ সিজিএ এর অফিস সহায়ক : ২২]
ক) আতাউর রহমান খ) ড. মুহম্মদ শহীদুল্লাহ
ঘ) আবুল মনসুর আহমদ ঘ) মুহম্মদ আবদুল হাই **উত্তর:** গ

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (১৮৯৮ - ১৯৭১)

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ১৮৯৮ সালের ২৩ জুলাই পশ্চিমবঙ্গের বীরভূম জেলার লাভপুর গ্রামে জন্মগ্রহণ করেন।

উপন্যাস

- একটি কালো মেয়ের কথা : মুক্তিযুদ্ধভিত্তিক।
- গণদেবতা : চরিত্র - শিবনাথ, গৌরী।
- কবি : প্রধান চরিত্র - নিতাই, বসন। নিতাইয়ের বিখ্যাত উক্তি *'জীবন এতো ছোট কেনে?'*
- হাঁসুলী বাঁকের উপকথা
- অরণ্যবহ্নি
- ধাত্রীদেবতা
- পঞ্চগ্রাম
- আরোগ্য নিকেতন
- নাগিনী কন্যার কাহিনী

ছোটগল্প

- রসকলি
- ডাকহরকরা
- কালাপাহাড়

প্রবন্ধ

- মস্কোতে কয়েক দিন (ভ্রমণকাহিনী)

MCQ Solution

১. **'গণদেবতা' উপন্যাস কার লেখা?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন অ্যাডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার : ০৬]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ) অন্নদাশঙ্কর রায় ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** খ

২. **'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটি কার লেখা?** [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]
ক) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ঘ) সৈয়দ মুজতবা আলী **উত্তর:** খ

৩. **'জীবন এতো ছোট কেনে' কোন উপন্যাসের উক্তি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
ক) শেষের কবিতা খ) নন্দিত নরকে
গ) কবি ঘ) শ্রীকান্ত **উত্তর:** গ

৪. **'পঞ্চগ্রাম' উপন্যাস কে লিখেছেন?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী প্রশাসনিক কর্মকর্তা : ২২]
ক) সৈয়দ মুজতবা আলী খ) মানিক বন্দ্যোপাধ্যায়
গ) শওকত আলী ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় **উত্তর:** ঘ

৫. **কোন উপন্যাসগুচ্ছ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৭-১৮]
ক) শুভদা, শেষের পরিচয়, পথের দাবী
খ) আরোগ্য নিকেতন, নাগিনী কন্যার কাহিনী, কবি
গ) হাঁসুলী বাঁকের উপকথা, যতিভঙ্গ, মেজদিদি
ঘ) দত্তা, দেনাপাওনা, বামুনের মেয়ে **উত্তর:** খ

৬. **'ডাকহরকরা' গল্পটির রচয়িতা কে?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর (পূর্বাঞ্চল) : ১৬]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর
খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ) কাজী নজরুল ইসলাম
ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর:** খ

৭. **'মস্কোতে কয়েক দিন' নামক ভ্রমণকাহিনীর রচয়িতা কে?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ক) সৈয়দ মুজতবা আলী
খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ) মুহম্মদ এনামুল হক
ঘ) অন্নদাশঙ্কর রায় **উত্তর:** খ

কাজী নজরুল ইসলাম (১৮৯৯ - ১৯৭৬ খ্রি.)

কাজী নজরুল ইসলাম ১৮৯৯ সালের ২৪ মে (১১ জ্যৈষ্ঠ, ১৩০৬ বঙ্গাব্দ) পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। ডাক নাম 'দুখু মিয়া'। তিনি ছিলেন কাজী ফকির আহমেদ ও জাহেদা খাতুনের ষষ্ঠ সন্তান। তাঁর পিতা স্থানীয় একটি মাজারের খাদেম ছিলেন। মাত্র ৮ বছর বয়সে পিতাকে হারিয়ে কবির পরিবার চরম দারিদ্র্যে পতিত হয়। ১৩১৬ বঙ্গাব্দে গ্রামের মক্তব থেকে নিম্নপ্রাইমারি পাস করে সেখানে একবছর শিক্ষকতা করেন নজরুল। বারো বছর বয়সে তিনি লেটোর দলে যোগ দেন এবং দলের জন্য পালাগান রচনা করেন। কবির সাহিত্য জীবনের সূচনা ঘটে লেটোর দলে। অতঃপর আসানসোল গিয়ে একটি রুটির দোকানে গিয়ে মাসিক পাঁচ টাকা বেতনে চাকরি গ্রহণ করেন। ১৯১৪ সালে ময়মনসিংহের ত্রিশালের দরিরামপুর স্কুলে সপ্তম শ্রেণিতে ভর্তি হন। প্রথম মহাযুদ্ধ শুরু হলে দশম শ্রেণির ছাত্র থাকাকালে (১৯১৭ সালে) তিনি ৪৯ নং বাঙালি পল্টনে সৈনিক হিসেবে যোগ দেন এবং করাচিতে যান; পরে হবিলদার পদে উন্নীত হন। ১৯২০ সালের শুরুতে বাঙালি পল্টন ভেঙ্গে দিলে তিনি কলকাতায় ফিরে আসেন। ১৯২৪ সালে তিনি আশালতা সেনগুপ্ত'র (ডাক নাম দুলি। বিবাহোত্তর নাম প্রমীলা) সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। ১৯২৬ সালে তিনি ঢাকায় আসেন। ১৯২৯ সালের ১৫ ডিসেম্বর কলকাতার অ্যালবার্ট হলে তাঁকে জাতীয় সংবর্ধনা দেয়া হয়। সংবর্ধনা সভায় আচার্য প্রফুল্লচন্দ্র রায় তাঁর সভাপতির ভাষণে নজরুলকে 'প্রতিভাবান বাঙালি কবি' বলে আখ্যায়িত করেন। ১৯৪২ সালে ৪৩ বছর বয়সে 'পিকস্ ডিজিজ' নামক মস্তিষ্কের ব্যাধিতে আক্রান্ত হয়ে নজরুল বাকশক্তি হারিয়ে ফেলেন। কবি কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক 'জগত্তারিণী স্বর্ণপদক' (১৯৪৫) এবং ভারত সরকার কর্তৃক 'পদ্মভূষণ' (১৯৬০) উপাধি প্রদান করা হয়। ১৯৭২ সালের ২৪ মে বঙ্গবন্ধুর উদ্যোগে কবিকে সপরিবারে ভারত হতে বাংলাদেশে আনা হয়। ১৯৭৪ সালে এক সংবর্ধনায় 'জাতীয় কবি' ঘোষণা করা হয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক ডক্টরেট (ডি.লিট) ডিগ্রি প্রদান করা হয়। ১৯৭৬ সালে বাংলাদেশের নাগরিকত্ব এবং 'একুশে পদক' প্রদান করা হয়। ২৯ আগস্ট, ১৯৭৬ (১২ ভাদ্র, ১৩৮৩ বঙ্গাব্দ) কবি ঢাকায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শাহী মসজিদ প্রাঙ্গণে তাঁর মাজার অবস্থিত।



বিবিসি বাংলা বিভাগ কর্তৃক পরিচালিত জরিপে (২০০৪) সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালির তালিকায় নজরুলের স্থান তৃতীয়। ১২ জুন, ২০০৫ সালে ঢাকায় প্রথম আন্তর্জাতিক নজরুল সম্মেলন অনুষ্ঠিত হয়। কবির স্মৃতি বিজড়িত ময়মনসিংহের ত্রিশালে 'জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়' নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। কানাডার চলচ্চিত্র পরিচালক ফিলিপ স্পারেল নির্মাণ করেন তথ্যচিত্র 'নজরুল'।

নজরুল সম্পাদিত 'ধূমকেতু' পত্রিকাকে আশীর্বাদ করে রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছিলেন, 'কাজী নজরুল ইসলাম কল্যাণীয়েষু, আয় রে আয় ধূমকেতু/ আঁধারে বাঁধ অগ্নিসেতু ..."। নজরুল প্রসঙ্গে কবি গোলাম মোস্তফা বলেছিলেন, '*ভায়া লাফ দেয় তিন হাত, হেসে গান গায় দিনরাত*'।

কাজী নজরুল ইসলাম প্রথম বাঙালী মুসলমান চলচ্চিত্রকার। নজরুল পরিচালিত চলচ্চিত্র 'ধূপছায়া' (১৯৩১ খ্রি.)। নজরুল অভিনীত চলচ্চিত্র 'ধ্রুব'।

MCQ Solution

১. **কাজী নজরুল ইসলামের জীবনকাল কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩]
ক) ১৮২৪ - ১৮৭৩ খ্রি. খ) ১৮৫৬ - ১৯৩৭ খ্রি.
গ) ১৮৬১ - ১৯৪১ খ্রি. ঘ) ১৮৯৯ - ১৯৭৬ খ্রি. **উত্তর:** ঘ

২. **বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্ম বাংলা কোন সালে?** [বাংলাদেশ টেলিভিশনের প্রযোজক : ০৬]
ক) ১৩০৬ খ) ১৩০৮
গ) ১৩০৯ ঘ) ১৩১১ **উত্তর:** ক

৩. **কাজী নজরুল ইসলামের জন্ম তারিখ কোনটি?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা : ২২/ টিটিসি'র ইন্সট্রাক্টর : ২২]
ক) ১১ জ্যৈষ্ঠ খ) ২২ শ্রাবণ
গ) ১২ ভাদ্র ঘ) ২৫ বৈশাখ **উত্তর:** ক

৪. **কাজী নজরুল ইসলামের জন্মস্থান-** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর : ১৭]
ক) কুমিল্লা খ) ত্রিশাল
গ) বর্ধমান ঘ) চট্টগ্রাম **উত্তর:** গ

৫. **কবি কাজী নজরুল ইসলাম কোন গ্রামে জন্মগ্রহণ করেছিলেন?** [ICB ক্যাশিয়ার : ১৮]
ক) রাখাকুড়া খ) মাধবপুর
গ) আঁধারিয়া ঘ) চুরুলিয়া **উত্তর:** ঘ

৬. **কাজী নজরুল ইসলামের পিতা ছিলেন-** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ক) দরিদ্র কৃষক খ) যাত্রাদলের ম্যানেজার
গ) মাজারের খাদেম ঘ) রুটির দোকানদার **উত্তর:** গ

৭. **কাজী নজরুল ইসলাম কত সালে ত্রিশালে আসেন?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ক) ১৯১২ খ) ১৯১৪
গ) ১৯১৬ ঘ) ১৯১৮ **উত্তর:** খ

৮. **বাংলাদেশের কোন স্থানটি বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের স্মৃতির সাথে জড়িত?** [স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার : ১২]
ক) চুরুলিয়া খ) দরিরামপুর
গ) শান্তিডাঙ্গা ঘ) কালীগঞ্জ **উত্তর:** খ

৯. **কোথায় কাজী নজরুল ইসলামের সাহিত্য জীবনের সূচনা ঘটে?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ০৪]
ক) লেটোর দলে খ) সেনাবাহিনীতে
গ) রুটির দোকানে **উত্তর:** ক

১০. **'লেটো' কী?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ক) নজরুলসঙ্গীত খ) রবীন্দ্রসঙ্গীত
গ) সারিগান ঘ) লোকগান **উত্তর:** ঘ

১১. **কবি কাজী নজরুল ইসলাম লেটো দলের জন্য কী রচনা করতেন?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৬-১৭]
ক) পালাগান খ) কবিতা
গ) নাটক ঘ) উপন্যাস **উত্তর:** ক

১২. **বাংলাদেশের জাতীয় কবি কে?** [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী : ২২]
ক) জীবনানন্দ দাশ খ) কাজী নজরুল ইসলাম
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) জসীমউদ্‌দীন **উত্তর:** খ

১৩. **'সৈনিক কবি' কে?** [সড়ক ও জনপদ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ০৩]
ক) মাইকেল মধুসূদন দত্ত খ) সৈয়দ আলী আহসান
গ) আল মাহমুদ ঘ) কাজী নজরুল ইসলাম **উত্তর:** ঘ

১৪. **নজরুল কত সালে সেনাবাহিনীর বাঙালি পল্টনে যোগ দেন?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
ক) ১৯১৭ খ) ১৯১৯
গ) ১৯২১ ঘ) ১৯২৩ **উত্তর:** ক

১৫. **কাজী নজরুল ইসলাম কত সালে প্রথম বিশ্বযুদ্ধে সৈনিক হিসেবে যোগ দেন?** [চবি (ঘ ইউনিট) : ১৯-২০]
ক) ১৯১৪ খ) ১৯১৫
গ) ১৯১৬ ঘ) ১৯১৭ **উত্তর:** ঘ

১৬. **কল্লোল যুগের কবি কে ছিলেন?** [সঞ্চয় পরিদপ্তরের সঞ্চয় অফিসার : ১০]
ক) জীবনানন্দ দাশ খ) কাজী নজরুল ইসলাম
গ) শামসুর রাহমান ঘ) সুকান্ত ভট্টাচার্য **উত্তর:** ক,খ

১৭. **কাজী নজরুল ইসলাম প্রায় ৩ বছর বাস করেছেন পাকিস্তানের-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ক) করাচি খ) লাহোর
গ) পিন্ডি ঘ) ইসলামাবাদ শহরে **উত্তর:** ক

১৮. **কাজী নজরুল ইসলাম প্রথম কবে ঢাকায় আসেন?** [৮ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১৩]
ক) ১৯৭৬ সালে খ) ১৯৭৪ সালে
গ) ১৯২৬ সালে ঘ) ১৯৬২ সালে **উত্তর:** গ

১৯. **কাজী নজরুল ইসলাম কত বছর বয়সে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হন?** [চবি (ঘ ইউনিট) : ২০-২১]
ক) ৪২ খ) ৪৩
গ) ৪৪ ঘ) ৪৫ **উত্তর:** খ

২০. **কোন কবিকে ভারত সরকার 'পদ্মভূষণ' উপাধিতে ভূষিত করেন?** [দুদক-এর উপ-সহকারী পরিচালক : ২০]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) কাজী নজরুল ইসলাম
গ) অমিয় চক্রবর্তী ঘ) দ্বিজেন্দ্রলাল রায় **উত্তর:** খ

২১. **কাজী নজরুল ইসলাম কত সালে 'পদ্মভূষণ' উপাধি লাভ করেন?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
ক) ১৯৬৫ খ) ১৯৫০
গ) ১৯৬০ ঘ) ১৯৫৫ **উত্তর:** গ

২২. **কোন তারিখে ভারত সরকারের অনুমতিক্রমে বাংলাদেশ সরকার কবি কাজী নজরুল ইসলামকে সপরিবারে বাংলাদেশে নিয়ে আসেন?** [NSI সহকারী পরিচালক : ১৫]
ক) ১৯৭২ সালের ১৪ মে খ) ১৯৭২ সালের ২৪ মে
গ) ১৯৭৪ সালের ১২ মে ঘ) ১৯৭৪ সালের ২২ মে **উত্তর:** খ

২৩. **কাজী নজরুল ইসলামকে বাংলাদেশের জাতীয় কবি ঘোষণা করা হয় কোন সনে?** [৫ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা]
ক) ১৯৭১ খ) ১৯৭৩
গ) ১৯৭৪ ঘ) ১৯৮০ **উত্তর:** গ

২৪. **কাজী নজরুল ইসলাম কোন বিশ্ববিদ্যালয় থেকে সম্মান সূচক ডি.লিট উপাধি লাভ করেন?** [সমাজসেবা অধিদপ্তরের ইনস্ট্রাক্টর : ০৫]
ক) ঢাকা বিশ্ববিদ্যালয়
খ) কলকাতা বিশ্ববিদ্যালয়
গ) বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়
ঘ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় **উত্তর:** ক

২৫. **ঢাকা বিশ্ববিদ্যালয় কাজী নজরুল ইসলামকে ডক্টরেট ডিগ্রি প্রদান করে-** [চবি (ঘ ইউনিট) : ১৯-২০]
ক) ১৯৭৫ সালে খ) ১৯৭৪ সালে
গ) ১৯৭৩ সালে ঘ) ১৯৭৬ সালে **উত্তর:** খ

২৬. **কবি নজরুলকে বাংলাদেশের নাগরিকত্ব প্রদান করা হয়-** [বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]
ক) ১৯৭৩ সনে খ) ১৯৭৪ সনে
গ) ১৯৭৫ সনে ঘ) ১৯৭৬ সনে **উত্তর:** ঘ

২৭. **কবি কাজী নজরুল ইসলামকে রাষ্ট্রীয়ভাবে কোন পুরস্কার প্রদান করা হয়?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর উপসহকারী প্রকৌশলী : ২২]
ক) স্বাধীনতা পুরস্কার
খ) একুশে পদক
গ) বাংলা একাডেমি পদক
ঘ) জাতীয় চলচ্চিত্র পুরস্কার **উত্তর:** খ

২৮. কাজী নজরুল ইসলাম কোন সালে সাহিত্যে একুশে পদক পান? [এনবিআর সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫]
ক ১৯৭৬ খ ১৯৭৭
গ ১৯৭৮ ঘ ১৯৭৯ **উত্তর:** ক

২৯. বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম কোন সালের কত তারিখে পরলোকগমণ করেন? [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট : ২০]
ক ১৯৭২ সালের ১৪ আগস্ট
খ ১৯৭৪ সালের ০২ জানুয়ারি
গ ১৯৭৬ সালের ২৯ আগস্ট
ঘ ১৯৭৭ সালের ২১ ফেব্রুয়ারি **উত্তর:** গ

৩০. জাতীয় কবি কাজী নজরুল ইসলামের পরলোক গমনের বাংলা সন কোনটি? [সমাজসেবা অধিদপ্তরের ইনস্ট্রাক্টর : ০৫]
ক ১৩৮১ বঙ্গাব্দ খ ১৩৮২ বঙ্গাব্দ
গ ১৩৮৩ বঙ্গাব্দ ঘ ১৩৮৪ বঙ্গাব্দ **উত্তর:** গ

৩১. ২০২২ সালে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কততম জন্মদিন পালন করা হলো? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ক ১২৬ খ ১২৩
গ ১২৪ ঘ ১২৫ **উত্তর:** খ
ব্যাখ্যা: ২০২২ - ১৮৯৯ = ১২৩।

৩২. কবি কাজী নজরুল ইসলামের কবর কোথায় অবস্থিত? [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা : ২২]
ক আজিমপুরের কবরস্থানে
গ মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে
গ বনানীতে
ঘ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদের পাশে **উত্তর:** ঘ

গ) বুদ্ধদেব বসু ঘ) হুমায়ুন কবির **উত্তর: গ**

সুফিয়া কামাল (১৯১১ - ১৯৯৯ খ্রি.)



কবি সুফিয়া কামাল বরিশাল জেলার শায়েস্তাবাদে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশের শ্রেষ্ঠ মহিলা ও নারী আন্দোলনের অন্যতম পথিকৃৎ। তাঁর সাহিত্য সাধনার সহায়ক ও উৎসাহদাতা ছিলেন স্বামী সৈয়দ নেহাল হোসেন। সুফিয়া কামাল ছিলেন রবীন্দ্র কাব্যধারার একজন অন্যতম গীতিকবি। ১৯৭৬ সালে বাংলাদেশের প্রথম মহিলা হিসেবে একুশে পদক লাভ করেন।

গল্পগ্রন্থ
- কেয়ার কাঁটা (১৯৩৭ খ্রি.) : লেককের প্রথম গ্রন্থ।

কাব্যগ্রন্থ
- সাঁঝের মায়া : লেখকের প্রথম কাব্যগ্রন্থ। কবিতা- সাঁঝের মায়া, তাহারেই পড়ে মনে প্রভৃতি। তাহারেই পড়ে মনে গঠনরীতির দিক থেকে একটি সংলাপ নির্ভর কবিতা।
  "হে কবি, নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়,
  বসন্তে বরিয়া তুমি লবে না কি তব বন্দনায়?" ....
  বাতাবি নেবুর ফুল ফুটেছে কি? ফুটেছে কি আমের মুকুল? ....
  কহিল সে পরম হেলায়-
  বৃথা কেন? ফাগুন বেলায় ....
  কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী-
  গিয়াছে চলিয়া ধীরে পুষ্পশূন্য দিগন্তের পথে রিক্ত হস্তে!
  [তাহারেই পড়ে মনে]
- উদাত্ত পৃথিবী : উল্লেখযোগ্য কবিতা - জাগো তবে অরণ্য কন্যারা, আমার দেশ।
- অভিযাত্রিক
- মায়া কাজল
- মন ও জীবন
- মৃত্তিকার ঘ্রাণ
- মোর যাদুদের সমাধি পরে

শিশুতোষ
- ইতল বিতল
- নওল কিশোরের দরবারে : কবিতা মিলিত সেবা ও সাম্য প্রীতিতে।

আত্মজীবনী
- একালে আমাদের কাল

ভ্রমণ কাহিনী
- সোভিয়েতে দিনগুলি

স্মৃতিকথামূলক
- একাত্তরের ডায়েরী (১৯৮৯)

কবিতা
- জন্মেছি এই দেশে
  জন্মেছি মাগে তোমার কোলেতে
  মরি যেন এই দেশে।
- পল্লী স্মৃতি
  ঘুম থেকে জেগে বৈশাখী ঝড়ে কুড়ায়েছি ঝরা আম।
- প্রার্থনা

MCQ Solution

১. **কবি সুফিয়া কামালের জন্মস্থান কোন জেলায়?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ক) কোলকাতা খ) বরিশাল
গ) কুমিল্লা ঘ) যশোহর **উত্তর: খ**

২. **বাংলাদেশের শ্রেষ্ঠ মহিলা কবি-** [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর : ০২]
ক) কামিনী রায় খ) খালেদা এদিব চৌধুরী
গ) বেগম সুফিয়া কামাল ঘ) নীলিমা ইব্রাহিম **উত্তর: গ**

৩. **বেগম সুফিয়া কামাল সম্পর্কে কোন বক্তব্যটি সঠিক?** [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর সহকারী পরিচালক : ০৬]
ক) একজন কবি ও রাজনীতিবিদ
খ) একজন কবি ও সমাজসেবক
গ) একজন কবি ও গৃহিণী
ঘ) শিশুতোষ গ্রন্থলেখক ও সমাজসেবক **উত্তর: খ**

৪. **বেগম সুফিয়া কামাল কোন ধরনের কবি?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ক) মহাকবি খ) গীতিকবি
গ) পল্লীকবি ঘ) ছন্দের কবি **উত্তর: খ**

৫. **The first woman who received the Ekushey Padak award in Bangladesh in 1976 was-/ প্রথম মহিলা হিসেবে ১৯৭৬ সালে কে একুশে পদক পান?** [Pubali Bank Ltd. Junior Officer (Cash) : 14]
ⓚ Sanjida Khatun ⓚ Sufia Kamal
ⓖ Razia Khan ⓖ Badrunnessa **উত্তর:** খ

৬. **কবি সুফিয়া কামাল রচিত গ্রন্থসমূহের মধ্যে নিচের কোনটি গল্পগ্রন্থ?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ সাঝেঁর মায়া ⓚ মায়া কাজল
ⓖ কেয়ার কাঁটা ⓖ অভিযাত্রিক **উত্তর:** গ

৭. **'সাঁঝের মায়া' কাব্য কে রচনা করেন?** [পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার : ১৪]
ⓚ বেগম রোকেয়া ⓚ বেগম সুফিয়া কামাল
ⓖ আশাপূর্ণা দেবী ⓖ স্বর্ণকুমারী দেবী **উত্তর:** খ

৮. **'সাঁঝের মায়া' কবিতাটির রচয়িতা কে?** [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষের অফিস সহকারী : ২১]
ⓚ নূরজাহান বেগম ⓚ শামসুন্নাহার মাহমুদ
ⓖ সুফিয়া কামাল ⓖ সেলিনা হোসেন **উত্তর:** গ

৯. **কোনটি সুফিয়া কামালের কবিতা?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১৬]
ⓚ নিমন্ত্রণ ⓚ তাহারেই পড়ে মনে
ⓖ বনলতা সেন ⓖ কবর **উত্তর:** খ

১০. **'তাহারেই মনে পড়ে'- কবিতাটি কোন গঠনরীতির?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (মানবিক শাখা) : ২১-২২]
ⓚ গদ্যকবিতা ⓚ নাটকীয়
ⓖ সংলাপ নির্ভর ⓚ প্রকৃতি নির্ভর **উত্তর:** গ

১১. **'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির অনুভূতির সাথে কোনটি তুলনীয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮]
ⓚ প্রকৃতির সৌন্দর্য ⓚ প্রকৃতির বিরূপতা
ⓖ বসন্তের আমেজ ⓖ শীতের রিক্ততা **উত্তর:** ঘ

১২. **'তাহারেই পড়ে মনে' কবিতায় কার আগমনী গানের কথা বলা হয়েছে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ : ২১-২২]
ⓚ গ্রীষ্ম ⓚ শীত
ⓖ বসন্ত ⓖ বর্ষা **উত্তর:** গ

১৩. **"হে কবি, নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়,/ বসন্তে বরিয়া তুমি লবে না কি তব বন্দনায়?"– এ উদ্ধৃতাংশটি কোন কবির রচনা?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিতাস) : ১০]
ⓚ কাজী নজরুল ইসলাম
ⓚ বেগম সুফিয়া কামাল
ⓖ গোলাম মোস্তফা
ⓖ শামসুর রাহমান **উত্তর:** খ

১৪. **'তাহারেই পড়ে মনে' কবিতায় 'কহিল সে পরম হেলায়'- এর পরের পঙ্ক্তি-** [চবি (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ⓚ অলখের পাথার বাহিয়া
ⓚ দক্ষিণ দুয়ার গেছে
ⓖ নাই হলো, না হোক এবারে
ⓖ বৃথা কেন? ফাগুন বেলায় **উত্তর:** ঘ

১৫. **"কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী-/ গিয়াছে চলিয়া ধীরে পুষ্পশূন্য দিগন্তের পথে রিক্ত হস্তে!" পঙ্ক্তিটির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৭]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓚ সত্যেন্দ্রনাথ দত্ত
ⓖ কবি সুফিয়া কামাল
ⓖ কালিদাস **উত্তর:** গ

১৬. **কোন কবিতায় বাতাবি নেবুর উল্লেখ আছে?** [চবি (ঘ ইউনিট) : ২১-২২]
ⓚ ঐকতান ⓚ তাহারেই পড়ে মনে
ⓖ সেই অস্ত্র ⓖ লোক-লোকান্তর **উত্তর:** খ

১৭. **কবি সুফিয়া কামালের কাব্যগ্রন্থ কোনটি?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১৬]
ⓚ রাখাল ছেলে ⓚ সূর্য প্রণাম
ⓖ মায়া কাজল ⓖ সুলতানার স্বপ্ন **উত্তর:** গ

১৮. **শিশুতোষ গ্রন্থ 'ইতল বিতল' কে লিখেছেন?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ⓚ রাবেয়া খাতুন ⓚ নীলিমা ইব্রাহিম
ⓖ সুকুমার রায় ⓖ সুফিয়া কামাল **উত্তর:** ঘ

১৯. **'একাত্তরের ডায়েরী' কার রচনা?** [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক : ২২]
ⓚ সেলিনা হোসেন ⓚ সুফিয়া কামাল
ⓖ জাহানারা ইমাম ⓖ আয়েশা ফয়েজ **উত্তর:** খ

২০. **"জন্মেছি মাগো তোমার কোলেতে/ মরি যেন এই দেশে।" কবিতাংশটুকুর রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (জবা) : ০৯]
ⓚ সুফিয়া কামাল
ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ জসীমউদ্দীন
ⓖ জীবনানন্দ দাশ **উত্তর:** ক

২১. **"ঘুম থেকে জেগে বৈশাখি ঝড়ে কুড়ায়েছি ঝড়া আম"– এই লাইনটির লেখক বা কবি কে?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১০]
ⓚ সুফিয়া আহম্মেদ
ⓚ বেগম সুফিয়া কামাল
ⓖ আহসান হাবীব
ⓖ সানাউল হক **উত্তর:** খ

আবু জাফর শামসুদ্দীন (১৯১১-১৯৮৮)



আবু জাফর শামসুদ্দীন গাজীপুর জেলার কলিগঞ্জে জন্মগ্রহণ করেন। প্রতিষ্ঠানিকভাবে উচ্চতর শিক্ষা গ্রহণ না করলেও তিনি ছিলেন স্বশিক্ষিত। সাহিত্য ও সাংবাদিকতায় অনন্য অবদানের জন্য তিনি বাংলা একাডেমি পুরস্কার (১৯৬৮), একুশে পদক (১৯৮৩)-সহ বিভিন্ন পুরস্কারে ভূষিত হন।

উপন্যাস

- পদ্মা মেঘনা যমুনা
- ভাওয়াল গড়ের উপাখ্যান
- সংকর সংকীর্তন
- প্রপঞ্চ
- দেয়াল

গল্পগ্রন্থ

- শেষ রাত্রির তার
- এক জোড়া প্যান্ট ও অন্যান্য
- রাজেন ঠাকুরের তীর্থযাত্রা

গল্প

- কলিমদ্দি দফাদার : মুক্তিযুদ্ধে গ্রাম এলাকার আনসার-চৌকিদার-দফাদারাও পাকিস্তানি দখলদার বাহিনীর বিরুদ্ধে লড়াইয়ে মুক্তিযোদ্ধাদের সহায়তা করেছিল - তারই চিত্র অঙ্কিত হয়েছে এই গল্পে। গল্পের এক পর্যায়ে কলমদ্দি দফাদার একটি পুল সম্পর্কে পাকিস্তানি কমান্ডারকে জানায় *'জি হ্যাঁ, হুজুর, বহুত আচ্ছা হ্যায়। মানুষ গরু হামেশা পার হোতা হ্যায়।'*

MCQ Solution

১. **'পদ্মা মেঘনা যমুনা' - উপন্যাসটি কে রচনা করেন?** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১০]
(ক) মানিক বন্দ্যোপাধ্যায়
(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
(গ) জহির রায়হান
(ঘ) আবু জাফর শামসুদ্দীন **উত্তর:** ঘ

২. **'জি হ্যাঁ, হুজুর, বহুত আচ্ছা হ্যায়। মানুষ গরু হামেশা পার হোতা হ্যায়।' কোন গল্প থেকে উদ্ধৃত?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
(ক) মহুয়া (খ) কলিমদ্দি দফাদার
(গ) চাষার দুক্ষু (ঘ) আমার পথ **উত্তর:** খ

আহসান হাবীব (১৯১৭ - ১৯৮৫)



আহসান হাবীব পিরোজপুর জেলার শংকরপাশা গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৬৪ খ্রিষ্টাব্দে 'দৈনিক বাংলা' (তৎকালীন 'দৈনিক পাকিস্তান') পত্রিকার সাহিত্য সম্পাদক হিসেবে যোগ দেন। তিনি বাংলা একাডেমি পুরস্কার (১৯৬১) এবং একুশে পদকে (১৯৭৮) ভূষিত হন।

কবিতা/ ছড়া

আহসান হাবীব পঞ্চাশের দশকের অন্যতম প্রধান আধুনিক কবি। তিনি ছিলেন স্বল্পভাষী, আত্মমগ্ন, স্পষ্টভাষী কবি। ব্যক্তিগত অনুভূতি, অভিজ্ঞতা, যুক্তিবিচারের আলোকে একটি সুগভীর জীবনঘনিষ্ঠ আশাবাদী চেতনা তাঁর কবিতাপ্রতিভার মূলসুর। তাঁর কাব্যভাষা স্নিগ্ধ, মৃদু।

- মেঘনা পাড়ের ছেলে
  পাহাড় সমান ঢেউয়ের বুকে নৌকা আমার ভাসে,
  মেঘ-মুকুলের পাহাড় থেকে ঝড়ের ঝাপটা আসে-
- মেলা
- স্বদেশ
- হাটে যাবো

কাব্যগ্রন্থ

- রাত্রিশেষ : কবির প্রথম কাব্যগ্রন্থ।
- ছায়াহরিণ
- প্রেমের কবিতা
- আশায় বসতি
- মেঘ বলে চৈত্রে যাবো
- সারাদুপুর
- বিদীর্ণ দপর্ণে মুখ
- দু'হাতে দুই আদিম পাথর : উল্লেখযোগ্য কবিতা আমি কোনো আগন্তুক নই প্রভৃতি।
  আসমানের তারা সাক্ষী
  সাক্ষী এই জমিনের ফুল, এই...... [আমি কোনো আগন্তুক নই]
- বিদীর্ণ দর্পণে মুখ : উল্লেখযোগ্য কবিতা অস্ত্র।
  যে অস্ত্র উত্তোলিত হলে
  অরণ্য হবে আরও সবুজ ......
  বার বার বিধ্বস্ত হবে না ট্রয় নগরী। .....
  যে ঘৃণা বিদ্বেষ অহংকার
  এবং জাত্যভিমানকে করে বার বার পরাজিত।....
  সেই অমোঘ অস্ত্র - ভালোবাসা
  পৃথিবীতে ব্যাপ্ত করো। [সেই অস্ত্র]

  অস্ত্র কবিতাটি অন্ত্যমিলহীন অক্ষরবৃত্ত ছন্দে রচিত। চিত্রধর্মী কবিতাটির মূল প্রতিপাদ্য ভালোবাসা নামক মহান অস্ত্র ব্যবহার মানষকে সুখ ও শান্তির পথে এগিয়ে নেওয়া।

শিশুতোষ কাব্যগ্রন্থ

- বৃষ্টি পড়ে টাপুর টুপুর
- ছুটির দিন দুপুরে

উপন্যাস

- অরণ্য নীলিমা
- রাণী খালের সাঁকো : কিশোরপাঠ্য।

MCQ Solution

১. **কবি আহসান হাবীবের কবিতার বৈশিষ্ট্য কি?** [সহকারী প্রকৌশলী (গণপূর্ত) : ০৫]
ক) প্রকৃতি প্রেম
খ) গভীর জীবনবোধ ও আত্মমগ্নতা
গ) আত্মমগ্নতা ও প্রকৃতি প্রেম
ঘ) বস্তুনিষ্ঠতা ও বাস্তব জীবনবোধ **উত্তর:** খ

২. **আহসান হাবীবের কোন কবিতাগুলো পাঠককে সহজে আকৃষ্ট করে?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন সহকারী সার্জন (রেলওয়ে হাসপাতাল) : ০৫]
ক) ব্যঙ্গাত্মক কবিতা খ) কৌতুক মিশ্রিত কবিতা
গ) সামাজিক কবিতা ঘ) স্নিগ্ধসুরের কবিতা **উত্তর:** ঘ

৩. **আহসান হাবীব কোন পত্রিকার সাহিত্য সম্পাদক ছিলেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ক) দৈনিক বাংলা খ) দৈনিক ইত্তেফাক
গ) দৈনিক সংবাদ ঘ) দৈনিক ইত্তেহাদ **উত্তর:** ক

৪. **কবি আহসান হাবীব কত সালে 'দৈনিক বাংলা' পত্রিকার সাহিত্য সম্পাদক পদে যোগ দেন?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ক) ১৯৬১ খ) ১৯৬২
গ) ১৯৬৩ ঘ) ১৯৬৪ **উত্তর:** ঘ

৫. **"পাহাড় সমান ঢেউয়ের বুকে নৌকা আমার ভাসে, মেঘ-মুকুলের পাহাড় থেকে ঝড়ের ঝাপটা আসে।"- এই কবিতাংশটুকু কোন কবির রচনা?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ০৮]
ক) সুফিয়া কামাল খ) আবু জাফর ওবায়দুল্লাহ
গ) আহসান হাবীব ঘ) শামসুর রাহমান **উত্তর:** গ

৬. **'আসমানের তারা সাক্ষী/ সাক্ষী এই জমিনের ফুল' কার পঙ্‌ক্তি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ক) শামসুর রাহমান খ) রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ
গ) আহসান হাবীব ঘ) নির্মলেন্দু গুণ **উত্তর:** গ

৭. **'রাত্রিশেষ' কী ধরনের রচনা?** [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে সহকারী প্রোগ্রামার : ১৭]
ক) নাটক খ) উপন্যাস
গ) ছোটগল্প ঘ) কাব্য **উত্তর:** ঘ

৮. **আহসান হাবীরের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ক) ছায়াহরিণ খ) মেঘ বলে চৈত্রে যাবো
গ) সারাদুপুর ঘ) রাত্রিশেষ **উত্তর:** ঘ

৯. **'মেঘ বলে চৈত্রে যাবো' কাব্যগ্রন্থটির লেখক হলেন-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২]
ক) আহসান হাবীব খ) শামসুর রাহমান
গ) মহাদেব সাহা ঘ) খালেদা এদিব চৌধুরী **উত্তর:** ক

১০. **'ছায়াহরিণ' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?** [ICB ক্যাশিয়ার : ১৮]
ক) আহসান হাবীব খ) ফররুখ আহমদ
গ) শামসুর রাহমান ঘ) সুকান্ত ভট্টাচার্য **উত্তর:** ক

১১. **'সারাদুপুর' কাব্যটির রচয়িতা কে?** [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]
ক) ফররুখ আহমদ খ) আহসান হাবীব
গ) শামসুর রাহমান ঘ) সুকান্ত ভট্টাচার্য **উত্তর:** খ

১২. **'আশায় বসতি' কাব্যগ্রন্থের রচয়িতা কে?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৯]
ক) আহসান হাবীব খ) লুৎফর রহমান
গ) জসীমউদ্‌দীন ঘ) কায়কোবাদ **উত্তর:** ক

১৩. **আহসান হাবীব এর কাব্যগ্রন্থ কোনটি?** [সমন্বিত ৬ ব্যাংক এ্যাসিসট্যান্ট প্রোগ্রামার : ২১]
ক) আশায় বসতি খ) ছায়াহরিণ
গ) সারাদুপুর ঘ) দু'হাতে দুই আদিম পাথর
ঙ) সবগুলিই **উত্তর:** ঙ

১৪. **'আমি কোনো আগন্তুক নই' - কবিতাটির কবি-** [বাংলাদেশ কোস্ট গার্ডের উপ-সহকারী প্রকৌশলী (পূর্ত) : ২০]
ক) রফিক আজাদ খ) আহসান হাবীব
গ) নির্মলেন্দু গুণ ঘ) জীবনানন্দ দাশ **উত্তর:** খ

১৫. **'বিদীর্ণ দর্পণে মুখ' কাব্যটির লেখক কে?** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ক) শামসুর রাহমান খ) আল মাহমুদ
গ) আতাউর রহমান ঘ) আহসান হাবীব **উত্তর:** ঘ

১৬. **'সেই অস্ত্র' কবিতাটি কোন কাব্যেগ্রন্থের অর্ন্তগত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গার্হস্থ্য অর্থনীতি বিভাগ) : ২১-২২]
ক) রাত্রিশেষ খ) ছায়াহরিণ
গ) সারাদুপুর ঘ) বিদীর্ণ দর্পণে মুখ **উত্তর:** ঘ

১৭. **'সেই অস্ত্র' কবিতাটি কোন ছন্দে রচিত?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ক) অন্ত্যমিল গদ্য খ) অন্ত্যমিলহীন অক্ষরবৃত্ত
গ) অন্ত্যমিলহীন মাত্রাবৃত্ত ঘ) অন্ত্যমিল অমিত্রাক্ষর **উত্তর:** খ

১৮. **'সেই অস্ত্র' কবিতাটি কোন ধরনের রচনা?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট): ১৭-১৮]
ক) নাট্যধর্মী খ) সংলাপধর্মী
গ) উল্লম্ফনধর্মী ঘ) চিত্রধর্মী **উত্তর:** ঘ

১৯. **'সেই অস্ত্র' কবিতার প্রতিপাদ্য হলো-** [রাবি (ঘ ইউনিট) : ১৭-১৮]
ক) মানুষের ভিতরের শক্তিকে জাগ্রত করা
খ) মানুষের বিবেকবোধ জাগ্রত করা
গ) ভালোবাসা দিয়ে মানুষের জয় করতে শেখা
ঘ) মানুষের মানবিক হতে উদ্বুদ্ধ করা **উত্তর:** গ

২০. **'সেই অস্ত্র' কবিতায় যে পৌরাণিক নাগরীর উল্লেখ রয়েছে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ (কলা অনুষদ) : ২১-২২]
ⓚ রোম ⓚ এথেন্স
ⓖ ট্রয় ⓖ স্পার্টা **উত্তর:** গ

২১ **যে অস্ত্র উত্তোলিত হলে/ অরণ্য হবে ..... সবুজ 'সেই অস্ত্র' কবিতার এই পঙ্‌ক্তিটির শূন্যস্থানে বসবে-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ⓚ ঘন ⓚ নরম
ⓖ আরও ⓖ লাল **উত্তর:** গ

২২. **'যে ঘৃণা বিদ্বেষ অহংকার/ এবং জাত্যভিমানকে করে বার বার পরাজিত' তোমার গঠিত কোন কবিতার অংশ?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ সেই অস্ত্র ⓚ আমি কিংবদন্তির কথা বলছি
ⓖ রক্তে আমার অনাদি অস্থি ⓖ ফেব্রুয়ারি ১৯৬৯ **উত্তর:** ক

২৩. **'সেই অমোঘ অস্ত্র-ভালোবাসা,/ পৃথিবীতে ব্যাপ্ত করো' কার লেখা?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৬-১৭]
ⓚ আহসান হাবীব ⓚ নজরুল ইসলাম
ⓖ প্রমথ চৌধুরী ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ক

২৪. **'সেই অস্ত্র' কবিতায় কবি 'সেই অস্ত্র' বলতে কী বুঝিয়েছেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]
ⓚ ভালোবাসা ⓚ মুক্তিযোদ্ধার অস্ত্র
ⓖ বিশ্বশান্তি ⓖ পারস্পরিক বিশ্বাস **উত্তর:** ক

শওকত ওসমান (১৯১৭-১৯৯৮)



শওকত ওসমান পশ্চিমবঙ্গের হুগলি জেলার সবল সিংহপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি মূলত একজন কথাসাহিত্যিক ছিলেন। শওকত ওসমান বাংলা একাডেমি পুরস্কার (১৯৬২), একুশে পদক (১৯৮৩) এবং স্বাধীনতা পুরস্কার (১৯৯৭) লাভ করেন।

উপন্যাস

- জননী : প্রথম প্রকাশিত গ্রন্থ।
- ক্রীতদাসের হাসি (১৯৬২) : একটি প্রতীকাশ্রয়ী উপন্যাস। উপন্যাসটির জন্য তিনি আদমজী সাহিত্য পুরস্কার (১৯৬৬) লাভ করেন।
  আরব্য রজনীর সর্বশেষ গল্প হলো 'জাহাকুল আবদ' (ক্রীতদাসের হাসি)। কাহিনী শুরু হয়েছে হাবসী গোলাম তাতারী আর বাদী মেহেরজানের প্রেমময় হৃদয় উৎসারিত হাস্যকলরোল দিয়ে। দ্বন্দ্ব-বিক্ষুব্ধ বাদশাহ হারুনর রশীদ হাবশী গোলাম তাতারীর হাসি শুনে ভয়ানক ঈর্ষান্বিত হন। বাদশার মুখে হাসি নেই আর গোলামের মুখে হাসি? ....
- বনি আদম
- রাজা উপাখ্যান
- চৌরসন্ধি
- পতঙ্গ পিঞ্জর

মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস

- জাহান্নাম হইতে বিদায়
- দুই সৈনিক
- নেকড়ে অরণ্য
- জলাংগী

প্রবন্ধ

- সংস্কৃতির চড়াই উৎরাই

নাটক

- আমলার মামলা
- কাঁকরমণি
- তস্কর ও লস্কর
- বাগদাদের কবি

শিশুতোষ

- ওটেন সাহেবের বাংলো
- ক্ষুদে সোশালিস্ট
- ডিগবাজি
- মসকুইটো ফোন
- পঞ্চসঙ্গী

গল্প

- জন্ম যদি তব বঙ্গে (মুক্তিযুদ্ধভিত্তিক)
- পিজরাপোল
- ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী
- প্রস্তর ফলক
- সৌদামিনী মালো
- নতুন জন্ম

MCQ Solution

১. **শওকত ওসমান কবে জন্মগ্রহণ করেন?** [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন- এর সিনিয়র ইন্সট্রাক্টর : ২১]
ⓚ ১৯২২ সালে ⓚ ১৯১৭ সালে
ⓖ ১৯২৫ সালে ⓖ ১৯২৩ সালে **উত্তর:** খ

২. **শওকত ওসমানের রচনা কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ভলগা) : ১৩]
ⓚ উত্তম পুরুষ ⓚ শেষ রজনীর চাঁদ
ⓖ জননী ⓖ চৌচির **উত্তর:** গ

৩. **'জাহান্নাম হইতে বিদায়' শওকত ওসমান রচিত একটি-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩]
ⓚ ছোটগল্প ⓚ উপন্যাস
ⓖ নাটক ⓖ প্রবন্ধ **উত্তর:** খ

৪. **'ক্রীতদাসের হাসি' উপন্যাসের রচয়িতা-** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ২০]
ⓚ আবুল ফজল ⓚ আবু জাফর শামসুদ্দীন
ⓖ শওকত ওসমান ⓖ সত্যেন সেন **উত্তর:** গ

৫. **কোনটি প্রতীকধর্মী উপন্যাস?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ⓚ চাঁদের অমাবস্যা ⓚ ক্রীতদাসের হাসি
ⓖ নিষিদ্ধ লোবান ⓖ দুধভাতে উৎপাত **উত্তর:** খ

৬. **শওকত ওসমান কোন উপন্যাসের জন্য আদমজী পুরস্কার লাভ করেন?** [২৮তম বিসিএস]
ⓚ বনি আদম ⓚ জননী
ⓖ চৌরসন্ধি ⓖ ক্রীতদাসের হাসি **উত্তর:** ঘ

৭. **'তাতারী' কোন উপন্যাসের চরিত্র?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
ⓚ চিলেকোঠার সেপাই ⓔ ক্রীতদাসের হাসি
ⓖ লালসালু ⓖ চাঁদের অমাবস্যা **উত্তর:** খ

৮. **'জাহাকুল আবদ' শব্দের অর্থ-** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ১৬]
ⓚ বন্দীর হাসি ⓔ গোলামের হাসি
ⓖ প্রেমিকার হাসি ⓖ সন্তানের হাসি **উত্তর:** খ

৯. **'কাঁকরমণি' নাটকটি কে লিখেছেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিতাস) : ১০]
ⓚ ড. নীলিমা ইব্রাহিম ⓔ সিকান্দার আবু জাফর
ⓖ আনিস চৌধুরী ⓖ শওকত ওসমান **উত্তর:** ঘ

১০. **'আমলার মামলা' নাটকটি লিখেছেন-** [৭ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১২]
ⓚ শওকত ওসমান ⓔ হুমায়ূন আহমেদ
ⓖ মুনীর চৌধুরী ⓖ সেলিম আল দীন **উত্তর:** ক

১১. **কোনটি শওকত ওসমানের রচনা নয়?** [৩৬তম বিসিএস]
ⓚ চৌরসন্ধি ⓔ ক্রীতদাসের হাসি
ⓖ ভেজাল ⓖ বনি আদম **উত্তর:** গ



ফররুখ আহমদ (১৯১৮ - ১৯৭৪)
ফররুখ আহমদ মাগুরা জেলার মাঝআইল গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁকে 'মুসলিম পুনর্জাগরণের কবি' বলা হয়। তিনি তাঁর কবিতায় আরবি-ফারসি শব্দের প্রয়োগে নৈপুণ্য দেখান। ফররুখ আহমদ বাংলা একাডেমি পুরস্কার (১৯৬০), ইউনেস্কো পুরস্কার (১৯৬৬), মরণোত্তর একুশে পদক (১৯৭৭) এবং স্বাধীনতা পুরস্কার (১৯৮০) লাভ করেন।

কাব্যগ্রন্থ

- সাত সাগরের মাঝি (১৯৪৪) : কবির প্রথম ও শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ। এতে ১৯টি কবিতা রয়েছে। মুসলিম জাগরণের লক্ষ্যে কবিতাগুলি লিখিত। ইসলামের ইতিহাস ও ঐতিহ্য কাব্যটির মূল উপজীব্য। উল্লেখযোগ্য কবিতা সাত সাগরের মাঝি, পাঞ্জেরি, সিন্দাবাদ, আকাশ-নাবিক প্রভৃতি। পাঞ্জেরি কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

হে মাঝি! এবার তুমিও পেয়োনা ভয়,
তুমিও কুড়াও হেরার পথিক তারকার বিস্ময়,
ঝরুক এ ঝড়ে নারঙ্গীপাতা, তবু পাতা অগণন ভিড় করে-
যেথা জাগছে আকাশে হেরার রাজতোরণ। [সাত সাগরের মাঝি]

- সিরাজাম মুনীরা : বাংলা ভাষায় রচিত।
- হাতেম তায়ী : কাহিনীকাব্য। গ্রন্থটির জন্য কবি আদমজি পুরস্কার (১৯৬৬) লাভ করেন।
- মুহূর্তের কবিতা : সনেট সংকলন। উল্লেখযোগ্য কবিতা বৃষ্টি।
- নৌফেল ও হাতেম : কাব্যনাট্য।
- কাফেলা : উল্লেখযোগ্য কবিতা পদ্মা।
- সিন্দাবাদ

শিশুতোষ

- পাখির বাসা : গ্রন্থটির জন্য 'ইউনেস্কো পুরস্কার' লাভ করেন।

পঙ্‌ক্তি (কবিতা)

মেঘ বৃষ্টি আলোর দেশে
সবুজ ওঠে রাঙা বেশে। [মেঘ বৃষ্টি আলোর দেশ]

MCQ Solution

১. **বাংলাদেশে ইসলামি রেনেসাঁর কবি কাকে বলা হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট) : ২০-২১]
ⓚ ফররুখ আহমদ ⓔ কাজী নজরুল ইসলাম
ⓖ জহির রায়হান ⓖ কায়কোবাদ **উত্তর:** ক

২. **'সাত সাগরের মাঝি', 'মুহূর্তের কবিতা', 'নৌফেল ও হাতেম' কাব্যগ্রন্থগুলো কার লেখা?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর : ২১]
ⓚ কায়কোবাদ ⓔ ফররুখ আহমদ
ⓖ গোলাম মোস্তফা ⓖ বন্দে আলী মিয়া **উত্তর:** খ

৩. **নিচের চারটি গ্রন্থের মধ্যে কোনটি কাব্যগ্রন্থ নির্দেশ করুন?** [সড়ক ও জনপদ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ০৩]
ⓚ পদ্মানদীর মাঝি ⓔ তিতাস একটি নদীর নাম
ⓖ সাত সাগরের মাঝি ⓖ কালিন্দী **উত্তর:** গ

৪. **ফররুখ আহমদের শ্রেষ্ঠ কাব্যগ্রন্থের নাম কি?** [২৯তম বিসিএস]
ⓚ সাত সাগরের মাঝি ⓔ পাখির বাসা
ⓖ নৌফেল ও হাতেম ⓖ হাতেমতায়ী **উত্তর:** ক

৫. **'সাত সাগরের মাঝি' কাব্য গ্রন্থটির কবি কে?** [২৮তম বিসিএস/ ২২তম বিসিএস]
ⓚ ফররুখ আহমদ ⓔ আহসান হাবীব
ⓖ শামসুর রাহমান ⓖ হাসান হাফিজুর রহমান **উত্তর:** ক

৬. **ইসলামের ইতিহাস ও ঐতিহ্য কোন কাব্যের উপজীব্য?** [১৩তম বিসিএস]
ⓚ নূরনামা - আবদুল হাকিম
ⓔ সাত সাগরের মাঝি - ফররুখ আহমদ
ⓖ দিলরুবা - আবুল কাদির
ⓖ জিঞ্জির - কাজী নজরুল ইসলাম **উত্তর:** খ

৭. **ফররুখ আহমদের 'নৌফেল ও হাতেম' কোন শ্রেণির নাটক?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]
ⓚ সামাজিক নাটক ⓔ প্রেমমূলক নাটক
ⓖ কাব্যধর্মী নাটক ⓖ রূপক নাটক **উত্তর:** গ

৮. **'সিরাজাম মুনীরা' কাব্যের রচয়িতার নাম-** [১৭তম বিসিএস]
ⓚ তালিম হোসেন ⓔ ফররুখ আহমদ
ⓖ গোলাম মোস্তফা ⓖ আবুল হোসেন **উত্তর:** খ

৯. **'সিরাজাম মুনীরা' কোন ভাষায় রচিত গ্রন্থ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ⓚ বাংলা ⓚ ফারসি
ⓖ আরবি ⓖ উর্দু **উত্তর:** ক

১০. **'পাঞ্জেরি' কবিতাটি কে লিখেছেন?** [সোনালী ব্যাংক লি. অফিসার/ অফিসার (ক্যাশ) : ১৪]
ⓚ নজরুল ইসলাম ⓚ ফররুখ আহমদ
ⓖ রফিক আজাদ ⓖ আল মাহমুদ **উত্তর:** খ

১১. **'পাঞ্জেরি' কবিতাটি কোন ছন্দে রচিত?** [আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সার্কেল এ্যাডজুটেন্ট : ১৫]
ⓚ অক্ষরবৃত্ত ⓚ স্বরবৃত্ত
ⓖ মাত্রাবৃত্ত ⓖ মুক্তক **উত্তর:** গ

১২. **"হে মাঝি! এবার তুমিও পেয়োনা ভয়,**
তুমিও কুড়াও হেরার পথিক তারকার বিস্ময়,
ঝরুক এ ঝড়ে নারঙ্গীপাতা, তবু পাতা অগণন ভিড় করে-
যেথা জাগছে আকাশে হেরার রাজতোরণ।" কবি ও কবিতার নাম- [ইসলামী ব্যাংক সহকারী অফিসার : ০৩]
ⓚ নজরুল, কাফেলা ⓚ রবীন্দ্রনাথ, ঝড়
ⓖ ফররুখ, সাত সাগরের মাঝি
ⓖ আল মাহমুদ, বন্য স্বপ্নেরা **উত্তর:** গ

১৩. **সাহিত্যে বিশেষ অবদানের জন্য ফররুখ আহমদ স্বাধীনতা দিবস পুরস্কার পান-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]
ⓚ ১৯৮০ সালে ⓚ ১৯৮১ সালে
ⓖ ১৯৭৬ সালে ⓖ ১৯৮৩ সালে **উত্তর:** ক

সিকান্দার আবু জাফর (১৯১৯-১৯৭৫)

পূর্ণ নাম সৈয়দ আল্ হাশেমী আবু জাফর মুহম্মদ বখত সিকান্দার। তিনি পেশায় ছিলেন মূলত একজন সাংবাদিক।



নাটক

- শকুন্ত উপাখ্যান
- সিরাজউদ্দৌলা
- মহাকবি আলাওল

কাব্যগ্রন্থ

- প্রসন্ন প্রহর : উল্লেখযোগ্য কবিতা - আলো চাই।
- কবিতা ১৩৭২ : উল্লেখযোগ্য কবিতা আমাদের সংগ্রাম চলবেই। আমাদের সংগ্রাম চলবেই কবিতা (গান)-টি মুক্তিযুদ্ধের সময় এ দেশের মুক্তিকামী জনগণকে অনুপ্রাণিত করে।
  অবিরাম যাত্রার চির সংঘর্ষে
  একদিন সে পাহাড় টলবেই। .... [আমাদের সংগ্রাম চলবেই]
- মালব কৌশিক : উল্লেখযোগ্য কবিতা আশা।
- বাঙলা ছাড়ো : উল্লেখযোগ্য কবিতা গরবিনী মা-জননী।
- তিমিরান্তিক

MCQ Solution

১. **'মহাকবি আলাওল' নাটকটির রচয়িতা কে?** [কর্মসংস্থান ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর : ১১]
ⓚ আনিস চৌধুরী ⓚ সিকান্দার আবু জাফর
ⓖ সৈয়দ ওয়ালীউল্লাহ ⓖ শওকত ওসমান **উত্তর:** খ

২. **'অবিরাম যাত্রার চির সংঘর্ষে**
একদিন সে পাহাড় টলবেই।' কবিতাংশটি কার রচনা?
[সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার : ১৮]
ⓚ শামসুর রাহমান ⓚ সিকান্দার আবু জাফর
ⓖ সুভাষ মুখোপাধ্যায় ⓖ ফররুখ আহমদ **উত্তর:** খ

ড. আহমদ শরীফ (১৯২১ - ১৯৯৯)



ড. আহমদ শরীফ চট্টগ্রাম জেলায় জন্মগ্রহণ করেন।

প্রবন্ধ সংকলন

- বাঙালী ও বাঙলা সাহিত্য
- বিচিত চিন্তা
- স্বদেশ চিন্তা
- স্বদেশ অন্বেষা

প্রবন্ধ

- সংস্কৃতি

সম্পাদিত গ্রন্থ

- লায়লী-মজনু
- সিকান্দরনামা
- নবীবংশ
- রসুল চরিত
- রসুলবিজয়
- চন্দ্রাবতী

MCQ Solution

১. **অধ্যাপক আহমদ শরীফের মৃত্যুসন কোনটি?** [৩১তম বিসিএস]
ⓚ ১৯৯৭ ⓚ ১৯৯৮
ⓖ ১৯৯৯ ⓖ ২০০০ **উত্তর:** গ

২. **আহমদ শরীফ রচিত প্রবন্ধ গ্রন্থ কোনটি?** [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
ⓚ লোকায়ত বাংলা ⓚ সাম্প্রদায়িকতা
ⓖ বিচিত চিন্তা ⓖ বিচিত্র কথা **উত্তর:** গ

৩. **'বাঙালী ও বাঙলা সাহিত্য'- গ্রন্থের রচয়িতা হলেন -** [৪৪তম বিসিএস]
ⓚ মুহম্মদ শহীদুল্লাহ ⓚ মুহম্মদ আবদুল হাই
ⓖ সৈয়দ আলী আহসান ⓖ আহমদ শরীফ **উত্তর:** ঘ

৪. **'সংস্কৃতি' গ্রন্থটির রচয়িতা কে?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক : ১৩]
ⓚ কাজী মোতাহার হোসেন
ⓚ মোতাহের হোসেন চৌধুরী
ⓖ কাজী আবদুল ওদুদ
ⓖ আখতারুজ্জামান ইলিয়াস **উত্তর:**
ব্যাখ্যা : 'সংস্কৃতি' প্রবন্ধটির রচয়িতা - আহমদ শরীফ।

ড. নীলিমা ইব্রাহিম (১৯২১-২০০২)



ড. নীলিমা ইব্রাহিম বাগেরহাট জেলায় জন্মগ্রহণ করেন।

উপন্যাস
- বিশ শতকের মেয়ে
- বহ্নিবলয়

ছোটগল্প
- রমনা পার্কে

নাটক
- দুয়ে দুয়ে চার
- যে অরণ্যে আলো নেই

প্রবন্ধ
- আমি বীরাঙ্গনা বলছি
- শরৎ প্রতিভা

আত্মজীবনী
- বিন্দু-বিসর্গ

MCQ Solution

১. **'বিশ শতকের মেয়ে' উপন্যাসটির রচয়িতা কে?** [৯ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১৪]
ⓚ ড. নীলিমা ইব্রাহিম ⓚ আনিস চৌধুরী
ⓖ আনোয়ার পাশা ⓖ শহীদুল্লা কায়সার **উত্তর:** ক

২. **'রমনা পার্কে' নাটকটি কে রচনা করেছেন?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া) : ১২]
ⓚ মুনীর চৌধুরী ⓚ শাহাদৎ হোসেন
ⓖ ড. নীলিমা ইব্রাহিম ⓖ সৈয়দ ওয়ালীউল্লাহ **উত্তর:** গ

৩. **'আমি বীরাঙ্গনা বলছি' গ্রন্থের লেখক কে?** [তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকর্তা : ২২]
ⓚ ড. নীলিমা ইব্রাহিম ⓚ বেগম সুফিয়া কামাল
ⓖ বেগম জোবেদা খানম ⓖ পান্না কায়সার **উত্তর:** ক

৪. **'বিন্দু-বিসর্গ' কোন শ্রেণিরগ্রন্থ?** [বাংলাদেশ কোস্ট গার্ডের উপ-সহকারী প্রকৌশলী (পূর্ত) : ২০]
ⓚ উপন্যাস ⓚ কাব্য
ⓖ আত্মজীবনী ⓖ নাটক **উত্তর:** গ

সৈয়দ আলী আহসান (১৯২২ - ২০০২)



সৈয়দ আলী আহসান মাগুরা জেলার আলোকদিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলা একাডেমি পুরস্কার (১৯৬৭) এবং নাসিরউদ্দিন স্বর্ণপদক (১৯৮৫) লাভ করেন।

কাব্যগ্রন্থ
- একক সন্ধ্যায় বসন্ত : কবিতা ত্রয়ী, আমার পূর্ব বাংলা প্রভৃতি।
- সহসা সচকিত বাংলা ছাড়ো

কবিতা
- *সময়ের অনেক গভীরে ডুব দিয়ে*
  আমি আমার স্বদেশকে দেখেছি। [ফেরা]

নাটক
- ইডিপাস : গ্রিক ট্র্যাজেডি 'ইডিপাস' এর বঙ্গানুবাদ।

প্রবন্ধগ্রন্থ
- বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (মুহম্মদ আবদুল হাই সহযোগে রচিত)
- সতত স্বাগত

MCQ Solution

১. **১৯৮৫ সালে নাসিরউদ্দিন স্বর্ণপদক কে পান?** [৩৪তম বিসিএস]
ⓚ সৈয়দ ওয়ালীউল্লাহ ⓚ সৈয়দ আলী আহসান
ⓖ সৈয়দ শামসুল হক ⓖ সিকান্দার আবু জাফর **উত্তর:** খ

২. **'একক সন্ধ্যায় বসন্ত' গ্রন্থটির রচয়িতা-** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ⓚ সৈয়দ শামসুল হক ⓚ সৈয়দ আলী আহসান
ⓖ আবদুল মান্নান সৈয়দ ⓖ সেলিম আল দীন **উত্তর:** খ


৩. **'আমার পূর্ব বাংলা' কবিতার রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৭]
ⓚ জসীমউদ্দীন ⓚ তালিম হোসেন
ⓖ জীবনানন্দ দাশ ⓖ সৈয়দ আলী আহসান **উত্তর:** ঘ

৪. **'সময়ের অনেক গভীরে ডুব দিয়ে/ আমি আমার স্বদেশকে দেখেছি' কবিতাংশটি কার রচনা?** [সমাজসেবা অধিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার : ১৮]
ⓚ শামসুর রাহমান ⓚ সৈয়দ আলী আহসান
ⓖ সুভাষ মুখোপাধ্যায় ⓖ সিকান্দার আবু জাফর **উত্তর:** খ

৫. **গ্রিক ট্র্যাজেডি 'ইডিপাস' বাংলায় কে অনুবাদ করেন?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা) : ১৩]
ⓚ মুনীর চৌধুরী ⓚ কবীর চৌধুরী
ⓖ সৈয়দ আলী আহসান ⓖ লিলি চৌধুরী **উত্তর:** গ

৬. **'সতত স্বাগত' কী ধরনের রচনা?** [ইবি (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ কাব্যগ্রন্থ ⓚ অনুবাদগ্রন্থ
ⓖ গল্পগ্রন্থ ⓖ প্রবন্ধগ্রন্থ **উত্তর:** ঘ

সৈয়দ ওয়ালীউল্লাহ (১৯২২ - ১৯৭১ খ্রি.)



সৈয়দ ওয়ালীউল্লাহ চট্টগ্রামের ষোলশহরে জন্মগ্রহণ করেন। তিনি মূলত কথা-সাহিত্যিক ও নাট্যকার। সৈয়দ ওয়ালীউল্লাহর সাহিত্যকর্মে যে তত্ত্বটি প্রধান হয়ে উঠেছে তা হচ্ছে চেতনার প্রবাহরীতি (Stream of consciousness)। তিনি বাংলা একাডেমি পুরস্কার (১৯৬১), আদমজি পুরস্কার (১৯৬৫) এবং একুশে পদক (১৯৮৩) লাভ করেন। তিনি প্যারিসে মৃত্যুবরণ করেন।

উপন্যাস

- লালসালু (১৯৪৮) : ফরাসি ও ইংরেজি ভাষায় উপন্যাসটি অনূদিত হয়। এর ইংরেজি অনুবাদের নাম 'Tree without roots'। উপন্যাসটি অবলম্বনে তানভীর মোকাম্মেল ২০০১ সালে চলচ্চিত্র নির্মাণ করেন। উপন্যাসটি গ্রাম বাংলার মানুষের অশিক্ষা-কুশিক্ষা এবং ধর্মীয় ভণ্ডামীর নিখুঁত চিত্র।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার জন্য অধিক উপযোগী

উপন্যাসের শুরুতেই লেখক কিছুটা ব্যঙ্গ সুরে বলেন '*শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের চেয়ে আগাছা বেশি।*' ('শস্য' বলতে খাদ্য, 'টুপি' অর্থে ধর্মভাবাপন্ন মুসলমান ও 'ধর্মের আগাছা' বলতে কুসংস্কারচ্ছন্ন তথাকথিত ধর্মভাবাপন্ন মানুষদের কথা বোঝানো হয়েছে)।

নোয়াখালী জেলার মহব্বত নগর গ্রামে প্রবেশ করে মজিদ গ্রামের একটি অজ্ঞাত-অখ্যাত প্রাচীন জীর্ণ কবর ঝালরওয়ালা লালসালুতে আচ্ছাদিত করে কবর-বাণিজ্য শুরু করে। বিয়ে করে গ্রাম্য তরুণী রহীমাকে।

আওয়ালপুরে এক পীর সাহেব আগমন হলে মাজারে লোকজন আসা কমে যায়। গ্রামের মাতব্বর ও জোতদার খালেক ব্যাপারীর প্রথম পক্ষের স্ত্রী আমেনা বিবি নিঃসন্তান। সন্তান লাভের কামনায় সে স্বামীকে অনুরোধ করে ঐ পীর সাহেবের কাছ থেকে পানি পড়া আনতে। স্ত্রীর খাতিরে ব্যাপারী তার সম্বন্ধী ধলা মিঞাকে গোপনে পীরের পানি পড়া আনতে বলে। কিন্তু মজিদ বিষয়টি জেনে যায়। মেয়ে মানুষের মন বোঝানোর জন্য যে একাজ করেছে মজিদকে এ রকম একটা ধারণা দিতে ব্যাপারী বলে, '*ঠগ পীরের পানি পড়ায় কি কোন কাম হয়?*' মজিদের দ্বিতীয় স্ত্রী জমিলা। কিন্তু মজিদকে স্বামী হিসেবে মেনে নিতে পারে না সে। মজিদ জমিলাকে মাজার ঘরের অন্ধকারে খুঁটিতে বেঁধে রাখে। শুরু হয় প্রবল ঝড়-বৃষ্টি। রহীমার হৃদয় ব্যাকুল হয়। স্বামীর পানে তাকিয়ে রহীমা বলে, '*ধান দিয়ে কি হইব, মানুষের জান যদি না থাকে।*' প্রবল ঝড়ে বিধ্বস্ত হয় ফসলের ক্ষেত। দরিদ্র গ্রামবাসী তাই দেখে চেয়ে চেয়ে। ঔপন্যাসিক তাই উপসংহারে বলেন, '*বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ।*'

- চাঁদের অমাবস্যা : একটি মনোসমীক্ষণমূলক রচনা। প্রধান চরিত্র - দরিদ্র যুবক স্কুল শিক্ষক আরেফ আলী।
- কাঁদো নদী কাঁদো : একটি মনোসমীক্ষণমূলক/ চেতনাপ্রবাহ রীতির উপন্যাস।
- The ugly Asian (কদর্য এশীয়)

নাটক

- বহিপীর : বাংলার প্রত্যন্ত অঞ্চলে প্রচলিত পীরপ্রথা, অন্ধবিশ্বাস আর কুসংস্কারের কাহিনি নিয়ে রচিত।
- তরঙ্গভঙ্গ
- সুড়ঙ্গ
- উজানে মৃত্যু

গল্প সংকলন

- দুই তীর ও অন্যান্য গল্প : গ্রন্থটির জন্য লেখক আদমজি পুরস্কার পান।

  'একটি তুলসী গাছের কাহিনী' ছোটগল্পের কাহিনীতে দেখা যায়, ১৯৪৭ সালের দেশবিভাগের পর ঢাকার একটি পরিত্যক্ত বাড়ি দখল করে কলকাতা থেকে আগত কয়েকজন উদ্বাস্তু কর্মচারী। কিন্তু সরকারি নির্দেশে বেআইনি দখল থেকে তাদের উচ্ছেদ করা হয়। গল্পের ভাষায় '*যেমনি ঝড়ের মতো এসেছিল, তেমনি ঝড়ের মতোই উধাও হয়ে যায়।*'
- নয়নচারা

  ফুটপাত ওরা সব এলিয়ে পড়ে রয়েছে। ছড়ানো খড় যেন।

MCQ Solution

১. **বাংলাদেশের চেতনার প্রবাহরীতির উপন্যাস কে লিখেছেন?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]
(ক) জহির রায়হান (খ) সৈয়দ ওয়ালীউল্লাহ
(গ) শওকত ওসমান (ঘ) কায়েস আহমদ **উত্তর:** খ

২. **'লালসালু' উপন্যাসটির লেখক কে?** [২১তম বিসিএস/ BPSC-এর সিনিয়র ইন্সট্রাক্টর (TTC) : ২১]
(ক) মুনীর চৌধুরী (খ) সৈয়দ ওয়ালীউল্লাহ
(গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (ঘ) শওকত আলী **উত্তর:** খ

৩. **লালসালু উপন্যাসের রচনাকাল কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ২০-২১]
(ক) ১৯৪৩ (খ) ১৯৪৮
(গ) ১৯৫১ (ঘ) ১৯৭০ **উত্তর:** খ

৪. **ফরাসি ও ইংরেজি ভাষায় অনূদিত সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত উপন্যাসের নাম-** [রাবি (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) : ০৮ - ০৯]
(ক) নয়নচারা (খ) চাঁদের অমাবস্যা
(গ) লালসালু (ঘ) দুই তীর **উত্তর:** গ

৫. **'Tree Without Roots' কোন গ্রন্থের ইংরেজি অনুবাদ?** [যোগাযোগ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৬]
(ক) লালসালু (খ) বিষবৃক্ষ
(গ) বিষাদ-সিন্ধু (ঘ) নীলদর্পণ **উত্তর:** ক

৬. **'লালসালু' উপন্যাসের উপজীব্য হলো-** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা ও শিশুবিষয়ক কর্মকর্তা : ০৭]
(ক) চাষী জীবনের করুণ চিত্র
(খ) নারীর বন্দীদশার করুণ চিত্র
(গ) ধর্মীয় ভণ্ডামির নিখুঁত চিত্র
(ঘ) ধর্মীয় মূল্যবোধ বিস্তারের চিত্র **উত্তর:** গ

৭. **'লালসালু' উপন্যাসের উপজীব্য কী?** [পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক :০৩]
(ক) গ্রাম বাংলার সমাজের অশিক্ষা-কুশিক্ষা
(খ) চাষী জীবনের করুণ চিত্র
(গ) হাওড় অঞ্চলের মানুষের দুঃখের জীবন
(ঘ) কৃষক সমাজের সংগ্রামশীল জীবন **উত্তর:** ক

৮. **'লালসালু' উপন্যাসে কোন অঞ্চলের জীবনের চিত্র প্রতিফলিত হয়েছে?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ক) চট্টগ্রাম খ) সিলেট
গ) নোয়াখালী ঘ) ময়মনসিংহ **উত্তর: গ**

৯. **'মজিদ' কোন উপন্যাসের চরিত্র?** [নার্সিং সেবা অধিদপ্তরের মিডওয়াইফ : ১৭]
ক) নদীবক্ষে খ) লালসালু
গ) চাঁদের অমাবস্যা ঘ) দুই সৈনিক **উত্তর: খ**

১০. **বিদ্রোহী বালিকা বধূ 'জমিলা' কোন উপন্যাসের চরিত্র?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪]
ক) অপুর সংসার খ) গাভী বিত্তান্ত
গ) লালসালু ঘ) চাঁদের অমাবস্যা **উত্তর: গ**

১১. **সৈয়দ ওয়ালীউল্লাহ'র 'লালসালু' উপন্যাসে কোন চরিত্রটি পাওয়া যায়?** [বিপিএসসি এর সহকারী ইঞ্জিনিয়ার : ২২]
ক) সেলিনা খ) রাহেলা
গ) রহিমা ঘ) জয়গুন বিবি **উত্তর: গ**

১২. **কোনটি 'লালসালু' উপন্যাসের চরিত্র নয়?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ক) রহিমা খ) জমিলা
গ) আমেনা বিবি ঘ) করিমা বিবি **উত্তর: ঘ**

'শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের চেয়ে আগাছা বেশি।' বলতে বোঝানো হয়েছে- [জাবি (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ক) অভাব-অনটন, ধর্মভীরুতা, জনসংখ্যার আধিক্য
খ) অভাবগ্রস্ততা, ধর্মভীরুতা, আত্মবিশ্বাস
গ) প্রচণ্ড অভাব, কৃষিনির্ভরতা, ধর্মভীরুতা
ঘ) যন্ত্রণাময় জীবন, ধর্মবিশ্বাস, আত্মনির্ভরতা **উত্তর: ক**

'লালসালু' উপন্যাসের শুরুতেই মজিদ প্রবেশ করে- [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ক) মতিগঞ্জে খ) মধুপুরে
গ) আওয়ালপুরে ঘ) মহব্বত নগরে **উত্তর: ঘ**

"ধান দিয়ে কি হইব, মানুষের জান যদি না থাকে"- উক্তিটি কার? [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ : ২১-২২]
ক) রহিমার খ) আমেনা বিবির
গ) জমিলার ঘ) হাসিনুর মার **উত্তর: ক**

১৩. **"ঠগ পীরের পানি পড়ায় কি কোন কাম হয়?"– লালসালু উপন্যাসে এ উক্তিটি কার?** [মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক : ০৪]
ক) ধলা মিঞার খ) আক্কাসের
গ) তাহেরের ঘ) খালেক ব্যাপারির **উত্তর: ঘ**

'লালসালু' উপন্যাসের শেষ বাক্যটি হলো- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ক) দুনিয়াটা বড় বিচিত্র জায়গা
খ) নাফরমানি করিও না
গ) বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ
ঘ) সে যেন খাঁচায় ধরা পড়েছে **উত্তর: গ**

১৪. **'লালসালু' চলচ্চিত্রের নির্মাতা কে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৮-১৯]
ক) সৈয়দ ওয়ালীউল্লাহ
খ) মোরশেদুল ইসলাম
গ) তানভীর মোকাম্মেল
ঘ) জহির রায়হান **উত্তর: গ**

১৫. **সৈয়দ ওয়ালীউল্লাহ'র রচিত উপন্যাস কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]
ক) নয়নচারা খ) উজানে মৃত্যু
গ) কাঁদো নদী কাঁদো ঘ) সুড়ঙ্গ **উত্তর: গ**

১৬. **'কাঁদো নদী কাঁদো' নিম্নের কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরে স্বাস্থ্য সহকারী : ১০]
ক) উপন্যাস খ) গল্পগ্রন্থ
গ) নাটক **উত্তর: ক**

সৈয়দ ওয়ালীউল্লাহ'র কোন বইটি চেতনাপ্রবাহরীতির উপন্যাস হিসেবে পরিচিত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ক) সুড়ঙ্গ খ) কাঁদো নদী কাঁদো
গ) উজানে মৃত্যু ঘ) দুই তীর **উত্তর: খ**

১৭. **'অস্তিত্ববাদী' উপন্যাস কোনটি?** [স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক) ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী খ) সংকর সংকীর্তন
গ) সূর্য দীঘল বাড়ী ঘ) কাঁদো নদী কাঁদো **উত্তর: ঘ**

১৮. **'চাঁদের অমাবস্যা' উপন্যাসটির রচয়িতা-** [৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১১]
ক) মানিক বন্দ্যোপাধ্যায়
খ) সৈয়দ ওয়ালীউল্লাহ
গ) সৈয়দ শামসুল হক
ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় **উত্তর: খ**

১৯. **সৈয়দ ওয়ালীউল্লাহ'র 'চাঁদের অমাবস্যা' কোন শ্রেণির উপন্যাস?** [NRB এর সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী) : ১৫]
ক) সামাজিক খ) আত্মজৈবনিক
গ) মনোসমীক্ষণমূলক ঘ) রূপক **উত্তর: গ**

২০. **নিচের কোনটি রাজনৈতিক উপন্যাস নয়?** [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার (আইটি, আইসিটি) : ১৮]
ক) ঘরে-বাইরে খ) পথের দাবী
গ) চাঁদের অমাবস্যা ঘ) চিলেকোঠার সেপাই **উত্তর: গ**

২১. **'চাঁদের অমাবস্যা' উপন্যাসের যুবক-শিক্ষকের নাম-** [৪৪তম বিসিএস]
ক) আবদুল কাদের খ) খতিব মিয়া
গ) আক্কাস আলী ঘ) আরেফ আলী **উত্তর: ঘ**

২২. **সৈয়দ ওয়ালীউল্লাহ'র লেখা নাটক কোনটি?** [৪৪তম বিসিএস]
ক) কবর খ) পায়ের আওয়াজ পাওয়া যায়
গ) বহিপীর ঘ) ওরা কদম আলী **উত্তর: গ**

২৩. **সৈয়দ ওয়ালীউল্লাহ'র রচিত নাটক কোনটি?** [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপজেলা সমাজসেবা অফিসার : ০৮]
ক) নেমেসিস খ) তরঙ্গভঙ্গ
গ) আমলার মামলা ঘ) ওরা কদম আলী **উত্তর: খ**

২৪. **সৈয়দ ওয়ালীউল্লাহ'র রচিত নাটক কোনটি?** [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপজেলা সমাজসেবা অফিসার : ০৮]
ক) নেমেসিস খ) রূপান্তর
গ) সেনাপতি ঘ) সুড়ঙ্গ **উত্তর: ঘ**

২৫. **'সুড়ঙ্গ' নাটকটির রচয়িতা-** [রূপালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৮]
ক) সৈয়দ ওয়ালীউল্লাহ্
খ) আসকার ইবনে শাইখ
গ) শওকত ওসমান
ঘ) সৈয়দ শামসুল হক **উত্তর: ক**

২৬. **কোনটি ঠিক?** [২৪তম বিসিএস/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক অফিসার : ১১]
ক) মহাশ্মশান (নাটক)
খ) কাঁদো নদী কাঁদো (কাব্য)
গ) বহিপীর (নাটক)
ঘ) সোজন বাদিয়ার ঘাট (উপন্যাস) **উত্তর: গ**

দেশবিভাগের প্রতিফলন ঘটেছে কোন গল্পে? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (সি ইউনিট) : ২১-২২]
ক) বায়ান্নর দিনগুলি
খ) একটি তুলসী গাছের কাহিনী
গ) সৌদামিনী মালো
ঘ) কাসেমের যুদ্ধযাত্রা **উত্তর: খ**

২৭. **'নয়নচারা' কোন শ্রেণির রচনার?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১৬]
ক) উপন্যাস খ) কাব্য
গ) গল্প ঘ) নাটক **উত্তর: গ**

#. **'যেমনি ঝড়ের মতো এসেছিল, তেমনি ঝড়ের মতোই উধাও হয়ে যায়।' কোন রচনায় এ ঝড়ের প্রসঙ্গ আছে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ক) অপরিচিতা
খ) একটি তুলসী গাছের কাহিনী
গ) আমার পথ
ঘ) বায়ান্নর দিনগুলো **উত্তর: খ**

২৮. **'ফুটপাত ওরা সব এলিয়ে পড়ে রয়েছে। ছড়ানো খড় যেন।' সৈয়দ ওয়ালীউল্লাহ-র 'নয়নচারা' গল্প থেকে গৃহীত উদ্ধৃতাংশটি ... এর দৃষ্টান্ত।** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক (সাধারণ) : ১৮]
ক) উৎপ্রেক্ষঋদ্ধ চিত্রকল্প
খ) উপমাশ্রাত রূপক
গ) প্রতীকায়িত ব্যাজস্তুতি
ঘ) অন্যাসক্ত রূপকাভাস **উত্তর: ক**

মুনীর চৌধুরী (১৯২৫ - ১৯৭১)



মুনীর চৌধুরী ঢাকা জেলার মানিকগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একজন শিক্ষাবিদ, নাট্যকার, সাহিত্য সমালোচক। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলা ও ইংরেজি বিভাগে অধ্যাপনা করেন। তাঁর একটি বিশেষ কীর্তি বাংলা টাইপ রাইটারের কী- বোর্ড (১৯৬৫) উদ্ভাবন - যা 'মুনীর অপটিমা' নামে পরিচিত। ১৪ ডিসেম্বর, ১৯৭১ তিনি পাকবাহিনীর সহযোগীদের দ্বারা অপহৃত এবং নিহত হন।

নাটক

- রক্তাক্ত প্রান্তর : লেখকের প্রথম নাটক। ঐতিহাসিক এই নাটকটির মূল উপজীব্য ১৭৬১ সালের পানিপথের তৃতীয় যুদ্ধের কাহিনী। নাটকটির জন্য তিনি ১৯৬২ সালে বাংলা একাডেমি পুরস্কার পান। প্রধান চরিত্র - জোহরা, ইব্রাহীম কার্দি। ইব্রাহিম কার্দির অমর উক্তি "*তোমাকে দেখব বলে যতোবারই চোখ খুলতে চাইছি ততোবারই রক্তের ঝাপটায় সব গুলিয়ে একাকার হয়ে যাচ্ছে।*"
- কবর : সংকলনে ৩টি একাঙ্ক নাটক স্থান পায়। যথা- মানুষ, নষ্ট ছেলে এবং কবর।
  কবর একাঙ্কটি বায়ান্নর ভাষা আন্দোলনের পটভূমিতে রচিত। মুনীর চৌধুরী ঢাকা কেন্দ্রীয় কারাগারে থাকাকালীন নাটকটি লিখেন। ঢাকা কেন্দ্রীয় কারাগারে রাজবন্দীদের দ্বারা নাটকটি প্রথম মঞ্চায়িত হয়। চরিত্র : নেতা, ইনসপেক্টর হাফিস, মুর্দা ফকির, গার্ড এবং ছায়ামূর্তি।
- মানুষ : উপমহাদেশের ধর্মীয় সাম্প্রদায়িক দাঙ্গার চিত্র।
- পলাশী ব্যারাক ও অন্যান্য • দণ্ডকারণ্য
- চিঠি

অনূদিত নাটক

- মুখরা রমণী বশীকরণ : শেক্সপীয়রের 'The Taming of the Shrew' এর অনুবাদ।
- রূপার কৌটা : জন গলস ওয়ার্দির 'The Silver Box' অবলম্বনে।
- কেউ কিছু বলতে পারে না : জর্জ বার্নার্ড শ'র 'You Never Can Tell' নাটকের অনুবাদ।
- জনক : অগাস্ট স্ট্রিন্ডবার্গের 'The Father' নাটকের অনুবাদ।

প্রবন্ধ

- মীর মানস : গ্রন্থটির জন্য প্রাবন্ধিক দাউদ পুরস্কার (১৯৬৫) লাভ করেন।

পঙ্ক্তি

১৯৭০ সালে অধ্যাপক মুনীর চৌধুরী 'মাতৃভাষা' শীর্ষক একটি নাতিদীর্ঘ নিবন্ধে লিখেন, *"ষোলো নয়, আমার মাতৃভাষার ষোলশত রূপ। ..... বাউলের উদাস আহ্বান। মাইকেল-রবীন্দ্রনাথ-নজরুল ইসলাম আমার মাতৃভাষা।"*

MCQ Solution

১. **নাট্যকার মুনীর চৌধুরীর পেশা কী ছিল?** [চবি (ঘ ইউনিট) : ২১-২২]
ⓚ অভিনয় করা ⓦ অধ্যাপনা
ⓖ ওকালতি ⓖ সাংবাদিকতা **উত্তর: খ**

২. **বাংলায় টাইপ রাইটার নির্মাণ করেন-** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেট : ০৭]
ⓚ মুহম্মদ আবদুল হাই ⓦ হুমায়ুন আজাদ
ⓖ মোস্তফা জব্বার ⓖ মুনীর চৌধুরী **উত্তর: ঘ**

৩. **কোন সাহিত্যিক ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরের শহীদ বুদ্ধিজীবী?** [জনশক্তি ও কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
ⓚ জহির রায়হান
ⓦ অধ্যাপক গিয়াস উদ্দীন
ⓖ নিজাম উদ্দিন
ⓖ মুনীর চৌধুরী **উত্তর: ঘ**

৪. **'রক্তাক্ত প্রান্তর' রচনাটি একটি ....** । [রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
ⓚ উপন্যাস ⓦ নাটক
ⓖ প্রবন্ধ ⓖ গীতিনাট্য **উত্তর: খ**

৫. **'রক্তাক্ত প্রান্তর' নাটকটির রচয়িতা কে?** [নির্বাচন কমিশন সচিবালয়ের অধীন আইডিইএ প্রকল্প (২য় পর্যায়) ডাটা এন্ট্রি অপারেটর : ২১]
ⓚ মুনীর চৌধুরী ⓦ মীর মশাররফ হোসেন
ⓖ দ্বিজেন্দ্রলাল রায় ⓖ আকবর হোসেন **উত্তর: ক**

৬. **মুনীর চৌধুরীর 'রক্তাক্ত প্রান্তর' কোন শ্রেণির রচনা?** [১৩তম বিসিএস/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
ⓚ সামাজিক ⓦ মুক্তিযুদ্ধভিত্তিক
ⓖ রূপক ⓖ ঐতিহাসিক **উত্তর: ঘ**

৭. **পানিপথের তৃতীয় যুদ্ধ অবলম্বনে রচিত নাটক কোনটি?** [বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ⓚ যুদ্ধ ⓦ বিদ্রোহী পদ্মা
ⓖ রক্তাক্ত প্রান্তর ⓖ পরাক্রম **উত্তর: গ**

৮. **'কবর' এটি কোন শ্রেণির গ্রন্থ?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓚ স্মৃতিকথা ⓦ উপন্যাস
ⓖ নাটক ⓖ প্রবন্ধ **উত্তর: গ**

৯. **১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারির পটভূমিকায় রচিত 'কবর' নাটকের রচয়িতা কে?** [২১তম বিসিএস/ ১৮তম বিসিএস/ ১০ম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২/ স্বাস্থ্য মন্ত্রণালয়ের ফার্মেসিক্যাল : ২২]
ⓚ কবীর চৌধুরী ⓦ মুনীর চৌধুরী
ⓖ সৈয়দ শামসুল হক ⓖ মুনতাসির মামুন **উত্তর: খ**

১০. **মুনীর চৌধুরী ঢাকা কেন্দ্রীয় কারাগারে থাকাকালীন কোন বিখ্যাত নাটকটি লিখেছিলেন?** [জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব : ৯৬]
ⓚ শঙ্খনীল কারাগার ⓦ কবর
ⓖ নূরলদীনের সারা জীবন ⓖ সেনাপতি **উত্তর: খ**

১১. **'কবর' নাটকটি সর্বপ্রথম অভিনীত হয়?** [জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর/ গোয়েন্দা কর্মকর্তা : ১০]
ⓚ বাংলা টেলিভিশনে
ⓦ ঢাকা কেন্দ্রীয় কারাগারে
ⓖ কেন্দ্রীয় শহীদ মিনারে
ⓖ রমনা বটমূলে **উত্তর: খ**

১২. **'কবর' নাটকটিতে কয়টি চরিত্রের বিকাশ লক্ষ্য করা যায়?** [শ্রম পরিদপ্তরের প্রভাষক : ০৫]
ⓚ তিনটি ⓦ চারটি
ⓖ পাঁচটি ⓦ ছয়টি **উত্তর: গ**

১৩. **'দণ্ডকারণ্য' নাটকের রচয়িতা কে?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর : ১৯]
ⓚ মুনীর চৌধুরী ⓦ শওকত ওসমান
ⓖ আবু ইসহাক ⓖ এনামুল হক **উত্তর: ক**

১৪. **মুনীর চৌধুরী রচিত 'মুখরা রমণী বশীকরণ' একটি-** [৩৮তম বিসিএস/ ৩৬তম বিসিএস/ প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ২১]
ⓚ গল্প ⓦ উপন্যাস
ⓖ প্রবন্ধ ⓖ অনুবাদ নাটক **উত্তর: ঘ**

১৫. **মুনীর চৌধুরীর 'মুখরা রমণী বশীকরণ' কার লেখার অনুবাদ?** কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস : ২২]
ⓚ William Word worth
ⓦ W.Somerset Maugham
ⓖ William Shakespeare
ⓖ Charles Dickens **উত্তর: গ**

১৬. **শেক্সপীয়রের 'টেমিং অব দি শ্রু'র বঙ্গানুবাদ করেছেন-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৪]
ⓚ আবদুল গাফফার চৌধুরী
ⓦ সিরাজুল ইসলাম চৌধুরী
ⓖ মুনীর চৌধুরী
ⓖ কবীর চৌধুরী **উত্তর: গ**

১৭. **মুনীর চৌধুরীর অনূদিত নাটক কোনটি?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫]
ⓚ পলাশী ব্যারাক ⓦ ফিট কলাম
ⓖ রূপার কৌটা ⓖ রক্তাক্ত প্রান্তর **উত্তর: গ**

১৮. **মুনীর চৌধুরী রচিত 'কেউ কিছু বলতে পারে না' একটি –** [মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাঠ সহকারী : ১৯]
ⓚ উপন্যাস ⓦ গল্প
ⓖ প্রবন্ধ ⓖ অনুবাদ নাটক **উত্তর: ঘ**

১৯. **মুনীর চৌধুরীর 'মীর মানস' কোন জাতীয় গ্রন্থ?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓚ উপন্যাস ⓚ প্রবন্ধ
ⓖ নাটক ⓖ স্মৃতিকথা **উত্তর:** খ

২০. **"তোমাকে দেখব বলে যতোবারই চোখ খুলতে চাইছি ততোবারই রক্তের ঝাপটায় সব গুলিয়ে একাকার হয়ে যাচ্ছে।"– উক্তিটি কার?** [কর্মসংস্থান ব্যাংক অ্যাসিসটেন্ট অফিসার : ০১]
ⓚ ইব্রাহিম কার্দি ⓚ দিলীপ
ⓖ মন্নুবেগ ⓖ জরিনা **উত্তর:** ক

২১. **'ষোলো নয়, আমার মাতৃভাষার ষোলোশত রূপ'- কে বলেছেন?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার : ১৭]
ⓚ ড. নীলিমা ইব্রাহিম ⓚ ড. মুহাম্মদ রফিকুল ইসলাম
ⓖ মুনীর চৌধুরী ⓖ ড. আহমদ শরীফ **উত্তর:** গ

২২. **'... মাইকেল-রবীন্দ্রনাথ-নজরুল ইসলাম আমার মাতৃভাষা।' উক্তিটি-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক (সাধারণ) : ১৮]
ⓚ মুহম্মদ শহীদুল্লাহ্‌র
ⓚ মুহম্মদ আবদুল হাই-এর
ⓖ মুনীর চৌধুরীর
ⓖ মুহম্মদ এনামুল হকের **উত্তর:** গ

সুকান্ত ভট্টাচার্য (১৯২৬ - ১৯৪৭)



সুকান্ত ভট্টাচার্য কলকাতার কালিঘাটে মাতুতালয়ে জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক নিবাস গোপালগঞ্জ জেলার কোটালীপাড়ায়। ছোটবেলা থেকেই সুকান্ত ছিলেন রাজনীতি সচেতন এবং ভারতীয় কমিউনিস্ট পার্টির একজন সক্রিয় সদস্য। তিনি বামপন্থী বিপ্লবী কবি হিসেবে খ্যাতি অর্জন করেন। তিনি দৈনিক পত্রিকা 'স্বাধীনতা'র কিশোরসভা অংশের প্রতিষ্ঠাতা ছিলেন। যক্ষ্মায় আক্রান্ত হয়ে তিনি অকাল মৃত্যুবরণ করেন।

কাব্যগ্রন্থ

সুকান্ত তাঁর কাব্যে অন্যায়-অনাচার, শোষণ-বৈষম্যের বিরুদ্ধে বিপ্লব ও মুক্তির আহবান জানিয়েছেন।

- ছাড়পত্র (১৯৪৮) : কবিতা- ছাড়পত্র, আঠারো বছর বয়স, রানার, হে মহাজীবন, প্রার্থী প্রভৃতি।

যে শিশু ভূমিষ্ঠ হল আজ রাত্রে
তার মুখে খবর পেলুম;
সে পেয়েছে ছাড়পত্র এক। ....
এসেছে নতুন শিশু, তাকে ছেড়ে দিতে হবে স্থান;
জীর্ণ পৃথিবীতে ব্যর্থ, মৃত ধ্বংসস্তূপ-পিঠে
চলে যেতে হবে আমাদের। .....
এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি-
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার। [ছাড়পত্র]

পদাঘাতে চায় ভাঙতে পাথর বাঁধা ......
আঠারো বছর বয়স জানে না কাঁদা।
এ বয়স জানে রক্ত দানের পুণ্য
বাস্পের বেগে স্টিমারের মতো চলে. ....
এ বয়সে প্রাণ তীব্র আর প্রখর ....
দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার ....
তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি,
এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে, ...
এ দেশের বুকে আঠারো আসুক নেমে। [আঠারো বছর বয়স]

আঠারো বছর বয়স কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত। এতে ৮টি স্তবক রয়েছে। কবিতায় কবি নিজের বয়ঃসন্ধিকাল (কৈশোর থেকে যৌবনে পদার্পণের বয়স)-এর বৈশিষ্ট্য তুলে ধরেছেন। কবিতায় 'আঠারো বছর' শব্দটি ৯ বার উচ্চারিত হয়েছে। 'আঠারো বছর' বয়সী তরুণেরা হতে পারে দুর্বার, নির্ভীক, অদম্য অথবা ভয়ংকর। কবি প্রত্যাশা করেছেন, দেশের কল্যাণে এই যৌবনশক্তি চালিকাশক্তি হবে।

কত গ্রাম কত পথ যায় সরে সরে
শহরে রানার যাবেই পৌঁছে ভোরে। [রানার]

ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি। [হে মহাজীবন]

- পূর্বাভাস : কবিতা- দুর্মর, উদ্যোগ প্রভৃতি।

জ্বলে পুড়ে-মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয় [দুর্মর]

- ঘুম নেই
- অভিযান
- হরতাল
- পূর্বাভাস
- মিঠেকড়া : উল্লেখযোগ্য কবিতা এক যে ছিল।
- গীতিগুচ্ছ
- আকাল : ফ্যাসিবিরোধী লেখকগোষ্ঠীর পক্ষে গ্রন্থটি সম্পাদনা করেন।

MCQ Solution

১. **কবি সুকান্ত ভট্টাচার্য কোন জেলায় জন্মগ্রহণ করেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ২০-২১]
ⓚ গোপালগঞ্জ ⓚ সিলেট
ⓖ রংপুর ⓖ রাজশাহী **উত্তর:**

২. **কবি সুকান্ত কোন সালে মৃত্যুবরণ করেন?** [পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী : ২১]
ⓚ ১৯২৩ ⓚ ১৯৩২
ⓖ ১৯৪৭ ⓖ ১৯৫৪ **উত্তর:** গ

৩. **সুকান্ত ভট্টাচার্যের পৈতৃক নিবাস কোথায়?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ছ) ইউনিট) : ১৪-১৫]
ⓚ মাদারীপুর ⓚ ফরিদপুর
ⓖ বরিশাল ⓖ গোপালগঞ্জ **উত্তর:** ঘ

৪. **সুকান্ত ভট্টাচার্য ছিলেন-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]
ক) বাঙালি জাতীয়তাবাদী কবি
খ) সাম্যবাদী আদর্শের কবি
গ) বৈষ্ণবীয় আদর্শের কবি
ঘ) নাগরিক আদর্শের কবি **উত্তর:** খ

৫. **কবি সুকান্ত ভট্টাচার্য কোন পত্রিকার কিশোর সভার সদস্য ছিলেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ক) দৈনিক স্বাধীনতা খ) পূর্বাশা
গ) আজাদ ঘ) সওগাত **উত্তর:** ক

৬. **সুকান্ত ভট্টাচার্য মৃত্যুবরণ করেন মাত্র-** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ১৭]
ক) ১৮ বছর বয়সে খ) ২০ বছর বয়সে
গ) ২১ বছর বয়সে ঘ) ১৯ বছর বয়সে **উত্তর:** গ

৭. **সুকান্ত ভট্টাচার্যের কবিতার প্রধান বিষয় কি?** [গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫]
ক) মানবপ্রেম খ) অনাচার ও বৈষম্যের প্রতিবাদ
গ) অন্যায়ের প্রতিবাদ ঘ) দেশপ্রেম **উত্তর:** খ

৮. **'ছাড়পত্র' কাব্যগ্রন্থটি কার লেখা?** [নার্সিং সেবা অধিদপ্তরের মিডওয়াইফ : ১৭]
ক) সুকান্ত ভট্টাচার্য খ) সত্যেন্দ্রনাথ দত্ত
গ) জীবনানন্দ দাশ ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ক

৯. **"এই বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি"– পঙ্‌ক্তির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ক) সৈয়দ শামসুল হক খ) কাজী নজরুল ইসলাম
গ) জীবনানন্দ দাশ ঘ) সুকান্ত ভট্টাচার্য **উত্তর:** ঘ

১০. **'আঠারো বছর বয়স' কবিতার লেখকের নাম কী?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (I ইউনিট) : ১৭-১৮]
ক) ঈশ্বরচন্দ্র গুপ্ত খ) কজী নজরুল ইসলাম
গ) সুকান্ত ভট্টাচার্য ঘ) আবুল হোসেন **উত্তর:** গ

১১. **'আঠার বছর বয়স' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট) : ২০-২১]
ক) ঘুম নেই খ) মিঠেকড়া
গ) ছাড়পত্র ঘ) পূর্বাভাস **উত্তর:** গ

১২. **'আঠারো বছর বয়স' কবিতাটি প্রকাশিত হয়:** [জতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক) ১৯৪৮ খ) ১৯৪৯
গ) ১৯৫০ ঘ) ১৯৫৮ **উত্তর:** ক

১৩. **'আঠারো বছর বয়স' কবিতাটি নিম্নের কোন ছন্দে রচিত?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]
ক) মাত্রাবৃত্ত খ) অক্ষরবৃত্ত
গ) মিশ্র কলাবৃত্ত **উত্তর:** ক

১৪. **'আঠারো বছর বয়স' কবিতাটির স্তবক সংখ্যা-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০৭-০৮]
ক) ছয় খ) আট
গ) দশ ঘ) বারো **উত্তর:** খ

১৫. **'আঠারো বছর বয়স' কবিতার মূলসুর?** [ঢাবি (ক ইউনিট) : ১৯-২০]
ক) নৈতিকতা খ) অদম্য তারুণ্যশক্তি
গ) বিবেকবোধ ঘ) ভীরুতা **উত্তর:** খ

১৬. **'আঠারো বছর বয়স' কবিতায় কোন কালের বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০৮-০৯]
ক) শৈশবের খ) কৈশোরের
গ) যৌবনের ঘ) বয়ঃসন্ধিকালের **উত্তর:** ঘ

১৭. **'আঠারো বছর বয়স' কবিতায় 'আঠারো' শব্দটি কয়বার উচ্চারিত হয়েছে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ক) ছয় বার খ) নয় বার
গ) দশ বার ঘ) আঠারো বার **উত্তর:** খ

১৮. **আঠারো বছরের বৈশিষ্ট্য নয়-** [কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার (ক্যাশ) : ২১]
ক) ভয়ংকর খ) দুর্বার
গ) নির্ভীক ঘ) ভীরু **উত্তর:** ঘ

১৯. **'পদাঘাতে চায় ভাঙতে ....' শূন্যস্থানে কোনটি হবে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট): ১৯-২০]
ক) কঠিন বাঁধা খ) শক্ত বাঁধা
গ) লৌহ বাঁধা ঘ) পাথর বাঁধা **উত্তর:** ঘ

২০. **'আঠারো বছর বয়স জানে না কাঁদা' কবি কোন বৈশিষ্ট্যের প্রতি ইঙ্গিত করেছেন?** [জতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ক) শক্তিমত্ততা খ) দুঃসাহস
গ) কর্মপ্রাণতা ঘ) আত্মপ্রত্যয় **উত্তর:** ঘ

২১. **'এ বয়স জানে রক্ত দানের পুণ্য' পঙ্‌ক্তিটির রচয়িতা-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৮-০৯]
ক) নজরুল খ) সনীল
গ) সুকান্ত ঘ) নির্মলেন্দু গুণ **উত্তর:** গ

২২. **স্টিমারের প্রসঙ্গ এসেছে কোন কবিতায়?** [ঢাবি (ক ইউনিট) : ১০-১১]
ক) পাঞ্জেরি খ) কবর
গ) জীবন-বন্দনা ঘ) আঠারো বছর বয়স **উত্তর:** ঘ

২৩. **'এ বয়সে প্রাণ .... ' পঙ্‌ক্তির শূন্যস্থানে বসবে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৪-১৫]
ক) তীব্র ও খরতর খ) প্রখর ও ভয়ঙ্কর
গ) তীব্র আর প্রখর ঘ) তীক্ষ্ণ আর প্রখর **উত্তর:** গ

২৪. **'দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার' কোন কবিতায় ব্যবহৃত হয়েছে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৮-০৯]
ক) পাঞ্জেরি খ) জীবন-বন্দনা
গ) আঠারো বছর বয়স ঘ) বাংলাদেশ **উত্তর:** গ

২৫. **'তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি' পরের চরণ কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
ক) এ বয়স কাঁপে বেদনায় থরোথরো
খ) এ বয়স তবু নতুন কিছু তো করে
গ) এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে
ঘ) এ বয়সে তাই নেই কোনো সংশয় **উত্তর:** গ

২৬. **'এ দেশের বুকে আঠারো আসুক নেমে' কেন?** [বাংলাদেশ সরকারি কর্মকমিশনের উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক) কল্যাণের জন্য খ) যৌবনের জন্য
গ) ধ্বংসের জন্য ঘ) আঘাতের জন্য **উত্তর:** ক

২৭. **'রানার' কবিতাটির রচয়িতা কে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮]
ক) যতীন্দ্রমোহন বাগচী
খ) কাজী নজরুল ইসলাম
গ) সুকান্ত ভট্টাচার্য
ঘ) বন্দে আলী মিয়া **উত্তর:** গ

২৮. **'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়' চরণটির রচয়িতা কে?** [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ) এর জুনিয়র অডিটর : ২২]
ক) বিক্রম সেন
খ) সুদীপ্ত নারায়ণ চক্রবর্তী
গ) সুকান্ত ভট্টাচার্য
ঘ) সুকান্ত রায় **উত্তর:** গ

২৯. **"পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি"– কার রচনা?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে উপসহকারী পরিচালক : ০১]
ক) সিকান্দার আবু জাফর
খ) হাসান হাফিজুর রহমান
গ) সুকুমার রায়
ঘ) সুকান্ত ভট্টাচার্য **উত্তর:** ঘ

৩০. **সুকান্ত ভট্টাচার্যের রচনা কোনটি?** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) ১৮-১৯]
ক) হাতেম তায়ী খ) প্রসন্ন প্রহর
গ) বৈরী বৃষ্টিতে ঘ) পূর্বাভাস **উত্তর:** ঘ

৩১. **'জ্বলে পুড়ে-মরে ছারখার / তবু মাথা নোয়াবার নয়' - কবিতাংশটি কার লেখা?** [পিএসসি'র সহকারী সচিব : ০৫]
ক) সৈয়দ শামসুল হক খ) সুকান্ত ভট্টাচার্য
গ) মোহাম্মদ মনিরুজ্জামান ঘ) জীবনানন্দ দাশ **উত্তর:** খ

৩২. **'ঘুম নেই' কাব্যগ্রন্থটি কার লেখা?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) সুকান্ত ভট্টাচার্য
গ) জীবনানন্দ দাশ ঘ) সত্যেন্দ্রনাথ দত্ত **উত্তর:** খ

৩৩. **কোন গ্রন্থটি সুকান্ত ভট্টাচার্য কর্তৃক রচিত?** [৩৩তম বিসিএস]
ক) হরতাল খ) পালাবদল
গ) উত্তীর্ণ পঞ্চাশে ঘ) অম্বিষ্ট স্বদেশ **উত্তর:** ক

৩৪. **'হরতাল' সুকান্ত ভট্টাচার্যের কী জাতীয় রচনা?** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ক) নাটক খ) কাব্য
গ) উপন্যাস ঘ) গল্প **উত্তর:** খ

৩৫. **'ফ্যাসিবিরোধী লেখক শিল্পী সঙ্ঘ' এর পক্ষে সুকান্ত ভট্টাচার্য সম্পাদিত কাব্যগ্রন্থের নাম কী?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক) পূর্বাভাস খ) অভিযান
গ) আকাল ঘ) হরতাল **উত্তর:** গ



শামসুদ্দীন আবুল কালাম (১৯২৬-১৯৯৭)

শামসুদ্দীন আবুল কালাম বরিশাল জেলার নলছিটি থানার অন্তর্গত কামদেবপুর গ্রামে জন্মগ্রহণ করেন। প্রকৃত নাম আবুল কালাম শামসুদ্দীন। কিন্তু এই নামে বাংলা সাহিত্যে আরও একজন খ্যাতিমান লেখক থাকায় তিনি নিজের লেখক-নাম পরিবর্তন করেন। নিম্নবর্গের মানুষ ও তাদের জীবন ছিল তাঁর সাহিত্য রচনার উপজীব্য। তিনি রোম বিশ্ববিদ্যালয় থেকে ডিলিট ডিগ্রি লাভ করেন। ইতালি রোমে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

উপন্যাস
- কাশবনের কন্যা
- কাঞ্চনমালা
- আলমনগরের উপকথা
- কাঞ্চনগ্রাম
- সমুদ্রবাসর
- জায়মঙ্গল

ছোটগল্প সংকলন
- শাহের বানু
- পথ জানা নাই
- দুই হৃদয়ের তীরে
- অনেক দিনের আশা : উল্লেখযোগ্য গল্প মৌসুম।

MCQ Solution

১. **শামসুদ্দীন আবুল কালামের সাহিত্যের মুখ্য উপজীব্য হলো-** [বাংলাদেশ ব্যাংক অফিসার (জেনারেল) : ১৮]
ক) মানবচৈতন্য ও দর্শন
খ) নিম্নবর্গের মানুষ ও তাদের জীবন
গ) দেশীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপট
ঘ) নাগরিক জীবনের রূপ-রূপান্তর **উত্তর:** খ


২. **'কাশবনের কন্যা' কোন জাতীয় রচনা?** [২৫তম বিসিএস]
ক) নাটক খ) উপন্যাস
গ) কাব্য ঘ) ছোটগল্প **উত্তর:** খ

৩. **'কাশবনের কন্যা' গ্রন্থটির লেখক কে?** [বাতিলকৃত ২৪তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক) আবুল কালাম শামসুদ্দীন খ) শামসুদ্দীন আবুল কালাম
গ) আবুল ফজল ঘ) জসীমউদ্‌দীন **উত্তর:** খ

৪. **'কাঞ্চনমালা' গ্রন্থটি কার রচনা?** [নির্বাচন কমিশন সচিবালয়ের অধীন থানা নির্বাচন অফিসার : ০৪]
ক) সরদার জয়েনউদ্দীন খ) আবুল ফজল
গ) শামসুদ্দীন আবুল কালাম
ঘ) আলাউদ্দিন আল আজাদ **উত্তর:** গ

৫. **'পথ জানা নাই' গল্পটি কার লেখা?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল অ্যাডজুটেন্ট : ১০]
ক) শওকত ওসমান খ) আবুল মনসুর আহমদ
গ) আবু জাফর শামসুদ্দীন
ঘ) শামসুদ্দীন আবুল কালাম **উত্তর:** ঘ

৬. **নিচের কোনটি উপন্যাস নয়?** [পিএসসি'র সহকারী পরিচালক : ০৬]
ⓚ যাপিত জীবন ⓚ খোয়াবনামা
ⓖ পথ জানা নাই ⓖ ওঙ্কার **উত্তর:** গ



আবু ইসহাক (১৯২৬ - ২০০৩)

আবু ইসহাক শরীয়তপুর জেলার শিরঙ্গল গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলা একাডেমি পুরস্কার (১৯৬৩) এবং একুশে পদক (১৯৯৭) লাভ করেন।

উপন্যাস

- সূর্য দীঘল বাড়ী (১৯৫৫) : পঞ্চাশ সনের মন্বন্তর, দেশবিভাগ এবং স্বাধীনতা লাভের আনন্দ ও স্বপ্নভঙ্গের বেদনা এবং দুর্ভিক্ষ-পীড়িত মানুষের জীবন সংগ্রাম, সামাজিক কুসংস্কার নিয়ে রচিত একটি সামাজিক উপন্যাস। প্রধান চরিত্র - জয়গুন, হাসু, মায়মুন। শেখ নিয়ামত আলী ও মসিহউদ্দিন শাকের উপন্যাসটির চলচ্চিত্রায়ন করেন।
- পদ্মার পলিদ্বীপ
- জাল : গোয়েন্দা কাহিনী।

গল্প সংকলন

- মহাপতঙ্গ : উল্লেখযোগ্য ছোটগল্প- জোঁক, মহাপতঙ্গ প্রভৃতি।
- হারেম : গল্প বনমানুষ, হারেম প্রভৃতি। বনমানুষ গল্পটি ১৯৪৬ সালের হিন্দু-মুসলমান দাঙ্গার পটভূমিতে রচিত।

MCQ Solution

১. **আবু ইসহাকের জন্মস্থান কোন জেলায়?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২]
ⓚ মাদরীপুর ⓚ শরীয়তপুর
ⓖ গোপালগঞ্জ ⓖ রাজবাড়ি **উত্তর:** খ

২. **বাংলা উপন্যাস সাহিত্যে অবদানের জন্য আবু ইসহাক কবে বাংলা একাডেমি পুরস্কার লাভ করেন?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ⓚ ১৮৬০ সালে ⓚ ১৮৮০ সালে
ⓖ ১৯৬০ সালে ⓖ ১৯৭০ সালে **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর- ১৯৬৩ সালে।

৩. **'সূর্য দীঘল বাড়ী' উপন্যাসটির রচয়িতা কে?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিরাপত্তা অপারেটর : ২১]
ⓚ সৈয়দ ওয়ালীউল্লাহ ⓚ সিকান্দার আবু জাফর
ⓖ আবু ইসহাক ⓖ হুমায়ূন আহমেদ **উত্তর:** গ

ⓖ আনিসুজ্জামান ⓖ প্রফুল্ল রায় **উত্তর:** গ

৬. **'সংস্কৃতি ও সংস্কৃতি সাধক' গ্রন্থটির রচয়িতা কে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ মোতাহের হোসেন চৌধুরী
ⓖ আনিসুজ্জামান ⓖ আবুল ফজল **উত্তর:** গ

৭. **'কাল নিরবধি' গ্রন্থটি যাঁর আত্মজীবনী-** [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
ⓚ আনিসুজ্জামান ⓚ মুস্তাফা নূরউল ইসলাম
ⓖ মাহমুদুল হক ⓖ আবদুল্লাহ আবু সায়ীদ **উত্তর:** ক

'জাদুঘরে কেন যাব' রচনাটি কোন পুস্তিকা থেকে সংকলিত? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ⓚ ঐতিহ্যায়ন ⓚ চেনা মানুষের মখ
ⓖ আমার একাত্তর ⓖ কাল নিরবধি **উত্তর:** ক

'জাদুঘর' কোন ধরনের শক্তিশালী সংগঠন? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ সামাজিক ⓚ রাজনৈতিক
ⓖ অর্থনৈতিক ⓖ সাংস্কৃতিক **উত্তর:** ক

'পৃথিবীর প্রথম জাদুঘর কোথায় স্থাপিত হয়েছিল? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AL) : ১৭-১৮]
ⓚ ফ্রান্স ⓚ আলেকজান্দ্রিয়া
ⓖ কায়রো ⓖ সানফ্রান্সিসকো **উত্তর:** খ

আলেকজান্দ্রিয়া জাদুঘর মুখ্যত কী চর্চার কেন্দ্র ছিল? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ⓚ ইতিহাস ⓚ প্রত্নতত্ত্ব
ⓖ শরীর চর্চা ⓖ দর্শন চর্চা **উত্তর:** ঘ

ইউরোপে রেনেসাঁসের মধ্য দিয়ে কোন কোন ক্ষেত্রে নবজাগরণ ঘটে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ২০-২১]
ⓚ চিন্তা-চেতনা, সমাজনীতি ও মানবতাবাদ
ⓚ কৃষিকাজ, জ্ঞানচর্চা ও অর্থনীতি
ⓖ বাণিজ্য, ধর্মনিরপেক্ষতা ও রাষ্ট্রনীতি
ⓖ জ্ঞানচর্চা, চিন্তা-চেতনা ও শিল্প-সাহিত্য **উত্তর:** ঘ

রেনেসাঁস বা নবজাগরণের সারকথা কী? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]
ⓚ বিশ্বকেন্দ্রিকতা ⓚ আত্মকেন্দ্রিকতা
ⓖ মানবমাঙ্গলিকতা ⓖ মানবকেন্দ্রিকতা **উত্তর:** ঘ

জাতীয় জাদুঘরের প্রথম ভবনের ভিত্তিপ্রস্তর কে স্থাপন করেন? [ইসলামী বিশ্ববিদ্যালয় (H ইউনিট) : ১৬-১৭]
ⓚ আবদুল মোনায়েম খান
ⓚ কামরুল ইসলাম দিদ্দিকী
ⓖ শামসুর রাহমান
ⓖ মীর শওকত আলী **উত্তর:** ক

কোন প্রবাদটি 'জাদুঘরে কেন যাব' প্রবন্ধে ব্যবহৃত হয়েছে? [খুলনা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ⓚ চোরে চোরে মাসতুতো ভাই
ⓚ চোরের মায়ের বড় গলা
ⓖ চোর পালালে বুদ্ধি বাড়ে
ⓖ চোরে না শোনে ধর্মের কাহিনি **উত্তর:** গ

'জাদুঘরে কেন যাব' এখানে 'জাদু' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ⓚ আরবি ⓚ হিন্দি
ⓖ উর্দু ⓖ ফারসি **উত্তর:** ঘ

জাদুঘরকে উর্দু ভাষায় কী বলা হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ অজাবের ঘর ⓚ মুসাফিরখানা
ⓖ মিউজিয়ম ⓖ আজবখানা **উত্তর:** ঘ

'কী জাদু বাংলার গানে।' এ চরণাংশ কোন রচনায় উদ্ধৃত হয়েছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৮-১৯]
ⓚ বায়ান্নর দিনগুলো ⓚ জীবন ও বৃক্ষ
ⓖ জাদুঘরে কেন যাব ⓖ আমার পথ **উত্তর:** গ

৮. **বাংলাদেশের কোন গবেষক গবেষণায় ও সাহিত্য রচনায় ভারত সরকারের 'পদ্মভূষণ' উপাধি পেয়েছেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ⓚ আনিসুজ্জামান
ⓚ মোতাহের হোসেন চৌধুরী
ⓖ আখতারুজ্জামান ইলিয়াস
ⓖ মুহম্মদ জাফর ইকবাল **উত্তর:** ক

৯. **বাংলাদেশের কোন নাগরিক সার্ক সাহিত্য পুরস্কার (২০১৯) পেয়েছেন?** [ডাক বিভাগ (খুলনা অঞ্চল) অফিস সহায়ক : ২২]
ⓚ ড. জাফর ইকবাল ⓚ অধ্যাপক মঞ্জুরুল ইসলাম
ⓖ অধ্যাপক আনিসুজ্জামান ⓖ অধ্যাপক আবু সাইদ **উত্তর:** গ

হাসান আজিজুল হক (১৯৩৯ - ১৫ নভেম্বর, ২০২১)



হাসান আজিজুল হক পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার যবগ্রামে জন্মগ্রহণ করেন। তিনি আদমজি সাহিত্য পুরস্কার (১৯৬৭), বাংলা একাডেমি পুরস্কার (১৯৭০), একুশে পদক (১৯৯৯) এবং স্বাধীনতা পুরস্কার (২০১৯) লাভ করেন।

উপন্যাস
- আগুনপাখি : একটি গ্রামীণ পরিবারের উত্থান-পতনের ইতিহাস।
- বৃত্তায়ন
- সাবিত্রী উপাখ্যান
- শামুক

গল্পসংকলন
- আত্মজা ও একটি করবী গাছ
- আমরা অপেক্ষা করছি
- নামহীন গোত্রহীন : **মুক্তিযুদ্ধভিত্তিক**
- জীবন ঘষে আগুন
- সমুদ্রের স্বপ্ন শীতের অরণ্য : **উল্লেখযোগ্য গল্প** শকুন, তৃষ্ণা।
- পাতালে হাসপাতালে

গল্প
- বিমর্ষ রাত্রি
- প্রথম প্রহর
- হেমোপ্যাথি, অ্যালাপ্যাথি
- অচিন পাখি
- চরু

শিশুতোষ গ্রন্থ
- লালঘোড়া আমি
- ফুটবল থেকে সাবধান

MCQ Solution

১. **'আগুনপাখি' - উপন্যাসটির রচয়িতা কে?** [৪০তম বিসিএস]
ক রাহাত খান　খ হাসান আজিজুল হক
গ সেলিনা হোসেন　ঘ ইমদাদুল হক মিলন　**উত্তর:** খ

২. **'সাবিত্রী উপাখ্যান' উপন্যাসের রচয়িতার নাম-** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ক সেলিনা হোসেন　খ আখতারুজ্জামান ইলিয়াস
গ হাসান আজিজুল হক　ঘ মহাশ্বেতা দেবী　**উত্তর:** গ

৩. **কোনটি মুক্তিযুদ্ধের প্রভাবে রচিত গল্পগ্রন্থ?** [খাদ্য অধিদপ্তরের স্প্রেম্যান : ২২]
ক দুধভাতে উৎপাত　খ অবিনাশী আয়োজন
গ অরক্ষিত জনপদ　ঘ নামহীন গোত্রহীন　**উত্তর:** ঘ


৪. **'নামহীন গোত্রহীন' গ্রন্থের লেখক-** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ১৬]
ক শওকত আলী　খ আখতারুজ্জামান ইলিয়াস
গ হাসান আজিজুল হক　ঘ শাহেদ আলী　**উত্তর:** গ

৫. **'আত্মজা ও একটি করবী গাছ' কার লেখা গল্প?** [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা : ১৬]
ক বশীর আল হেলাল　খ শওকত আলী
গ হাসান আজিজুল হক　ঘ রিজিয়া রহমান　**উত্তর:** গ

৬. **হাসান আজিজুল হক রচিত ছোট গল্পগ্রন্থ কোনটি?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫]
ক তাস　খ তৃষ্ণা
গ এলোমেলো　ঘ ধানকন্যা　**উত্তর:** খ

৭. **'প্রথম প্রহর', 'বিমর্ষরাত্রি', 'তৃষ্ণা', 'আগুন পাখি' গ্রন্থসমূহের রচয়িতা কে?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর : ২১]
ক হাসান আজিজুল হক　খ আলাউদ্দিন আল আজাদ
গ শামসুদ্দিন আবুল কালাম　ঘ আবুল মনসুর আহমেদ　**উত্তর:** ক

আখতারুজ্জামান ইলিয়াস (১৯৪৩ – ১৯৯৭)



আখতারুজ্জামান ইলিয়াস গাইবান্ধা জেলার গোটিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পৈত্রিক বাড়ি বগুড়া জেলায়। পিতৃপ্রদত্ত নাম আখতারুজ্জামান মোহাম্মদ ইলিয়াস। তিনি বাংলা একাডেমি পুরস্কার (১৯৮২) লাভ করেন।

উপন্যাস (২টি)
- চিলেকোঠার সেপাই (১৯৮৭) : উনসত্তরের গণআন্দোলনের প্রেক্ষাপটে রচিত লেখকের প্রথম উপন্যাস।
- খোয়াবনামা : ১৯৪৩-এর মন্বন্তর, তেভাগা আন্দোলন, দেশভাগ, পলাশীর যুদ্ধ, সিপাহী বিদ্রোহ, ফকির সন্ন্যাসীর বিদ্রোহ প্রভৃতি আন্দোলন-সংগ্রাম ঐতিহাসিক ঘটনার সংমিশ্রণ ঘটেছে।

গল্পসংকলন (৫টি) : গ্রন্থগুলোতে মোট ২৮টি গল্প স্থান পেয়েছে।
- দুধভাতে উৎপাত : উল্লেখযোগ্য গল্প মিলির হাতে স্টেনগান।
- অন্য ঘরে অন্য স্বর : উল্লেখযোগ্য গল্প নিরুদ্দেশ যাত্রা।
- জাল স্বপ্ন, স্বপ্নের জাল (১৯৯৭) : উল্লেখযোগ্য গল্প ফোঁড়া, রেইনকোট প্রভৃতি।

> **বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার জন্য অধিক উপযোগী**
>
> রেইনকোট গল্পটি প্রকাশিত হয় ১৯৯৫ সালে। মুক্তিযুদ্ধের শেষ পর্যায়ের ঢাকার পরিস্থিতি নিয়ে গল্পটি রচিত। নুরুল হুদার জবানিতে গল্পের অধিকাংশ ঘটনা বর্ণিত হয়েছে। রেইনকোটের প্রতীকী তাৎপর্য অসাধারণ। মুক্তিযোদ্ধা শ্যালক মিন্টুর রেইনকোট গায়ে দিয়ে সাধারণ ভীতু প্রকৃতির নুরুল হুদার মধ্যে সঞ্চারিত হয় যে উষ্ণতা, সাহস ও দেশপ্রেম- তারই ব্যঞ্জনাময় প্রকাশ ঘটেছে এ গল্পে।

- খোয়ারি
- দোজখের ওম

প্রবন্ধসংকলন (১টি)
- সংস্কৃতির ভাঙ্গা সেতু

MCQ Solution

১. **আখতারুজ্জামান ইলিয়াসের প্রথম উপন্যাস কোনটি?** [ডাক-জীবন-বীমা-এর অফিস সহকারী : ২২/ NSI-এর জুনিয়র ফিল্ড অফিসার : ২১]
ক খোয়াবনামা　খ অন্যঘরে অন্যস্বর
গ দোজখের ওম　ঘ চিলেকোঠার সেপাই　**উত্তর:** ঘ

২. **উনসত্তরের গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে রচিত উপন্যাস কোনটি?** [৪১তম বিসিএস/ কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার (ক্যাশ) : ২১]
ক সংশপ্তক
খ অনেক সূর্যের আশা
গ চিলেকোঠার সেপাই
ঘ সূর্য সবুজ রক্ত　**উত্তর:** গ

৩. **'খোয়াবনামা' কী ধরনের গ্রন্থ?** [চবি (ঘ ইউনিট) : ২১-২২]
(ক) কাব্য (খ) ছোটগল্প
(গ) উপন্যাস (ঘ) নাটক **উত্তর:** গ

৪. **'খোয়াবনামা' উপন্যাসের রচয়িতা কে?** [ফার্স্ট সিকিউরিটি ইসলামি ব্যাংক লি. অফিসার : ১৪]
(ক) শওকত ওসমান (খ) আখতারুজ্জামান ইলিয়াস
(গ) সৈয়দ শামসুল হক (ঘ) কাজী নজরুল ইসলাম **উত্তর:** খ

৫. **আখতারুজ্জামান ইলিয়াসের 'খোয়াবনামা' উপন্যাসটি কোন বিদ্রোহের পটভূমিতে রচিত?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৫-১৬]
(ক) নীল বিদ্রোহ (খ) সাঁওতাল বিদ্রোহ
(গ) চাকমা বিদ্রোহ (ঘ) কৃষক বিদ্রোহ **উত্তর:** ঘ

৬. **আখতারুজ্জামান ইলিয়াসের গল্পগ্রন্থ সংখ্যা কয়টি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ২০-২১]
(ক) ৩টি (খ) ৪টি
(গ) ৫টি (ঘ) ৬টি **উত্তর:** গ

৭. **'দুধভাতে উৎপাত' গল্পগ্রন্থের রচয়িতা কে?** [২৩তম বিসিএস]
(ক) শওকত ওসমান (খ) আখতারুজ্জামান ইলিয়াস
(গ) মীর মশাররফ হোসেন (ঘ) বুদ্ধদেব বসু **উত্তর:** খ

৮. **'অন্য ঘরে অন্য স্বর' গল্পগ্রন্থের রচয়িতা-** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
(ক) আবুল কালাম শামসুদ্দীন
(খ) শামসুদ্দীন আবুল কালাম
(গ) আবুল ফজল
(ঘ) আখতারুজ্জামান ইলিয়াস **উত্তর:** ঘ

৯. **'মিলির হাতে স্টেনগান'– গল্পটি কার লেখা?** [৩৫তম বিসিএস]
(ক) শওকত ওসমান (খ) আখতারুজ্জামান ইলিয়াস
(গ) শহীদুল জহির (ঘ) শওকত আলী **উত্তর:** খ

১০. **'দোযখের ওম' গল্পগ্রন্থটি কার রচনা?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক : ১৩]
(ক) হাসান আজিজুল হক (খ) আখতারুজ্জামান ইলিয়াস
(গ) শওকত ওসমান (ঘ) হুমায়ূন আহমেদ **উত্তর:** খ

১১. **'জাল স্বপ্ন স্বপ্নের জাল' গ্রন্থের লেখক কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ২০-২১]
(ক) হাসান আজিজুল হক (খ) আখতারুজ্জামান ইলিয়াস
(গ) সেলিনা হোসেন (ঘ) রশীদ করিম **উত্তর:** খ

'রেইনকোট' গল্পটি কার রচনা? [রাবি (গ ইউনিট) : ১৭-১৮]
(ক) মোপাসাঁ (খ) আখতারুজ্জামান ইলিয়াস
(গ) শওকত আলী (ঘ) আলাওল **উত্তর:** খ

'রেইনকোট' গল্পটি কোন গ্রন্থ থেকে সংকলিত? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
(ক) খোয়ারি (খ) জাল স্বপ্ন স্বপ্নের জাল
(গ) দোজখের ওম (ঘ) দুধভাতে উৎপাত **উত্তর:** খ

'রেইনকোট' গল্পটি কত সালে প্রকাশিত হয়? [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
(ক) ১৯৯৫ (খ) ১৯৯৭
(গ) ১৯৯৪ (ঘ) ১৯৮৫ **উত্তর:** ক

'রেইনকোট' গল্পে বর্ণনা করা হয়েছে? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
(ক) মুক্তিযুদ্ধের শুরুর পর্যায় (খ) মুক্তিযুদ্ধের মধ্যবর্তী পর্যায়
(গ) মুক্তিযুদ্ধের শেষ পর্যায় (ঘ) ৭৫-পরবর্তী পর্যায় **উত্তর:** গ

'রেইনকোট' গল্পে কোন অঞ্চলের মুক্তিযুদ্ধের কথা বলা হয়েছে? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
(ক) ঢাকা (খ) সিলেট
(গ) কুমিল্লা (ঘ) ফরিদপুর **উত্তর:** ক

কার জবানিতে 'রেইনকোট' গল্পের অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
(ক) আবদুস সাত্তার মৃধা (খ) আখতারুজ্জামান ইলিয়াস
(গ) আফাজ আহমদ (ঘ) নুরুল হুদা **উত্তর:** ঘ

'রেইনকোট' গল্পের প্রধান চরিত্রটির নাম কী? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
(ক) আমানত (খ) নুরুল হুদা
(গ) নুরুচ্ছফা (ঘ) নূরলদীন **উত্তর:** খ

'রেইনকোট' গল্পের রেইনকোট কীসের প্রতীক? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক শাখা) : ২০-২১]
(ক) সহিষ্ণুতা (খ) ধৈর্য ও ক্ষমা
(গ) সাহস ও দেশপ্রেম (ঘ) মৃত্যু **উত্তর:** গ

'রেইনকোট' গল্পে ব্যবহৃত রেইনকোটটি কার? [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ : ২১-২২]
(ক) আবদুস সাত্তারের (খ) আফাজ আহমদের
(গ) কর্নেল সাহেবের (ঘ) মুক্তিযোদ্ধা মিন্টুর **উত্তর:** ঘ

মুক্তিযুদ্ধকে 'পাকিস্তানের ইনটার্নাল অ্যাফেয়ার' বলেছেন- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]
(ক) জন এফ কেনেডি (খ) হেনরি কিসিঞ্জার
(গ) রিচার্ড নিক্সন (ঘ) জেরাল্ড ফোর্ড **উত্তর:** খ

১২. **'সংস্কৃতির ভাঙা সেতু' গ্রন্থ কে রচনা করেছেন?** [২০তম বিসিএস]
(ক) মোতাহের চৌধুরী (খ) আখতারুজ্জামান ইলিয়াস
(গ) বিনয় ঘোষ (ঘ) রাধারমণ মিত্র **উত্তর:** খ

আহমদ ছফা (১৯৪৩ – ২০০১)

আহমদ ছফা চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলার গাছবাড়িয়া গ্রামে জন্মগ্রহণ করেন।

উপন্যাস

- গাভী বিত্তান্ত
- অলাতচক্র
- অর্ধেক নারী অর্ধেক ঈশ্বরী
- ওঙ্কার : ৬৯-এর গণঅভ্যুত্থানের পটভূমিতে রচিত। উপন্যাসটিকে কেন্দ্র করে 'বাঙলা' নামক চলচ্চিত্র নির্মিত হয়।

প্রবন্ধগ্রন্থ

- যদ্যপি আমার গুরু
- বাঙালি মুসলমানদের মন
- বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস

MCQ Solution

১. **'যদ্যপি আমার গুরু' - কার রচনা?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১১]
ক) হুমায়ূন আহমেদ খ) আলাউদ্দিন আল আজাদ
গ) আবদুশ শাকুর ঘ) আহমদ ছফা **উত্তর: ঘ**


২. **'বাঙালি মুসলমানদের মন' গ্রন্থটির লেখক কে?** [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ক) এস ওয়াজেদ আলী খ) আহমদ ছফা
গ) ফররুখ আহমদ ঘ) গোলাম মোস্তফা **উত্তর: খ**

৩. **'বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস' গ্রন্থের লেখক কে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
ক) আহমদ কবির খ) হাসান হাফিজুর রহমান
গ) আহমদ শরীফ ঘ) আহমদ ছফা **উত্তর: ঘ**

৪. **নিচের কোনটি সঠিক?** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭]
ক) সংশপ্তক - জহির রায়হান
খ) সত্যের মত বদমাস - সেলিনা হোসেন
গ) গাভী বৃত্তান্ত - আহমদ ছফা
ঘ) হাঙর নদী গ্রেনেড - সুফিয়া কামাল **উত্তর: গ**

৫. **কোন উপন্যাস অবলম্বনে 'বাঙলা' নামে চলচ্চিত্র নির্মিত হয়েছে?** [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ক) মা খ) পড়শ্রী খণ্ড
গ) ওঙ্কার ঘ) অলীক মানুষ **উত্তর: গ**

নির্মলেন্দু গুণ (১৯৪৫ খ্রি. -)



নির্মলেন্দু গুণকে বাংলাদেশের কবিদের কবি বলা হয়।

কাব্যগ্রন্থ

- প্রেমাংশুর রক্ত চাই : গ্রন্থের বিখ্যাত কবিতা হুলিয়া।
- চাষাভূষার কাব্য : গ্রন্থের বিখ্যাত কবিতা স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো। কবিতাটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণের পটভূমিতে রচিত। কবিতাটির বিখ্যাত পঙ্‌ক্তি-

একটি কবিতা পড়া হবে, তার জন্যে কী ব্যাকুল
প্রতীক্ষা মানুষের: "কখন আসবে কবি?" "কখন আসবে কবি"?

- বাংলার মাটি বাংলার জল : গ্রন্থের বিখ্যাত কবিতা আমি আজ কারো রক্ত চাইতে আসিনি। কবিতাটির উল্লেখযোগ্য পঙ্‌ক্তি-

সমবেত সকলের মতো আমি গোলাপ ফুল খুব ভালবাসি,
রেসকোর্স পার হয়ে যেতে সেই সব
গোলাপের একটি গোলাপ গতকাল আমাকে বলেছে,
আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি।

- না প্রেমিক না বিপ্লবী
- পঞ্চাশ সহস্র বর্ষ
- দূর হ দুঃশাসন
- মুজিব-লেলিন-ইন্দিরা

ছোটগল্প

- আপন দলের মানুষ

ছোটদের উপন্যাস

- কালো মেঘের ভেলা
- বাবা যখন ছোট ছিলেন

MCQ Solution

১. **'চাষাভূষার কাব্য' কার রচনা?** [সাধারণ বীমা কর্পোরেশন জুনিয়র অফিসার : ১৯]
ক) নির্মলেন্দু গুণ খ) শামসুর রাহমান
গ) সৈয়দ শামসুল হক ঘ) আহমদ ছফা **উত্তর: ক**

২. **কোনটি নির্মলেন্দু গুণের কাব্যগ্রন্থ?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
ক) তবক দেওয়া পান খ) বাংলার মাটি বাংলার জল
গ) চুনিয়া আমার আর্কেডিয়া
ঘ) রৌদ্রে প্রতিধ্বনি **উত্তর: খ**

৩. **'মুজিব-লেনিন-ইন্দিরা' কাব্যগ্রন্থের লেখক কে?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ক) শওকত আলী খ) মহাদেব সাহা
গ) নির্মলেন্দু গুণ ঘ) আসাদ চৌধুরী **উত্তর: গ**

৪. **'হুলিয়া' কবিতা কার রচনা?** [৩৫তম বিসিএস/ দুর্নীতি দমন কমিশন এর কনস্টেবল : ২২/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকর্তা : ২২]
ক) আবুল হাসান গ) মহাদেব সাহা
খ) আবুল হোসেন ঘ) নির্মলেন্দু গুণ **উত্তর: ঘ**

৫. **'স্বাধীনতা' এই শব্দটি কীভাবে আমাদের হলো- কবিতাটি কোন কবির রচনা?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক) আহসান হাবীব খ) নির্মলেন্দু গুণ
গ) রফিক আজাদ ঘ) মহাদেব সাহা **উত্তর: খ**

৬. **'৭ই মার্চের পটভূমিতে রচিত কবিতা-** [স্বাস্থ্য ও সেবা অধিদপ্তরের নকশারকার ড্রাফটম্যান : ২২]
ক) 'বাতাসে লাশের গন্ধ'- রুদ্র মুহম্মদ শহীদুল্লাহ
খ) 'স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো'- নির্মলেন্দু গুণ
গ) 'বুক তার বাংলাদেশের হৃদয়'- শামসুর রাহমান
ঘ) 'আমার পরিচয়'- সৈয়দ শামসুল হক **উত্তর: খ**

৭. **"একটি কবিতা পড়া হবে, তার জন্যে কী ব্যাকুল প্রতীক্ষা মানুয়ের "কখন আসবে কবি?" "কখন আসবে কবি?' পঙ্‌ক্তিটির রচয়িতা কে?"** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ক) নির্মলেন্দু গুণ খ) রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ
গ) শামসুর রাহমান ঘ) ফরহাদ মজহার **উত্তর: ক**

৮. **"সমবেত সকলের মতো আমি গোলাপ ফুল খুব ভালবাসি, রেসকোর্স পার হয়ে যেতে সেই সব গোলাপের একটি গোলাপ গতকাল আমাকে বলেছে, আমি যেন কবিতায় শেখ মুজিবের কথা বলি।"– উদ্ধৃতটি কোন কবির কবিতাংশ?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সহকারী পরিচালক : ৯৯]
ⓚ হুমায়ুন আজাদ ⓚ নির্মলেন্দু গুণ
ⓖ রফিক আজাদ ⓖ মহাদেব সাহা **উত্তর:** খ

হুমায়ুন আজাদ (১৯৪৭ – ২০০৪)



হুমায়ুন আজাদ মুন্সিগঞ্জ জেলার বিক্রমপুরে নানিবাড়িতে জন্মগ্রহণ করেন। তিনি বাংলা একাডেমি পুরস্কার (১৯৮৬) লাভ করেন। তিনি বাংলা ভাষা ও সাহিত্যে একজন গবেষক হিসেবে স্বীকৃতি পেয়েছেন। জার্মানির মিউনিখে তিনি শেষ নিঃশেষ ত্যাগ করেন।

কাব্যগ্রন্থ
- অলৌকিক ইস্টিমার (১৯৭৩) : তাঁর প্রথম প্রকাশিত কাব্য।
- জ্বলো চিতাবাঘ
- কাফনে মোড়া অশ্রুবিন্দু
- সবকিছু নষ্টদের অধিকারে যাবে

কবিতা
- ফাগুন মাস

উপন্যাস
- পাক সার জমিন সাদ বাদ
- সব কিছু ভেঙে পড়ে
- ছাপান্ন হাজার বর্গমাইল

গল্প
- যাদুকরের মৃত্যু

গবেষণা/প্রবন্ধ গ্রন্থ
- কতো নদী সরোবর বা বাংলা ভাষার জীবনী : উল্লেখযোগ্য প্রবন্ধ বাঙলা শব্দ, বাংলা ভাষার জন্মকথা।
- লাল নীল দীপাবলি
- নারী
- দ্বিতীয় লিঙ্গ
- বাংলা ভাষার শত্রুমিত্র
- শামসুর রাহমান : নিঃসঙ্গ শেরপা
- নিবিড় নীলিমা

প্রবন্ধ
- শব্দ থেকে কবিতা

ভাষাতত্ত্ব
- তুলনামূলক ও ঐতিহাসিক ভাষা বিজ্ঞান (১৯৮৮)
- বাক্যতত্ত্ব (১৯৮৪)

সাক্ষাৎকার
- আততায়ীদের সাথে কথোপকথন

MCQ Solution

১. **'অলৌকিক ইস্টিমার' গ্রন্থের রচয়িতা কে?** [৩৭তম বিসিএস]
ⓚ হুমায়ুন আজাদ ⓚ হেলাল হাফিজ
ⓖ আসাদ চৌধুরী ⓖ রফিক আজাদ **উত্তর:** ক

২. **'সবকিছু নষ্টদের অধিকারে যাবে' গ্রন্থটির রচয়িতা কে?** [৪১তম বিসিএস]
ⓚ সুকান্ত ভট্টাচার্য ⓚ সৈয়দ আলী আহসান
ⓖ হুমায়ুন আজাদ ⓖ নির্মলেন্দু গুণ **উত্তর:** গ

৩. **হুমায়ুন আজাদের রচনা কোনটি?** [ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ শঙ্খনীল কারাগার ⓚ নূরজাহান
ⓖ হিমু ⓖ লাল নীল দীপাবলি **উত্তর:** ঘ

৪. **হুমায়ুন আজাদ রচিত শিশু-কিশোরদের গ্রন্থ কোনটি?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ⓚ লাল নীল দীপাবলি ⓚ অচিন যাদুকর
ⓖ ঘুম ভাঙানো নদী ⓖ ফুল পাখি সৌরভ **উত্তর:** ক


৫. **'ছাপান্ন হাজার বর্গমাইল' গ্রন্থের লেখক কে?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓚ সৈয়দ শামসুল হক ⓚ আখতারুজ্জামান ইলিয়াস
ⓖ শামসুর রাহমান ⓖ হুমায়ুন আজাদ **উত্তর:** ঘ

৬. **'পাক সার জমিন সাদ বাদ' বইটির লেখক-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ⓚ শামসুর রাহমান ⓚ মুহম্মদ জাফর ইকবাল
ⓖ হুমায়ূন আহমেদ ⓖ হুমায়ুন আজাদ **উত্তর:** ঘ

৭. **'আততায়ীদের সাথে কথোপকথন' কার লেখা?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ⓚ শামসুর রাহমান ⓚ হুমায়ূন আহমেদ
ⓖ হুমায়ুন আজাদ ⓖ আবুল হাসান **উত্তর:** গ

৮. **নিচের কোন দু'জন লেখক বাংলাদেশ রাষ্ট্রের বাইরে মৃত্যুবরণ করেছেন?** [রূপালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১৩]
ⓚ রণেশ দাশগুপ্ত, হুমায়ুন আজাদ
ⓚ হাসান হাফিজুর রহমান, জিয়া হায়দার
ⓖ সৈয়দ ওয়ালীউল্লাহ, আবু হেনা মোস্তফা কামাল
ⓖ হুমায়ুন আজাদ, মোহাম্মদ মনিরুজ্জামান **উত্তর:** ক

সেলিনা হোসেন (১৯৪৭ খ্রি. -)



সেলিনা হোসেন রাজশাহী শহরে জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক নিবাস লক্ষ্মীপুর জেলার হাজিরপাড়া গ্রামে।

উপন্যাস
- হাঙর নদী গ্রেনেড : মুক্তিযুদ্ধভিত্তিক।
- যাপিত জীবন : ভাষা আন্দোলনভিত্তিক।
- নিরন্তর ঘণ্টাধ্বনি : ভাষা আন্দোলনভিত্তিক।

- গায়ত্রী সন্ধ্যা : উপন্যাসটির অংশবিশেষ রক্তে ভেজা একুশ শিরোনামে সংকলিত হয়।
- জলোচ্ছ্বাস
- চাঁদবেনে
- নীল ময়ূরের যৌবন
- মগ্ন চৈতন্যে শিস
- কাঁটাতারে প্রজাপতি
- পোকা মাকড়ের ঘরবসতি
- দীপান্বিতা

গল্পগ্রন্থ

- উৎস থেকে নিরন্তর
- মুক্তিযুদ্ধের গল্প
- খোলকরতাল
- মানুষটি

শিশুতোষ

- সাগর
- চাঁদের বুড়ির পান্তা ইলিশ
- বর্ণমালার গল্প
- জ্যোৎস্নার রঙে আঁকা ছবি

প্রবন্ধ

- একাত্তরের ঢাকা : মুক্তিযুদ্ধভিত্তিক।

MCQ Solution

১. **'জলোচ্ছ্বাস' উপন্যাসের রচয়িতা কে?** [সিজিএ- কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ⓚ সেলিম আল দীন ⓦ সেলিনা হোসেন
ⓖ জহির রায়হান ⓘ জাহানারা ইমাম **উত্তর:** খ

২. **'যাপিত জীবন' উপন্যাসের রচয়িতা কে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) : ১৮]
ⓚ রাবেয়া খাতুন ⓦ রিজিয়া রহমান
ⓖ সেলিনা হোসেন ⓘ নাসরিন জাহান **উত্তর:** গ

৩. **সেলিনা হোসেন এর 'যাপিত জীবন' উপন্যাসটি কোন পটভূমিতে রচিত?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ স্বদেশী আন্দোলন ⓦ ভাষা আন্দোলন
ⓖ মুক্তিযুদ্ধ ⓘ ফরায়েজী আন্দোলন **উত্তর:** খ

৪. **'মগ্ন চৈতন্যে শিস' উপন্যাসের রচয়িতা কে?** [পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ⓚ সৈয়দ শামসুল হক ⓦ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ⓖ সেলিনা হোসেন ⓘ খালেদা এদিব চৌধুরী **উত্তর:** গ

৫. **'গায়ত্রী সন্ধ্যা' কার রচনা?** [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে সহকারী প্রোগ্রামার : ১৭]
ⓚ রিজিয়া রহমান ⓦ দিলারা হাশেম
ⓖ আকিমুন রহমান ⓘ সেলিনা হোসেন **উত্তর:** ঘ

৬. **'নীল ময়ূরের যৌবন' উপন্যাসের রচয়িতার নাম-** [বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সিনিয়র ইন্সট্রাক্টর : ২১]
ⓚ সুফিয়া কামাল ⓦ রাজিয়া বেগম
ⓖ রাবেয়া খাতুন ⓘ সেলিনা হোসেন **উত্তর:** ঘ

৭. **'কাঁটাতারে প্রজাপতি' কে লিখেছেন?** [রাবি (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ নাসরীন জাহান ⓦ সেলিনা হোসেন
ⓖ নূরজাহান বেগম ⓘ পূরবী বসু **উত্তর:** খ

৮. **সেলিনা হোসেন রচিত গল্পগ্রন্থ কোনটি?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ⓚ দোযখের ওম ⓦ ময়ূরীর মুখ পঞ্চ
ⓖ কালো মাফলার ⓘ খোল করতাল **উত্তর:** ঘ

৯. **সেলিনা হোসেন রচিত নিচের গ্রন্থসমূহের মধ্যে কোনটি ভাষা আন্দোলনের পটভূমিতে রচিত?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাব রক্ষক : ২১]
ⓚ যাপিত জীবন ⓦ খোল করতাল
ⓖ নিরন্তর ঘণ্টাধ্বনি ⓘ গায়ত্রী সন্ধ্যা **উত্তর:** গ

১০. **সেলিনা হোসেন রচিত গল্প হচ্ছে -** [বিভিন্ন মন্ত্রণালয়ের অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা (মুক্তিযোদ্ধা) : ১৮]
ⓚ সীমানা ⓦ মানুষটি
ⓖ আসন্ন ⓘ জাহাজী **উত্তর:** খ

হুমায়ূন আহমেদ (১৯৪৮ - ২০১২)



হুমায়ূন আহমেদ নেত্রকোণার মোহনগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি যুক্তরাষ্ট্রের নিউয়র্কে মৃত্যুবরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা দিয়ে তাঁর কর্মজীবন শুরু হয়। হুমায়ূন আহমেদ বাংলা সাহিত্যে মূলত 'কথা-সাহিত্যিক' হিসেবে পরিচিত। তিনি ছিলেন বাংলাদেশের আধুনিক ঔপন্যাসিকদের মধ্যে সর্বশ্রেষ্ঠ।

উপন্যাস

- নন্দিত নরকে : প্রথম উপন্যাস। লেখকশিবির পুরস্কারপ্রাপ্ত।
- দেয়াল : রাজনৈতিক উপন্যাস।
- কে কথা কয় : প্রধান চরিত্র মতিন, কমল প্রমুখ।
- কোথাও কেউ নেই : প্রধান চরিত্র বাকের ভাই।
- শঙ্খনীল কারাগার
- হিমু
- দূরে কোথায়
- নক্ষত্রের রাত
- নীল অপরাজিতা
- এইসব দিনরাত্রি
- অয়োময়
- রজনী
- দারুচিনি দ্বীপ
- বহুব্রীহি
- আজ রবিবার
- অপরাহ্ণ
- কৃষ্ণপক্ষ
- মিসির আলী
- দীঘির জলে কার ছায়া গো
- আনন্দ বেদনার কাব্য
- তেঁতুল বনে জোৎস্না
- প্রিয়তমেষু
- জয়জয়ন্তী
- এলেবেলে

মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস

- আগুনের পরশমণি : বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের একটি বাস্তব খণ্ডচিত্র। তিনি এই উপন্যাস অবলম্বনে একই শিরোনামে চলচ্চিত্র নির্মাণ করেন - যা ১৯৯৫ সালে শ্রেষ্ঠ ছায়াছবি হিসেবে পুরস্কার পায়।

- জোছনা ও জননীর গল্প
- সূর্যের দিন
- শ্যামল ছায়া
- অনীল বাগচীর একদিন

গল্প

- জাদুকর

স্মৃতিচারণমূলক গ্রন্থ

- আমার ছেলেবেলা : উল্লেখযোগ্য গল্প নিয়তি।

চলচ্চিত্র

- আমার আছে জল
- শ্রাবণ মেঘের দিন
- দুই দুয়ারী
- নয় নম্বর বিপদ সংকেত
- শ্যামল ছায়া
- ঘেঁটুপুত্র কমলা : সর্বশেষ চলচ্চিত্র।

পঙ্‌ক্তি

রোগকে ঘৃণা করা যায়, রোগীকে কেন?

হুমায়ূন আহমেদের উপন্যাস 'অয়োময়', 'বহুব্রীহি', 'এইসব দিনরাত্রি', 'নক্ষত্রের রাত' 'আজ রবিবার' BTV তে নাটক হিসাবে অভিনীত হয়।

MCQ Solution

১. **হুমায়ূন আহমেদের জন্ম কোন জেলায়?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
(ক) ময়মনসিংহ (খ) নেত্রকোণা
(গ) পিরোজপুর (ঘ) ঢাকা **উত্তর:** খ

২. **হুমায়ূন আহমেদ বাংলা সাহিত্যে মূলত কী হিসেবে পরিচিত?** [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫]
(ক) কবি (খ) নাট্যকার
(গ) ঔপন্যাসিক (ঘ) কথা-সাহিত্যিক **উত্তর:** ঘ

৩. **বাংলাদেশের আধুনিক উপন্যাসিকদের মধ্যে সর্বাধিক বিশিষ্ট ঔপন্যাসিক কে?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]
(ক) আবু ইসহাক (খ) শওকত আলী
(গ) সফীউদ্দীন সরকার (ঘ) হুমায়ূন আহমেদ **উত্তর:** ঘ

৪. **'অয়োময়' নাটকটির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]
(ক) ইমদাদুল হক মিলন
(খ) সুনীল গঙ্গোপাধ্যায়
(গ) মমতাজউদদীন আহমদ
(ঘ) হুমায়ূন আহমেদ **উত্তর:** ঘ

৫. **'আজ রবিবার' নাটকটি কে রচনা করেন?** [বাংলাদেশ কৃষি ব্যাংক সুপারভাইজার : ১২]
(ক) হুমায়ূন আহমেদ (খ) মাসুম রেজা
(গ) মোজাম্মেল হক (ঘ) সেলিনা হোসেন **উত্তর:** ক

৬. **'হিমু' নাটকটির রচয়িতা কে?** [NSI- এর ডেসপাচ রাইডার : ২১]
(ক) রুমানা আফরোজ (খ) সৈয়দ শামসুল হক
(গ) মমতাজউদদীন আহমদ (ঘ) হুমায়ূন আহমেদ **উত্তর:** ঘ

৭. **'বহুব্রীহি' বইটির রচয়িতা কে?** [সমবায় অধিদপ্তরের সমবায় অফিসার (২য় শ্রেণি) : ৯৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
(ক) ইমদাদুল হক মিলন (খ) সুনীলকুমার মুখোপাধ্যায়
(গ) হুমায়ূন আহমেদ (ঘ) মমতাজউদদীন আহমদ **উত্তর:** গ

৮. **'অপরাহ্ণ' নাটকটির রচয়িতা কে?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা) : ১৩]
(ক) মমতাজউদদীন আহমদ
(খ) রাবেয়া খাতুন
(গ) হুমায়ূন আহমেদ
(ঘ) আবদুল্লাহ আল মামুন **উত্তর:** গ

৯. **'এইসব দিনরাত্রি' নাটকটির লেখক-** [কর্মসংস্থান ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৫]
(ক) হুমায়ূন আহমেদ (খ) আবদুল্লাহ আল মামুন
(গ) কল্যাণ মিত্র (ঘ) ইমদাদুল হক মিলন **উত্তর:** ক

১০. **প্রখ্যাত ঔপন্যাসিক হুমায়ূন আহমেদ-এর প্রথম উপন্যাস-** [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব (প্রশাসন) : ১৩]
(ক) দারুচিনি দ্বীপ (খ) আগুনের পরশমণি
(গ) কে কথা কয় (ঘ) শঙ্খনীল কারাগার **উত্তর:**
ব্যাখ্যা: হুমায়ূন আহমেদের প্রথম উপন্যাস নন্দিত নরকে।

১১. **'নন্দিত নরকে' কার লেখা উপন্যাস?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২০]
(ক) জহির রায়হান (খ) রবীন্দ্রনাথ ঠাকুর
(গ) হুমায়ূন আহমেদ (ঘ) কাজী নজরুল ইসলাম **উত্তর:** গ

১২. **'শঙ্খনীল কারাগার' উপন্যাসটি কার লেখা?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর : ১৭]
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) হুমায়ুন আজাদ
(গ) আলাউদ্দিন আল আজাদ (ঘ) হুমায়ূন আহমেদ **উত্তর :** ঘ

১৩. **মতিন ও কমল নামের চরিত্রকে কেন্দ্র করে একটি শিশুর আত্মানুসন্ধান প্রকাশিত হয় হুমায়ূন আহমেদের কোন উপন্যাসে?** [৮ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১৩]
(ক) আগুনের পরশমণি (খ) এইসব দিনরাত্রি
(গ) দুই দুয়ারী (ঘ) কে কথা কয় **উত্তর :** ঘ

১৪. **'এলেবেলে' বইটি কার লেখা?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]
(ক) শঙ্কর (খ) তারাশঙ্কর
(গ) হুমায়ূন আহমেদ (ঘ) যাযাবর **উত্তর:** গ

১৫. **'নীল অপরাজিতা'- উপন্যাসটির রচয়িতা কে?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম
(গ) শামসুর রাহমান (ঘ) হুমায়ূন আহমেদ **উত্তর:** ঘ

১৬. **কোনটি হুমায়ূন আহমেদ রচিত উপন্যাস?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার : ১২]
(ক) আনন্দ বেদনার কাব্য (খ) নদী ও মানুষের কবিতা
(গ) দিবারাত্রির কাব্য (ঘ) পুঁই ডালিমের কাব্য **উত্তর:** ক

১৭. **'আগুনের পরশমণি'র রচয়িতা কে?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর এরোড্রাম ফায়ার লিডার : ২১]
ক) শওকত ওসমান খ) রশীদ হায়দার
গ) সেলিনা হোসেন ঘ) হুমায়ূন আহমেদ **উত্তর:** ঘ

১৮. **কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা : ২২]
ক) আগুনের পরশমণি খ) পায়ের আওয়াজ পাওয়া যায়
গ) চিলেকোঠার সিপাই ঘ) একাত্তরের দিনগুলি **উত্তর:** ক

১৯. **'আগুনের পরশমণি' উপন্যাসের উপজীব্য বিষয় কি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ক) মুক্তিযুদ্ধ খ) ভাষা আন্দোলন
গ) বঙ্গভঙ্গ আন্দোলন ঘ) তেভাগা আন্দোলন **উত্তর:** ক

২০. **'আগুনের পরশমণি' গ্রন্থটির চলচ্চিত্রায়নে ফুটে উঠেছে-** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩]
ক) বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের একটি বাস্তব খণ্ডচিত্র
খ) ১৯৬৯-এর গণ-অভ্যুত্থানের বিজয়ের চিত্র
গ) মানুষের চাওয়া-পাওয়ার ক্ষুদ্র চিত্র
ঘ) লোভ-লালসার নিন্দনীয় চিত্র **উত্তর:** ক

২১. **হুমায়ূন আহমেদ-এর কোন উপন্যাসটি মুক্তিযুদ্ধ নিয়ে লেখা?** [তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকতা : ২২]
ক) শঙ্খনীল কারাগার খ) জোছনা ও জননীর গল্প
গ) তেঁতুল বনে জোৎস্না ঘ) নন্দিত নরকে **উত্তর :** খ

২২. **'অনীল বাগচীর একদিন' উপন্যাসটির রচয়িতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ক) হুমায়ূন আহমেদ খ) সেলিনা হোসেন
গ) হুমায়ুন আজাদ ঘ) সৈয়দ শামসুল হক **উত্তর:** ক

২৩. **'ঘেটুপুত্র কমলা' চলচ্চিত্রের পরিচালক কে?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩]
ক) মোরশেদুল ইসলাম খ) সুভাষ দত্ত
গ) হুমায়ূন আহমেদ ঘ) চাষী নজরুল ইসলাম **উত্তর:** গ

২৪. **'বাকের ভাই' চরিত্রটি আমার কোথায় দেখতে পাই?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন অ্যাডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার : ০৬]
ক) মঞ্চ নাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়'-তে
খ) 'সংশপ্তক' উপন্যাসের টিভি সিরিয়ালে
গ) টিভি সিরিয়াল 'কোথাও কেউ নেই'-তে
ঘ) হুমায়ূন আহমেদের টিভি সিরিয়াল 'বহুব্রীহি'-তে **উত্তর:** গ

২৫. **'দেয়াল' রচনাটি কার?** [৩৪তম বিসিএস]
ক) হুমায়ূন আহমেদ খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ) বুদ্ধদেব বসু ঘ) সেলিনা হোসেন **উত্তর:** ক

২৬. **নন্দিত ঔপন্যাসিক হুমায়ূন আহমেদ - এর 'দেয়াল'-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী) : ১৫]
ক) সামাজিক উপন্যাস
খ) একটি রাজনৈতিক উপন্যাস
গ) পরাবাস্তববাদী উপন্যাস
ঘ) প্রেমের উপন্যাস **উত্তর:** খ

২৭. **হুমায়ূন আহমেদের কোন বইটি মুক্তিযুদ্ধবিষয়ক নয়?** [উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার (ক্যাশ) : ১১]
ক) শ্যামল ছায়া খ) জোছনা ও জননীর গল্প
গ) সূর্যের দিন ঘ) কোথাও কেউ নেই **উত্তর:** ঘ

২৮. **'দীঘির জলে কার ছায়া গো' এটি-** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ক) কবিতার বই খ) নাটক
গ) উপন্যাস ঘ) কোনোটিই নয় **উত্তর:** গ

২৯. **"রোগকে ঘৃণা করা যায়, রোগীকে কেন"?- একথা কে বলেছেন?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ১৭]
ক) জহির রায়হান খ) আলমগীর কবির
গ) হুমায়ূন আহমেদ ঘ) হুমায়ুন আজাদ **উত্তর:** গ

সেলিম আল দীন (১৯৪৯ - ২০০৮)



নাট্যচার্য সেলিম আল দীন ফেনীর সোনাগাজী উপজেলার সেনেরখিল গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলা ভাষার আধুনিককাল পর্বের অন্যতম নাট্যকার ও বাংলা কথা নাট্যের পথিকৃৎ। বাংলা নাটকের ফর্ম ও ভাষা নিয়ে তিনি নিরীক্ষাধর্মী কাজ করেন। তিনি বাংলা নাটকে 'বর্ণনাত্মক রীতি'র সার্থক প্রয়োগ ঘটান। 'ঢাকা থিয়েটার' এর সাংগঠনিক কাঠামো থেকে তিনি তাঁর সুবিস্তৃত নিরীক্ষামূলক নাট্য রচনা ও তত্ত্ব প্রতিষ্ঠা করতে সক্ষম হন। সেলিম আল দীন নাট্য-নির্দেশক নাসির উদ্দিন ইউসুফকে নিয়ে সারাদেশে গড়ে তোলেন 'বাংলাদেশ গ্রাম থিয়েটার'। নিউ এথ নিক থিয়েটারের জনকও তিনি। তিনি বাংলা একাডেমি পুরস্কার (১৯৮৪) এবং একুশে পদক (২০০৭) লাভ করেন।

নাটক

- মুনতাসির ফ্যান্টাসী
- কেরামতমঙ্গল
- বনপাংশুল
- জন্ডিস ও বিবিধ বেলুন
- চাকা
- নিমজ্জন
- এক্সপ্লোসিভ ও মূল সমস্যা
- হাতহদাই
- যৈবতী কন্যার মন
- হরগজ
- চর কাঁকড়ার ডকুমেন্টারি
- সংবাদ কার্টুন
- কিত্তনখোলা : নাটকটির পটভূমি একটি মেলা (লোকায়ত বিনোদন) কে কেন্দ্র করে।

MCQ Solution

১. **বাংলাদেশে নতুন ধারার নাটকের পথিকৃৎ কে?** [পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) : ১৯]
ক) সৈয়দ শামসুল হক খ) আলাউদ্দিন আল আজাদ
গ) সেলিম আল দীন ঘ) আবদুল্লাহ আল মামুন **উত্তর:** গ

২. **বাংলাদেশের নাটকে 'কথানাট্যে'র পথিকৃৎ-** [সোনালী, রূপালী, জনতা ব্যাংক লি. সহকারী প্রকৌশলী : ২১]
ⓚ সেলিম আল দীন ⓚ আবদুল্লাহ আল মামুন
ⓖ সৈয়দ শামসুল হক ⓖ মান্নান হীরা **উত্তর:** ক

৩. **বাংলা নাটকের ফর্ম ও ভাষা নিয়ে নিরীক্ষাধর্মী কাজ করেছেন-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক (সাধারণ) : ১৮]
ⓚ কায়েস আহমেদ ⓚ মঈনুল আহসান সাবের
ⓖ মামুন আহমেদ ⓖ সেলিম আল দীন **উত্তর:** ঘ

৪. **বাংলাদেশের নাটকে 'বর্ণনাত্মক রীতি'র সার্থক প্রয়োগ কে ঘটান?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AL ইউনিট) : ১৮-১৯]
ⓚ সেলিম আল দীন ⓚ বিহারীলাল চক্রবর্তী
ⓖমামুনুর রশিদ ⓖ আব্দুল্লাহ মামুন **উত্তর:** ক

৫. **নাট্যকার সেলিম আল দীন ঢাকার কোন নাট্যদলের সঙ্গে যুক্ত ছিলেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ১ ইউনিট) : ১৭-১৮]
ⓚ নাট্যকেন্দ্র ⓚ থিয়েটার তোপখানা
ⓖ ঢাকা থিয়েটার ⓖ থিয়েটার **উত্তর:** গ

৬. **বাংলাদেশে 'গ্রাম থিয়েটারে'র প্রবর্তক কে?** [৩৭তম বিসিএস]
ⓚ আবদুল্লাহ আল মামুন
ⓚ মমতাজউদদীন আহমদ
ⓖ সেলিম আল দীন
ⓖ রামেন্দু মজুমদার **উত্তর:** গ

৭. **'নাসিরউদ্দীন ইউসুফ' একজন-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ১১-১২]
ⓚ নাট্যনির্দেশক ⓚ অভিনেতা
ⓖ কবি ⓖ অর্থনীতিবিদ **উত্তর:** ক

৮. **Which of these playwrights is renowned for ethnic theatre?** [Jahangirnagar University Department of English (C-2) : 13-14]
ⓚRabindranath Tagore
ⓚ Selim Al Deen
ⓖ Munir Chowdhury
ⓖ Syed Shamsul Haque **উত্তর:** খ

৯. **কোন নাটকটি সেলিম আল দীনের?** [২৬তম বিসিএস/ বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]
ⓚ কবর ⓚ পায়ের আওয়াজ পাওয়া যায়
ⓖ সুবচন নির্বাসনে ⓖ মুনতাসির ফ্যান্টাসী **উত্তর:** ঘ

১০. **'জন্ডিস ও বিবিধ বেলুন', 'এক্সপ্লোসিভ ও মূল সমস্যা' 'চরকাকড়ার ডকুমেন্টারি' প্রভৃতি নাটকের নাট্যকার-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩]
ⓚ সৈয়দ শামসুল হক ⓚ সেলিম আল দীন
ⓖ আবদুল্লাহ আল মামুন ⓖ মুনীর চৌধুরী **উত্তর:** খ

১১. **'কিত্তনখোলা' নাটকটির রচয়িতা কে?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল অ্যাডজুটেন্ট : ১০০]
ⓚ জিয়া হায়দার ⓚ সেলিম আল দীন
ⓖ দীনবন্ধু মিত্র ⓖ ইব্রাহীম খলিল **উত্তর:** খ

১২. **'কিত্তনখোলা' নাটকটির বিষয়-** [৪২তম (বিশেষ) বিসিএস]
ⓚ যন্ত্রণাদগ্ধ শহর জীবন
ⓚ স্নিগ্ধ-শ্যামল প্রকৃতির রূপ
ⓖ লোকায়ত জীবন-সংস্কৃতি
ⓖ দেশবিভাগ জনিত জীবন যন্ত্রণা **উত্তর:** গ

১৩. **সেলিম আল দীনের নাটক-** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]
ⓚ স্বপ্নমঙ্গল ⓚ রুদ্রমঙ্গল
ⓖ কেরামতমঙ্গল ⓖ মনসামঙ্গল **উত্তর:** গ

১৪. **সেলিম আল দীন রচিত 'চাকা' একটি-** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৫]
ⓚ উপন্যাস ⓚ কবিতা
ⓖ ছোটগল্প ⓖ কাব্যনাট্য **উত্তর:** ঘ

১৫. **সেলিম আল দীন রচিত নাটক হচ্ছে -** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর : ১৮]
ⓚ রক্তাক্ত প্রান্তর ⓚ হাতহদাই
ⓖ দ্যাশের মানুষ ⓖ ঠাট্টা তামাশা **উত্তর:** খ

১৬. **কোনটি সেলিম আল দীন রচিত নাটক?** [মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩]
ⓚ খোলা দুয়ার ⓚ এখানে এখন
ⓖ এখনও ক্রীতদাস ⓖ বনপাংশুল **উত্তর:** ঘ

১৭. **'যৈবতী কন্যার মন' নাটকের রচয়িতা কে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ⓚ আব্দুল্লাহ আল মামুন ⓚ আসকার ইবনে শাইখ
ⓖ মামুনুর রশীদ ⓖ সেলিম আল দীন **উত্তর:** ঘ

১৮. **কোনটি সেলিম আল দীনের নাটক নয়?** [চবি (চ ইউনিট) : ১৪-১৫]
ⓚ গণনায়ক ⓚ কিত্তনখোলা
ⓖ সংবাদ কার্টুন ⓖ হাত হদাই **উত্তর:** ক

মুহম্মদ জাফর ইকবাল (১৯৫২ -)



মুহম্মদ জাফর ইকবাল সিলেটে জন্মগ্রহণ করেন। তাঁর পৈত্রিক নিবাস নেত্রকোণা জেলায়। তিনি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করছেন। তিনি বাংলা ভাষায় রচিত বৈজ্ঞানিক কল্পকাহিনীর একচ্ছত্র সম্রাট।

বৈজ্ঞানিক কল্পকাহিনী (Science fictions)

- কপোট্রনিক সুখ দুঃখ : লেখকের প্রথম সায়েন্স ফিকসন।
- মহাকাশে মহাত্রাস
- টুকুনজিল
- নিঃসঙ্গ গ্রহচারী
- একজন অতিমানবী
- প্রজেক্ট নেবুলা
- ক্রেমিয়াম অরণ্য
- ক্রুগো
- ট্রাইটন একটি গ্রহের নাম
- রবোনগরী

- জলজ : উল্লেখযোগ্য গল্প মহাজাগতিক কিউরেটর।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার জন্য অধিক উপযোগী

মহাজাগতিক কিউরেটর গল্পটির উপজীব্য পৃথিবীর শ্রেষ্ঠ প্রাণীর নমুনা সংগ্রহ করতে গিয়ে মহাজাগতিক কাউন্সিলের দুইজন কিউরেটরের সংলাপ। প্রজাতির যাচাই-বাছাইকালে তারা লক্ষ্য করেন 'ভাইরাস কিংবা ব্যাকটেরিয়া বেশি ছোট; এর গঠন এত সহজ এর মাঝে কোনো বৈচিত্র্য নেই।' তাই ভাইরাস বা ব্যাকটেরিয়া তাদের পছন্দ হয় না। আবার মানুষ 'সমাজবদ্ধ হয়ে থাকে। এদের কেউ শ্রমিক, কেউ সৈনিক, কেউ বুদ্ধিজীবী।' কিন্তু মাত্র দুই মিলিয়ন বছর আগে জন্মগ্রহণকারী মানুষ আজ নিজেদের বিপন্ন করে ফেলেছে। তাই মানুষের নির্বুদ্ধিতায় তারা শঙ্কিত হয়। অবশেষে পৃথিবীর শ্রেষ্ঠ প্রজাতি হিসেবে তারা পিঁপড়াকে সনাক্ত করে।

বিজ্ঞান ও গণিত বিষয়ক

- নিউরণে অনুরণন
- একটুখানি বিজ্ঞান
- গণিতে মজা মজার গণিত
- বিগ ব্যাং থেকে হোমো স্যাপিয়েন্স

কিশোর উপন্যাস

- আমার বন্ধু রাশেদ : মুক্তিযুদ্ধভিত্তিক। উপন্যাসটি অবলম্বনে চলচ্চিত্র নির্মাণ করেন মোরশেদুল ইসলাম।
- দীপু নাম্বার টু
- আমি তপু
- বৃষ্টির ঠিকানা
- নিতু ও তার বন্ধুরা
- হাতকাটা রবিন

কিশোর গল্প

- আমড়া ও ক্র্যাব নেবুলা

MCQ Solution

১. **মুহম্মদ জাফর ইকবালের পৈতৃক নিবাস কোন জেলায়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৯-২০]
ⓚ ঢাকা ⓦ বগুড়া
ⓖ সিলেট ⓖh নেত্রকোণা **উত্তর:** ঘ

২. **জনপ্রিয় ঔপন্যাসিক জাফর ইকবালের প্রথম প্রকাশিত সায়েন্স ফিকশন হলো-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৩]
ⓚ নিঃসঙ্গ গ্রহচারী ⓦ রাজু ও আগুনালির ভূত
ⓖ কপোট্রনিক সুখ দুখ ⓖh যারা বায়োবট **উত্তর:** গ

\# **'মহাজাগতিক কিউরেটর' গল্পটি মুহম্মদ জাফর ইকবালের কোন গ্রন্থের অন্তর্গত?** [জাবি (চ ইউনিট) : ১৯-২০]
ⓚ নিঃসঙ্গ গ্রহচারী ⓦ জলজ
ⓖ মানুষ ⓖh আমি ও তপু **উত্তর:** খ

\# **'এই ভাইরাস কিংবা ব্যাকটেরিয়া বেশি ছোট; এর গঠন এত সহজ এর মাঝে কোনো বৈচিত্র্য নেই।' উক্তিটি কোন লেখার অন্তর্গত?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৯-২০]
ⓚ আত্মচরিত ⓦ মহাজাগতিক কিউরেটর
ⓖ নেকলেস ⓖh জীবন ও বৃক্ষ **উত্তর:** খ


\# **'এদের কেউ শ্রমিক, কেউ সৈনিক, কেউ বুদ্ধিজীবী।' বাক্যটি যে রচনা থেকে উদ্ধৃত-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ চাষার দুক্ষু ⓦ মহাজাগতিক কিউরেটর
ⓖ আমার পথ ⓖh জীবন ও বৃক্ষ **উত্তর:** খ

\# **'মহাজাগতিক কিউরেটর' গল্পে মানুষের বয়স কত বছর বলে উল্লেখ করা হয়েছে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
ⓚ দুই মিলিয়ন ⓦ এক মিলিয়ন
ⓖ চার মিলিয়ন ⓖh তিন মিলিয়ন **উত্তর:** ক

\# **'মহাজাগতিক কিউরেটর' গল্পে কোন প্রাণীকে শ্রেষ্ঠ প্রজাতি হিসেবে চিহ্নিত করা হয়েছে?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]
ⓚ মানুষ ⓦ হরিণ
ⓖ হনুমান ⓖh পিঁপড়া **উত্তর:** ঘ

৩. **'আমার বন্ধু রাশেদ' বইটির লেখক কে?** [নার্সিং সেবা অধিদপ্তরের মিডওয়াইফ : ১৭/ ১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ⓚ তানভীর মোকাম্মেল ⓦ অনন্ত হীরা
ⓖ সোহেল আরমান ⓖh মোরশেদুল ইসলাম **উত্তর:**

রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ (১৯৫৬ - ১৯৯১)



রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ বরিশাল জেলায় জন্মগ্রহণ করেন। তিনি 'সম্মিলিত সাংস্কৃতিক জোট' ও 'জাতীয় কবিতা পরিষদ' গঠনে উল্লেখযোগ্য ভূমিকা রাখেন। মূলত স্বাধীনতা-উত্তর (সত্তরের দশকে) বাংলা কবিতায় উচ্চকণ্ঠে প্রতিবাদী কবি হিসেবে তাঁর আবির্ভাব।

কাব্যগ্রন্থ

- উপদ্রুত উপকূল : উল্লেখযোগ্য কবিতা বাতাসে লাশের গন্ধ।
  জাতির পতাকা খামচে ধরেছে আজ সেই পুরনো শকুন।'
  [বাতাসে লাশের গন্ধ]
- মানুষের মানচিত্র : উল্লেখযোগ্য কবিতা মিছিল।
- ছোবল
- ফিরে চাই স্বর্ণগ্রাম

গান

- *ভালো আছি ভালো থেকো, আকাশের ঠিকানায় চিঠি লিখো।*

MCQ Solution

১. **সত্তরের দশকের একজন কবির নাম-** [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপজেলা সমাজসেবা অফিসার : ০৮]
ⓚ আবুল হাসান ⓦ রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ
ⓖ আবু কায়সার ⓖh মোহাম্মদ রফিক **উত্তর:** খ

২. **'মানুষের মানচিত্র' কাব্যের রচয়িতা কে?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৯-২০]
ⓚ শামসুর রাহমান ⓦ রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ
ⓖ রফিক আজাদ ⓖh আহসান হাবীব **উত্তর:** খ

৩. **"জাতির পতাকা আজ খামচে ধরেছে সেই পুরনো শকুন"– স্বাধীনতা বিরোধী শক্তির পুনরুত্থানে রচিত 'বাতাসে লাশের গন্ধ' কবিতার বহুল উচ্চারিত এই পঙ্‌ক্তির বিক্ষুব্ধ কবির নাম-** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ⓚ নির্মলেন্দু গুণ ⓚ রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ
ⓖ শামসুর রাহমান ⓘ মহাদেব সাহা **উত্তর:** খ

একই শিরোনামে একাধিক সাহিত্যকর্ম

গ্রন্থের নাম (ধরন)	রচয়িতা
মরুভাস্কর (প্রবন্ধ)	মোহাম্মদ ওয়াজেদ আলী
মরুভাস্কর (কাব্যগ্রন্থ)	কাজী নজরুল ইসলাম
রজনী (উপন্যাস)	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
রজনী (উপন্যাস)	হুমায়ূন আহমেদ
দেনা-পাওনা (ছোটগল্প)	রবীন্দ্রনাথ ঠাকুর
দেনাপাওনা (উপন্যাস)	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
কৃষ্ণপক্ষ (গল্পগ্রন্থ)	আবদুল গাফফার চৌধুরী
কৃষ্ণপক্ষ (উপন্যাস)	হুমায়ূন আহমেদ
পদ্মাবতী (নাটক)	মাইকেল মধুসূদন দত্ত
পদ্মাবতী (কাব্য)	আলাওল
জননী (উপন্যাস)	মানিক বন্দ্যোপাধ্যায়
জননী (উপন্যাস)	শওকত ওসমান
মানচিত্র (কাব্যগ্রন্থ)	আলাউদ্দিন আল আজাদ
মানচিত্র (নাটক)	আনিস চৌধুরী
মধুমালা (নাটক)	কাজী নজরুল ইসলাম
মধুমালা (নাটক)	জসীমউদ্‌দীন
দেয়াল (উপন্যাস)	আবু জাফর শামসুদ্দীন
দেয়াল (উপন্যাস)	হুমায়ূন আহমেদ
অভিযাত্রিক (কাব্য)	সুফিয়া কামাল
অভিযাত্রিক (ভ্রমণকাহিনী)	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
কবর (নাটক)	মুনীর চৌধুরী
কবর (কবিতা)	জসীমউদ্‌দীন
এলেবেলে (নাটক)	জিয়া হায়দার
এলেবেলে (উপন্যাস)	হুমায়ূন আহমেদ
সিরাজদ্দৌলা(নাটক)	গিরিশচন্দ্র ঘোষ
সিরাজউদ্দৌলা (নাটক)	সিকান্‌দার আবু জাফর

MCQ Solution

১. **'দেনাপাওনা' উপন্যাস ও 'দেনা-পাওনা' ছোটগল্পের লেখক যথাক্রমে-** [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর সহকারী পরিচালক : ০৬]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ও শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓚ অবনীন্দ্রনাথ ঠাকুর ও জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
ⓖ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ও শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓘ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ও রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

২. **'সিরাজদ্দৌলা' নাটকের নাট্যকার-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৮]
ⓚ দ্বিজেন্দ্রলাল রায় ⓚ গিরিশচন্দ্র
ⓖ নুরুল মোমেন ⓘ মুনীর চৌধুরী **উত্তর:** খ

৩. **বাংলাদেশে 'সিরাজউদ্দৌলা' নাটক কে রচনা করেছেন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী অফিসার : ০৫]
ⓚ নুরুল মোমেন ⓚ আসকার ইবনে শাইখ
ⓖ মুনীর চৌধুরী ⓘ সিকান্‌দার আবু জাফর **উত্তর:** ঘ

বিবিধ

১. **নিচের কোন সাহিত্যিক আততায়ীর হাতে ঢাকায় মৃত্যুবরণ করেন?** [৩৫তম বিসিএস]
ⓚ আবুল হাসান ⓖ সোমেন চন্দ
ⓚ হুমায়ুন কবির ⓘ কল্যাণ মিত্র **উত্তর:** গ

২. **গণসাহিত্য শব্দে 'গণ' কথাটি ব্যবহৃত হয়-** [জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৯]
ⓚ সাধারণ মানুষ অর্থে
ⓚ জনগণের রচিত সাহিত্য অর্থে
ⓖ লোকসাহিত্য অর্থে
ⓘ জনগণের জন্য রচিত সাহিত্য অর্থে **উত্তর:** ঘ

বাংলা ভাষা

ভাষা ও বাংলা ভাষা
Bangla Language

ভাষা
মনের ভাব প্রকাশের প্রধান মাধ্যম ভাষা। ভাষা হচ্ছে - ভাব প্রকাশের মাধ্যম। মানুষের মুখে উচ্চারিত অর্থবোধক ও মনোভাব প্রকাশক ধ্বনি সমষ্টিকে ভাষা বলে। সৃষ্টির ইতিহাসে : আগে ভাষা - পরে ব্যাকরণ। ভাষার অন্যতম বৈশিষ্ট্যগুলো হলো- অর্থদ্যোতকতা, মানুষের কণ্ঠনিঃসৃত ধ্বনি এবং জনসমাজে ব্যবহার যোগ্যতা। বিভিন্ন প্রাকৃতিক পরিবেশে অবস্থান করে মানুষ আপন মনোভাব প্রকাশের উদ্দেশ্যে বিভিন্ন বস্তু ও ভাবের জন্য বিভিন্ন ধ্বনির সাহায্যে শব্দের সৃষ্টি করেছে। সেসব শব্দ মূলত নির্দিষ্ট পরিবেশে মানুষের বস্তু ও ভাবের প্রতীক (Symbol) মাত্র।

বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ
পৃথিবীর ভাষাগুলোকে ইন্দো-ইউরোপীয়, চীনা-তিব্বতীয়, আফ্রিকীয়, সেমীয়-হেমীয়, দ্রাবিড়ীয়, অস্ট্রো-এশীয় প্রভৃতি ভাষা-পরিবারে ভাগ করা হয়ে থাকে। ইংরেজি, জার্মান, ফরাসি, হিস্পানি, রুশ, পর্তুগিজ, ফারসি, হিন্দি, উর্দু, নেপালি, সিংহলি প্রভৃতি ভাষার মতো বাংলা ভাষাও ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর সদস্য। ইন্দো-ইউরোপীয় ভাষার শাখা দুটি। যথা - কেন্তম ও শতম। কেন্তম্ ভাষা হতে কতগুলো ভাষার সৃষ্টি হয়। যেমন- গ্রীক, ইতালো-কেলটিক, টিউটোনিক, হিত্তিক ও তুখারিক। হিত্তিক ভাষা ১৫০০ পূ: খ্রিষ্টাব্দে এশিয়া মাইনরে বর্তমান ছিল। তুখারিখ ভাষা চীনীয় তুর্কিস্থানে ৮০০ খ্রিষ্টাব্দে বিদ্যমান ছিল।
ভারতীয় উপমহাদেশের আঞ্চলিক ভাষাগুলোর আদিম উৎস অনার্য ভাষা। আর্যদের (ইন্দো-ইরানিয়ান ভাষার একটি দল) আগমনের পর অনার্য ভাষা ধীরে ধীরে হারিয়ে যায়। আর্যদের ভাষার নাম প্রাচীন 'বৈদিক ভাষা'। বেদের ভাষাকেও বৈদিক ভাষা বলা হয়। পরবর্তীকালে পণ্ডিতগণ বৈদিক ভাষাকে সংস্কার করে একটি সাহিত্যের ভাষায় রূপ দেন। সংস্কারজাত নতুন ভাষাই হলো 'সংস্কৃত ভাষা'। অনেকে বলেন, সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে। কিন্তু আধুনিক পণ্ডিতগণ বাংলা ভাষাকে সংস্কৃতের দুহিতা বলে মেনে নেন নি।
আর্যভাষা তিনটি স্তরে বিভাজিত। যথা-
ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা : বৈদিক ও সংস্কৃত;
খ) মধ্যভারতীয় আর্যভাষা : পালি, প্রাকৃত ও অপভ্রংশ
গ) নব্যভারতীয় আর্যভাষা : বাংলা, উড়িয়া, হিন্দি, মারাঠি ইত্যাদি।
বাংলা ভাষার মূল উৎস প্রাকৃত ভাষা। 'প্রাকৃত' শব্দের শাব্দিক অর্থ হলো 'স্বাভাবিক' এবং ভাষাগত অর্থ- জনগণের ভাষা। প্রাকৃত ভাষা থেকে দুটি ভাষা সৃষ্টি হয়েছে - একটি 'পালি', অন্যটি 'অপভ্রংশ'। 'অপভ্রংশ' কথাটির অর্থ বিকৃত। বাংলা ভাষা ও সাহিত্য অপভ্রংশের কাছে প্রত্যক্ষভাবে ঋণী। অপভ্রংশ ভাষা থেকে বিবর্তনের মধ্য দিয়ে উৎপত্তি লাভ করে আমাদের 'বাংলা ভাষা'।
বাংলা ভাষা উদ্ভবের ইতিহাস সম্পর্কে ড. মুহম্মদ শহীদুল্লাহ'র মতামত,

ইন্দো-ইউরোপীয় ভাষা (৫০০০-৩৫০০ খ্রি. পূর্বাব্দ) → শতম্ ভাষা → আর্য ভাষা
↓
ভারতীয় → প্রাচীন ভারতীয় আর্য ভাষা → প্রাচীন ভারতীয় আর্য কথ্য → প্রাচীন প্রাচ্য
↓
গৌড়ী প্রাকৃত (মাগধী প্রাকৃতের প্রাচ্যতর রূপ) → গৌড় অপভ্রংশ → বঙ্গ-কামরূপী
↓
অসমিয়া | বাংলা ভাষা

আনুমানিক এক হাজার বছর আগে পূর্ব ভারতীয় প্রাকৃত ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে। ড. মুহম্মদ শহীদুল্লাহ'র মতে বাংলা ভাষার উদ্ভব ৬৫০ খ্রিষ্টাব্দে (সপ্তম শতকে)। আর ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ৯৫০ খ্রিষ্টাব্দকে (দশম শতককে) বাংলা ভাষার উদ্ভবকাল বলে মনে করেন। বাংলা ভাষার নিকটতম আত্মীয় অহমিয়া (অসমিয়া) ও ওড়িয়া। ধ্রুপদী ভাষা সংস্কৃত এবং পালির সঙ্গে বাংলা ভাষার ঘনিষ্ট সম্পর্ক রয়েছে। বাংলাদেশের জীবনযাত্রার প্রায় সবক্ষেত্রে বাংলা ভাষা ব্যবহারের বিষয়টি সরকারিভাবে বাধ্যতামূলক। ভারতের পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা প্রদেশের অন্যতম দাপ্তরিক ভাষা বাংলা।

বাংলা ভাষার উৎপত্তি হয়েছে-
ড. মুহম্মদ শহীদুল্লাহ'র মতে : গৌড়ীয় প্রাকৃত হতে
ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে : মাগধী প্রাকৃত হতে

বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল-
ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়েরমতে : দশম থেকে চতুর্দশ শতাব্দী;
ড. মুহম্মদ শহীদুল্লাহ'র মতে : সপ্তম থেকে দ্বাদশ শতাব্দী।

ঋগ্বেদ : 'ঋগ্বেদ' ইন্দো-ইউরোপীয় ভাষায় রচিত প্রাচীনতম গ্রন্থগুলোর অন্যতম। এটি একটি প্রাচীন ভারতীয় বৈদিক সংস্কৃত স্তোত্র সংকলন।

MCQ Solution

১. **মনের ভাব প্রকাশের প্রধান মাধ্যম কোনটি?** [বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অফিস সহায়ক : ২১]
ক) চিত্র খ) ভাষা
গ) ইঙ্গিত ঘ) আচরণ **উত্তর:** খ

২. **ভাষা কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৫ ইউনিট - সেট ১) : ১১-১২]
ক) উচ্চারণের প্রতীক খ) মুখের ভঙ্গি
গ) ইঙ্গিতের সমষ্টি ঘ) ভাব প্রকাশের মাধ্যম **উত্তর:** ঘ

৩. **মানুষের মুখে উচ্চারিত অর্থবোধক ও মনোভাব প্রকাশক ধ্বনি সমষ্টিকে বলে-** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৫]
ক বর্ণ খ শব্দ
গ বাক্য ঘ ভাষা **উত্তর: ঘ**

৪. **কোনটি ভাষার বৈশিষ্ট্য নয়?** [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৩]
ক অর্থদ্যোতকতা
খ ইশারা বা অঙ্গভঙ্গি
গ মানুষের কণ্ঠনিঃসৃত ধ্বনি
ঘ জনসমাজে ব্যবহার যোগ্যতা **উত্তর: খ**

৫. **ব্যাকরণ ও ভাষার মধ্যে কোনটি আগে সৃষ্টি হয়েছে?** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক ব্যাকরণ
খ ব্যাকরণ ও ভাষা একসাথে
গ ভাষা
ঘ কোনোটিই নয় **উত্তর: গ**

৬. **নির্দিষ্ট পরিবেশে মানুষের বস্তু ও ভাবের প্রতীক কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ) : ০৫]
ক ভাষা খ শব্দ
গ ধ্বনি ঘ বাক্য **উত্তর: খ**

৭. **কোনটি ভাষাবংশের নাম নয়?** [বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক আফ্রিকীয় খ দ্রাবিড়ীয়
গ ইন্দো-ইউরোপীয় ঘ হিস্পানি **উত্তর: ঘ**

৮. **বাংলা ভাষা কোন মূল ভাষার অন্তর্গত?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ২১]
ক দ্রাবিড় খ ইউরালীয়
গ ইন্দো-ইউরোপীয় ঘ সেমেটিক **উত্তর: গ**

৯. **ইন্দো-ইউরোপীয় ভাষার কয়টা শাখা?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠক : ০৫]
ক একটা খ দুটো
গ তিনটে ঘ চারটে **উত্তর: খ**

১০. **কেন্তমের কোন দুটি শাখা এশিয়ার অন্তর্গত?** [৪৩তম বিসিএস]
ক হিত্তিক ও তুখারিক খ তামিল ও দ্রাবিড়
গ আর্য ও অনার্য ঘ মাগধী ও গৌড়ী **উত্তর: ক**

১১. **ভারতীয় উপমহাদেশের আঞ্চলিক ভাষাগুলোর আদিম উৎস কি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ক মূল আর্যভাষা খ বৈদিক ভাষা
গ অনার্য ভাষা ঘ সংস্কৃত ভাষা **উত্তর: গ**

১২. **প্রাচীন ভারতীয় আর্যভাষা চিহ্নিত করুন-** [কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি.-এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক পালি খ প্রাকৃত
গ বৈদিক ঘ ভোজপুরী **উত্তর: গ**

১৩. **বেদের ভাষাকে কি ভাষা বলা হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১৩]
ক দেশি ভাষা খ বৈদিক ভাষা
গ বেদী ভাষা ঘ ইংরেজি ভাষা **উত্তর: খ**

১৪. **আর্যভাষার কোন স্তর থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে?** [শ্রম পরিদপ্তরের মেডিকেল অফিসার : ০৫]
ক মধ্যভারতীয় আর্যভাষা
খ প্রাচীন ভারতীয় আর্যভাষা
গ নব্য ভারতীয় আর্যভাষা
ঘ সংস্কৃত ভাষা **উত্তর: গ**

১৫. **বাংলা ভাষার উদ্ভব হয়েছে নিম্নোক্ত একটি ভাষা থেকে-** [১৭তম বিসিএস/ ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.ফিল্ড অফিসার : ২২]
ক সংস্কৃত খ পালি
গ প্রাকৃত ঘ অপভ্রংশ **উত্তর: গ**

১৬. **'প্রাকৃত' শব্দটির অর্থ-** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান কাম ক্যাটালগার : ১৮]
ক প্রকৃত খ যথার্থ
গ যা করা হয়েছে ঘ স্বাভাবিক **উত্তর: ঘ**

১৭. **প্রাকৃত শব্দের ভাষাগত অর্থ-** [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/ সমপর্যায়) : ১৮]
ক মূর্খদের ভাষা খ পণ্ডিতদের ভাষা
গ জনগণের ভাষা ঘ লেখকদের ভাষা **উত্তর: গ**

১৮. **বাংলা ভাষা ও সাহিত্য কার কাছে প্রত্যক্ষভাবে ঋণী?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৪]
ক পালি খ অপভ্রংশ
গ অবহট্ট ঘ সংস্কৃত **উত্তর: খ**

১৯. **'অপভ্রংশ' কথাটির অর্থ কি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১৩]
ক উন্নত খ বিবৃত
গ সাধারণ ঘ বিকৃত **উত্তর: ঘ**

২০. **'বাংলা ভাষার জন্ম হয়েছে মাগধী প্রাকৃত থেকে।' এ মতের প্রবক্তা কে?** [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৩]
ক স্যার জর্জ আব্রাহাম গ্রিয়ার্সন
খ ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ ড. সুকুমার সেন
ঘ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উত্তর: ঘ**

২১. **ড. মুহম্মদ শহীদুল্লাহ'র মতে বাংলা ভাষার উৎপত্তি কোন প্রাকৃত স্তর থেকে?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ক মাগধী প্রাকৃত খ গৌড়ীয় প্রাকৃত
গ মহারাষ্ট্রী প্রাকৃত ঘ অর্ধ মাগধী প্রাকৃত **উত্তর: খ**

২২. **কোন ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে বলে ড. মুহম্মদ শহীদুল্লাহ মনে করেন?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ০৬]
ক গৌড়ীয় অপভ্রংশ খ গৌড় অপভ্রংশ
গ মাগধী অপভ্রংশ ঘ প্রাচীন অবহট্‌ঠ **উত্তর: খ**

২৩. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে? [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৩]

ক) ভারতীয় আর্য খ) সংস্কৃত
গ) ইন্দো-ইউরোপীয় ঘ) বঙ্গ-কামরূপী **উত্তর:** ঘ

ব্যাখ্যা: ইন্দো-ইউরোপীয় মূলভাষা থেকে বাংলা ভাষার জন্ম। কিন্তু বাংলা ভাষার পূর্ববর্তী ভাষা স্তর হলো- বঙ্গ-কামরূপী।

২৪. বাংলা ভাষার উদ্ভব ঘটে কোন সময় থেকে? [৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১১]

ক) খ্রিষ্টীয় অষ্টম শতক
খ) খ্রিষ্টীয় দশম শতকের কাছাকাছি সময়
গ) খ্রিষ্টীয় নবম শতকের কাছাকাছি সময় থেকে
ঘ) খ্রিষ্টপূর্ব ৪০০ শতকে **উত্তর:** খ

২৫. বাংলা ভাষার উদ্ভব হয়- [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]

ক) সপ্তম খ্রিষ্টাব্দে
খ) খ্রিষ্টীয় ত্রয়োদশ শতকে
গ) সপ্তম খ্রিষ্টপূর্বাব্দে
ঘ) খ্রিষ্টীয় দ্বাদশ শতকে **উত্তর:** ক

২৬. ডক্টর মুহম্মদ শহীদুল্লাহর মতে বাংলা ভাষার উদ্ভবকাল কবে? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]

ক) ৯৫০ খ্রিষ্টাব্দে খ) ৬৫০ খ্রিষ্টাব্দে
গ) ৮৫০ খ্রিষ্টাব্দে ঘ) ৭৫০ খ্রিষ্টাব্দে **উত্তর:** খ

২৭. বাংলা ভাষার বয়স কত? [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর এরোড্রম কর্মকর্তা : ২১]

ক) ১০০০ বছর খ) ২০০০ বছর
গ) ২৫০০ বছর ঘ) ২৭০০ বছর **উত্তর:** ক

২৮. বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল কোনটি? [১৪তম বিসিএস]

ক) দশম থেকে চতুর্দশ শতাব্দী
খ) একাদশ থেকে পঞ্চদশ শতাব্দী
গ) দ্বাদশ থেকে ষোড়শ শতাব্দী
ঘ) ত্রয়োদশ থেকে সপ্তদশ শতাব্দী **উত্তর:** ক


২৯. ভারতীয় ভাষার নিদর্শন যে গ্রন্থে পাওয়া যায়, তার নাম- [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ১৬]

ক) রামায়ণ খ) মহাভারত
গ) ঋগ্বেদ ঘ) চর্যাপদ **উত্তর:** গ

বাংলা ভাষার রীতি ও বিভাজন

বাংলা ভাষার লৈখিক রূপ এবং মৌখিক (কথ্য) এই দু'টি রূপ দেখা যায়।

বাংলা ভাষার প্রকারভেদ বা রীতিভেদ নিচের চিত্রের মাধ্যমে দেখানো যায়-



ক) সাধু রীতি

সংস্কৃত-ব্যুৎপত্তিসম্পন্ন মানুষের ভাষাকে 'সাধু ভাষা' বলে প্রথম অভিহিত করেন রাজা রামমোহন রায়। বাংলা গদ্যের প্রথম যুগে সাধু রীতির প্রচলন ছিল।

খ) চলিত রীতি

সাধারণ মানুষের মুখের ভাষাকে 'চলিত ভাষা' বলা হয়। চলিত ভাষার আদর্শরূপে গৃহীত ভাষাকে বলা হয় প্রমিত ভাষা। চলিত ভাষার অন্যতম বৈশিষ্ট্য প্রমিত উচ্চারণ। কলকাতা অঞ্চলের মৌখিক ভাষাকে ভিত্তি করে চলিত ভাষা গড়ে উঠেছে। উনিশ শতকের তৃতীয় দশকে ভবানীচরণ বন্দ্যোপাধ্যয়ের হাতে চলিত রীতির প্রথম ব্যবহার হয়। তারপর প্যারীচাঁদ মিত্র ও কালীপ্রসন্ন সিংহের রচনায় এর ক্রমবিকাশ ঘটে। আলালের ভাষা ছিল মূলত সাধু ভাষার উপর প্রতিষ্ঠিত কেবল কিছু বর্ণনা এবং কোনো কোনো সংলাপ চলিত রীতির; অপরপক্ষে, হুতোম লেখা হয়েছিল পুরোপুরি চলিত রীতিতে। প্রমথ চৌধুরীর 'সবুজপত্র'কে কেন্দ্র করে ১৯১৪ সালের দিকে এ গদ্যরীতির সাহিত্যিক স্বীকৃতি ও পূর্ণ বিকাশ লাভ করে। প্রমথ চৌধুরীকে 'বাংলা গদ্যে চলিত রীতির প্রবর্তক' বলা হয়। তিনি চলিত ভাষাকে মান ভাষারূপে প্রতিষ্ঠা করার জন্য আন্দোলন করেছিলেন। রবীন্দ্রনাথ ঠাকুরকে তিনি বাংলা গদ্যে চলিত রীতির ব্যবহারে উদ্বুদ্ধ করেন।

সাধু ও চলিত রীতির পার্থক্য

সাধু রীতি	চলিত রীতি
গুরুগম্ভীর, মন্থর, পদবিন্যাস সুনিয়ন্ত্রিত।	সরল, সাবলীল ও পরিবর্তনশীল।
গুরুগম্ভীর ও আভিজাত্যের পরিচায়ক।	সংক্ষিপ্ত, সহজবোধ্য ও কৃত্রিমতা বর্জিত।
তৎসম শব্দবহুল।	তদ্ভব শব্দবহুল।
শুধু লৈখিক রূপ আছে।	লৈখিক ও মৌখিক উভয় রূপ আছে।
নাটকের সংলাপ, বক্তৃতা এবং আলাপ-আলোচনার অনুপযোগী।	নাটকের সংলাপ, বক্তৃতা এবং আলাপ-আলোচনার উপযোগী।
ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গ (অব্যয়) এর পূর্ণরূপ ব্যবহৃত হয়। যেমন- করিল, তাহারা, হইতে।	ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গ (অব্যয়) এর সংক্ষিপ্ত রূপ ব্যবহৃত হয়। যেমন- করল, তারা, হতে।
সাধু রীতিতে বহু সর্বনামে 'হ' বর্ণ যুক্ত থাকে। যেমন- ইহাদের, যাহা প্রভৃতি।	চলিত রীতিতে সর্বনামে 'হ' বর্ণ যুক্ত থাকে না। যেমন- এদের, যা প্রভৃতি।

গ) আঞ্চলিক ভাষা

দেশ-কাল ও পরিবেশভেদে ভাষার পার্থক্য ঘটে। অঞ্চল বিশেষের মানুষের মুখের ভাষাকে উপভাষা (Dialect) বা আঞ্চলিক ভাষা বলে। যেমন: 'মেগো' শব্দের আঞ্চলিক রূপের শিষ্ট পদ্যরূপ 'মোদের'।

বাংলা ভাষার দেশগতভাবে পূর্ব-পশ্চিম বিভাজনের অন্যতম প্রধান ভাগটিকে বলা হয় বঙ্গালি উপভাষা। অতীন্দ্র মজুমদার দেখিয়েছেন, 'ময়মনসিংহ থেকে শুরু করে ঢাকা, ফরিদপুর হয়ে বরিশাল পর্যন্ত অঞ্চলের মুখ্য উপভাষা বঙ্গালি।

বাংলা ভাষা পাঁচটি প্রধান জনপদকে কেন্দ্র করে গড়ে ওঠে। এ পাঁচটি জনপদীয় উপভাষাগুলির সম্মিলিত ভাষারূপই বাংলা। যথা- *রাঢ়ি* (পশ্চিমবঙ্গ), *বাঙ্গালি* (বাংলাদেশের মধ্য ও দক্ষিণ অঞ্চল), *বরেন্দ্রি* (বাংলাদেশের উত্তর-পশ্চিম অঞ্চল), *ঝাড়খণ্ডি* (পশ্চিমবঙ্গের পশ্চিম অঞ্চল ও ঝাড়খণ্ডের পূর্ব অঞ্চল) এবং *কামরূপি বা রাজবংশী* (বিহারের পূর্ব অঞ্চল, পশ্চিমবঙ্গের উত্তর অঞ্চল এবং বাংলাদেশের রংপুর অঞ্চল)।

MCQ Solution

১. **বাংলা ভাষার মৌলিক রূপ কয়টি?** [রাবি (আই ইউনিট) : ১৭-১৮]
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৬ **উত্তর:** ক

২. **বাংলা ভাষার প্রধান দুইটি রূপ কি কি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক : ০১]
ⓚ লেখ্য ও আঞ্চলিক
ⓚ আঞ্চলিক ও সর্বজনীন
ⓖ কথ্য ও আঞ্চলিক
ⓖ মৌখিক ও লৈখিক **উত্তর:** ঘ

৩. **বাংলা লেখ্য ভাষার রূপ কয়টি?** [স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
ক তিনটি খ চারটি
গ দুইটি ঘ সাতটি **উত্তর:** গ

৪. **লেখ্য ভাষার দুটি রূপের নাম কি?** [মৎস্য অধিদপ্তর অফিস সহকারী : ২১]
ক সাধু ও চলিত খ লেখ্য ও আঞ্চলিক
গ সাধু ও আঞ্চলিক ঘ আঞ্চলিক ও সর্বজনীন **উত্তর:** ক

৫. **ভাষার মৌলিক রীতি কোনটি?** [বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২]
ক বক্তৃতার রীতি খ লেখার রীতি
গ কথা বলার রীতি ঘ লেখা ও বলার রীতি **উত্তর:** ঘ

৬. **ভাষার কোন রীতি কেবলমাত্র লেখ্যরূপে ব্যবহৃত হয়?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ১১]
ক কথ্য রীতি খ আঞ্চলিক রীতি
গ সাধু রীতি ঘ চলিত রীতি **উত্তর:** গ

৭. **সাধু ও চলিত রীতি বাংলা ভাষার কোনরূপে বিদ্যমান?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ২১]
ক আঞ্চলিক খ উপভাষা
গ লেখ্য ঘ কথ্য **উত্তর:** গ

৮. **লৈখিক ও মৌখিক ভাষায় মিলিত রূপ হচ্ছে-** [জাককানইবি (ক ইউনিট) : ১৬-১৭]
ক সাধু খ চলিত
গ আঞ্চলিক ঘ মিশ্র **উত্তর:** খ

৯. **মানুষের ভাষাকে 'সাধু ভাষা' হিসেবে প্রথম অভিহিত করেন কে?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর এরোড্রম কর্মকর্তা : ২১]
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ রাজা রামমোহন রায় ঘ প্যারীচাঁদ মিত্র **উত্তর:** গ

১০. **বাংলা গদ্যের প্রথম যুগে কোন রীতির প্রচলন ছিল?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১২-১৩]
ক মিশ্র রীতি খ কথ্য রীতি
গ চলিত রীতি ঘ সাধু রীতি **উত্তর:** ঘ

১১. **আলালী বা হুতোমী ভাষা বলা হয় কোন ভাষাকে?** [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৬]
ক সাধু খ চলিত
গ ইংরেজি ঘ সংস্কৃত **উত্তর:** খ

১২. **বাংলা গদ্য সাহিত্যে কোন লেখকের রচনা রীতিকে 'আলালী ভাষা' আখ্যা দেয়া হয়?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইন্সট্রাক্টর : ১৮]
ক প্যারীচাঁদ মিত্র খ রাজনারায়ণ বসু
গ কালীপ্রসন্ন সিংহ ঘ মাইকেল মধুসূদন দত্ত **উত্তর:** ক

১৩. **চলিত ভাষাকে জনপ্রিয় করেন-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ) : ০৭]
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ কাজী নজরুল ইসলাম
গ শামসুর রাহমান ঘ প্রমথ চৌধুরী **উত্তর:** ঘ

১৪. **বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. সহকারী ব্যবস্থাপক (ট্রেইনি জেনারেল) : ২১]
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ প্রমথ চৌধুরী
গ প্যারীচাঁদ মিত্র ঘ প্রমথনাথ বসু **উত্তর:** খ

১৫. **বাংলা ভাষার সাধু ও চলিতরূপের মধ্যে তুলনামূলক গবেষণা করেন কে?** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ক উইলিয়াম কেরী খ এডওয়ার্ড ডিমোক
গ শ্যামাচরণ গঙ্গোপাধ্যায় ঘ প্রমথ চৌধুরী **উত্তর:** ঘ

১৬. **চলিত বাংলা গদ্যের সার্থক প্রবর্তন কে করেন?** [সরকারী মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১০]
ক টেকচাঁদ ঠাকুর খ বিদ্যাসাগর
গ বীরবল ঘ বনফুল **উত্তর:** গ

১৭. **চলিত ভাষার সৃষ্টি হয়েছে-** [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
ক ১৫৫৪ সালে খ ১৯১৪ সালে
গ ১৮১৪ সালে ঘ ১৯৫৪ সালে **উত্তর:** খ

১৮. **চলিত ভাষারীতির প্রথম মুখপত্র কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ১০]
ক সাধনা খ শিখা
গ শনিবারের চিঠি ঘ সবুজপত্র **উত্তর:** ঘ

১৯. বাংলা সাহিত্যে কথ্যরীতির প্রচলনে কোন পত্রিকার অবদান বেশি? [২৯তম বিসিএস]
ক কল্লোল খ সবুজপত্র
গ বঙ্গদর্শন ঘ কালিকলম **উত্তর: খ**

২০. 'সবুজপত্র' বাংলা ভাষা ও সাহিত্যে কী হিসেবে পরিচিত? [খনিজসম্পদ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক একটি বিখ্যাত কাব্যগ্রন্থ
খ এক শ্রেণির লেখকদের আলোচিত রচনা সংকলন
গ বিশেষ উল্লেখযোগ্য সাহিত্য পত্রিকা
ঘ অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস ও নাটক **উত্তর: গ**

২১. 'সবুজপত্র' বাংলা সাহিত্যে কোন ভাষারীতি প্রবর্তনে অগ্রণী ভূমিকা রেখেছে? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ক সাধু ভাষা খ চলিত ভাষা
গ আঞ্চলিক ভাষা ঘ উপভাষা **উত্তর: খ**

২২. প্রমথ চৌধুরীর 'বীরবলী' রীতির প্রচার মাধ্যম হিসাবে কোন পত্রিকা ভূমিকা রাখে? [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ০৬]
ক সাহিত্য খ কল্লোল
গ সবুজপত্র ঘ কালিকলম **উত্তর: গ**

২৩. প্রমথ চৌধুরী কোন বিষয়ে রবীন্দ্রনাথ ঠাকুরকে প্রভাবিত করেছিলেন? [উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা : ০৭]
ক উপন্যাসে ইতিহাস বর্জনে
খ সাহিত্যে মুসলমান চরিত্র সৃষ্টিতে
গ চলিত ভাষার ব্যবহারে
ঘ গদ্য কবিতা রচনায় **উত্তর: গ**

২৪. চলিত ভাষার আদর্শরূপে গৃহীত ভাষাকে বলা হয়- [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৩]
ক সাধু ভাষা খ প্রমিত ভাষা
গ আঞ্চলিক ভাষা ঘ উপভাষা **উত্তর: খ**

২৫. 'প্রমিত বাংলা ভাষা' বলতে বোঝায়- [রাবি (খ ইউনিট) : ১৫-১৬]
ক আঞ্চলিক রীতির বাংলা ভাষা
খ কথ্য রীতির বাংলা ভাষা
গ চলিত রীতির বাংলা ভাষা
ঘ সাধু রীতির বাংলা ভাষা **উত্তর: গ**

২৬. কথ্যরীতি সমন্বয়ে শিষ্টজনের ব্যবহৃত ভাষাকে কি বলে? [চতুর্দশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল - ২) : ১৭]
ক সাধু ভাষা খ আদর্শ চলিত ভাষা
গ আঞ্চলিক ভাষা ঘ দেশি ভাষা **উত্তর: খ**

২৭. কোনটি চলিত ভাষার বৈশিষ্ট্য? [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ক গাম্ভীর্য
খ প্রমিত উচ্চারণ
গ তৎসম শব্দের বহুল ব্যবহার
ঘ ব্যাকরণ অনুসরণ করে চলে **উত্তর: খ**

২৮. কোন অঞ্চলের মৌখিক ভাষাকে ভিত্তি করে চলিত ভাষা গড়ে উঠেছে? [চবি (ঘ ইউনিট) : ০৯-১০]
ক যশোর খ ঢাকা
গ কলকাতা ঘ বিহার **উত্তর: গ**

২৯. 'তৎসম' শব্দের ব্যবহার কোন রীতিতে বেশি হয়? [২৯তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ২২]
ক চলিত রীতি খ সাধু রীতি
গ মিশ্র রীতি ঘ আঞ্চলিক রীতি **উত্তর: খ**

৩০. সাধু ভাষার বৈশিষ্ট্য কোনটি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩]
ক গুরুচণ্ডাল খ গুরুগম্ভীর
গ অবোধ্য ঘ দুর্বোধ্য **উত্তর: খ**

৩১. কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত এবং সুনির্দিষ্ট? [ষোড়শ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায় - ২) : ১৯]
ক চলিত ভাষা খ কথ্য ভাষা
গ লেখ্য ভাষা ঘ সাধু ভাষা **উত্তর: ঘ**

৩২. সাধু ভাষা সাধারণত কোথায় অনুপযোগী? [১৮তম বিসিএস/ স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
ক কবিতার পঙ্ক্তিতে খ গানের কলিতে
গ গল্পের বর্ণনায় ঘ নাটকের সংলাপে **উত্তর: ঘ**

৩৩. ভাষার কোন রীতি তদ্ভব শব্দ বহুল? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ক সাধু রীতি খ চলিত রীতি
গ কথ্য রীতি ঘ বানান রীতি **উত্তর: খ**

৩৪. বাংলা ভাষার চলিত রীতির বৈশিষ্ট্য কোনটি? [বশেমুরবিপ্রবি (চ ইউনিট) : ১৩-১৪]
ক আভিজাত্য খ পদবিন্যাস সুনির্দিষ্ট
গ কাঠামো অপরিবর্তিত ঘ কৃত্রিমতা বর্জিত **উত্তর: ঘ**

৩৫. চলিত ভাষার রীতির ক্ষেত্রে কোন বৈশিষ্ট্য প্রযোজ্য? [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৫]
ক পরিবর্তনশীল খ আভিজাত্যের অধিকারী
গ গুরুগম্ভীর ঘ অপরিবর্তনীয় **উত্তর: ক**

৩৬. বক্তৃতা ও সংলাপের জন্য কোন ভাষা বেশি ব্যবহার করা হয়? [ঢাবি এর উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর : ২০]
ক আঞ্চলিক ভাষা খ চলিত ভাষা
গ উপভাষা ঘ সাধু ভাষা **উত্তর: খ**

৩৭. সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য- [১৬তম বিসিএস/ ১৫তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ২২]
ক তৎসম ও তদ্ভব শব্দের ব্যবহার
খ ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপে
গ শব্দের কথা ও লেখ্য রূপে
ঘ বাক্যের সরলতা ও জটিলতায় **উত্তর: খ**

৩৮. **ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গের পূর্ণরূপ ব্যবহৃত হয়-** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর এরোড্রম কর্মকর্তা : ২১]
ক) চলিত ভাষারীতিতে খ) সাধু ভাষারীতিতে
গ) সমাজ উপভাষায় ঘ) আঞ্চলিক উপভাষায় **উত্তর: খ**

৩৯. **সাধু রীতিতে কোন পদটির দীর্ঘরূপ হয় না?** [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১২]
ক) বিশেষ্য খ) সর্বনাম
গ) অব্যয় ঘ) ক্রিয়া **উত্তর: ক**

৪০. **সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়-** [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়) : ১৮]
ক) অব্যয় খ) সম্বোধন পদ
গ) সর্বনাম ঘ) ক্রিয়া **উত্তর: খ**

৪১. **চলিত ভাষায় নিম্নের কোনটির রূপ সংক্ষিপ্ত হয়?** [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৩]
ক) অনুসর্গ খ) বিশেষ্য
গ) অব্যয় ঘ) উপসর্গ **উত্তর: ক**

৪২. **দেশ-কাল ও পরিবেশভেদে কিসের পার্থক্য ঘটে?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩]
ক) ধ্বনির খ) ভাষার
গ) অর্থের ঘ) শব্দের **উত্তর: খ**

৪৩. **বিভিন্ন অঞ্চলের মুখের ভাষাকে কি বলে?** [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক : ২২/ বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২]
ক) চলিত ভাষা খ) সাধু ভাষা
গ) উপভাষা ঘ) মিশ্র ভাষা **উত্তর: গ**

৪৪. **আঞ্চলিক ভাষার অপর নাম কি?** [পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল, রাজশাহী) পোস্টম্যান : ২২]
ক) কথ্য ভাষা খ) উপভাষা
গ) সাধু ভাষা ঘ) চলিত ভাষা **উত্তর: খ**

৪৫. **'Dialect' এর পরিভাষা-** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ক) দোভাষা খ) স্থানীয় ভাষা
গ) গ্রাম্য ভাষা ঘ) উপভাষা **উত্তর: ঘ**

৪৬. **উপভাষা (Dialect) কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬]
ক) সাহিত্যের ভাষা খ) অঞ্চল বিশেষের মানুষের মুখের ভাষা
গ) পাঠ্যপুস্তকের ভাষা ঘ) লেখ্য ভাষা **উত্তর: খ**

৪৭. **বাঙালি উপভাষা অঞ্চল কোনটি?** [৪২তম (বিশেষ) বিসিএস]
ক) নদীয়া খ) ত্রিপুরা
গ) পুরুলিয়া ঘ) বরিশাল **উত্তর: ঘ**

৪৮. **বাংলা ভাষায় উপভাষা কয়টি?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক) ৫টি খ) ৪টি
গ) ৩টি ঘ) ২টি **উত্তর: ক**


৪৯. **বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলে প্রচলিত উপভাষার নাম কি?** [বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক) পশ্চিমা খ) পূর্বি
গ) বরেন্দ্রি ঘ) রাঢ়ি **উত্তর: গ**

৫০. **'মেগো' আঞ্চলিক রূপের শিষ্ট পদ্যরূপ-** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ক) আমাদিগের খ) মোদের
গ) আমরা ঘ) আমাদের **উত্তর: খ**

বাংলা লিপি (Bengali script)


'বাংলা লিপি' বাংলা ভাষার নিজস্ব লিপি। ব্রাহ্মী লিপি ভারতের মৌলিক লিপি।

ব্রাহ্মী লিপি



সকল ভারতীয় লিপিই এই ব্রাহ্মী লিপি থেকে জন্মলাভ করেছে। ব্রাহ্মী লিপির কুটিল রূপ হতে বাংলা লিপি ও বর্ণমালার উদ্ভব হয়। শুধু বাংলা নয় সিংহলী, ব্রহ্মী, শ্যামী, যবদ্বীপী ও তিব্বতি লিপির উৎসও ব্রাহ্মী লিপি। অষ্টম শতাব্দীতে ব্রাহ্মী লিপি থেকে পশ্চিমা লিপি, মধ্যভারতীয় লিপি ও পূর্বী লিপি-এই তিনটি শাখার সৃষ্টি হয়। পূর্বী লিপি থেকেই বাংলা লিপির জন্ম হয়েছে।

সেন যুগে বাংলা লিপির গঠনকার্য শুরু হলেও পাঠান যুগে তার মোটামুটি স্থায়ী আকার লাভ করে। ১৮০০ খ্রিষ্টাব্দে শ্রীরামপুর মিশন প্রেস স্থাপিত হওয়ার পূর্ব পর্যন্ত সুদীর্ঘ সময়ে হাতে লেখা হয়েছে বলে বাংলা লিপি নানা পরিবর্তনের মাধ্যমে অগ্রসর হয়েছে। ছাপাখানার প্রভাবে বাংলা লিপি স্থায়ী রূপ লাভ করে এবং পরবর্তীকালে বাংলা লিপির আর তেমন কোন পরিবর্তন ঘটেনি। ব্রাহ্মী লিপিমালা বাম দিক থেকে লেখা হতো কিন্তু খরোষ্ঠী লিপিমালা ডানদিক থেকে লেখা হতো।



MCQ Solution

১. **'লিপি' শব্দের অর্থ কী?** [ICB ক্যাশিয়ার : ১৮]
ⓚ ব্যাখ্যা ⓚ পর
ⓖ পড়া ⓘ লেখা **উত্তর:** ঘ

২. **ভারতীয় মৌলিক লিপি কোনটি?** [জাবি (খ ইউনিট) : ০৪-০৫]
ⓚ ব্রাহ্মী ⓚ কুটিল
ⓖ খরোষ্ঠী ⓘ নাগরী **উত্তর:** ক

৩. **বাংলা লিপির উৎস কি?** [১৪তম বিসিএস/ সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী : ২২]
ⓚ সংস্কৃত লিপি ⓚ চীনা লিপি
ⓖ আরবি লিপি ⓘ ব্রাহ্মী লিপি **উত্তর:** ঘ

৪. **ভারতীয় কোন লিপিমালা ডানদিক থেকে লেখা হয়?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর : ১১]
ⓚ হিন্দি ⓚ মারাঠি
ⓖ গুজরাট ⓘ খরোষ্ঠী **উত্তর:** ঘ

৫. **কোন যুগে বাংলা লিপি ও অক্ষরের গঠনকার্য শুরু হয়-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় : ০৪-০৫]
ⓚ পাঠান যুগ ⓚ সেন যুগ
ⓖ পাল যুগ ⓘ মোগল যুগ **উত্তর:** খ

৬. **কোন শাসনামলে বাংলা লিপির স্থায়ী রূপ তৈরি করে অক্ষর গঠনের কাজ শুরু হয়?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ১১]
ⓚ সেন যুগ ⓚ পাঠান যুগ
ⓖ পাল যুগ ⓘ মোগল যুগ **উত্তর:** খ

বাংলা মুদ্রণ

১৭৭৮ খ্রিষ্টাব্দে চার্লস উইলকিন্স হুগলিতে প্রথম বাংলা ছাপাখানা প্রতিষ্ঠা করেন। তিনি নিজেই বাংলা অক্ষরের নক্‌শা তৈরি করেন। চার্লস উইলকিন্সকে বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয়। তার নির্দেশনা অনুযায়ী পঞ্চানন কর্মকার বাংলা অক্ষর খোদাই করেন। উইলিয়াম কেরী, জোশুয়া মার্শম্যানের সহযোগে ১৮০০ খ্রিষ্টাব্দে কলকাতার নিকটবর্তী শ্রীরামপুরে বাংলা মুদ্রণ যন্ত্র স্থাপন করেন। ১৮০০ খ্রিষ্টাব্দে শ্রীরামপুর মিশন প্রেস থেকে 'মথী রচিত মিশন সমাচার' গ্রন্থটি মুদ্রিত হয়। এটি শ্রীরামপুর মিশন প্রেস থেকে মুদ্রিত প্রথম গদ্যগ্রন্থ। ১৮৪৭-৪৮ সালে রংপুরে প্রথম ছাপাখানা 'বার্তাবহ যন্ত্র' প্রতিষ্ঠিত হয়। এটি বাংলাদেশে প্রথম ছাপাখানা। জনৈক ইংরেজ আলেকজান্ডার ফারবেখে ঢাকায় সর্বপ্রথম ছাপাখানা স্থাপন করেন। ছাপাখানাটির নাম ছিল 'ঢাকা প্রেস'। এই ছাপাখানাটিতে অবশ্য বাংলা মুদ্রণের কোন ব্যবস্থা ছিল না। এখান থেকে 'ঢাকা নিউজ' নামে ইংরেজি সংবাদপত্র প্রকাশিত হতো। ১৮৬০ সালে বাংলা প্রেস বা বাংলা যন্ত্র নামে ঢাকায় দ্বিতীয় ছাপাখানা প্রতিষ্ঠিত হয়।

MCQ Solution

১. **বাংলা অক্ষরের প্রথম নক্‌শা তৈরি করেন-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ⓚ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ উইলিয়াম কেরী
ⓘ চার্লস উইলকিন্স **উত্তর:** ঘ

২. **বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় কাকে?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর জুনিয়র অডিটর (এলডিএ) : ২২]
ⓚ গৌর দাস
ⓚ চার্লস উইলকিন্স
ⓖ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ⓘ জন ক্লার্ক মার্শম্যান **উত্তর:** খ

৩. **বাংলাদেশে প্রথম কোথায় ছাপাখানা প্রতিষ্ঠিত হয়?** [স ও জ গণপূর্ত অধিদপ্তরে উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ০১]
ⓚ ঢাকায় ⓚ রাজশাহীতে
ⓖ রংপুরে ⓘ যশোরে **উত্তর:** গ

বাংলা ব্যাকরণ
Bengali Grammar

ব্যাকরণ

গ্রিক শব্দ 'Grammar' (ব্যাকরণ) এর অর্থ হলো- শব্দশাস্ত্র। 'ব্যাকরণ' (বি + আ + √কৃ + অন) শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ- বিশেষভাবে বিশ্লেষণ। ড. মুহম্মদ শহীদুল্লাহ'র মতে, "যে শাস্ত্র জানিলে বাঙ্গালা ভাষা শুদ্ধরূপে লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায়, তাহার নাম বাঙ্গালা ব্যাকরণ।" ব্যাকরণ ভাষার অনুগামী এবং ভাষাকে বর্ণনা করে। ভাষার বিশ্লেষণ এবং ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কার করাই ব্যাকরণের প্রধান কাজ। ব্যাকরণে ভাষার স্বরূপ ও প্রকৃতি নিয়ে আলোচনা করা হয়। ব্যাকরণকে ভাষার সংবিধান বলা হয়।

অষ্টাধ্যায়ী : উপমহাদেশের শ্রেষ্ঠ ব্যাকরণবিদ পাণিনি আনু. খ্রি.পূ পঞ্চম শতকে এই সংস্কৃত ব্যাকরণ 'অষ্টাধ্যায়ী' গ্রন্থখানি রচনা করেন। পাণিনির ব্যাকরণের ধারাগুলো ছিল - ঐন্দ্র, চান্দ্র, শাকটায়নী, হেমচন্দ্রীয় প্রভৃতি। প্রাচীন ও মধ্যযুগে বঙ্গদেশে প্রধানত সংস্কৃত ব্যাকরণেরই চর্চা হয়েছে; খুব সামান্য হয়েছে প্রাকৃত ব্যাকরণের চর্চা।



Vocabolario em idioma Bengalla,e Potuguez dividido em duas partes : প্রথম বাংলা ব্যাকরণ। গ্রন্থটি দুটি অংশে বিভক্ত : প্রথম অংশ বাংলা ব্যাকরণের একটি সংক্ষিপ্তসার এবং দ্বিতীয় অংশ বাংলা-পর্তুগিজ ও পর্তুগিজ-বাংলা শব্দাভিধান। পর্তুগিজ ধর্মযাজক মানোএল দা আসসুম্পসাঁও রচিত গ্রন্থটি পর্তুগালের রাজধানী লিসবন থেকে ১৭৪৩ খ্রিষ্টাব্দে রোমান হরফে মুদ্রিত হয়। আসসুম্পসাঁও গাজীপুর জেলার নাগরী এলাকার সাধু নিকোলাস ধর্মপল্লিতে গ্রন্থটি রচনা করেন।

A Grammar of the Bengal Language : নাথানিয়েল ব্রাসি হ্যালহেড ১৭৭৮ খ্রিষ্টাব্দে ইংরেজি ভাষায় বাংলা ব্যাকরণ রচনা করেছিলেন। এটি বাংলা ভাষার প্রথম আদর্শ ব্যাকরণ। ব্যাকরণ গ্রন্থটির অংশবিশেষ বাংলায় চার্লস উইলকিনসের হুগলির মুদ্রণযন্ত্র থেকে মুদ্রিত হয়।

A Grammar of the Bengali Language (১৮০১ খ্রি.) : উইলিয়াম কেরী ইংরেজি ভাষায় এই বাংলা ব্যাকরণ গ্রন্থ প্রণয়ন করেন।

গৌড়ীয় ব্যাকরণ (১৮৩৩ খ্রি.) : বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থ। রাজা রামমোহন রায় এটি রচনা করেন। এটি বাঙালি রচিত প্রথম বাংলা ব্যাকরণ।

ব্যাকরণ গ্রন্থ	রচয়িতা
ব্যাকরণ কৌমুদী (১৮৫৩ খ্রি.)	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ব্যাকরণ মঞ্জরী	ড. মুহম্মদ এনামুল হক
ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ	ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
বাঙ্গালা ব্যাকরণ	ড. মুহম্মদ শহীদুল্লাহ
প্রমিত ভাষার বাংলা ব্যাকরণ	অধ্যাপক রফিকুল ইসলাম এবং অধ্যাপক পবিত্র সরকার

MCQ Solution

১. **গ্রিক ভাষায় 'Grammar' শব্দের অর্থ কী?** [দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন এর অফিসার জেনারেল : ২১]
ক নিয়মশাস্ত্র খ ব্যাকরণ শাস্ত্র
গ শব্দশাস্ত্র ঘ ধ্বনিবিজ্ঞান শাস্ত্র **উত্তর:** গ

২. **'ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তি কোনটি?** [বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
ক বি + আ + √কৃ + অন
খ ব্যা + ক + রন
গ বৃ + কৃ + অন
ঘ ব্য + আ + কৃ + √অন **উত্তর:** ক

৩. **ব্যুৎপত্তিগতভাবে ব্যাকরণ শব্দের অর্থ হলো-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ২২]
ক বিশেষভাবে বিভাজন
খ বিশেষভাবে সংযোজন
গ বিশেষভাবে বিশ্লেষণ
ঘ বিশেষভাবে বিয়োজন **উত্তর:** গ

৪. **"যে শাস্ত্র জানিলে বাঙ্গালা ভাষা শুদ্ধরূপে লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায়, তাহার নাম বাঙ্গালা ব্যাকরণ।" এ সংজ্ঞাটি কার?** [যোগাযোগ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৬]
ক ড. সুকুমার সেন
খ ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ ড. এনামুল হক
ঘ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উত্তর:** খ

৫. **ব্যাকরণের প্রধান কাজ হচ্ছে-** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর এরোড্রম কর্মকর্তা : ২১]
ক ভাষার নিয়ম প্রতিষ্ঠা খ ভাষার শৃঙ্খলা
গ ভাষার বিশ্লেষণ ঘ ভাষার উন্নতি **উত্তর:** গ

৬. **ভাষার অভ্যন্তরীণ নিয়ম শৃঙ্খলার আবিষ্কারের নামই-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ক সন্ধি খ সমাস
গ উক্তি ঘ ব্যাকরণ **উত্তর:** ঘ

৭. **কোনটি ঠিক?** [বাংলাদেশ ওয়েল, গ্যাস ও মিনারেল কর্পোরেশন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (অ্যাডমিন) : ১১]
ক ব্যাকরণ ভাষার অনুগামী
খ ভাষা ব্যাকরণের অনুগামী
গ ব্যাকরণ শিক্ষার অনুগামী
ঘ ব্যাকরণ শব্দযন্ত্রের অনুগামী **উত্তর:** ক

৮. **ব্যাকরণ ভাষাকে কি নির্দেশ করে?** [NBR এর রাজস্ব কর্মকর্তা : ১৫]
ক ভাষাকে চলিতে
খ ভাষাকে শাসন করে
গ ভাষাকে বলিতে
ঘ ভাষাকে বর্ণনা করে **উত্তর:** ঘ

৯. **ভাষার সংবিধান কোনটি?** [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষের অফিস সহকারী : ২১]
ক বর্ণমালা খ ধ্বনি
গ ব্যাকরণ ঘ সমাস **উত্তর:** গ

১০. **উপমহাদেশের শ্রেষ্ঠ ব্যাকরণবিদ কে ছিলেন?** [বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের অডিটর : ২১]
ক সুকুমার সেন
খ ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ পাণিনি
ঘ সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উত্তর:** গ

১১. **পাণিনি কে ছিলেন?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইঞ্জিনিয়ারিং কলেজ এর ক্যাশ সরকারী : ২১]
ক ভাষাবিদ খ ঋগ্বেদবিদ
গ বৈয়াকরণিক ঘ ঔপন্যাসিক **উত্তর:** গ

১২. **নিচের কোনটি ব্যাকরণের পাণিনি ধারা?** [যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক শাকটায়নী খ কালাপিক
গ সৌপদ্ম ঘ লঘু কৌমুদী **উত্তর:** ক

১৩. **বাংলা ভাষার প্রথম ব্যাকরণ রচনা করেন-** [ডাক বিভাগের অফিস সহায়ক (খুলনা অঞ্চল) : ২২]
ক ম্যানোএল দ্য আসসুম্পসাঁও
খ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ ড. সুকুমার সেন
ঘ ড. মুহাম্মদ শহীদুল্লাহ **উত্তর:** ক

১৪. **বাংলা ব্যাকরণ প্রথম যে ভাষায় লেখা হয়-** [জাককানইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ক ইংরেজি খ ফরাসি
গ সংস্কৃত ঘ পর্তুগিজ **উত্তর:** ঘ

১৫. **Vocabolario em idioma Bengalla,e Potuguez dividido em duas partes বইটি মুদ্রিত হয় কোন হরফে?** [যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক রোমান খ ল্যাটিন
গ পর্তুগিজ ঘ তাম্র **উত্তর:** ক

১৬. **বাংলা ভাষার প্রথম ব্যাকরণ বাংলাদেশের কোন অঞ্চলে রচিত হয়?** [সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন লি. এর সহকারী ব্যবস্থাপক : ২১]
ক চট্টগ্রাম খ গাজীপুর
গ নোয়াখালী ঘ সিলেট **উত্তর:** খ

১৭. **কোনটি প্রাচীন বাংলা ব্যাকরণ?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৫]
ক আধুনিক বাংলা ব্যাকরণ
খ A Grammer of the Bengali Language
গ সরল ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ
ঘ ব্যাকরণ মঞ্জরী **উত্তর:** খ

১৮. **বাংলা ব্যাকরণ প্রথম রচনা করেন-** [সমন্বিত পাঁচ (৫) ব্যাংক এর অফিসার (ক্যাশ) : ২১]
ক এন. বি. হ্যালহেড
খ উইলিয়াম কেরী
গ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ঘ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উত্তর:** ক

১৯. **কে সর্বপ্রথম বাংলা টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ মুদ্রণ করেন?** [২৬তম বিসিএস]
ক স্যার উইলিয়াম জোনস্
খ স্যার উইলিয়াম কেরী
গ রাজীব লোচন মুখোপাধ্যায়
ঘ ব্রাসি হ্যালহেড **উত্তর:** ঘ

২০. **রাজা রামমোহন রচিত বাংলা ব্যাকরণের নাম কী?** [২৭তম বিসিএস/ গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লি. এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক মাগধীয় ব্যাকরণ খ গৌড়ীয় ব্যাকরণ
গ মাতৃভাষা ব্যাকরণ ঘ ভাষা ও ব্যাকরণ **উত্তর:** খ

২১. **প্রথম কোন বাঙালি বাংলা ভাষায় ব্যাকরণ রচনা করেন?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ক রাজা রামমোহন রায়
খ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ঘ ড. এনামুল হক **উত্তর:** ক

২২. **বাংলা ভাষায় ব্যাকরণ কে লিখেন?** [শ্রম অধিদপ্তরে শ্রম অফিসার : ৯৪]
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ ডেভিড হেয়ার
গ মদনমোহন তর্কালঙ্কার ঘ উইলিয়াম কেরী **উত্তর:** ক

২৩. **ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত ব্যাকরণ গ্রন্থের নাম কী?** [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর : ২০]
ক ব্যাকরণ কৌমুদী খ ব্যাকরণ মঞ্জুষা
গ মুগ্ধবোধ ব্যাকরণ ঘ অষ্টাধ্যায়ী **উত্তর:** ক

২৪. **'ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' কে রচনা করেন?** [২২তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ⓚ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ⓖ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓖ মুহম্মদ শহীদুল্লাহ
ⓘ সুকুমার সেন **উত্তর: খ**

২৫. **'ব্যাকরণ মঞ্জরী' কার লেখা?** [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক : ২০]
ⓚ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ⓖ ড. মুহম্মদ এনামুল হক
ⓖ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ⓘ মুহম্মদ আবদুল হাই **উত্তর: খ**

বাংলা ব্যাকরণে আলোচ্য বিষয়-

প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশ থাকে। যথা- ধ্বনি (Sound), শব্দ (Word), বাক্য (Sentence) এবং অর্থ (Meaning)।

শাখা	আলোচ্য বিষয়
ধ্বনিতত্ত্ব (Phonology)	ধ্বনি উচ্চারণপ্রণালী ও উচ্চারণের স্থান, সন্ধি বা ধ্বনিসংযোগ, ণ-ত্ব বিধি ও ষ-ত্ব বিধি, ধ্বনির পরিবর্তন ও লোপ, ধ্বনির প্রতীক বা বর্ণের বিন্যাস, বাগযন্ত্র, ধ্বনিদল।
শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব (Morphology)	শব্দ, শব্দরূপ, শব্দদ্বৈত, প্রকৃতি-প্রত্যয়, পুরুষ, উপসর্গ, অনুসর্গ, সমাস, বচন, লিঙ্গ, পদ [বিশেষ্য, সর্বনাম, বিশেষণ, অব্যয়, ক্রিয়া, (ক্রিয়ামূল, ক্রিয়ারকাল), ক্রিয়া বিশেষণ, যোজক]।
বাক্যতত্ত্ব বা পদক্রম (Syntax)	বাক্য ও বাক্যবিন্যাস (গঠনপ্রণালী, বিভিন্ন উপাদানের সংযোজন, বিয়োজন), পদবিন্যাস (পদের স্থান বা ক্রম, পদের রূপ পরিবর্তন), বিরামচিহ্ন, বাচ্য, উক্তি, কারক-বিভক্তি।
অর্থতত্ত্ব (Semantics)	শব্দের অর্থবিচার, বাক্যের অর্থবিচার, অর্থের বিভিন্ন প্রকারভেদ (যেমন- মুখ্যার্থ, গৌণার্থ, বিপরীতার্থ ইত্যাদি), বিপরীত শব্দ, সমার্থক শব্দ, শব্দজোড়, বাগধারা।
	ব্যাকরণের উচ্চতর পর্যায়ে আলোচিত হয়।

➪ অভিধান (Lexicography), ছন্দ ও অলংকার প্রভৃতিও ব্যাকরণের আলোচ্য বিষয়।

ব্যাকরণের প্রকারভেদ

ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ব্যাকরণকে ৪ ভাগে ভাগ করেছেন। যথা- (১) বর্ণনাত্মক ব্যাকরণ (২) ঐতিহাসিক ব্যাকরণ (৩) তুলনামূলক ব্যাকরণ এবং (৪) দার্শনিক-বিচারমূলক ব্যাকরণ।

MCQ Solution

১. **ভাষার মৌলিক অংশ কয়টি?** [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
ⓚ ২টি ⓖ ৩টি
ⓖ ৪টি ⓘ ৬টি **উত্তর: গ**

২. **বাংলা ব্যাকরণের মূল আলোচ্য বিষয় কয়টি?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উচ্চমান সহকারী : ২১]
ⓚ ৩টি ⓖ ২টি
ⓘ ৪টি ⓖ ৫টি **উত্তর: গ**

৩. **প্রত্যেক ভাষারই তিনটি মৌলিক অংশ হলো-** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর এরোড্রাম কর্মকর্তা : ২১]
ⓚ ধ্বনি, শব্দ, বাক্য ⓖ শব্দ, সন্ধি, সমাস
ⓖ ধ্বনি, শব্দ, বর্ণ ⓘ অনুসর্গ, উপসর্গ, শব্দ **উত্তর: ক**

৪. **কোনটি ভাষার মৌলিক অংশ নয়?** [জাককানইবি (ঘ ইউনিট) : ১৭-১৮]
ⓚ ধ্বনি ⓖ শব্দ
ⓖ পদক্রম ⓘ অর্থ **উত্তর: গ**

৫. **'Phonology' শব্দের অর্থ কী?** [ববিপ্রবি (ছ ইউনিট) : ১৬-১৭]
ⓚ বাক্যতত্ত্ব ⓖ ধ্বনিতত্ত্ব
ⓖ রূপতত্ত্ব ⓘ অর্থতত্ত্ব **উত্তর: খ**

৬. **'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?** [১৮তম বিসিএস/ সমন্বিত ৯ (নয়) ব্যাংক অফিসার (জেনারেল) : ২২]
ⓚ রূপতত্ত্ব ⓖ ধ্বনিতত্ত্ব
ⓖ পদক্রম ⓘ বাক্য প্রকরণ **উত্তর: খ**

৭. **'ণ-ত্ব ও ষ-ত্ব' বিধান ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?** [পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল, রাজশাহী) পোস্টম্যান : ২২]
ⓚ বাক্যতত্ত্ব ⓖ ধ্বনিতত্ত্ব
ⓖ অভিধানতত্ত্ব ⓘ রূপতত্ত্ব **উত্তর: খ**

৮. **'Morphology' - বঙ্গানুবাদ হল -** [সোনালী ও জনতা ব্যাংক লি. অফিসার (আইটি) : ২০]
ⓚ রূপতত্ত্ব ⓖ ধ্বনিতত্ত্ব
ⓖ অর্থতত্ত্ব ⓘ বাক্যতত্ত্ব **উত্তর: ক**

৯. **রূপতত্ত্বের অপর নাম কি?** [বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক অফিসার : ১৬]
ⓚ বাক্যতত্ত্ব ⓖ পদক্রম
ⓖ ধ্বনিতত্ত্ব ⓘ শব্দতত্ত্ব **উত্তর: ঘ**

১০. **'শব্দ' আলোচিত হয় ব্যাকরণের কোন অংশে?** [NSI- এর কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ ধ্বনিতত্ত্বে ⓖ বাক্যতত্ত্বে
ⓖ রূপতত্ত্বে ⓘ অর্থতত্ত্বে **উত্তর: গ**

১১. **রূপতত্ত্বের অন্তর্ভুক্ত কোনটি?** [বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ⓚ প্রতিশব্দ ⓖ বাগধারা
ⓖ ক্রিয়াবিশেষণ ⓘ উক্তি **উত্তর: গ**

১২. ক্রিয়ামূল, ক্রিয়ারকাল ও পুরুষ ইত্যাদি ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়) এর অফিস সহকারী : ২১]
ⓚ ধ্বনিতত্ত্ব ⓚ রূপতত্ত্ব
ⓖ বাক্যতত্ত্ব ⓖ পদক্রম **উত্তর: খ**

১৩. 'উপসর্গ' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ক ধ্বনিতত্ত্ব খ রূপতত্ত্ব
গ বাক্যতত্ত্ব ঘ বাগর্থতত্ত্ব **উত্তর: খ**

১৪. বচন, লিঙ্গ, পুরুষ ইত্যাদি আলোচিত হয়- [সমন্বিত ২ (দুই) ব্যাংক সিনিয়র অফিসার (আইটি) : ২০]
ক ব্যঞ্জনবর্ণে খ ধ্বনিতত্ত্বে
গ স্বরবর্ণে ঘ রূপতত্ত্বে **উত্তর: ঘ**

১৫. প্রকৃতি ও প্রত্যয় বাংলা ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]
ক বাক্যতত্ত্ব খ রূপতত্ত্ব
গ অর্থতত্ত্ব ঘ ধ্বনিতত্ত্ব **উত্তর: খ**

১৬. বাংলা ব্যাকরণে রূপতত্ত্বের আলোচ্য বিষয় কোনটি? [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর সহকারী পরিচালক : ২০]
ক ধ্বনি খ বিরামচিহ্ন
গ প্রত্যয় ঘ পদক্রম **উত্তর: গ**

১৭. 'Syntax' এর সমার্থক বাংলা প্রতিশব্দ হল? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক ধ্বনিতত্ত্ব খ শব্দতত্ত্ব
গ বাক্যতত্ত্ব ঘ অর্থতত্ত্ব **উত্তর: গ**

১৮. বাক্যতত্ত্বের অপর নাম কি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮]
ক ভাষা খ প্রাতিপদিক
গ পদক্রম ঘ সাধিত শব্দ **উত্তর: গ**

১৯. ব্যাকরণের কোন অংশে 'কারক' সম্বন্ধে আলোচনা করা হয়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মিসিসিপি) : ১৩]
ক ধ্বনিতত্ত্বে খ অর্থতত্ত্বে
গ বাক্যতত্ত্বে ঘ রূপতত্ত্বে **উত্তর: গ**

২০. ধ্বনিতত্ত্ব ও শব্দতত্ত্বকে বাক্যে যথাযথভাবে ব্যবহার করার বিধানের নামই- [৪১তম বিসিএস]
ক রসতত্ত্ব খ রূপতত্ত্ব
গ বাক্যতত্ত্ব ঘ ক্রিয়ার কাল **উত্তর: গ**

২১. 'বাগধারা' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? [স্বাস্থ্য ও সেবা অধিদপ্তরের নকশারকার ড্রাফটম্যান : ২২]
ক ভাষাতত্ত্বে খ ধ্বনিতত্ত্বে
গ বাক্যতত্ত্বে ঘ রূপতত্ত্বে **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর - অর্থতত্ত্ব।

২২. ব্যাকরণের উচ্চতর পর্যায়ে আলোচিত হয় কোনটি? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর : ১১]
ক বাক্যতত্ত্ব খ ধ্বনিতত্ত্ব
গ রূপতত্ত্ব ঘ অর্থতত্ত্ব **উত্তর: ঘ**

২৩. 'Lexicography' এর বাংলা পারিভাষিক শব্দ কী? [দুর্নীতি দমন কমিশন এর কনস্টেবল : ২২]
ক ভাষাতত্ত্ব খ অভিধানতত্ত্ব
গ ধনিতত্ত্ব ঘ বাক্যতত্ত্ব **উত্তর: খ**

২৪. কোন শব্দটি ব্যাকরণের আলোচ্যসূচিতে পড়ে না? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২]
ক মনস্তত্ত্ব খ ধ্বনিতত্ত্ব
গ রূপতত্ত্ব ঘ অর্থতত্ত্ব **উত্তর: ক**

২৫. নিচের কোনটি ব্যাকরণের সাধারণ আলোচ্য বিষয় নয়? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষক : ১৭]
ক ধ্বনিতত্ত্ব খ শব্দতত্ত্ব
গ ভাষাতত্ত্ব ঘ বাক্যতত্ত্ব **উত্তর: গ**

২৬. কে দার্শনিক-বিচারমূলক ব্যাকরণকে ব্যাকরণের একটি শ্রেণি বলে মনে করেন? [রাবি : ০৯-১০]
ক ড. মুহম্মদ এনামুল হক
খ ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ঘ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর **উত্তর: গ**

ধ্বনি ও বর্ণ


Sound & Letter

ধ্বনি : ভাষার মূল উপাদান হচ্ছে ধ্বনি। ধ্বনি ভাষার ক্ষুদ্রতম একক। বাংলা ভাষায় ৩৭টি মৌলিক ধ্বনি রয়েছে। এই ধ্বনিগুলোকে দুই ভাগে ভাগ করা হয়েছে। যথা-

ক) মৌলিক স্বরধ্বনি ৭টি। যথা- [ই], [এ], [অ্যা], [আ], [অ], [ও], [উ]। ধ্বনিতত্ত্ববিদ মুহম্মদ আবদুল হাই বাংলা মূল স্বরধ্বনির তালিকায় নতুন 'অ্যা' ধ্বনি প্রতিষ্ঠা করেন।
খ) মৌলিক ব্যঞ্জনধ্বনি ৩০টি।

বর্ণ : বর্ণ হচ্ছে ধ্বনি নির্দেশক প্রতীক, অর্থাৎ ধ্বনি নির্দেশক চিহ্নকে বলা হয় বর্ণ (letter)। ধ্বনির লিখিত প্রতীককে বর্ণ বলে। একটি ধ্বনিতে একটি প্রতীক বা বর্ণ থাকে।

বাগ্‌যন্ত্র : ধ্বনি উচ্চারণ করতে যেসব প্রত্যঙ্গ কাজে লাগে, সেগুলোকে একত্রে বাগ্‌যন্ত্র বলে। যেমন- নাক, ঠোঁট, মুখবিবর, কোমল তালু, শক্ত তালু, দাঁত, মাড়ি, চোয়াল, জিহ্বা, আলজিভ, কণ্ঠনালী, শ্বাসনালী, গলবিল, স্বরযন্ত্র, ফুসফুস, মধ্যচ্ছদা ইত্যাদি।



বাগ্‌যন্ত্রের বিভিন্ন প্রত্যঙ্গ

- ফুসফুস থেকে তৈরি বাতাস মুখবিবর ও নাসারন্ধ্র দিয়ে বের হয়।
- স্বরযন্ত্র মানবদেহে শব্দ উৎপন্ন করে।
- অধিজিহ্বা, স্বররন্ধ্র, ধ্বনিদ্বার স্বরযন্ত্রের অংশ।
- বাগ্‌যন্ত্রের মধ্যে জিভ সবচেয়ে সচল ও সক্রিয় প্রত্যঙ্গ।

MCQ Solution

১. 'Phonology' এর বাংলা প্রতিশব্দ কী? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী : ১১]
ক) ভাষাতত্ত্ব খ) দর্শন তত্ত্ব
গ) ভাষার ধ্বনিবিজ্ঞান **উত্তর: গ**

২. 'Phoneme' শব্দের অর্থ- [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ক) শব্দমূল খ) নাম প্রকৃতি
গ) রূপ ঘ) ধ্বনিমূল **উত্তর: ঘ**

৩. ভাষার মূল উপাদান কী? [৩২তম বিসিএস/ টিটিসি'র ইন্সট্রাক্টর : ২২]
ক) বর্ণ খ) শব্দ
গ) ধ্বনি ঘ) বাক্য **উত্তর: গ**

৪. ভাষার ক্ষুদ্রতম একক কোনটি? [ডাক অধিদপ্তরের ডাক-জীবন-বীমা-এর অফিস সহকারী : ২২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ২২]
ক) বর্ণ খ) পদ
গ) অক্ষর ঘ) ধ্বনি **উত্তর: ঘ**

৫. বাংলা ভাষায় মৌলিক ধ্বনির সংখ্যা কত? [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
ক) ৭ খ) ৩৭
গ) ৩২ ঘ) ৩৯ **উত্তর: খ**

৬. বাংলা ভাষায় মৌলিক ব্যঞ্জনধ্বনির সংখ্যা কত? [বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক) ৩০ গ) ৩২
খ) ৩৭ ঘ) ৩৯ **উত্তর: ক**

৭. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা কত? [৩৮তম বিসিএস/ ৩৫তম বিসিএস/ মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ক) ৭টি গ) ১১টি
খ) ৯টি ঘ) ১৩টি **উত্তর: ক**

৮. ধ্বনিবিদ মুহম্মদ আবদুল হাই বাংলা মূল স্বরধ্বনির' তালিকায় যে নতুন মূল ধ্বনিটি প্রতিষ্ঠা করেছেন সেটি - [পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ক) এ্যা ধ্বনি খ) ও ধ্বনি
গ) য় ধ্বনি ঘ) উ ধ্বনি **উত্তর: ক**

৯. মূল স্বরধ্বনি কোনটি? [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ক) অ খ) ক
গ) চ ঘ) ত **উত্তর: ক**

১০. 'আ' একটি- [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষের অফিস সহকারী : ২১]
ক) যৌগিক ধ্বনি খ) দ্বিস্বর ধ্বনি
গ) মৌলিক স্বরধ্বনি ঘ) ব্যঞ্জন ধ্বনি **উত্তর: গ**

১১. কোনগুলো মৌলিক স্বরধ্বনি? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী : ১৮]
ক) ও, ঔ খ) এ, ঐ
গ) ই, অ্যা ঘ) আ, ঋ **উত্তর: গ**

১২. কোনটি মূল স্বরধ্বনি নয়? [রাবি (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ অ ⓚ এ
ⓖ ঔ ⓖ উ **উত্তর:** গ

১৩. একটি ধ্বনিতে কয়টি 'প্রতীক' ব্যবহৃত হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১১-১২]
ⓚ দুইটি ⓚ একটি
ⓖ চারটি ⓖ পাঁচটি **উত্তর:** খ

১৪. বর্ণ হচ্ছে- [১৪তম বিসিএস / বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিরাপত্তা অপারেটর : ২১]
ⓚ শব্দের ক্ষুদ্রতম অংশ
ⓚ একসঙ্গে উচ্চারিত ধ্বনিগুচ্ছ
ⓖ ধ্বনি নির্দেশক প্রতীক
ⓖ ধ্বনির শ্রুতিগ্রাহ্য রূপ **উত্তর:** গ

১৫. ধ্বনির লিখিত রূপকে কী বলা হয়? [তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকতা : ২২]
ⓚ ধ্বনি ⓚ পদ
ⓖ ফলা ⓖ বর্ণ **উত্তর:** ঘ

১৬. ধ্বনি উচ্চারণে মানব শরীরের যেসব প্রত্যঙ্গ জড়িত সেগুলোকে একত্রে কী বলে? [৪২তম (বিশেষ) বিসিএস]
ⓚ গলনালি ⓚ বাগযন্ত্র
ⓖ স্বরযন্ত্র ⓖ শ্বাসনালী **উত্তর:** খ

১৭. মানবদেহে শব্দ উৎপন্ন করে- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ঢাকা বিভাগ) : ০৬]
ⓚ জিহ্বা ⓚ ঠোঁট
ⓖ মুখ ⓖ স্বরযন্ত্র **উত্তর:** ঘ

১৮. কোনটি বাগযন্ত্রের অংশ? [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ⓚ নাক ⓚ চোখ
ⓖ গলা ⓖ কান **উত্তর:** ক

১৯. বাগযন্ত্রের অংশ কোনটি? [৪৩তম বিসিএস]
ⓚ স্বরযন্ত্র
ⓚ ফুসফুস
ⓖ দাঁত
ⓖ উপরের সবকটি **উত্তর:** ঘ

২০. বাগযন্ত্রের মধ্যে সবচেয়ে সচল ও সক্রিয় প্রত্যঙ্গ কোনটি? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (B ইউনিট) : ২১-২২]
ⓚ কণ্ঠনালী ⓚ জিহ্বা
ⓖ তালু ⓖ দাঁত **উত্তর:** খ

২১. বাগযন্ত্রের অংশ নয়- [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার : ১৮]
ⓚ দাঁত ⓚ তালু
ⓖ কান ⓖ নাক **উত্তর:** গ

স্বরধ্বনি ও স্বরবর্ণ

যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস থেকে নির্গত বাতাস মুখের মধ্যে কোনোভাবে বাধাপ্রাপ্ত হয় না, তাদেরকে বলা হয় স্বরধ্বনি (Vowel sound)। স্বরধ্বনির লিখিত রূপকে স্বরবর্ণ বলা হয়। বাংলা ভাষায় স্বরবর্ণ ১১টি। যথা- অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ।

দ্বিস্বরধ্বনি : পূর্ণস্বরধ্বনি ও অর্ধস্বরধ্বনি একত্রে উচ্চারিত হলে দ্বিস্বরধ্বনি হয়। দ্বিস্বরধ্বনিকে যৌগিক স্বর, সন্ধিস্বর, সান্ধ্যক্ষরও বলা হয়। যেমন - যেমন- 'লাউ' শব্দের [আ] পূর্ণ স্বরধ্বনি এবং [উ়] অর্ধস্বরধ্বনি মিলে দ্বিস্বরধ্বনি [আউ়] তৈরি হয়েছে। অ + ই = আই (বই), অ + এ = অয় (ভয়), আ + এ = আয় (খায়), ই + এ = ইয়ে (বিয়ে), ও + আ = ওয়া (মোয়া) প্রভৃতি। বাংলা যৌগিক স্বরধ্বনি মোট ২৫টি। বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ রয়েছে : ঐ (ও + ই) এবং ঔ (ও + উ)। অন্য যৌগিক স্বরের প্রতীক স্বরূপ কোনো বর্ণ নেই।

অর্ধ-স্বরধ্বনি (Semi Vowel) : যে সব স্বরধ্বনি পুরোপুরি উচ্চারিত হয় না, তাকে অর্ধ-স্বরধ্বনি বলে। বাংলা ভাষার অর্ধস্বরধ্বনি চারটি: [ই়], [উ়], [এ়] এবং [ও়]। উদাহরণ- মই, ঢেউ, যায় এবং যাও। স্বরধ্বনি উচ্চারণ করার সময়ে টেনে দীর্ঘ করা যায়, কিন্তু অর্ধস্বরধ্বনিকে কোনোভাবেই দীর্ঘ করা যায় না।

অনুনাসিক স্বরধ্বনি : [ইঁ], [এঁ], [অ্যাঁ], [আঁ], [অঁ], [ওঁ], [উঁ]। স্বরধ্বনির অনুনাসিকতা বোঝাতে বাংলা স্বরবর্ণের উপরে চন্দ্রবিন্দু (ঁ) ব্যবহৃত হয়ে থাকে।

উচ্চারণের কাল-পরিমাণ অনুযায়ী, স্বরধ্বনিকে দুই ভাগে ভাগ করা হয়। যথা-

- হ্রস্ব স্বর (৪টি) : অ, ই, উ, ঋ।
- দীর্ঘ স্বর (৭টি) : আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ।

উচ্চারণের স্থান অনুযায়ী স্বরবর্ণগুলোর শ্রেণিবিভাগ-

উচ্চারণ স্থান অনুযায়ী নাম	স্বরবর্ণ
কণ্ঠ বা জিহ্বামূলীয় বর্ণ	অ, আ
তালব্য বর্ণ	ই, ঈ
মূর্ধন্য বর্ণ	ঋ
ওষ্ঠ্য বর্ণ	উ, ঊ
কণ্ঠতালব্য বর্ণ	এ, ঐ
কণ্ঠৌষ্ঠ্য বর্ণ	ও, ঔ

MCQ Solution

১. বাংলা স্বরবর্ণ কয়টি? [২৯তম বিসিএস/ সিজিএ-এর জুনিয়র অডিটর : ২২]
ⓚ নয়টি ⓚ দশটি
ⓖ এগারটি ⓖ বারটি **উত্তর:** গ

২. **নিচের কোনটি একটি স্বরবর্ণ?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓚ ক ⓚ ঙ
ⓖ এ ⓖ চ **উত্তর:** গ

৩. **সংস্কৃত প্রয়োগ অনুসারে বাংলা বর্ণমালায় 'ঋ' কোন বর্ণের মধ্যে রক্ষিত?** [কর্মসংস্থান ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৫]
ⓚ উষ্ম বর্ণ ⓚ স্বরবর্ণ
ⓖ ব্যঞ্জন বর্ণ ⓖ ঘোষ বর্ণ **উত্তর:** খ

৪. **বাংলা স্বরধ্বনিতে কয়টি হ্রস্ব স্বর আছে?** [থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]
ⓚ ৫টি ⓚ ৪টি
ⓖ ৭টি ⓖ ৬টি **উত্তর:** খ

৫. **বাংলা স্বরধ্বনিতে মোট কয়টি দীর্ঘস্বর আছে?** [স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীনে এলজিইডি'র সহকারী প্রকৌশলী : ০৫]
ⓚ ৭টি ⓚ ৯টি
ⓖ ৬টি ⓖ ৫টি **উত্তর:** ক

৬. **নিচের কোনটি হ্রস্বস্বর বর্ণ নয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৩-০৪]
ⓚ অ ⓚ আ
ⓖ ই ⓖ উ **উত্তর:** খ

৭. **একই সঙ্গে উচ্চারিত দুইটি মিলিত স্বরধ্বনিকে কি বলে?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান শাখা) : ২০-২১]
ⓚ মৌলিক স্বরধ্বনি ⓚ সমধ্বনি
ⓖ মূলধ্বনি ⓖ যৌগিক স্বরধ্বনি **উত্তর:** ঘ

৮. **পূর্ণস্বরধ্বনি ও অর্ধস্বরধ্বনি একত্রে মিলে হয়?** [পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) সহকারী পরিচালক : ২১]
ⓚ স্বরধ্বনি ⓚ মৌলিক স্বরধ্বনি
ⓖ অল্প স্বরধ্বনি ⓖ দ্বিস্বরধ্বনি **উত্তর:** ঘ

৯. **বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনি সংখ্যা কোনটি?** [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ ২৪টি ⓚ ২৫টি
ⓖ ২৭টি ⓖ ২৩টি **উত্তর:** খ

১০. **বাংলা বর্ণমালায় যৌগিক স্বরবর্ণ কয়টি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সিনিয়র অফিসার : ২১]
ⓚ ২টি ⓚ ৩টি
ⓖ ৫টি ⓖ ৬টি **উত্তর:** ক

১১. **বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ কি কি?** [ডেসকোর অ্যাসিসটেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার : ১৯]
ⓚ ই এবং উ ⓚ অ এবং এ
ⓖ ঐ এবং ঔ ⓖ আ এবং ও **উত্তর:** গ

১২. **কোন দু'টি স্বরের মিলিত ধ্বনিতে 'ঐ' ধ্বনির সৃষ্টি হয়?** [বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ⓚ অ এবং ই ⓚ এ এবং ই
ⓖ ও এবং ই ⓖ উ এবং ই **উত্তর:** গ

১৩. **'ঔ' কোন ধরনের স্বরধ্বনি?** [৩৭তম বিসিএস/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১]
ⓚ যৌগিক স্বরধ্বনি ⓚ তালব্য স্বরধ্বনি
ⓖ মিলিত স্বরধ্বনি ⓖ কোনোটি নয় **উত্তর:** ক

১৪. **নিচের কোনটি দ্বিস্বর ধ্বনি?** [চবি (খ১ ইউনিট) : ১৪-১৫]
ⓚ বিবি ⓚ বিরি
ⓖ রদ ⓖ ইয়ে **উত্তর:** ঘ

১৫. **নিচের কোনটি দ্বিস্বর ধ্বনি?** [চবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ⓚ আয় ⓚ আম
ⓖ ঝুপ ⓖ লিলি **উত্তর:** ক

১৬. **কোন শব্দে দ্বিস্বরধ্বনি রয়েছে?** [NSI-এর ফিল্ড অফিসার : ২১]
ⓚ লাউ ⓚ দিন
ⓖ বলি ⓖ ইতি **উত্তর:** ক

১৭. **নিচের কোনটি অর্ধ-স্বরধ্বনি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১০-১১]
ⓚ এ ⓚ ঐ
ⓖ ও ⓖ ঔ **উত্তর:** গ

১৮. **'মই' কথাটির ই-কে কী বলে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) :১২-১৩]
ⓚ হ্রস্বস্বর ⓚ অর্ধস্বর
ⓖ দ্বিস্বর ⓖ ভগ্নস্বর **উত্তর:** খ

১৯. **'ভয়', 'মোয়া'- শব্দদ্বয়ে ধ্বনিরীতির ব্যবহার হলো-** [শাবিপ্রবি (ক ইউনিট) : ১৪-১৫]
ⓚ হ্রস্বস্বর ⓚ দীর্ঘস্বর
ⓖ যৌগিক স্বর ⓖ মৌলিক স্বর **উত্তর:** গ

২০. **নিচের কোনটি অনুনাসিক স্বরধ্বনি?** [বেরোবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ আঁ ⓚ ঈ
ⓖ ঙ ⓖ ঞ **উত্তর:** ক

২১. **কোন ধ্বনির উপরে চন্দ্রবিন্দু বসলে উচ্চারণ অনুনাসিক হয়?** [ঢাবি (ঘ ইউনিট) : ১৮-১৯]
ⓚ স্বরধ্বনি ⓚ ব্যঞ্জনধ্বনি
ⓖ বিসর্গযুক্ত অ-ধ্বনি ⓖ দন্ত্য-ন **উত্তর:** ক

২২. **'চন্দ্রবিন্দু' আসলে পরিবর্তিত রূপ-** [ঢাবি (ক ইউনিট) : ১৫-১৬]
ⓚ ঘর্ষণ বর্ণের ⓚ বর্গীয় বর্ণের
ⓖ অনুনাসিক ধ্বনির ⓖ সর্বনামের **উত্তর:** গ

২৩. **'অ'-এর উচ্চারণ স্থান হলো-** [কুবি (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ দন্ত্য ⓚ তালব্য
ⓖ কণ্ঠ্য ⓖ নাসিক্য **উত্তর:** গ

২৪. **তালব্য বর্ণ কোনগুলো?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ⓚ এ, ঐ ⓚ ই, ঈ
ⓖ উ, ঊ ⓖ ও, ঔ **উত্তর:** খ

ব্যঞ্জনধ্বনি ও ব্যঞ্জনবর্ণ

যে সকল ধ্বনি স্বরধ্বনির সাহায্য ছাড়া স্পষ্টরূপে উচ্চারিত হতে পারে না তাদেরকে বলা হয় ব্যঞ্জনধ্বনি (Consonant sound)। ব্যঞ্জনধ্বনির লিখিত রূপকে ব্যঞ্জনবর্ণ বলা হয়।

ব্যঞ্জনধ্বনি	৩২টি	ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ট ঠ ড ঢ ত থ দ ধ ন প ফ ব ভ ম র ল শ স হ ড় ঢ় অন্তস্থ য় অন্তস্থ ব।
ব্যঞ্জনবর্ণ	৩৯টি	ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ঢ ণ ত থ দ ধ ন প ফ ব ভ ম য র ল শ ষ স হ ড় ঢ় য় ৎ ং ঃ ঁ

বর্গীয়-ব এবং অন্তঃস্থ-ব-এর আকৃতিতে কোনো পার্থক্য নেই। আগে বর্গীয় ও অন্তঃস্থ- এ দুই রকমের ব-এর লেখার আকৃতিও পৃথক ছিল, উচ্চারণও আলাদা ছিল। এখন আকৃতি ও উচ্চারণ অভিন্ন বলে অন্তঃস্থ-ব কে বর্ণমালা থেকে বাদ দেয়া হয়েছে। ং, ঃ, ঁ (এ তিনটি বর্ণ স্বাধীন ভাবে স্বতন্ত্র বর্ণ হিসেবে ভাষায় ব্যবহৃত হয় না। তাই এ বর্ণগুলোকে বলা হয় পরাশ্রয়ী বর্ণ। যেমন- রং, চাঁদ, দুঃখ ইত্যাদি।

ব্যঞ্জনধ্বনির শ্রেণি বিভাগ

উচ্চারণের স্থান ও প্রকৃতি এবং ধ্বনির কম্পন ও বায়ুপ্রবাহ বিবেচনায় ব্যঞ্জনধ্বনিকে অন্তত চার ধরনে ভাগ করা যায়। যথা-

১. উচ্চারণস্থান অনুযায়ী বিভাজন

বাক্প্রত্যঙ্গের ঠিক যে জায়গায় বাতাস বাধা পেয়ে ব্যঞ্জনধ্বনি সৃষ্টি করে সেই জায়গাটি হলো ঐ ব্যঞ্জনের উচ্চারণ স্থান। উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির শ্রেণি বিভাগ-

	ধ্বনি	মুখ্য বাক্প্রতঙ্গ	ব্যঞ্জনধ্বনি
১	কণ্ঠ্য ব্যঞ্জন	জিভের পেছনের অংশ	ক খ গ ঘ ঙ
২	কণ্ঠনালীয় ব্যঞ্জন	ধ্বনিদ্বারের দুটি পাল্লা	হ
৩	তালব্য ব্যঞ্জন	জিভের সামনের অংশ	চ ছ জ ঝ শ
৪	মূর্ধন্য ব্যঞ্জন	জিভের ডগা	ট ঠ ড ঢ ড় ঢ়
৫	দন্ত্য ব্যঞ্জন	জিভের ডগা	ত থ দ ধ
৬	দন্তমূলীয় ব্যঞ্জন	জিভের ডগা	ন র ল স
৭	ওষ্ঠ্য ব্যঞ্জন	নিচের ঠোঁট	প ফ ব ভ ম

কণ্ঠ্য ব্যঞ্জন : যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের পিছনের অংশ উঁচু হয়ে আলজিভের কাছাকাছি নরম তালুর কাছে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে কণ্ঠ্য ব্যঞ্জন বলে।

দন্ত্য ব্যঞ্জন : যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা উপরের পাটির দাঁতে লেগে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে দন্ত্য ব্যঞ্জন বলে।

দন্ত্যমূলীয় ব্যঞ্জন : যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা উপরের পাটির দাঁতের গোড়ার সঙ্গে লেগে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে দন্তমূলীয় ব্যঞ্জন বলে।

ওষ্ঠ্য ব্যঞ্জন : যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে ঠোঁট দুটি কাছাকাছি এসে বায়ুপথে বাধা সৃষ্টি করে, সেগুলোকে ওষ্ঠ্য ব্যঞ্জন বলে। এগুলো দ্বি-ওষ্ঠ্য ধ্বনি নামেও পরিচিত। বাঙালি শিশুরা ওষ্ঠ্য ধ্বনি ধ্বনিগুলো প্রথমে শেখে।

২. উচ্চারণের প্রকৃতি অনুযায়ী বিভাজন

স্পৃষ্ট বা বর্গীয় ব্যঞ্জন : যেসব ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে দুটি বাকপ্রতঙ্গ পরস্পরের সংস্পর্শে এসে বায়ুপথে বাধা তৈরি করে, সেগুলোকে স্পৃষ্ট বা স্পর্শ ব্যঞ্জন বলে। স্পর্শধ্বনি ২০টি। যথা- ক খ গ ঘ চ ছ জ ঝ ট ঠ ড ঢ ত থ দ ধ প ফ ব ফ।

অনুনাসিক বা নাসিক্য ব্যঞ্জন : [ঙ] [ঞ] [ণ] [ন] [ম] - এ পাঁচটি বর্ণে দ্যোতিত ধ্বনির উচ্চারণে নাক ও মুখ দিয়ে কিংবা কেবল নাক দিয়ে ফুসফুস-তাড়িত বাতাস বের হয় বলে এদের বলা হয় নাসিক্য ধ্বনি এবং প্রতীকী বর্ণগুলোকে বলা হয় নাসিক্য বর্ণ।

ক থেকে ম পর্যন্ত ২৫টি ধ্বনি পাঁচটি বর্গে বিভক্ত। পাঁচটি বর্গের প্রথম চারটি করে ধ্বনি বাংলা ভাষা স্পৃষ্ট বা স্পর্শ ধ্বনি। প্রতি গুচ্ছের প্রথম ধ্বনিটির নামানুসারে সে গুচ্ছের সবগুলো ধ্বনিকে বলা হয় ওই বর্গীয় ধ্বনি। উচ্চারণের স্থান অনুযায়ী স্পৃষ্ট ধ্বনিগুলোকে এভাবে দেখানো যায়-

বর্গ	স্পৃষ্ট বা স্পর্শ ব্যঞ্জন (২০টি)		নাসিক্য (৫টি)
ক বর্গ	কণ্ঠ বা জিহ্বামূলীয়	ক খ গ ঘ	ঙ
চ বর্গ	তালু বা তালব্য	চ ছ জ ঝ	ঞ
ট বর্গ	মূর্ধা বা মূর্ধন্য বা প্রতিবেষ্টিত	ট ঠ ড ঢ	ণ
ত বর্গ	দন্ত্য	ত থ দ ধ	ন
প বর্গ	ওষ্ঠ	প ফ ব ফ	ম

উষ্ম ব্যঞ্জন : শ্বাসবায়ুর প্রাধান্যযুক্ত ব্যঞ্জনধ্বনি। উচ্চারণের সময় দুটি বাকপ্রত্যঙ্গ কাছাকাছি এসে নিঃসৃত বায়ুতে ঘর্ষণ সৃষ্টি করে। উচ্চারণস্থান অনুসারে উষ্ম ব্যঞ্জন ধ্বনিগুলোকে দন্তমূলীয় (স), তালব্য (শ), এবং কণ্ঠনালীয় (হ)- এই তিন ভাগে ভাগ করা যায়। এগুলোর মধ্যে স এবং শ-কে শিস ধ্বনিও বলা হয়ে থাকে। কারণ স, শ উচ্চারণে শ্বাস অনেকক্ষণ ধরে রাখা যায় এবং শিসের মতো আওয়াজ হয়।

পার্শ্বিক ব্যঞ্জন : যে ব্যঞ্জনধ্বনি উচ্চারণের সময়ে জিভের ডগা দন্তমূল স্পর্শ করে এবং ফুসফুস থেকে আসা বাতাস জিভের দুই পাশ দিয়ে বেরিয়ে যায়, তাকে পার্শ্বিক ব্যঞ্জন বলে। লাল শব্দের 'ল' পার্শ্বিক ব্যঞ্জনধ্বনির উদাহরণ।

কম্পিত ব্যঞ্জন : যে ধ্বনি উচ্চারণের সময়ে জিভ একাধিক বার অতি দ্রুত দন্তমূলকে আঘাত করে বায়ুপথে বাধা সৃষ্টি করে, তাকে কম্পিত ব্যঞ্জন বলে। কর, ভার, হার প্রভৃতি শব্দের 'র' কম্পিত ব্যঞ্জনধ্বনির উদাহরণ।

তাড়িত ব্যঞ্জন : যে ধ্বনি উচ্চারণের সময়ে জিভের সামনের অংশ দন্তমূলের একটু উপরে অর্থাৎ মূর্ধায় টোকা দেওয়ার মতো করে একবার ছুঁয়ে যায়, তাকে তাড়িত ব্যঞ্জন বলে। বাড়ি, মূঢ় প্রভৃতি শব্দের ড়, ঢ় তাড়িত ব্যঞ্জনধ্বনির উদাহরণ।

৩. ধ্বনির কম্পনমাত্রা অনুযায়ী বিভাজন

অঘোষ ধ্বনি (Voiceless) : যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না, তাকে বলা হয় অঘোষ ধ্বনি। বর্গের ১ম ও ২য় ধ্বনি অঘোষ। যেমন- ক, খ, চ, ছ ইত্যাদি।

ঘোষ ধ্বনি (Voiced) : যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয়, তাকে বলে ঘোষ ধ্বনি। বর্গের ৩য়, ৪র্থ এবং ৫ম ধ্বনি ঘোষ। যেমন- গ, ঘ, জ, ঝ ইত্যাদি।

৪. ধ্বনি সৃষ্টিতে বায়ুর প্রবাহ অনুযায়ী বিভাজন

অল্পপ্রাণ ধ্বনি (Unaspirated) : যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের স্বল্পতা থাকে, তাকে বলা হয় অল্পপ্রাণ ধ্বনি। যেমন- ক, গ, চ, জ ইত্যাদি।

মহাপ্রাণ ধ্বনি (Aspirated) : যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের আধিক্য থাকে, তাকে বলা হয় মহাপ্রাণ ধ্বনি। যেমন- খ, ঘ, ছ, ঝ ইত্যাদি। বর্গের ১ম, ৩য় ও ৫ম ধ্বনি অল্পপ্রাণ এবং ২য় ও ৪র্থ ধ্বনি মহাপ্রাণ।

অঘোষ ধ্বনি		ঘোষ ধ্বনি		
অল্পপ্রাণ	মহাপ্রাণ	অল্পপ্রাণ	মহাপ্রাণ	নাসিক্য
ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
শ, ষ, স			হ	

MCQ Solution

১. **বাংলা ভাষার ব্যঞ্জনমূলের সংখ্যা-** [রাবি (ক ইউনিট) : ১৩-১৪]
ⓚ ২৪টি ⓛ ৩৪টি
ⓖ ৫০টি ⓘ ৫২টি **উত্তর:** খ
ব্যাখ্যা: বাংলা ভাষার ব্যঞ্জনমূল (ব্যঞ্জনধ্বনি) এর সংখ্যা নিয়ে মতভেদ আছে। NCTB ষষ্ঠ শ্রেণির বাংলা ব্যাকরণ বইতে ব্যঞ্জনধ্বনি ৩২টি পাওয়া যায়। সুনীতিকুমার চট্টোপাধ্যায়, বাংলায় মোট ৩১টি ব্যঞ্জনধ্বনিমূল দেখিয়েছেন। আবার, পবিত্র সরকার ৩০টি ব্যঞ্জন, ৪টি অর্ধস্বর নিয়ে ৩৪টি ধ্বনিমূল বা স্বনিমের উল্লেখ করেছেন।

২. **বাংলা ব্যঞ্জন বর্ণ কয়টি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক) ৩৫টি খ) ৩৭টি
গ) ৩৯টি ঘ) ৪১টি **উত্তর:** গ

৩. **বাংলা বর্ণমালায় কয়টি 'ব' আছে?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা) : ১৬]
ক) ১ খ) ২
গ) ৩ ঘ) ৪ **উত্তর:** ক

৪. **বাংলা ভাষায় স্পর্শ বর্ণের সংখ্যা কয়টি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ক) ২৩টি খ) ২৪টি
গ) ২৫টি ঘ) ২৬টি **উত্তর:**
ব্যাখ্যা: বর্তমান মাধ্যমিক ব্যাকরণ (সংস্করণ : নভেম্বর, ২০২০) অনুযায়ী স্পর্শ বর্ণ ২০টি। পূর্বের মাধ্যমিক ব্যাকরণ (পুনর্মুদ্রণ, ২০১৮) অনুযায়ী স্পর্শ বর্ণ ২৫টি।

৫. **ক থেকে ম পর্যন্ত ২৫টি ধ্বনিকে বলা হয়-** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১]
ক) স্পর্শ ধ্বনি খ) উষ্ম ধ্বনি
গ) জিহ্বামূলীয় ধ্বনি ঘ) পরাশ্রয়ী ধ্বনি **উত্তর:** ক
ব্যাখ্যা: পূর্বের মাধ্যমিক ব্যাকরণ (পুনর্মুদ্রণ, ২০১৮) অনুযায়ী ক থেকে ম পর্যন্ত ২৫টি ধ্বনিকে স্পর্শ ধ্বনি।

৬. **কোনগুলি স্পর্শধ্বনি?** [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর : ২০]
ক) অ - ঢ খ) চ - শ
গ) ক - ম ঘ) ট - য় **উত্তর:** গ

৭. **উচ্চারণ স্থানের নামানুসারে ব্যঞ্জন ধ্বনিগুলো কত ভাগে বিভক্ত?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৮]
ক) ৫ ভাগে খ) ৬ ভাগে
গ) ৭ ভাগে ঘ) ৮ ভাগে **উত্তর:** গ

৮. **বাংলা ব্যঞ্জনবর্ণ কতটি বর্গে ভাগ করা হয়েছে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার : ১২]
ক) তিন খ) চার
গ) পাঁচ ঘ) ছয় **উত্তর:** গ

৯. **বাংলা ভাষায় বর্গীয় বর্ণ কয়টি?** [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে সহকারী প্রোগ্রামার : ১৭]
ক) ২৫টি খ) ৩৯টি
গ) ২৬টি ঘ) ৪৯টি **উত্তর:** ক

১০. **'ক' থেকে 'ল' পর্যন্ত মোট ব্যঞ্জন বর্ণের সংখ্যা কত?** [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস ক্লার্ক : ২২]
ক) ২৫টি খ) ২৬টি
গ) ২৭টি ঘ) ২৮টি **উত্তর:** ঘ

১১. **ক থেকে ঙ পর্যন্ত পাঁচটি ধ্বনি হচ্ছে-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ ও সাংবাদিকতা) : ০৫-০৬]
ক) কণ্ঠধ্বনি খ) তালব্য ধ্বনি
গ) কর্কশ ধ্বনি ঘ) ঘোষ ধ্বনি **উত্তর:** ক

১২. কণ্ঠ থেকে উচ্চারিত ধ্বনি- [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস ক্লার্ক : ২২]
ⓚ ক ⓚ ঙ
ⓖ হ ⓖ ঝ **উত্তর:** ক

১৩. 'ক' বর্গের ধ্বনিসমূহের উচ্চারণ স্থান কোনটি? [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২১]
ⓚ জিহ্বামূল ⓚ অগ্রতালু
ⓖ পশ্চাৎদন্তমূল ⓖ অগ্রদন্তমূল **উত্তর:** ক

১৪. কোনটি কণ্ঠধ্বনি নয়? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ⓚ ক ⓚ খ
ⓖ গ ⓖ প **উত্তর:** ঘ

১৫. কণ্ঠ্যধ্বনি উচ্চারণের সময়ে- [রাবি (খ, ঘ ইউনিট) : ১৫-১৬]
ⓚ স্বরযন্ত্র থেকে কম্পিত বাতাস তালুতে চাপ খায়
ⓚ স্বরযন্ত্র থেকে কম্পিত বাতাস কোমল তালুতে চাপ খায়
ⓖ স্বরযন্ত্র থেকে বাতাস নাসারন্ধ্রে চাপ খায়
ⓖ স্বরযন্ত্র থেকে কম্পিত বাতাস দন্তমূলে চাপ খায় **উত্তর:** খ

১৬. তালব্য বর্ণ কোনগুলি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ ই, জ, ঞ, য় ⓚ খ, উ, ম, ল
ⓖ র, ড়, ঢ়, ভ ⓖ স, ও, ঘ, ত **উত্তর:** ক
ব্যাখ্যা: পূর্বের মাধ্যমিক ব্যাকরণ (পুনর্মুদ্রণ, ২০১৮) মোতাবেক, ঞ এবং য় তালব্য বর্ণের অন্তর্গত।

১৭. উচ্চারণ স্থান অনুযায়ী 'চ' বর্গের বর্ণসমূহ কোন ধরনের বর্ণ? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ তালব্য বর্ণ ⓚ দন্ত্য বর্ণ
ⓖ ওষ্ঠ্য বর্ণ ⓖ কণ্ঠ্য বর্ণ **উত্তর:** ক

১৮. তালব্য ব্যঞ্জন ধ্বনির উদাহরণ আছে কোন শব্দে? [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
ⓚ শসা ⓚ ঘাস
ⓖ কলা ⓖ দল **উত্তর:** ক

১৯. তালব্য ধ্বনি নয় কোনটি? [এনআরবি ব্যাংক লি. ট্রেইনি অফিসার : ২২]
ⓚ চ ⓚ ছ
ⓖ ন ⓖ ঞ **উত্তর:** গ

২০. 'ট' বর্গের বর্ণ হিসেবে নাম কি? [ইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ মূর্ধন্য বর্ণ ⓚ দন্ত্য বর্ণ
ⓖ তালব্য বর্ণ ⓖ জিহ্বামূলীয় বর্ণ **উত্তর:** ক

২১. কোনগুলো দন্ত্যধ্বনি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ ত, থ, দ, ধ, ন
ⓚ প, ফ, ব, ভ, ম
ⓖ ক, খ, গ, ঘ, ঙ
ⓖ চ, ছ, জ, ঝ, ঞ **উত্তর:** ক

২২. ত, ন, ল এ তিনটি ধ্বনির উচ্চারণ স্থান কোথায়? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাব রক্ষক : ২১]
ⓚ ওষ্ঠ ⓚ জিহ্বামূল
ⓖ অগ্রতালু ⓖ অগ্র দন্তমূল **উত্তর:** ঘ

২৩. জিবের ডগা আর উপর-পাটি দাঁতের সংস্পর্শে উচ্চারিত হয়- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ গ, ঘ ⓚ জ, ঝ
ⓖ ট, ঠ ⓖ ত, থ **উত্তর:** ঘ

২৪. উচ্চারণের দিকে 'ল' কোন ধরনের বর্ণ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৩]
ⓚ দন্ত্য বর্ণ ⓚ তালব্য বর্ণ
ⓖ স্বর বর্ণ ⓖ ব্যঞ্জন বর্ণ **উত্তর:** ক
ব্যাখ্যা: পূর্বের মাধ্যমিক ব্যাকরণ (পুনর্মুদ্রণ, ২০১৮) মোতাবেক, ল দন্ত্য বর্ণের অন্তর্গত।

২৫. ন, স- [রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ ওষ্ঠ্য ব্যঞ্জনবর্ণ ⓚ দন্ত্য ব্যঞ্জনবর্ণ
ⓖ দন্তমূলীয় ব্যঞ্জনবর্ণ ⓖ কণ্ঠনালীয় ব্যঞ্জনবর্ণ **উত্তর:** গ

২৬. উপরের ও নিচের ঠোঁটের সাহায্যে উচ্চারিত ধ্বনিগুলোকে কী বলে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ দন্ত্য ধ্বনি ⓚ দন্তমূলীয় ধ্বনি
ⓖ ওষ্ঠ্য ধ্বনি ⓖ দ্বি-ওষ্ঠ্য ধ্বনি **উত্তর:** ঘ

২৭. উচ্চারণ স্থানের নামানুসারে প-বর্গের বর্ণগুলো কী নামে পরিচিত? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ কণ্ঠবর্ণ ⓚ তালব্যবর্ণ
ⓖ দন্ত্যবর্ণ ⓖ ওষ্ঠ্যবর্ণ **উত্তর:** ঘ

২৮. বাংলা ভাষায় ওষ্ঠ্যব্যঞ্জন ধ্বনির সংখ্যা কত? [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার : ১৪]
ⓚ ৪টি ⓚ ৭টি
ⓖ ৮টি ⓖ ৫টি **উত্তর:** ঘ

২৯. কোনগুলি ওষ্ঠ্যধ্বনি? [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]
ⓚ চ ছ জ ঝ ⓚ ত থ দ ধ
ⓖ প ফ ব ভ ⓖ য র ল ব **উত্তর:** গ

৩০. 'ম' বর্ণ উচ্চারিত হয়- [পল্লীকর্ম সহায়ক ফা. অ্যাসিসটেন্ট ম্যানেজার : ১৪]
ⓚ তালু থেকে ⓚ দন্ত থেকে
ⓖ মূর্ধা থেকে ⓖ ওষ্ঠ্য থেকে **উত্তর:** ঘ

৩১. বাঙালি শিশু কোন বর্গের ধ্বনিগুলো আগে শেখে? [ঢাবি (ক ইউনিট) : ০৭-০৮]
ⓚ চ বর্গ ⓚ ট বর্গ
ⓖ ত বর্গ ⓖ প বর্গ **উত্তর:** ঘ

৩২. বাংলা বর্ণমালায় ঢ, ড়, ঢ় - এ তিনটির উচ্চারণস্থান কোনটি? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ⓚ ওষ্ঠ ⓚ পশ্চাৎ দন্তমূল
ⓖ অগ্রতালু ⓖ অগ্রদন্তমূল **উত্তর:** খ

৩৩. কোনগুলো বর্গীয় বর্ণ নয়? [রাবি (ক. খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ চ, ছ, জ, ঝ, ঞ ⓚ ত, থ, দ, ধ, ন
ⓖ ট, ঠ, ড, ঢ, ণ ⓖ য, র, ল, শ, ষ **উত্তর:** ঘ

৩৪. বাতাসে কোনো রকম বাধা ছাড়া একইসঙ্গে মুখ ও নাক দিয়ে বেরিয়ে গিয়ে উচ্চারিত বাগধ্বনিগুলিকে কী বলে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক) নাসিক্য ধ্বনি খ) মৌখিক ধ্বনি
গ) অনুনাসিক ধ্বনি ঘ) স্পৃষ্ট ধ্বনি **উত্তর: ক,গ**

৩৫. বাংলায় নাসিক্য ধ্বনি ক'টি? [রাবি (খ, ঘ ইউনিট) : ১৫-১৬]
ক) দুটি খ) তিনটি
গ) চারটি ঘ) পাঁচটি **উত্তর: ঘ**

৩৬. বাংলা ব্যঞ্জনবর্ণের প্রতিবর্গের পঞ্চম বর্ণের ধ্বনিটি- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১২-১৩]
ক) ঘোষ ধ্বনি খ) অঘোষ ধ্বনি
গ) মহাপ্রাণ ধ্বনি ঘ) নাসিক্য ধ্বনি **উত্তর: ঘ**

৩৭. 'নাসিক্য' বর্ণ কোনগুলো? [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়) এর অফিস সহকারী : ২১]
ক) অ, ঋ, ব খ) ঙ, ঞ, ণ
গ) উ, ঊ, য় ঘ) শ, স, ষ **উত্তর: খ**

৩৮. ঠোঁট ও নাকের ছিদ্রের সাহায্যে উচ্চারিত হয় কোন ধ্বনিটি? [কুবি (খ ইউনিট) : ১৪-১৫]
ক) ম খ) ং
গ) চ ঘ) ঙ **উত্তর: ক**

৩৯. তালব্য ও নাসিক্য বর্ণ কোনটি [কুবি (গ ইউনিট) : ১৩-১৪]
ক) ঙ খ) ঞ
গ) গ ঘ) ম **উত্তর: খ**

৪০. বাংলা বর্ণমালার পরাশ্রয়ী বর্ণ কয়টি? [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ক) ৫টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ১টি **উত্তর: খ**

৪১. নিচের কোনগুলো পরাশ্রয়ী বর্ণ? [পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল, রাজশাহী) পোস্টম্যান : ২২]
ক) ঙ, ঞ খ) ং, ঃ
গ) শ, ষ ঘ) র, ঢ় **উত্তর: খ**

৪২. বাংলা ব্যাকরণে পরাশ্রয়ী বর্ণযুক্ত শব্দ কোনগুলো? [গণপূর্ত অধিদপ্তরে সহকারী প্রকৌশলী : ০৫]
ক) আম্র, বৃহৎ, মিঞা খ) আয়না, হরিণ, ঋণ
গ) রং, চাঁদ, দুঃখ ঘ) শিউলি, উচিত, বৃষ **উত্তর: গ**

৪৩. বাংলা ভাষায় উষ্মবর্ণ মোট কয়টি? [রাবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ক) দুইটি খ) তিনটি
গ) চারটি ঘ) পাঁচটি **উত্তর: খ**

ব্যাখ্যা: পূর্বের মাধ্যমিক ব্যাকরণ (পুনর্মুদ্রণ, ২০১৮) অনুযায়ী, উষ্মধ্বনি বা শিশ ধ্বনি ৪টি। যথা- শ, ষ, স, হ।

৪৪. 'শ, ষ, স, হ' এই চারটি বর্ণের নাম কী? [বাংলাদেশ সরকারি কর্মকমিশন এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক) বর্গীয় বর্ণ খ) উষ্মবর্ণ
গ) পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ ঘ) কণ্ঠ্য বর্ণ **উত্তর: খ**

৪৫. বাংলা ব্যঞ্জনবর্ণে শ, ষ, স, হ - এ চারটিকে উষ্ম বর্ণ বলে। উষ্ম শব্দের অর্থ কি? [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ক) শিস খ) শ্বাস
গ) স্পর্শ ঘ) আগ্রহ **উত্তর: খ**

৪৬. কোনগুলো শিশ্ ধ্বনি? [NSI - এর জুনিয়র ফিল্ড অফিসার : ২১]
ক) ঙ, ঞ, ন খ) শ, স, ষ
গ) প, ফ, ভ ঘ) য, র, ল **উত্তর: খ**

৪৭. কোনটি কম্পনজাত ধ্বনি? [বেরোবি (খ ইউনিট) : ১৬-১৭]
ক) ল খ) ব
গ) ঢ় ঘ) র **উত্তর: ঘ**

৪৮. বাংলায় পার্শ্বিক ধ্বনি কয়টি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (গার্হস্থ্য অর্থনীতি বিভাগ) : ২১-২২]
ক) পাঁচটি খ) তিনটি
গ) একটি ঘ) দুইটি **উত্তর: গ**

৪৯. পার্শ্বিক ব্যঞ্জনের উদাহরণ কোনটি? [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ (বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ক) হ খ) শ
গ) র ঘ) ল **উত্তর: ঘ**

৫০. 'ল'-এর উচ্চারণ স্থান কোনটি? [রাবি : ০৯-১০]
ক) দন্ত্যমূল খ) জিহ্বামূল
গ) ওষ্ঠ্য ঘ) তালু **উত্তর: ক**

৫১. ড় এবং ঢ় ধ্বনি দুটি কী ধ্বনি? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী : ১৩]
ক) ঘোষ খ) তাড়নজাত
গ) অল্পপ্রাণ ঘ) শিস **উত্তর: খ**

৫২. 'খণ্ডত' (ৎ) প্রকৃত প্রস্তাবে কোন বর্ণের খণ্ড রূপ? [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৬-০৭]
ক) খ খ) ত
গ) দ ঘ) ধ **উত্তর: খ**

৫৩. য, র, ল-এগুলো কোন ধরনের বর্ণ? [রাবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ক) ঘোষ বর্ণ খ) অন্তঃস্থ বর্ণ
গ) অঘোষ বর্ণ ঘ) উষ্ম বর্ণ **উত্তর: খ**

ব্যাখ্যা: পূর্বের মাধ্যমিক ব্যাকরণ (পুনর্মুদ্রণ, ২০১৮) অনুযায়ী, স্পর্শ ও উষ্ম ধ্বনির অন্তরে অর্থাৎ মাঝে আছে বলে য র ল ব-এ ধ্বনিগুলোকে অন্তঃস্থ ধ্বনি বলা হয় আর বর্ণগুলোকে বলা হয় অন্তঃস্থ বর্ণ।

৫৪. যে বর্ণ উচ্চারণের সময় স্বরতন্ত্রী কাঁপে না, তাকে বলে- [যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার : ১৮]
ক) ঘোষ বর্ণ খ) অঘোষ বর্ণ
গ) অল্পপ্রাণ বর্ণ ঘ) মহাপ্রাণ বর্ণ **উত্তর: খ**

৫৫. কোন প্রকার ধ্বনি উচ্চারণে স্বরতন্ত্রীর প্রয়োজন হয়? [খাদ্য অধিদপ্তরের স্প্রেম্যান : ২২]
ক) মহাপ্রাণ ধ্বনি খ) ঘোষ ধ্বনি
গ) ওষ্ঠ্য ধ্বনি ঘ) অঘোষ ধ্বনি **উত্তর: খ**

৫৬. **যে ব্যঞ্জনধ্বনি উচ্চারণে মুখ দিয়ে অধিক বাতাস বের হয় ও নিচের চোয়ালের মাংসপেশিতে বেশি চাপ পড়ে সে ব্যঞ্জনগুলোকে বলে-** [পোস্টমাস্টার জেনারেল এর উচ্চমান সহকারী (উত্তরাঞ্চল) : ২২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]

ⓚ অল্পপ্রাণ ⓚ অধিকপ্রাণ
ⓖ স্বল্পপ্রাণ ⓖ মহাপ্রাণ **উত্তর:** ঘ

৫৭. **বর্গের কোন বর্ণসমূহের ধ্বনি মহাপ্রাণধ্বনি?** [৩৭তম বিসিএস/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকর্তা : ২২]

ক) তৃতীয় বর্ণ
খ) দ্বিতীয় ও চতুর্থ বর্ণ
গ) প্রথম ও দ্বিতীয় বর্ণ
ঘ) দ্বিতীয় ও তৃতীয় বর্ণ **উত্তর:** খ

৫৮. **কোন দুটি অঘোষ ধ্বনি?** [পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল, রাজশাহী) পোস্টম্যান : ২২]

ক) চ ছ খ) ড ঢ
গ) ব ভ ঘ) দ ধ **উত্তর:** ক

৫৯. **কোনটি ঘোষ বর্ণ?** [সঞ্চয় পরিদপ্তরের সঞ্চয় অফিসার : ১০]

ক) চ খ) ছ
গ) জ ঘ) প **উত্তর:** গ

৬০. **নিচের কোনটি অল্পপ্রাণ ধ্বনি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮]

ক) ভ খ) ঠ
গ) ফ ঘ) চ **উত্তর:** ঘ

৬১. **মহাপ্রাণ ধ্বনির উদাহরণ কোনটি?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]

ক) চ খ) ছ
গ) জ ঘ) গ **উত্তর:** খ

৬২. **নিচের কোনটি অঘোষ অল্পপ্রাণ ধ্বনি?** [৩০তম বিসিএস/ ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]

ক) ভ খ) ঠ
গ) ফ ঘ) চ **উত্তর:** ঘ

৬৩. **মহাপ্রাণ ঘোষধ্বনি কোনটি?** [শিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) : ২২]

ক) ব খ) ট
গ) ঝ ঘ) খ **উত্তর:** গ

বর্ণমালা (Alphabet)

যে কোনো ভাষায় ব্যবহৃত লিখিত বর্ণসমষ্টিকে সে ভাষার বর্ণমালা বলা হয়। বাংলা বর্ণমালায় মোট পঞ্চাশ (৫০)টি বর্ণ রয়েছে। তার মধ্যে স্বরবর্ণ এগার (১১)টি এবং ব্যঞ্জনবর্ণ ঊনচল্লিশ (৩৯)টি। আধুনিক বাংলা ভাষায় মোট ৪৫টি বর্ণের পূর্ণ রূপ ব্যবহৃত হয়।

প্রকার	বর্ণ		মোট
স্বরবর্ণ	অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ		১১টি
ব্যঞ্জনবর্ণ	ক খ গ ঘ ঙ	৫টি	৩৯টি
	চ ছ জ ঝ ঞ	৫টি	
	ট ঠ ড ঢ ণ	৫টি	
	ত থ দ ধ ন	৫টি	
	প ফ ব ভ ম	৫টি	
	য র ল	৩টি	
	শ ষ স হ	৪টি	
	ড় ঢ় য় ৎ	৪টি	
	ং ঃ ঁ	৩টি	
সর্বমোট বর্ণ			৫০টি

মাত্রার উপর ভিত্তি করে বর্ণ তিন প্রকার

বর্ণ	সংখ্যা	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ
মাত্রাহীন বর্ণ	১০টি	৪টি (এ, ঐ, ও, ঔ)	৬টি (ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ)
অর্ধমাত্রার বর্ণ	৮টি	১টি (ঋ)	৭টি (খ, গ, ণ, থ, ধ, প, শ)
পূর্ণমাত্রার বর্ণ	৩২টি	৬টি (অ, আ, ই, ঈ, উ, ঊ)	২৬টি

MCQ Solution

১. **বাংলা ভাষায় বর্ণ কয়টি?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]

ক) ৫৯টি খ) ৪৯টি
গ) ৪৭টি ঘ) ৫০টি **উত্তর:** ঘ

২. **বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনির সংখ্যা কয়টি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]

ক) ৩৯ খ) ৪১
গ) ৪২ ঘ) ৪৩ **উত্তর:** ক

ব্যাখ্যা: স্বরধ্বনি ৭টি + ব্যঞ্জনধ্বনি ৩২ = ৩৯টি।

৩. **বাংলা বর্ণমালায় কতটি বর্ণ আছে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ (কর্মচারী) : ২১]

ক) ৫১ খ) ৫০
গ) ৩৯ ঘ) কোনোটিই নয় **উত্তর:** খ

৪. **আধুনিক বাংলা ভাষায় মোট কয়টি বর্ণ পূর্ণ ব্যবহৃত হয়?** [বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের অধীনে সহকারী বিস্ফোরক পরিদর্শক : ০৩]

ক) বায়ান্নটি খ) পয়তাল্লিশটি
গ) চুয়ান্নটি ঘ) আটত্রিশটি **উত্তর:** খ

৫. **বাংলা বর্ণমালাকে মোট কয়টি ভাগে ভাগ করা যায়?** [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট : ২০]
ক) ২ ভাগে খ) ৪ ভাগে
গ) ৩ ভাগে ঘ) ৫ ভাগে **উত্তর:** ক

৬. **বাংলা ব্যাকরণ অনুযায়ী 'বর্ণ' কয় প্রকার ও কি কি?** [ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির অফিসার : ১৮]
ক) স্বর বর্ণ ও ব্যঞ্জন বর্ণ
খ) প্রতীকী বর্ণ ও সাংকেতিক বর্ণ
গ) ব্যঞ্জন বর্ণ ও অসংযুক্ত বর্ণ
ঘ) পূর্ববর্তী বর্ণ ও উত্তর বর্ণ **উত্তর:** ক

৭. **যেটিতে বাংলা বর্ণের যথাযথ ক্রম অনুসৃত হয়নি-** [Joint Five Banks & Financial Institution (Officer) : 18]
ক) ঈ উ ঊ ঋ খ) র ল ব ষ
গ) ফ ব ভ ম ঘ) ঙ চ ছ জ **উত্তর:** খ

৮. **বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ কয়টি?** [বিবিএস এর পরিসংখ্যান সহকারী : ২০]
ক) ১০টি খ) ৮টি
গ) ১১টি ঘ) ৩২টি **উত্তর:** ঘ

৯. **বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণের সংখ্যা কয়টি?** [১৮তম বিসিএস/ ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
ক) এগারটি খ) নয়টি
গ) দশটি ঘ) আটটি **উত্তর:** গ

১০. **বাংলা ব্যঞ্জনবর্ণে মাত্রাহীন বর্ণ কয়টি?** [জীবন বীমা কর্পোরেশন এর অফিস সহায়ক : ২১]
ক) ৬টি খ) ৭টি
গ) ৯টি ঘ) ১০টি **উত্তর:** ক

১১. **বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ কয়টি?** [৩৬তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ক) ৭টি খ) ৯টি
গ) ১০টি ঘ) ৮টি **উত্তর:** ঘ

১২. **স্বরবর্ণে পূর্ণমাত্রা বিশিষ্ট বর্ণ কয়টি?** [জাককানইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ক) ছয়টি খ) পাঁচটি
গ) চারটি ঘ) সাতটি **উত্তর:** ক

১৩. **স্বরবর্ণে মাত্রাহীন বর্ণ কয়টি?** [বাংলাদেশ সরকারী কর্মকমিশন এর সহকারী ইঞ্জিনিয়ার : ২২]
ক) ৭টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ১১টি **উত্তর:** গ

১৪. **অর্ধমাত্রার স্বরবর্ণ কয়টি?** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২/ দুর্নীতি দমন কমিশন এর কনস্টেবল : ২২]
ক) ১০টি খ) ৮টি
গ) ৬টি ঘ) ১টি **উত্তর:** ঘ

১৫. **কোন বর্ণগুলোতে মাত্রা হবে না?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার : ০১]
ক) ক ও খ খ) খ এবং ল
গ) ট এবং ঠ ঘ) এ এবং ঐ **উত্তর:** ঘ

১৬. **বাংলা বর্ণমালায় কয়টি অসংযুক্ত বর্ণ আছে?** [পানি উন্নয়ন বোর্ড অফিস সহায়ক : ১৫]
ক) ৪৭টি খ) ৪৮টি
গ) ৪৯টি ঘ) ৫০টি **উত্তর:** ঘ

কারবর্ণ

স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয় সংক্ষিপ্ত স্বর বা 'কারবর্ণ'। কোনো ব্যঞ্জনের সঙ্গে কারবর্ণ বা হস্‌চিহ্ন না থাকলে ব্যঞ্জনটির সঙ্গে একটি 'অ' আছে বলে ধরে নেওয়া হয়। বাংলা ভাষায় ১০ 'কার' আছে। যথা-

আ-কার (া)	ই-কার (ি)	ঈ-কার (ী)	উ-কার (ু)	ঊ-কার (ূ)
ঋ-কার (ৃ)	এ-কার (ে)	ঐ-কার (ৈ)	ও-কার (ো)	ঔ-কার (ৌ)

অ-এর কোনো সংক্ষিপ্ত রূপ বা 'কার' নেই।

অনুবর্ণ

ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম অনুবর্ণ। অনুবর্ণের মধ্যে রয়েছে ফলা, রেফ, বর্ণসংক্ষেপ।

- **ফলা :** ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপ যা অন্য ব্যঞ্জনের নিচে অথবা ডান পাশে ঝুলে থাকে, সেগুলোকে ফলা বলে। বাংলা ব্যঞ্জনবর্ণের ফলা ছয়টি। যথা-

য-ফলা (্য)	দ + য = দ্য, স্ + য = স্য	বাক্য, মাণিক্য
র-ফলা (্র)	ক্ + র = ক্র, ত্ + র = ত্র, ভ্ + র = ভ্র, স্ + র = স্র	ভ্রমণ, অশ্রু, চক্র, পত্র
ন/ণ ফলা (ন)	হ্ + ন = হ্ন, হ্ + ণ = হ্ণ, স্ + ন = স্ন, ষ্ + ণ = ষ্ণ	মধ্যাহ্ন, অপরাহ্ণ
ম-ফলা (ম)	হ্ + ম = হ্ম, ত্ + ম = ত্ম, দ্ + ম = দ্ম	ব্রাহ্মণ, ব্রহ্মা
ব-ফলা (ব)	স্ + ব = স্ব, হ্ + ব = হ্ব, ম্ + ব = ম্ব, ল্ + ব = ল্ব	পল্লব
ল-ফলা (ল)	ম্ + ল = ম্ল, ক্ + ল = ক্ল	ক্লান্ত, অম্ল

- **রেফ:** র-এর একটি অনুবর্ণ রেফ (র্)।
✓ র্ক = র + ক ; রেফ বর্ণের আগে আসে। ✓ ক্র = ক্ + র ; ফলা বর্ণের পরে আসে।

- **বর্ণসংক্ষেপ:** যুক্তবর্ণ লিখতে অনেক সময়ে বর্ণকে সংক্ষেপ করার প্রয়োজন হয়। এগুলো বর্ণসংক্ষেপ। যেমন- ঙ, ন্দ, ন্স, ম্প, স্ত, স্থ ইত্যাদি। এছাড়া 'ৎ' বর্ণটি ত-এর একটি বর্ণসংক্ষেপ, যা বাংলা বর্ণমালায় স্বতন্ত্র বর্ণ হিসেবে স্বীকৃত।

যুক্তবর্ণ

একাধিক বর্ণ যুক্ত হয়ে যুক্তবর্ণ তৈরি হয়। যুক্ত হওয়া বর্ণগুলোকে দেখে কখনো সহজে চেনা যায়, কখনো সহজে চেনা যায় না। এদিক থেকে যুক্তবর্ণ দুই রকম। যথা - স্বচ্ছ এবং অস্বচ্ছ।

• **স্বচ্ছ যুক্তবর্ণ :** জ্জ = জ্ + জ (উজ্জীবন), ণ্ট = ণ্ + ট (কণ্টক), ণ্ঠ = ণ্ + ঠ (কণ্ঠ), ন্ত = ন + ত (অন্তর), ড্ড = ড্ + ড (বড্ড), দ্দ = দ্ + দ (উদ্দাম), শ্চ = শ্ + চ (নিশ্চয়) প্রভৃতি।

• **অস্বচ্ছ যুক্তবর্ণ :** ক্ত = ক্ + ত (রক্ত, শক্ত), ক্ষ = ক্ + ষ (পক্ষী, রক্ষা), ক্ষ্ম = ক্ + ষ + ম (লক্ষ্মণ), ক্ষ্ণ = ক্ + ষ + ন (তীক্ষ্ণ), ক্স = ক্ + স (বাক্স), ঙ্ক = ঙ্ + ক (অঙ্ক, কঙ্কাল), ঙ্গ = ঙ্ + গ (অঙ্গ, মঙ্গল), জ্ঞ = জ্ + ঞ (জ্ঞান, বিজ্ঞান), ঞ্চ = ঞ্ + চ (সঞ্চয়), ঞ্ছ = ঞ্ + ছ (লাঞ্ছনা), ঞ্জ = ঞ্ + জ (অঞ্জনা, গঞ্জ), ট্ট = ট্ + ট (অট্টালিকা), ত্ত = ত্ + ত (উত্তম, পত্তন), ত্থ = ত্ + থ (উত্থান), ণ্ড = ণ্ + ড (কাণ্ড), দ্ধ = দ্ + ধ (বদ্ধ), ন্থ = ন্ + থ (মন্থর), ন্ধ = ন + ধ (অন্ধ, বন্ধু), ব্ধ = ব্ + ধ (লব্ধ), স্থ = স + থ (স্থান), হু = হ্ + উ (হুকুম), হৃ = হ্ + ঋ (হৃদয়) প্রভৃতি।

সংখ্যাবর্ণ

বাংলা ভাষায় সংখ্যা নির্দেশের জন্য দশটি সংখ্যাবর্ণ রয়েছে। যথা- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০।

MCQ Solution

১. **স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কি বলা হয়?** [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী : ২২]
ⓚ ফলা ⓚh ধ্বনি
ⓖ কার ⓖh স্বর **উত্তর:** গ

২. **'কার' কী?** [রাবি (ঙ ইউনিট) : ১৫-১৬]
ⓚ স্বরধ্বনির সংক্ষিপ্ত রূপ ⓚh ব্যঞ্জনধ্বনির সংক্ষিপ্ত রূপ
ⓖ স্বরধ্বনির ধ্বনিচিহ্ন ⓖh ব্যঞ্জনবর্ণের ধ্বনিচিহ্ন **উত্তর:** ক

৩. **বাংলা ভাষায় কার কয়টি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সহকারী নিরাপত্তা কর্মকর্তা : ২১]
ⓚ ৮টি ⓚh ১০টি
ⓖ ২০টি ⓖh ২৫টি **উত্তর:** খ

৪. **কোন স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ নেই?** [রাবি : ০৯-১০]
ⓚ ঈ ⓚh অ
ⓖ উ ⓖh ঐ **উত্তর:** খ

৫. **ব্যঞ্জন বর্ণের বিকল্প রূপের নাম-** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
ⓚ কারবর্ণ ⓚh অনুবর্ণ
ⓖ ফলা ⓖh রেফ **উত্তর:** খ

৬. **ব্যঞ্জন বর্ণের সংক্ষিপ্ত রূপকে কি বলা হয়?** [৪১তম বিসিএস]
ⓚ ফল ⓚh ফলা
ⓖ ফলাই ⓖh অক্ষর **উত্তর:** খ

৭. **বাংলা বর্ণমালায় কয়টি ফলা?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]
ⓚ সাতটি ⓚh ছয়টি
ⓖ পাঁচটি ⓖh নয়টি **উত্তর:** খ

৮. **ফলাযুক্ত শব্দ কোনটি?** [জাককানইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ পল্লব ⓚh শক্ত
ⓖ লিপ্সা ⓖh কর্জ **উত্তর:** ক

৯. **'ক্ষ্ম' এর বিশ্লিষ্ট রূপ-** [৩৮তম বিসিএস/ ২৩তম বিসিএস]
ⓚ ক + ষ ⓚh ক + খ + গ
ⓖ ক + ষ + ম ⓖh হ্ + ম **উত্তর:** ঘ

১০. **নিচের কোনটি একটি যুক্তাক্ষর?** [পানি উন্নয়ন বোর্ড অফিস সহায়ক : ১৫]
ⓚ ঐ ⓚh ই
ⓖ ঔ ⓖh ঞ্চ **উত্তর:** ঘ

১১. **'উষ্ণ' শব্দের 'ষ্ণ' যুক্তাক্ষরের বিশিষ্ট রূপ-** [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন এর অফিস সহকারী : ২২]
ⓚ ষ্ + ঞ ⓚh ষ্ + ম
ⓖ ষ্ + ণ ⓖh ষ্ + ন **উত্তর:** গ

১২. **নিচের কোন বানানে মূর্ধন্য 'ণ'- এর ব্যবহার হয়েছে?** [ঢাবি (ঘ ইউনিট) : ১২-১৩]
ⓚ মহ্যাহ্ন ⓚh বিপন্ন
ⓖ তৃষ্ণা ⓖh রত্ন **উত্তর:** গ

১৩. **'কৃষ্ণ' শব্দটিতে কোন কোন বর্ণ আছে?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]
ⓚ ক + র + ষ + ঞ ⓚh ক + ঋ + ষ + ণ
ⓖ ক + ড় + ষ + ন ⓖh ক + ঢ় + ষ + ঞ **উত্তর:** খ

১৪. **যথাক্রমে ষ্ণ এবং হ্ন -এর বিশিষ্ট রূপ দেখান।** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা : ০৬]
ⓚ ষ + ঞ, হ্ + ণ ⓚh ষ + ন, হ্ + ণ
ⓖ ষ্ + ণ, হ্ + ন ⓖh ষ + ন, হ্ + ন **উত্তর:** গ

১৫. **'পূর্বাহ্ণ' বানানটিতে ব্যবহৃত হয়েছে** [বেরোবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ হ্ + ন ⓚh হ্ + ণ
ⓖ হ্ + ঞ ⓖh হ্ + ম **উত্তর:** খ

১৬. **বাংলা অভিধানে 'ক্ষ' এর অবস্থান কোথায়?** [ঢাবি (ঘ ইউনিট) : ১৭-১৮]
ⓚ খ-বর্ণের পরে
ⓚh ক-বর্ণের অন্তর্গত ভুক্তি হিসেবে
ⓖ হ-বর্ণের পরে
ⓖh ষ-বর্ণের পরে **উত্তর:** খ

১৭. **'পক্ষী' শব্দের সংযুক্ত বর্ণ কোন কোন বর্ণ নিয়ে গঠিত?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ⓚ ক + খ ⓚh য + ন
ⓖ ষ + ঞ ⓖh ক + ষ **উত্তর:** ঘ

১৮. **'ক্ষ্ম' এর বিশ্লিষ্ট রূপ-** [বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ⓚ ক্ষ + ম ⓚh খ + ম + হ
ⓖ ক + ষ + ণ ⓖh ক্ + ষ + ম **উত্তর:** ঘ

১৯. **'তীক্ষ্ণ' শব্দের যুক্তব্যঞ্জনের সঠিক বিশ্লেষণ কোনটি?** [NSI -এর সহকারী পরিচালক : ২১]
ⓚ ক + ষ্ + ণ ⓚh ক্ + ষ + ন
ⓖ ক্ + ষ্ + ম ⓖh ক্ + হ্ + ণ **উত্তর:** খ

২০. **'ব্ধ' যুক্তবর্ণটি কীভাবে গঠিত হয়েছে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর : ১৮]
ⓚ ধ্ + ব ⓚ ব্ + দ
ⓖ দ্ + ধ ⓖ ব্ + ধ **উত্তর:** ঘ

২১. **'দ্ধ' যুক্তাক্ষরে কোন ২ বর্ণ রয়েছে?** [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ) এর জুনিয়র অডিটর : ২২]
ⓚ দ + ব ⓚ দ + দ
ⓖ দ + ত ⓖ দ্ + ধ **উত্তর:** ঘ

২২. **'জ্ঞ' যুক্তবর্ণটি কোন কোন বর্ণের মিলনে গঠিত হয়?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ : ২০]
ⓚ গ + ঞ ⓚ ঞ + জ
ⓖ ঞ + চ ⓖ জ্ + ঞ **উত্তর:** ঘ

২৩. **'বিজ্ঞান' শব্দের যুক্তবর্ণের সঠিক রূপ কোনটি?** [৩৬তম বিসিএস]
ⓚ জ্ + ঞ ⓚ ঞ + গ
ⓖ ঞ + জ ⓖ গ + ঞ **উত্তর:** ক

২৪. **'ঞ্জ' যুক্তবর্ণটির মধ্যে রয়েছে-** [পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) : ১৯]
ⓚ ঞ্ + জ ⓚ জ + ঞ
ⓖ ন + জ ⓖ ঞ + ন **উত্তর:** ক

২৫. **'ঞ্চ' যুক্ত বর্ণটির স্বরূপ কী?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ⓚ ঞ্ + চ ⓚ ঞ + চ
ⓖ ঞ + ধ ⓖ ঞ + জ **উত্তর:** ক

২৬. **কোন কোন বর্ণের যুক্তরূপ 'ক্স'?** [চবি (ছ ইউনিট) : ০৯-১০]
ⓚ ক ও ক ⓚ ক ও ـ
ⓖ ক ও স ⓖ ক ও ণ **উত্তর:** গ

২৭. **হৃ, রূ, ঞ্ছ এর বিশিষ্ট রূপ-** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সহকারী নিরাপত্তা কর্মকর্তা : ২১]
ⓚ হ + ঊ, র + হ, হ + ন
ⓚ হ্ + ঋ, র্ + ঊ, ঞ্ + ছ
ⓖ হ + ঋ, র + ঋ, ণ + ছ
ⓖ হ + উ, র + উ, ঞ + ছ **উত্তর:** খ

২৮. **'ত্থ' সংযুক্ত বর্ণটিতে কোন কোন বর্ণ রয়েছে?** [কারিগরি শিক্ষা জুনিয়র ইনস্ট্রাক্টর : ০৫]
ⓚ ল + ত ⓚ ল + থ
ⓖ ত + থ ⓖ থ + ত **উত্তর:** গ

২৯. **'স্থ' যুক্তবর্ণে কী কী যুক্তবর্ণ আছে?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর সহকারী পরিচালক : ২০]
ⓚ ষ + থ ⓚ হ + থ
ⓖ স + থ ⓖ স + ত **উত্তর:** গ

৩০. **'হৃদয়' শব্দে 'হ'-এর সঙ্গে যুক্ত হয়েছে-** [ঢাবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ ঋ-কার ⓚ উ-কার
ⓖ ঊ-কার ⓖ ও-কার **উত্তর:** ক

৩১. **'মনু' শব্দটি ভাঙলে পাওয়া যায়-** [রাবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ⓚ ম্ + নু
ⓚ মন + উ
ⓖ ম্ + অ + নু
ⓖ ম্ + অ + ন্ + উ **উত্তর:** ঘ

৩২. **'লাঞ্ছনা' এই বানান ভাগ করলে হয়?** [মাভাবিপ্রবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ লা + ন + চ + না
ⓚ লা + ন + ছ + না
ⓖ লা + ঞ + ছ + না
ⓖ লা + ঞ + চ + না **উত্তর:** গ

৩৩. **নিচে বাংলা ব্যঞ্জনে ভুলভাবে যুক্ত হয়েছে-** [ঢাবি (খ-ইউনিট) : ১৮-১৯]
ⓚ ক্ষ - ক + ষ ⓚ হ্ম - হ + ম
ⓖ ত্ম - ত + ন ⓖ জ্ঞ - জ + ঞ **উত্তর:** গ

৩৪. **চ-বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়?** [খুবি (বিজ্ঞান বিভাগ) : ১৬-১৭]
ⓚ ঙ ⓚ ঞ
ⓖ ন ⓖ ণ **উত্তর:** খ

ধ্বনির পরিবর্তন
Laws of Phonetic Change

ধ্বনির পরিবর্তন

ভাষা পরিবর্তন ধ্বনির পরিবর্তনের সাথে সম্পৃক্ত। ধ্বনি পরিবর্তন নানা প্রক্রিয়ায় সম্পন্ন হয়। যেমন- পর্তুগিজ 'আনানস' বাংলায় 'আনারস' একটি ধ্বনিতাত্ত্বিক পরিবর্তন। ধ্বনি পরিবর্তন প্রধানত তিন প্রকার। যথা - ১) ধ্বন্যাগম ২) ধ্বনিলোপ এবং ৩) ধ্বনির রূপান্তর। এ বিবিধ নিয়মের অন্তর্ভুক্ত যেসব সূত্র বা নিয়ম রয়েছে তা নিচে আলোচনা করা হল।

আদি স্বরাগম (Prothesis)

উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের আদিতে স্বরধ্বনি এলে তাকে বলে আদি স্বরাগম। যেমন- স্নান > সিনান, স্কুল > ইস্কুল, স্টেশন > ইস্টিশন, স্ত্রী > ইস্ত্রী, স্পর্ধা > আস্পর্ধা।

মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ বা স্বরভক্তি (Anaptyxis)

সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। একে বলা হয় স্বরভক্তি। যেমন- অ - রত্ন > রতন, ধর্ম > ধরম, স্বপ্ন > স্বপন, হর্ষ > হরষ ইত্যাদি। ই - প্রীতি > পিরীতি, ক্লিপ > কিলিপ, ফিল্ম > ফিলিম ইত্যাদি। এ -গ্রাম > গেরাম, প্রেক > পেরেক, স্রেফ > সেরেফ, প্রথম > পরথম।

অন্ত্যস্বরাগম (Apothesis)

কোনো কোনো সময় শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনি আসে। এরূপ স্বরাগমকে বলা হয় অন্ত্যস্বরাগম। যেমন- দিশ্ > দিশা, পোখত্ > পোক্ত, বেঞ্চ > বেঞ্চি, সত্য > সত্যি ইত্যাদি।

অপিনিহিতি (Apenthesis)

পরের ই-কার আগে উচ্চারিত হলে কিংবা যুক্ত ব্যঞ্জনধ্বনির আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে তাকে অপিনিহিতি বলে। অর্থাৎ পরের 'ই' কার ও 'উ' কার আগেই উচ্চারিত হওয়ার রীতিকে অপিনিহিতি বলে। যেমন- আশু > আউশ, আজি > আইজ, জালিয়া > জাইল্যা, সাধু > সাউধ, রাতি > রাইত, সত্য > সইত্য ইত্যাদি।

অসমীকরণ (Dissimilation)

একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে স্বরধ্বনি যুক্ত হয়, তাকে অসমীকরণ বলে। যেমন- টপ + টপ > টপাটপ, ধপ + ধপ > ধপাধপ ইত্যাদি।

স্বরসঙ্গতি (Vowel Harmony)

একটি স্বরের প্রভাবে শব্দে অপর স্বরের পরিবর্তন ঘটলে তাকে স্বরসঙ্গতি বলে। যেমন- প্রগত (Progressive) : আদিস্বর অনুযায়ী অন্তস্বর পরিবর্তিত হওয়াকে প্রগত স্বরসঙ্গতি বলে। যেমন- মুলা > মুলো, তুলা > তুলো, শিকা > শিকে, মিঠা > মিঠে, ইচ্ছা > ইচ্ছে।

পরাগত (Regressive) : অন্ত্যস্বরের কারণে আদ্যস্বর পরিবর্তিত হলে পরাগত স্বরসঙ্গতি হয়। যেমন- আখো > আখুয়া > এখো, দেশি > দিশি, ইত্যাদি।

মধ্যগত (Mutual) : আদ্যস্বর ও অন্ত্যস্বর অনুযায়ী মধ্যস্বর পরিবর্তিত হলে মধ্যগত স্বরসঙ্গতি হয়। যেমন- বিলাতি > বিলিতি, জিলাপি > জিলিপি ইত্যাদি।

অন্যোন্য (Reciprocal) : আদ্য ও অন্ত্য দুই স্বরই পরস্পর প্রভাবিত হলে অন্যোন্য স্বরসঙ্গতি হয়। যেমন- মোজা > মুজো।

সম্প্রকর্ষ বা স্বরলোপ বা ধ্বনিলোপ

দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ। স্বরলোপ বস্তুত স্বরাগমের বিপরীত প্রক্রিয়া। যেমন- বসতি > বস্‌তি, জানালা > জান্‌লা।

আদিস্বরলোপ (Aphesis) : যেমন- অলাবু > লাবু > লাউ, উদ্ধার > উধার > ধার ইত্যাদি।

মধ্যস্বর লোপ (Syncope) : যেমন- গামোছা > গামছা, অগুরু > অগ্রু, সুবর্ণ > স্বর্ণ ইত্যাদি।

অন্ত্যস্বর লোপ (Apocope) : যেমন- আশা > আশ, আজি > আজ, চারি > চার ইত্যাদি।

ধ্বনি বিপর্যয় বা বর্ণবিপর্যয়

উচ্চারণের সময় শব্দস্থিত ধ্বনি স্থান পরিবর্তন করলে তাকে ধ্বনি বিপর্যয় বা বর্ণ বিপর্যয় বলে। যেমন- ইংরেজি বাক্‌স > বাংলা বাস্‌ক, জাপানি রিক্‌সা > বাংলা রিস্‌কা, অনুরূপ- পিশাচ > পিচাশ, লাফ > ফাল ইত্যাদি।

সমীভবন (Assimilation)

শব্দমধ্যস্থ দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন। যেমন- জন্ম > জম্ম, কাঁদনা > কান্না, রাঁধনা > রান্না, গল্প > গপ্প, তৎ + হিত > তদ্ধিত ইত্যাদি।

প্রগত (Progressive) সমীভবন : পূর্ব ধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্তন ঘটে। অর্থাৎ পরবর্তী ধ্বনি পূর্ববর্তী ধ্বনির মতো হয়, একে বলে প্রগত সমীভবন। যেমন- চক্র > চক্ক, পক্ব > পক্ক, পদ্ম > পদ্দ ইত্যাদি।

পরাগত (Regressive) সমীভবন : পরবর্তী ধ্বনির প্রভাবে পূর্ববর্তী ধ্বনির পরিবর্তন হয়, একে বলে পরাগত সমীভবন। যেমন- তৎ + জন্য > তজ্জন্য, তৎ + হিত > তদ্ধিত, উৎ + মুখ > উন্মুখ ইত্যাদি।

অন্যোন্য (Mutual) সমীভবন : যখন পরস্পরের প্রভাবে দুটো ধ্বনিই পরিবর্তিত হয় তখন তাকে বলে অন্যোন্য সমীভবন। যেমন- সংস্কৃত সত্য > প্রাকৃত সচ্চ। সংস্কৃত বিদ্যা > প্রাকৃত বিজ্জা।

বিষমীভবন (Dissimilation)

দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলা হয়। যেমন- শরীর > শরীল, লাল > নাল ইত্যাদি।

দ্বিত্ব ব্যঞ্জন (Long Consonant) বা ব্যঞ্জনদ্বিত্বতা

কখনো কখনো জোর দেওয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, একে বলে দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্বতা। যেমন- পাকা > পাক্কা, সকাল > সক্কাল, বড় > বড্ড ইত্যাদি।

ব্যঞ্জন বিকৃতি

শব্দ-মধ্যে কোনো কোনো সময় কোনো ব্যঞ্জন পরিবর্তিত হয়ে নতুন ব্যঞ্জনধ্বনি ব্যবহৃত হয়। একে বলে ব্যঞ্জন বিকৃতি। যেমন- ধোবা > ধোপা, কবাট > কপাট, ধাইমা > দাইমা।

ব্যঞ্জনচ্যুতি

পাশাপাশি সমউচ্চারণের দুটো ব্যঞ্জনধ্বনি থাকলে তার একটি লোপ পায়। এ রূপ লোপকে বলা হয় ধ্বনিচ্যুতি বা ব্যঞ্জনচ্যুতি। যেমন- বউদিদি > বউদি, বড় দাদা > বড়দা, বড়দিদি > বড়দি।

অন্তর্হতি

পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে বলে অন্তর্হতি বা বর্ণলোপ। যেমন- ফাল্গুন > ফাগুন, ফলাহার > ফলার, আলাহিদা > আলাদা ইত্যাদি।

অভিশ্রুতি (Umlaut)

বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে বলে অভিশ্রুতি। যেমন- করিয়া থেকে অপিনিহিতির ফলে 'কইরিয়া' কিংবা বিপর্যয়ের ফলে 'কইর্যা' থেকে অভিশ্রুতিজাত 'করে'।

ক্ষীণায়ন : শব্দ মধ্যস্থিত মহাপ্রাণ ধ্বনি অল্পপ্রাণ ধ্বনিতে পরিণত হলে তাকে ক্ষীণায়ন বলে। যেমন- পাঁঠা > পাঁটা, কাঠ > কাট ইত্যাদি।

পীনায়ন : শব্দ মধ্যস্থিত অল্পপ্রাণ ধ্বনি মহাপ্রাণ ধ্বনিতে পরিণত হলে তাকে পীনায়ন বলে। যেমন- কাঁটাল > কাঁঠাল, পুকুর > পুখুর ইত্যাদি।

MCQ Solution

১. **ভাষার পরিবর্তন কিসের সাথে সম্পর্কযুক্ত?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সিনিয়র অফিসার : ২১]
ⓚ শব্দের পরিবর্তনের সাথে
ⓛ বাক্যের পরিবর্তনের সাথে
ⓖ ধ্বনির পরিবর্তনের সাথে
ⓘ পদ পরিবর্তনের সাথে **উত্তর:** গ

২. **পর্তুগিজ 'আনানস' বাংলায় 'আনারস'- এটি কী ধরনের পরিবর্তন?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ সাদৃশ্য ⓛ বৈসাদৃশ্য
ⓖ অর্থগত ⓘ ধ্বনিতাত্ত্বিক **উত্তর:** ঘ

৩. **ধ্বনির পরিবর্তন কত প্রকার?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়) : ১৯]
ⓚ দুই প্রকার ⓛ তিন প্রকার
ⓖ চার প্রকার ⓘ পাঁচ প্রকার **উত্তর:** খ

৪. **নিচের কোনটি ধ্বনি পরিবর্তনের উদাহরণ নয়?** [৩৫তম বিসিএস]
ⓚ প্রাতিপদিক ⓛ অভিশ্রুতি
ⓖ অপিনিহিতি ⓘ ধ্বনিবিপর্যয় **উত্তর:** ক

৫. **যে রীতিতে 'স্নান' শব্দটি সিনান (স্নান > সিনান) শব্দে পরিণত হয়, তার নাম-** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৯]
ⓚ অভিশ্রুতি ⓛ স্বরাগম
ⓖ বিপ্রকর্ষ ⓘ অভিকর্ষ **উত্তর:** খ

৬. **কোনটি স্বরাগমের উদাহরণ?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক : ১৯]
ⓚ পিরীতি ⓛ বিলিতি
ⓖ বসতি ⓘ উড়নি **উত্তর:** ক

৭. **'Prothesis' এর বাংলা প্রতিশব্দ কী?** [BEPZA এর সহকারী ব্যবস্থাপক : ২১]
ⓚ ধ্বনিসংযুক্তি ⓛ স্বরভক্তি
ⓖ আদি স্বরাগম ⓘ বিপ্রকর্ষ **উত্তর:** গ

৮. **'স্কুল' শব্দটিকে 'ইস্কুল' উচ্চারণে ধ্বনির এই পরিবর্তনকে বলা হয়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৭-০৮]
ⓚ আদি স্বরাগম ⓛ বিপ্রকর্ষ
ⓖ পরাগত ⓘ অপিনিহিত **উত্তর:** ক

৯. **কোনটি আদি স্বরাগম?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা) : ১৬]
ⓚ স্নেহ > সিনেহ ⓛ রত্ন > রতন
ⓖ স্ত্রী > ইস্ত্রী ⓘ গ্রাম > গেরাম **উত্তর:** গ

১০. **স্বরাগমের উদাহরণ কোনটি?** [ইবি (খ ইউনিট) : ০৯-১০]
ⓚ স্পর্ধা - আস্পর্ধা ⓛ মাছুয়া - মেছো
ⓖ নিবানো - নিভানো ⓘ ধোবা - ধোপা **উত্তর:** ক

১১. **সংযুক্ত ব্যঞ্জনবর্ণকে ভেঙ্গে তার মধ্যে স্বরবর্ণ আনয়নকে কি বলে?** [চবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ⓚ স্বরাগম ⓛ স্বরভক্তি
ⓖ স্বরসঙ্গতি ⓘ অপিনিহিতি **উত্তর:** খ

১২. **স্বরভক্তির অপর নাম কি?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ অভিশ্রুতি ⓛ অন্ত্যস্বরাগম
ⓖ অপিনিহিতি ⓘ বিপ্রকর্ষ **উত্তর:** ঘ

১৩. **'মধ্য স্বরাগম' -এর অপর নাম কী?** [জনতা ও রূপালি ব্যাংক লি. নির্বাহী কর্মকর্তা : ১৯]
ⓚ অসমীকরণ ⓛ বিপ্রকর্ষ
ⓖ বিষমীভবন ⓘ সমীভবন **উত্তর:** খ

১৪. **সংযুক্ত ব্যঞ্জনধ্বনির মধ্যে স্বরের আগমনকে কী বলে?** [ঢাবি (ক ইউনিট) : ১৫-১৬]
ⓚ বিপ্রকর্ষ ⓛ স্বরসঙ্গতি
ⓖ অভিশ্রুতি ⓘ সমীভবন **উত্তর:** ক

১৫. **'প্রথম > পরথম' কী ধরনের ধ্বনি পরিবর্তন?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
ⓚ অসমীকরণ ⓚ অপিনিহিতি
ⓖ বিপ্রকর্ষ ⓖ স্বরসার্ম **উত্তর:** গ

১৬. **গ্রাম > গেরাম- এখানে কোনটি ঘটেছে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৮]
ⓚ ব্যঞ্জন বিকৃতি ⓚ পরাগম
ⓖ স্বরাগম ⓖ অসমীকরণ **উত্তর:** গ

১৭. **কোনটির স্বরভক্তির উদাহরণ?** [বেরোবি (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ বিলিতি ⓚ বউদি
ⓖ পোক্ত ⓖ পেরেক **উত্তর:** ঘ

১৮. **রত্ন > রতন হওয়ার ধ্বনিসূত্র-** [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/ সমপর্যায়) : ১৮]
ⓚ স্বরভক্তি ⓚ স্বরসংগতি
ⓖ অপিনিহিত ⓖ অভিশ্রুতি **উত্তর:** ক

১৯. **নিচের কোনটিতে মধ্য স্বরাগমের প্রয়োগ হয়েছে?** [জবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ ফিল্ম > ফিলিম ⓚ সত্য > সত্যি
ⓖ গ্লাস > গেলাস ⓖ শিকা > শিকে **উত্তর:** ক

২০. **কোনটি অন্ত্যস্বরাগম?** [ইবি (খ ইউনিট) : ১১-১২]
ⓚ বাক্য > বাইক্য ⓚ সত্য > সত্যি
ⓖ করিয়া > কইর‍্যা ⓖ ধূলা > ধূলো **উত্তর:** খ

২১. **Apenthesis এর অর্থ-** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১৮]
ⓚ স্বরসঙ্গতি ⓚ স্বরাগম
ⓖ অভিশ্রুতি ⓖ অপিনিহিতি **উত্তর:** ঘ

২২. **পরের 'ই' কার ও 'উ' কার আগেই উচ্চারিত হওয়ার রীতিকে কি বলে?** [খুবি (বিজ্ঞান বিভাগ) : ১৫-১৬]
ⓚ স্বরাগম ⓚ বিপ্রকর্ষ
ⓖ অপিনিহিতি ⓖ অভিশ্রুতি **উত্তর:** গ

২৩. **কোনটি অপিনিহিতির উদাহরণ?** [৪১তম বিসিএস]
ⓚ ইস্কুল ⓚ আইজ
ⓖ গেলাস ⓖ ধপাধপ **উত্তর:** খ

২৪. **নিচের কোনটি অপিনিহিতির উদাহরণ?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ উড়ুনী ⓚ রাইত
ⓖ জালুয়া ⓖ ছাওয়া **উত্তর:** খ

২৫. **নিম্নের কোনটি অপিনিহিতির উদাহরণ?** [জবি (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ প্রেক > পেরেক ⓚ সাধু > সাউধ
ⓖ শিকা > শিকে ⓖ স্কুল > ইস্কুল **উত্তর:** খ

২৬. **আশু > আউশ- এটি ধ্বনি পরিবর্তনের কোন নিয়মের উদাহরণ?** [ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ⓚ অপিনিহিতি ⓚ সমীভবন
ⓖ বিপ্রকর্ষ ⓖ বর্ণ বিপর্যয় **উত্তর:** ক

২৭. **সত্য > সইত্য-ধ্বনির পরিবর্তনে এটি কিসের উদাহরণ?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ অপিনিহিতি ⓚ স্বরসঙ্গতি
ⓖ বিপ্রকর্ষ ⓖ অসমীকরণ **উত্তর:** ক

২৮. **একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে স্বরধ্বনি যুক্ত হয়, তাকে কি বলে?** [জবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ সম্প্রকর্ষ ⓚ পরাগত
ⓖ স্বরসঙ্গতি ⓖ অসমীকরণ **উত্তর:** ঘ

২৯. **'টপ + টপ > টপাটপ' ধ্বনি পরিবর্তনে এটি কীসের উদাহরণ?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ আদি স্বরাগম ⓚ মধ্য স্বরাগম
ⓖ অসমীকরণ ⓖ বিপ্রকর্ষ **উত্তর:** গ

৩০. **আদিস্বর অনুযায়ী অন্ত্যস্বর পরিবর্তিত হলে কোন ধরনের স্বরসঙ্গতি হয়?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২]
ⓚ পরাগত ⓚ মধ্যগত
ⓖ প্রগত ⓖ অন্যান্য **উত্তর:** গ

৩১. **মিঠা > মিঠে এরূপ পরিবর্তনকে কী বলা হয়?** [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ১৯]
ⓚ স্বরসঙ্গতি ⓚ স্বরভক্তি
ⓖ ধ্বনি বিপর্যয় ⓖ স্বরলোপ **উত্তর:** ক

৩২. **স্বরসঙ্গতির উদাহরণ কোনটি?** [সোনালী ও জনতা ব্যাংক লি. অফিসার (আইটি) : ২০/ সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৮]
ⓚ হইবে > হবে ⓚ জালিয়া > জাইল্যা > জেলে
ⓖ দেশি > দিশি ⓖ রাতি > রাইত **উত্তর:** গ

৩৩. **বিলাতি > বিলিতি- কি ধরনের ধ্বনির পরিবর্তন?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর : ২১]
ⓚ অপিনিহিত ⓚ স্বরসঙ্গতি
ⓖ বিপ্রকর্ষ ⓖ সম্প্রকর্ষ **উত্তর:** খ

৩৪. **'বিলাতি > বিলিতি' কিসের উদাহরণ?** [জনতা ও রূপালি ব্যাংক লি. নির্বাহী কর্মকর্তা : ১৯]
ⓚ মধ্য স্বরাগম ⓚ অপিনিহিত
ⓖ প্রগত ⓖ মধ্যগত **উত্তর:** ঘ

৩৫. **মধ্যগত স্বরসঙ্গতির উদাহরণ কোনটি?** [উত্তরা ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]
ⓚ জিলাপি ⓚ মুজো
ⓖ মেলামেশা ⓖ তুলো **উত্তর:** ক

৩৬. **দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনি লোপ পেলে তাকে কি বলে?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ⓚ সমীভবন ⓚ সম্প্রকর্ষ
ⓖ স্বরাগম ⓖ স্বরসঙ্গতি **উত্তর:** খ

৩৭. **উদ্ধার > উদার > ধার এটি কি ধরনের ধ্বনি পরিবর্তন?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাব রক্ষক : ২১]
ⓚ অপিনিহিতি ⓚ সম্প্রকর্ষ
ⓖ স্বরসঙ্গতি ⓖ অন্তর্হতি **উত্তর:** খ

৩৮. 'স্বরলোপ' কোনটির বিপরীত? [বেরোবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ সমীভবন ⓚ অপিনিহিতি
ⓖ স্বরাগম ⓖ স্বরসঙ্গতি **উত্তর:** গ

৩৯. কোনটিতে মধ্যস্বরলোপ ঘটেছে? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ⓚ গামছা ⓚ মশারি
ⓖ লুঙ্গি ⓖ চাদর **উত্তর:** ক

৪০. দুটি ধ্বনির পরস্পর স্থান পরিবর্তন করাকে কী বলে? [ঢাবি (ক ইউনিট) : ০১-০২]
ⓚ সমীভবন ⓚ বর্ণবিপর্যয়
ⓖ স্বরভক্তি ⓖ অভিশ্রুতি **উত্তর:** খ

৪১. শব্দের মধ্যে দুইটি ব্যঞ্জনের পরস্পর স্থান পরিবর্তন ঘটলে (যেমন: রিক্‌সা > রিস্‌কা), তাকে বলে- [সোনালী ব্যাংক লি. সহকারী ডাটাবেস অ্যাডমিনিস্ট্রেটর : ২০]
ⓚ শব্দ বিপর্যয় ⓚ ধ্বনি বিপর্যয়
ⓖ বর্ণ বিপর্যয় ⓖ আঞ্চলিকতা দোষে দুষ্ট **উত্তর:** খ

৪২. ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি? [৪৪তম বিসিএস]
ⓚ আজি → আইজ ⓚ পিশাচ → পিচাশ
ⓖ পাকা → পাক্কা ⓖ স্কুল → ইস্কুল **উত্তর:** খ

৪৩. লাফ > ফাল কোন ধরনের ধ্বনি পরিবর্তনের দৃষ্টান্ত? [NSI - এর জুনিয়র ফিল্ড অফিসার : ২১]
ⓚ বিষমীভবন ⓚ ধ্বনি বিপর্যয়
ⓖ ধ্বনিলোপ ⓖ ব্যঞ্জনাগম **উত্তর:** খ

৪৪. রিক্‌সা > রিস্‌কা কিসের উদাহরণ? [বশেমুরবিপ্রবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ ধ্বনি বিপর্যয়ের ⓚ বিষমীভবনের
ⓖ বিপ্রকর্ষের ⓖ ব্যঞ্জন বিকৃতির **উত্তর:** ক

৪৫. বাক্‌স > বাস্‌ক হওয়ার রীতিকে বলা হয়- [জবি (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ ধ্বনি বিপর্যয় ⓚ ধ্বনিসাম্য
ⓖ ধ্বনিলোপ ⓖ ব্যঞ্জনাগম **উত্তর:** ক

৪৬. বড় দাদা > বড়দা - কি ধরনের ধ্বনি পরিবর্তন? [গ্লোবাল ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২২]
ⓚ অন্তর্হতি ⓚ ব্যঞ্জন বিকৃতি
ⓖ বিষমীভবন ⓖ ব্যঞ্জনচ্যুতি **উত্তর:** ঘ

৪৭. শব্দমধ্যস্থিত দুটো ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তার সমতা লাভ করাকে কী বলা হয়? [দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন অফিসার জেনারেল : ২১]
ⓚ সমীভবন ⓚ অসমীকরণ
ⓖ বিষমীভবন ⓖ অপিনিহিতি **উত্তর:** ক

৪৮. 'রান্না' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে তৈরি? [বশেমুরবিপ্রবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ বর্ণচ্যুতি ⓚ স্বরলোপ
ⓖ বর্ণদ্বিত্ব ⓖ সমীভবন **উত্তর:** ঘ

৪৯. নিচের কোনটি সমীভবনের উহারণ? [বশেমুরবিপ্রবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ⓚ পদ্ম > পদ্দ ⓚ বিলাতি > বিলিতি
ⓖ আজি > আইজ ⓖ শুনিয়া > শুনে **উত্তর:** ক

৫০. 'গল্প > গপ্প' কোন ধরনের ধ্বনি পরিবর্তন? [ঢাবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ স্বরসঙ্গতি ⓚ বিষমীভবন
ⓖ অসমীকরণ ⓖ সমীভবন **উত্তর:** ঘ

৫১. তৎ + হিত > তদ্ধিত কোন ধ্বনি পরিবর্তন প্রক্রিয়া? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ⓚ সম্প্রকর্ষ ⓚ বিষমীভবন
ⓖ স্বরসঙ্গতি ⓖ সমীভবন **উত্তর:** ঘ

৫২. পূর্ব ধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্তন ঘটলে তাকে কি বলে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৮-০৯]
ⓚ পরাগত ⓚ অন্যোন্য
ⓖ স্বরলোপ ⓖ প্রগত **উত্তর:** ঘ
ব্যাখ্যা: সঠিক উত্তর - প্রগত সমীভবন।

৫৩. দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে বলা হয়- [কুবি (খ ইউনিট) : ১৫-১৬]
ⓚ অপগত ⓚ পরাগত
ⓖ সমীভবন ⓖ বিষমীভবন **উত্তর:** ঘ

৫৪. শরীর > শরীল কোন ধরনের ধ্বনি পরিবর্তন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৭]
ⓚ স্বরলোপ ⓚ বিষমীভবন
ⓖ অভিশ্রুতি ⓖ বর্ণ বিকৃতি **উত্তর:** খ

৫৫. কোনটি বিষমীভবন-এর উদাহরণ? [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ২১]
ⓚ অঙ্ক > আঁক ⓚ লাল > নাল
ⓖ কাচ > কাঁচ ⓖ পুথি > পুঁথি **উত্তর:** খ

৫৬. বড় > বড্ড - এটি কোন ধরনের পরিবর্তন? [৪৩তম বিসিএস]
ⓚ বিষমীভবন ⓚ সমীভবন
ⓖ ব্যঞ্জনদ্বিত্ব ⓖ ব্যঞ্জন-বিকৃতি **উত্তর:** গ

৫৭. কবাট > কপাট, ধোবা > ধোপা কিসের উদাহরণ? [জনতা ব্যাংক লি. সহকারী নির্বাহী কর্মকর্তা : ১৯]
ⓚ ধ্বনি বিপর্যয় ⓚ অভিশ্রুতি
ⓖ ব্যঞ্জন চ্যুতি ⓖ ব্যঞ্জন বিকৃতি **উত্তর:** ঘ

৫৮. ফাল্গুন > ফাগুন - ধ্বনি পরিবর্তনের কোন প্রক্রিয়া এখানে কার্যকর হয়েছে? [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
ⓚ ধ্বনিবিকার ⓚ শ্রুতিধ্বনি
ⓖ অন্তর্হতি ⓖ ধ্বনি বিপর্যয় **উত্তর:** গ

৫৯. 'ফলাহার' থেকে 'ফলার' শব্দটি হওয়ার কারণ- [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার : ১৪]
ⓚ ধ্বনি বিপর্যয় ⓚ বর্ণদ্বিত্ব
ⓖ বর্ণাগম ⓖ বর্ণলোপ **উত্তর:** ঘ

৬০. ফলাহার > ফলার হয়েছে, তাকে বলে- [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার : ১৭]
ⓚ অন্তর্হতি ⓚ ব্যঞ্জনচ্যুতি
ⓖ ব্যঞ্জন বিকৃতি ⓖ বিষমীভবন **উত্তর:** ক

৬১. মহাপ্রাণ ধ্বনি অল্পপ্রাণ ধ্বনির মতো উচ্চারিত হলে, তাকে বলে- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]
ⓚ অভিকর্ষ ⓚ অভিশ্রুতি
ⓖ ক্ষীণায়ন ⓖ বিপ্রকর্ষ **উত্তর:** গ

বর্ণের উচ্চারণ

বাংলা স্বরধ্বনিগুলোর উচ্চারণ

জিভের উচ্চতা	জিভের অবস্থান			ঠোঁটের উন্মুক্তি
	সম্মুখ	কেন্দ্রীয়	পশ্চাৎ	
উচ্চ	ই, ঈ		উ, ঊ	সংবৃত
উচ্চ-মধ্য	এ		ও	অর্ধ-সংবৃত
নিম্ন-মধ্য	অ্যা		অ	অর্ধ-বিবৃত
নিম্ন		আ		বিবৃত

সংবৃত স্বরধ্বনি উচ্চারণের সময়ে ঠোঁট কম খোলে; বিবৃত স্বরধ্বনি উচ্চারণের সময়ে ঠোঁট বেশি খোলে।

MCQ Solution

১. **জিভের সামনের অংশের সাহায্যে উচ্চারিত স্বরধ্বনিগুলোকে কী বলে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ নিম্ন-স্বরধ্বনি ⓚ অগ্র-স্বরধ্বনি
ⓖ জিভ-স্বরধ্বনি ⓖ সম্মুখ-স্বরধ্বনি **উত্তর:** ঘ

২. **কেন্দ্রীয় ওষ্ঠাধর বিবৃত বর্ণ-** [বশেমুরবিপ্রবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ আ ⓚ ই
ⓖ ঈ ⓖ ও **উত্তর:** ক

৩. **উচ্চারণের সময় মুখ বিবর উন্মুক্ত থাকে বলে 'আ'-কে কি ধ্বনি বলে?** [দুদকের সহকারী পরিচালক : ১৩]
ⓚ হ্রস্বধ্বনি ⓚ বিবৃত স্বরধ্বনি
ⓖ সম্মুখ স্বরধ্বনি ⓖ পশ্চাৎ স্বরধ্বনি **উত্তর:** খ

৪. **নিম্নবিবৃত স্বরধ্বনি কোনটি?** [৪৩তম বিসিএস]
ⓚ আ ⓚ ই
ⓖ এ ⓖ অ্যা **উত্তর:** ক

৫. **জিভের উচ্চতা অনুযায়ী উচ্চ-মধ্য স্বরধ্বনি কোনগুলো?** [কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি.-এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ⓚ অ, আ ⓚ ই, উ
ⓖ এ, ও ⓖ আ, অ **উত্তর:** গ

৬. **কোন দুটি অর্ধ-সংবৃত স্বরধ্বনি?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২০-২১]
ⓚ অ্যা, আ ⓚ অ, উ
ⓖ ই, উ ⓖ এ, ও **উত্তর:** ঘ

অ

উচ্চারণ দুই রকম। যথা- [অ] এবং [ও]।

- [অ] উচ্চারণ : অনেক [অনেক্], কথা [কথা], অনাথ [অনাথ্]।
- [ও] উচ্চারণ : শব্দের আদিতে যদি 'অ' থাকে এবং তারপর যদি ই-কার (ি / ী), উ-কার (ু/ূ) বা য-ফলা (্য) যুক্ত ব্যঞ্জনবর্ণ থাকে, তবে সে 'অ' উচ্চারণ প্রায়ই 'ও' এর মতো হয়। যেমন- অতি [ওতি], অভিধান [ওভিধান্], মণি [মোনি], অতীত [ওতিত], অভিনব [ওভিনবো], অনু [ওনু], গরু [গোরু], বউ [বোউ], অদ্য [ওদ্‌দো], অন্য [ওন্‌নো], অধ্যাপক [ওদ্‌ধাপোক্], সন্ধ্যা [শোন্‌ধা]।

আ

উচ্চারণ দুই রকম। যথা- [আ] এবং [অ্যা]।

- [আ] উচ্চারণ : আকাশ [আকাশ], রাত [রাত্], আলো [আলো]।
- [অ্যা] উচ্চারণ : জ্ঞ-এর সঙ্গে থাকলে [অ্যা]-এর মতো উচ্চরিত হয়। যেমন- জ্ঞান [গ্যাঁতো], জ্ঞাত [গ্যাঁতো], জ্ঞাপন [গ্যাঁপোন্]।

ঋ

- [রি]-উচ্চারণ : ঋতু [রিতু], ঋণ [রিন্], কৃষক [ক্রিশক্], দৃশ্য [দ্রিশ্‌শো]।

এ

উচ্চারণ দুই রকম। যথা-

- [এ] উচ্চারণ : একটি [একটি], দেশ [দেশ্], এলো [এলো]।
- [অ্যা] উচ্চারণ : একটা [অ্যাক্‌টা], বেলা [ব্যালা], খেলা [খ্যালা], তেলাপোকা [ত্যালাপোকা], হেন [হ্যানো]।

MCQ Solution

১. **আদ্য অ-এর পরে ই বা উ থাকলে সেই অ-এর উচ্চারণ-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট): ১৯-২০]
ⓚ ও-এর মতো হয় ⓚ অ-এর মতো হয়
ⓖ ই-এর মতো হয় ⓖ উ-এর মতো হয় **উত্তর:** ক

২. **'অ'- ধ্বনির সংবৃত উচ্চারণ হয়েছে কোনটিতে?** [খুবি (আইন বিভাগ) : ১৬-১৭]
ⓚ অটল ⓚ অতি
ⓖ অনাচার ⓖ অমানিশা **উত্তর:** খ

৩. **'অভিনব' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি?** [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (বিজ্ঞান) : ১৮-১৯]
ⓚ ওভিনবো ⓚ অভিনবো
ⓖ ওভিনব ⓖ অভিনব **উত্তর:** ক

৪. **'অজর' শব্দে 'অ' এর উচ্চারণ বিবৃত হওয়ার কারণ-** [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান) : ২১]
ⓚ না-বোধকতা ⓚ অভিশ্রুতি
ⓖ স্বরসঙ্গতি ⓖ অপিনিহিত **উত্তর:** ক

৫. **শব্দের শেষে 'অ' লোপ পায় না-** [ঢাবি (খ ইউনিট) : ২০-২১]
ⓚ বৃহত্তর ⓚ ফল
ⓖ অবশেষ ⓖ দর্শন **উত্তর:** ক

৬. **'আ' কখনো অ্যা-এর মতো উচ্চারিত হয়, যেমন-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ⓚ আকাশ ⓚ রাত
ⓖ অনাথ ⓖ জ্ঞাত **উত্তর:** ঘ

৭. **'এ' ধ্বনি উচ্চারণের পদ্ধতি কোনগুলো?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AL ইউনিট) : ১৭-১৮]
ⓚ সংবৃত ও বিবৃত ⓚ অর্ধ-সংবৃত ও বিবৃত
ⓖ সংবৃত ও অর্ধ-বিবৃত ⓖ কোনোটিই নয় **উত্তর:** ঘ
ব্যাখ্যা: 'এ' ধ্বনি উচ্চারণ অর্ধ-সংবৃত ও অর্ধ-বিবৃত।

৮. **নিচের কোন উদাহরণে 'এ' এর উচ্চারণ স্বাভাবিক?** [জবি (ক ইউনিট) : ১৯-২০]
ⓚ এমন ⓚ বেহায়া
ⓖ একা ⓖ খেলা **উত্তর:** খ

৯. **নিচের কোনটি 'এ' বর্ণের স্বাভাবিক উচ্চারণ?** [ঢাবি (ঘ ইউনিট) : ২০-২১]
ⓚ বেলা ⓚ বেলা
ⓖ একটা ⓖ এলো **উত্তর:** ঘ

১০. **কোন শব্দে 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ হয়েছে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ⓚ তেলাপোকা ⓚ হেথা
ⓖ দেহ ⓖ শেষ **উত্তর:** ক

১১. **'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ পাওয়া যায় কোন শব্দে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৮-১৯]
ⓚ বেলুন ⓚ হেথা
ⓖ হেন ⓖ শেষ **উত্তর:** গ

১২. **'সৌধ' শব্দের প্রমিত উচ্চারণ হলো-** [বাংলাদেশ ব্যাংক অফিসার (জেনারেল) :১৮]
ⓚ সোউধ্ ⓚ শোউধ্
ⓖ সোউধো ⓖ শোউ্ধো **উত্তর:** ঘ

ঞ

নিজস্ব কোনো ধ্বনি নেই। স্বতন্ত্র ব্যবহারে [অঁ] -এর মতো আর সংযুক্ত ব্যঞ্জনে [ন্]-এর মতো উচ্চারিত হয়। ঞ বর্ণের উচ্চারণ তিন রকম হয়। যথা-

- [অ] উচ্চারণ : মিঞ [মিঁয়ো], মিঞা [মিয়াঁ]।
- [ন্] উচ্চারণ : অঞ্চল [অন্চল], চঞ্চল [চন্চল্] বাঞ্ছা (বান্ছা), গঞ্জ [গন্জো]
- [গ্গঁ] উচ্চারণ : জ্ঞান (গ্যাঁন্), যজ্ঞ (যোগ্গোঁ)।

য

- [জ্] উচ্চারণ : যদি [জোদি], যিনি [জিনি], সূর্য [শুর্জো]।

শ

- [শ] উচ্চারণ। যেমন- শত [শতো], শসা [শশা]।
- [স] উচ্চারণ। যেমন- শ্রাবণ [স্রাবোন্]।

ষ

- উচ্চারণ সব সময়ে [শ]। যেমন- ভাষা [ভাশা], ষোলো [শোলো]।

ঃ

- বিসর্গ (ঃ) হলো অঘোষ 'হ' এর উচ্চারণে প্রাপ্ত ধ্বনি।

MCQ Solution

১. **'মগজ' শব্দের উচ্চারণ-** [BBS এর উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা : ১০]
ⓚ মোগজ ⓚ মগোজ্
ⓖ মগজ ⓖ মোগোজ **উত্তর:** খ

২. **নিচের কোন বর্ণটির পৃথক উচ্চারণ নেই?** [তিতাস গ্যাস ফিল্ড কোম্পানি লিমিটেড সহকারী অফিসার (জেনারেল) : ১৮]
ⓚ ঙ ⓚ এ
ⓖ ই ⓖ ও **উত্তর:** ক

৩. **'ঙ' ধ্বনিটির সঠিক উচ্চারণ-** [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/ সমপর্যায়) : ১৮]
ⓚ উম্যা ⓚ উমো
ⓖ উয়ো ⓖ ইয়ো **উত্তর:** গ

৪. **কোন বর্ণের নিজস্ব কোন ধ্বনি নেই?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিরাপত্তা অপারেটর : ২১]
ⓚ চ ⓚ উ
ⓖ ঞ ⓖ ণ **উত্তর:** গ

৫. **বাংলা ভাষায় 'ঞ' হরফটির উচ্চারণ কত প্রকারের হয়?** [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের রিসার্চ অফিসার : ০৬]
ⓚ এক ⓚ দুই
ⓖ তিন ⓖ চার **উত্তর:** গ

৬. **নিচের কোন দুটি বর্ণের উচ্চারণ একই?** [ঢাবি (গ ইউনিট) : ২০-২১]
ⓚ স, শ ⓚ ঞ, ন
ⓖ হ, ঃ ⓖ ত, ৎ **উত্তর:** ঘ

৭. **'হল' শব্দের সঠিক উচ্চারণ কোনটি?** [বেরোবি (খ ইউনিট) : ১১-১২]
ⓚ হোলো ⓚ হল
ⓖ হলো ⓖ হোল **উত্তর:** ক

৮. **'শ্রাবণ' শব্দের উচ্চারণ-** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (C ইউনিট) : ২১-২২]
ⓚ শ্রাবোন ⓚ স্রাবোন্
ⓖ শ্রাবোন্ ⓖ স্রাবন্ **উত্তর:** খ

৯. **অনুশাসন শব্দের শুদ্ধ উচ্চারণ-**[পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৭]
ⓚ অনুশাশন্ ⓚ ওনুশাশোন্
ⓖ ওনুশাশন্ ⓖ অনুশাশোন্ **উত্তর:** খ

১০. **'সুন্দর' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?** [ঢাবি (ঘ ইউনিট) : ১৮-১৯]
ⓚ শুন্দোর্ ⓚ শুন্দর্
ⓖ সুন্দর্ ⓖ শোনদর্ **উত্তর:** খ

১১. **'সুদৃষ্টি' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?** [ঢাবি (ঘ ইউনিট) : ১৮-১৯]
ⓚ সুদৃশ্টি ⓚ শুদৃস্টি
ⓖ শোদৃশ্টি ⓖ শুদৃশ্টি **উত্তর:** ঘ

১২. **'সন্তরণ' শব্দের প্রমিত উচ্চারণ হলো-** [সমন্বিত ৭ ব্যাংকের সিনিয়র অফিসার: ২১]
ⓚ সন্তোরন ⓚ শন্তরোন্
ⓖ শন্তরন্ ⓖ সন্তরোন্ **উত্তর:** গ

১৩. **বিসর্গ (ঃ) বর্ণটি কোন বর্ণের রূপান্তর?** [জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী : ২১]
ⓚ হ ⓚ স
ⓖ শ ⓖ ম **উত্তর:** ক

ব-ফলা (ব)

- শব্দের আদিতে ব্যঞ্জনযুক্ত ব-ফলা থাকলে সে 'ব' উচ্চারিত হয় না। যেমন- ত্বক [তক্], শ্বশুর [শোশুর্], স্বাধীন [শাধিন্], স্বজন [শজোন্]।
- শব্দের মধ্যে বা শেষে ব-ফলা যুক্ত ব্যঞ্জন থাকলে ব্যঞ্জনটির উচ্চারণ-দ্বিত্ব ঘটে। যেমন- অশ্ব [অশ্শো], বিশ্বাস [বিশ্শাশ্], পক্ব [পক্কো]।
- শব্দের মধ্যে বা শেষে সংযুক্ত ব্যঞ্জনের সঙ্গে যুক্ত ব-ফলা উচ্চারিত হয় না। যেমন- উজ্জ্বল [উজ্জল্]।
- বাংলা শব্দে সন্ধির ফলে 'ক' থেকে আগত 'গ' এর সঙ্গে ব-ফলা যুক্ত হলে ঐ 'ব' এর উচ্চারণ অবিকৃত থাকে। যেমন- ঋগ্বেদ [রিগ্‌বেদ্], দিগ্বিদিক [দিগ্‌বিদিক্]।

MCQ Solution

১. **পদের আদ্য ব-ফলা-** [ঢাবি অধিভুক্ত ৭ (সাত) কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ⓚ দ্বিত্ব উচ্চারিত হয় ⓚ অবিকৃতভাবে উচ্চারিত হয়
ⓖ অনুচ্চারিত থাকে ⓖ বিকৃতভাবে উচ্চারিত হয় **উত্তর:** গ

২. **'স্বজন' শব্দের ঠিক উচ্চারণ-** [BHBFC সিনিয়র অফিসার : ১৭]
ⓚ সজন ⓚ সজোন
ⓖ শজন্ ⓖ শজোন্ **উত্তর:** ঘ

৩. **'বিশ্বাস' শব্দের উচ্চারিত রূপ হয়-** [শাবিপ্রবি (ক ইউনিট) : ১৬-১৭]
ⓚ বিশ্‌শাস্ ⓚ বিশ্‌শাশ্
ⓖ বিশশ্বাস ⓖ বিশশাশ্ **উত্তর:** খ

৪. **সন্ধি ও সমাসবদ্ধ পদের ব-ফলা-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]
ⓚ দ্বিত্ব উচ্চারিত হয় ⓚ অবিকৃতভাবে উচ্চারিত হয়
ⓖ অনুচ্চারিত থাকে ⓖ বিকৃতভাবে উচ্চারিত হয় **উত্তর:** খ

ম-ফলা (ম)

- শব্দের আদিতে ব্যঞ্জনযুক্ত ম-ফলা থাকলে সে 'ম' উচ্চারিত হয় না, ম-ফলা যুক্ত ব্যঞ্জনের উচ্চারণ অনুনাসিক [অঁ] হয়। যেমন- শ্মশান [শঁশান্], স্মরণ [শঁরোন্], স্মৃতি [সৃঁতি]।
- শব্দের মধ্যে বা অন্তে ম-ফলাযুক্ত ব্যঞ্জনের 'ম' উচ্চারিত হয় না, ব্যঞ্জনটির উচ্চারণে দ্বিত্ব হয় এবং সামান্য অনুনাসিক হয়, যেমন- আত্মীয় [আত্‌তিঁও], পদ্মা [পদ্‌দোঁ], রশ্মি [রোশ্‌শিঁ], বিস্ময় [বিশ্‌শঁয়]।
- শব্দের মধ্যে বা অন্তে গ, ঙ, ট, ণ, ন, ম এবং ল এর সঙ্গে ম-ফলা যুক্ত হলে সেই ম-ফলা উচ্চারিত হয়। যেমন- যেমন- যুগ্ম [জুগ্‌মো], গুল্ম [গুল্‌মো]।
- সংযুক্ত ব্যঞ্জনের সঙ্গে যুক্ত ম-ফলা উচ্চারিত হয় না, তবে সংযুক্ত ব্যঞ্জনে যুক্ত স্বরধ্বনি অনুনাসিক [অঁ] হয়। যেমন- লক্ষ্মণ [লক্‌খোঁন], যক্ষ্মা [জক্‌খাঁ]।

MCQ Solution

১. **যুক্ত ব্যঞ্জনের সঙ্গে সংযুক্ত ম-ফলা-** [জাবি (গ ইউনিট): ১৯-২০]
ⓚ দ্বিত্ব উচ্চারিত হয় ⓚ অবিকৃতভাবে উচ্চারিত হয়
ⓖ অনুচ্চারিত থাকে ⓖ বিকৃতভাবে উচ্চারিত হয় **উত্তর:** গ

২. **'শ্মশান' শব্দটির উচ্চারণ-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ⓚ শশান্ ⓚ শষান্
ⓖ শঁশান্ ⓖ শসাঁন **উত্তর:** গ

৩. **'স্মৃতিসৌধ' শব্দের প্রমিত উচ্চারণ-** [ঢাবি (খ ইউনিট) : ১৫-১৬]
ⓚ সৃতিশোউধ্ ⓚ সৃতিসোউধো
ⓖ সৃঁতিশোউধো ⓖ সৃঁতিশোউধ্ **উত্তর:** গ

৪. **'রশ্মি' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক শাখা) : ২০-২১]
ⓚ রোশ্‌শিঁ ⓚ রশ্‌শিঁ
ⓖ রোশ্‌মি ⓖ রোশ্‌নি **উত্তর:** ক

৫. **'বিস্ময়' এর সঠিক উচ্চারণ কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক : ১৭]
ⓚ বিস্‌শয় ⓚ বিস্‌ময়
ⓖ বিশ্‌শঁয় ⓖ বিশ্‌ময় **উত্তর:** গ

৬. **'বিস্মিত' এর সঠিক উচ্চারণ-** [ঢাবি অধিভুক্ত ৭ (সাত) কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ⓚ বিসমিতো ⓚ বিশ্‌সিত
ⓖ বিসমিত ⓖ বিশ্‌শিঁতো **উত্তর:** ঘ

৭. **'সম্মান' শব্দের প্রমিত উচ্চারণ?** [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (মানবিক) : ১৮-১৯]
ⓚ শম্‌মান্ ⓚ শন্‌মান্
ⓖ শোন্‌মান ⓖ সোন্‌মান্ **উত্তর:** ক

৮. **'যুগ্ম' শব্দের উচ্চারণ কোনটি?** [উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার : ২২]
ⓚ জুগনো ⓚ জুগ্‌মো
ⓖ জুগ্‌মো ⓖ যুগমো **উত্তর:** খ

য-ফলা (য)

- শব্দের প্রথমে য-ফলা যুক্ত হলে য-ফলা যুক্ত বর্ণের স্বরের উচ্চারণে পরিবর্তন হয়। য-ফলা এর সাথে অ-কার কিংবা আ-কার যুক্ত থাকলে স্বরধ্বনির উচ্চারণ পরিবর্তিত হয়ে সাধারণত 'অ্যা' ধ্বনি উচ্চারিত হয়। যেমন- ব্যথা [ব্যাথ্যা], ব্যাকরণ [ব্যাকরোন]।
- শব্দের আদ্য বর্ণের সাথে যুক্ত য-ফলার পরে যদি ই-কার (ি /ী) থাকে তবে য-ফলা যুক্ত বর্ণটি অ্যা-কারান্ত না হয়ে এ -কারান্ত হয়। যেমন- ব্যতীত [বেতিতো]।

- শব্দের মধ্য বা শেষে ব্যঞ্জনে য-ফলা যুক্ত হলে সে ব্যঞ্জনটি দ্বিত্ব উচ্চারিত হয়। যেমন- উদ্যম [উদ্‌দম্], গদ্য [গোদ্‌দো]।
- হ এর সাথে ্য (য-ফলা) যুক্ত হলে 'হ' এর নিজস্ব কোন উচ্চারণ থাকে না, 'য' (উচ্চারিত রূপ 'জ' এর পর 'ঝ') এর দ্বিত্ব উচ্চারণ হয়। যেমন- গ্রাহ্য [গ্রাজ্‌ঝো], বাহ্য [বাজ্‌ঝো]।
- শব্দের মধ্যে বা শেষে যুক্তব্যঞ্জনের সঙ্গে থাকা য-ফলা এর কোনো উচ্চারণ হয় না। যেমন- সন্ধ্যা [শোন্‌ধা], স্বাস্থ্য [শাস্‌থো], অর্ঘ্য [অর্‌ঘো]।

MCQ Solution

১. **মধ্যে ও অন্ত্য য-ফলা ব্যঞ্জনকে-** [জাবি (গ ইউনিট): ১৯-২০]
ⓚ দ্বিত্ব করে ⓚ সানুনাসিক করে
ⓖ বিকৃত করে ⓖ পার্শ্বিক করে **উত্তর:** ক

Correct markers: (ক) দ্বিত্ব করে (খ) সানুনাসিক করে (গ) বিকৃত করে (ঘ) পার্শ্বিক করে

২. **'ব্যাকরণ' শব্দের যথাযথ উচ্চারণ হলো-** [ঢাবি (ক ইউনিট) : ০৮-০৯]
(ক) ব্যাকারণ (খ) ব্যাকরোন
(গ) ব্যাকরণ (ঘ) ব্যাকরনো **উত্তর:** খ

৩. **'অধ্যাপক' শব্দের প্রমিত উচ্চারণ** - [ঢাবি (খ ইউনিট) : ১৭-১৮]
(ক) অদ্‌ধাপক (খ) অদ্‌ধাপোক
(গ) ওদ্‌ধাপোক্ (ঘ) ওধ্‌ধাপোক্ **উত্তর:** গ

৪. **'অন্যান্য' শব্দের প্রমিত বাংলা উচ্চারণ কোনটি?** [কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি.-এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
(ক) ওন্‌নানন (খ) শুন্যান্য
(গ) অন্‌ন্যন্‌নো (ঘ) ওন্‌নান্‌নো **উত্তর:** ঘ

৫. **'গ্রাহ্য' শব্দের সঠিক উচ্চারণগত বানান হলো-** [জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার (টেক্সটাইল) : ২০]
(ক) গ্রাজ্‌ঝো (খ) গাম্‌মো
(গ) গামমো (ঘ) গ্রমোমো **উত্তর:** ক

৬. **'বাহ্য' শব্দের উচ্চারণ কোনটি?** [ঢাবি (ক ইউনিট) : ১৭-১৮]
(ক) বাজ্‌জো (খ) বাজ্‌ঝো
(গ) বাজ্‌ঝ (ঘ) বাইজ্‌ঝো **উত্তর:** খ

৭. **'অসহ্য' শব্দটির সঠিক উচ্চারণ কোনটি?** [রাবি (খ ইউনিট) : ১১-১২]
(ক) অসজ্‌জো (খ) অসোজ্‌জো
(গ) অসোজ্‌ঝো (ঘ) অশয্‌ঝো **উত্তর:** গ

৮. **'সন্ধ্যা' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?** [শাবিপ্রবি (ক ইউনিট) : ১৫-১৬]
(ক) সন্‌ধা (খ) শন্‌ধা
(গ) শোন্‌ধা (ঘ) সণ্‌ধা **উত্তর:** গ

র-ফলা (্র)

- শব্দের প্রথমে 'অ' যুক্ত র-ফলা থাকলে অদ্য 'অ' এর উচ্চারণ সাধারণত ও-কার হয়ে থাকে। যেমন- ক্রম [ক্রোম্], প্রভাত [প্রোভাত্], প্রকাশ [প্রোকাশ], শ্রম [স্রোম]।
- শব্দের মধ্যে বা শেষে কোনো ব্যঞ্জনবর্ণের সঙ্গে থাকলে দ্বিত্বসহ র-ফলা উচ্চারিত হয়, যেমন- মাত্র [মাত্‌ত্রো], বিদ্রোহ [বিদ্‌দ্রোহো], যাত্রী [জাতত্রি], তীব্র [তিব্‌ব্রো]।
- শব্দের মধ্যে বা শেষে যুক্তব্যঞ্জনের সঙ্গে র-ফলা হলে দ্বিত্ব উচ্চারণ হয় না, যেমন- কেন্দ্র [কেন্‌দ্রো], শাস্ত্র [শাস্‌ত্রো], বস্ত্র [বস্‌ত্রো]।

MCQ Solution

১. **'তীব্র' শব্দটির শুদ্ধ উচ্চারণ কোনটি?** [রাবি (খ ইউনিট): ১৭-১৮]
(ক) তীব্‌ব্রো (খ) তিব্‌ব্রো
(গ) তিব্‌রো (ঘ) তীব্‌রো **উত্তর:** খ

ল-ফলা (্ল)

- পদের আদিতে বা প্রথমে 'ল'-ফলা সংযুক্ত ব্যঞ্জনবর্ণের উচ্চারণ প্রায়শ অবিকৃত থাকে এবং কোনো দ্বিত্ব উচ্চারণ হয় না। যেমন- ক্লান্ত [ক্লান্‌তো]
- শব্দের মধ্যে বা শেষে কোনো ব্যঞ্জনবর্ণের সঙ্গে থাকলে দ্বিত্বসহ ল-ফলা উচ্চারিত হয়, যেমন- অম্লান [অমম্লান্]

MCQ Solution

১. **শব্দের মধ্যে ও অন্ত্য ল-ফলা ব্যঞ্জনকে-** [জাবি (গ ইউনিট): ১৯-২০]
(ক) পার্শ্বিক করে (খ) সানুনাসিক করে
(গ) বিকৃত করে (ঘ) দ্বিত্ব করে **উত্তর:** ঘ

হ

- হ এর সাথে ব যুক্ত হলে 'ব' পরিবর্তিত হয়ে ও হয় এবং 'ব' এর পর (মহাপ্রাণ) ভ আসে। যেমন- আহবান (আওভান্), আহবায়ক (আওভায়ক) প্রভৃতি।

MCQ Solution

১. **'আহ্বান' শব্দের প্রমিত উচ্চারণ-** [জনতা ব্যাংক লি. সহকারী নির্বাহী কর্মকর্তা : ১৯]
(ক) আহোব্‌বান (খ) আহোভান
(গ) আউভান (ঘ) আও্‌ভান্ **উত্তর:** ঘ

২. **'আহ্বায়ক' শব্দের প্রমিত উচ্চারণ-** [NBR - এর সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২]
(ক) আওভায়োক্ (খ) আওভায়ক্
(গ) আহব্‌বায়ক (ঘ) আহোব্‌বায়োক **উত্তর:** খ

৩. **'জিহ্বা' শব্দটির ঠিক উচ্চারণ কোনটি?** [শাবিপ্রবি (ক ইউনিট) : ০৯-১০]
(ক) জিব্‌বা (খ) জিহবা
(গ) জিউবা (ঘ) জিউভা **উত্তর:** ঘ

৪. **'বিহ্বল' শব্দের প্রমিত উচ্চারণ-** [খুবি (খ ইউনিট) : ১৯-২০]
(ক) বিহব্‌বল্ (খ) বিহোব্‌বল্
(গ) বিহোবল্ (ঘ) বিউভল্ **উত্তর:** ঘ

৫. **'বিহ্বলতা'-র প্রমিত উচ্চারণ হলো-** [প্রবাসী কল্যাণ ব্যাংক অফিসার (জেনারেল) : ২১]
(ক) বিহভলতা (খ) বিউ্‌ভলতা
(গ) বিওভলোতা (ঘ) বিওভোলোতা **উত্তর:** খ

৬. **'আহ্লাদ' শব্দের প্রমিত উচ্চারণ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ২০-২১]
ⓚ আল্লাদ ⓚ আল্হাদ্
ⓖ আহ্লাদ ⓖ আল্লাহদ **উত্তর:** খ

ক্ষ

- ক্ষ এর উচ্চারণ আদিতে [খ] এবং মধ্য ও অন্তে [কখ] এর মতো হয়। যেমন- তিতিক্ষা [তিতিক্খা], প্রতীক্ষা [প্রোতিক্খা]
- অদ্য অ এর পর ক্ষ থাকলে 'অ' এর উচ্চারণ ও-কার (ো) এর মতো হয়। যেমন- অক্ষর [ওক্খোর], লক্ষণ [লোক্খোন্], পক্ষ [পোকখো]। কিন্তু 'ক্ষ' এর সাথে অন্য বর্ণ যুক্ত থাকলে তার আগের 'অ' এর উচ্চারণ ও-কার (ো) হয় না। যেমন- লক্ষ্মণ (লক্খোঁন), যক্ষ্মা (জক্খাঁ)।

MCQ Solution

১. **সঠিক উচ্চারণ কোনটি?** [জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৯]
ⓚ তিতিখ্খা ⓚ তিথিক্খা
ⓖ তিতিকখা ⓖ তিতিখ্খা **উত্তর:** গ

২. **'প্রতীক্ষা' শব্দটির বিশুদ্ধ উচ্চারণ-** [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসট্যান্ট ম্যানেজার : ১৪]
ⓚ প্রতিখ্খা ⓚ ফ্রতিখ্খা
ⓖ প্রোতিক্খা ⓖ প্রোথিখ্খা **উত্তর:** গ

৩. **'অক্ষর' শব্দের কোন উচ্চারণটি শুদ্ধ?** [খুবি (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ ওক্খর ⓚ অক্খোর
ⓖ ওক্খোর ⓖ অক্খর **উত্তর:** গ

৪. **'লক্ষণ' শব্দের প্রমিত উচ্চারণ-** [সোনালী ব্যাংক লি. (সিনিয়র অফিসার) : ১৮]
ⓚ লোক্খন্ ⓚ লক্খোন্
ⓖ লোক্খোন্ ⓖ লক্খন্ **উত্তর:** গ

৫. **'অধ্যক্ষ' শব্দের প্রমিত উচ্চারণ-** [জবি (ঘ ইউনিট) : ১০-১১]
ⓚ অধ্ধোখ্খো ⓚ ওদ্ধোক্খো
ⓖ অদোক্খো ⓖ অধোক্খো **উত্তর:** খ

৬. **'মণিমঞ্জুষা' শব্দটির প্রমিত উচ্চারণ হলো-** [কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার (ক্যাশ) : ২১]
ⓚ মণিমোঞ্জুশা ⓚ মণিমোনজুসা
ⓖ মোণিমোনজুষা ⓖ মোনিমোন্জুশা **উত্তর:** ঘ

৭. **'পরাঙ্মুখ' শব্দটির সঠিক উচ্চারণ-** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান শাখা) : ২০-২১]
ⓚ পরামমুখ ⓚ পরাংমুখ্
ⓖ পরাঙ্মুখ ⓖ পোরামমুখ **উত্তর:** খ

৮. **'স্নেহাস্পদ' শব্দটির প্রমিত উচ্চারণ কোনটি?** [চবি (খ ইউনিট) : ২০-২১]
ⓚ স্নেহাস্পদ ⓚ স্নেহাশপদো
ⓖ স্নেহাশপদ ⓖ স্নেহাস্পদো **উত্তর:** খ

৯. **'অভিব্যাপ্তি' শব্দটির যথাযথ উচ্চারণ কোনটি-** [চবি (গ১ ইউনিট) : ১৬-১৭]
ⓚ অভিব্যপ্তি ⓚ ওভিব্ব্যাপ্তি
ⓖ অভিব্যাপ্তি ⓖ ওভিব্যাপ্তি
ⓤ ওভিব্ব্যাপ্তি **উত্তর:** খ

১০. **'অবজ্ঞা' শব্দের উচ্চারণ কোনটি?** [ঢাবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ অবোগ্গাঁ ⓚ ওবোগ্গাঁ
ⓖ ওবগগা ⓖ অবগগা **উত্তর:** ক

১১. **'অজ্ঞাত' শব্দটির প্রকৃত উচ্চারণ কোনটি?** [চবি (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ অগ্গাত ⓚ ওগ্গাত
ⓖ অগ্গ্যাঁতো ⓖ ওগ্যাত **উত্তর:** গ

১২. **'ক্রমপুঞ্জিত' শব্দটির যথার্থ উচ্চারণ হলো-** [ঢাবি (ক ইউনিট) : ০৭-০৮]
ⓚ ক্রমোপুনজিত
ⓚ ক্রোমোপুনজিত
ⓖ ক্রমোপুনজিতো
ⓖ ক্রোমোপুনজিতো **উত্তর:** ঘ

১৩. **'ব্রাহ্ম' শব্দটির উচ্চারণ কোনটি?** [খুবি (আইন বিভাগ) : ১৬-১৭]
ⓚ ব্রামমো ⓚ ব্রাম্ভো
ⓖ ব্রাম্হো ⓖ ব্রাম্ম **উত্তর:** গ

১৪. **কোনটি সঠিক উচ্চারণ নয়?** [ঢাবি (ঘ ইউনিট) : ১৭-১৮]
ⓚ তীব্র - তিব্ব্রো ⓚ শূন্য - শুন্ন
ⓖ দুঃসাহস - দুশ্শাহোশ্ ⓖ লক্ষ্য - লোক্খো **উত্তর:** খ

১৫. **কোন উচ্চারণটি প্রমিত নয়?** [শাবিপ্রবি (ক ইউনিট) : ১৭-১৮]
ⓚ সমুদ্র - শোমুদ্দ্রো
ⓚ শ্রাবণ - স্রাবোন্
ⓖ বাগ্মী - বাগ্মি
ⓖ আহ্বান - আহোবান্ **উত্তর:** ঘ

১৬. **প্রতিবর্ণীকরণের সময় ইংরেজি 's' এর স্থলে বাংলায় হবে-** [NBR- এর সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী) : ১৫]
ⓚ শ ⓚ ষ
ⓖ স ⓖ ছ **উত্তর:** গ

ণ-ত্ব বিধান এবং ষ-ত্ব বিধান

ণ-ত্ব বিধান

যে রীতি অনুসারে বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম বা সংস্কৃত শব্দের বানানে দন্ত্য-'ন'-এর স্থানে মূর্ধন্য-'ণ' ব্যবহৃত হয় তাকে ণ-ত্ব বিধান বলে। ণ-ত্ব বিধি তৎসম শব্দে প্রযোজ্য।

MCQ Solution

১. **ণ-ত্ব বিধান কি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন ঢাকা সেনানিবাসের জুনিয়র শিক্ষক : ২১]
ⓚ দেশীয় শব্দের ঐতিহ্য সংশ্লিষ্ট নিয়ম
ⓚ বিদেশি শব্দের অভিজ্ঞতাজাত বিধান
ⓖ তৎসম শব্দের রীতি
ⓖ বেদ নির্দেশিত রীতি **উত্তর:** গ

২. **'ণ' ত্ব ও 'ষ'ত্ব বিধান কোন শ্রেণির শব্দে অনুসৃত হয়?** [২১তম বিসিএস/ ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার : ১৮]
ⓚ দেশি ⓚ বিদেশি
ⓖ তৎসম ⓖ খাঁটি বাংলা **উত্তর:** গ

৩. **শুদ্ধ বানানটি চিহ্নিত করুন।** [সংস্থাপন মন্ত্রণালয় প্রশাসনিক কর্মকর্তা : ০৭]
ⓚ মূর্ধন্য ⓚ মূর্ধণ
ⓖ মুর্ধন্য ⓖ মুর্ধণ্য **উত্তর:** ক

ণ-ত্ব বিধির প্রয়োগ

নিয়ম : ১) ট-বর্গীয় (ট, ঠ, ড, ঢ) ধ্বনির আগে দন্ত্য 'ন' ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে, সব সময় মূর্ধন্য 'ণ' হয়। যেমন- কণ্টক, কাণ্ড, ঘণ্টা, দণ্ড, বণ্টন, লণ্ঠন, লুণ্ঠন ইত্যাদি।

MCQ Solution

১. **'ট' বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ⓚ ন ⓚ প্ন
ⓖ ণ্য ⓖ ণ **উত্তর:** ঘ

২. **'কণ্টক' বানান কোন নিয়মে হয়?** [রাবি (ঙ ইউনিট) : ১৬-১৭]
ⓚ ণ-ত্ব বিধান ⓚ বর্ণবিধান
ⓖ ষ-ত্ব বিধান ⓖ কোনোটাই না **উত্তর:** ক

৩. **কোনটি শুদ্ধ বানান?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ বণ্টণ ⓚ বন্টন
ⓖ বণ্টন ⓖ বন্টণ **উত্তর:** গ

৪. **কোনটি শুদ্ধ বানান?** [রাবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ⓚ লুণ্ঠন ⓚ দন্ড
ⓖ কন্টক ⓖ স্পন্দন **উত্তর:** ঘ

নিয়ম : ২) তৎসম শব্দে ঋ, র, ষ-এর পরে মূর্ধন্য 'ণ' হয়। যেমন- উদ্গিরণ, উষ্ণ, ঋণ, কর্ণ, কারণ, তৃণ, তৃষ্ণা, বর্ণ, বর্ণনা, বিকীর্ণ (বিকিরণ), ব্যাকরণ, বিভীষণ, বিশ্লেষণ, ভীষণ, ভাষণ, মরণ, সমীরণ, সমীকরণ, সম্পূর্ণ ইত্যাদি। [দ্রষ্টব্য - ধরণ নয়, ধরন (যেহেতু ধরন শব্দটি তৎসম নয়)]

MCQ Solution

১. **ঋ, র, ষ-এর পর সাধারণত কোনটি বসে?** [জাককানইবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ⓚ ণ ⓚ ন
ⓖ ন্য ⓖ ন্ন **উত্তর:** ক

২. **কোন দুটি বর্ণের পর ণ ও ষ হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়) : ১৯]
ⓚ ঋ, র ⓚ ট, ঠ
ⓖ ই, উ ⓖ ত, থ **উত্তর:** ক

৩. **একটি মাত্র শব্দ শুদ্ধভাবে লেখা কোনটি?** [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর : ২০]
ⓚ কারণ ⓚ সৌজন্যতা
ⓖ আকাঙ্খা ⓖ কল্যাণীয়াষু **উত্তর:** ক

৪. **শুদ্ধ বানান কোনটি?** [চবি (খ১ ইউনিট) : ১৪-১৫]
ⓚ বিভিষণ ⓚ বিভীসন
ⓖ বিভীষণ ⓖ বিভীষন **উত্তর:** গ

৫. **কোন বানানটি শুদ্ধ?** [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ১৬]
ⓚ সম্পুর্ণ ⓚ সম্পুর্ন
ⓖ সম্পূর্ণ ⓖ সম্পূর্ন **উত্তর:** গ

৬. **কোন বানানটি শুদ্ধ?** [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর : ১৬]
ⓚ ব্যাকরন ⓚ ব্যাকারণ
ⓖ ব্যাকরণ ⓖ ব্যাকারন **উত্তর:** গ

৭. **শুদ্ধ শব্দ কোনটি?** [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ⓚ ব্যাকরণবিদ ⓚ বৈয়াকরণ
ⓖ ব্যাকরণিক ⓖ বৈয়াকরণিক **উত্তর:** ক,খ

৮. **কোন বানানটি শুদ্ধ?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অপারেটর : ২১]
ⓚ বিকিরণ ⓚ বিকীরণ
ⓖ বিকিরন ⓖ বীকীরন **উত্তর:** ক

৯. **শুদ্ধ বানান কোনটি?** [আইসিবি ব্যাংক লি. অফিসার : ১১]
ⓚ উদ্গিরণ ⓚ উদ্গীরণ
ⓖ উদ্গিরন ⓖ উদ্গীরন **উত্তর:** ক

১০. **কোনটি সঠিক?** [রাবি (এফ ইউনিট) : ১৩-১৪]
ⓚ বিশ্লেষন ⓚ বিশ্লেশন
ⓖ বিশ্লেষণ ⓖ বিস্লেষন **উত্তর:** গ

১১. **শুদ্ধ বানান কোনটি?** [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক : ২২]
ⓚ সমিকরন ⓚ সমিকরণ
ⓖ সমীকরন ⓖ সমীকরণ **উত্তর:** ঘ

১২. **নিচের শুদ্ধ বানান-জোড় কোনটি?** [পূবালী ব্যাংক লি. অফিসার : ১৪]
ⓚ কিম্ভুত, অদ্ভুত ⓚ সাবলীল, অনাবীল
ⓖ বিকিরণ, সমীরণ ⓖ অনিষ্ট, ঘনিষ্ট **উত্তর:** গ

১৩. **ণ-ত্ব বিধান অনুসারে কোনটি অশুদ্ধ বানান?** [ঢাবি (খ বিভাগ) : ১৫-১৬]
ক) পুরোনো খ) ধরন
গ) ঝরনা ঘ) বর্ননা **উত্তর:** ঘ

১৪. **কোনটি শুদ্ধ বানান?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১০-১১]
ক) প্রেরন খ) গ্রহন
গ) ধরন ঘ) ধারনা **উত্তর:** গ

নিয়ম : ৩) ঋ, র, ষ এর পরে স্বরধ্বনি, হ, য়, ব, ং এবং ক-বর্গীয় ও প-বর্গীয় ধ্বনি থাকলে পরবর্তী দন্ত্য ন মূর্ধন্য ণ হয়। যেমন- কৃপণ (ঋ কারের পরে প, তার পরে ণ), হরিণ (র এর পরে ই, তার পরে ণ), অর্পণ (র্ + প্ + অ + ণ্), লক্ষণ (ক্ + ষ্ + অ + ণ্)। এরূপ- অগ্রহায়ণ, অপরাহ্ণ, অভ্যন্তরীণ, উত্তরায়ণ, ক্ষীণজীবী, ক্ষীয়মাণ, গৃহিণী, নিরূপণ, নিরীক্ষণ, পূর্বাহ্ণ, প্রবণ, পরিবহণ, পসারিণী, প্রণিপাত, প্রণয়ন, ব্রাহ্মণ, ভ্রমণ, মনোহারিণী, রামায়ণ, রূপায়ণ, শ্রবণ, শ্রাবণ, ষাণ্মাসিক, সংকীর্ণমনা, সর্বাঙ্গীণ ইত্যাদি।

MCQ Solution

১. **কোনটি বানানটি শুদ্ধ?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম) : ০৯-১০]
ক) অগ্রহায়ন খ) অগ্রহায়ণ
গ) অগ্রাহণ ঘ) আগ্রাহায়ণ **উত্তর:** খ

২. **শুদ্ধ বানান কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক) আভ্যন্তরীণ খ) অভ্যন্তরীন
গ) অভ্যন্তরীণ ঘ) অভ্যন্তরিণ **উত্তর:** গ

৩. **কোন বানানটি শুদ্ধ?** [বাংলাদেশ ডেভলোপমেন্ট ব্যাংক অফিসার : ১৬]
ক) ক্ষীনজীবী খ) ক্ষীণজিবী
গ) ক্ষীনজিবী ঘ) ক্ষীণজীবী **উত্তর:** ঘ

৪. **কোনটি শুদ্ধ বানান?** [ইঞ্জিনিয়ারিং কলেজ এর ক্যাশ সরকারী : ২১]
ক) গৃহিনী খ) গৃহীনী
গ) গৃহিনি ঘ) গৃহিণী **উত্তর:** ঘ

৫. **কোন বানানটি শুদ্ধ?** [গ্লোবাল ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২২]
ক) নীরিক্ষণ খ) নিরীক্ষণ
গ) নীরিক্ষন ঘ) নিরীক্ষন **উত্তর:** খ

৬. **কোন বানানটি সঠিক?** [NSI - এর অফিস সহায়ক : ১৭]
ক) ক্ষণ খ) রক্ষন
গ) লক্ষন ঘ) শিক্ষন **উত্তর:** ক

৭. **কোনটি সঠিক বানান?** [দুদক-এর উপ-সহকারী পরিচালক : ২০]
ক) লক্ষণীয় খ) লক্ষ্যণীয়
গ) লক্ষ্যনীয় ঘ) লক্ষনীয় **উত্তর:** ক

৮. **কোনটি শুদ্ধ বানান?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ক) প্রণিপাত খ) নির্মান
গ) কৃপান ঘ) রূপায়ন **উত্তর:** ক

৯. **কোন বানানটি শুদ্ধ?** [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক : ২০]
ক) পসারিণী খ) পসারিনি
গ) পসারীনী ঘ) পসারিনী **উত্তর:** ক

১০. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম, বাগানবিলাস) : ১২]
ক) মনহারিণি খ) মনোহারিণী
গ) মনোহারিনি ঘ) মনোহারিণি **উত্তর:** খ

১১. **কোন বানানটি শুদ্ধ?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ক) রূপায়ন খ) রুপায়ন
গ) রূপায়ণ ঘ) রুপায়ণ **উত্তর:** গ

১২. **কোন বানানটি ঠিক?** [রাবি (খ ইউনিট) : ১১-১২]
ক) শ্রোবন খ) শ্রবোন
গ) শ্রবণ ঘ) শ্রবন **উত্তর:** গ

১৩. **কোনটি শুদ্ধ বানান?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের হিসাবরক্ষক : ১১]
ক) শ্রাবন খ) শ্রাবণ
গ) স্রাবণ **উত্তর:** খ

১৪. **নিচের কোন শব্দে ণ-ত্ব বিধি অনুসারে 'ণ'-এর ব্যবহার হয়েছে?** [৩৬তম বিসিএস]
ক) কল্যাণ খ) প্রবণ
গ) নিক্কণ ঘ) বিপণি **উত্তর:** খ

১৫. **ণ-ত্ব বিধি অনুসরণ করে 'ণ' হয়েছে নিচের কোন শব্দে?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর : ১৯]
ক) কোণ খ) কৃপণ
গ) লাবণ্য ঘ) বাণ **উত্তর:** খ

১৬. **কোনটি শুদ্ধ বানান?** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১]
ক) সঙকীর্নমনা খ) সংকির্ণমনা
গ) সংকীর্নমনা ঘ) সংকীর্ণমনা **উত্তর:** ঘ

১৭. **কোনটি শুদ্ধ বানান?** [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস ক্লার্ক : ২২]
ক) সর্বাঙ্গীণ খ) সর্ব্বাঙ্গীন
গ) সর্বাঙ্গীন ঘ) সর্বাঙ্গিন **উত্তর:** ক

১৮. **কোনটি শুদ্ধ বানান?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন অডিটর : ১৯]
ক) ষান্মাষিক খ) ষাণ্মাসিক
গ) ষান্নাষিক ঘ) সানমাসিক **উত্তর:** খ

১৯. **ণ-ত্ব বিধানের নিয়ম অনুসারে কোন শব্দটি যথার্থ?** [রাবি (খ ইউনিট) : ১১-১২]
ক) উত্তোরায়োণ খ) উত্তারায়ণ
গ) উত্তরায়ণ ঘ) উত্তরায়ন **উত্তর:** গ

২০. **নিচের কোনটিতে ণ-ত্ব বিধান লঙ্ঘিত হয়েছে?** [ববি (খ ইউনিট) : ১৪-১৫]
ক) বিষণ্ণ খ) ভিক্ষান্ন
গ) ঘণ্টা ঘ) পরিবহন **উত্তর:** ঘ

২১. **শুদ্ধ বানান কোনটি?** [জাককানইবি (এ.এল ইউনিট) : ১৭-১৮]
ক) অপরাহ্ন খ) অপরাহ্ণ
গ) অপরাণ্য ঘ) অপরান্য **উত্তর:** খ

নিয়ম : ৪) প্র, পরা পরি, নির এই চারটি উপসর্গের পর কৃৎ প্রত্যয়ের 'ন' ধ্বণি মূর্ধন্য 'ণ' হয়। যেমন- প্রণাম, পরাহ্ণ, পরিণাশ, নির্মাণ প্রভৃতি।

MCQ Solution

১. **ণ-ত্ব বিধান অনুযায়ী কোন চারটি উপসর্গের পর 'ন' 'ণ' তে পরিবর্তিত হয়?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AL ইউনিট) : ১৭-১৮]
ⓚ প্র, পরা, পরি, নি ⓚ প্র, পরা, অপ, নির
ⓖ প্র, সম, পরি, নির ⓖ প্র, পরা, পরি, নির **উত্তর:** ঘ

২. **কোন বানানটি শুদ্ধ?** [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন মাস্টার : ২২]
ⓚ প্রণয়ণ ⓚ প্রনয়ন
ⓖ প্রনয়ণ ⓖ প্রণয়ন **উত্তর:** ঘ

নিয়ম : ৫) কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য 'ণ' হয় (নিত্য মূর্ধন্য-ণ)। যেমন-

চাণক্য মাণিক্য গণ বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি স্থাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ।
চিক্কণ নিক্বণ তূণ কফণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

MCQ Solution

১. **'কণিকা' শব্দের 'ণ' বসেছে কোন নিয়মে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ⓚ 'ক' এর পরে 'ণ' বসে ⓚ ক এবং ক এর মাঝে 'ণ' বসে
ⓖ 'ক' এর পূর্বে 'ণ' বসে ⓖ স্বভাবতই 'ণ' বসেছে **উত্তর:** ঘ

২. **'মণিক্য' শব্দে 'ণ' বসেছে ণ-ত্ব বিধানের কোন নিয়মে?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর জুনিয়র অডিটর (এলডিএ) : ২২]
ⓚ 'ম' বর্ণের পরে 'ণ' হয় ⓚ 'ক' বর্ণ এবং 'ম' বর্ণের মাঝে 'ণ' হয়
ⓖ 'ক' বর্ণের পূর্বে 'ণ' হয় ⓖ স্বভাবতই 'ণ' হয় **উত্তর:** ঘ

৩. **নিচের কোন শব্দে স্বভাবতই 'মূর্ধন্য-ণ' বসেছে?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের বিভিন্ন পদ : ১৮]
ⓚ মণি ⓚ পরিণাম
ⓖ পরিণতি ⓖ নির্ণয় **উত্তর:** ক

৪. **কোনটি শুদ্ধ বানান?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ-সহকারী : ১২]
ⓚ গননা ⓚ গনণা
ⓖ গণণা ⓖ গণনা **উত্তর:** ঘ

৫. **নিত্য মূর্ধন্য-ণ বাচক শব্দ কোনটি?** [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ১৯]
ⓚ তৃণ ⓚ গ্রহণ
ⓖ লক্ষ্মণ ⓖ লবণ **উত্তর:** ঘ

৬. **নিচের যে শব্দটিতে স্বভাবতই 'ণ' হয়-** [ঢাবি (খ-ইউনিট) : ১৮-১৯]
ⓚ তূণ ⓚ লক্ষ্মণ
ⓖ অর্পণ ⓖ ভীষণ **উত্তর:** ক

৭. **নিচের কোন শব্দে স্বভাবতই 'ণ' হয়েছে?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ⓚ বক্ষমাণ ⓚ স্থাণু
ⓖ পরিবহণ ⓖ উত্তরায়ণ **উত্তর:** খ

৮. **কোনটি নিত্য মূর্ধন্য-ণ বাচক শব্দ?** [ঢাবি (ক ইউনিট) : ১৬-১৭]
ⓚ পুণ্য ⓚ গ্রহণ
ⓖ স্মরণ ⓖ অর্পণ **উত্তর:** ক

৯. **নিত্য মূর্ধন্য-ণ শব্দের উদাহরণ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ (বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ⓚ গৃহিণী ⓚ উষ্ণ
ⓖ সমর্পণ ⓖ কঙ্কণ **উত্তর:** ঘ

১০. **নিচের কোন বানানে নিত্যই মূর্ধন্য-ণ হবে?** [মাভাবিপ্রবি (ঘ ইউনিট) : ১৬-১৭]
ⓚ বেণু ⓚ পরিমাণ
ⓖ দর্পণ ⓖ ঘণ্টা **উত্তর:** ক

১১. **স্বভাবতই 'ণ' ব্যবহৃত হয়েছে কোন শব্দে?** [খুবি (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ শ্রাবণ ⓚ হরিণ
ⓖ নিপুণ ⓖ ঘণ্টা **উত্তর:** গ

১২. **স্বাভাবিক ভাবেই 'ণ' হয়েছে নিচের কোন শব্দে?** [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী : ১৮]
ⓚ পণ ⓚ বণ্টন
ⓖ ক্ষণ ⓖ খণ্ড **উত্তর:** ক

১৩. **কোন বানানটি শুদ্ধ?** [সোনালী ব্যাংক লি. অফিসার (মুক্তিযোদ্ধা) : ১৯]
ⓚ চানক্য ⓚ চাণক্য
ⓖ চানোক্য ⓖ চাণোক্য **উত্তর:** খ

১৪. **কোন বানানটি ভুল?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর অডিটর : ২২]
ⓚ সূক্ষ্ম ⓚ নিক্কণ
ⓖ ইতোমধ্যে ⓖ নূন্যতম **উত্তর:** খ,ঘ
ব্যাখ্যা: নিক্কণ ⇒ নিক্বণ; নূন্যতম ⇒ ন্যূনতম।

১৫. **শুদ্ধ শব্দগুচ্ছ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ⓚ গণনা, গণিকা, শোণিত
ⓚ গনণা, গনিকা, শোনিত
ⓖ গননা, গণিকা, শোনিত
ⓖ গণনা, গনিকা, শোসিত **উত্তর:** ক

১৬. **নিচের কোন শব্দে নিত্য মূর্ধন্য-ণ হয়?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর : ১৯]
ⓚ বর্ণনা ⓚ শাণিত ⓖ হরিণ
ⓖ বণ্টন ⓤ কোনোটিই নয় **উত্তর:** ঙ

১৭. **অশুদ্ধ বানান-জোড় কোনটি?** [পূবালী ব্যাংক লি. অফিসার : ১৪]
ⓚ পুরস্কার, পরিষ্কার ⓚ অত্যধিক, আকাঙ্ক্ষা
ⓖ লবন, স্থানু ⓖ ওজোন, অস্ত্রোপচার **উত্তর:** গ

১৮. **শুদ্ধ বানান কোনটি?** [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
ⓚ গূনগ্রাহী ⓖ গুনগ্রাহি
ⓖ গূনগ্রাহী ⓖ গুণগ্রাহী **উত্তর:** ঘ

১৯. **কোন বানানটি শুদ্ধ?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ-সহকারী : ১২]
ⓚ গননা ⓖ গনণা
ⓖ গণনা ⓖ গণণা **উত্তর:** গ

২০. **নিচের কোন বানানে স্বভাবতই মূর্ধন্য-ণ বসেছে?** [তিতাস গ্যাস ফিল্ড কোম্পানি লি. সহকারী অফিসার: ১৮]
ⓚ বণিক ⓖ রোপণ
ⓖ পরিমাণ ⓖ ঘণ্টা **উত্তর:** ক

২১. **নিচের কোন শব্দটির বানানে 'ণ-ত্ব' বিধির নিয়ম ব্যবহৃত হয়নি?** [জবি (ক ইউনিট) : ১৬-১৭]
ⓚ হরিণ ⓖ পূর্বাহ্ণ
ⓖ অণু ⓖ কর্ণ **উত্তর:** গ

ণ-ত্ব বিধান প্রযোজ্য নয়

- বাংলা (দেশি), তদ্ভব ও বিদেশি শব্দের বানানে মূর্ধন্য 'ণ' লেখার প্রয়োজন হয় না। যেমন- কর্নেল, কেরানি, কোরান, গভর্নর, ঠান্ডা, ফার্নিচার।
- সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না। এরূপ ক্ষেত্রে ন হয়। যেমন- অগ্রনায়ক, কনিষ্ঠ, ত্রিনয়ন, ত্রিহায়ন, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, নির্নিমেষ, পরনিন্দা, পুরোনো, মূর্ধন্য, রূপবান, সর্বনাম, সূদন ইত্যাদি।
- ত-বর্গীয় বর্ণের সঙ্গে যুক্ত ন কখনো ণ হয় না, ন হয়। যেমন - অন্ত, গ্রন্থ, ক্রন্দন প্রভৃতি।

MCQ Solution

১. **খাঁটি বাংলা শব্দে নিচের কোনটি যুক্ত হয় না?** [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক : ১৩]
ⓚ স ⓖ ষ
ⓖ ণ ⓖ ন **উত্তর:** গ

২. **কোন ধরনের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮/ ৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৩]
ⓚ তৎসম ⓖ বিদেশি
ⓖ তদ্ভব ⓖ আঞ্চলিক **উত্তর:** খ

৩. **কোন বর্গীয় বর্গের সঙ্গে যুক্ত 'ন' কখনও 'ণ' হয় না?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী : ১৮]
ⓚ ক-বর্গ ⓖ চ-বর্গ
ⓖ প-বর্গ ⓖ ত-বর্গ **উত্তর:** ঘ

৪. **কোনটি শুদ্ধ বানান?** [বেজা-এর সহকারী ব্যবস্থাপক : ২০]
ⓚ নির্নিমেষ ⓖ নির্ণিমেষ
ⓖ ণির্নিমেষ ⓖ ণির্ণিমেষ **উত্তর:** ক

৫. **কোনটি শুদ্ধ বানান?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. নির্বাহী অফিসার (সাধারণ) : ১৯]
ⓚ তৃহায়ন ⓖ তৃহায়ণ
ⓖ ত্রিহায়ন ⓖ ত্রিহায়ণ **উত্তর:** গ

৬. **কোনটি শুদ্ধ?** [ইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ মধুসূদন ⓖ মধূসূদন
ⓖ মধূসুদন ⓖ মধুসুদন **উত্তর:** ক

৭. **কোন বানানটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১০]
ⓚ সুদণ ⓖ সূদন
ⓖ শুদন ⓖ শূদণ **উত্তর:** খ

৮. **বাংলা বানানের নিয়ম অনুসারে নিচের কোনটি শুদ্ধ?** [স্বাস্থ্য অধিদপ্তরে স্বাস্থ্য সহকারী : ১০]
ⓚ গভর্ণর ⓖ গভর্নর
ⓖ গবর্ণর **উত্তর:** খ

৯. **নিচের কোন বানানটি শুদ্ধ নয়?** [৮ম বিজেএস (সহকারী জজ) : ১৩]
ⓚ কর্ণেল ⓖ চক্ষুষ্মান
ⓖ খ্রিস্টাব্দ ⓖ বিপণী **উত্তর:** ক,গ

১০. **শুদ্ধ বানানটি নির্দেশ করুন:** [সমাজসেবা অধি: সমাজকল্যাণ সংগঠক : ০৫]
ⓚ ফার্ণিচার ⓖ ফার্নিচার
ⓖ ফার্নিশার ⓖ ফার্ণিশার **উত্তর:** খ

১১. **সঠিক বানান কোনটি?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ⓚ ক্ষিয়মান ⓖ খিয়মান
ⓖ খীয়মান ⓖ কোনোটিই নয় **উত্তর:** ঘ

১২. **কোনটি বানানে ণ-ত্ব বিধান পালিত হয়নি?** [জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী পরিচালক : ০৬]
ⓚ কোরান ⓖ শ্রবণ
ⓖ বেণী ⓖ গণ **উত্তর:** ক

১৩. **'দুর্নাম', 'দুর্নিবার' শব্দ দুটিতে মূর্ধন্য-ণ ব্যবহৃত হয়নি কেন?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ⓚ সমাসবদ্ধ শব্দ বলে ⓖ দেশি শব্দ বলে
ⓖ তৎসম শব্দ বলে ⓖ বিদেশি শব্দ বলে **উত্তর:** ক

১৪. **কোনটি ভুল বানান?** [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ম্যানেজার : ২০]
ⓚ ত্রিনয়ণ ⓖ ব্রাহ্মণ
ⓖ পিনাক ⓖ দুর্নীতি **উত্তর:** ক

১৫. **ণ-ত্ব বিধান অনুসারে নিচের কোন বানানটি অশুদ্ধ?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩]
ⓚ পুরণো ⓖ নিরূপণ
ⓖ গ্রহণ ⓖ রূপায়ণ **উত্তর:** ক

১৬. **নিচের কোন শব্দে 'ণ'এর ভুল প্রয়োগ রয়েছে?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ⓚ মাণিক্য ⓖ গণ
ⓖ ক্রন্দণ ⓖ চাণক্য **উত্তর:** গ

১৭. **সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান ঘাটে না- এর উদাহরণ?** [ষোড়শ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১৯]
ⓚ অগ্রনায়ক ⓖ রতন
ⓖ আপন ⓖ অনুষ্ঠান **উত্তর:** ক

১৮. **ণ-ত্ব বিধি অনুসারে কোন বানানটি ভুল?** [ঢাবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ পুরোনো ⓖ ধরন
ⓖ কেরাণি ⓖ রূপায়ণ **উত্তর:** গ

ষ-ত্ব বিধান

যে রীতি অনুসারে বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম শব্দের বানানে মূর্ধন্য 'ষ' ব্যবহৃত হয় তাকে ষ-ত্ব বিধান বলে।

ষ-ত্ব বিধির প্রয়োগ

নিয়ম : ১) অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি এবং ক ও র এর পরে প্রত্যয়ের স থাকলে তা 'ষ' হয়। যেমন- ভবিষ্যৎ (ভ্ + অ + ব্ + ই + ষ- ব্ এর পরে ই এর ব্যবধান) চক্ষুষ্মান, চিকীর্ষা, নিষুতি, মুমূর্ষু ইত্যাদি।

MCQ Solution

১. **ষ-ত্ব বিধি হল-** [ঢাবি (খ ইউনিট) : ০৩-০৪]
ⓚ বাক্য গঠন রীতি ⓧ পদক্রম
ⓖ ষ-এর ব্যবহার রীতি ⓘ শব্দের ব্যুৎপত্তি নির্ণয় **উত্তর:** গ

২. **'ষ' বর্ণটি কোন শব্দে প্রয়োগ হয়?** [রাবি (ইং ইউনিট) : ১৭-১৮]
ⓚ তৎসম ⓧ দেশি
ⓖ তদ্ভব ⓘ অর্ধ-তৎসম **উত্তর:** ক

৩. **শুদ্ধ বানান বিশিষ্ট শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ আশির্বাদ ⓧ ভবিষ্যৎ
ⓖ দীর্ঘজীবি ⓘ পিপিলীকা **উত্তর:** খ

৪. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ⓚ চক্ষুস্মান ⓧ চক্ষুষ্মান
ⓖ চক্ষুশ্মান ⓘ চক্ষুষ্মাণ **উত্তর:** খ

৫. **শুদ্ধ বানানটি হচ্ছে-** [গ্লোবাল ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]
ⓚ নিসুতী ⓧ নিসুতি
ⓖ নিষুতী ⓘ নিষুতি **উত্তর:** ঘ

৬. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [৪৪তম বিসিএস/ ২১তম বিসিএস/ ১০ম বিসিএস/ বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা : ২২]
ⓚ মুমর্ষ ⓧ মুমূর্ষূ
ⓖ মুমূর্ষু ⓘ মুমুর্ষ **উত্তর:** গ

নিয়ম : ২) ই-কারান্ত এবং উ-কারান্ত উপসর্গের পর কতগুলো ধাতুতে 'ষ' হয়। যেমন- অভিসেক > অভিষেক, অনুসঙ্গ > অনুষঙ্গ, অনুস্থান > অনুষ্ঠান, দুস্প্রাপ্য > দুষ্প্রাপ্য, প্রতিস্থান > প্রতিষ্ঠান, প্রতিসেধক > প্রতিষেধক, বিসম > বিষম, সুসুপ্ত > সুষুপ্ত, সুসমা > সুষমা।

MCQ Solution

১. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [ইবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ অনুষঙ্গ ⓧ অনুসঙ্গ
ⓖ অনুষাঙ্গ ⓘ অনুসাঙ্গ **উত্তর:** ক

২. **কোনটি শুদ্ধ বানান?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ⓚ আনুষঙ্গিক ⓧ আনুসঙ্গিক
ⓖ অনুষঙ্গিক ⓘ আনূষঙ্গিক **উত্তর:** ক

৩. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ধানসিঁড়ি) : ০৮]
ⓚ দুস্প্রাপ্য ⓧ দূস্প্রাপ্য
ⓖ দূষ্প্রাপ্য ⓘ দুষ্প্রাপ্য **উত্তর:** ঘ

৪. **কোন শব্দে ভুল বানান রয়েছে?** [ঢাবি (ঙ ইউনিট) : ১৫-১৬]
ⓚ চতুষ্পদ ⓧ নিষ্পত্তি ⓖ বৃহস্পতি
ⓘ শ্রদ্ধাস্পদ ⓤ দুস্প্রাপ্য **উত্তর:** ঙ

৫. **সঠিক বানান কোনটি?** [অগ্রণী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৩]
ⓚ সুষম ⓧ সুসম
ⓖ সুশম ⓘ সূসম **উত্তর:** ক

৬. **'সুষমা' শব্দে যে নিয়মে 'ষ' বসে-**[রূপালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৮]
ⓚ 'স'-এর পূর্বে বসেছে বলে
ⓧ স্বভাবত 'ষ' বসে বলে
ⓖ 'ষম'-মূলরূপ থেকে উৎসারিত হওয়ায়
ⓘ 'উ'-কারান্ত উপসর্গ পূর্বে আছে বলে **উত্তর:** ঘ

নিয়ম : ৩) ঋ, র, ঋ-কার ও রেফ -এর পর মূর্ধন্য 'ষ' হয়। যেমন- উৎকৃষ্ট, ঋষি, কৃষ্টি, কৃষক, ঘর্ষণ, তৃষ্ণা, দৃষ্টি, বৃষ্টি, বর্ষণ, বর্ষা, মহর্ষি, সৃষ্টি ইত্যাদি।

MCQ Solution

১. **কোনটি ষ-ত্ব বিধান?** [বেরোবি (ক ইউনিট) : ১৫-১৬]
ⓚ তৎসম শব্দে 'স'-এর স্থানে 'ষ' হয়
ⓧ রেফ এবং ঋ/ ঋ-কারের পরে 'ষ' হয়
ⓖ রেফ, র-ফলা, ঋ এবং ঋ-কারের পরে 'ষ' হয়
ⓘ ট-বর্গীয় বর্ণের সাথে 'স' সংযুক্ত হয় **উত্তর:** গ

২. **কোনটি শুদ্ধ বানান?** [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর : ১৬]
ⓚ কৃষিজিবি ⓧ কৃষিজীবি
ⓖ কৃষীজিবি ⓘ কৃষিজীবী **উত্তর:** ঘ

৩. **কোনটি শুদ্ধ বানান?** [বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২]
ⓚ মহর্সি ⓧ মহর্ষি
ⓖ মহর্ষী ⓘ মহর্শি **উত্তর:** খ

নিয়ম : ৪) র- ধ্বনির পরে যদি অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি থাকে তবে তার পরে 'ষ' হয়। যথা-পরিষ্কার, আবিষ্কার, বহিষ্কার। কিন্তু অ, আ স্বরধ্বনি থাকলে স হয়। যথা- তিরস্কার, নমস্কার, পুরস্কার।

MCQ Solution

১. **নিচের কোন বানানটি সঠিক?** [সিজিএ - এর জুনিয়র অডিটর : ২২]
ⓚ পরিস্কার ⓧ পরিষ্কার
ⓖ পরিশ্‌কার ⓘ পরিঃকার **উত্তর:** খ

২. **শুদ্ধ বানান কোনটি?** [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার (ক্যাশ) : ১৩]
ⓚ পুরষ্কার ⓧ পুরঃস্কার
ⓖ পুরস্কার ⓘ পুরুস্কার **উত্তর:** গ

৩. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [সমাজসেবা অধিদপ্তরে ফিল্ড সুপারভাইজার : ১৮]
ⓚ অত্যাধিক ⓧ আদক্ষ্যর
ⓖ আবিষ্কার ⓘ অদ্যপি **উত্তর:** গ

৪. **শুদ্ধ বানান নির্ণয় করুন-** [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষের অফিস সহকারী : ২১]
ⓚ তিরস্কার ⓧ তিরষ্কার
ⓖ তীরস্কার ⓘ তীরষ্কার **উত্তর:** ক

৫. **কোন বানানটি অশুদ্ধ?** [চবি (গ ইউনিট) : ১৫-১৬]
ক) আবিষ্কার খ) পরিষ্কার গ) বহিষ্কার
ঘ) পুরস্কার ঙ) তিরষ্কার **উত্তর:** ঙ

৬. **কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার : ১৪]
ক) সখ্যতা, মৌন খ) অত্যাধিক, ব্যাতিক্রম
গ) লাবণ্য, পন্য ঘ) ঘনিষ্ঠ, তিরস্কার **উত্তর:** ঘ

৭. **শুদ্ধ শব্দগুচ্ছ শনাক্ত করুন-** [আইসিবি ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ক) স্বচ্ছন্দ, স্বচ্ছল, শিরোচ্ছেদ
খ) ধৈর্য্য, স্থৈর্যতা, সখ্যতা
গ) একত্রিত, অধীনস্থ, ভাষাভাষী
ঘ) জন্মবার্ষিক, পরিষ্কার, পুরস্কার **উত্তর:** ঘ

৮. **"পুরষ্কার-বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিস্কার"! — বাক্যটি নিম্নরেখ পদে ষ/স ব্যবহারে —** [৩৫তম বিসিএস]
ক) প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয়টি শুদ্ধ
খ) প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ
গ) দুটোই অশুদ্ধ ঘ) দুটোই শুদ্ধ **উত্তর:** গ

নিয়ম : ৫) ট-বর্গীয় ধ্বনির সঙ্গে মূর্ধন্য 'ষ' যুক্ত হয়। যেমন- আকৃষ্ট, কষ্ট, কনিষ্ঠ, জ্যেষ্ঠ, স্পষ্ট, নষ্ট, কাষ্ঠ, ওষ্ঠ, ভূমিষ্ঠ ইত্যাদি।

MCQ Solution

১. **শুদ্ধ বানান কোনটি?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এরোড্রম কর্মকর্তা : ২১]
ক) আকৃষ্ঠ খ) অকৃষ্ট
গ) আকৃষ্ট ঘ) অকৃস্ট **উত্তর:** গ

২. **কোন বানানটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক) কনিষ্ঠ খ) কণিষ্ঠ
গ) কনিষ্ঠতম ঘ) কণিষ্ঠতম **উত্তর:** ক

৩. **কোন বানানটি শুদ্ধ?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিস সহকারী : ১৮]
ক) ভুমিষ্ট খ) ভূমিষ্ট
গ) ভুমিষ্ঠ ঘ) ভূমিষ্ঠ **উত্তর:** ঘ

৪. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৮]
ক) জেষ্ঠ্য খ) জ্যেষ্ঠ্য
গ) জ্যেষ্ঠ ঘ) জ্যাষ্ঠ **উত্তর:** গ

নিয়ম : ৬) কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য 'ষ' হয় (নিত্য মূর্ধন্য-ষ)। যেমন -

আষাঢ়	শেষ	ঈষৎ	মেষ
ভাষা	কলুষ	ভাষ্য	মানুষ
ষোড়শ	কোষ	পৌষ	রোষ
আভাষ	ভাষণ	অভিলাষ	পোষণ
ঊষর	তোষণ	ঊষা	শোষণ
ঔষধ	বিষাণ	ষড়যন্ত্র	পাষাণ
বিশেষ	ভূষণ	সরিষা	দূষণ
ষণ্ড	মহিষ	ষট্	পুরুষ
ষণ্ড	ষড়ঋতু		

MCQ Solution

১. **নিত্য মূর্ধন্য- 'ষ' কোন শব্দে বর্তমান?** [২৪তম বিসিএস/ ২০তম বিসিএস/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
ক) কষ্ট খ) উপনিষৎ
গ) কল্যাণীয়েষু ঘ) আষাঢ় **উত্তর:** ঘ

২. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [BPSC - এর সিনিয়র ইন্সট্রাক্টর : ২১]
ক) আশাঢ় খ) আষাড়
গ) আসাঢ় ঘ) আষাঢ় **উত্তর:** ঘ

৩. **কোনগুলি ষ-ত্ব বিধানের উদাহরণ?** [জাবি (জ ইউনিট) : ১১-১২]
ক) পোশাক, মাস্টার খ) করিস, দেশি
গ) আষাঢ়, ঊষা ঘ) ঊষা, করিস **উত্তর:** গ

৪. **স্বভাবতই মূর্ধন্য 'ষ' হয়- এমন উদাহরণ কোনটি?** [এবি ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার : ১৪]
ক) কৃষক খ) বর্ষা
গ) ঔষধ ঘ) কাষ্ঠ **উত্তর:** গ

৫. **কোন বানানটি শুদ্ধ?** [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট : ২০]
ক) ঔষধ খ) ঔষুধ
গ) অষুধ ঘ) ওষুধ **উত্তর:** ক,ঘ

৬. **নিচের কোন শব্দে স্বভাবতই মূর্ধন্য-ষ হয়েছে?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
ক) কৃষ্ণ খ) কল্যাণীয়েষু
গ) ভাষ্য ঘ) অভিষেক **উত্তর:** গ

৭. **নিচের কোন বানানটির দন্ত 'স' নিপাতনে সিদ্ধ হয়ে 'ষ' হয়েছে?** [রাবি (লোক প্রশাসন) : ০৮-০৯]
ক) ভবিষ্যৎ খ) বিষাণ
গ) কৃষাণ ঘ) সুষম **উত্তর:** খ

৮. **নিপাতনে সিদ্ধ 'ষ' এর ব্যবহার রয়েছে কোনটিতে?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ক) মুমূর্ষু খ) অনুষঙ্গ
গ) বর্ষণ ঘ) ভূষণ **উত্তর:** ঘ

৯. **কোন বানানটি শুদ্ধ?** [১২তম বিসিএস/ পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল, রাজশাহী) পোস্টম্যান : ২২]
ক) পাষাণ খ) পাষান
গ) পাসান ঘ) পাশান **উত্তর:** ক

১০. **কোনটি শুদ্ধ বানান?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর মেডিকেল অফিসার : ২১]
ক) দূষণ খ) দুষণ
গ) দূশন ঘ) দুশন **উত্তর:** ক

১১. **কোনটি শুদ্ধ বানান?** [রাবি (আই ইউনিট) : ১৬-১৭]
ক) শশিভুসন খ) শশিভূষণ
গ) শসিভূষন ঘ) শশিভুসণ **উত্তর:** খ

১২. **কোন শব্দটির বানান সঠিক?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ক) দোষণীয় খ) দূষণীয়
গ) দূষনিয় ঘ) দোষনীয় **উত্তর:** খ

১৩. **স্বভাবতই মূর্ধন্য-ষ হয়েছে নিচের কোনটিতে?** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনে সিনিয়র অ্যাসিস্ট্যান্ট : ১৮]
ক দোষ খ শিষ্ট গ শিষ্য
ঘ নিষক ঙ কোনোটিই নয় **উত্তর:** ঙ

১৪. **স্বভাবতই মূর্ধন্য-ষ ব্যবহারের উদাহরণ?** [জাককানইবি (ক ইউনিট) : ১৬-১৭]
ক প্রতিষ্ঠান খ নষ্ট
গ সুষুপ্ত ঘ রোষ **উত্তর:** ঘ

১৫. **কোন দুটিতে স্বভাবতই 'ণ' ও 'ষ' হয়েছে?** [ইবি (খ ইউনিট) : ১৫-১৬]
ক রামায়ণ, উৎকৃষ্ট খ বর্ণনা, অনুষঙ্গ
গ কৃপণ, মুমূর্ষু ঘ গণনা, পাষাণ **উত্তর:** ঘ

১৬. **কোন বানানটি খাঁটি ষ-ত্ব বিধানের উদাহরণ?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ক বিশেষণ খ ষোড়শ
গ ভূষণ ঘ স্পষ্ট **উত্তর:** খ

১৭. **নিচের কোন শব্দে স্বভাবগত নিয়মে 'ষ' বসেছে?** [BEPZA এর সহকারী ব্যবস্থাপক : ২১]
ক কৃষক খ ঋষি
গ ষড়ঋতু ঘ কাষ্ঠ **উত্তর:** গ

১৮. **কোনটি নিত্য মূর্ধন্য-ষ বাচক শব্দ?** [বাংলাদেশ গ্যাস ফিল্ড-এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক পরিষ্কার খ তৃষ্ণা
গ ভাষা ঘ বৃষ্টি **উত্তর:** গ

১৯. **ষ-ত্ব বিধানের ব্যতিক্রম কোনটি?** [কুবি (খ ইউনিট) : ১৪-১৫]
ক ভাষা খ অফিস
গ সুষ্ঠু ঘ দুষ্কর **উত্তর:** ক

২০. **কোনটি অশুদ্ধ?** [ঢাকা সেনানিবাসের জুনিয়র শিক্ষক : ২১]
ক কর্ষণ খ যুধিষ্ঠির
গ বিষাণ ঘ অভিলাস **উত্তর:** ঘ

২১. **স্বভাবতই 'ষ' হয়নি নিচের কোন শব্দে?** [তিতাস গ্যাস ফিল্ড কোম্পানি লি. সহকারী অফিসার (জেনারেল) : ১৮]
ক নিষেধ খ আষাঢ়
গ মহিষ ঘ বিশেষণ **উত্তর:** ক

ষ-ত্ব বিধান প্রযোজ্য নয়

⇨ দেশি, তদ্ভব ও বিদেশি শব্দের বানানে মূর্ধন্য 'ষ' লেখার প্রয়োজন হয় না। যেমন- অফিস, জিনিস, পোশাক, মাস্টার, পোস্ট, পোস্টার, ফটোস্ট্যাট, রেজিস্ট্রার, রেস্টুরেন্ট, স্টেশন, স্টেশনারি ইত্যাদি বিদেশি ভাষা থেকে আগত শব্দে ষ হয় না। প্রতিবর্ণীকরণের সময় ইংরেজি 'S' এর স্থলে 'স' হয়। যেমন- স্কুল (School)।

⇨ সংস্কৃত সাৎ প্রত্যয়যুক্ত পদে 'ষ' হয় না। যেমন-অগ্নিসাৎ, ধূলিসাৎ, ভূমিসাৎ ইত্যাদি।

MCQ Solution

১. **কোন জাতীয় শব্দে 'ষ' ব্যবহার হয় না?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ক তৎসম খ বিদেশি/ তদ্ভব
গ সংস্কৃত ঘ বৈদিক **উত্তর:** খ

২. **কোনটি সঠিক?** [জবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক বিদেশি শব্দের 'ষ' হয় না
খ খাঁটি বাংলা শব্দে 'ষ' হয় না
গ সংস্কৃত 'সাৎ' পদে 'ষ' হয় না
ঘ সবগুলোই **উত্তর:** ঘ

৩. **'স্ট' যুক্তব্যঞ্জনটি কোন ধরনের শব্দে ব্যবহৃত হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৮-১৯]
ক তৎসম খ বিদেশি
গ তদ্ভব ঘ দেশি **উত্তর:** খ

৪. **কোন বানানটি শুদ্ধ?** [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৬]
ক মাষ্টার খ পোশাক
গ জিনিষ ঘ পোষ্ট অফিস **উত্তর:** খ

৫. **কোন বানানটি সঠিক?** [স্বাস্থ্য অধিদপ্তরের অধীন স্বাস্থ্য সহকারী : ০৪]
ক ফটোষ্ট্যাট খ ফটষ্ট্যাট
গ ফটোস্ট্যাট **উত্তর:** গ

৬. **নিচের কোন বানানটি সঠিক?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৮]
ক শ্বাশত খ আবিস্কার
গ বিসন্ন ঘ স্টেশন **উত্তর:** ঘ

৭. **কোন বানানটি অশুদ্ধ?** [সমাজসেবা অধিদপ্তরের অফিস সহকারী : ১৮]
ক সূর্য খ সুবর্ণ
গ অনুষঙ্গ ঘ ফটোষ্ট্যাট **উত্তর:** ঘ

৮. **ষ-ত্ব বিধান অনুসারে কোন বানানটি সঠিক নয়?** [রাবি (ইত ইউনিট) : ১৭-১৮]
ক বৃষ্টি খ রেজিষ্ট্রার
গ তুষ্ট ঘ উৎকৃষ্ট **উত্তর:** খ

৯. **নিচের কোন বানানটি অশুদ্ধ?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক রেষ্টুরেন্ট খ স্পষ্ট
গ মিষ্টান্ন ঘ শিষ্টাচার **উত্তর:** ক

১০. **কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫]
ক সাৎ খ সা
গ ষ্ণেয় ঘ ষ্ণিক **উত্তর:** ক

১১. **নিচের কোন শব্দগুচ্ছ ণ-ত্ব ও ষ-ত্ব বিধান অনুসারে সঠিক?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর : ১৯]
ক বর্ণনা, সুশমা, লবণ খ ব্রাহ্মণ, কষ্ট, পোষাক
গ ঘণ্টা, দ্বেষ, কোন্দল ঘ কঙ্কন, অন্ধ, মাষ্টার
ঙ ভাষণ, গ্রন্থ, জিনিস **উত্তর:** ঙ

সন্ধি


Euphonic Combination

সন্ধি

সন্ধি শব্দের অর্থ 'মিলন'। সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। পরস্পর কাছাকাছি বা পাশাপাশি দুটি বর্ণ বা ধ্বনির মিলনকে সন্ধি বলে। সন্ধির প্রধান সুবিধা হলো উচ্চারণের। এছাড়া ধ্বনিগত মাধুর্য সম্পাদন, ধ্বনি পরিবর্তনের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন এবং নতুন শব্দ গঠন ইত্যাদি।

নিম্নোক্ত অবস্থায় বাংলা ভাষায় সন্ধি বিশেষভাবে পরিত্যাজ্য। যথা-

- উচ্চারণে সুবিধা হলেও ধ্বনিমাধুর্যতা থাকে না, সেখানে সন্ধি করতে নেই।
- বাংলা ক্রিয়া পদের সাথে সন্ধি হয় না।
- বাংলা শব্দের সঙ্গে সংস্কৃত শব্দের সন্ধি হয় না।



সন্ধি ২ প্রকার। যথা- স্বরসন্ধি এবং ব্যঞ্জনসন্ধি।

ক) স্বরসন্ধি : একটি স্বরধ্বনির সঙ্গে অন্য একটি স্বরধ্বনির মিলনে যে সন্ধি হয়, তাকে স্বরসন্ধি বলে। যথা- অতি + ইব = অতীব।

খ) স্বরে-ব্যঞ্জনে, ব্যঞ্জনে-স্বরে ও ব্যঞ্জনে-ব্যঞ্জনে যে সন্ধি হয়, তাকে ব্যঞ্জন সন্ধি বলে। এদিক থেকে ব্যঞ্জন সন্ধিকে তিন ভাগে ভাগ করা যায়। যথা- যেমন- নাত + জামাই = নাজ্জামাই।

বিসর্গ সন্ধি নামে ব্যঞ্জন সন্ধির একটি প্রকারভেদ আছে। বিসর্গ (ঃ) হচ্ছে র্ ও স্ এর সংক্ষিপ্ত রূপ। বিসর্গের সাথে স্বরধ্বনি বা ব্যঞ্জনধ্বনির মিলনকে বিসর্গ সন্ধি বলে। যেমন- অতঃ + এব = অতএব।

MCQ Solution

১. **সন্ধি শব্দের অর্থ কি?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২০]
ⓚ মিলন ⓚ বিচ্ছেদ
ⓖ বন্ধুত্ব ⓘ সংযোগ **উত্তর:** ক

২. **পাশাপাশি দুটি বর্ণ বা ধ্বনির মিলনকে কি বলে?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর প্রকিউরমেন্ট অফিসার : ২১]
(ক) সন্ধি (খ) সমাস
(গ) কারক (ঘ) প্রত্যয় **উত্তর:** ক

৩. **কোনটিকে সন্ধির সংজ্ঞা বলা হয়?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫]
(ক) পদে পদে মিলকে (খ) ধ্বনিতে ধ্বনিতে মিলকে
(গ) উপসর্গে শব্দে মিলকে (ঘ) শব্দে শব্দে মিলকে **উত্তর:** খ

৪. **উচ্চারণে সুবিধা হলেও ধ্বনিমাধুর্যতা থাকে না, সেখানে কী করতে নেই?** [হামোদাবিপ্রবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
(ক) সন্ধি (খ) সমাস
(গ) প্রত্যয় (ঘ) ণত্ব ও ষত্ব বিধান **উত্তর:** ক

৫. **সন্ধির প্রধান সুবিধা কি?** [১৮তম বিসিএস]
(ক) উচ্চারণের সুবিধা (খ) লেখার সুবিধা
(গ) শোনার সুবিধা (ঘ) পড়ার সুবিধা **উত্তর:** ক

৬. **সন্ধির প্রধান কাজ কী?** [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস ক্লার্ক : ২২]
(ক) ধ্বনি পরিবর্তন (খ) অর্থের পরিবর্তন
(গ) পদের পরিবর্তন (ঘ) বাক্য সংকোচন **উত্তর:** ক

৭. **সন্ধির উদ্দেশ্য কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (আলফা) : ১৪]
(ক) শব্দের মিলন (খ) ধ্বনিগত মাধুর্য সৃষ্টি
(গ) শব্দগত মাধুর্য সৃষ্টি (ঘ) বর্ণের মিল **উত্তর:** খ

৮. **কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না?** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর : ১৬]
(ক) বিশেষ্য (খ) বিশেষণ
(গ) ক্রিয়া (ঘ) অব্যয় **উত্তর:** গ

৯. **নিচের কোন ক্ষেত্রে সন্ধি করা অনুচিত?** [NSI-এর ওয়াচার কনস্টেবল : ২১]
(ক) বাংলা শব্দের সঙ্গে সংস্কৃত শব্দের সন্ধি করা অনুচিত
(খ) সমাসবদ্ধ পদে সন্ধি করা অনুচিত
(গ) ধাতুর সঙ্গে প্রযুক্ত উপসর্গে সন্ধি করা অনুচিত
(ঘ) উপরের কোনোটিই নয় **উত্তর:** ক

১০. **সন্ধি কত প্রকার?** [রাবি (আই ইউনিট) : ১৬-১৭]
(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫ **উত্তর:** ক

১১. **ব্যাকরণ অনুযায়ী খাঁটি বাংলা সন্ধি কয় প্রকার?** [NSI- এর কম্পিউটার অপারেটর : ২১]
(ক) ৩ প্রকার (খ) ৪ প্রকার
(গ) ২ প্রকার (ঘ) ৭ প্রকার **উত্তর:** গ

১২. **খাঁটি বাংলায় কোন সন্ধি নেই?** [পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লি. এর সহকারী কর্মকর্তা (প্রশাসন) : ২১]
(ক) স্বরসন্ধি (খ) ব্যঞ্জন সন্ধি
(গ) বিসর্গ সন্ধি (ঘ) নিপাতনে সিদ্ধ সন্ধি **উত্তর:** গ

১৩. **'অতীব' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের অফিস সহায়ক : ২০]
(ক) অতি + ইব (খ) অতী + ব
(গ) অতী + ইত (ঘ) অত + ইত **উত্তর:** ক

১৪. **'নাজ্জামাই' শব্দের যথার্থ সন্ধি বিচ্ছেদ কোনটি?** [পিএসসি'র সহকারী পরিচালক : ১৬]
ⓚ নাতি + জামাই ⓛ নাত + জামাই
ⓜ নাজ + জামাই ⓝ নাতিন + জামাই **উত্তর:** খ

১৫. **'অতএব' এর ঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
ⓚ অত্ + এব ⓛ অতঃ + এব
ⓜ অত + এব ⓝ অতো + এব **উত্তর:** খ

স্বরসন্ধি

নিয়ম : অ/ আ + অ/ আ = আ হয়।	
আশাতীত = আশা + অতীত	দেবালয় = দেব + আলয়
উত্তরাধিকার = উত্তর + অধিকার	পুরাধ্যক্ষ = পুর + অধ্যক্ষ
একেক = এক + এক	মাত্রাধিক্য = মাত্রা + আধিক্য
কটাক্ষ = কট + অক্ষ	যথার্থ = যথা + অর্থ
কথামৃত = কথা + অমৃত	রত্নাকর = রত্ন + আকর
গতানুগতিক = গত + অনুগতিক	রূপালি = রূপা + আলি
গ্রন্থাগার = গ্রন্থ + আগার	শশাঙ্ক = শশ + অঙ্ক
জমানো = জমা + আনো	শিক্ষালয় = শিক্ষা + আলয়
দৃষ্টান্ত = দৃষ্ট + অন্ত	স্বাধীন = স্ব + অধীন
বিদ্যালয় = বিদ্যা + আলয়	স্বাধীনতা = স্ব + অধীনতা
ধর্মাধর্ম = ধর্ম + অধর্ম	স্বায়ত্ত = স্ব + আয়ত্ত
ন্যূনাধিক = ন্যূন + অধিক	হিমাচল = হিম + অচল
নরাধম = নর + অধম	হিমালয় = হিম + আলয়
পাগলামি = পাগল + আমি	
ই/ ঈ + ই/ ঈ = ঈ হয়।	
অতীন্দ্রিয় = অতি + ইন্দ্রিয়	বারীশ = বারি + ঈশ
অভীষ্ট = অভি + ইষ্ট	রবীন্দ্র = রবি + ইন্দ্র
অভীপ্সা = অভি + ঈপ্সা	সতীশ = সতী + ঈশ
পরীক্ষা = পরি + ঈক্ষা	সতীন্দ্র = সতী + ইন্দ্র
প্রতীতি = প্রতী + ইতি	সুধীন্দ্র = সুধী + ইন্দ্র
উ/ ঊ + উ/ ঊ = ঊ হয়।	
অনূদিত = অনু + উদিত	গুরূক্তি = গুরু + উক্তি
ভূর্ধ্ব = ভূ + ঊর্ধ্ব	বধূৎসব = বধূ + উৎসব
কটূক্তি = কটু + উক্তি	মরূদ্যান = মরু + উদ্যান
অ/আ + ই/ঈ = এ হয়।	
অপেক্ষা = অপ + ঈক্ষা	যথেষ্ট = যথা + ইষ্ট
ঢাকেশ্বরী = ঢাকা + ঈশ্বরী	শুভেচ্ছা = শুভ + ইচ্ছা
পূর্ণেন্দু = পূর্ণ + ইন্দু	স্বেচ্ছা = স্ব + ইচ্ছা

অ/ আ + উ/ ঊ = ও হয়।	
কথোপকথন = কথা + উপকথন	প্রশ্নোত্তর = প্রশ্ন + উত্তর
গঙ্গোর্মি = গঙ্গা + ঊর্মি	যথোচিত = যথা + উচিত
নবোঢ়া = নব + ঊঢ়া	সূর্যোদয় = সূর্য + উদয়
নীলোৎপল = নীল + উৎপল	হিতোপদেশ = হিত + উপদেশ
অ/ আ + এ/ ঐ = ঐ হয়।	
জনৈক = জন + এক	মহা + ঐক্য = মহৈক্য
তথৈব = তথা + এব	মহৈশ্বর্য = মহা + ঐশ্বর্য
দৈনিক = দিন + এক	মহৈকত্ব = মহা + একত্ব
মতৈক্য = মত + ঐক্য	হিতৈষী = হিত + এষী
অ/ আ + ও/ ঔ = ঔ হয়।	
জলৌকা = জল + ওকা	মহৌৎসুক্য = মহা + ঔৎসক্য
বনৌষধি = বন + ওষধি	মহৌদার্য = মহা + ঔদার্য
মহৌষধি = মহা + ওষধি	
অ/ আ + ঋ-কার = অর (রেফ রূপে পরবর্তী বর্ণে) হয়।	
অধমর্ণ = অধম + ঋণ	দেবর্ষি = দেব + ঋষি
উত্তমর্ণ = উত্তম + ঋণ	ভয়ার্ত = ভয় + ঋত
ক্ষুধার্ত = ক্ষুধা + ঋত	মহর্ষি = মহা + ঋষি
তৃষ্ণার্ত = তৃষ্ণা + ঋত	শীতার্ত = শীত + ঋত
ই/ ঈ + ই/ ঈ ভিন্ন অন্য স্বরধ্বনি = য্ + অ (য-ফলা) হয়।	
অত্যধিক = অতি + অধিক	দ্ব্যর্থ = দ্বি + অর্থ
অত্যন্ত = অতি + অন্ত	পর্যবেক্ষণ = পরি + অবেক্ষণ
অত্যুক্তি = অতি + উক্তি	পর্যালোচনা = পরি + আলোচনা
অধ্যক্ষ = অধি + অক্ষ	প্রত্যেক = প্রতি + এক
অর্ধেক = অর্ধ + এক	পর্যায় = পরি + আয়
অধ্যুষিত = অধি + উষিত	পর্যন্ত = পরি + অন্ত
অত্যূর্ধ্ব = অতি + ঊর্ধ্ব	প্রত্যুত্তর = প্রতি + উত্তর
অত্যাচার = অতি + আচার	প্রত্যাবর্তন = প্রতি + আবর্তন
আদ্যোপান্ত = আদ্য + উপান্ত	প্রত্যাগমন = প্রতি + আগমন
আদ্যন্ত = আদি + অন্ত	প্রত্যুক্তি = প্রতি + উক্তি
ইত্যাদি = ইতি + আদি	প্রত্যূষ = প্রতি + উষ
ইত্যাকার = ইতি + আকার	ব্যর্থ = বি + অর্থ
উপর্যুপরি = উপরি + উপরি	বহ্ন্যুৎসব = বহ্নি + উৎসব
উপর্যুক্ত = উপরি + উক্ত	মস্যাধার = মসী + আধার
জাত্যভিমান = জাতি + অভিমান	যদ্যপি = যদি + অপি

উ/ ঊ + উ/ ঊ ভিন্ন অন্য স্বরধ্বনি = ব্ + অ (পূর্ববর্তী বর্ণে ব-ফলা) হয়।	
অন্বেষণ = অনু + এষণ	মন্বন্তর = মনু + অন্তর
অন্বিত = অনু + ইত	স্বাগত = সু + আগত
তন্বী = তনু + ঈ	স্বল্প = সু + অল্প
পশ্বধম = পশু + অধম	
ঋ-কার + ঋ ভিন্ন অন্য স্বর থাকলে 'ঋ' স্থলে 'র' (র-ফলা রূপে পূর্ববর্তী ব্যঞ্জনে) হয়।	
পিত্রালয় = পিতৃ + আলয়	মাত্রিচ্ছা = মাতৃ + ইচ্ছা
পিত্রাদেশ = পিতৃ + আদেশ	
এ/ ঐ/ ও/ ঔ + স্বরধ্বনি = (যথাক্রমে) অয় / আয়/ অব্ / আব	
গবেষণা = গো + এষণা	পাবক = পৌ + অক
গবাদি = গো + আদি	পবন = পো + অন
গায়ক = গৈ + অক	ভাবুক = ভৌ + উক
নয়ন = নে + অন	মাথায় = মাথা + এ
নাবিক = নৌ + ইক	লবণ = লো + অন
নায়ক = নৈ + অক	শ্রবণ = শ্রু + অন
পবিত্র = পো + ইত্র	শয়ন = শে + অন
কোনো কোনো স্থলে পাশাপাশি দুটি স্বরের শেষেরটি লোপ পায়।	
যাচ্ছেতাই = যা + ইচ্ছা + তাই	
দুটি সন্নিহিত স্বরের একটির লোপ হয়।	
ছেলেমি = ছেলে + আমি	মিথ্যুক = মিথ্যা + উক
পনির = পনি + এর	শতেক = শত + এক

MCQ Solution

১. **অ-কারের বা আ-কারের পর ঈ-কার থাকলে উভয় মিলে কী হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ⓚ এ-কার ⓚ ও-কার
ⓖ উ-কার ⓘ ঐ-কার **উত্তর:** ক

২. **সন্ধির নিয়মানুসারে ঈ + অ =?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক (সাধারণ) : ১৮]
(ক) য্ + অ (খ) য্ + আ
(গ) আ + য্ (ঘ) অ + য্ **উত্তর:** ক

৩. **সন্ধির ক্ষেত্রে কোনটি ঠিক নয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]
(ক) অ + উ = ও (খ) আ + ও = ঔ
(গ) আ + ও = উ (ঘ) অ + ঐ = ঐ **উত্তর:** গ

৪. **'অত্যধিক'-এর সন্ধি বিচ্ছেদ করুন :** [বাংলাদেশ কৃষি ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর : ১৮]
(ক) অতি + ধিক (খ) অত্যা + অধিক
(গ) অতি + অধিক (ঘ) অ + তাধিক **উত্তর:** গ

৫. **কোন বানানটি শুদ্ধ?** [বাংলাদেশ ডেভলপমেন্ট ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
(ক) অত্যধিক (খ) অত্যাধিক
(গ) অত্ত্যাধিক (ঘ) অত্যাধিক **উত্তর:** ক

৬. **'অত্যন্ত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হেমন্ত) : ১০]
(ক) অতি + অন্ত (খ) অতী + অন্ত
(গ) অতৎ + অন্ত (ঘ) অত + অন্ত **উত্তর:** ক

৭. **'অধম + ঋণ = অধমর্ণ' কোন সন্ধির দৃষ্টান্ত?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৮-১৯]
(ক) স্বরসন্ধি (খ) নিপাতনে সিদ্ধ সরসন্ধি
(গ) বিসর্গসন্ধি (ঘ) ব্যঞ্জনসন্ধি **উত্তর:** ক

৮. **'অধ্যুষিত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি শুদ্ধ?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
(ক) অধ্য + উষিত (খ) আধ + ষিথ
(গ) অধি + উষিত (ঘ) আধু + উষিত **উত্তর:** গ

৯. **'অন্বেষণ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২]
(ক) অন্বে + ষণ (খ) অনেঃ + এষণ
(গ) অনু + এষন (ঘ) অনু + এষণ **উত্তর:** ঘ

১০. **কোনটি শুদ্ধ বানান?** [তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. সহকারী ব্যবস্থাপক : ২১]
(ক) অন্বেষণ (খ) অন্বেষন
(গ) অন্বেশন (ঘ) অন্বেশণ **উত্তর:** ক

১১. **'অন্বিত' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি হবে?** [জাবি (খ ইউনিট) : ১৪-১৫]
(ক) অনু + ইত (খ) অনু + নিত
(গ) অনু + ঈত (ঘ) অনু + বিত **উত্তর:** ক

১২. **'অভীষ্ট' এর সন্ধি বিচ্ছেদ কি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
(ক) অভি + ইষ্ট (খ) অভি + রিষ্ট
(গ) অভী + ইষ্ট (ঘ) অভি + রিষ্ঠ **উত্তর:** ক

১৩. **সন্ধি বিচ্ছেদ করুন : অর্ধেক =** [বেসিক ব্যাংক অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার : ১২]
(ক) আধা + এক (খ) অর্ধ + এক
(গ) অর্ধে + এক (ঘ) অর্ধ + ক **উত্তর:** খ

১৪. **'আদ্যোপান্ত' শব্দটির সন্ধি বিচ্ছেদ -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১২-১৩]
(ক) আদি + প্রান্ত (খ) আদ্য + প্রান্ত
(গ) আদ্যো + প্রান্ত (ঘ) আদ্য + উপান্ত **উত্তর:** ঘ

১৫. **'আশাতীত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [মৎস্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
(ক) আশা + অতিত (খ) আশা + অতীত
(গ) আশ + অতিত (ঘ) আশ + অতীত **উত্তর:** খ

১৬. **'ইত্যাকার' শব্দটির সন্ধি বিচ্ছেদ-** [দুদক এর সহকারী পরিচালক : ২০]
(ক) ইতি + আকার (খ) ইত্যা + কার
(গ) ইতি + কার (ঘ) ইত + আকার **উত্তর:** ক

১৭. **সন্ধি বিচ্ছেদ করুন : ইত্যাদি।** [স্বাস্থ্য অধিদপ্তর (স্বাস্থ্য সেবাবিভাগ)-এর মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) : ২২]
ক ইতি + দি   খ ইতি + আদি
গ ইত + তাদি   ঘ ইতি + অদি   **উত্তর:** খ

১৮. **'উপর্যুক্ত'- এর সন্ধি বিচ্ছেদ কোনটি শুদ্ধ?** [গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লি. এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক উপরি + উক্ত   খ উপর + উক্ত
গ উপ + যুক্ত   ঘ উপর + যুক্ত   **উত্তর:** ক

১৯. **'উত্তমর্ণ'-কে সন্ধি বিচ্ছেদ করলে হয়-** [ইবি (গ ইউনিট) : ০৯-১০]
ক উত্তর + মণ   খ উত্তম + ঋণ
গ উত্তর + মর্ণ   ঘ উত্তরম + ণ   **উত্তর:** খ

২০. **সন্ধি বিচ্ছেদ কর : উপর্যুপরি-** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সিনিয়র অ্যাসিস্ট্যান্ট : ১৮]
ক উপরি + উপরি   খ উপর্য + পরি
গ উপ + র্যুপরি   ঘ উপ + উপরি   **উত্তর:** ক

২১. **'কটাক্ষ' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [জাবি (ঘ ইউনিট) : ১১-১২]
ক কটু + অক্ষ   খ কটা + অক্ষ
গ কট + ক্ষ   ঘ কট + অক্ষ   **উত্তর:** ঘ

২২. **'কথামৃত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [রাবি (ক ইউনিট) : ১৯-২০]
ক কথা + অমৃত   খ কথঃ + অমৃত
গ কথা + মৃত   ঘ কথঃ + মৃত   **উত্তর:** ক

২৩. **'কথোপকথন' শব্দটি কি রীতিতে গঠিত?** [ঢাবি (গ ইউনিট) : ০২-০৩]
ক উপসর্গযোগে   খ সন্ধিযোগে
গ প্রত্যয়যোগে   ঘ সমাসযোগে   **উত্তর:** খ

২৪. **কোনটি 'ক্ষুধার্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ?** [স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার : ২২/ পোস্টমাস্টার জেনারেল এর উচ্চমান সহকারী (উত্তরাঞ্চল) : ২২]
ক ক্ষুৎ + আর্ত   খ ক্ষুধা + আর্ত
গ ক্ষুধা + ঋত   ঘ ক্ষুধ + আর্ত   **উত্তর:** গ

২৫. **'গতানুগতিক' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১০]
ক গত + আনুগতিক   খ গতা + অনুগতিক
গ গত + অনুগতিক   ঘ গতানু + গতিক   **উত্তর:** গ

২৬. **'গবেষণা' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার : ২২]
ক গব + এষণা   খ গবে + এষণা
গ গৌ + এষণা   ঘ গো + এষণা   **উত্তর:** ঘ

২৭. **কোনটি শুদ্ধ?** [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
ক গবেষনা   খ গবেষণা
গ গবেশনা   ঘ গবেস্বনা   **উত্তর:** খ

২৮. **'গবাদি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ঢাবি (খ ইউনিট) : ১৫-১৬]
ক গবা + আদি   খ গো + আবাদি
গ গো + আদি   ঘ গবা + দি   **উত্তর:** গ

২৯. **'গায়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
ক গা + অক   খ গায় + অক
গ গৈ + অক   ঘ গৌ + অক   **উত্তর:** গ

৩০. **'গুরূক্তি' এর সন্ধি বিচ্ছেদ কি?** [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৬-০৭]
ক গুরু + যুক্তি   খ গুরূ + যুক্তি
গ গুরু + উক্তি   ঘ গুরূ + উক্তি   **উত্তর:** গ

৩১. **'গ্রন্থাগার' শব্দটি-** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ক নিপাতনে সিদ্ধ সন্ধি   খ স্বরসন্ধি
গ ব্যঞ্জন সন্ধি   ঘ বিসর্গ সন্ধি   **উত্তর:** খ

৩২. **কোনটি শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংক অফিসার (ক্যাশ) : ১৬]
ক মরু + উদ্যান = মরুদ্যান
খ পরি + ইক্ষা = পরীক্ষা
গ গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি
ঘ প্রতি + উষ = প্রত্যুষ   **উত্তর:** গ

৩৩. **'ছেলেমি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ করুন :** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ক ছে + লেমি   খ ছেলে + মি
গ ছেলে + আমি   ঘ ছে + এলেমি   **উত্তর:** গ

৩৪. **'জনৈক' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [২৯তম বিসিএস/ ডাক বিভাগের অফিস সহায়ক (খুলনা অঞ্চল) : ২২]
ক জন + ঐক   খ জন + এক
গ জনে + এক   ঘ জন + অক   **উত্তর:** খ

৩৫. **'জলৌকা' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ইবি (খ ইউনিট) : ০৫-০৬]
ক জল + একা   খ জলো + ঐকা
গ জল + ওকা   ঘ জল + ঔকা   **উত্তর:** গ

৩৬. **জাতি + অভিমান-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ২০-২১]
ক জাত্যাভিমান   খ জাত্যভিমান
গ জাতিভিমান   ঘ জাতভিমান   **উত্তর:** খ

৩৭. **'জমানো' শব্দটির সন্ধি বিচ্ছেদ হচ্ছে-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১০]
ক জমান + ও   খ জমা + ন
গ জমা + নো   ঘ জমা + আনো   **উত্তর:** ঘ

৩৮. **ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী- কোন নিয়মে এ সন্ধি হয়েছে?** [NSI-এর ওয়াচার কনস্টেবল (ফিল্ড স্টাফ) : ২১]
ক আ + ঈ = এ   খ অ + ঈ = এ
গ আ + ই = এ   ঘ অ + ই = এ   **উত্তর:** ক

৩৯. **তৃষ্ণার্ত- এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ডাক অধিদপ্তরের ডাক-জীবন-বীমা- এর অফিস সহকারী : ২২]
ক তৃষ্ণা + আর্ত   খ তৃষ্ণা + ঋত
গ তৃষ্ণা + ষর্ত   ঘ তৃষ্ণা + রিত   **উত্তর:** খ

৪০. **'তন্বী' শব্দের কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সিনিয়র অফিসার : ২১]
ক তন্ব + ঈ   খ তন্ব + ই
গ তনু + ই   ঘ তনু + ঈ   **উত্তর:** ঘ

৪১. **দেবালয়ের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহায়ক : ১৪]
ক দেব + আলয়   খ দেবা + আলয়
গ দেবা + লয়   ঘ দেব + লয়   **উত্তর:** ক

৪২. **'দৃষ্টান্ত' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [অগ্রণী ব্যাংক লি. অফিসার : ১০]
ক) দৃষ্টি + অন্ত খ) দৃষ্টি + আন্ত
গ) দৃষ্ট + আন্ত ঘ) দৃষ্ট + অন্ত **উত্তর: ঘ**

৪৩. **'দৈনিক' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?** [সোনালী ব্যাংক লি. অফিসার (মুক্তিযোদ্ধা) : ১৯]
ক) দৈ + এক খ) দৈ + নিক
গ) দৈঃ + এক ঘ) দিন + এক **উত্তর: ঘ**

৪৪. **নিচের কোন বানানটি সঠিক?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের বিভিন্ন পদ : ১৮]
ক) দ্ব্যার্থ খ) দ্ব্যর্থ্য
গ) দ্ব্যর্থ ঘ) দ্ব্যার্থ্য **উত্তর: গ**

৪৫. **'ধর্মাধর্ম' শব্দটির সন্ধি বিচ্ছেদ হল-** [রাবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ক) ধর্ম + অধর্ম খ) ধর্মা + ধর্ম
গ) ধর্ম + আ + ধর্ম ঘ) ধর্ম + অদধর্ম **উত্তর: ক**

৪৬. **'নাবিক' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [সমাজসেবা অধিদপ্তরের অফিস সহায়ক : ১৭]
ক) ন + ইক খ) নবৌ + ইক
গ) নৌ + ইক ঘ) নবো + ইক **উত্তর: গ**

৪৭. **'নায়ক' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) সহকারী পরিচালক : ২১]
ক) না + য়ক খ) নৈ + অক
গ) নৌ + অক ঘ) নৈ + আক **উত্তর: খ**

৪৮. **সন্ধি বিচ্ছেদ করুন : 'নরাধম'-** [বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশন এর উচ্চমান সহকারী : ১৭]
ক) নর + আধম খ) নর + অধম
গ) নর + ধম ঘ) নরধ + ম **উত্তর: খ**

৪৯. **'নবোঢ়া' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [স্বাস্থ্য অধিদপ্তর (স্বাস্থ্য সেবাবিভাগ)-এর মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) : ২২]
ক) নব + উঢ়া খ) নব + ঊঢ়া
গ) নবো + উঢ়া ঘ) নবো + ঊঢ়া **উত্তর: খ**

৫০. **সন্ধিযোগে গঠিত শব্দ-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় : ০৬-০৭]
ক) নীলোৎপল খ) বিপদাপন্ন
গ) ফুলেল ঘ) পরাজয় **উত্তর: ক**

৫১. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০]
ক) নুন্যাধিক খ) ন্যূনাধিক
গ) ন্যুন্যাধিক ঘ) ন্যুনধিক **উত্তর: খ**

৫২. **সন্ধি বিচ্ছেদ করুন 'পনির'-** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩]
ক) পনি + এর খ) পনি + র
গ) পন + ইর ঘ) পন + ই + র **উত্তর: ক**

৫৩. **'পবিত্র' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ জুটমিল কর্পোরেশনের অফিসার : ১৭]
ক) প + বিত্র খ) প + অবিত্র
গ) পো + ইত্র ঘ) পো + অবিত্র **উত্তর: গ**

৫৪. **'পাগলামি' শব্দের সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়-** [দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো সহকারী পরিচালক : ০১]
ক) পাগল + লামি খ) পাগল + মি
গ) পাগল + আমি ঘ) পাগল + মি **উত্তর: গ**

৫৫. **'পাবক' কোন সন্ধির উদাহরণ?** [ববি (গ ইউনিট) : ১৪-১৫]
ক) স্বরসন্ধি খ) ব্যঞ্জন সন্ধি
গ) বিসর্গ সন্ধি ঘ) নিপাতনে সিদ্ধ **উত্তর: ক**

৫৬. **পৌ + অক = ?** [সমন্বিত ৬টি ব্যাংক এর সিনিয়র অফিসার : ১৮]
ক) পবক খ) পৌবক
গ) পাবক ঘ) পাবন **উত্তর: গ**

৫৭. **'পরীক্ষা' সন্ধি বিচ্ছেদ কি হবে?** [NSI- এর কম্পিউটার অপারেটর : ২১]
ক) পরী + ঈক্ষা খ) পরি + ইক্ষা
গ) পরী + ইক্ষা ঘ) পরি + ঈক্ষা **উত্তর: ঘ**

৫৮. **'পুরাধ্যক্ষ' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [অগ্রণী ব্যাংক লি. অফিসার : ১০]
ক) পুর + আধ্যক্ষ খ) পুর + অধ্যক্ষ
গ) পুরা + অধ্যক্ষ ঘ) পুরা + আধ্যক্ষ **উত্তর: খ**

৫৯. **'প্রত্যুষ' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ক) প্রত্য + উষ খ) প্রত্য + ঊষ
গ) প্রতি + উষ ঘ) প্রতি + ঊষ **উত্তর: ঘ**

৬০. **অশুদ্ধ শব্দ কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (আলফা) : ১৪]
ক) প্রত্যুষ খ) বীণাপাণি
গ) মূঢ় ঘ) চরিত্র **উত্তর: ক**

৬১. **'প্রত্যুক্তি' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [ইবি (খ ইউনিট) : ০৯-১০]
ক) প্র + উক্তি খ) প্রতি + উক্তি
গ) প্রো + যুক্তি ঘ) প্রতঃ + উক্তি **উত্তর: খ**

৬২. **'প্রত্যেক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [NSI- এর ডেসপাচ রাইডার : ২১]
ক) প্র + এক খ) প্রতি + এক
গ) প্রত + এক ঘ) প্রতি + ক **উত্তর: খ**

৬৩. **'প্রত্যাবর্তন' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ক) প্রতি + বর্তন খ) প্রতি + আবর্তন
গ) প্রত্যা + বর্তন ঘ) প্রতিঃ + আবর্তন **উত্তর: খ**

৬৪. **'পর্যালোচনা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৩]
ক) পর্য + আলোচনা খ) পরি + আলোচনা
গ) পর্যা + লোচনা ঘ) পর্যা + আলোচনা **উত্তর: খ**

৬৫. **'পর্যায়' শব্দটির সন্ধি বিচ্ছেদ-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ক) পর + যায় খ) পর + আয়
গ) পরি + আয় ঘ) পরি + যায় **উত্তর: গ**

৬৬. **'পর্যবেক্ষণ' এর সন্ধি বিচ্ছেদ-** [ইবি (খ ইউনিট) : ১৫-১৬]
ক) পর + বেক্ষণ খ) পরি + বেক্ষণ
গ) পর + অবেক্ষণ ঘ) পরি + অবেক্ষণ **উত্তর: ঘ**

৬৭. **'পশু + অধম' এর সন্ধিসাধিত রূপ কোনটি?** [ঢাবি (ঘ ইউনিট) : ১৫-১৬]
ⓚ পশ্বধম ⓚ পশ্যাধম
ⓖ পশ্বাধম ⓖ পশুধম **উত্তর:** ক

৬৮. **'পিত্রালয়' শব্দের সন্ধি বিচ্ছেদ হচ্ছে-** [পানি উন্নয়ন বোর্ড অফিস সহায়ক : ১৫/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) : ১৩]
ⓚ পিতা + আলয় ⓚ পিতৃ + আলয়
ⓖ পিত্রা + লয় ⓖ পিত্রি + আলয় **উত্তর:** খ

৬৯. **'পিত্রাদেশ' শব্দের সন্ধি বিচ্ছেদ হলো-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৮-১৯]
ⓚ পিতঃ + আদেশ ⓚ পিতা + আদেশ
ⓖ পিত্র + আদেশ ⓖ পিতৃ + আদেশ **উত্তর:** ঘ

৭০. **'পর্যন্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার : ১৮]
ⓚ পর্য + ন্ত ⓚ পরি + অন্ত
ⓖ পর্য + অন্ত ⓖ প + যন্ত **উত্তর:** খ

৭১. **'ব্যর্থ' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২০-২১]
ⓚ বি + আর্থ ⓚ ব্য + অর্থ
ⓖ বি + অর্থ ⓖ ব্যা + অর্থ **উত্তর:** গ

৭২. **'বহ্ন্যুৎসব' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে পাই-** [ঢাবি (ঘ ইউনিট) : ১৬-১৭/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ভলগা) : ১৩]
ⓚ বহ্ন্য+ উৎসব ⓚ বহ্ন্যুৎ + সব
ⓖ বহ্ন্য + উৎসব ⓖ বহ্নি + উৎসব **উত্তর:** ঘ

৭৩. **'বিদ্যালয়' এর সন্ধি বিচ্ছেদ-** [NSI-এর ডেসপাচ রাইডার : ২১]
ⓚ বিদ্যা + আলয় ⓚ বিদ্য + আলয়
ⓖ বিদ্যা + লয় ⓖ বিদ + আলয় **উত্তর:** ক

৭৪. **কোনটি স্বরসন্ধির উদাহরণ?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ⓚ দিগন্ত ⓚ অহরহ
ⓖ বিদ্যালয় ⓖ দুঃশ্চিন্তা **উত্তর:** গ

৭৫. **'বারীশ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [NSI -এর ফিল্ড অফিসার : ২১]
ⓚ বারী + ঈশ ⓚ বারি + ঈশ
ⓖ বারী + ইশ ⓖ বারি + ইশ **উত্তর:** খ

৭৬. **'বনৌষধি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ-** [বশেমুরবিপ্রবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ⓚ বন + ওষধি ⓚ বন্ + ওষধি
ⓖ বন + ঔষধি ⓖ বনঃ + ওষধি **উত্তর:** ক

৭৭. **'ভূর্ধ্ব' এর সন্ধি বিচ্ছেদ কি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ⓚ ভূ + উর্ধ্ব ⓚ ভূ + ঊর্ধ্ব
ⓖ ভূ + র্ধ ⓖ ভূদ্ + উর্ব **উত্তর:** খ

৭৮. **'ভাবুক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন এর অফিস সহকারী : ২২]
ⓚ ভৌ + উক ⓚ ভো + উক
ⓖ ভাব + উক ⓖ ভৌ + অক **উত্তর:** ক

৭৯. **'মহৌষধি' শব্দের সঠিক সন্ধি কোনটি?** [চবি (জে ইউনিট) : ১৬-১৭]
ⓚ মহা + ঔষধি ⓚ মহ + ঔষধি
ⓖ মহাঃ + ঔষধি ⓖ মহা + ওষধি **উত্তর:** ঘ

৮০. **'মরূদ্যান' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ) : ০৩]
ⓚ মরু + দ্যান ⓚ মরু + উদ্যান
ⓖ মুরু + উদ্যান ⓖ মরূ + দ্যান **উত্তর:** খ

৮১. **'মাত্রাধিক্য' শব্দটির সন্ধি বিচ্ছেদ কী রকম?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ⓚ মাতৃ + আধিক্য ⓚ মাত্র + অধিক্য
ⓖ মাত্র + আধিক্য ⓖ মাত্রা + আধিক্য **উত্তর:** ঘ

৮২. **'মহর্ষি' শব্দের সঠিক সন্ধি কোনটি?** [PKSF সহকারী ব্যবস্থাপক : ১৯]
ⓚ মহ + আর্ষি ⓚ মহা + ঋষি
ⓖ মহা + অর্ষি ⓖ মহো + ঋষি **উত্তর:** খ

৮৩. **'মহৈশ্বর্য' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জবি (ক ইউনিট) : ১৪-১৫]
ⓚ মহা + ঐশ্বর্য ⓚ মহ + ঐশ্বর্য
ⓖ মহৈ + ঐশ্বর্য ⓖ মহো + ঐশ্বর্য **উত্তর:** ক

৮৪. **'মতৈক্য' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ⓚ মতঃ + এক ⓚ মতঃ + ঐক্য
ⓖ মত + এক ⓖ মত + ঐক্য **উত্তর:** ঘ

৮৫. **'মন্বন্তর' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
ⓚ মন + অন্তর ⓚ মনন + তর
ⓖ মনু + অন্তর ⓖ মন্বন + তর **উত্তর:** গ

৮৬. **'মাথায়' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ডাক বিভাগের অফিস সহায়ক (খুলনা অঞ্চল) : ২২]
ⓚ মাথা + আয় ⓚ মাথা + য়
ⓖ মাথা + অয় ⓖ মাথা + এ **উত্তর:** ঘ

৮৭. **'মস্যাধার' শব্দের সন্ধি বিচ্ছেদ কর-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ⓚ মস্যা + আধার ⓚ মসা + আধার
ⓖ মসী + আধার ⓖ মস্যি + আধার **উত্তর:** গ

৮৮. **'মিথ্যুক' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [সাধারণ বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
ⓚ মিথ্যা + ঔক ⓚ মিথ্যা + উক
ⓖ মিথ্যা + ঊক ⓖ মিথ্যা + ওক **উত্তর:** খ

৮৯. **'যদ্যপি' শব্দটির সন্ধি বিচ্ছেদ-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১০]
ⓚ যদ + পি ⓚ যদি + অপি
ⓖ যদ + অপি ⓖ যদ্য + অপি **উত্তর:** খ

৯০. **'যাচ্ছেতাই' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০]
ⓚ যাহা + ইচ্ছা + তাহা ⓚ যাচ্ছে + তাই
ⓖ যা + ইচ্ছা + তাই ⓖ কোনোটাই নয় **উত্তর:** গ

৯১. 'রত্নাকর' শব্দটির সন্ধি বিচ্ছেদ- [১০ম বিসিএস]
ⓚ রত্ন + কর ⓚ রত্ন + কর
ⓖ রত্না + আকর ⓖ রত্ন + আকর **উত্তর:** ঘ

৯২. 'রূপালি' এর সন্ধি বিচ্ছেদ- [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মচারী নিয়োগ : ১৩]
ⓚ রূপা + আলি ⓚ রূপ + আলি
ⓖ রূপা + লি ⓖ রূপ + লি **উত্তর:** ক

৯৩. 'রবীন্দ্র' এর সন্ধি বিচ্ছেদ কি? [৩৬তম বিসিএস]
ⓚ রবী + ন্দ্র ⓚ রবি + ঈন্দ্র
ⓖ রবি + ইন্দ্র ⓖ রব + ইন্দ্র **উত্তর:** গ

৯৪. কোনটি 'লবণ' এর সন্ধি বিচ্ছেদ? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ লো + অন ⓚ ল + অন
ⓖ লে + অন ⓖ ল + বন **উত্তর:** ক

৯৫. 'শীতার্ত'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ⓚ শী + তার্ত ⓚ শীত + আর্ত
ⓖ শীত + আরত ⓖ শীত + ঋত **উত্তর:** ঘ

৯৬. 'শশাঙ্ক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [তেল, গ্যাস ও মিনারেল কর্পোরেশন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (অ্যাডমিন) : ১১]
ⓚ শশ + অঙ্ক ⓚ শস + অঙ্ক
ⓖ শশা + অঙ্ক ⓖ শম + অঙ্ক **উত্তর:** ক

৯৭. নিচের কোন বানানটি শুদ্ধ? [বিবিএস এর জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার : ১৪]
ⓚ শসাংক ⓚ শসাঙ্ক
ⓖ শশাঙ্ক ⓖ শষাঙ্ক **উত্তর:** গ

৯৮. 'শতেক' শব্দটি কোন ধরনের সন্ধি? [রাবি : ০৯-১০]
ⓚ বিসর্গ সন্ধি ⓚ ব্যঞ্জন সন্ধি
ⓖ স্বরসন্ধি ⓖ খাঁটি বাংলা স্বরসন্ধি **উত্তর:** ঘ

৯৯. 'শুভেচ্ছা'র সন্ধি বিচ্ছেদ- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২]
ⓚ শু + বেচ্ছা ⓚ শুভ + ইচ্ছা
ⓖ শুভ + চ্ছা ⓖ শু + ইচ্ছা **উত্তর:** খ

১০০. নিচের কোনটি স্বরসন্ধির উদাহরণ? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ৯২]
ⓚ শিক্ষালয় ⓚ অহরহ
ⓖ দিগন্ত ⓖ ইত্যাদি **উত্তর:** ক

১০১. 'সতীশ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি? [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৫]
ⓚ সতি + ইশ ⓚ সতীশ + অ
ⓖ সতি + ঈশ ⓖ সতী + ঈশ **উত্তর:** ঘ

১০২. 'অ' আর 'উ' মিলে কোনটি হয়েছে? [জাবি (H ইউনিট) : ১৮-১৯]
ⓚ সূর্যোদয় ⓚ নবোঢ়া
ⓖ যথোচিত ⓖ গঙ্গোর্মি **উত্তর:** ক

১০৩. সন্ধি বিচ্ছেদ করুন : 'সূর্যোদয়' [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ⓚ সূর্য + দয় ⓚ সূর্য + উদয়
ⓖ সূর্যো + দয় ⓖ সূর্যো + উদয় **উত্তর:** খ

১০৪. 'সুধীন্দ্র' এর সন্ধি বিচ্ছেদ কি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে উপ-পরিদর্শক : ১৮]
ⓚ সুধি + ইন্দ্র ⓚ সুধী + ইন্দ্র
ⓖ সুধী + ঈন্দ্র ⓖ সুধ + ইন্দ্র **উত্তর:** খ

১০৫. 'সতীন্দ্র' শব্দের সঠিত সন্ধি বিচ্ছেদ কোনটি হবে? [জাবি (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ সতি + ঈন্দ্র ⓚ সতী + ইন্দ্র
ⓖ সতী + ঈন্দ্র ⓖ সতী + ন্দ্র **উত্তর:** খ

১০৬. 'স্বেচ্ছা' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ⓚ সে + চ্ছা ⓚ স্ব + ঈচ্ছা
ⓖ স্ব + ইচ্ছা ⓖ স্বে + চ্ছা **উত্তর:** গ

১০৭. 'স্বাগত' এর সন্ধি বিচ্ছেদ কী? [টিটিসি'র ইন্সট্রাক্টর : ২২]
ⓚ সু + আগত ⓚ স্বা + গত
ⓖ সু + গত ⓖ সা + আগত **উত্তর:** ক

১০৮. 'স্বায়ত্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ২১]
ⓚ স্বা + আয়ত্ব ⓚ স্বা + অয়ত্ব
ⓖ স্বা + আয়ত্ত ⓖ স্ব + আয়ত্ত **উত্তর:** ঘ

১০৯. 'স্বাধীন' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি? [বাংলাদেশ বিনিয়োগ কর্পোরেশন এর কোষাধ্যক্ষ : ১৮]
ⓚ স + অধিন ⓚ শ + অধিন
ⓖ স্ব + অধিন ⓖ স্ব + অধীন **উত্তর:** ঘ

১১০. 'স্বাধীনতা' এর সন্ধি বিচ্ছেদ- [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ⓚ সু + অধীনতা ⓚ স + অধীনতা
ⓖ শ + অধীনতা ⓖ স্ব + অধীনতা **উত্তর:** ঘ

১১১. 'হিতৈষী' শব্দের সন্ধি বিচ্ছেদ? [জাবি (গ ইউনিট) : ০৮-০৯]
ⓚ হিতৈঃ + ষী ⓚ হিতৈঃ + ঐষী
ⓖ হিত + এষী ⓖ হিত + ঐষী **উত্তর:** গ

১১২. কোনটি স্বরসন্ধির উদাহরণ? [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫]
ⓚ হিমালয় ⓚ অহরহ
ⓖ সংসার ⓖ বনস্পতি **উত্তর:** ক

১১৩. 'হিমাচল' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ হিমা + আচল ⓚ হিম + আচল
ⓖ হিম + আঁচল ⓖ হিম + অচল **উত্তর:** ঘ

১১৪. নিচের কোন সন্ধি বিচ্ছেদটি সঠিক নয়? [রাবি : ০৫-০৬]
ⓚ মহা + ঋষি = মহর্ষি ⓚ শীত + ঋত = শীতার্ত
ⓖ যথা + এষ্ট = যথেষ্ট ⓖ যথা + উচিত = যথোচিত **উত্তর:** গ
ব্যাখ্যা: সঠিক সন্ধি বিচ্ছেদ- যথা + ইষ্ট = যথেষ্ট।

১১৫. নিচের কোন স্বরসন্ধি অশুদ্ধ? [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৪-১৫]
ⓚ পূর্ণ + ইন্দু = পূর্ণেন্দু
ⓚ প্রতি + আগমন = প্রত্যাগমন
ⓖ অনু + এষণ = অন্বেষণ
ⓖ তথা + এব = তথৈব **উত্তর:**
ব্যাখ্যা: সবগুলো সন্ধিই শুদ্ধ।

ব্যঞ্জন সন্ধি

ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি

নিয়ম : ক/ চ/ ট/ ত/ প + স্বরধ্বনি = যথাক্রমে গ/ জ/ ড,/ (ড়) দ/ ব + স্বরধ্বনি।

অসদাচারণ = অসৎ + আচরণ	বাগাড়ম্বর = বাক্ + আড়ম্বর
জগদীশ = জগৎ + ঈশ	মৃদঙ্গ = মৃৎ + অঙ্গ
ণিজন্ত = ণিচ্ + অন্ত	ষড়ানন = ষট্ + আনন
তদবধি = তৎ + অবধি	ষড়ঋতু = ষট্ + ঋতু
সদানন্দ = সৎ + আনন্দ	সদুপায় = সৎ + উপায়
দিগন্ত = দিক্ + অন্ত	সদাশয় = সৎ + আশয়
দিগ্‌ভ্রান্ত = দিক্ + ভ্রান্ত	সুবন্ত = সুপ্ + অন্ত

স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি

নিয়ম : স্বরধ্বনি + ছ = চ্ছ

অনুচ্ছেদ = অনু + ছেদ	প্রচ্ছদ = প্র + ছদ
একচ্ছত্র = এক + ছত্র	বিচ্ছেদ = বি + ছেদ
কথাচ্ছলে = কথা + ছলে	বিচ্ছিন্ন = বি + ছিন্ন
পরিচ্ছদ = পরি + ছদ	বৃক্ষচ্ছায়া = বৃক্ষ + ছায়া
পরিচ্ছেদ = পরি + ছেদ	মুখচ্ছবি = মুখ + ছবি
প্রতিচ্ছবি = প্রতি + ছবি	

ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি

নিয়ম : ত্ ও দ্ -এর পর চ্ ও ছ্ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ হয়।

উচ্ছেদ = উৎ + ছেদ	বিপচ্ছায়া = বিপদ + ছায়া
উচ্ছল = উৎ + ছল	শরচ্চন্দ্র = শরৎ + চন্দ্র
চলচ্চিত্র = চলৎ + চিত্র	সচ্চিন্তা = সৎ + চিন্তা
দুচ্চার = দুৎ + চার	সচ্চরিত্র = সৎ + চরিত্র
বিপচ্চয় = বিপদ + চয়	

নিয়ম : ত্ ও দ্ -এর পর জ্ ও ঝ্ থাকলে ত্ ও দ্ -এর স্থলে জ্ হয়।

উজ্জ্বল = উৎ + জ্বল	বিপজ্জনক = বিপদ্ + জনক
কুজ্ঝটিকা = কুৎ + ঝটিকা	বিপজ্জাল = বিপদ + জাল
তজ্জন্য = তৎ + জন্য	বিদ্বজ্জন = বিদ্বৎ + জন
বজ্জাত = বদ্ + জাত	যাবজ্জীবন = যাবৎ + জীবন
জগজ্জীবন = জগৎ + জীবন	

নিয়ম : ত্ ও দ্ -এর পর ড্ থাকলে ত্ ও দ্ -এর স্থলে ড হয়।

উড্ডীন = উৎ + ডীন	বৃহড্ঢক্কা = বৃহৎ + ঢক্কা
উড্ডীয়মান = উৎ + ডীয়মান	

নিয়ম : ত্ ও দ্ -এর পর ল্ থাকলে ত্ ও দ্ -এর স্থলে ল উচ্চারিত হয়।

উল্লাস = উৎ + লাস	উল্লেখ = উৎ + লেখ
উল্লিখিত = উৎ + লিখিত	উল্লঙ্ঘন = উৎ + লঙ্ঘন

নিয়ম : ত্ ও দ্ -এর পর শ্ থাকলে ত্ ও দ্ -এর স্থলে চ্ এবং শ্-এর স্থলে ছ উচ্চারিত হয়।

উচ্ছ্বাস = উৎ + শ্বাস	উচ্ছৃঙ্খল = উৎ + শৃঙ্খল
উচ্ছিষ্ট = উদ্ + শিষ্ট	

নিয়ম : ত্ ও দ্ -এর পর হ্ থাকলে ত্ ও দ্ -এর স্থলে দ এবং হ্ এর স্থলে ধ্ হয়।

উদ্ধার = উৎ + হার	তদ্ধিত = তদ্ + হিত
উদ্ধৃত = উৎ + হৃত	পদ্ধতি = পদ্ + হতি

নিয়ম : বর্গের প্রথম ধ্বনি + বর্গের ৩য় / ৪র্থ ধ্বনি /য/র/ল/ব/হ = বর্গের প্রথম ধ্বনিটি তৃতীয় ধ্বনিতে পরিণত হয়।

উদ্‌ঘাটন = উৎ + ঘাটন	তদ্রূপ = তৎ + রূপ
উদ্যোগ = উৎ + যোগ	তদ্ভব = তৎ + ভব
উদ্ভব = উৎ + ভব	বাগদান = বাক্ + দান
এদ্দূর = এত + দূর	ভবিষ্যদ্বাণী = ভবিষ্যৎ + বাণী
কদ্দিন = কত্ + দিন	ষড়যন্ত্র = ষট্ + যন্ত্র

নিয়ম : ঙ, ঞ, ণ, ন, ম পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ স্পর্শধ্বনি সেই বর্গীয় ঘোষ স্পর্শধ্বনি কিংবা নাসিক্যধ্বনি হয়।

উন্নত = উৎ + নত	তন্ময় = তৎ + ময়
উন্নয়ন = উৎ + নয়ন	দিগ্‌নির্ণয়/ দিঙ্ নির্ণয় = দিক্ + নির্ণয়
উন্মনা = উৎ + মনা	বাঙ্ময় = বাক্ + ময়
জগন্নাথ = জগৎ + নাথ	মৃন্ময় = মৃৎ + ময়
তদ্‌মধ্যে/ তন্মধ্যে = তৎ + মধ্যে	

নিয়ম: ম্ + বর্গীয় ধ্বনি = ম্ ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়।

শঙ্কা = শম্ + কা	কিন্নর = কিম্ + নর
সঞ্চয় = সম্ + চয়	সন্ধান = সম্ + ধান
সন্তাপ = সম্ + তাপ	সম্মান = সম্ + মান
সন্ধি = সম্ + ধি	সঙ্গীত = সম্ + গীত
শান্ত = শাম্ + ত	সন্নিহিত = সম্ + নিহিত

কিন্তু আধুনিক বাংলায় ম্-এর পর কণ্ঠ্য-বর্গীয় ধ্বনি থাকলে ম্ স্থানে প্রায়ই ঙ না হয়ে অনুস্বার (ং) হয়।

অহংকার = অহম্ + কার	সংখ্যা = সম্ + খ্যা
অলংকার = অলম্ + কার	সংগত = সম্ + গত

নিয়ম : ম্-এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ, স, হ থাকলে, ম্ স্থলে অনুস্বার (ং) হয়।	
কিংবা = কিম্ + বা	সংশয় = সম্ + শয়
কিংবদন্তি = কিম্ + বদন্তি	সংবাদ = সম্ + বাদ
প্রিয়ংবদা = প্রিয়ম্ + বদা	সংযম = সম্ + যম
সংলাপ = সম্ + লাপ	সংযোজন = সম্ + যোজন
সংবিধান = সম্ + বিধান	সংরক্ষণ = সম্ + রক্ষণ
সর্বংসহা = সর্বম্ + সহা	সংহার = সম্ + হার
সংশপ্তক = সম্ + শপ্তক	সংবর্ধনা = সম্ + বর্ধনা
সংসার = সম্ + সার	
নিয়ম : চ্ ও জ্-এর পর নাসিক্য ধ্বনি তালব্য হয়।	
যজ্ঞ = যজ্ + ন	রাজ্ঞী = রাজ্ + নী
যাচ্ঞা = যাচ্ + না	
নিয়ম : দ্ ও ধ্ এর পরে ক, চ, ট, ত, প, খ, ছ, ঠ, থ, ফ থাকলে দ্ ও ধ্ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়।	
ক্ষুৎপিপাসা = ক্ষুধ্ + পিপাসা	তৎকাল = তদ্ + কাল
নিয়ম : দ্ কিংবা ধ্ - এর পরে স্ থাকলে দ্ ও ধ্ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়।	
তৎসম = তদ্ + সম	বিপৎসংকুল = বিপদ + সংকুল
নিয়ম : ধ্ + ত = দ্ধ, ভ্ + ত = ব্ধ, হ্ + ত = গ্ধ	
বুদ্ধ = বুধ্ + ত	লব্ধ = লভ্ + ত
বিমুগ্ধ = বিমুহ্ + ত	দুগ্ধ = দুহ্ + ত
নিয়ম : ষ্ -এর পর ত্ বা থ্ থাকলে, যথাক্রমে ত্ ও থ্ স্থানে ট ও ঠ হয়।	
আকৃষ্ট = আকৃষ্ + ত	বৃষ্টি = বৃষ্ + তি
কৃষ্টি = কৃষ্ + তি	ষষ্ঠ = ষষ্ + থ
তুষ্ট = তুষ্ + ত	
নিয়ম : স্বরধ্বনির পরে ব্যঞ্জনধ্বনি এলে স্বরধ্বনিটি লুপ্ত হয়।	
কাঁচকলা = কাঁচা + কলা	ঘোড়গাড়ি = ঘোড়া + গাড়ি
ঘোড়দৌড় = ঘোড়া + দৌড়	নাতবৌ = নাতি + বৌ
বিশেষ নিয়মে সাধিত	
উত্থান = উৎ + স্থান	সংস্কার = সম্ + কার
উত্থাপন = উৎ + স্থাপন	সংস্কৃত = সম্ + কৃত
পরিষ্কার = পরি + কার	সংস্কৃতি = সম্ + কৃতি
পরিষ্কৃত = পরি + কৃত	
বিবিধ	
দংশন = দন্ + শন	ক্ষুন্নিবৃত্তি = ক্ষুধ্ + নিবৃত্তি
চার্বাক = চারু + বাক্	গণ্য = গণ্ + য

MCQ Solution

১. **'অনুচ্ছেদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর প্রকিউরমেন্ট অফিসার : ২১]
ⓚ অনু + ছেদ ⓚ অনু + চ্ছেদ
ⓖ অণু + ছেদ ⓖ অণু + চ্ছেদ **উত্তর:** ক

২. **'অলংকার' শব্দের সঠিক সন্ধিজাত বিশ্লেষণ কোনটি?** [চবি (ঘ) ইউনিট) : ১৬-১৭]
ⓚ অলম্ + কার ⓚ অলং + কার
ⓖ অ + লঙ্কার ⓖ অলঙ্ক + কার **উত্তর:** ক

৩. **কোন বানানটি সঠিক?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ⓚ অসদাচারণ ⓚ অসাদাচারণ
ⓖ অসদাচরণ ⓖ অসাদাচরন **উত্তর:** গ

৪. **'অহংকার' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [জবি (ক ইউনিট) : ০৯-১০]
ⓚ আহঃ +কার ⓚ অহং + কার
ⓖ অহম্ + কার ⓖ আহ + কার **উত্তর:** গ

৫. **'আকৃষ্ট' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (H ইউনিট) : ১৯-২০]
ⓚ আকৃষ্ + ত ⓚ আকৃষ্ + ট
ⓖ আক্ + ইষ্ট ⓖ আকঃ + ইষ্ট **উত্তর:** ক

৬. **কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?** [সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৮]
ⓚ উৎ + শাস = উচ্ছ্বাস ⓚ উৎ+ ডীন = উড্ডীন
ⓖ বৃহৎ + ঢক্কা = হড়ঢক্কা ⓖ বৃলভ্ + ধ = লব্ধ **উত্তর:** খ

৭. **'উড্ডীয়মান'- এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট) : ২০-২১]
ⓚ উৎ + ডীয়মান ⓚ উড + ডীয়মান
ⓖ উড্ডী + আমান ⓖ উড্ডীয় + মান **উত্তর:** ক

৮. **'উচ্ছেদ'- শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জাবি (বিবিএ) : ১০-১১]
ⓚ উছ + ছেদ ⓚ উৎ + ছেদ
ⓖ উদ + ছেদ ⓖ উত + ছেদ **উত্তর:** খ

৯. **নিচের কোনটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ?** [ইবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ ভবন ⓚ উচ্ছেদ
ⓖ অতএব ⓖ দুস্তর **উত্তর:** খ

১০. **'উল্লাস' এর সন্ধি বিচ্ছেদ-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ইছামতি) : ১০]
ⓚ উৎ + লাস ⓚ উদ + লাস
ⓖ উল + লাস ⓖ উঃ + লাস **উত্তর:** ক

১১. **উৎ + শ্বাস - এটি কোন সন্ধি?** [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ⓚ জটিল সন্ধি ⓚ স্বরসন্ধি
ⓖ ব্যঞ্জন সন্ধি ⓖ নিপাতনে সিদ্ধ **উত্তর:** গ

১২. **'উজ্জ্বল' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?** [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১৯]
ⓚ উজ + জ্বল ⓚ উদ + জ্বল
ⓖ উদ্ব + জল ⓖ উৎ + জ্বল **উত্তর:** ঘ

১৩. **'উচ্ছিষ্ট' শব্দের সন্ধি সাধিত রূপ কোনটি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৮-১৯]
ⓚ উদ্ + শিষ্ট ⓚ উদগ + ছিষ্ট
ⓖ উদ্ + ষ্ট ⓘ উদ্ + ইষ্ট **উত্তর:** ক

১৪. **'উচ্ছ্বাস' শব্দটিতে কোন দুটি ব্যঞ্জনধ্বনির সন্ধি হয়েছে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ⓚ ত, ব ⓚ চ, ছ
ⓖ চ, শ ⓘ ত, শ **উত্তর:** ঘ

১৫. **'উচ্ছ্বাস' শব্দের সন্ধি বিচ্ছেদ হচ্ছে-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শিউলী) : ০৯]
ⓚ উত + চ্ছাস ⓚ উৎ + ছাস
ⓖ উৎ + শ্বাস ⓘ উৎ + চ্ছাস **উত্তর:** গ

১৬. **'উচ্ছল' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৯-২০]
ⓚ উৎ + শল ⓚ উৎ + ছল
ⓖ উৎ + চল ⓘ উচ + ছল **উত্তর:** খ

১৭. **'উচ্ছৃঙ্খল' শব্দটির সন্ধি বিচ্ছেদ-** [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ⓚ উৎ + শৃঙ্খল ⓚ উচ + শৃঙ্খল
ⓖ উচ্চ + খল ⓘ উৎ + সৃঙ্খল **উত্তর:** ক

১৮. **'উত্থাপন' শব্দটির সন্ধি বিচ্ছেদ-** [ঢাবি (খ ইউনিট) : ১০-১১]
ⓚ উৎ + থাপন ⓚ উৎ + স্থাপন
ⓖ উঃ + স্থাপন ⓘ উঃ + থাপন **উত্তর:** খ

১৯. **'উদ্ধৃত' এর সন্ধি বিচ্ছেদ-** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ১৬]
ⓚ উৎ + হৃত ⓚ উৎ + হত
ⓖ উদ + হৃত ⓘ উৎ + ঋত **উত্তর:** ক

২০. **'উদ্ধার' শব্দটির সন্ধি বিচ্ছেদ হবে-** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ মেডিকেল অফিসার : ২১]
ⓚ উঃ + ধার ⓚ উৎ + দার
ⓖ উৎ + ধার ⓘ উৎ + হার **উত্তর:** ঘ

২১. **'উদ্যোগ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর স্টোরম্যান : ২১]
ⓚ উদ + যোগ ⓚ উৎ + যোগ
ⓖ উদ্যো + গ ⓘ উত + যোগ **উত্তর:** খ

২২. **'উন্নত' শব্দের সন্ধি বিচ্ছেদ হচ্ছে -** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (হোয়াংহো) : ১৩]
ⓚ উৎ + নীত ⓚ উৎ + নত
ⓖ উন্নী + ত ⓘ উন + নত **উত্তর:** খ

২৩. **'উন্নয়ন' এর সন্ধি বিচ্ছেদ-** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর প্রকিউরমেন্ট অফিসার : ২১]
ⓚ উৎ + নয়ন ⓚ উন্ন + য়ন
ⓖ উৎ + য়ন ⓘ উৎ + অন **উত্তর:** ক

২৪. **উৎ + লিখিত-এর সন্ধিটি হবে?** [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী : ১৮]
ⓚ উল্লেখিত ⓚ উল্লিখিত
ⓖ উৎলিখিত ⓘ উল্লেখ্য **উত্তর:** খ

২৫. **'উল্লেখ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর প্রকিউরমেন্ট অফিসার : ২১]
ⓚ উৎ + লেখ ⓚ উদ্ + লেখ
ⓖ উল + লেখ ⓘ উল্ল + লেখ **উত্তর:** ক

২৬. **কোনটি 'এদ্দূর' এর সন্ধি বিচ্ছেদ?** [ইবি (গ ইউনিট) : ০৯-১০]
ⓚ এ + দ্দূর ⓚ এত + দূর
ⓖ এৎ + দূর ⓘ এ + দূর **উত্তর:** খ

২৭. **'কদ্দিন' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৯-২০]
ⓚ কদঃ + দিন ⓚ কদ্ + দিন
ⓖ কত্ + দিন ⓘ কতো + দিন **উত্তর:** গ

২৮. **সন্ধি বিচ্ছেদ করুন- 'কথাচ্ছলে'** [অপরাধ তদন্ত বিভাগ এর অফিস সহায়ক : ২১]
ⓚ কথা + ছলে ⓚ কথা + চ্ছল
ⓖ কথা + চ্ছলে ⓘ কোনোটিই নয় **উত্তর:** ক

২৯. **'কিংবদন্তি' শব্দের সন্ধি বিচ্ছেদ হল-** [কুবি (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ কিম্ + দন্তী ⓚ কিম্ + বদন্তি
ⓖ কিং + দন্তী ⓘ কিং + বদন্তী **উত্তর:** খ

৩০. **'কিন্নর' এর সন্ধি বিচ্ছেদ হলো-** [জাবি (ক ইউনিট) : ১০-১১]
ⓚ কিম + নর ⓚ কিম + ণর
ⓖ কিম্ + নর ⓘ কিম্ + ণর **উত্তর:** গ

৩১. **কুজ্ঝটিকা-এর সন্ধি বিচ্ছেদ-** [মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাঠ সহকারী : ১৯]
ⓚ কুত + ঝটিকা ⓚ কুদ + ঝটিকা
ⓖ কুৎ + ঝটিকা ⓘ কুজ + ঝটিকা **উত্তর:** গ

৩২. **কোন বানানটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৬]
ⓚ কুজ্ঝটিকা ⓚ কুজ্জটিকা
ⓖ কুজ্জ্ঝটিকা ⓘ কুজ্ঝটীকা **উত্তর:** ক

৩৩. **'কৃষ্টি' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ কৃস + তি ⓚ কৃষ + টি
ⓖ কৃষ্ + তি ⓘ কৃষঃ + তি **উত্তর:** গ

৩৪. **'ক্ষুন্নিবৃত্তি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [সোনালী ব্যাংক লি. অফিসার/ অফিসার (ক্যাশ) : ১৪]
ⓚ ক্ষুধা + নিবৃত্তি ⓚ ক্ষুণ + নিবৃত্তি
ⓖ ক্ষুন্নি + বৃত্তি ⓘ ক্ষুধ্ + নিবৃত্তি **উত্তর:** ঘ

৩৫. **'ক্ষুৎপিপাসা' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (NSI)-এর সহকারী পরিচালক : ২১]
ⓚ ক্ষুধা + পিপাসা ⓚ ক্ষুত্ + পিপাসা
ⓖ ক্ষুদ্ + পিপাসা ⓘ ক্ষুধ্ + পিপাসা **উত্তর:** ঘ

৩৬. **'চলচ্চিত্র'এর সন্ধি বিচ্ছেদ-** [ঔষধ প্রশাসন অধিদপ্তর অফিস সহায়ক : ২২]
ⓚ চল + চিত্র ⓚ চলত + চিত্র
ⓖ চলৎ + চিত্র ⓘ চল + চীত্র **উত্তর:** গ

৩৭. **'চার্বাক'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ চার + বাক ⓚ চর + বাক
ⓖ চর্ব + বাক ⓘ চারু + বাক্ **উত্তর:** ঘ

৩৮. সন্ধি বিচ্ছেদ কোনটি ঠিক? জগদীশ- [জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী পরিচালক : ০৬]
ক) জগ + দীশ খ) জগ + ঈশ
গ) জগৎ + দীশ ঘ) জগৎ + ঈশ **উত্তর:** ঘ

৩৯. 'জাগমোহন' এর সন্ধি বিচ্ছেদ- [কর্মসংস্থান ব্যাংক লি. ডাটা এন্ট্রি অপারেটর : ১৮]
ক) জাদ + মোহন খ) জগৎ + মোহন
গ) জাগ + মোহন ঘ) জগম + অহন **উত্তর:** খ

৪০. 'জগন্নাথ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [জবি (ঘ ইউনিট) : ১১-১২]
ক) জগৎ + নাথ খ) জগম + নাথ
গ) জগন + নাথ ঘ) জগদ + নাথ **উত্তর:** ক

৪১. 'ণিজন্ত'- এর সন্ধি বিচ্ছেদ হবে- [ঢাবি (গ ইউনিট) : ৯৩-৯৪]
ক) ণিজ + অন্ত ক) ণিচ্ + অন্ত
গ) ণিঃ + অন্ত ঘ) ণিথ + অন্ত **উত্তর:** খ

৪২. 'তন্ময়'-এর সন্ধি বিচ্ছেদ কী? [বেবিচক এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক) তৎ + ময় খ) তন + ময়
গ) তম + ময় ঘ) তন + মৃয় **উত্তর:** ক

৪৩. সন্ধি বিচ্ছেদ করুন: 'তদবধি'। [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৩]
ক) তদ + বধি খ) তদ + অবধি
গ) তদো + বধি ঘ) তৎ + অবধি **উত্তর:** ঘ

৪৪. সন্ধি বিচ্ছেদ কোনটি ঠিক? তদ্ধিত = [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ক) তত + হিত খ) তৎ + ধিত
গ) তৎ + হৃত ঘ) তদ্ + হিত **উত্তর:** ঘ

৪৫. 'তুষ্ট' শব্দটির সন্ধি বিচ্ছেদ- [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ক) তুষ + ট খ) তুষ্ + ত
গ) তুষ্ + থ ঘ) কোনোটিই নয় **উত্তর:** খ

৪৬. কোনটি সংস্কৃত ব্যঞ্জন সন্ধির উদাহরণ? [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ক) শুভ + ইচ্ছা খ) দিক্ + অন্ত
গ) বদ্ + জাত ঘ) শাক্ + ভাত **উত্তর:** খ

৪৭. 'দিগন্ত' - এর সন্ধি বিশ্লেষণ- [অপরাধ তদন্ত বিভাগ এর অফিস সহায়ক : ২১]
ক) দিক্ + অন্ত খ) দিগ্ + অন্ত
গ) দি + অন্ত ঘ) দিখ্ + অন্ত **উত্তর:** ক

৪৮. 'দুচ্চার' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ক) দুচ + ছার খ) দুৎ + চার
গ) দুই + চার ঘ) দুঃ + চার **উত্তর:** খ

৪৯. 'দংশন'-এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শাপলা) : ০৯]
ক) দম্ + শন খ) দম + সন
গ) দম + ষন ঘ) দণ্ড + শন **উত্তর:**
ব্যাখ্যা: দন্ + শন = দংশন। [সূত্র: সপ্তম শ্রেণির বাংলা ব্যাকরণ]

৫০. 'পরিচ্ছেদ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি? [পায়রা বন্দর কর্তৃপক্ষ বিভিন্ন পদ : ১৯]
ক) পরিঃ + চ্ছেদ খ) পরি + চ্ছেদ
গ) পরি + ছদ ঘ) পরি + শেদ **উত্তর:** গ

৫১. 'পরিচ্ছেদ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ২১]
ক) পরিঃ + ছেদ খ) পরিঃ + চ্ছেদ
গ) পরি + ছেদ ঘ) পরি + শেদ **উত্তর:** গ

৫২. 'পদ্ধতি' শব্দের সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়- [অপরাধ তদন্ত বিভাগ এর অফিস সহায়ক : ২১]
ক) পদ + ধতি খ) পৎ + ধতি
গ) পথ + ধতি ঘ) পদ্ + হতি **উত্তর:** ঘ

৫৩. 'প্রিয়ংবদা' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি? [রাবি (ক ৩ ইউনিট) : ১২-১৩]
ক) প্রিয়ম্ + বদা খ) প্রিয়ং + বদা
গ) পিয়ম + বদা ঘ) প্রিয়ৎ + বদা **উত্তর:** ক

৫৪. 'বিদ্বজ্জন' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? [পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী : ২১]
ক) বিদ্য + জ্জন খ) বিদ্বৎ + জন
গ) বিদ্ব + জন ঘ) বিদ্বৎ + জ্জন **উত্তর:** খ

৫৫. 'বজ্জাত' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ করুন : [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ক) বৎ + জাত খ) বদ্ + জাত
গ) বজ + জাত ঘ) ব + জাত **উত্তর:** খ

৫৬. 'জগজ্জীবন' শব্দটি সন্ধির কোন নিয়ম অনুসরণে করা হয়েছে? [জনতা ও রূপালি ব্যাংক লি. নির্বাহী কর্মকর্তা : ১৯]
ক) ত + ঝ = জ্জ খ) দ + জ = জ্জ
গ) দ + ঝ = জ্জ ঘ) ত + জ = জ্জ **উত্তর:** ঘ

৫৭. 'বাগাড়ম্বর' শব্দের সন্ধি বিচ্ছেদ- [৩০তম বিসিএস]
ক) বাগ + আম্বর খ) বাগ + আড়ম্বর
গ) বাক + অম্বর ঘ) বাক্ + আড়ম্বর **উত্তর:** ঘ

৫৮. 'বাগদান' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ করুন- [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ক) বাক্ + দান খ) বাগ + দান
গ) বাঃ + দান ঘ) কোনোটিই নয় **উত্তর:** ক

৫৯. 'বিচ্ছেদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) : ২০]
ক) বিঃ + ছেদ খ) বি + ছেদ
গ) বিৎ + ছেদ ঘ) বিচ্ + ছেদ **উত্তর:** খ

৬০. 'বিচ্ছিন্ন' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক) বিচ + ছিন্ন খ) বি + ছিন্ন
গ) বিৎ + চ্ছিন্ন ঘ) বিৎ + ছিন্ন **উত্তর:** খ

৬১. **'বিমুগ্ধ' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ক) উপসর্গযোগে খ) সন্ধিযোগে
গ) প্রত্যয়যোগে ঘ) সমাসযোগে **উত্তর: খ**

৬২. **'বিমুগ্ধ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জাবি (ক ইউনিট) : ১৮-১৯]
ক) বিমুহ্ + ত = বিমুগ্ধ খ) বিমুগ্ + ধ = বিমুগ্ধ
গ) বিমুখ + ধ = বিঁমুগ্ধ ঘ) বিমুঃ + ধ = বিমুগ্ধ **উত্তর: ক**

৬৩. **'বৃষ্টি' এর সন্ধি বিচ্ছেদ কি হবে?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. নির্বাহী অফিসার (সাধারণ) : ১৯]
ক) বৃষ + টি খ) বৃশ + টি
গ) বৃ + টি ঘ) বৃষ্ + তি **উত্তর: ঘ**

৬৪. **কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?** [সমন্বিত তিন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে নিয়োগ : ১৮]
ক) উৎ + শাস = উচ্ছ্বাস খ) বৃহৎ + ঢক্কা = বৃহড্ঢক্কা
গ) উৎ + ডীণ = উড্ডীণ ঘ) লভ্ + ধ = লব্ধ **উত্তর: খ**

৬৫. **কোনটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ক) মহা + অর্ঘ খ) ততঃ + অধিক
গ) কোথা + থেকে ঘ) বিপদ্ + জনক **উত্তর: ঘ**

৬৬. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০]
ক) ভবিষ্যৎবাণী খ) ভবিষ্যদ্বাণী
গ) ভবিষ্যৎবানী ঘ) ভবিষ্যতবাণী **উত্তর: খ**

৬৭. **'মুখচ্ছবি' সন্ধির কোন নিয়মে পড়ে?** [রাবি : ০৯-১০]
ক) ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি
খ) ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি
গ) স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি
ঘ) ব্যঞ্জনধ্বনি + বিসর্গধ্বনি **উত্তর: গ**

৬৮. **'মৃদঙ্গ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?** [রাবি (ক ইউনিট) : ১৬-১৭]
ক) মৃৎ + অঙ্গ খ) মৃদং + গ
গ) মৃদ + অশ ঘ) মৃদঙ + অঙ্গ **উত্তর: ক**

৬৯. **'মৃন্ময়' শব্দের সন্ধি বিচ্ছেদ কর-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক) মৃণ + ময় খ) মৃৎ + ময়
গ) মৃত + ময় ঘ) মৃ + ময় **উত্তর: খ**

৭০. **'যজ্ঞ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ?** [রাবি (এ-ইউনিট) : ২০-২১]
ক) যজ + ঞ খ) যজ্ + ন
গ) যজ্ + জ ঘ) যজ + গ **উত্তর: খ**

৭১. **'রাজ্ঞী' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ২১]
ক) রাজ্ + নী খ) রাগ্ + নী
গ) রাজ্ + জ্ঞী ঘ) রাগ্ + জ্ঞী **উত্তর: ক**

৭২. **'শান্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [ঢাকা বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ক) শান + ত খ) শাঃ + ত
গ) শাম + তহ ঘ) শাম্ + ত **উত্তর: ঘ**

৭৩. **সন্ধিঘটিত শুদ্ধ শব্দ-** [ঢাবি (খ ইউনিট) : ১২-১৩]
ক) আতি + অধিক = অত্যাধিক
খ) অষ্ট + বিংশ = অষ্টবিংশ
গ) শরৎ + চন্দ্র = শরচ্চন্দ্র
ঘ) পর + পর = পরপর **উত্তর: গ**

৭৪. **'শঙ্কা' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ক) শম্ + কা খ) শম + কা
গ) সম্ + কা ঘ) সম + কা **উত্তর: ক**

৭৫. **'ষষ্ঠ' শব্দের সন্ধি বিচ্ছেদ হল-** [বিবিএস এর অফিস সহায়ক : ২১]
ক) ষষ্ + ট খ) ষষ্ + ঠ
গ) ষষ্ + ত ঘ) ষষ্ + থ **উত্তর: ঘ**

৭৬. **'ষড়ানন' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [তিতাস গ্যাস ফিল্ড কোম্পানি লি. সহকারী অফিসার (জেনারেল) : ১৮]
ক) ষড়া + আনন খ) ষড় + আনন
গ) ষট্ + আনন ঘ) ষড়া + নন **উত্তর: গ**

৭৭. **'ষড়ঋতু' শব্দের সন্ধি বিচ্ছেদ -** [১৭তম বিসিএস]
ক) ষড় + ঋতু খ) ষড্ + ঋতু
গ) ষট + ঋত ঘ) ষট্ + ঋতু **উত্তর: ঘ**

৭৮. **'সংখ্যা' এর সঠিক সন্ধি বিচ্ছেদ :** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক) সম্ + খ্যা খ) সমঃ + খা
গ) সম্ + খা ঘ) সং + খা **উত্তর: ক**

৭৯. **'সংগীত' এর শুদ্ধ সন্ধি বিচ্ছেদ কোনটি?** [অগ্রণী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৩]
ক) সং + গীত খ) সং + গিত
গ) সম্ + গিত ঘ) সম্ + গীত **উত্তর: ঘ**

৮০. **'সংসার' এর সন্ধি বিচ্ছেদ-** [রাবি (খ, ঘ ইউনিট) : ১৫-১৬]
ক) সং + সার খ) সাং + সার
গ) সম + সার ঘ) সম্ + সার **উত্তর: ঘ**

৮১. **সন্ধি নির্ণয় কর: সংসার = সম্ + সার** [জাবি (গ ইউনিট) : ১১-১২]
ক) স্বরসন্ধি খ) খাঁটি বাংলা সন্ধি
গ) বিসর্গসন্ধি ঘ) ব্যঞ্জনসন্ধি **উত্তর: ঘ**

৮২. **'সংযম'-এর সন্ধি বিচ্ছেদ হচ্ছে-** [জাককানইবি (ক ইউনিট) : ১৬-১৭]
ক) সং + যম খ) সম + যম
গ) সম্ + যম ঘ) সঙ + যম **উত্তর: গ**

৮৩. **'সংযোজন' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ হলো-** [তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকর্তা : ২২]
ক) সময + অন্ খ) সং + জন
গ) সম্ + যোজন ঘ) সং + যোজন **উত্তর: গ**

৮৪. **'সন্তাপ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বশেমুরবিপ্রবি (এফ ইউনিট) : ১৬-১৭]
ক) সন + তাপ খ) সম্ + তাপ
গ) সণ + তাপ ঘ) সমঃ + তাপ **উত্তর: খ**

৮৫. **'সংস্কৃত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [রাবি (ই২ ইউনিট) : ১৭-১৮]
ক) সং + স্কৃত খ) সং + কৃত
গ) সম + স্কৃত ঘ) সম্ + কৃত **উত্তর:** ঘ

৮৬. **'সংশপ্তক' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৩-০৪]
ক) সম্ + শপ্তক খ) সং + শপ্তক
গ) সম + শপ্ত + ক ঘ) সং + শপ্ত + এক **উত্তর:** ক

৮৭. **কোন বানানটি শুদ্ধ?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ভলগা) : ১৩]
ক) সংসপ্তক খ) সংশপ্তক
গ) শংসপ্তক ঘ) শংশপ্তক **উত্তর:** খ

৮৮. **'সংবিধান' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ২১]
ক) সং + বিধান খ) সং + অবিধান
গ) সম্ + বিধান ঘ) সম + ধান **উত্তর:** গ

৮৯. **'সংশয়' এর সন্ধি বিচ্ছেদ-** [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ক) সৎ + শয় খ) সন + শয়
গ) সম্ + শয় ঘ) সম + শয় **উত্তর:** গ

৯০. **'সংলাপ' শব্দের সন্ধি বিচ্ছেদ :** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক) সম্ + লাপ খ) সং + লাপ
গ) স + আলাপ ঘ) সু + আলাপ **উত্তর:** ক

৯১. **'সন্ধান' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ করুন-** [NSI - এর ডেসপাচ রাইডার : ২১]
ক) সম্ + ধান খ) সন + ধান
গ) সঃ + ধান ঘ) কোনোটিই নয় **উত্তর:** ক

৯২. **'সন্ধি' শব্দটি গঠিত হয়েছে কোন প্রক্রিয়ায়?** [ঢাবি (খ ইউনিট) : ১০-১১]
ক) উপসর্গ খ) সন্ধি
গ) সমাস ঘ) প্রত্যয় **উত্তর:** খ

৯৩. **'সন্ধি' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে-** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিরাপত্তা অপারেটর : ২১]
ক) সন + ধি খ) সম + ধি
গ) সম্ + ধি ঘ) সং + ধি **উত্তর:** গ

৯৪. **কোনটি ব্যঞ্জন সন্ধির উদাহরণ?** [ষোড়শ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/ সমপর্যায়) : ১৯]
ক) শুভেচ্ছা খ) প্রত্যেক গ) সংবাদ **উত্তর:** গ

৯৫. **'সংবাদ' এর সন্ধি বিচ্ছেদ কি?** [অপরাধ তদন্ত বিভাগ এর অফিস সহায়ক : ২১]
ক) সং + বাদ খ) সম্ + বাদ
গ) সুম + বাদ ঘ) সু + আবাদ **উত্তর:** খ

৯৬. **'সঞ্চয়' এর সন্ধি বিচ্ছেদ কি হবে?** [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়) এর অফিস সহকারী : ২১]
ক) সন + চয় খ) সম্ + চয়
গ) সঞ + চয় ঘ) সনচ + য় **উত্তর:** খ

৯৭. **সম্ + চয় = সঞ্চয়, এটি কোন সন্ধি?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪]
ক) বিসর্গ খ) স্বর
গ) ব্যঞ্জন ঘ) কোনোটিই নয় **উত্তর:** গ

৯৮. **সম্ + হার এর সন্ধি কোনটি?** [রূপালী ব্যাংক লি. এ্যাসিসট্যান্ট নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার : ২১]
ক) সমহার খ) সংহার
গ) সঙগার ঘ) সঙহার **উত্তর:** খ

৯৯. **'সদাশয়' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা) : ১৩]
ক) সদ + আশয় খ) সদা + শয়
গ) সৎ + আশয় ঘ) সৎ + শয় **উত্তর:** গ

১০০. **'সদানন্দ' সন্ধি বিচ্ছেদ হল-** [ঢাবি (ঘ ইউনিট) : ১১-১২]
ক) সদ + আনন্দ খ) সদা + নন্দ
গ) সৎ + আনন্দ ঘ) সদ + অ + নন্দ **উত্তর:** গ

১০১. **'সন্নিহিত' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [ঢাকা বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ক) সং + নিহিত খ) সম্ + নিহিত
গ) সৎ + নিহিত ঘ) সন্ + নিহিত **উত্তর:** খ

১০২. **'সুবন্ত' এর সন্ধি বিচ্ছেদ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (বিজনেস স্টাডিজ অনুষদ) : ২০-২১]
ক) সুব + অন্ত খ) সুপ্ + অন্ত
গ) সুভ + অন্ত ঘ) সু + অন্ত **উত্তর:** খ

১০৩. **'সংস্কৃতি' শব্দের ঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
ক) সং + কৃতি খ) সম্ + কৃতি
গ) সং + স্কৃতি ঘ) সম + স্কৃতি **উত্তর:** খ

১০৪. **'সম্ + কার = সংস্কার' কোন সন্ধির অন্তর্ভুক্ত?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ক) বিসর্গ সন্ধি
খ) বিশেষ নিয়মে সাধিত সন্ধি
গ) বিশেষ বিসর্গ সন্ধি
ঘ) ব্যঞ্জনসন্ধি **উত্তর:** খ

১০৫. **নিচের অশুদ্ধ সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ঢাবি (ঘ ইউনিট) : ১২-১৩]
ক) সু + অল্প = স্বল্প খ) অনু + এষণ = অন্বেষণ
গ) আদ্য + আন্ত = আদ্যন্ত ঘ) ভৌ + উক = ভাবুক **উত্তর:** গ

১০৬. **সন্ধিজাত শব্দ-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক) উন্মনা খ) দখিনা
গ) ফাল্গুন ঘ) মিনতি **উত্তর:** ক

১০৭. **কোনটি সন্ধিজাত শব্দ?** [ঢাবি (গ ইউনিট) : ১১-১২]
ক) শীতল খ) সংখ্যা
গ) অধিকার ঘ) তোমার **উত্তর:** খ

১০৮. **'বিশেষ নিয়মে সাধিত সন্ধির উদাহরণ?** [চবি (ঙ ইউনিট) : ০৮-০৯]
ক) আশ্চর্য খ) উত্থান
গ) ষষ্ঠ ঘ) পরস্পর **উত্তর:** খ

বিসর্গ সন্ধি

মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ	মূলশব্দ	সন্ধি বিচ্ছেদ
বিসর্গ + স্বরের সন্ধি			
নিয়ম : অঃ + অ = ও হয়। বিসর্গ লোপ পায়। যেমন-			
ততোধিক	ততঃ + অধিক	বয়োধিক	বয়ঃ + অধিক
নিয়ম: অ/আ ভিন্ন অন্য স্বরধ্বনির পর বিসর্গ (র-জাত) + স্বরধ্বনি = বিসর্গ র্ হয়ে পরের স্বরধ্বনিতে যুক্ত হয়।			
চতুরঙ্গ	চতুঃ + অঙ্গ	নিরাকার	নিঃ + আকার
জ্যোতিরিন্দ্র	জ্যোতিঃ + ইন্দ্র	নিরীহ	নিঃ+ ঈহ
দুরবস্থা	দুঃ + অবস্থা	নিরুপায়	নিঃ + উপায়
দুরূহ	দুঃ + উহ	নিরাকরণ	নিঃ + আকরণ
দুরপনেয়	দুঃ + অপনেয়	নিরাময়	নিঃ + আময়
দুরাশা	দুঃ + আশা	নিরন্ন	নিঃ + অন্ন
দুরাত্মা	দুঃ + আত্মা	নিরবধি	নিঃ + অবধি
বিসর্গ + ব্যঞ্জনের সন্ধি			
নিয়ম : অঃ + বর্গের ৩য়, ৪র্থ ও ৫ম ধ্বনি বা য/র/ল/হ = ও (পূর্ববর্ণে যুক্ত হয়)। বিসর্গ লোপ পায়।			
অকুতোভয়	অকুতঃ + ভয়	মনোযোগ	মনঃ + যোগ
অধোগতি	অধঃ + গতি	মনোরম	মনঃ + রম
ইতোমধ্যে	ইতঃ + মধ্যে	মনোনয়ন	মনঃ + নয়ন
তপোবন	তপঃ + বন	মনোহর	মনঃ + হর
তিরোধান	তিরঃ + ধান	যশোলাভ	যশঃ + লাভ
ত্রয়োদশ	ত্রয়ঃ + দশ	শ্রেয়োলাভ	শ্রেয়ঃ + লাভ
ভূয়োদর্শী	ভূয়ঃ + দর্শী	সদ্যোজাত	সদ্যঃ + জাত
নিয়ম: অ/আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরস্থিত বিসর্গ (ঃ) + বর্গের ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ কিংবা য্/র্/ল্/হ্ = বিসর্গের স্থলে 'র' হয়।			
আশীর্বাদ	আশীঃ + বাদ	দুর্বার	দুঃ + বার
আবির্ভাব	আবিঃ + ভাব	দুর্ভাগ্য	দুঃ + ভাগ্য
চতুর্থ	চতুঃ + থ	দুর্যোগ	দুঃ + যোগ
জ্যোতির্ময়	জ্যোতিঃ + ময়	দুর্নিবার	দুঃ + নিবার
দুর্দান্ত	দুঃ + দন্ত	দুর্লভ	দুঃ + লভ
দুর্ঘটনা	দুঃ + ঘটনা	ধনুর্বিদ্যা	ধনুঃ + বিদ্যা
দুর্নীতি	দুঃ + নীতি	নির্মাণ	নিঃ + মান
দুর্গতি	দুঃ + গতি	নির্ণয়	নিঃ + নয়
নিয়ম : অন্তঃ/ পুনঃ/ প্রাতঃ + ধ্বনি = বিসর্গ র্ হয়ে পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে যুক্ত হয়।			
অন্তরঙ্গ	অন্তঃ + অঙ্গ	অন্তর্গত	অন্তঃ + গত
অন্তরীপ	অন্তঃ + ঈপ	অন্তর্ভুক্ত	অন্তঃ + ভুক্ত
অন্তরীক্ষ	অন্তঃ + ঈক্ষ	অন্তর্ধান	অন্তঃ + ধান
প্রাতরুত্থান	প্রাতঃ + উত্থান	প্রাতরাশ	প্রাতঃ + আশ
পুনরায়	পুনঃ + আয়	পুনরধিকার	পুনঃ + অধিকার
পুনরুক্তি	পুনঃ + উক্তি	পুনরুক্ত	পুনঃ + উক্ত
পুনরুজ্জীবন	পুনঃ + উজ্জীবন	পুনর্মুদ্রণ	পুনঃ + মুদ্রণ
পুনর্মিলন	পুনঃ + মিলন		
নিয়ম : বিসর্গ (ঃ) + চ্ / ছ্ = শ্। বিসর্গ (ঃ) + ট্/ ঠ্ = ষ্। বিসর্গ (ঃ) + ত্ = স্।			
ইতস্তত	ইতঃ + তত	নিশ্ছিদ্র	নিঃ + ছিদ্র
দুশ্চিন্তা	দুঃ + চিন্তা	নিশ্চয়	নিঃ + চয়
দুশ্চরিত্র	দুঃ + চরিত্র	নিষ্ঠা	নিঃ + ঠা
দুশ্ছেদ্য	দুঃ + ছেদ্য	মনস্তাপ	মনঃ + তাপ
ধনুষ্টঙ্কার	ধনুঃ + টঙ্কার	শিরশ্ছেদ	শিরঃ + ছেদ
নিষ্ঠুর	নিঃ + ঠুর		
নিয়ম : অঃ/ আঃ + ক, খ, প, ফ = বিসর্গ স্থলে স্ হয়। অ/আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরস্থিত বিসর্গ (ঃ) + ক, খ, প, ফ = বিসর্গ স্থলে ষ্ হয়।			
আবিষ্কার	আবিঃ + কার	নিষ্পত্তি	নিঃ + পত্তি
চতুষ্কোণ	চতুঃ + কোণ	নিষ্পন্ন	নিঃ + পন্ন
চতুষ্পদ	চতুঃ + পদ	নিষ্ফল	নিঃ + ফল
তিরস্কার	তিরঃ + কার	নিষ্পাপ	নিঃ + পাপ
দুষ্কর	দুঃ + কর	পদস্খলন	পদঃ + খলন
দুষ্কৃতি	দুঃ + কৃতি	পুরস্কার	পুরঃ + কার
নমস্কার	নমঃ + কার	বাচস্পতি	বাচঃ + পতি
নিষ্কর	নিঃ + কর	ভ্রাতুষ্পুত্র	ভ্রাতুঃ + পুত্র
ভাস্কর	ভাঃ + কর	মনস্কামনা	মনঃ + কামনা
নিয়ম : ইঃ/ উঃ + র্ = ঈ/ ঊ।			
নীরব	নিঃ + রব	নীরস	নিঃ + রস
নীরোগ	নিঃ + রোগ		
নিয়ম : বিসর্গ (ঃ) + যুক্ত ব্যঞ্জন ধ্বনি স্ত, স্থ কিংবা স্প = বিসর্গ অবিকৃত থাকে অথবা লোপ পায়।			
দুঃস্থ/ দুস্থ	দুঃ + স্থ	নিঃস্তব্ধ/ নিস্তব্ধ	নিঃ + স্তব্ধ
নিঃস্পন্দ/ নিস্পন্দ	নিঃ + স্পন্দ		

MCQ Solution

১. **'উ' কারের পর বিসর্গ (ঃ) এবং তার পরে 'ক' থাকলে কোন ব্যঞ্জনধ্বনি বসে?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৭-১৮]

ক) স খ) ষ

গ) শ ঘ) য **উত্তর:** খ

২. **'অকুতোভয়' এর সন্ধি বিচ্ছেদ কি?** [কুবি (গ ইউনিট) : ১২-১৩]
ⓚ অকুত + ভয় ⓚ অকুতো + ভয়
ⓖ অকুতঃ + ভয় ⓖ অকুত + অভয় **উত্তর:** গ

৩. **'অধোগতি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বসন্ত) : ১০]
ⓚ অধ + গতি ⓚ অধঃ + গতি
ⓖ অধ + অগতি ⓖ অধঃ + অগতি **উত্তর:** খ

৪. **কোন বানানটি শুদ্ধ?** [পোস্টমাস্টার জেনারেল এর উচ্চমান সহকারী (উত্তরাঞ্চল) : ২২]
ⓚ অধগতি ⓚ অধোগতি
ⓖ অধঃগতি ⓖ অধোঃগতি **উত্তর:** খ

৫. **কোনটি 'অন্তরঙ্গ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ⓚ অন্তঃ + অঙ্গ ⓚ অন্তর + অঙ্গ
ⓖ অন্তরম + গ ⓖ অন্তরণ + গ **উত্তর:** ক

৬. **'অন্তরীপ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ঢাবি (গ ইউনিট) : ১৩-১৪]
ⓚ অন্তর + ইপ ⓚ অন্তর + ঈশ
ⓖ অন্ত + রীপ ⓖ অন্তঃ + ঈপ **উত্তর:** ঘ

৭. **'আবিষ্কার' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ⓚ আবি + ক্যার ⓚ আবিঃ + কার
ⓖ আবিষ + কার ⓖ আবি + ষকার **উত্তর:** খ

৮. **'আবির্ভাব' শব্দটি গঠিত হয়েছে-** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব : ১৩]
ⓚ প্রত্যয় দ্বারা ⓚ উপসর্গ দ্বারা
ⓖ সন্ধি দ্বারা ⓖ বিভক্তি দ্বারা **উত্তর:** গ

৯. **কোনটি শুদ্ধ বানান?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ⓚ আবির্ভাব ⓚ আবিরভাব
ⓖ আর্ভিভাব ⓖ কোনোটিই নয় **উত্তর:** ক

১০. **'ইতস্তত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ⓚ ইত + তত ⓚ ইতঃ + তত
ⓖ ইতস্ + তত ⓖ ইত + স্তত **উত্তর:** খ

১১. **'চতুরঙ্গ' এর সন্ধি বিচ্ছেদ করুন:** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓚ চতু + অঙ্গ ⓚ চতুঃ + অঙ্গ
ⓖ চতুর + অঙ্গ ⓖ চার + অঙ্গ **উত্তর:** খ

১২. **'চতুষ্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]
ⓚ চতুর + পদ ⓚ চতুষ + পদ
ⓖ চতু + পদ ⓖ চতুঃ + পদ **উত্তর:** ঘ

১৩. **বিসর্গ সন্ধির একটি উদাহরণ হলো-** [সমন্বিত ৫টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান অফিসার : ১৮]
ⓚ সংস্কৃত ⓚ আচ্ছন্ন
ⓖ জ্যোতিরিন্দ্র ⓖ গোষ্পদ **উত্তর:** গ

১৪. **কোনটি শুদ্ধ বানান?** [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ⓚ জোতির্ময় ⓚ জ্যোতির্ময়
ⓖ জোতির্ম্ময় ⓖ জ্যোর্তিম্ময় **উত্তর:** খ

১৫. **'ততোধিক' শব্দের সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়?** [বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন প্রমোশন অফিসার : ২১]
ⓚ তত + অধিক ⓚ তত + ধিক
ⓖ ততো + ধিক ⓖ ততঃ + অধিক **উত্তর:** ঘ

১৬. **'তপোবন' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২]
ⓚ তপ + বন ⓚ তপঃ + বন
ⓖ তপো + বন ⓖ তপ + উবন **উত্তর:** খ

১৭. **সন্ধি বিচ্ছেদ করুন : 'তিরস্কার'** - [ডাচ্ বাংলা ব্যাংক লি. (এমটিও) : ১২]
ⓚ তিরস + কার ⓚ তির + স্কার
ⓖ তিরঃ + কার ⓖ তিরসঃ + কার **উত্তর:** গ

১৮. **'দুর্নীতি' শব্দটির সন্ধি বিচ্ছেদ হবে-** [চবি (ক ইউনিট) : ১৭-১৮]
ⓚ দুর + নীতি ⓚ দুঃ + নীত
ⓖ দুঃ + নীতি ⓖ দূর + নীতি **উত্তর:** গ

১৯. **কোনটি নির্ভুল?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৯]
ⓚ দূঃ + ঘটনা = দূর্ঘটনা
ⓚ দূর + ঘটনা = দূর্ঘটনা
ⓖ দুঃ + ঘটনা = দূর্ঘটনা
ⓖ দুঃ + ঘটনা = দুর্ঘটনা **উত্তর:** ঘ

২০. **'দুর্বার' শব্দের প্রকৃত সন্ধি বিচ্ছেদ কোনটি?** [রাবি (ক ইউনিট) : ১৫-১৬]
ⓚ দূর + বার ⓚ দুর + বার
ⓖ দুঃ + বার ⓖ দূঃ + বাব **উত্তর:** গ

২১. **'দুর্যোগ' এর সন্ধি বিচ্ছেদ কি?** [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল - ২) : ১৬]
ⓚ দুহঃ + যোগ ⓚ দূর + যোগ
ⓖ দুঃ + যোগ ⓖ দুহ + যোগ **উত্তর:** গ

২২. **'দুর্গতি' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৯]
ⓚ দূর + গতি ⓚ দুর + গতি
ⓖ দুঃ + গতি ⓖ দূঃ + গতি **উত্তর:** গ

২৩. **'দুরূহ' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ১৯]
ⓚ দুঃ + উহ ⓚ দুঃ – রূহ
ⓖ দুও + উহ ⓖ দুর + ই **উত্তর:** ক

২৪. **শুদ্ধ বানান কোনটি?** [ডাক বিভাগের অফিস সহায়ক (খুলনা অঞ্চল) : ২২]
ⓚ দুরবস্থা ⓚ দুরাবস্থা
ⓖ দূরবস্থা ⓖ দূরাবস্থা **উত্তর:** ক

২৫. **'দুরবস্থা' শব্দটির সন্ধি বিচ্ছেদ-** [বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি এর সহকারী পরিচালক : ২২/ বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ⓚ দুঃ + অবস্থা ⓚ দু + অবস্থা
ⓖ দূ + অবস্থা ⓖ দু + বস্থা **উত্তর:** ক

২৬. **'দুরপনেয়' এর সন্ধি বিচ্ছেদ হলো-** [জাবি (ক ইউনিট) : ১০-১১]
ⓚ দুর + পনের ⓚ দু + অপনেয়
ⓖ দুঃ + অপনেয় ⓖ দুর + অপনেয় **উত্তর:** গ

২৭. **'দুস্থ' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [BPSC- এর সহকারী ইঞ্জিনিয়ার : ২২]
ⓚ দুস + হ ⓚ দুস্ + থ
ⓖ দুঃ + থ ⓖ দুঃ + স্থ **উত্তর:** ঘ

২৮. **সন্ধি নির্ণয় কর: দুশ্চিন্তা = দুঃ + চিন্তা** [জাবি (গ ইউনিট) : ১১-১২]
ⓚ বিসর্গসন্ধি ⓚ খাঁটি বাংলা সন্ধি
ⓖ ব্যঞ্জন সন্ধি ⓖ স্বরসন্ধি **উত্তর:** ক

২৯. **'দুর্লভ' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ⓚ দুঃ + লভ ⓚ দুর + লভ
ⓖ দুর + লোভ ⓖ কোনোটিই নয় **উত্তর:** ক

৩০. **'দুশ্চরিত্র' এর সন্ধি বিচ্ছেদ-** [NSI-এর কম্পিউটার টেকনিশিয়ান : ২১]
ⓚ দুশ্চ + চিত্র ⓚ দুঃ + চরিত্র
ⓖ দু + চরিত্র ⓖ দুঃ + চরিত **উত্তর:** খ

৩১. **'দুশ্ছেদ্য' শব্দটির সন্ধি বিচ্ছেদ-** [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ⓚ দুশ + ছেদ্য ⓚ দুষ + ছেদ্য
ⓖ দুঃ + ছেদ্য ⓖ কোনোটিই নয় **উত্তর:** গ

৩২. **'ধনুষ্টংকার'- এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২]
ⓚ ধনুষ + টঙ্কার ⓚ ধনুঃ + টঙ্কার
ⓖ ধনু + টঙ্কার ⓖ ধনুট + স্কার **উত্তর:** খ

৩৩. **কোনটি শুদ্ধ সন্ধি বিচ্ছেদ?** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ⓚ ধনু + বিদ্যা ⓚ ধনুঃ + বিদ্যা
ⓖ ধনুর + বিদ্যা ⓖ ধনূঃ + বিদ্যা **উত্তর:** খ

৩৪. **'নিষ্কার' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক : ২১]
ⓚ নীঃ + কার ⓚ নিষ + কর
ⓖ নিস + কর ⓖ নিঃ + কর **উত্তর:** ঘ
ব্যাখ্যা: প্রশ্নে ভুল আছে। নিষ্কার এর জায়গায় 'নিষ্কর' হবে।

৩৫. **'নিষ্পাপ' শব্দটি কোন নিয়মে গঠিত?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ⓚ প্রত্যেয়যোগে ⓚ উপসর্গযোগে
ⓖ সন্ধিযোগে ⓖ সমাসযোগে **উত্তর:** গ

৩৬. **'নীরোগ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/ সমপর্যায়) : ১৮]
ⓚ নিঃ + রোগ ⓚ নীঃ + রোগ
ⓖ নি + রোগ ⓖ নির + ওগ **উত্তর:** ক

৩৭. **'নীরস' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের অফিস সহায়ক : ২০]
ⓚ নি + রস ⓚ নী + রস
ⓖ নিঃ + রস ⓖ নীঃ + রস **উত্তর:** গ

৩৮. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. (এসইও) : ১৮]
ⓚ নিঃশোষিত ⓚ নীরস
ⓖ মাধুরিয়া ⓖ অধীনী **উত্তর:** খ

৩৯. **নিচের কোনটি বিসর্গ সন্ধির উদাহরণ?** [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
ⓚ সম্মান ⓚ সঞ্চয়
ⓖ নিরাকার ⓖ পরিচ্ছেদ **উত্তর:** গ

৪০. **'নিরাকার' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়-** [ঢাবি (ক ইউনিট) : ১২-১৩]
ⓚ নির + আকার ⓚ নিরা + আকার
ⓖ নিঃ + কার ⓖ নিঃ + আকার **উত্তর:** ঘ

৪১. **'নীরব' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তর হিসাব রক্ষক : ২১]
ⓚ নী + রব ⓚ নীঃ রব
ⓖ নিঃ + রব ⓖ নীর +ব **উত্তর:** গ

৪২. **'নিরন্ন' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর : ১৯]
ⓚ নি + অন্ন ⓚ নির + অন্ন
ⓖ নিঃ + অন্ন ⓖ নির + ন্ন **উত্তর:** গ

৪৩. **'নিরবধি' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ গ্যাস ফিল্ড-এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ⓚ নির্ + অবধি ⓚ নির + বধি
ⓖ নিঃ + অবধি ⓖ নিঃ + বধি **উত্তর:** গ

৪৪. **'নিষ্পত্তি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৮]
ⓚ নিঃ + পত্তি ⓚ নিঃ + স্পত্তি
ⓖ নিষ্ + পত্তি ⓖ নিস্ + পত্তি **উত্তর:** ক

৪৫. **'নিশ্চয়' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৩]
ⓚ নিশ্চয় + য় ⓚ নি + চয়
ⓖ নিশ + চয় ⓖ নিঃ + চয় **উত্তর:** ঘ

৪৬. **'নিষ্ঠা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ করুন :** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক : ১৭]
ⓚ নিস্ + ঠা ⓚ নি + ষ্ঠা
ⓖ নিঃ + ঠা ⓖ কোনোটিই নয় **উত্তর:** গ

৪৭. **'নিষ্ঠুর' শব্দটি সন্ধি বিচ্ছেদ?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সহকারী নিরাপত্তা অফিসার : ২১]
ⓚ নি + ষ্ঠুর ⓚ নিঃ + ঠুর
ⓖ নিঃ + ষ্ঠুর ⓖ নি + ঠুর **উত্তর:** খ

৪৮. **কোনটি 'নিরাময়' শব্দের সন্ধি বিচ্ছেদ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ⓚ নিঃ + আময় ⓚ নিঃ + ময়
ⓖ নির + ময় ⓖ নির + আময় **উত্তর:** ক

৪৯. **কোনটি 'নিরাময়' শব্দের সন্ধি বিচ্ছেদ?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (গামা) : ১৪]
ⓚ নিরা + ময় ⓚ নির্ + আময়
ⓖ নির্ + ময় ⓖ নিঃ + ময় **উত্তর:** খ
ব্যাখ্যা: প্রদত্ত অপশন অনুযায়ী (খ) সঠিক। কিন্তু বাংলা একাডেমি'র ব্যবহারিক অভিধান এবং ড. হায়াৎ মাহমুদ রচিত 'ভাষা-শিক্ষা' ব্যাকরণে 'নিরাময়' শব্দের সন্ধি বিচ্ছেদ দেখানো হয়েছে (নিঃ + আময়)।

৫০. **'নিরাকরণ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জবি (খ ইউনিট) : ১৬-১৭]
ক) নিঃ + আকরণ খ) নির + আকরণ
গ) নিঃ + করণ ঘ) নিরা + করণ **উত্তর:** ক

৫১. **সন্ধি বিচ্ছেদ করুন : 'পুরস্কার'।** [NSI-এর সহকারী পরিচালক : ১৭]
ক) পুর + কার খ) পুর + কার
গ) পুরঃ + কার ঘ) পুরসঃ + কার **উত্তর:** গ

৫২. **'পুনরুক্ত' এর সন্ধি বিচ্ছেদ কী?** [রাবি (ই১ ইউনিট) : ১৭-১৮]
ক) পুন + রুক্ত খ) পুনঃ + উক্ত
গ) পূন + রুক্ত ঘ) পুন + উক্ত **উত্তর:** খ

৫৩. **নিচের কোনটি সঠিক বানান?** [বিসিক-এর প্রমোশন অফিসার : ২১]
ক) পুনঃরুজ্জীবন খ) পুনঃরুজ্জীবণ
গ) পুনরুজ্জীবন ঘ) পূনরুজ্জীবন **উত্তর:** গ

৫৪. **'প্রাতরাশ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [২৩তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক) প্রাতঃ + আস খ) প্রাতঃ + রাশ
গ) প্রাতঃ + আশ ঘ) প্রাত + রাশ **উত্তর:** গ

৫৫. **'বাচস্পতি'- শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন মাস্টার : ২২]
ক) বাচ + পতি খ) বাচঃ + পতি
গ) বাচস্ + পতি ঘ) বাচসঃ + পতি **উত্তর:** খ

৫৬. **'ভূয়োদর্শী' এর ঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
ক) ভূয় + দর্শী খ) ভূয়ঃ + দর্শী
গ) ভূয়ো + দর্শী ঘ) ভূয়োঃ + দর্শী **উত্তর:** খ

৫৭. **'ভ্রাতুষ্পুত্র' সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়-** [ঢাবি : ০৪-০৫]
ক) ভ্রাত + পুত্র খ) ভ্রাতঃ + পুত্
গ) ভ্রাতুঃ + পুত্র ঘ) ভ্রাতু + পুত্র **উত্তর:** গ

৫৮. **'মনোনয়ন' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জাককানইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ক) মনন + অয়ন খ) মন + নয়ন
গ) মনঃ + নয়ন ঘ) মনো + নয়ন **উত্তর:** গ

৫৯. **'মনোযোগ' শব্দটি কোন সন্ধিতে গঠিত?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান : ১৮]
ক) স্বরসন্ধি খ) ব্যঞ্জন সন্ধি
গ) বিসর্গ সন্ধি ঘ) নিপাতনে সিদ্ধ **উত্তর:** গ

৬০. **'মনোযোগ' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সাব-রেজিস্ট্রার : ০৩]
ক) মন + যোগ খ) মন + উৎ + যোগ
গ) মনঃ + যোগ ঘ) মনো + যোগ **উত্তর:** গ

৬১. **'মনস্তাপ' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫/ ১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক) মনঃ + তাপ খ) মন + তাপ
গ) মনস + তাপ ঘ) মনো + তাপ **উত্তর:** ক

৬২. **নিচের কোন শব্দটি বিসর্গ সন্ধি সাধিত?** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
ক) মনোরম খ) তস্কর
গ) পরস্পর ঘ) সংরক্ষণ **উত্তর:** ক

৬৩. **'মনোরম' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৯]
ক) মনোঃ + রম খ) মনো + রম
গ) মন + রম ঘ) মনঃ + রম **উত্তর:** ঘ

৬৪. **'যশোলাভ' এর সন্ধি বিচ্ছেদ-** [ববি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক) যশঃ + লাভ খ) যশ + লাভ
গ) যশো + লাভ ঘ) যশ + অ + লাভ **উত্তর:** ক

৬৫. **সন্ধির নিয়মে কোনটি ঠিক?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৫]
ক) শির + ছদ = শিরচ্ছেদ
খ) শিরঃ + ছেদ = শিরচ্ছেদ
গ) শিরো + ছেদ = শিরোচ্ছেদ
ঘ) শিরঃ + ছেদ = শিরশ্ছেদ **উত্তর:** ঘ

৬৬. **কোনটি শুদ্ধ বানান?** [স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
ক) শিরচ্ছেদ খ) শিরোচ্ছেদ
গ) শিরশ্ছেদ ঘ) শিরাচ্ছেদ **উত্তর:** গ

৬৭. **'সদ্যোজাত' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [৩৮তম বিসিএস]
ক) সদ্য + জাত খ) সদ্যঃ + জাত
গ) সদ্যা + জাত ঘ) সদা + জাত **উত্তর:** খ

৬৮. **নিচের কোন শব্দটি সন্ধিঘটিত অশুদ্ধির উদাহরণ?** [ইবি (খ ইউনিট) : ০৯-১০]
ক) সদ্যজাত খ) হস্তীপদ
গ) কল্যাণ ঘ) নেতৃবৃন্দ **উত্তর:** ক

৬৯. **কোনটি শুদ্ধ বানান?** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনে সিনিয়র অ্যাসিস্ট্যান্ট : ১৮]
ক) সদ্যজাত খ) সদ্দোজাত
গ) সদ্যোজাত ঘ) সদ্যজাত **উত্তর:** গ

৭০. **কোন শব্দটি বিসর্গযুক্ত ই-ধ্বনি সন্ধির ফলে মূর্ধন্য-ষ হয়েছে?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
ক) পুষ্কক খ) পরিষ্কার
গ) পুষ্ট ঘ) বর্ষীয়সী **উত্তর:** খ

৭১. **সন্ধিঘটিত শুদ্ধ শব্দ-** [ঢাবি (খ ইউনিট) : ১১-১২]
ক) অতি + অধিক = অত্যাধিক
খ) অগ্নি + উৎপাত = অগ্নুপাত
গ) প্রশ্ন + আবলি = প্রশ্নাবলী
ঘ) চতুঃ + অঙ্গ = চতুরঙ্গ **উত্তর:** ঘ

৭২. **নিচের কোনটি বিসর্গ সন্ধির উদাহরণ নয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২০-২১]
ক) প্রাতরুত্থান খ) নীরস
গ) সংলাপ ঘ) ভাস্কর **উত্তর:** গ

নিপাতনে সিদ্ধ সন্ধি

যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না, তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। অর্থাৎ ব্যাকরণে নিয়ম বহির্ভূত প্রচলিত বিষয় বা দৃষ্টান্তকে নিপাতনে সিদ্ধ বলা হয়। যেমন-

নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি	
অন্যান্য = অন্য + অন্য	মার্তণ্ড = মার্ত + অণ্ড
কুলটা = কুল + অটা	শুদ্ধোদন = শুদ্ধ + ওদন
গবাক্ষ = গো + অক্ষ	সীমন্ত = সীমন্ + অন্ত
প্রৌঢ় = প্র + ঊঢ়	স্বৈর = স্ব + ঈর
বিম্বোষ্ঠ = বিম্ব + ওষ্ঠ	অক্ষৌহিনী = অক্ষ + উহিনী
নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধি	
আশ্চর্য = আ + চর্য	পরস্পর = পর + পর
একাদশ = এক্ + দশ	বৃহস্পতি = বৃহৎ + পতি
গোষ্পদ = গো + পদ	বিশ্বামিত্র = বিশ্ব + মিত্র
তস্কর = তৎ + কর	বনস্পতি = বন্ + পতি
দ্যুলোক = দিব্ + লোক	মনীষা = মনস্ + ঈষা
পতঞ্জলি = পতৎ + অঞ্জলি	ষোড়শ = ষট্ + দশ
নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধি	
অতঃপর = অতঃ + পর	নিঃসন্দেহ = নিঃ + সন্দেহ
অধঃপতন = অধঃ + পতন	প্রাতঃকাল = প্রাতঃ + কাল
অহরহ = অহঃ + অহ	বয়ঃসন্ধি = বয়ঃ + সন্ধি
অহর্নিশ = অহঃ + নিশা	মনঃকষ্ট = মনঃ + কষ্ট
অন্তকরণ = অন্তঃ + করণ	মনঃক্ষুণ্ন = মনঃ + ক্ষুণ্ন
দুঃশাসন = দুঃ + শাসন	শিরঃপীড়া = শিরঃ + পীড়া
দুঃস্বপ্ন = দুঃ + স্বপ্ন	

খাঁটি বাংলা শব্দে সন্ধি হয় না। তবে নিম্নলিখিত শব্দগুলি বিশেষ নিয়মে সিদ্ধ- কাঁদ + না = কান্না রাঁধ + না = রান্না
আর্ + না = আন্না

MCQ Solution

১. **যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না তাকে বলে-** [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের অডিটর : ২১]
ⓚ স্বরসন্ধি ⓚ ব্যঞ্জন সন্ধি
ⓖ নিপাতনে সিদ্ধ সন্ধি ⓖ বিসর্গ সন্ধি **উত্তর:** গ

২. **ব্যাকরণে নিয়ম বহির্ভূত প্রচলিত বিষয় বা দৃষ্টান্তকে বলা হয়-** [জাবি (মানবিক) : ১৪-১৫]
ⓚ ব্যতিক্রম ⓚ নিপাতন
ⓖ অনিয়ম ⓖ নিপাতনে সিদ্ধ **উত্তর:** ঘ

৩. **'অন্যান্য' শব্দের সন্ধি রূপ কোনটি?** [রাবি (ঙ ইউনিট) : ১৫-১৬]
(ক) অন্য + আন্য (খ) অন + আন্য
(গ) অন্য + অন্য (ঘ) অন্ন + অন্ন **উত্তর:** গ

৪. **সন্ধি নির্ণয় কর: অন্যান্য = অন্য + অন্য** [জাবি (গ ইউনিট) : ১১-১২]
(ক) ব্যঞ্জন সন্ধি (খ) স্বরসন্ধি
(গ) খাঁটি বাংলা সন্ধি (ঘ) বিসর্গসন্ধি **উত্তর:** খ

৫. **'অহর্নিশ' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [বেরোবি (খ ইউনিট) : ১২-১৩]
(ক) অহঃ + নিশা (খ) অহঃ + নিশ
(গ) অহর + নিশ (ঘ) অহ + নিশ **উত্তর:** ক

৬. **'অহরহ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (প্রথম পর্যায়) : ২২]
(ক) অহ + রহ (খ) অহঃ + রহ
(গ) অহ + অহ (ঘ) অহঃ + অহ **উত্তর:** ঘ

৭. **'আশ্চর্য' এর সন্ধি বিচ্ছেদ-** [জাবি (ক ইউনিট) : ১৬-১৭]
(ক) অ + আর্চ (খ) অতি + চার্য
(গ) আশ + চর্য (ঘ) আ + চার্য **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর - আ + চর্য = আশ্চর্য।

৮. **কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ?** [ইবি (ক ইউনিট) : ১০-১১]
(ক) আ + চর্য (খ) জল + আশয়
(গ) মত + ঐক্য (ঘ) ইতি + আদি **উত্তর:** ক

৯. **নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?** [বাংলাদেশ বেতারের সহ-সম্পাদক : ১৯]
(ক) একাদশ (খ) পুনরায়
(গ) পরিষ্কার (ঘ) মনোহর **উত্তর:** ক

১০. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?** [কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস এর অডিটর : ২২/ রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
(ক) কুলটা (খ) সঞ্চার
(গ) গবেষণা (ঘ) ভাবুক **উত্তর:** ক

১১. **কোনটি সন্ধির নিপাতনে সিদ্ধ হয়েছে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫]
(ক) যদ্যপি (খ) লবণ
(গ) গবাক্ষ (ঘ) সংসার **উত্তর:** গ

১২. **গো + অক্ষ = গবাক্ষ। এটি কোন ধরনের সন্ধি বিচ্ছেদ?** [৪৪তম বিসিএস/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন মাস্টার : ২২]
(ক) স্বরসন্ধি (খ) স্বর ব্যঞ্জন সন্ধি
(গ) বিসর্গ সন্ধি (ঘ) নিপাতনে সিদ্ধ সন্ধি **উত্তর:** ঘ

১৩. **'গোষ্পদ' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী : ১৮]
(ক) পোঃ + পদ (খ) গো + পদ
(গ) গৌ + পদ (ঘ) গৈ + পদ **উত্তর:** খ

১৪. **নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?** [ঢাবি (গ ইউনিট) : ০৯-১০]
(ক) তদ্ + কাল = তৎকাল (খ) অন্তঃ + ধান = অন্তর্ধান
(গ) সম্ + তান = সন্তান (ঘ) গো + পদ = গোষ্পদ **উত্তর:** ঘ

১৫. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি বিচ্ছেদ?** [BEPZA এর সহকারী ব্যবস্থাপক : ২১]
(ক) উৎ + স্থাপন = উত্থাপন
(খ) কৃষ্ + তি = কৃষ্টি
(গ) তদ্ + কাল = তৎকাল
(ঘ) তৎ + কর = তস্কর **উত্তর:** ঘ

১৬. **'দ্যুলোক' শব্দের যথার্থ সন্ধি বিচ্ছেদ কোনটি?** [১৫তম বিসিএস/ এনআরবি ব্যাংক লি. ট্রেইনি অফিসার : ২২]
ⓚ দুঃ + লোক ⓛ দিব্ + লোক
ⓖ দ্বি + লোক ⓘ দ্বিঃ + লোক **উত্তর: খ**

১৭. **কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?** [২৭তম বিসিএস]
ⓚ পর + পর = পরস্পর ⓛ বাক্ + দান = বাগদান
ⓖ উৎ + ছেদ = উচ্ছেদ ⓘ সম্ + সার = সংসার **উত্তর: ক**

১৮. **নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?** [খাদ্য অধিদপ্তরের স্প্রেম্যান : ২২]
ⓚ পরিস্কৃত ⓛ পতঞ্জলি
ⓖ উত্থান ⓘ সংস্কৃত **উত্তর: খ**

১৯. **'পতঞ্জলি' শব্দের সন্ধি বিচ্ছেদ-** [রাবি (ই২ ইউনিট) : ১৭-১৮]
ⓚ পত + অঞ্জলি ⓛ পতঃ + অঞ্জলি
ⓖ পত্ + অঞ্জলি ⓘ পতৎ + অঞ্জলি **উত্তর: ঘ**

২০. **'প্রৌঢ়' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১]
ⓚ প্র + ঊঢ় ⓛ প্র + উঢ়
ⓖ প্রঃ + উঢ় ⓘ প্রো + উঢ় **উত্তর: ক**

২১. **'বনস্পতি'-এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [গ্লোবাল ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২২]
ⓚ বন + পতিঃ ⓛ বন + স্পতি
ⓖ বনঃ + পতি ⓘ বন্ + পতি **উত্তর: ঘ**

২২. **'বৃহস্পতি'-একটি সন্ধিবদ্ধ শব্দ। এর সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়-** [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ বৃহস্ + পতি ⓛ বৃহৎ + পতি
ⓖ বৃহঃ + পতি ⓘ বৃহস্পত + ই **উত্তর: খ**

২৩. **'বৃহৎ + পতি = বৃহস্পতি'- এটি কোন নিয়মের দৃষ্টান্ত?** [রাবি (এফ ইউনিট) : ১৩-১৪]
ⓚ বিসর্গ সন্ধি ⓛ ব্যঞ্জন সন্ধি
ⓖ নিপাতনে সিদ্ধ ⓘ স্বরসন্ধি **উত্তর: গ**

২৪. **'মনীষা'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রিমিয়ার ব্যাংক জুনিয়র ট্রেইনি অফিসার (ক্যাশ) : ২২]
ⓚ মন + ইষা ⓛ মনস্ + ঈষা
ⓖ মন + ঈষা ⓘ মনস + ইষা **উত্তর: খ**

২৫. **'মনঃকষ্ট' এর সন্ধি বিচ্ছেদ-** [NSI-এর সহকারী পরিচালক : ২১]
ⓚ মনস + কষ্ট ⓛ মনো + কষ্ট
ⓖ মনোহ + কষ্ট ⓘ মনঃ + কষ্ট **উত্তর: ঘ**

২৬. **কোন বানানটি শুদ্ধ?** [৪১তম বিসিএস]
ⓚ মনোকষ্ট ⓛ মনঃকষ্ট
ⓖ মণকষ্ট ⓘ মনকস্ট **উত্তর: খ**

২৭. **কোন বানানটি শুদ্ধ?** [সিজিএ- এর অডিটর : ১৪]
ⓚ মনঃক্ষুণ্ন ⓛ মনক্ষুণ্ন
ⓖ মনোক্ষুণ্ন ⓘ মনোক্ষুণ্ন **উত্তর: ক**

২৮. **'শুদ্ধোদন' শব্দের সন্ধি বিচ্ছেদ -** [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার : ১৪]
ⓚ শুদ্ধ + উদন ⓛ শুদ্ধ + ঊদন
ⓖ শুদ্ধ + ওদন ⓘ শুদ্ + উদন **উত্তর: গ**

২৯. **কোনটি নিয়মনুসারে সিদ্ধ হয় না?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৮-১৯]
ⓚ গায়ক ⓛ শুদ্ধোদন
ⓖ পশ্বধম ⓘ নদ্যম্বু **উত্তর: খ**

৩০. **'ষোড়শ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [রাবি (এ-ইউনিট) : ২০-২১]
ⓚ ষট্ + দশ ⓛ সড় + শ
ⓖ ষোড় + অশ ⓘ ষোড় + শ **উত্তর: ক**

৩১. **নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?** [খুবি (আইন বিভাগ) : ১৬-১৭]
ⓚ বাক্ + দান = বাগদান
ⓛ জল + ওকা = জলৌকা
ⓖ নিঃ + রব = নীরব
ⓘ ষট্ + দশ = ষোড়শ **উত্তর: ঘ**

৩২. **নিপাতনে সিদ্ধ সন্ধির প্রয়োগ কোনটি?** [সিজিডিএফ-এর অডিটর : ২২]
ⓚ স্বৈর ⓛ পশ্বধম
ⓖ হিংস ⓘ ক ও খ **উত্তর: ক**

৩৩. **'স্বৈর' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়-** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ⓚ স্ব + ইর ⓛ স + ঈর
ⓖ স্বীয় + ইর ⓘ স্ব + ঈর **উত্তর: ঘ**

৩৪. **'সীমন্ত' শব্দটির সন্ধি বিচ্ছেদ-** [জবি (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ সীমা + অন্ত ⓛ সী + অন্ত
ⓖ সীম + অন্ত ⓘ সীমন্ + অন্ত **উত্তর: ঘ**

৩৫. **কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি নয়?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায় ২) : ১৮]
ⓚ মস্যাধার ⓛ অন্যান্য
ⓖ মার্তণ্ড ⓘ কুলটা **উত্তর: ক**

৩৬. **'আন্না' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ⓚ আর্ + না ⓛ আর + ন্না
ⓖ অনু + না ⓘ আন + না **উত্তর: ক**

৩৭. **'কাঁদ্ + না' - এটি কোন সন্ধি?** [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ⓚ স্বরসন্ধি ⓛ ব্যঞ্জন সন্ধি
ⓖ খাঁটি বাংলা সন্ধি ⓘ বিসর্গ সন্ধি **উত্তর: গ**

৩৮. **'রান্না' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ⓚ রান + না ⓛ রাঁদ্ + না
ⓖ রান্ন + আ ⓘ রাঁধ্ + না **উত্তর: ঘ**

৩৯. **কোনটি ঠিক নয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৮-১৯]
ⓚ চতুর্থ = চতুঃ + থ ⓛ সতীশ = সতি + ঈশ
ⓖ দুগ্ধ = দুহ্ + ত ⓘ নিষ্কর = নিঃ + কর **উত্তর: খ**

৪০. **নিচের কোন সন্ধি বিচ্ছেদটি সঠিক নয়?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন অডিটর : ১৯]
ⓚ নে + অন = নয়ন ⓛ রাজ্ + নী = রাজ্ঞী
ⓖ তদ্ + রূপ = তদ্রুপ ⓘ তদ্ + কাল = তৎকাল **উত্তর: গ**

পদ প্রকরণ
Parts of Speech

পদ

বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুই পদ। অর্থাৎ শব্দ যখন বাক্যে ব্যবহৃত হয়, তখন তার নাম হয় পদ। পদে পরিণত হওয়ার সময়ে শব্দের সঙ্গে কিছু শব্দাংশ যুক্ত হয়, এগুলোর নাম লগ্নক। লগ্নক চার ধরনের। যথা- বিভক্তি, নির্দেশক, বচন এবং বলক। বাক্যের যেসব পদে লগ্নক থাকে সেগুলোকে সলগ্নক পদ এবং যেসব লগ্নক থাকে না সেগুলোকে অলগ্নক পদ বলে। 'ছেলেরা ক্রিকেট খেলে'- এই বাক্যের 'ছেলেরা' ও 'খেলে' সলগ্নক পদ আর 'ক্রিকেট' অলগ্নক পদ।

শব্দ	পদ
শব্দ বিচ্ছিন্ন ও পরস্পর সম্পর্কহীন।	বাক্যের মধ্যে পদগুলো পরস্পরের সঙ্গে সম্পর্কযুক্ত।
শব্দের অংশ উপসর্গ ও প্রত্যয়।	পদের অংশ বিভক্তি, নির্দেশক, বচন ও বলক।
গঠনগতভাবে শব্দ ২ শ্রেণির: মূল শব্দ ও সাধিত শব্দ।	গঠনগতভাবে পদ ২ রকমের: অলগ্নক পদ ও সলগ্নক পদ।
শব্দ শুধু রূপতত্ত্বের আলোচ্য।	পদ একইসঙ্গে রূপতত্ত্ব ও বাক্যেতত্ত্বের আলোচ্য।

শব্দের আগে বসে উপসর্গ। শব্দের পরে বসে: অনুসর্গ, প্রত্যয়, বিভক্তি এবং পদাশ্রিত নির্দেশক। যেমন- 'পরাজয়ের' শব্দটিতে = পরা (উপসর্গ) + জয় (শব্দ) + এর (বিভক্তি)।
ব্যতিক্রম: 'গোটা' পদাশ্রিত নির্দেশক শব্দটির আগে বসে। যেমন- গোটা দেশটাই গোল্লায় গেছে।

বলক : যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হলে বক্তব্য জোরালো হয়, সেগুলোকে বলক বলে। 'তখনই' বা 'এখনও' পদের 'ই' বা 'ও' হলো বলকের উদাহরণ।

পদাশ্রিত নির্দেশক : যে সকল লগ্নক শব্দের সঙ্গে যুক্ত হয়ে নির্দিষ্টতা জ্ঞাপন করে, এগুলোকে পদাশ্রিত অব্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে। বচনভেদে পদাশ্রিত নির্দেশকেরও বিভিন্নতা প্রযুক্ত হয়। যেমন-

একবচনে	বহুবচনে
টা, টি, খানা, খানি, গাছা, গাছি। যেমন- কাপড়খানা, লাঠিগাছা, চুড়িগাছি প্রভৃতি।	গুলি, গুলা, গুলো, গুলিন প্রভৃতি। যেমন- মানুষগুলি, লোকগুলো, পটলগুলিন প্রভৃতি।

- *-টা, -টি*

বিশেষ্য, সর্বনাম ও বিশেষণের সঙ্গে -টা, -টি নির্দেশক বসে। এর দুটি রূপান্তর: -টো ও -টে। যেমন- বাড়িটা, ছেলেটা, এটা, সেটা, আমারটা, কিছুটা, একটা, সারাটা, করাটা, দিনটি, মেয়েটি, একটি, কয়েকটি, আরেকটি; দুটো; তিনটে ইত্যাদি।
'এক' শব্দের সঙ্গে টা, টি, টু যুক্ত হলে অনির্দিষ্টতা বোঝায়। যেমন- একটি দেশ, সে যেমনই হোক দেখতে। কিন্তু অন্য সংখ্যাবাচক শব্দের সাথে টা, টি যুক্ত নির্দিষ্টতা বোঝায়। যেমন- তিনটি বছর, দশটি বছর, একটু খাবার দাও ইত্যাদি।
নিরর্থকভাবেও নির্দেশক টা, টি-র ব্যবহার লক্ষণীয়। যেমন- সারাটি সকাল তোমার আশায় বসে আছি। ন্যাকামিটা এখন রাখ।
নির্দেশক সর্বনামের পরে টা, টি যুক্ত হলে তা সুনির্দিষ্ট হয়ে যায়। যেমন- ওটি যেন কার তৈরি?

- *-খানা, -খানি,*

বিশেষ্য ও বিশেষণ শব্দের সঙ্গে -খানা, -খানি নির্দেশক বসে। যেমন- ব্যাপারখানা, ভাবখানা, একখানা, আধখানা, মুখখানি, অনেকখানি ইত্যাদি।
যেসব ক্ষেত্রে -টা বা -টি বসে, সেসব ক্ষেত্রে -খানা বা -খানি বসতে পারে। যেমন- বাড়িটা বা বাড়িটি না বলে বাড়িখানা বা বাড়িখানিও বলা যায়।

- *-জন*

শুধু মানুষের বেলায় -জন নির্দেশকের ব্যবহার হয়। যেমন- বিজ্ঞজন, লোকজন, অনেকজন, কয়জন, এতজন, পণ্ডিতজন।
সংখ্যার সঙ্গেও -জন নির্দেশকের ব্যবহার হয়। যেমন- একজন রাজা, দুজন ডাক্তার ইত্যাদি।
অধিক সংখার বেলায় 'জন' নির্দেশকটি সংখ্যা পরে আলাদা শব্দের মতো বসে। যেমন- পাঁচ জন, পঁচিশ জন, ৪৫ জন ইত্যাদি।

- *-টুকু*

-টুকু নির্দেশক দিয়ে কোনো কিছুর সামান্য অংশ বা অল্প পরিমাণ বোঝায়। বিশেষ্য ও বিশেষণ শব্দের সঙ্গে নির্দেশকটি ব্যবহৃত হয়। এর রূপভেদ : -টু বা -টুক। যেমন-
সাবানটুকু, হাসিটুকু, শরবতটুকু, এতটুকু, সময়টুকু, একটু, আধটু, যতটুক, ততটুক ইত্যাদি।

MCQ Solution

১. **'পদ' বলতে কি বোঝায়?** [২০তম বিসিএস/ ১১তম বিসিএস]
ⓚ কবিতার চরণ ⓛ যে কোন শব্দ
ⓜ প্রত্যয়ন্ত শব্দ বা ধাতু ⓝ বিভক্তিযুক্ত শব্দ ও ধাতু **উত্তর:** ঘ

২. **বাক্যের অন্তর্গত প্রত্যেকটি শব্দকে বলা হয়-** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অফিস সহকারী : ১৮]
ⓚ কারক ⓛ বর্ণ
ⓜ পদ ⓝ ধ্বনি **উত্তর:** গ

৩. **শব্দ ও পদের মধ্যে পার্থক্য কীসে?** [রাবি (খ ইউনিট) : ১৪-১৫]
ক) ভিন্ন অর্থ প্রকাশক খ) বাক্যে সম্পর্কহীন ও সম্পর্কযুক্ত
খ) মৌলিক অর্থের জন্য ঘ) ভাবে ভিন্নতা **উত্তর: খ**

৪. **উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য-** [২৪তম বিসিএস/১৭তম বিসিএস]
ক) অব্যয় ও শব্দাংশ
খ) উপসর্গ থাকে সামনে, প্রত্যয় থাকে পিছনে
গ) ভিন্ন অর্থ প্রকাশ
ঘ) নতুন শব্দ গঠন **উত্তর: খ**

৫. **নিম্নের কোনটি শব্দের আগে বসে?** [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ) এর জুনিয়র অডিটর : ২২]
ক) অনুসর্গ খ) উপসর্গ
গ) বিভক্তি ঘ) প্রত্যয় **উত্তর: খ**

৬. **অনুসর্গ সাধারণত কোথায় বসে?** [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
ক) বাক্যের শেষে খ) শব্দের পূর্বে
গ) শব্দের পরে ঘ) শব্দের মধ্যে **উত্তর: গ**

৭. **টা, টি, খানা, খানি ইত্যাদি-** [২৬তম বিসিএস/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ক) অব্যয় খ) নির্দেশক সর্বনাম
গ) পদাশ্রিত নির্দেশক ঘ) সংখ্যাবাচক বিশেষণ **উত্তর: গ**

৮. **"ছোটটি কোথায়?" বাক্যে ছোট শব্দের শেষে 'টি' - এর ব্যাকরণিক পরিচয় কী?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ক) পদাশ্রিত নির্দেশক খ) অনুসর্গ
গ) বিভক্তি ঘ) শব্দ প্রত্যয় **উত্তর: ক**

৯. **'একটু' শব্দের 'টু' কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ক) প্রত্যয় খ) অনুসর্গ
গ) পদাশ্রিত নির্দেশক ঘ) অব্যয় **উত্তর: গ**

১০. **কোন পদাশ্রিত নির্দেশক শব্দের আগে বসে?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১]
ক) টি খ) টুকু
গ) গোটা ঘ) তা **উত্তর: গ**

১১. **'ন্যাকামিটা এখন রাখ' বাক্যে 'ন্যাকামি' শব্দের সাথে 'টা' যুক্ত হয়ে কোন অর্থ প্রকাশ করেছে?** [সমাজসেবা অধিদপ্তরের ইনস্ট্রাক্টর : ০৫]
ক) নিরর্থকতা খ) সার্থকতা
গ) দ্ব্যর্থকতা ঘ) ভিন্নার্থকতা **উত্তর: ক**

১২. **ছুঁয়ো না ছুঁয়ো না, ওটি লজ্জাবতী লতা - কোন শব্দটি পদাশ্রিত নির্দেশক?** [বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সহকারী পরিচালক : ২১]
ক) ওটি খ) ছুঁয়ো না
গ) লজ্জাবতী ঘ) লতা **উত্তর: ক**

১৩. **'সারাটি বিকেল তোমার অপেক্ষায় বসে আছি।' এখানে 'টি' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** [রাবি (ই২ ইউনিট) : ১৭-১৮]
ক) অর্থপূর্ণভাবে খ) দ্ব্যর্থহীনভাবে
গ) নিরর্থকভাবে ঘ) সমার্থকভাবে **উত্তর: গ**

১৪. **কোনটি নির্দেশক নয়?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর প্রকিউরমেন্ট অফিসার : ২১]
ক) টা খ) তম
গ) খানা ঘ) জন **উত্তর: খ**

পদ বিবেচনায় শব্দের শ্রেণিবিভাগ

প্রমিত বাংলা ব্যাকরণে বাক্যের অন্তর্গত এসব শব্দ বা পদকে মোট আটটি শ্রেণিতে ভাগ করা হয়েছে।

১) বিশেষ্য ২) সর্বনাম
৩) বিশেষণ ৪) ক্রিয়া
৫) ক্রিয়াবিশেষণ ৬) অনুসর্গ
৭) যোজক ৮) আবেগ।

পদগুলো প্রধানত দুই প্রকার। যথা- সব্যয় পদ ও অব্যয় পদ। সব্যয় পদ আবার চার প্রকার- **বিশেষ্য, বিশেষণ, সর্বনাম** এবং **ক্রিয়া**। সুতরাং পদ মোট **পাঁচ প্রকার। যথা- বিশেষ্য,** বিশেষণ, সর্বনাম, অব্যয় এবং ক্রিয়া।

MCQ Solution

১. **পদ প্রধানত কত প্রকার?** [স্বাস্থ্য অধিদপ্তরের অধীন স্বাস্থ্য সহকারী : ০৪]
ক) পাঁচ খ) দুই
গ) তিন **উত্তর: খ**

২. **'পদ' কত প্রকার?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. কার্গো হেলপার : ২১]
ক) ৩ খ) ৪
গ) ৬ ঘ) ৫ **উত্তর: ঘ**

বিশেষ্য (Noun)

যে পদে সাধারণত কোনো ব্যক্তি, বস্তু, জাতি, সমষ্টি, বিষয়, স্থান, কাল, ভাব, কর্ম বা গুণের নাম বোঝানো হয় বা কোনো কিছুর নাম বোঝায় তাকে বিশেষ্য পদ বলে। যেমন- ধন, অংশাংশী, অবসান, নীলাম্বরি, আরব সাগর, বিশ্বনবী, শেষের কবিতা, বিস্ময় প্রভৃতি।

সৌন্দর্য (বিশেষ্য) সকলকেই আকর্ষণ করে।

বিশেষ্য পদের প্রকারভেদ : বিশেষ্য পদ ছয় প্রকার। যথা- ১) নাম-বিশেষ্য ২) জাতি-বিশেষ্য ৩) বস্তু-বিশেষ্য ৪) সমষ্টি-বিশেষ্য ৫) ক্রিয়াবিশেষ্য এবং ৬) গুণ-বিশেষ্য।

সংজ্ঞা বা নামবাচক বিশেষ্য (Proper Noun) : যে পদ দ্বারা কোনো ব্যক্তি, ভৌগোলিক স্থান বা সংজ্ঞা এবং গ্রন্থ বিশেষের বিজ্ঞাপিত হয়, তাকে সংজ্ঞা (বা নাম) বাচক বিশেষ্য বলে। যথা-

ব্যক্তিনাম : নজরুল, ওমর, মাইকেল, জুলফিকার।
স্থাননাম : ঢাকা, প্যারিস, বাংলাদেশ, হিমালয়, পদ্মা, করতোয়া।
সৃষ্টিনাম : ইত্তেফাক, গীতাঞ্জলি, অগ্নিবীণা, সঞ্চয়িতা, অপরাজেয় বাংলা।
কালনাম : সোমবার, বৈশাখ, জানুয়ারি, রমজান।

জাতিবাচক বিশেষ্য (Common Noun) : যে পদ দ্বারা কোনো একজাতীয় প্রাণী বা পদার্থের সাধারণ নাম বোঝায়, তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমন- মানুষ, গরু, ছাগল, ফুল, ফল, বাঘ, সাগর, পাখি, পর্বত, নদী, ইংরেজ ইত্যাদি।

বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য (Material Noun) : যে পদে কোনো উপাদানবাচক পদার্থের নাম বোঝায়, তাকে বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য বলে। এই জাতীয় বস্তুর সংখ্যা ও পরিমাণ নির্ণয় করা যায়। যেমন- আকাশ, বই, খাতা, কলম, থালা, বাটি, মাটি, চাল, চিনি, লবণ, পানি, কাঠ, ইট, টেবিল ইত্যাদি।

সমষ্টিবাচক বিশেষ্য (Collective Noun) : যে পদে বেশকিছু সংখ্যক ব্যক্তি বা প্রাণীর সমষ্টি বোঝায়, তা-ই সমষ্টিবাচক বিশেষ্য। যেমন- সভা, জনতা, সমিতি, সমাজ, পঞ্চায়েত, মিছিল, ঝাঁক, বহর, দল, বাহিনী, পরিবার ইত্যাদি।

ক্রিয়াবিশেষ্য বা ভাববাচক বিশেষ্য (Verbal Noun) : ক্রিয়া ও কাজের নাম বোঝায়। যেমন- গমন (যাওয়ার ভাব বা কাজ)। এরূপ- পঠন, ভোজন, শয়ন, করানো, পাঠানো, নেওয়া, দর্শন, দেখা, শোনা ইত্যাদি।

গুণবাচক বিশেষ্য (Abstract Noun) : যে বিশেষ্য দ্বারা কোনো বস্তুর দোষ বা গুণের নাম বোঝায়, তা-ই গুণবাচক বিশেষ্য। যেমন- মধুর মিষ্টত্বের গুণ – মধুরতা, তরল দ্রব্যের গুণ – তারল্য। এরূপ- আলস্য, তারুণ্য, তিক্ততা, সৌরভ, স্বাস্থ্য, যৌবন, সুখ, দুঃখ, সততা, সরলতা, দয়া, আনন্দ, গুরুত্ব, দীনতা, ধৈর্য, স্নেহ, উৎকর্ষ, ধীরতা, দ্রুততা, চালাকি, চাতুর্য, দরিদ্রতা ইত্যাদি।

MCQ Solution

১. **কোনো কিছুর নামকে বলে-** [সমাজসেবা অধিদপ্তরের অফিস সহায়ক : ১৭]
ক বিশেষণ খ বিশেষ্য
গ অব্যয় ঘ ক্রিয়া **উত্তর:** খ

২. **কোন শব্দটি বিশেষ্য?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৩]
ক চঞ্চল খ চতুর
গ চালাক ঘ চাতুর্য **উত্তর:** ঘ

৩. **নিম্নোক্ত শব্দগুচ্ছের মধ্যে বিশেষ্য কোনটি?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর উপসহকারী প্রকৌশলী : ২২]
ক বিস্ময় খ ভগ্ন
গ মধুর ঘ রেশমী **উত্তর:** ক

৪. **নিচের কোনটি বিশেষ্য?** [জবি (খ ইউনিট) : ১৫-১৬]
ক দরিদ্রতা খ দরিদ্র
গ এক ঘ সমর্থ **উত্তর:** ক

৫. **নিচের কোনটি বিশেষ্য পদ?** [৩৬তম বিসিএস/ NSI-এর কম্পিউটার অপারেটর : ২১]
ক জাত খ গৈরিক
গ উদ্ধত ঘ গাম্ভীর্য **উত্তর:** ঘ

৬. **'সিক্ত নীলাম্বরি'– 'নীলাম্বরি' কোন পদ?** [স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
ক বিশেষ্য খ বিশেষণ
গ সর্বনাম ঘ ক্রিয়াবিশেষণ **উত্তর:** ক

৭. **বিশেষ্য পদ শনাক্ত করুন-** [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ক ভেতো খ অভ্যাস
গ নাব্য ঘ বৈষ্ণব **উত্তর:** খ

৮. **নিচের কোনটি বিশেষ্য?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]
ক মধুর খ স্নেহ
গ সুতি **উত্তর:** খ

৯. **'পঞ্চায়েত' কোন শব্দ?** [বাংলাদেশ গ্যাস ফিল্ড-এর সহকারী ব্যবস্থাপক : ২১]
ক বিশেষ্য খ বিশেষণ
গ অব্যয় ঘ ক্রিয়া **উত্তর:** ক

১০. **নিচের কোন শব্দটি বিশেষ্য?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩]
ক আধুনিক খ অরণ্য
গ অধুনা ঘ আশ্বস্ত **উত্তর:** খ

১১. **বিশেষ্য কোনটি?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৬]
ক আধুনিক খ অধীত
গ আর্থিক ঘ অবসান **উত্তর:** ঘ

১২. **কোনগুলো বিশেষ্য পদের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ঢাকা বিভাগ) : ০২]
ক সবুজ মাঠ, কালো মেঘ
খ টসটসে ফল, তকতকে মেঝে
গ আমরা, তোমরা
ঘ আরব সাগর, বিশ্বনবী **উত্তর:** ঘ

১৩. **বিশেষ্য পদ নয় কোনটি?** [বিবিএস- এর পরিসংখ্যান সহকারী : ২০]
ক হিমালয় খ গীতাঞ্জলি
গ স্বয়ং ঘ পর্বত **উত্তর:** গ

১৪. **নিচের কোনটি নামবাচক বিশেষ্য?** [যোগাযোগ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৬]
ক হিমালয় খ সততা
গ সাগর ঘ সমিতি **উত্তর:** ক

১৫. **জাতিবাচক বিশেষ্যের দৃষ্টান্ত-** [১৪তম বিসিএস/ ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
ক সমাজ খ পানি
গ মিছিল ঘ নদী **উত্তর:** ঘ

১৬. **চাউল, চিনি, পানি এগুলো কী বাচক বিশেষ্য?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়) : ১৯]
ক জাতিবাচক খ বস্তুবাচক
গ সমষ্টিবাচক ঘ ব্যক্তিবাচক **উত্তর:** খ

১৭. **নিচের কোনটি সমষ্টিবাচক বিশেষ্যের উদাহরণ?** [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী : ১৮]
ক সমিতি খ মানুষ
গ ফুল ঘ পাখি **উত্তর:** ক

১৮. 'জনতা' শব্দটি কোন জাতীয় অর্থদ্যোতকতা নির্দেশ করে? [মৎস্য অধিদপ্তরের বিভিন্ন পদ : ১৮]

ⓚ জাতিবাচকতা ⓚ সমষ্টিবাচকতা
ⓖ নামবাচকতা ⓖ ভাববাচকতা **উত্তর: খ**

১৯. সমষ্টিবাচকতা নির্দেশ করে যে শব্দটি- [জবি (ঘ ইউনিট) : ১৬-১৭]

ⓚ মানুষ ⓚ সততা
ⓖ অর্ধেক ⓖ বহর **উত্তর: ঘ**

২০. সমষ্টিবাচক বিশেষ্য পদ কোনটি? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ব্রিজ) : ১৮]

ⓚ খাতা ⓚ সভা
ⓖ পাখি ⓖ ঢাকা **উত্তর: খ**

২১. শয়ন (শোয়ার কাজ), গমন (যাওয়ার কাজ) কি বাচক বিশেষ্য? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৫]

ⓚ গুণবাচক ⓚ ভাববাচক
ⓖ দ্রব্যবাচক ⓖ সংখ্যাবাচক **উত্তর: খ**

২২. নিচের কোনটি ভাববাচক বিশেষ্য? [BEPZA এর সহকারী ব্যবস্থাপক : ২১]

ⓚ মাটি ⓚ হিমালয়
ⓖ সৌরভ ⓖ দর্শন **উত্তর: ঘ**

২৩. নিচের কোন শব্দগুলো ক্রিয়াবাচক বিশেষ্য? [বেরোবি (ক ইউনিট) : ১৬-১৭]

ⓚ জনতা, বহর ⓚ বাঙালি, ইংরেজি
ⓖ বীরত্ব, প্রতিভা ⓖ ভোজন, দর্শন **উত্তর: ঘ**

২৪. কোনটি গুণবাচক বিশেষ্য? [মাভাবিপ্রবি (ঘ ইউনিট) : ১৩-১৪]

ⓚ কিশোর ⓚ তারুণ্য
ⓖ রোগা ⓖ পাথুরে **উত্তর: খ**

২৫. গুণবাচক বিশেষ্য কোনটি? [সিজিএ - এর জুনিয়র অডিটর : ২২]

ⓚ বহর ⓚ মধুরতা
ⓖ সাহসী ⓖ দর্শন **উত্তর: খ**


২৬. 'দুঃখ' কোন প্রকার বিশেষ্য পদ? [সমন্বিত ৮ (আট) ব্যাংক অফিসার (জেনারেল) : ২২]

ⓚ সংজ্ঞাবাচক ⓚ গুণবাচক
ⓖ ভাববাচক ⓖ জাতিবাচক **উত্তর: খ**

বিশেষণ (Adjective)

যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ, বৈশিষ্ট্য, ধর্ম ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে। যেমন- চিরন্তন, কালো, গণবিরোধী, পার্বত্য, প্রাসঙ্গিক, বুনো, প্রস্তুত। এরূপ- তিনটি বছর। এ যে আমাদের চেনা লোক। বাজে কথা। সুন্দর ফুল। সন্তানের প্রতি মাতৃস্নেহ আন্তরিক। তার হাতের লেখা খুব ভালো।

বিশেষণ পদের প্রকারভেদ : বিশেষণ পদ প্রধানত দুই প্রকার। যথা- নাম বিশেষণ ও ভাব বিশেষণ।



ক) নাম বিশেষণ : যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে, তাকে নাম বিশেষণ বলে। যেমন- খুব সুন্দর বই। সুন্দর শিশু।

রূপ বা বর্ণবাচক : নীল আকাশ, সবুজ মাঠ, লাল ফিতা।
গুণবাচক : চৌকস লোক, দক্ষ কারিগর, চালাক ছেলে, ঠান্ডা পানি।
অবস্থাবাচক : তাজা মাছ, রোগা ছেলে, চলন্ত ট্রেন, তরল পদার্থ।
ক্রমবাচক : এক টাকা, আট দিন।
পূরণবাচক : তৃতীয় প্রজন্ম, ৩৪তম অনুষ্ঠান।
পরিমাণবাচক : আধা কেজি চাল, অনেক লোক।
অংশবাচক : অর্ধেক সম্পত্তি, ষোল আনা দখল।
উপাদানবাচক : বেলে মাটি, মেটে কলসি, পাথুরে মূর্তি, স্বর্ণময় পত্র।
প্রশ্নবাচক : কতদূর পথ? কেমন গান? কতক্ষণ সময়?
নির্দিষ্টতাজ্ঞাপক : ছাব্বিশে মার্চ, এই দিনে, সেই সময়।
বিশেষ্যের বিশেষণ : সুস্থ-সবল দেহকে কে না ভালোবাসে? নিশীথ রাতে বাজছে বাঁশি। ঘুমন্ত শিশুটি আমার সন্তান।
সর্বনামের বিশেষণ : সে রূপবান ও গুণবান।

খ) ভাব বিশেষণ : যে বিশেষণ বাক্যের অন্তর্গত অন্য বিশেষণকে বিশেষিত করে তাকে ভাব বিশেষণ বা অতি বিশেষণ বা তীব্রক বলে। যেমন - খুব ভাল খবর।

১) বিশেষণের বিশেষণ : সামান্য একটু দুধ দাও। এ ব্যাপারে সে অতিশয় দুঃখিত। মাতৃস্নেহ এক মধুর ও চিরন্তন সত্য।
২) ক্রিয়া-বিশেষণের বিশেষণ : গাড়িটা বেশ জোরে চলছে। অতিশয় মন্দ কথা। ঘোড়া খুব দ্রুত চলে।

বিশেষণের অতিশায়ন

বিশেষণ পদ যখন দুই বা ততোধিক বিশেষ্য পদের মধ্যে গুণ, অবস্থা, পরিমাণ প্রভৃতি বিষয়ে তুলনায় একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝিয়ে থাকে, তখন তাকে বিশেষণের অতিশায়ন বলে। যেমন- মেঘনা বাংলাদেশের *বৃহত্তম* নদী। সংখ্যাগুলোর *লঘিষ্ঠ* সাধারণ গুণিতক বের কর।

১) বাংলা শব্দের অতিশায়ন

দুয়ের মধ্যে অতিশায়ন :

➤ চাইতে, চেয়ে, হইতে, হতে, অপেক্ষা, থেকে ইত্যাদি শব্দ ব্যবহৃত হয়। যেমন- গরুর *থেকে* উটের দাম বেশি। বাঘের *চেয়ে* সিংহ বলবান।

➢ কখনো কখনো ষষ্ঠী বিভক্তিযুক্ত শব্দে ষষ্ঠী বিভক্তিই চেয়ে, থেকে প্রভৃতি শব্দের কার্যসাধন করে। যেমন- এ মাটি *সোনার* বাড়া।

➢ দুটি বস্তুর মধ্যে অতিশায়নে জোর দিতে হলে মূল বিশেষণের আগে অনেক, অধিক, বেশি, অল্প, কম, অধিকতর প্রভৃতি বিশেষণীয় বিশেষণ যোগ করতে হয়। যেমন- পদ্মফুল গোলাপের চাইতে *অনেক* সুন্দর। ঘিয়ের চেয়ে দুধ *বেশি* উপকারী।

বহুর মধ্যে অতিশায়ন : অনেকের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বোঝাতে মূল বিশেষণের কোনো পরিবর্তন হয় না। মূল বিশেষণের পূর্বে সবচাইতে, সবচেয়ে, সব থেকে, সর্বাপেক্ষা, সর্বাধিক প্রভৃতি শব্দ ব্যবহার হয়। যেমন- পশুর মধ্যে সিংহ *সর্বাপেক্ষা* বলবান। ভাইদের মধ্যে আরিফই *সবচাইতে* বিচক্ষণ।

২) তৎসম শব্দের অতিশায়ন

➢ দুয়ের মধ্যে 'তর' এবং বহুর মধ্যে 'তম' প্রত্যয় যুক্ত হয়ে থাকে। যেমন-

গুরু – গুরুতর – গুরুতম দীর্ঘ – দীর্ঘতর – দীর্ঘতম।

➢ দুয়ের মধ্যে তুলনায় 'ঈয়স্' প্রত্যয় এবং বহুর মধ্যে তুলনায় 'ইষ্ঠ' প্রত্যয় যুক্ত হয়। যেমন-

লঘু – লঘীয়ান – লঘিষ্ঠ বৃদ্ধ – জ্যায়ান – জ্যেষ্ঠ

শ্রেয় – শ্রেয়ান – শ্রেষ্ঠ অল্প – কনীয়ান – কনিষ্ঠ

➢ 'ঈয়স্' প্রত্যয়ান্ত কোনো কোনো শব্দের স্ত্রীলিঙ্গ রূপ বাংলায় প্রচলিত আছে। যেমন- *ভূয়সী* প্রশংসা।

বিধেয় বিশেষণ

বাক্যের বিধেয় অংশে যেসব বিশেষণ বসে, সেসব বিশেষণকে বিধেয় বিশেষণ বলে। যেমন- লোকটা পাগল। এই পুকুরের পানি ঘোলা।

নির্ধারক বিশেষণ

দ্বিরুক্ত শব্দ ব্যবহার করে যখন একের বেশি কোনো কিছুকে বোঝানো হয়, তখন তাকে নির্ধারক বিশেষণ বলে। যেমন- *রাশি রাশি ভারা ভারা* ধান কাটা হল সারা। (কবিতা-সোনার তরী) আমাদের ছোট গাঁয়ে *ছোট ছোট* ঘর। *থোকায় থোকায়* জোনাক জ্বলে।

MCQ Solution

১. **নিম্নের কোনটি বিশষণ পদ?** [বাংলাদেশ বিনিয়োগ কর্পোরেশনের ক্যাশিয়ার : ১৮]
ⓚ বুদ্ধিমান ⓚ ঢাকা
ⓖ রাজশাহী ⓖ এবং **উত্তর:** ক

২. **নিচের কোনটি বিশেষণ পদ?** [ইবি (ক ইউনিট) : ১০-১১]
(ক) দোষ (খ) দুঃখ
(গ) পরিমাণ (ঘ) পরাজিত **উত্তর:** ঘ

৩. **কোনটি বিশেষণ?** [ববি (খ ইউনিট) : ১২-১৩]
(ক) ফল (খ) সুফল
(গ) সফল (ঘ) সাফল্য **উত্তর:** গ

৪. **নিচের কোন শব্দটি বিশেষণ?** [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) : ০৬]
(ক) পার্বত্য (খ) দাঁত
(গ) রক্ষা (ঘ) শহর **উত্তর:** ক

৫. **'প্রস্তুত' কোন পদ?** [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
(ক) বিশেষ্য (খ) বিশেষণ
(গ) সর্বনাম (ঘ) অব্যয় **উত্তর:** খ

৬. **নিচের কোন পদটি বিশেষণ?** [ঢাবি (ক ইউনিট) : ১৩-১৪]
(ক) দিগম্বর (খ) যেহেতু
(গ) দীন (ঘ) যিনি **উত্তর:**ক,গ
ব্যাখ্যা: দিগম্বর এবং দীন দুটোই বিশেষণ পদ।

৭. **নিচের কোনটি একটি বিশেষণ পদ?** [পানি উন্নয়ন বোর্ড অফিস সহায়ক : ১৫]
(ক) এবং (খ) দেখা
(গ) জুতা (ঘ) নীল **উত্তর:** ঘ

৮. **'নীল আকাশ' কোন ধরনের বিশেষণ?** [রাবি (ই২ ইউনিট) : ১৭-১৮]
(ক) অবস্থাবাচক (খ) রূপবাচক
(গ) গুণবাচক (ঘ) পরিমাণবাচক **উত্তর:** খ

৯. **নিচের কোনটি অবস্থাবাচক নাম বিশেষণের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
(ক) হলুদ ফসল (ঘ) মেটে কলসি
(গ) তাজা মাছ (গ) চৌকস লোক **উত্তর:** গ

১০. **'স্বর্ণময় পত্র' কোন ধরনের বিশেষণ?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট) : ২০-২১]
(ক) উপাদানবাচক (খ) রূপবাচক
(গ) গুণবাচক (ঘ) অবস্থাবাচক **উত্তর:** ক

১১. **'বেলে মাটি' পদের প্রথম অংশটি কীরূপ বিশেষণ?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
(ক) উপাদানবাচক (খ) গুণবাচক
(গ) রূপবাচক (ঘ) ভাববাচক **উত্তর:** ক

১২. **'মেটে কলসি' শব্দবন্ধে 'মেটে' কোন প্রকার বিশেষণ?** [সমন্বিত ৬ ব্যাংক সহকারী প্রোগ্রামার : ২১]
(ক) গুণবাচক (ঘ) অবস্থাবাচক
(গ) উপাদানবাচক (ঘ) রূপবাচক **উত্তর:** গ

১৩. **নিচের কোনটি গুণবাচক বিশেষণের উদাহরণ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ (কর্মচারী) : ২১]
(ক) চৌকস লোক (খ) কালো মেঘ
(গ) নীল আকাশ (ঘ) ভাজা মাছ **উত্তর:** ক

১৪. **কোনটিতে ক্রমবাচক বিশেষণের উদাহরণ আছে?** [চবি (ঘ ইউনিট) : ০৭-০৮]
(ক) সাত দিন (খ) তৃতীয় অধ্যায়
(গ) অর্ধেক সম্পত্তি (ঘ) এই দিন **উত্তর:** ক

১৫. **কোনটি অংশবাচক বিশেষণ?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
(ক) পাঁচ শতাংশ জমি (খ) অর্ধেক সম্পত্তি
(গ) ছ' কিলোমিটার রাস্তা (ঘ) হাজার টনী জাহাজ **উত্তর:** খ

১৬. 'অর্ধেক সম্পত্তি'-এখানে 'অর্ধেক' কোন পদ? [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর সহকারী পরিচালক : ২০]
ⓚ বিশেষণ ⓚ নামবাচক বিশেষ্য
ⓖ সর্বনাম ⓖ বিশেষ্য **উত্তর:** ক

১৭. "নিশীথ রাতে বাজছে বাঁশি" - বাক্যে 'নিশীথ' কোন পদ? [বাংলাদেশ কৃষি উন্নয়ন ব্যাংক সিনিয়র অফিসার : ১০]
ক বিশেষণের বিশেষণ খ বিশেষ্যের বিশেষণ
গ বিশেষ্য ঘ বিশেষণ **উত্তর:** খ

১৮. যে পদ সর্বনাম ও বিশেষ্য পদকে বিশেষিত করে তাকে কি বলে? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১১]
ক নাম বিশেষণ খ ভাব বিশেষণ
গ বিশেষণের পদ ঘ বিশেষণ **উত্তর:** ক

১৯. কোনটি বিশেষণের বিশেষণ? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]
ক বাতাস ধীরে বইছে
খ এই আমি আর নই একা
গ অতিশয় মন্দ কথা
ঘ মেঘনা বড় নদী **উত্তর:** গ

২০. কোন বাক্যে বিশেষণের বিশেষণ রয়েছে? [বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২]
ক ধীরে চল খ ঘোড়া খুব দ্রুত চলে
গ সে পূণ্যবান ঘ মেটে কলসি **উত্তর:** খ

২১. বিশেষণের অতিশায়নের উদাহরণ কোনটি? [থানা শিক্ষা অফিসার : ৯৬]
ক ধীরে ধীরে বাতাস বহে
খ রকেট অতি দ্রুত চলে
গ মেঘনা বাংলাদেশের বৃহত্তম নদী
ঘ নীল আকাশের নক্ষত্রমণ্ডলী মিট মিট করে **উত্তর:** গ

২২. কোনটি 'বিশেষণের অতিশায়ন'? [জবি (ঘ ইউনিট) : ১৭-১৮]
ক গরুর থেকে উটের দাম বেশি
খ রকেট অতি দ্রুত চলে
গ পরে একবার এসো
ঘ নীল আকাশ **উত্তর:** ক

২৩. 'এ মাটি সোনার বাড়া'- এ উদ্ধৃতিতে 'সোনা' কোন অর্থে ব্যবহার করা হয়েছে? [২৭তম বিসিএস]
ক রূপবাচক বিশেষণ খ বিশেষণের অতিশায়ন
গ উপাদানবাচক বিশেষণ ঘ বিধেয় বিশেষণ **উত্তর:** খ

২৪. বাক্যে বিধেয় বিশেষণ কোথায় বসে? [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক বিশেষণের পূর্বে খ বিশেষ্যের পরে
গ প্রথমে ঘ শেষে **উত্তর:** খ

২৫. নিচের বাক্যে নিম্নরেখ শব্দগুলো কিসের উদাহরণ? 'রাশি রাশি ভারা ভারা ধান কাটা হল সারা।'- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ২২]
ক সাপেক্ষ সর্বনাম খ নির্ধারক সর্বনাম
গ নির্ধারক বিশেষণ ঘ সাপেক্ষ বিশেষণ **উত্তর:** গ

বিভিন্ন শব্দের বিশেষ্য ও বিশেষণরূপ

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
অনাদর	অনাদৃত	পৃথিবী	পার্থিব
অবজ্ঞা	অবজ্ঞাত	বুদ্ধি	বুদ্ধিমান
অধ্যয়ন	অধীত	ব্যাঘাত	ব্যাহত
আলস্য	অলস	বার্ধক্য	বৃদ্ধ
আঘাত	আহত	ভঙ্গ	ভঙ্গুর
কাবুলিওয়ালা	কাবুলি	মন	মানসিক
ক্ষণ	ক্ষণস্থায়ী	মদ	মত্ত
খেলাপ	খেলাপি	মধু	মধুময়
গুরু	গরিষ্ঠ	লবণ	লবণাক্ত, নোনতা
ঘর	ঘরোয়া	লজ্জা	লজ্জিত, লাজুক
চালাকি	চালাক	শোয়া	শায়িত
চাতুর্য	চতুর	শৈত্য	শীতার্ত
জীবন	জীবনী	শ্যামলিমা	শ্যামল
জন্ম	জাত	সৌন্দর্য	সুন্দর
দহন	দহনীয়	স্বাতন্ত্র্য	স্বতন্ত্র
দ্বেষ	দ্বেষী	সন্ধ্যা	সান্ধ্য
ধন	ধনী	সর্বজন	সর্বজনীন
ধ্বংস	ধ্বস্ত	সৌহার্দ	সুহৃদ
ন্যায়	ন্যায্য	সমর্থন	সমর্থ
পানি	পানীয়/ পেয়	সৌকুমার্য	সুকুমার
পাথর	পাথুরে	হনন	হন্যমান
প্রাচুর্য	প্রচুর		

MCQ Solution

১. 'বুদ্ধিমান' এর বিশেষ্য পদ কী? [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট : ২০]
ক বুদ্ধি খ বন্ধুত্ব
গ বুদ্ধিমত্তা **উত্তর:** ক

২. 'অলস' এর বিশেষ্য পদ কোনটি? [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক : ২২]
ক অলসতা খ আলস্য
গ আলসে ঘ আলসেমি **উত্তর:** খ

৩. 'অবজ্ঞাত' বিশেষণটির বিশেষ্য নির্দেশ করুন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৫]
ক অজ্ঞাত খ অবজ্ঞেও
গ অজ্ঞান ঘ অবজ্ঞা **উত্তর:** ঘ

৪. **'আহত' বিশেষণ পদের বিশেষ্য রূপ-** [ঢাবি (ঘ ইউনিট) : ১২-১৩]
ক আক্রমণ খ আক্রান্ত
গ নির্যাতন ঘ আঘাত **উত্তর: ঘ**

৫. **কোনটি বিশেষণ বাচক শব্দ?** [১৪তম বিসিএস]
ক জীবন খ জীবনী
গ জীবিকা ঘ জীবাণু **উত্তর: খ**

৬. **'অধ্যয়ন' শব্দের বিশেষণ-** [ইবি (খ ইউনিট) : ০৯-১০]
ক পঠিত খ অধ্যয়নরত
গ অধীত ঘ অধ্যয়নকৃত **উত্তর: গ**

৭. **'অনাদর'-এর বিশেষণ রূপ কোনটি?** [রাবি (খ ইউনিট) : ১৬-১৭]
ক অনাবৃত খ অনাদৃত
গ আদর ঘ আদৃত **উত্তর: খ**

৮. **'দহন' শব্দের বিশেষণ কোনটি?** [ন্যাশনাল ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ১৫]
ক দাহ্য খ দগ্ধ
গ দহনকারী ঘ দহনীয় **উত্তর: ঘ**

৯. **'দ্বেষ' এর বিশেষণ রূপ কী?** [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
ক দ্বিষ্ট খ বিদ্বেষ
গ দিষ্ট ঘ দ্বেষী **উত্তর: ঘ**

১০. **'পাথর' শব্দের বিশেষণ-** [ইবি (খ ইউনিট) : ০৯-১০]
ক পাথরিক খ প্রস্তরীভূত
গ পাথুরে ঘ অশ্মীভূত **উত্তর: গ**

১১. **নিচের কোনটি 'পৃথিবী' শব্দের বিশেষণ?** [রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
ক পৃথ্বী খ পার্থিব
গ বসুন্ধরা ঘ ধরণী **উত্তর: খ**

১২. **'পানি' এর বিশেষণ পদ কি?** [ইবি : ১১-১২]
ক পান্তা খ পানীয়
গ পেয় ঘ পেনী **উত্তর: খ,গ**

১৩. **'ভঙ্গ' শব্দের বিশেষণরূপ-** [রাবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক ভাঙ্গ খ ক্ষণিকা
গ ক্ষণা ঘ ভঙ্গুর **উত্তর: ঘ**

১৪. **'লজ্জা' শব্দের বিশেষণ-** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক লজ্জাকর খ লজ্জিত
গ লজ্জা ঘ লজ্জাযুক্ত **উত্তর: খ**

১৫. **'সৌহার্দ' বিশেষ্যের বিশেষণ-** [জবি (ঘ ইউনিট) : ১২-১৩]
ক সৌহার্দিক খ সৌহার্দ্যতা
গ মৈত্রী ঘ সুহৃদ **উত্তর: ঘ**

১৬. **'হন্যমান' যে শব্দের বিশেষণ-** [ঢাবি (খ-ইউনিট) : ১৮-১৯]
ক হরণ খ হনন
গ হন্যে ঘ হতাশা **উত্তর: খ**

১৭. **'জন্ম' - এর বিশেষণ রূপ কোনটি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিরাপত্তা অপারেটর : ২১]
ক জনম খ জাত
গ সৃষ্টি ঘ জান্ম **উত্তর: খ**

১৮. **'ঘর' শব্দের বিশেষণ হলো-** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী অফিসার : ০৫]
ক ঘরনি খ ঘরামি
গ ঘরোয়া ঘ কোনোটিই নয় **উত্তর: গ**

১৯. **'ক্ষণস্থায়ী' শব্দের বিশেষ্য-** [রাবি : ০৫-০৬]
ক ক্ষণ খ ক্ষণিকা
গ ক্ষণা ঘ ক্ষণো **উত্তর: ক**

২০. **'ধ্বস্ত' বিশেষণ পদের বিশেষ্য রূপ-** [ঢাবি (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক ধস খ ধ্বস
গ ধ্বংস ঘ ধাষ্ট্য **উত্তর: গ**

২১. **'বৃদ্ধ' বিশেষণ পদের বিশেষ্য রূপ-** [ঢাবি (খ ইউনিট) : ১৫-১৬]
ক বৃদ্ধি ঘ বৃদ্ধা
গ বৃহৎ ঘ বার্ধক্য **উত্তর: ঘ**

২২. **'মত্ত' শব্দটির বিশেষ্য-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ক মত খ মাতা
গ মতি ঘ মদ **উত্তর: ঘ**

২৩. **'সুকুমার' শব্দের বিশেষ্য রূপ কোনটি?** [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন মাস্টার : ২২]
ক সৌকুমার্থ খ সুকুমার্য
গ সোকৌমার্য ঘ সৌকুমার্য **উত্তর: ঘ**

২৪. **'সন্ধ্যা' শব্দের বিশেষণটি নির্দেশ করুন-** [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ০৭]
ক সাঁঝ খ সন্ধ্যা
গ সন্দা ঘ সান্ধ্য **উত্তর: ঘ**

২৫. **'গুরু' শব্দের বিশেষণরূপ নিচের কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী : ১০]
ক গুর্বী খ গরিষ্ঠ
গ লঘিষ্ঠ **উত্তর: খ**

২৬. **নিচের কোন বিশেষ্য-বিশেষণ জোড় শুদ্ধ?** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ক তক্ষণ - তাৎক্ষণিক খ ডাকাত - ডাকাতি
গ খেলাপ - খেলাপি ঘ তাঁতা - তেঁতো **উত্তর: গ**

২৭. **'শ্যামল' পদের বিশেষ্য কোনটি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক শ্যামলিকা খ শ্যাম
গ শ্যামলিমা ঘ শ্যামলী **উত্তর: গ**

২৮. **'সমর্থ'- শব্দের বিশেষ্য রূপ কোনটি?** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনে সিনিয়র অ্যাসিস্ট্যান্ট : ১৮]
ক সমর্থন খ সমর্থক
গ সামর্থ্য ঘ সমর্থনীয় **উত্তর: ক**

২৯. **'মধু' এ পদটির বিশেষণ রূপটি হলো-** [ডেসকো সাব-স্টেশন আটেনডেন্ট : ২২]
ক মাধুরী খ মধুতা
গ মধুময় ঘ মধুরতা **উত্তর:** গ

৩০. **'স্বাতন্ত্র্য' বিশেষ্য পদের বিশেষণ রূপ-** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ক স্বতন্ত্রতা খ স্বাতন্ত্র্যতা
গ স্বতন্ত্র ঘ স্বতন্ত্রী **উত্তর:** গ

৩১. **'শোয়া' শব্দের বিশেষণ পদ কী?** [যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার : ১৮]
ক শায়িত খ শোয়ানো
গ শোয়ান ঘ শোয়া **উত্তর:** ক

৩২. **'শৈত্য' শব্দের বিশেষণ পদ কোনটি?** [কর্মসংস্থান ব্যাংক অ্যাসিস্ট্যান্ট অফিসার (জেনারেল/ক্যাশ) : ১২]
ক শীতার্ত খ শীত
গ শীততাপ ঘ কোনোটিই নয় **উত্তর:** ক

৩৩. **বিশেষণ কোনটি?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]
ক ধনী খ শফিক
গ আমি ঘ দেখলাম **উত্তর:** ক

৩৪. **'ন্যায়' শব্দের বিশেষণ-** [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১০]
ক ন্যায়িক খ নীতিবাদ
গ ন্যায্য ঘ ন্যায়সঙ্গত **উত্তর:** গ

৩৫. **'মন' পদের বিশেষণ কোনটি?** [উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার : ২২/ গ্লোবাল ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২২]
ক মনুষ্য খ মানস
গ মানসিক ঘ মনুষ্যত্ব **উত্তর:** গ

৩৬. **'সুন্দর' শব্দের বিশেষ্য রূপ কোনটি?** [তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি. ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার : ১১]
ক সুন্দরী খ সুন্দার
গ সান্দর ঘ সৌন্দর্য **উত্তর:** ঘ

৩৭. **'সর্বজন'- এর বিশেষণ কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ২১]
ক বিশ্বজনীন খ সার্বিক
গ জনসাধারণ ঘ সর্বজনীন **উত্তর:** ঘ

৩৮. **'ব্যাঘাত' - এর বিশেষণ -** [সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
ক ব্যাহত খ বিধেয়
গ প্রতিঘাত ঘ বিঘ্ন **উত্তর:** ক

৩৯. **'চালাক'- এর বিশেষ্য পদ কি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ (কর্মচারী) : ২১]
ক চাতুর্য খ চালাকি
গ চতুরতা ঘ চাতুরী **উত্তর:** খ

৪০. **'চাতুর্য' শব্দের বিশেষণ কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে উপ-পরিদর্শক : ১৮]
ক চতুরতা খ চতুরালি
গ চতুর ঘ চৈতন্য **উত্তর:** গ

৪১. **'প্রচুর' এর বিশেষ্য রূপ-** [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর : ১৮]
ক প্রাচুর্য খ প্রাচুর্য্য
গ প্রাচুর্যতা ঘ প্রাচুর্য্যতা **উত্তর:** ক

৪২. **'কাবুলি'- এর বিশেষ্য পদ কি?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে উপসহকারী পরিচালক (শ্রম) : ০১]
ক কাবলু খ কাবুলিওয়ালা
গ কাবলী ঘ কাবুল **উত্তর:** খ

৪৩. **'উদীয়মান' বিশেষণের সাথে কোন বিশেষ্য পদ প্রযোজ্য হয়?** [আইসিবি ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
ক যৌবন খ বুদ্ধি
গ লেখক ঘ সম্রাট **উত্তর:** গ

৪৪. **'লবণ' শব্দের বিশেষ্য কোনটি?** [৩৫তম বিসিএস]
ক নোনতা খ লবণাক্ত
গ লাবণ্য ঘ লীলত **উত্তর:**
ব্যাখ্যা: 'নোনতা' এবং 'লবণাক্ত' বিশেষণবাচক শব্দ।

৪৫. **'লবণ' শব্দের বিশেষণ কোনটি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর এরোড্রাম ফায়ার লীডার : ২১]
ক লবণাক্ত খ নোনতা
গ লাবণ্য খ লালত **উত্তর:** ক,খ

একই পদের বিশেষ্য ও বিশেষণ রূপে প্রয়োগ

পদ	প্রয়োগ
	ভাল
বিশেষ্য	*ভালো* নিজেকে জাহির করে না। আপন *ভালো* সবাই চায়।
বিশেষণ	*ভালো* মানুষ কমই দেখা যায়। অয়ন *ভালো* দৌড়াতে পারে।
ভালোকে (বিশেষ্য) *ভালো* (বিশেষণ) বলবো না তো কি?	
	মন্দ
মন্দকে (বিশেষ্য) *মন্দ* (বিশেষণ) বলতেই হবে।	
	সুন্দর
বিশেষ্য	*সুন্দর* মাত্রেরই একটা আকর্ষণ শক্তি আছে। *সুন্দর* মানুষকে নিজের দিকে টানে। সব *সুন্দর* আপনাকে গোপন রাখে, অসুন্দর সে নিজেই এগিয়ে আসে।
বিশেষণ	সাব্বির দেখতে *সুন্দর*।
	মন্দ
বিশেষ্য	এখানে কী *মন্দটা* তুমি দেখলে?
বিশেষণ	*মন্দ* কথা বলতে নেই।

সত্য	
বিশেষ্য	এ এক বিরাট সত্য।
বিশেষণ	সত্য পথে থেকে সত্য কথা বল।
পুণ্য	
বিশেষ্য	*পুণ্যে* মতি হোক।
বিশেষণ	তোমার এ *পুণ্য* প্রচেষ্টা সফল হোক।
নিশীথ	
বিশেষ্য	গভীর *নিশীথে* প্রকৃতি সুপ্ত।
বিশেষণ	*নিশীথ* রাতে বাজছে বাঁশি।
শীত	
বিশেষ্য	*শীতের* সকালে চারদিকে কুয়াশায় অন্ধকার।
বিশেষণ	*শীতকালে* কুয়াশা পড়ে।
কী	
সর্বনাম	তুমি এতক্ষণ *কী* করেছ?
বিশেষণ	তুমি *কী* এতক্ষণ থাকবে?

MCQ Solution

১. **নিচের কোন বাক্যে 'ভালো' বিশেষ্য হিসেবে ব্যবহৃত হয়েছে?** [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
ⓚ অয়ন ভালো দৌড়াতে পারে
ⓚ ভালো লোক সবার প্রিয়
ⓖ ভালো মানুষ কমই দেখা যায়
ⓖ নিজের ভালো কে না চায়? **উত্তর:** ঘ

২. **কোন বাক্যে 'ভালো' বিশেষণরূপে ব্যবহৃত হয়েছে?** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭]
ⓚ ভালোকে ভালো বলবো না তো কি?
ⓚ আপন ভালো সবাই চায়
ⓖ এখানে কি ভালোটা তুমি দেখলে?
ⓖ ভালোকে সবাই পছন্দ করে **উত্তর:** ক

৩. **আপন ভালো সবাই চায়- এখানে 'ভালো' কোন পদ?** [বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]
ⓚ বিশেষ্য ⓚ বিশেষণ
ⓖ সর্বনাম ⓖ অব্যয় **উত্তর:** ক

৪. **বাংলা ভাষায় একই পদ বিশেষ্য ও বিশেষণরূপে ব্যবহৃত হতে পারে তার উদাহরণ কোনটি?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন সহকারী সার্জন (রেলওয়ে হাসপাতাল) : ০৫]
ⓚ ভূয়সী প্রশংসা
ⓚ বাহুবলই শ্রেষ্ঠ বটে
ⓖ আপন ভালো সবাই চায়
ⓖ মেঘনা বাংলাদেশের দীর্ঘতম নদী **উত্তর:** গ

৫. **'ভালো নিজেকে জাহির করে না, অনেক সময়ই তাকে খুঁজে বের করতে হয়।'- এই বাক্যে 'ভালো' শব্দটি কোন পদ?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক : ০৪]
ⓚ বিশেষ্য ⓚ বিশেষণ
ⓖ সর্বনাম ⓖ অব্যয় **উত্তর:** ক

৬. **'মন্দকে মন্দ বলতেই হবে।' এই বাক্যের দুই 'মন্দ' নিচের কোনটি?** [জবি (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ বিশেষ্য
ⓚ বিশেষণ
ⓖ প্রথমটি বিশেষ্য দ্বিতীয়টি বিশেষণ **উত্তর:** গ

৭. **কোন বাক্যে নিম্নরেখ শব্দ বিশেষ্যরূপে ব্যবহৃত হয়েছে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ⓚ গভীর নিশীথে প্রকৃতি সুপ্ত
ⓚ ভালো বাড়ি পাওয়া কঠিন
ⓖ মন্দ কথা বলতে নেই
ⓖ শীতকালে কুয়াশা পড়ে **উত্তর:** ক

৮. **'গভীর নিশীথে প্রকৃতি সুপ্ত'- এখানে 'নিশীথে' কোন পদ?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের বিভিন্ন পদ : ১৮]
ⓚ বিশেষ্য ⓚ নাম বিশেষণ
ⓖ ভাব বিশেষণ ⓖ ক্রিয়া **উত্তর:** ক

৯. **'পূণ্যে মতি হোক' বাক্যে 'পূণ্য' কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ ব্যাংক অফিসার : ১৫]
ⓚ বিশেষ্য ⓚ বিশেষণ
ⓖ বিশেষণের বিশেষণ ⓖ সর্বনাম **উত্তর:** ক

১০. **এ এক বিরাট 'সত্য' ..... সত্য কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?** [NSI-এর সহকারী পরিচালক : ১৭]
ⓚ বিশেষ্য ⓚ সর্বনাম
ⓖ বিশেষণ ⓖ অব্যয় **উত্তর:** ক

১১. **কোন শব্দটি বিশেষ্য বিশেষণ উভয় রূপে ব্যবহৃত হতে পারে?** [বাংলাদেশ ব্যাংক অফিসার (ক্যাশ) : ১৬]
ⓚ দেশ ⓚ সুন্দর
ⓖ ব্যথা ⓖ বন্দর **উত্তর:** খ

১২. **"সুন্দর মাত্রেরই একটা আকর্ষণ শক্তি আছে।"- এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ?** - [বাতিলকৃত ২৪তম বিসিএস/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ বিশেষণ ⓚ ক্রিয়া বিশেষণ
ⓖ বিশেষ্য ⓖ সর্বনাম **উত্তর:** গ

১৩. **"সৌন্দর্য সকলকেই আকর্ষণ করে।"- এই বাক্যে 'সৌন্দর্য' কোন পদ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী হিসাব রক্ষক : ২১]
ⓚ বিশেষণ ⓚ সর্বনাম
ⓖ বিশেষ্য ⓖ অব্যয় **উত্তর:** গ

১৪. **'তুমি এতক্ষণ কী করেছ?- এই বাক্যে 'কী' কোন পদ?** [২৪তম বিসিএস/ কর্মসংস্থান ব্যাংক লি. ডাটা এন্ট্রি অপারেটর : ২২]
ⓚ বিশেষণ ⓚ অব্যয়
ⓖ সর্বনাম ⓖ ক্রিয়া **উত্তর:** গ

সর্বনাম (Pronoun)

বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয়, তাকে সর্বনাম পদ বলে। বিশেষ্য শব্দের মতো সর্বনাম শব্দের সঙ্গেও বিভক্তি, নির্দেশক, বচন প্রভৃতি যুক্ত হয়। ভাষায় সর্বনামের ব্যবহারের উদ্দেশ্য হলো বিশেষ্যের পুনরাবৃত্তি দূর করা। যেমন- *যারা* দেশের ডাকে সাড়া দিতে পারে, *তারাই* তো সত্যিকারের দেশপ্রেমিক।

সর্বনাম পদের শ্রেণিবিভাগ : সর্বনামকে নিচের নয়টি শ্রেণিতে ভাগ করা যায়। যথা-

১. **ব্যক্তিবাচক বা পুরুষবাচক সর্বনাম :** ব্যক্তিনামের পরিবর্তে বসে। এই সর্বনাম তিন ধরনের:
ক) বক্তা পক্ষের সর্বনাম : আমি, আমরা, আমাকে, আমাদের ইত্যাদি।
খ) শ্রোতা পক্ষের সর্বনাম : তুমি, তোমরা, তুই, তোরা, আপনি, আপনারা, তোমাকে, তোকে, আপনাকে ইত্যাদি।
গ) অন্য পক্ষের সর্বনাম : সে, তারা, তিনি, তাঁরা, এ, এরা, ওর, ওদের, বালক ইত্যাদি।
শ্রোতা পক্ষ ও অন্যপক্ষের সর্বনামকে মর্যাদা অনুযায়ী তিন ভাগে ভাগ করা হয়। যথা - সাধারণ সর্বনাম (তুমি, সে), মানী সর্বনাম (আপনি, তিনি, ইনি, উনি) এবং ঘনিষ্ঠ সর্বনাম (তুই, এ, ও)।

২. **আত্মবাচক সর্বনাম :** কর্তা নিজেই কোনো কাজ করছে, এ ভাবটি জোর দিয়ে বোঝানোর জন্য ব্যবহৃত হয়। যেমন - সে নিজে অঙ্কটা করছে। এরূপ - আপন, আপনি, স্বয়ং, খোদ ইত্যাদি।

৩. **নির্দেশক সর্বনাম :** নৈকট্য বা দূরত্ব নির্দেশ করে। যেমন - নৈকট্য নির্দেশক - এ, এই, এরা, ইহারা, ইনি। দূর নির্দেশক - ও, ওই, ওরা, উনি, ঐ, ঐসব।

৪. **অনির্দিষ্ট সর্বনাম :** অনির্দিষ্ট বা পরিচয়হীন কিছু বোঝাতে ব্যবহৃত হয়। যেমন- কোন, কেহ, কেউ, কিছু, কোথাও, একজন (একজন এসে খবরটা দেয়) ইত্যাদি।

৫. **প্রশ্নবাচক সর্বনাম :** প্রশ্ন তৈরির জন্যে প্রয়োগ করা হয়। যেমন - কি, কে, কারা, কাকে, কাহার, কার, কিসে, কী (কী দিয়ে ভাত খায়?) ইত্যাদি।

৬. **সাপেক্ষ সর্বনাম :** পরস্পর নির্ভরশীল দুটি সর্বনামকে সাপেক্ষ সর্বনাম বলে। যেমন- যারা-তারা, যে-সে, যেমন-তেমন (*যেমন* কর্ম *তেমন* ফল)। *যত* গর্জে *তত* বর্ষে না। *যা* ভেবেছি *তাই* হয়েছে।

৭. **পারস্পরিক বা ব্যতিহার সর্বনাম:** দুই পক্ষের সহযোগিতা বা নির্ভরতা বোঝাতে ব্যবহৃত হয়। যেমন- পরস্পর, আপনা আপনি, নিজে, নিজে, আপসে, নিজেরা-নিজেরা (যাবতীয় দ্বন্দ্ব নিজেরা নিজেরা মিটমাট করে) ইত্যাদি।

৮. **সকলবাচক সর্বনাম :** ব্যক্তি, বস্তু, বা ভাবের সমষ্টি বোঝাতে ব্যবহৃত হয়। যেমন - সব, সবাই, সকল, সমুদয়, তাবৎ, সকলকে, সকলে, সবার, সমস্ত ইত্যাদি।

৯. **অন্যবাচক সর্বনাম :** নিজ ভিন্ন অন্য কোনো অনির্দিষ্ট ব্যক্তি বোঝাতে অন্যবাচক সর্বনাম ব্যবহৃত হয়। যেমন - অন্য, অপর, পর, অমুক ইত্যাদি।

সংযোগজ্ঞাপক সর্বনাম : যে, যিনি, যাঁরা, যারা, যাহারা ইত্যাদি।

MCQ Solution

১. **ভাষায় সর্বনামের ব্যবহারের উদ্দেশ্য কি?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৫]
ক) বিশেষণের পরিবর্তে ব্যবহার করা
খ) বিশেষ্যের পুনরাবৃত্তি দূর করা
গ) বিশেষ্যের অভাব দূর করা
ঘ) ভাষায় শব্দ সম্পদ বৃদ্ধি করা **উত্তর: খ**

২. **নিচের কোনটি সর্বনাম?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক : ১৭]
ক) করিম খ) কী
গ) বালক **উত্তর: খ**

৩. **নিচের কোনটি একটি সর্বনাম পদ?** [পানি উন্নয়ন বোর্ড অফিস সহায়ক : ১৫]
ক) সে খ) পড়া
গ) যদি ঘ) লাল **উত্তর: ক**

৪. **'যারা দেশের ডাকে সাড়া দিতে পারে, তারাই তো সত্যিকারের পুরুষ'- এখানে 'তারাই' কোন পদ?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ২১]
ক) বিশেষ্য খ) সর্বনাম
গ) বিশেষণ ঘ) অব্যয় **উত্তর: খ**

৫. **বাংলা ভাষার সর্বনাম পদ কত প্রকার?** [সমবায় অধিদপ্তর মাঠ সহকারী : ১৮]
ক) ৫ খ) ৭
গ) ৯ ঘ) ১০ **উত্তর: গ**

৬. **'আমি', 'আমরা'- এগুলো কোন সর্বনাম পদ?** [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়) এর অফিস সহকারী : ২১]
ক) ব্যতিহারিক খ) সাকুল্যবাচক
গ) আত্মবাচক ঘ) ব্যক্তিবাচক **উত্তর: ঘ**

৭. **ব্যতিহারিক সর্বনাম কোনটি?** [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
ক) ইহারা খ) যিনি
গ) নিজে নিজে ঘ) কেহ **উত্তর: গ**

৮. **নিচের কোনটি অনির্দিষ্টবাচক সর্বনাম?** [১৪ম বিজেএস পরীক্ষা : ২১]
ক) কেউ খ) এটা
গ) কবে ঘ) নিজে **উত্তর: ক**

৯. **'যেমন কর্ম তেমন ফল' বাক্যটি কি?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ২১]
ক) দ্বিরুক্তি খ) নির্ধারক বিশেষণ
গ) সাপেক্ষ সর্বনাম ঘ) ক্রিয়া বিশেষণ **উত্তর: গ**

১০. **কোনটি সংযোগজ্ঞাপক সর্বনাম?** [জাবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ⓚ যারা ⓚ এরা
ⓖ তোরা ⓖ কারা **উত্তর:** ক

১১. **সংযোগজ্ঞাপক সর্বনাম কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ তাবৎ ⓚ কিছু
ⓖ স্বয়ং ⓖ যে **উত্তর:** ঘ

ক্রিয়া (Verb)

বাক্যে যে পদ কোনো কিছু করা, ঘটা, হওয়া অর্থাৎ কোনো কার্য সম্পাদন বোঝায়, তাকে ক্রিয়াপদ বলে। অর্থাৎ বাক্যে উদ্দেশ্য বা কর্তা কী করে বা কর্তার কী ঘটে বা হয়, তা নির্দেশ করা হয় যে পদ দিয়ে তাকে ক্রিয়াপদ বলে। যেমন- রাজীব *খেলছে*। বৃষ্টি *হতে পারে*। বাবা বাড়ি *নেই*।

বাক্য গঠনের জন্য ক্রিয়াপদ অপরিহার্য। তবে কখনো কখনো বাক্যে ক্রিয়াপদ উহ্য বা অনুক্ত থাকতে পারে। একে অনুক্ত ক্রিয়াপদ বলে। যেমন- ইনি আমার ভাই = ইনি আমার ভাই (হন)। আজ প্রচণ্ড গরম = আজ প্রচণ্ড গরম (অনুভূত হচ্ছে)।

পক্ষ (পুরুষ) ও কাল ভেদে ক্রিয়ার রূপভেদ হয় কিন্তু বচনভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না।

পক্ষভেদ : আমি পড়ি, আমরা পড়ি, তুমি পড়ো, তোমরা পড়ো, সে পড়ে, তারা পড়ে।

কালভেদ : আমি পড়ি, আমি পড়ছি, আমি পড়েছি, আমি পড়েছিলাম, আমি পড়ছিলাম, আমি পড়ব।

ক্রিয়ার গঠন

ক্রিয়ামূল বা ধাতুর সঙ্গে পুরুষ অনুযায়ী কালসূচক ক্রিয়াবিভক্তি যোগ করে ক্রিয়া গঠন করতে হয়। যেমন- পড়ছে - পড় (ধাতু) + ছে (বিভক্তি)।

ক্রিয়ার দুইটি অংশ: প্রথম অংশ ধাতু বা ক্রিয়ামূল এবং দ্বিতীয় অংশ ক্রিয়াবিভক্তি। উৎপত্তির দিক থেকে ক্রিয়াপদ দুভাগে বিভক্ত। যথা- মৌলিক ও কৃদন্ত।

ক্রিয়ামূলের সঙ্গে যেসব লগ্নক যুক্ত হয়ে ক্রিয়ার কাল ও পক্ষ নির্দেশিত হয়, সেগুলোকে ক্রিয়াবিভক্তি বলে। যেমন- পড়ছি (পড় + ছি) - ক্রিয়ার এই রূপটি থেকে বোঝা যায় যে, এই ক্রিয়ার কর্তা বক্তা পক্ষের এবং এটা দিয়ে ঘটমান বর্তমান কালের পড়া ক্রিয়াকে বোঝায়।

ক্রিয়ার প্রকারভেদ

☐ ***ভাব প্রকাশের দিক দিয়ে বা অর্থ সম্পর্ক বিচারে ক্রিয়াপদকে দু'ভাগে ভাগ করা যায়। যথা-***

ক) সমাপিকা ক্রিয়া : যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে, বক্তার কথা সম্পূর্ণ ব্যক্ত হয়, তাকে সমাপিকা ক্রিয়া বলে। বাক্যের শেষে সমাপিকা ক্রিয়াপদ বসে। যেমন- আমি ভাত খেয়ে স্কুলে যাব। বাবুল পড়ে। ভালো করে পড়াশোনা করবে। তিনি ভাত খেয়ে চেয়ারে বসলেন।

খ) অসমাপিকা ক্রিয়া : যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন- আমি ভাত খেয়ে স্কুলে যাব। তাকে বলতে দাও। যত্ন করলে রত্ন মেলে। সূর্য উঠলে অন্ধকার দূরীভূত হয়। ভালো করে পড়াশোনা করলে ভাল ফল হবে। অসমাপিকা ক্রিয়া তিন ধরনের : যথা -

ভূত অসমাপিকা : সে গান করে আনন্দ পায়।
ভাবী অসমাপিকা : সে গান শিখতে রাজশাহী যায়।
শর্ত অসমাপিকা : গান করলে তার মন ভালো হয়।

অসমাপিকা ক্রিয়াঘটিত বাক্যে দুই ধরনের কর্তার (কর্তৃ কারক) ব্যবহার দেখা যায়-

১) *এক কর্তা* : বাক্যস্থিত সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার কর্তা এক বা অভিন্ন হতে পারে। যেমন- তুমি কাজ পেলে আর কি বাড়ি আসবে? বাক্যটিতে - পেলে (অসমাপিকা ক্রিয়া) এবং আসবে (সমাপিকা ক্রিয়া) উভয় ক্রিয়ার কর্তা - তুমি।

২) *অসমান কর্তা* : বাক্যস্থিত সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার কর্তা এক না হলে সেখানে কর্তাগুলোকে অসমান কর্তা বলে। যেমন- আমি তাকে যেতে বললে সে যাবে। অসমান কর্তা আবার দুই প্রকার-

- শর্তাধীন কর্তা : এ জাতীয় কর্তাদের ব্যবহার শর্তাধীন হতে পারে। যেমন- তোমরা বাড়ি এলে আমি রওনা হব। সে এলে আমি যাব।
- নিরপেক্ষ কর্তা : শর্তাধীন না হয়েও সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার ভিন্ন ভিন্ন কর্তৃপদ থাকতে পারে। সে ক্ষেত্রে প্রথম কর্তৃপদটিকে বলা হয় 'নিরপেক্ষ কর্তা'। যেমন- 'সূর্য অস্তমিত হলে যাত্রীদল পথচলা শুরু করল।' এখানে 'যাত্রীদলের' পথ চলার সঙ্গে 'সূর্য' অস্তমিত হওয়ার কোনো শর্ত বা সম্পর্ক নেই বলে 'সূর্য' নিরপেক্ষ কর্তা।

অসমাপিকা ক্রিয়ার ব্যবহার-

কার্যপরম্পরা বোঝাতে : চারটা বাজলে স্কুল ছুটি হবে।
সাপেক্ষতা বোঝাতে : আজ বাবা বেঁচে থাকলে আমার কষ্ট হতো না। ভালো করে পড়লে সফল হবে।
ইচ্ছা প্রকাশে : আমি বাঁচতে চাই।
বিধান নির্দেশে : রোগ হলে ওষুধ খাবে।

☐ ***বাক্যের মধ্যে কর্মের উপস্থিতিতে ক্রিয়া তিন প্রকার। যথা-***

ক) অকর্মক ক্রিয়া : যে ক্রিয়ার কর্ম নেই, তাকে অকর্মক ক্রিয়া বলে। যেমন- আমি *চোখে দেখি* না। সে *ঘুমায়*। মেয়েটি *হাসে*। - কী 'হাসে' বা 'কাকে হাসে' প্রশ্ন করলে কোনো উত্তর হয় না। কাজেই 'হাসে' ক্রিয়াটি অকর্মক ক্রিয়া।

খ) সকর্মক ক্রিয়া : যে ক্রিয়ার কর্ম পদ আছে তা-ই সকর্মক ক্রিয়া। ক্রিয়ার সাথে কী বা কাকে প্রশ্ন করলে যে উত্তর

পাওয়া যায়, তা-ই ক্রিয়ার কর্মপদ। যেমন-

সে চিঠি$_{\text{কর্মপদ}}$ লিখছে$_{\text{সকর্মক ক্রিয়া}}$।

সে বই$_{\text{কর্মপদ}}$ পড়ছে$_{\text{সকর্মক ক্রিয়া}}$।

আকাশে চাঁদ *উঠেছে*। বাবাকে আমার খুব ভয় *করে*। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা পরীক্ষা *দিচ্ছে*। আমি চাঁদ *দেখেছি*।

গ) **দ্বিকর্মক ক্রিয়া :** যে ক্রিয়ার দুটো কর্ম থাকে, তাকে দ্বিকর্মক ক্রিয়া বলে। দ্বিকর্মক ক্রিয়ার বস্তুবাচক কর্ম পদটিকে মুখ্য বা প্রধান কর্ম এবং ব্যক্তিবাচক কর্ম পদটিকে গৌণ কর্ম বলে। যেমন- সে আমাকে চিঠি লিখছে। [চিঠি- (বস্তু) মুখ্যকর্ম; আমাকে- (ব্যক্তি) গৌণ কর্ম; লিখছে - দ্বিকর্মক ক্রিয়া]

শিক্ষক ছাত্রকে বই কিনে দিলেন। [ছাত্রকে- গৌণ কর্ম; বই - মুখ্যকর্ম; দিলেন -দ্বিকর্মক ক্রিয়া]

সমধাতুজ কর্ম : বাক্যের ক্রিয়া ও কর্ম একই ধাতু থেকে গঠিত হলে ঐ কর্মপদকে সমধাতুজ কর্ম বা ধাতুর্থক কর্মপদ বলে। যেমন- আর কত *খেলা* খেলবে। খেল্ + আ = খেলা (কর্মপদ); খেল্ + বে = খেলবে (ক্রিয়াপদ)। তাই 'খেলা' পদটি সমধাতুজ বা ধাতুর্থক কর্ম। এরূপ-

সে যে *চাল* চেলেছে তাতে তাকে ষড়যন্ত্রকারী ছাড়া আর কিছু বলা যায় না। সে খুব আরামের *ঘুম* ঘুমিয়েছে। খুব *বাঁচা* বেঁচেছি। খুব *ঠকা* ঠকেছি। সে বিস্ময়ের *হাসি* হাসিল। আজ অনেক *পড়া* পড়লাম।

☐ ***গঠন বিবেচনায় ক্রিয়া পাঁচ রকম। যথা -***

ক) সরল ক্রিয়া : একটিমাত্র পদ দিয়ে যে ক্রিয়া গঠিত হয় এবং কর্তা এককভাবে ক্রিয়াটি সম্পন্ন করে, তাকে সরল ক্রিয়া বলে। যেমন - সে লিখছে। ছেলেরা মাঠে খেলছে।

খ) নামক্রিয়া : বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক শব্দের শেষে -আ বা -আনো প্রত্যয় যুক্ত হয়ে যে ক্রিয়া গঠিত হয়, তাকে নামক্রিয়া বলে। যেমন-

চমক$_{\text{বি}}$ + আনো$_{\text{প্রত্যয়}}$ = চমকানো (আকাশে বিদ্যুৎ চমকায়)।

বেত$_{\text{বি}}$ + আ$_{\text{প্রত্যয়}}$ = বেতা (শিক্ষক ছাত্রকে বেতাচ্ছেন)।

কম$_{\text{বিণ}}$ + আ$_{\text{প্রত্যয়}}$ = কমা (বাজারে সবজির দাম কমছে না)।

বাঁকা$_{\text{বিণ}}$ + আ$_{\text{প্রত্যয়}}$ = বাঁকা (কঞ্চিটি বাঁকিয়ে ধর)।

ছটফট$_{\text{ধ্বন্যাত্মক শব্দ}}$ + আনো$_{\text{প্রত্যয়}}$ = ছটফটানো (জবাই করা মুরগি উঠানো ছটফটায়।

কন কন$_{\text{ধ্বন্যাত্মক শব্দ}}$ + আ = কনকনা (দাঁতটি ব্যথায় কনকনাচ্ছে)।

গ) প্রযোজক ক্রিয়া : কর্তা অন্যকে দিয়ে কাজ করালে তাকে প্রযোজক ক্রিয়া বলে। সংস্কৃত ব্যাকরণে একে 'ণিজন্ত ক্রিয়া' বলা হয়। যে ক্রিয়া প্রযোজনা করে, তাকে প্রযোজক কর্তা বলে এবং যাকে দিয়ে ক্রিয়াটি অনুষ্ঠিত হয়, তাকে প্রযোজ্য কর্তা বলে। যেমন-

প্রযোজক কর্তা	প্রযোজ্য কর্তা	প্রযোজক ক্রিয়া/ ণিজন্ত ক্রিয়া
মা	শিশুকে	চাঁদ দেখাচ্ছেন।
সাপুড়ে	সাপ	খেলায়।
তুমি	খোকাকে	কাঁদিও না।

ঘ) যৌগিক ক্রিয়া : অসমাপিকা ক্রিয়ার সঙ্গে সমাপিকা ক্রিয়া যুক্ত হয়ে যখন একটি ক্রিয়া গঠন করে, তখন তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন- মরে যাওয়া, কমে আসা, এগিয়ে চলা, হেসে ওঠা, উঠে পড়া, পেয়ে বসা, সরে দাঁড়ানো, বেঁধে দেওয়া, বুঝে নেওয়া, বলে ফেলা, চেপে রাখা ইত্যাদি।

তাগিদ দেওয়া অর্থে	: ঘটনাটা শুনে রাখ।
নিরন্তরতা অর্থে	: তিনি বলতে লাগলেন।
কার্যসমাপ্তি অর্থে	: ছেলে মেয়েরা শুয়ে পড়ল।
আকস্মিকতা অর্থে	: সাইরেন বেজে উঠল।
অভ্যস্ততা অর্থে	: শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে।
অনুমোদন অর্থে	: এখন যেতে পার।
প্রতিজ্ঞা অর্থে	: এ চক্র ছিন্ন তো করতেই হবে।

ঙ) সংযোগ ক্রিয়া বা মিশ্র ক্রিয়া : বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক শব্দের পরে করা, কাটা, হওয়া, দেওয়া, ধরা, পাওয়া, খাওয়া, মারা প্রভৃতি ক্রিয়া যুক্ত হয়ে সংযোগ ক্রিয়া গঠিত হয়।

করা ক্রিয়া যোগে	: গান করা, গরম করা, ঠনঠন করা, ব্যাট করা
কাটা ক্রিয়া যোগে	: সাঁতার কাটা, বিপদ কাটা
হওয়া ক্রিয়া যোগে	: উদয় হওয়া, বড়ো হওয়া, রাজি হওয়া
দেওয়া ক্রিয়া যোগে	: কথা দেওয়া, মন দেওয়া, দোষ দেওয়া
ধরা ক্রিয়া যোগে	: ভাঙন ধরা, মরচে ধরা, ক্যাচ ধরা
পাওয়া ক্রিয়া যোগে	: লজ্জা পাওয়া, কষ্ট পাওয়া, বৃদ্ধি পাওয়া
খাওয়া ক্রিয়া যোগে	: আছড় খাওয়া, মার খাওয়া, ডিগবাজি খাওয়া
যাওয়া ক্রিয়া যোগে	: গোল্লায় যাওয়া
মারা ক্রিয়া যোগে	: উঁকি মারা, পকেট মারা।

MCQ Solution

১. **ক্রিয়াপদ-** [২১তম বিসিএস/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক : ১৬]

ⓚ সবসময়ে বাক্যে থাকবে
ⓚ কখনো কখনো বাক্যে উহ্য থাকতে পারে
ⓖ আসলে বিশেষণ থেকে অভিন্ন
ⓖ শুধু অতীতকাল বোঝাতে বাক্যে ব্যবহৃত হয় **উত্তর:** খ

২. **বাক্যের অপরিহার্য পদ কোনটি?** [বিবিএস এর থানা পরিসংখ্যানবিদ : ২০]

ক নামপদ খ কর্মপদ
গ কর্তৃপদ ঘ ক্রিয়াপদ **উত্তর:** ঘ

৩. **ধাতুর সঙ্গে কী যুক্ত হয়ে ক্রিয়া হয়?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর এরোড্রোম ফায়ার লীডার : ২১]

ক প্রত্যয় খ অনুসর্গ
গ বিভক্তি ঘ উপসর্গ **উত্তর:** গ

৪. **কিসের ভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২/ ডেসকো সাব-স্টেশন অ্যাটেনডেন্ট : ২২]
ⓚ বচনভেদে ⓚ প্রয়োগভেদে
ⓖ অর্থভেদে ⓖ বর্ণনাভেদে **উত্তর:** ক

৫. **বাক্যের অর্থ গঠনের বিচার করে ক্রিয়াপদকে কয় ভাগে ভাগ করা যায়?** [শ্রম মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক : ০৫]
ⓚ তিন ভাগে ⓚ চার ভাগে
ⓖ পাঁচ ভাগে ⓖ দুই ভাগে **উত্তর:** ঘ

৬. **উৎপত্তির দিক থেকে ক্রিয়াপদ কোন দুভাগে বিভক্ত?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ⓚ অকর্মক ও সকর্মক ⓚ প্রত্যয়হীন ও প্রত্যয়ান্ত
ⓖ ধাতু ও তদ্ধিত ⓖ মৌলিক ও কৃদন্ত **উত্তর:** ঘ

৭. **বাক্যে সমাপিকা ক্রিয়াপদ কোথায় বসে?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩]
ⓚ শেষে ⓚ প্রথমে
ⓖ কর্মের আগে ⓖ অব্যয় পদের পরে **উত্তর:** ক

৮. **'বাবুল পড়ে' এ বাক্যে 'পড়ে' কোন ক্রিয়া?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ সকর্মক ⓚ সমাপিকা
ⓖ অসমাপিকা ⓖ অকর্মক **উত্তর:** খ,ঘ

ব্যাখ্যা: বাবুল পড়ে - বাক্যটিতে বক্তার কথা সম্পূর্ণ ব্যক্ত হয়েছে। তাই 'পড়ে' সমাপিকা ক্রিয়া। আবার, 'কী পড়ে?' প্রশ্ন করলে কোনো উত্তর হয় না। কাজেই 'পড়ে' ক্রিয়াটি অকর্মক ক্রিয়া।

৯. **কোনো বাক্যে যে ক্রিয়াপদ অসমাপ্ত থাকে, তাকে কি ধরনের ক্রিয়াপদ বলে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর : ০৩]
ⓚ সমাপিকা ক্রিয়া ⓚ অর্ধ-সমাপিকা ক্রিয়া
ⓖ অসমাপিকা ক্রিয়া ⓖ অর্ধ-অসমাপিকা ক্রিয়া **উত্তর:** গ

১০. **অসমাপিকা ক্রিয়া দ্বারা গঠিত বাক্যে কয় প্রকার কর্তা দেখা যায়?** [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে গবেষণা কর্মকর্তা : ৯৮]
ⓚ এক প্রকার ⓚ দু'প্রকার
ⓖ তিন প্রকার ⓖ চার প্রকার **উত্তর:** খ

১১. **"বাড়ি গিয়ে তাকে পাওয়া যায়নি" - এ বাক্যে 'গিয়ে' কোন ক্রিয়া?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সিনিয়র অফিসার : ২১]
ⓚ অসমাপিকা ⓚ সমাপিকা
ⓖ দ্বিকর্মক ⓖ প্রযোজক **উত্তর:** ক

১২. **কোন বাক্যে অসমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয়েছে?** [১৩তম বিসিএস]
ⓚ আমি ভাত খাচ্ছি ⓚ আমি ভাত খেয়ে স্কুলে যাব
ⓖ আমি দুপুরে ভাত খাই ⓖ তাড়াতাড়ি ভাত খেয়ে উঠ **উত্তর:** খ

১৩. **'সূর্য উঠলে আঁধার দূরীভূত হয়'- 'উঠলে' কোন ক্রিয়াপদ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (তৃতীয় পর্যায়) : ১৯]
ⓚ সমাপিকা ⓚ অসমাপিকা
ⓖ প্রযোজক ⓖ প্রযোজ্য **উত্তর:** খ

১৪. **'যত্ন করলে রত্ন মিলে'- এখানে 'করলে' কোন ক্রিয়ার উদাহরণ?** [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার : ১৮]
ⓚ অনুক্ত ⓚ দ্বিকর্মক
ⓖ সমাপিকা ⓖ অসমাপিকা **উত্তর:** ঘ

১৫. **কোন বাক্যে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার নেই?** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ⓚ তাকে বলতে দাও ⓚ তুমি বল, আমি শুনি
ⓖ আমরা বাঁচতে চাই ⓖ সে দেখতে লাগলো **উত্তর:** খ

১৬. **কোন বাক্যে অসমান কর্তা আছে?** [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২১]
ⓚ সে কেঁদে কেঁদে বলল
ⓚ বালিকাটি গান করে বলে গেল
ⓖ সে এলে আমি যাব
ⓖ সে যেতে যেতে থেকে গেল **উত্তর:** গ

১৭. **'সূর্য অস্তমিত হলে যাত্রীদল পথচলা শুরু করল।' এখানে 'সূর্য' কোন ধরনের কর্তা?** [থানা শিক্ষা অফিসার : ৯৬]
ⓚ অসমান ⓚ একক
ⓖ একক অসমান ⓖ নিরপেক্ষ **উত্তর:** ঘ

১৮. **'আমি বাঁচতে চাই।'- বাক্যের ক্রিয়াপদের ব্যবহার কী অর্থে?** [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার : ৯৮]
ⓚ নিমিত্ত অর্থে ⓚ আবশ্যকতা অর্থে
ⓖ ইচ্ছা অর্থে ⓖ বিধি অর্থে **উত্তর:** গ

১৯. **কোন ধাতুর সাথে পুরুষ ও কালসূচক ক্রিয়া বিভক্তি যোগে সেই ক্রিয়াপদ গঠিত হয়?** [সমাজসেবা অধিদপ্তরের উপ-সহকারী পরিচালক : ০৫]
ⓚ দ্বিকর্মক ক্রিয়া ⓚ অকর্মক ক্রিয়া
ⓖ নাম ধাতুর ক্রিয়া ⓖ যৌগিক ক্রিয়া **উত্তর:** গ

২০. **যৌগিক ক্রিয়ার গঠন হয় নিম্নরূপে-** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ⓚ দুটি সমাপিকার গঠনে
ⓚ এক বা একাধিক সমাপিকা ও অসমাপিকার মিশ্র গঠনে
ⓖ অসমাপিকা ও নঞর্থক ক্রিয়াযোগে
ⓖ অন্ত্যর্থ ক্রিয়া ও নঞর্থক ক্রিয়াযোগে **উত্তর:** খ

২১. **সাইরেন বেজে উঠল। 'বেজে উঠল' কি ধরনের ক্রিয়াপদ?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
ⓚ মিশ্র ⓚ যৌগিক
ⓖ প্রযোজক ⓖ সমধাতুজ **উত্তর:** খ

২২. **'ঘটনাটা শুনে রাখ' বাক্যে কোন ক্রিয়া রয়েছে?** [১৫তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ২২]
ⓚ যৌগিক ⓚ অকর্মক
ⓖ প্রযোজক ⓖ মিশ্র **উত্তর:** ক

২৩. **'শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে'- বাক্যটিতে কোন অর্থ প্রকাশ পেয়েছে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ⓚ নিরন্তরতা অর্থ ⓚ কার্য সমাপ্তি অর্থ
ⓖ অভ্যস্ততা অর্থ ⓖ অনুমোদন **উত্তর:** গ

২৪. **কর্তা অন্যকে দিয়ে করালে বোঝালে কোন ক্রিয়া হয়?** [বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২]
ⓚ সরল ক্রিয়া ⓚh প্রযোজক ক্রিয়া
ⓖ নাম ক্রিয়া ⓖh যৌগিক ক্রিয়া **উত্তর:** খ

২৫. **কোন বাক্যে যৌগিক ক্রিয়ার উদাহরণ নেই?** [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]
ⓚ এখন যেতে পার ⓚh শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে
ⓖ মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন
ⓖh এ চক্র ছিন্ন তো করতেই হবে **উত্তর:** গ

২৬. **'শিক্ষক ছাত্রদের পাঠদান করান।' এ বাক্যটিতে প্রযোজক কর্তা কে?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ শিক্ষক ⓚh ছাত্র
ⓖ পাঠ ⓖh শিক্ষক ও ছাত্র **উত্তর:** ক

২৭. **কোন বাক্যটি প্রযোজক ক্রিয়া দ্বারা গঠিত?** [বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউটের সহকারী পরিচালক : ২০]
ⓚ মাথা ঝিম ঝিম করছে
ⓚh তোমার পরিশ্রমের ফল ফলেছে
ⓖ সাইরেন বেজে উঠলো
ⓖh মা শিশুটিকে চাঁদ দেখাচ্ছে **উত্তর:** ঘ

২৮. **'মা শিশুকে খাওয়াচ্ছেন।' এখানে 'শিশু'কে -** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১২]
ⓚ মুখ্য কর্ম ⓚh প্রযোজক কর্তা
ⓖ প্রযোজক ক্রিয়া ⓖh প্রযোজ্য কর্তা **উত্তর:** ঘ

২৯. **'মা শিশুকে খাওয়াচ্ছেন'- বাক্যটিতে 'খাওয়াচ্ছেন' কোন ক্রিয়াপদের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ ণিজন্ত ⓚh দ্বিকর্মক
ⓖ ধন্যাত্মক ⓖh যৌগিক **উত্তর:** ক

৩০. **'নানী নাতিকে চাঁদ দেখাচ্ছেন' এ বাক্যে কোনটি প্রযোজ্য কর্তা?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর সহকারী পরিচালক : ২০]
ⓚ নানী ⓚh চাঁদ
ⓖ নাতি ⓖh দেখাচ্ছে **উত্তর:** গ

৩১. **'ছেলেটি গোল্লায় গেছে'-এই বাক্যে ক্রিয়াপদটি কোন ধরনের?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট অ্যাসিস্ট্যান্ট : ২২]
ⓚ যৌগিক ক্রিয়া ⓚh প্রযোজক ক্রিয়া
ⓖ দ্বিকর্মক ক্রিয়া ⓖh মিশ্র ক্রিয়া **উত্তর:** ঘ

৩২. **'আমি চাঁদ দেখেছি' বাক্যটিতে কোন ক্রিয়াপদ ব্যবহৃত হয়েছে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ (বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ⓚ সকর্মক ক্রিয়া ⓚh অকর্মক ক্রিয়া
ⓖ দ্বিকর্মক ক্রিয়া ⓖh প্রযোজক ক্রিয়া **উত্তর:** ক

৩৩. **নিচের কোনটি সকর্মক ক্রিয়ার উদাহরণ?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিরাপত্তা অপারেটর : ২১]
ⓚ সে ঘুমায় ⓚh সে লিখছে
ⓖ সে বই পড়ছে ⓖh রিপা হাসছে **উত্তর:** গ

৩৪. **'যে ক্রিয়ার কর্ম নেই' তাকে কী বলে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ (বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ⓚ অকর্মক ক্রিয়া ⓚh সমাপিকা ক্রিয়া
ⓖ সকর্মক ক্রিয়া ⓖh অসমাপিকা ক্রিয়া **উত্তর:** ক

৩৫. **কোনটি অকর্মক ক্রিয়ার উদাহরণ?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ⓚ আমি চোখে দেখি না ⓚh আকাশে চাঁদ দেখি না
ⓖ ছেলেটা কথা শোনে ⓖh আমি রাতে ভাত খাব না **উত্তর:** ক

৩৬. **নিচের কোন বাক্যটি অকর্মক ক্রিয়ার উদাহরণ?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সহকারী নিরাপত্তা কর্মকর্তা : ২১]
ⓚ আমি বই পড়ছি ⓚh মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন
ⓖ ছেলেরা মাঠে খেলছে ⓖh সে ঘুমায় **উত্তর:** ঘ

৩৭. **দ্বিকর্মক ক্রিয়ার ব্যক্তিবাচক কর্মকে কি বলে?** [জবি (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ মূখ্য কর্ম ⓚh গৌণ কর্ম
ⓖ উদ্দেশ্য কর্ম ⓖh বিধেয় কর্ম **উত্তর:** খ

৩৮. **কোন বাক্যটিতে সমাতৃজ কর্ম আছে?** [১৫তম বিসিএস]
ⓚ সে বই পড়ছে ⓚh সে গভীর চিন্তায় মগ্ন
ⓖ সে ঘুমিয়ে আছে
ⓖh সে যে চাল চেলেছে তাতে তাকে ষড়যন্ত্রকারী ছাড়া আর কিছু বলা যায় না **উত্তর:** ঘ

৩৯. **কোন বাক্যে সমধাতুজ কর্ম আছে?** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ০৫]
ⓚ খুব ঠকা ঠকেছি ⓚh সে আমাকে বইটি দিল
ⓖ মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন
ⓖh অনীমের ভাই বাড়ি যাচ্ছে **উত্তর:** ক

৪০. **'বেশ এক ঘুম ঘুমিয়েছি' এ বাক্যে নিম্নরেখ শব্দটি কোন পদ?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন অডিটর : ১৯]
ⓚ প্রযোজক ক্রিয়া ⓚh যৌগিক ক্রিয়া
ⓖ অনুক্ত কর্ম ⓖh সমধাতুজ কর্ম **উত্তর:** ঘ

৪১. **কোন বাক্যে সমধাতুজ কর্ম ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ⓚ এমন সুখের মরণ কে মরতে পারে?
ⓚh এমন কষ্টের মরণ কেউ কি চায়?
ⓖ এমন সুখের মরণ কে না চায়?
ⓖh কোনোটিই নয় **উত্তর:** ক

ক্রিয়া বিশেষণ (Adverb)

যে শব্দ ক্রিয়াকে বিশেষিত করে, তাকে ক্রিয়াবিশেষণ বলে। ইহা ক্রিয়াপদের গুণ, প্রকৃতি, তীব্রতা, প্রকৃতিগত বা ক্রিয়া সংগঠনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে। যেমন- ছেলেটি দ্রুত দৌড়ায়। লোকটি ধীরে হাঁটে। মেয়েটি গুনগুনিয়ে গান করছে। সে খুব তাড়াতাড়ি হাঁটল। সভয়ে লোকটি বলল, বাঘ এসেছে।

অনেক সময়ে বিশেষ্য ও বিশেষণ শব্দের সঙ্গে 'এ', '-তে' ইত্যাদি বিভক্তি এবং '-ভাবে', -'বশত' '-মতো' ইত্যাদি শব্দাংশ যুক্ত হয়ে ক্রিয়াবিশেষণ তৈরি হয়। যেমন- ততক্ষণে, দ্রুতগতিতে, শান্তভাবে, ভ্রান্তিবশত, আচ্ছামতো ইত্যাদি।

ক্রিয়াবিশেষণকে কয়েক ভাগে ভাগ করা যায়। যথা-

১. **ধরনবাচক ক্রিয়াবিশেষণ:** কোনো ক্রিয়া কীভাবে সম্পন্ন হয়, ধরনবাচক ক্রিয়াবিশেষণ তা নির্দেশ করে। যেমন- টিপ টিপ বৃষ্টি পড়ছে। ঠিকভাবে চললে কেউ কিছু বলবে না।

২. **কালবাচক ক্রিয়াবিশেষণ:** এই ধরনের ক্রিয়াবিশেষণ ক্রিয়া সম্পাদনের কাল নির্দেশ করে। যেমন-
আজকাল ফলের চেয়ে ফুলের দাম বেশি। যথাসময়ে সে হাজির হয়। গতকাল তিনি এসেছেন। পরে একবার এসো।

৩. **স্থানবাচক বিশেষণ:** ক্রিয়ার স্থান নির্দেশ করে স্থানবাচক ক্রিয়াবিশেষণ। যেমন- মিছিলটি সামনে এগিয়ে যায়। তাকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না।

৪. **নেতিবাচক ক্রিয়াবিশেষণ:** না, নি ইত্যাদি দিয়ে ক্রিয়ার নেতিবাচক অবস্থা বোঝায়। এগুলো সাধারণত ক্রিয়ার পরে বসে। যেমন- সে এখন যাবে না। তিনি বেড়াতে যাননি। এমন কাথা আমার জানা নেই।

৫. **পদাণু ক্রিয়াবিশেষণ:** বাক্যের মধ্যে বিশেষ কোনো ভূমিকা পালন না করলেও 'কি', 'যে', 'বা', 'না', 'তো' প্রভৃতি পদাণু ক্রিয়াবিশেষণ হিসাবে কাজ করে। যেমন- আমি কি যাব? খুব যে বলেছিলেন আসবেন। কখনো বা দেখা হবে। একটু ঘুরে আসুন না, ভালো লাগবে। মরি তো মরব।

গঠন বিবেচনায় ক্রিয়াবিশেষণকে একপদী ও বহুপদী - এই দুই ভাগে ভাগ করা যায়:

একপদী ক্রিয়াবিশেষণ: আস্তে, জোরে, চেঁচিয়ে, সহজে, ভালোভাবে ইত্যাদি।

বহুপদী ক্রিয়াবিশেষণ: ভয়ে ভয়ে, চুপি চুপি ইত্যাদি।

MCQ Solution

১. **যে পদে বাক্যের ক্রিয়াপদটির গুণ, প্রকৃতি, তীব্রতা ইত্যাদি প্রকৃতিগত অবস্থা বোঝায়, তাকে বলা হয়-** [২৩তম বিসিএস]
ক) ক্রিয়াবাচক বিশেষ্য
খ) ক্রিয়া বিশেষণ
গ) ক্রিয়াবিশেষ্যজাত
ঘ) ক্রিয়াবিভক্তি **উত্তর:** খ

২. **সে এখন যাবে না।- এই বাক্যে 'না' কোন পদ?** [NSI- এর ফিল্ড অফিসার : ২১]
ক) বিশেষণ খ) অব্যয়
গ) ক্রিয়াবিশেষণ ঘ) অনুসর্গ **উত্তর:** গ

৩. **সভয়ে লোকটি বলল, বাঘ এসেছে। এখানে 'সভয়ে' শব্দটি কোন বিশেষণের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ২২]
ক) বিশেষ্যের বিশেষণ খ) ক্রিয়াবিশেষণ
গ) বিশেষণের বিশেষণ ঘ) নাম বিশেষণ **উত্তর:** খ

৪. **ছেলেটি দ্রুত দৌড়ায়। 'দ্রুত' কোন পদের উদাহরণ?** [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী : ২২]
ক) বিশেষণ খ) ক্রিয়া
গ) ক্রিয়া বিশেষণ ঘ) বিশেষ্য **উত্তর:** গ

৫. **ক্রিয়াবিশেষণ কোন বাক্যটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৩]
ক) তাড়াতাড়ি পড় খ) খুব সুন্দর বই
গ) কালো মুখ ঘ) সুন্দর শিশু **উত্তর:** ক

৬. **ক্রিয়া বিশেষণের উদাহরণ আছে কোন বাক্যে?** [নির্বাচন কমিশন সচিবালয়ের থানা নির্বাচন অফিসার : ০৪]
ক) বসন্তের আরামদায়ক বায়ু প্রবাহে সকলেই পুলকিত
খ) সে খুব তাড়াতাড়ি হাঁটল
গ) সমুদ্র সৈকতে জলপ্রবাহের প্রবল গর্জন শোনা গেল
ঘ) সেদিন অত্যন্ত চমৎকার কথা শুনিলাম **উত্তর:** খ

৭. **কোনটি কালবাচক ক্রিয়া বিশেষণ?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর এরোড্রাম ফায়ার লিডার : ২১]
ক) তিনি এখানে এসেছিলেন
খ) ছেলেটি দ্রুত দৌড়ায়
গ) গতকাল তিনি এসেছেন
ঘ) একটু ঘুরে আসুন না **উত্তর:** গ

অনুসর্গ বা কর্মপ্রবচনীয় (Post position)

যেসব শব্দ (অব্যয়) কোনো শব্দের পরে বসে শব্দটিকে বাক্যের সঙ্গে সম্পর্কিত করে, সেসব শব্দকে অনুসর্গ বা কর্মপ্রবচনীয় বা পরসর্গ বলে। অনুসর্গ কখনো স্বাধীন পদরূপে, আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে। অনুসর্গের নতুন শব্দ গঠনের ক্ষমতা নেই। অনুসর্গগুলো কখনো প্রাতিপদিকের পরে ব্যবহৃত হয়, আবার কখনো বা 'কে' এবং 'র' বিভক্তিযুক্ত শব্দের পরে বসে। যেমন-

সে কাজ ছাড়া কিছুই বোঝে না।
কোন পর্যন্ত পড়েছ?
দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?
সত্য বই মিথ্যে বলবো না।

বাংলা ভাষায় বহু অনুসর্গ আছে। যথা- প্রতি, বিনা/ বিনে, বিহনে, সহ, ওপর, উপরে, অবধি, অভিমুখে, হেতু, মধ্যে, মাঝে, মাঝারে, আগে, পরে, করে, কাছে, কারণে, দরুন, দিকে, ধরে, নাগাদ, ভিন্ন, বই, ব্যতীত, জন্যে, জন্য, পর্যন্ত, অপেক্ষা, সহকারে, তরে, পানে, পাশে, পিছনে, বদলে, বনাম, বরাবর,

বাইরে, বাদে, বাবদ, লেগে, সম্মুখে, নামে, নিচে, মতো, নিকট, অধিক, পক্ষে, দ্বারা, দিয়া, দিয়ে, কর্তৃক, সাথে, সঙ্গে, সামনে, হইতে, হতে, থেকে, চেয়ে, চাইতে, পাছে, ভিতর, ভেতর ইত্যাদি। এদের মধ্যে দ্বারা, দিয়া (দিয়ে), কর্তৃক, হইতে (হতে), চেয়ে, অপেক্ষা, মধ্যে প্রভৃতি কয়েকটি অনুসর্গ বিভক্তিরূপে ব্যবহৃত হয়। অনুসর্গকে দুই ভাগে ভাগ করা যায়। যথা - সাধারণ অনুসর্গ এবং ক্রিয়াজাত অনুসর্গ।

১) সাধারণ অনুসর্গ : যেসব অনুসর্গ ক্রিয়া ছাড়া অন্য শব্দ থেকে তৈরি হয়, সেগুলোকে সাধারণ অনুসর্গ বলে। যেমন-

উপরে : মাথার উপরে নীল আকাশ।
কাছে : কার কাছে গেলে জানা যাবে।
জন্যে : হারানো ঘড়িটার জন্যে অনেক কেঁদেছি।
দ্বারা : এমন কাজ তোমার দ্বারা হবে না।
বনাম : আজ বাংলাদেশ বনাম ভারতের খেলা।

২) ক্রিয়াজাত অনুসর্গ: যেসব অনুসর্গ ক্রিয়াপদ থেকে তৈরি হয়েছে, সেগুলোকে ক্রিয়াজাত অনুসর্গ বলে। যেমন-

করে : ভালো করে খেয়ে নাও।
থেকে : ঢাকা থেকে বরিশাল যেতে পদ্মা নদী পার হতে হয়।
দিয়ে : মন দিয়ে লেখাপড়া করা দরকার।
ধরে : বহুদিন ধরে অপেক্ষা করে আছি।
বলে : তুমি আসবে বলে দাঁড়িয়ে আছি।

অনুসর্গের প্রয়োগ:

সহায় অর্থে : আসামির পক্ষে উকিল কে?
ব্যাপ্তি অর্থে : আছ তুমি প্রভু জগৎ মাঝারে।

MCQ Solution

১. **বাংলা ভাষায় যে অব্যয় শব্দগুলো কখন স্বাধীন পদরূপে, আবার শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সহায়তা করে সেগুলোকে কি বলে?** [শ্রম মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক : ০৫]
ⓚ স্বর ⓚ বর্ণ
ⓖ অনুসর্গ ⓖ উপসর্গ **উত্তর:** গ

২. **বাক্যে যে শব্দ পদের পরে বসে বিভক্তির কাজ করে তাকে বলা হয়-** [ঢাবি (ক ইউনিট) : ০৭-০৮]
ক) উপসর্গ খ) অনুসর্গ
গ) সম্বন্ধপদ ঘ) প্রত্যয় **উত্তর:** খ

৩. **বাংলায় বিভক্তি হিসেবে ব্যবহৃত হয় এমন ব্যাকরণিক উপাদান কোনটি?** [NSI - এর ফিল্ড অফিসার : ২১]
ক) বচনচিহ্ন খ) উপসর্গ
গ) অনুসর্গ ঘ) নির্দেশক **উত্তর:** গ

৪. **'অনুসর্গ' কী?** [রূপালী ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার : ২১]
ক) শব্দ বিভক্তি খ) ক্রিয়া বিভক্তি
গ) অব্যয় ঘ) বিশেষণ **উত্তর:** গ

৫. **কোনটি বাক্যে স্বাধীন পদরূপে ব্যবহৃত হয়?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩]
ক) শব্দ বিভক্তি খ) অনুসর্গ
গ) উপসর্গ ঘ) কোনোটিই নয় **উত্তর:** খ

৬. **'অনুসর্গ' সম্পর্কে কোন বাক্যটি সঠিক নয়?** [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]
ক) ধাতুর পূর্বে বসে নতুন নতুন শব্দ গঠন করে
খ) কখনো কখনো বাক্যে স্বাধীন পদরূপে ব্যবহৃত হয়
গ) বাক্যের অর্থ সম্পাদনে সাহায্য করে
ঘ) কখনো বাক্যে বিভক্তিরূপে ব্যবহৃত হয় **উত্তর:** ক

৭. **অনুসর্গ শব্দের কোন খানে বসে?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর মেডিকেল অফিসার : ২১]
ক) পূর্বে খ) মধ্যে
গ) পরে ঘ) কোনোটাতেই নয় **উত্তর:** গ

৮. **অনুসর্গের আর কি নাম রয়েছে?** [পায়রা বন্দর কর্তৃপক্ষের বিভিন্ন পদ : ২০]
ক) অব্যয় খ) কর্মপ্রবচনীয়
গ) পদাশ্রিত অব্যয় ঘ) বিভক্তি **উত্তর:** খ

৯. **অনুসর্গের অপর নাম কী?** [ইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ক) মনসর্গ খ) পরসর্গ
গ) বিসর্গ ঘ) কোনোটিই নয় **উত্তর:** খ

১০. **দ্বারা, দিয়া, হইতে, থেকে - এগুলিকে বলে-** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ক) অব্যয় খ) উপসর্গ
গ) অনুসর্গ অব্যয় ঘ) অনন্বয়ী অব্যয় **উত্তর:** গ

১১. **'দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে।'- 'বিনা' শব্দটি-** [সমন্বিত ৮ (আট) ব্যাংক অফিসার (জেনারেল) : ২২]
ক) সর্বনাম খ) অব্যয়
গ) অনুসর্গ ঘ) উপসর্গ **উত্তর:** গ

১২. **'ধন অপেক্ষা জ্ঞান বড়।' এখানে 'অপেক্ষা' হলো-** [জাবি (এফ ইউনিট) : ১২-১৩]
ক) উপসর্গ খ) অনুসর্গ
গ) প্রত্যয় ঘ) অব্যয় **উত্তর:** খ

১৩. **সত্য বই মিথ্যে বলবো না। এখানে 'বই'-** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ক) বিশেষ্য খ) উপসর্গ
গ) অনুসর্গ ঘ) প্রত্যয় **উত্তর:** গ

১৪. **'এ জন্মের তরে বিদায়।' এখানে 'তরে' শব্দটি কী অর্থ প্রকাশ করছে?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর ডাটা এন্ট্রি অপারেটর : ১৯]
ক) মত খ) হেতু
গ) নিকট ঘ) নিমিত্ত **উত্তর:** ক

১৫. **অনুসর্গ কোনটি?** [রাবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ক) অবধি খ) আকাঙ্ক্ষা
গ) উহ্য ঘ) জ্ঞাতব্য **উত্তর:** ক

১৬. অনুসর্গ কোনটি? [রাবি (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ পাছে ⓚ মায়াকান্না
ⓖ হাসিহাসি ⓖ ভাঁই **উত্তর:** ক

১৭. 'কোন দেশেতে তরুলতা সকল দেশের চাইতে শ্যামল।' – 'চাইতে' ক্রিয়াটির ব্যবহার কোন ধরনের? [থানা শিক্ষা অফিসার : ৯৬]
ⓚ অন্বয় সাধন ⓚ অনুসর্গ তৈরি
ⓖ ক্রিয়াবাচক বিশেষণ গঠন ⓖ বিশেষণ বাচকতা **উত্তর:** খ

১৮. কোনটি অনুসর্গ নয়? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১]
ⓚ অপেক্ষা ⓚ অন্য
ⓖ চেয়ে ⓖ জন্য **উত্তর:** খ

১৯. আসামির পক্ষে উকিল কে? এখানে 'পক্ষে' কি অর্থে ব্যবহৃত হয়েছে? [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)- এর সহকারী ব্যবস্থাপক : ২০]
ⓚ প্রশ্ন অর্থে ⓚ আদেশ অর্থে
ⓖ প্রার্থনা অর্থে ⓖ সহায় অর্থে **উত্তর:** ঘ

২০. 'আছ তুমি প্রভু জগৎ মাঝারে' - এখানে 'মাঝারে' কি অর্থে ব্যবহৃত হয়েছে? [এনআরবি ব্যাংক লি. ট্রেইনি অফিসার : ২২]
ⓚ বাইরে ⓚ ব্যাপ্তি
ⓖ মধ্যে ⓖ সঙ্গে **উত্তর:** খ

যোজক (Connectives)

পদ, বর্গ বা বাক্যকে যেসব শব্দ যুক্ত করে, সেগুলোকে যোজক বলে। যেমন- এবং, ও, আর, অথবা, তবু, সুতরাং, কারণ, তবে ইত্যাদি। বৈশিষ্ট্য অনুযায়ী যোজককে নিম্নলিখিত শ্রেণিতে ভাগ করা যায়:

১. সাধারণ যোজক: এ ধরনের যোজক দুটি শব্দ বা বাক্যকে যোগ করে। যেমন- রহিম ও করিম এই কাজটি করেছে। জলদি দোকানে যাও এবং পাউরুটি কিনে আনো।

২. বিকল্প যোজক: এ ধরনের যোজক একাধিক শব্দ বা বাক্যের মধ্যে বিকল্প নির্দেশ করে। যেমন-লাল বা নীল কলমটা আনো। চা না-হয় কফি খান।

৩. বিরোধ যোজক: এ ধরনের যোজক বাক্যের দুটি অংশের সংযোগ ঘটায় এবং প্রথম বাক্যের বক্তব্যের সঙ্গে বিরোধ তৈরি করে। যেমন-এত পড়লাম, কিন্তু পরীক্ষায় ভালো করতে পারলাম না। তাকে আসতে বললাম, তবু এল না।

৪. কারণ যোজক: এ ধরনের যোজক বাক্যের দুটি অংশের মধ্যে সংযোগ ঘটায় যার একটি অন্যটির কারণ। যেমন- জিনিসের দাম বেড়েছে, কারণ চাহিদা বেশি। বসার সময় নেই, তাই যেতে হচ্ছে।

৫. সাপেক্ষ যোজক: এ ধরনের যোজক একে অন্যের পরিপূরক হয়ে বাক্যে ব্যবহৃত হয়। যেমন- যদি রোদ ওঠে, তবে রওনা দেব। যত পড়ছি, ততই নতুন করে জানছি।

MCQ Solution

১. "তাকে আসতে বললাম, তবু এলোনা"-কীসের উদাহরণ? [NSI -এর ওয়াচার কনস্টেবল (ফিল্ড স্টাফ) : ২১]
ⓚ অনুসর্গ ⓚ নির্দেশক
ⓖ আবেগ ⓖ যোজক **উত্তর:** ঘ

আবেগ (Interjection)

মনের নানা ভাব বা আবেগকে প্রকাশ করা হয় যেসব শব্দ দিয়ে সেগুলোকে আবেগ শব্দ বলা হয়। এই ধরনের শব্দ বাক্যের অন্য শব্দগুলোর সঙ্গে সরাসরি সম্পর্কিত না হয়ে আলগাভাবে বা স্বাধীনভাবে ব্যবহৃত হয়। যেমন- ছি ছি, আহা, বাহ্, শাবশ, হায় হায় ইত্যাদি।

নিচে বিভিন্ন ধরনের আবেগ শব্দের প্রয়োগ দেখানো হলো।

১. সিদ্ধান্ত আবেগ: এ জাতীয় শব্দের সাহায্যে অনুমোদন, সম্মতি, সমর্থন ইত্যাদি ভাব প্রকাশ করা হয়। যেমন- হ্যাঁ, আমাদের জিততেই হবে। বেশ, তবে যাওয়াই যাক। ঠিক, তুমি সত্য বলেছো।

২. প্রশংসা আবেগ: এ ধরনের শব্দ প্রশংসা বা তারিফের মনোভাব প্রকাশে ব্যবহৃত হয়। যেমন-শাবাশ! এমন খেলাই তো চেয়েছিলাম। বাহ্, চমৎকার লিখেছে।

৩. বিরক্তি আবেগ: এ ধরনের শব্দ অবজ্ঞা, ঘৃণা, বিরক্তি ইত্যাদি মনোভাব প্রকাশে ব্যবহৃত হয়। যেমন- ছি ছি! এরকম কথা তার মুখে মানায় না। জ্বালা! তোমাকে নিয়ে আর পারি না।

৪. আতঙ্ক আবেগ: এ ধরনের আবেগ-শব্দ আতঙ্ক, যন্ত্রণা, কাতরতা ইত্যাদি প্রকাশ করে। যেমন-উহ্! কী বিপদে পড়া গেল। বাপরে বাপ! কী ভয়ঙ্কর ছিল রাক্ষসটা।

৫. বিস্ময় আবেগ: এ ধরনের শব্দ বিস্মিত বা আশ্চর্য হওয়ার ভাব প্রকাশ করে। যেমন- আরে! তুমি আবার কখন এলে? আহ্, কী চমৎকার দৃশ্য!

৬. করুণা আবেগ: এ ধরনের শব্দ করুণা, মায়া, সহানুভূতি ইত্যাদি মনোভাব প্রকাশ করে। যেমন-আহা! বেচারার এত কষ্ট। হায় হায়! ওর এখন কী হবে!

৭. সম্বোধন আবেগ: এ ধরনের শব্দ সম্বোধন বা আহ্বান করার ক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন-
হে বন্ধু, তোমাকে অভিনন্দন। ওগো, তোরা জয়ধ্বনি কর।

৮. অলংকার আবেগ: এ ধরনের শব্দ বাক্যের অর্থের পরিবর্তন না ঘটিয়ে কোমলতা, মাধুর্য ইত্যাদি বৈশিষ্ট্য এবং সংশয়, অনুরোধ, মিনতি ইত্যাদি মনোভাব প্রকাশের জন্যে অলংকার হিসাবে ব্যবহৃত হয়। যেমন- দুর! এ কথা কি বলতে আছে? যাকগে, ওসব কথা থাক।

MCQ Solution

১. **'ঠিক' তুমি সত্য বলেছো।'-** [সোনালী, রূপালী, জনতা ব্যাংক লি. সহকারী প্রকৌশলী : ২১]
ক) সিদ্ধান্ত আবেগ খ) প্রশংসা আবেগ
গ) অলংকার আবেগ ঘ) সম্বোধন আবেগ **উত্তর: ক**

পদ নির্ণয়

১. **'অংশাংশী' শব্দটি কোন পদের?** [অগ্রণী ব্যাংক লি. অফিসার : ১১]
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) অব্যয় ঘ) ক ও গ **উত্তর: ক**

২. **'অভ্যস্ত' শব্দটি কোন পদ?** [জাবি (গ ইউনিট) : ১১-১২]
ক) সর্বনাম খ) অব্যয়
গ) বিশেষ্য ঘ) বিশেষণ **উত্তর: ঘ**

৩. **সন্তানের প্রতি মাতৃস্নেহ 'আন্তরিক'। কোন পদ?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩]
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) ক্রিয়া ঘ) অব্যয় **উত্তর: খ**

৪. **'উৎকর্ষ' হচ্ছে-** [ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ক) বিশেষণ খ) বিশেষণের বিশেষণ
গ) বিশেষ্যের বিশেষণ ঘ) বিশেষ্য **উত্তর: ঘ**

৫. **'ঋণ' শব্দটি কোন পদ?** [জাবি (গ ইউনিট) : ১১-১২]
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) সর্বনাম ঘ) অব্যয় **উত্তর: ক**

৬. **তাসনিম এবং তারিবা স্কুলে যায়। এখানে 'এবং' কী পদ?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহায়ক : ১৪]
ক) বিশেষ্য খ) সর্বনাম
গ) অব্যয় ঘ) বিশেষণ **উত্তর: গ**

৭. **'তুমি কি আমায় চেন?' বাক্যটিতে 'কি'-এর ব্যাকরণগত পরিচয়-**[ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডি অনুষদ (গ ইউনিট) : ২০-২১]
ক) বিশেষণ খ) প্রশ্নবোধক শব্দ
গ) অব্যয় ঘ) কারক নির্দেশক **উত্তর: গ**

৮. **'আমি ভাত খাই'। বাক্যটিতে 'খাই' শব্দটি কোন পদ?** [স্বাস্থ্য, শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অফিস সহায়ক : ১৯]
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) সর্বনাম ঘ) ক্রিয়া **উত্তর: ঘ**

৯. **তার হাতের লেখা খুব ভালো- এখানে 'খুব' কী পদ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক) ক্রিয়া খ) বিশেষ্য
গ) অব্যয় ঘ) বিশেষণ **উত্তর: ঘ**

১০. **"এ যে আমাদের চেনা লোক"- বাক্যে 'চেনা' কোন পদ?** [৩৬তম বিসিএস/ কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস এর অডিটর : ২২]
ক) বিশেষ্য খ) অব্যয়
গ) ক্রিয়া ঘ) বিশেষণ **উত্তর: ঘ**

১১. **'চিরন্তন' শব্দটি কোন পদ?** [রাবি (ই৩ ইউনিট) : ১৭-১৮]
ক) বিশেষ্য খ) অব্যয়
গ) বিশেষণ ঘ) বিশেষ্যের বিশেষণ **উত্তর: গ**

১২. **'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' – এখানে 'টাপুর টুপুর' কোন পদ?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক) বিশেষ্য খ) ক্রিয়া
গ) অব্যয় ঘ) সর্বনাম **উত্তর: গ**

১৩. **'এ বয়সে তবু নতুন কিছু তো করো' এখানে 'তবু' হচ্ছে-** [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ১৯]
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) সর্বনাম ঘ) অব্যয় **উত্তর: ঘ**

১৪. **'তিনটি বছর'- এখানে 'তিনটি' কোন পদ?** [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ক) বিশেষণ খ) বিশেষ্য
গ) অব্যয় ঘ) ক্রিয়া **উত্তর: ক**

১৫. **'ধন' কোন শব্দ?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহায়ক : ১৪]
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) সর্বনাম ঘ) ক্রিয়া **উত্তর: ক**

১৬. **'নতুবা' শব্দটি কোন পদ?** [রাবি (ঙ ইউনিট) : ১৬-১৭]
ক) অব্যয় খ) সাপেক্ষ সর্বনাম
গ) বিশেষণ ঘ) ক্রিয়া বিশেষণ **উত্তর: ক**

১৭. **'না' কোন জাতীয় শব্দ?** [সড়ক ও জনপথ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী : ১০]
ক) অব্যয় খ) সর্বনাম
গ) ক্রিয়া ঘ) মহাকাব্য **উত্তর: ক**

১৮. **"বাবা বাড়ি নেই।"- এ বাক্যে 'নেই' কোন পদ?** [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক : ২১]
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) সর্বনাম ঘ) ক্রিয়া **উত্তর: ঘ**

১৯. **'প্রাসঙ্গিক' শব্দটি কোন পদ?** [রাবি (ক ইউনিট) : ০৩-০৪]
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) অব্যয় ঘ) বিশেষ্যের বিশেষণ **উত্তর: খ**

২০. **'বুনো' শব্দটির পদ কি?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের উপ সহকারী প্রকৌশলী : ২০]
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) অব্যয় ঘ) কোনোটিই নয় **উত্তর: খ**

২১. **'ভীষণ' কোন ধরনের পদ?** [জবি (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) ক্রিয়া বিশেষণ ঘ) অনুসর্গ **উত্তর: খ**

২২. **'মন' শব্দটি কোন পদ?** [জাবি (গ ইউনিট) : ১১-১২]
ক) বিশেষ্য খ) সর্বনাম
গ) অব্যয় ঘ) বিশেষণ **উত্তর: ক**

২৩. **'মেঘলা' কি ধরনের শব্দ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) বিশেষ্যের বিশেষণ ঘ) ক্রিয়া বিশেষণ **উত্তর: খ**

২৪. 'ছেলে তো নয় যেন ননীর পুতুল' এখানে 'যেন'- [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১৯]

ⓚ অব্যয় ⓛ বিশেষ্য
ⓖ বিশেষণ ⓘ সর্বনাম **উত্তর:** ক

২৫. 'লাজ' কোন ধরনের শব্দ? [বাতিলকৃত ২৪তম বিসিএস]

ⓚ বিশেষ্য ⓛ বিশেষণ
ⓖ ক্রিয়া-বিশেষণ ⓘ বিশেষ্যের বিশেষণ **উত্তর:** ক

২৬. 'সেই অস্ত্র আমাকে ফিরিয়ে দাও' এখানে 'সেই' কোন পদ? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]

ⓚ বিশেষণ ⓛ অব্যয়
ⓖ সর্বনাম ⓘ ক্রিয়া-বিশেষণ **উত্তর:** ক

২৭. 'হনহন' শব্দটি কোন পদের? [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]


ⓚ বিশেষ্য ⓛ বিশেষণ
ⓖ সর্বনাম ⓘ অব্যয় **উত্তর:** ঘ

অব্যয় পদ

ন ব্যয় = অব্যয়। যার ব্যয় বা পরিবর্তন হয়না, অর্থাৎ যা অপরিবর্তনীয় তাই অব্যয়। যে পদ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভা বর্ধন করে, কখনো একাধিক পদের, বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বন্ধ ঘটায়, তাকে অব্যয় পদ বলে। অব্যয় শব্দের সাথে কোনো বিভক্তিচিহ্ন যুক্ত হয় না। অব্যয় শব্দের একবচন বা বহুবচন হয় না, স্ত্রী ও পুরুষবাচকতা নির্ণয় করা যায় না।

- বাংলা অব্যয় শব্দ : আর, আবার, ও, হাঁ, না ইত্যাদি।
- তৎসম অব্যয় শব্দ : যদি, যথা, সদা, সহসা, হঠাৎ, অর্থাৎ, দৈবাৎ, বরং, পুনশ্চ, আপাতত, বস্তুত, উঃ ইত্যাদি। এবং, সুতরাং - তৎসম শব্দ হলেও বাংলা এগুলোর অর্থ পরিবর্তিত হয়েছে।
- বিদেশি অব্যয় শব্দ : আলবত, বহুত, খুব, বেশ, শাবাশ, খাসা, মাইরি, মারহাবা ইত্যাদি।

অব্যয় পদের প্রকারভেদ



ক) সমুচ্চয়ী অব্যয় : যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে সমুচ্চয়ী অব্যয় বা সম্বন্ধবাচক অব্যয় বলে।

১) সংযোজক অব্যয় : ও, এবং, তাই, আর, অধিকন্তু, সুতরাং প্রভৃতি। যেমন- বাংলাদেশের পতাকায় সবুজ ও লাল রং আছে। তাসনিম এবং তারিবা স্কুলে যায়। তিনি সৎ তাই সকলেই তাঁকে শ্রদ্ধা করে।

২) বিয়োজক অব্যয় : কিংবা, কিন্তু, অথবা, নতুবা, তবু, না হয়, নয়তো প্রভৃতি। যেমন- লেখা পড়া কর, নতুবা ফেল করবে। মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন। এ বয়সে তবু নতুন কিছু তো করো।

৩) সংকোচক অব্যয় : অথচ, কিন্তু, বরং প্রভৃতি। যেমন- লোকটি দরিদ্র কিন্তু সৎ। তিনি বিদ্বান অথচ সৎ ব্যক্তি নন। পলাশ দেখতে সুন্দর বটে কিন্তু গন্ধহীন।

অনুগামী সমুচ্চয়ী অব্যয় : যে, যদি, যদিও, যেন প্রভৃতি কয়েকটি শব্দ সংযোজক অব্যয়ের কাজ করে থাকে। তাই তাদের অনুগামী সমুচ্চয়ী অব্যয় বলে। যেমন- এভাবে চেষ্টা করবে যেন কৃতকার্য হতে পার। দেখে যেন মনে হয় চিনি উহারে।

খ) অনন্বয়ী অব্যয় : যেসব অব্যয় বাক্যের অন্য কোনো পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমন-

উচ্ছ্বাস প্রকাশে	*মরি মরি*! কী সুন্দর প্রভাতের রূপ! আ *মরি* বাংলা ভাষা।
স্বীকৃতি বা অস্বীকৃতি জ্ঞাপনে	*হ্যাঁ*, আমি যাব। *না*, আমি যাব না।
সম্মতি প্রকাশে	আমি আজ *আলবত* যাব। *নিশ্চয়ই* পারব।
অনুমোচনবাচকতায়	আপনি যখন বলছেন, *বেশ তো* আমি যাব।
সমর্থনসূচক জবাবে	আপনি যা জানেন তা *তো ঠিকই* বটে।
যন্ত্রণা প্রকাশে	*উঃ*! পায়ে বড্ড লেগেছে। *নাঃ*! এ কষ্ট অসহ্য।
ঘৃণা বা বিরক্তি, ভাব প্রকাশে	ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, *কী* বিপদ! ছি ছি তুমি এত নীচ!
সম্বোধনে	*ওগো*, আজ তোরা যাস নে ঘরের বাহিরে।
সম্ভাবনায়	*সংশয়ে* সংকল্প সদা টলে, *পাছে* লোকে কিছু বলে।
অভ্যাস	*শুধু শুধু* তিনি রেগে ওঠেন।
অনিশ্চিয়তা	কে জানে দেশে সুদিন আবার আসবে *কিনা*।
আনন্দ প্রকাশে	*আ* মরি বাংলা ভাষা।

বাক্যালংকার অব্যয় : কয়েকটি অব্যয় শব্দ নিরর্থকভাবে ব্যবহৃত হয়ে বাক্যের শোভাবর্ধন করে, এদের বাক্যালংকার অব্যয় বলে। যেমন - কত না হারানো স্মৃতি জাগে আজও মনে।

গ) অনুসর্গ অব্যয় : যে সকল অব্যয় শব্দ বিশেষ্য ও সর্বনাম পদের বিভক্তির ন্যায় বসে কারকবাচকতা প্রকাশ করে, তাদের অনুসর্গ অব্যয় বলে বা কারক অব্যয় বলে। অনুসর্গ অব্যয় 'পদান্বয়ী অব্যয়' নামেও পরিচিত। দ্বারা, দিয়া, হইতে, থেকে - এগুলিকে অনুসর্গ অব্যয় বলে। যেমন- হাসি *দিয়ে* ঘরটিকে ভরিয়ে রাখতো সে। ওকে *দিয়ে* এ কাজ হবে না।

অনুসর্গ অব্যয় দুই প্রকার। যথা- বিভক্তিসূচক অব্যয় এবং বিভক্তি রূপে ব্যবহৃত অনুসর্গ।

ঘ) অনুকার/ ধ্বন্যাত্মক অব্যয় : যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, সেগুলোকে অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয় বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দু'বার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। ধ্বন্যাত্মক দ্বিরুক্তি দ্বারা বহুত্ব বা আধিক্য ইত্যাদি বোঝায়। যেমন- কুট কুট, কড় কড়, হনহন ইত্যাদি। উদাহরণ : বৃষ্টি পড়ে *টাপুরটুপুর* নদে এল বান। ঝড় আসছে *হু হু* করে। চিলটি *সাঁ সাঁ* করে উড়িয়া গেল। *কল কল* রবে নদী বইছে।

অব্যয় বিশেষণ : কতগুলো অব্যয় বাক্যে ব্যবহৃত হলে নাম-বিশেষণ, ক্রিয়া-বিশেষণ এবং বিশেষণীয় বিশেষণের অর্থবাচকতা প্রকাশ করে থাকে। এদের অব্যয় বিশেষণ বলা হয়। যেমন-

নাম-বিশেষণ : অতি ভক্তি চোরের লক্ষণ।
ভাব-বিশেষণ : আবার যেতে হবে।
ক্রিয়া-বিশেষণ : অন্যত্র চলে যায়।

নিত্য সম্বন্ধীয় অব্যয় : কতগুলো যুগ্মশব্দ পরস্পরের ওপর নির্ভরশীল, সেগুলো নিত্য সম্বন্ধীয় অব্যয় রূপে পরিচিত। যেমন- যথা-তথা, যত-তত, যখন-তখন, যেমন-তেমন, যেরূপ-সেরূপ। উদাহরণ- যথা ধর্ম তথা জয়। যত গর্জে তত বর্ষে না। 'যত-তত' অব্যয় তুলনা অর্থে ব্যবহৃত হয়েছে।

ত (সংস্কৃত তস্) প্রত্যয়ান্ত অব্যয় : এরকম তৎসম অব্যয় বাংলায় ব্যবহৃত হয়। যেমন- ধর্মত বলছি। দুর্ভাগ্যবশত পরীক্ষায় ফেল করেছি।

একই অব্যয় পদের বিভিন্ন অর্থে ব্যবহার

অব্যয়	যে অর্থ প্রকাশ করে	দৃষ্টান্ত
আর	পুনরাবৃত্তি অর্থে	ও দিকে *আর* যাব না।
	নির্দেশ অর্থে	বল, *আর* কী চাও?
	নিরাশায়	সে দিন কি *আর* আসবে?
	আধিক্য অর্থে	আকাশ শুধু নীল *আর* নীল।
	বাক্যালংকারে	*আর* কি বাজবে বাঁশি?
ও	সংযোগ অর্থে	করিম *ও* রহিম দুই ভাই।
	সম্ভাবনায়	আজ বৃষ্টি হতেও পারে।
	তুলনায়	ওকে বলাও যা, না বলাও তা।
	স্বীকৃতি জ্ঞাপনে	তাকেও আসতে বলেছি।
	হতাশা জ্ঞাপনে	এত চেষ্টাতেও হলো না।
কী/ কি	জিজ্ঞাসায়	তুমি *কি* আমায় চেন?
	বিরক্তি প্রকাশে	*কী* বিপদ! ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে।
		লোকটা যে পিছনে লেগেই রয়েছে, *কী* গেরো।
		কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না।
	সাকুল্য অর্থে	*কি* আমীর *কি* ফকির, একদিন সকলকেই যেতে হবে।
	বিড়ম্বনা প্রকাশে	তোমাকে নিয়ে *কী* মুশকিলেই না পড়লাম।
যেন	উপমায়	মুখ *যেন* পদ্মফুল।
	প্রার্থনায়	খোদা *যেন* তোমার মঙ্গল করেন।
	তুলনায়	ইস, ঠান্ডা *যেন* বরফ। ছেলেটি *যেন* রাজপুত্তর।
	অনুমানে	লোকটা *যেন* আমার পরিচিত মনে হলো।
	ব্যঙ্গ প্রকাশে	ছেলে তো নয় *যেন* ননীর পুতুল।
না	নিষেধ অর্থে	এখন যেও *না*।
	হ্যাঁ-সূচক	তুমি *না* বলেছিলে আগামীকাল আসবে?
	নিশ্চয়তা	তুমি *না* সেদিন বাড়ী গিয়েছিলে? তুমি *না* সেদিন আবৃত্তি করেছিলে?
	সম্ভাবনায়	সে নাকি আসবে *না*।
	বিস্ময়ে	কী করেই *না* দিন কাটাচ্ছ!
	বিরক্তি প্রকাশে	তুই কি কাজ করবি, *না* মার খাবি?
	তুলনায়	ছেলে তো *না*, যেন একটা বিচ্ছু।

MCQ Solution

১. **অপরিবর্তনীয় শব্দকে কি বলে?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ২১]
ⓚ অনুক্ত ক্রিয়াপদ ⓛ বিশেষ্য পদ
ⓖ অব্যয় পদ ⓘ ক্রিয়াপদ **উত্তর:** গ

২. **অব্যয় কত প্রকার?** [উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্টান্ট অফিসার : ২২]
ⓚ ২ ⓛ ৩
ⓖ ৪ ⓘ ৫ **উত্তর:** গ

৩. **নিচের কোনটি একটি অব্যয় পদ?** [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৩]
ⓚ উঃ ⓛ দেখ
ⓖ জুতা ⓘ দামী **উত্তর:** ক

৪. **বিদেশি অব্যয়ের উদাহরণ হলো-** [সমন্বিত পাঁচ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অফিসার : ১৮]
ⓚ ইদানিং ⓛ বেশ
ⓖ যদি ⓘ অপিচ **উত্তর:** খ

৫. **বিদেশি উৎস থেকে আগত অব্যয় শব্দ হলো-** [সমন্বিত সাত (৭) ব্যাংক এর সিনিয়র অফিসার : ২১]
ⓚ খুব ⓛ আবার
ⓖ আর ⓘ যদি **উত্তর:** ক

৬. **কোন বাক্যে সমুচ্চয়ী অব্যয় ব্যবহৃত হয়েছে?** [১৩তম বিসিএস/ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর থানা পরিসংখ্যানবিদ : ২০]
ⓚ ধন অপেক্ষা মান বড়
ⓚ তোমাকে দিয়ে কিছু হবে না
ⓖ ঢং ঢং ঘণ্টা বাজে
ⓖ লেখা পড়া কর, নতুবা ফেল করবে **উত্তর: ঘ**

৭. **'অতি ভক্তি চোরের লক্ষণ' বাক্যটির অতি পদটি-** [উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৪]
ⓚ নাম বিশেষণ ⓚ ভাব বিশেষণ
ⓖ ক্রিয়া বিশেষণ ⓖ বিশেষ্যের বিশেষণ **উত্তর: ক**

৮. **'তিনি সৎ, তাই সকলেই তাঁকে শ্রদ্ধা করে।'- এখানে 'তাই' অব্যয়টি-** [১৪ম বিজেএস পরীক্ষা : ২১]
ⓚ সংযোজক অব্যয় ⓚ বিয়োজক অব্যয়
ⓖ সমুচ্চয়ী অব্যয় ⓖ অনুসর্গ অব্যয় **উত্তর: ক**

৯. **'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।' এখানে 'কিংবা' অব্যয়টি কোন অব্যয়?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ অনুকার অব্যয় ⓚ বিয়োজক অব্যয়
ⓖ সমুচ্চয়ী অব্যয় ⓖ সংযোজক অব্যয় **উত্তর: খ**

১০. **'লোকটি দরিদ্র কিন্তু সৎ' এই বাক্যে 'কিন্তু' হলো-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ⓚ বিয়োজক অব্যয় ⓚ সংযোজক অব্যয়
ⓖ সংকোচক অব্যয় ⓖ বিস্ময়াদিসূচক অব্যয় **উত্তর: গ**

১১. **তিনি বিদ্বান, অথচ সৎ ব্যক্তি নন- বাক্যে 'অথচ' কোন প্রকারের অব্যয়?** [রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ সংযোজক ⓚ বিয়োজক
ⓖ অনন্বয়ী ⓖ সংকোচক **উত্তর: ঘ**

১২. **'রাম রায় এত বিদ্বান অথচ এতটুকু অহংকার নেই'। রেখাঙ্কিত শব্দটি কোন ধরনের অব্যয় নির্ণয় করুন -** [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ম্যানেজার : ২০]
ⓚ সমুচ্চয়ী সংকোচক ⓚ অনন্বয়ী
ⓖ সমুচ্চয়ী বিয়োজক ⓖ সমুচ্চয়ী **উত্তর: ক**

১৩. **'পলাশ দেখতে সুন্দর বটে কিন্তু গন্ধহীন' এখানে 'কিন্তু' কোন ধরনের অব্যয়?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক শাখা) : ২০-২১]
ⓚ সংযোজক ⓚ বিয়োজক
ⓖ সংকোচক ⓖ পদান্বয়ী **উত্তর: গ**

১৪. **'এমনভাবে চেষ্টা করবে যেন কৃতকার্য হতে পার'- বাক্যে কী ধরনের অব্যয়ের ব্যবহার ঘটেছে?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উচ্চমান সহকারী : ২১]
ⓚ সংযোজক ⓚ বিয়োজক
ⓖ সংকোচক ⓖ অনুগামী সমুচ্চয়ী **উত্তর: ঘ**

১৫. **অনুগামী সমুচ্চয়ী অব্যয় এর উদাহরণ হলো-** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাব রক্ষক : ২১]
ⓚ অধিকন্তু ⓚ যেন
ⓖ নিশ্চয়ই ⓖ হায়রে **উত্তর: খ**

১৬. **"দেখে যেন মনে হয় চিনি উহারে"- পঙ্ক্তির 'যেন' কোন পদ?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ ভাব বিশেষণ ⓚ পদান্বয়ী অব্যয়
ⓖ সংযোজক অব্যয় ⓖ অনন্বয়ী অব্যয় **উত্তর: গ**

১৭. **কোন বাক্যটিতে অনন্বয়ী অব্যয়ের ব্যবহার হয়েছে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ⓚ ওকে দিয়ে এ কাজ হবে না
ⓚ আমি আজ আলবত যাব
ⓖ হাশেম কিংবা কাশেম এর জন্য দায়ী
ⓖ তিনি সৎ, তাই সকলেই তাকে শ্রদ্ধা করে **উত্তর: খ**

১৮. **"মরি মরি! কি সুন্দর প্রভাতের রূপ" বাক্যে – 'মরি মরি' কোন শ্রেণির অব্যয়?** [১৮তম বিসিএস]
ⓚ সমন্বয়ী ⓚ অনন্বয়ী
ⓖ পদান্বয়ী ⓖ অনুকার **উত্তর: খ**

১৯. **"মরি মরি, কি সুন্দর প্রভাতের রূপ"– এখানে অনন্বয়ী অব্যয়ে কি প্রকাশ পেয়েছে?** [ষোড়শ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১৯]
ⓚ যন্ত্রণা ⓚ বিরক্তি
ⓖ সম্মতি ⓖ উচ্ছ্বাস **উত্তর: ঘ**

২০. **"তুমি না বলেছিলে আগামীকাল আসবে?"- এখানে 'না'-এর ব্যবহার কি অর্থে?** [২৪তম বিসিএস]
ⓚ না-বাচক ⓚ হ্যাঁ-বাচক
ⓖ প্রশ্নবোধক ⓖ বিস্ময়সূচক **উত্তর: খ**

২১. **"তুমি না সেদিন বাড়ী গিয়েছিলে?"- এখানে 'না' কোন অর্থে ব্যবহৃত?** [দুর্নীতি দমন কমিশনের উপ-সহকারী পরিচালক : ১০]
ⓚ সন্দেহ ⓚ বিস্ময়
ⓖ অনুমান ⓖ নিশ্চয়তা **উত্তর: ঘ**

২২. **"তুমি না সেদিন আবৃত্তি করেছিলে?"- এখানে 'না' কোন অর্থে ব্যবহৃত?** [মাভাবিপ্রবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ সন্দেহ ⓚ বিস্ময়
ⓖ অনুমান ⓖ নিশ্চয়তা **উত্তর: ঘ**

২৩. **'সে নাকি আসবে না।' এখানে 'না' অব্যয় কি অর্থে প্রযুক্ত হয়েছে?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান : ১৮]
ⓚ অনুমান অর্থে ⓚ সম্ভাবনা অর্থে
ⓖ বিস্ময় অর্থে ⓖ বিরক্তি অর্থে **উত্তর: খ**

২৪. **তুলনা বোঝাতে নিচের যে বাক্যে 'না' ব্যবহৃত হয়েছে।** [সমন্বিত সাত (৭) ব্যাংক এর সিনিয়র অফিসার : ২১]
ⓚ হয় তুমি যাবে, না হয় আমি।
ⓚ তার না আছে লোভ, না আছে হিংসা।
ⓖ আমি না গেলে তুমি যাও।
ⓖ ছেলে তো না, একটা বিচ্ছু। **উত্তর: ঘ**

২৫. **'ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, কী বিপদ'! এই বাক্যের 'কী' এর অর্থ-** [২২তম বিসিএস]
ⓚ ভয় ⓚ রাগ
ⓖ বিরক্তি ⓖ বিপদ **উত্তর: গ**

২৬. 'কী করেই না দিন কাটাচ্ছ।' বাক্যটিতে 'না' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
ⓚ বিস্ময় প্রকাশে ⓚ ব্যঙ্গ প্রকাশে
ⓖ বিরক্ত প্রকাশে ⓖ আক্ষেপ প্রকাশে **উত্তর:** ক

২৭. 'তুমি এত নীচ'। বাক্যটিতে প্রকাশ পেয়েছে- [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার (ফাইন্যান্সিয়াল এনালিস্ট) : ২০]
ⓚ ঘৃণা ⓚ বিরক্তি
ⓖ লজ্জা ⓖ অবজ্ঞা **উত্তর:** ক,খ

২৮. 'ওগো, আজ তোরা যাস নে ঘরের বাহিরে।' এখানে 'ওগো' কোন অব্যয়? [রাবি (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ সমুচ্চয়ী ⓚ অনন্বয়ী
ⓖ অনুসর্গ ⓖ অনুকার **উত্তর:** খ

২৯. 'সংশয়ে সংকল্প সদা টলে, পাছে লোকে কিছু বলে।'এখানে 'পাছে' কী অব্যয়? [ইবি (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ অনুসর্গ ⓚ অনন্বয়ী
ⓖ সংকোচক ⓖ বিয়োজক **উত্তর:** খ

৩০. নিম্নের কোন বাক্যটিতে অনন্বয়ী অব্যয় পদ রয়েছে? [চবি (ছ ইউনিট) : ০৮-০৯]
ⓚ বৃষ্টি পড়ে ঝমঝম ⓚ তাকে দিয়ে একাজ হবে না
ⓖ উঃ! পায়ে বড্ড লেগেছে
ⓖ তুমি ভাল ছাত্র তাই তোমাকে সবাই ভালোবাসে
ⓘ হাসেম কিংবা কাসেম এর জন্য দায়ী **উত্তর:** গ

৩১. 'শুধু শুধু তিনি রেগে ওঠেন'-বাক্যটিতে কোন ভাব প্রকাশ করা হয়েছে? [বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার : ১১]
ⓚ ক্রমশ ⓚ আকস্মিকতা
ⓖ অভ্যাস ⓖ ব্যপ্তি **উত্তর:** গ

৩২. 'কে জানে দেশে সুদিন আবার আসবে কিনা।' এ বাক্যটি কী প্রকাশ করে? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ০৬]
ⓚ হতাশা ⓚ সন্দেহ
ⓖ সম্ভাবনা ⓖ অনিশ্চিয়তা **উত্তর:** ঘ

৩৩. 'তুই কি কাজ করবি, না মার খাবি? -এই বাক্যের 'কি' অব্যয়ের ব্যবহার হয়েছে- [পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ⓚ প্রশ্ন জিজ্ঞাসা ⓚ শাসন করায়
ⓖ বিরক্তি প্রকাশে ⓖ ক্রোধ প্রকাশে **উত্তর:** গ

৩৪. "তাকেও আসতে বলেছি।" এই বাক্যের 'ও' অব্যয় পদটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী ড্রিলিং প্রকৌশলী : ৯৮]
ⓚ নির্দেশ অর্থে ⓚ স্বীকৃতি জ্ঞাপনে
ⓖ বিকল্প প্রকাশে ⓖ অনুরোধে **উত্তর:** খ

৩৫. "যত গর্জে তত বর্ষে না" বাক্যটিতে 'যত তত' অব্যয়ের ব্যবহার কোন অর্থে? [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ⓚ পরিণাম ⓚ বৈপরীত্য
ⓖ তুলনা ⓖ নিশ্চিত **উত্তর:** গ

৩৬. 'আকাশ শুধু নীল আর নীল' -এই বাক্যে 'আর' হচ্ছে - [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ⓚ ঘন ⓚ অব্যয়
ⓖ অনেক ⓖ বিশেষণ **উত্তর:** খ

৩৭. 'আ মরি বাংলা ভাষা'- এ চরণে 'আ' দ্বারা কী প্রকাশ পেয়েছে? [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সিনিয়র অফিসার : ২১]
ⓚ আশাবাদ ⓚ আবেগ
ⓖ আনন্দ ⓖ আনুগত্য **উত্তর:** গ

৩৮. 'হাসি দিয়ে ঘরটিকে ভরিয়ে রাখতো সে।'- বাক্যটিতে 'দিয়ে' হলো- [জনতা ব্যাংক লি. এক্সিকিউটিভ অফিসার : ১৫]
ⓚ অব্যয় ⓚ প্রত্যয়
ⓖ অনুসর্গ ⓖ উপসর্গ **উত্তর:** ক

৩৯. 'ছেলেটি যেন রাজপুত্তর।' এই বাক্যে 'যেন' পদের ব্যবহার কি অর্থে? [থানা শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ বিস্ময়জ্ঞাপক ⓚ তুলনামূলক
ⓖ অনুমানসূচক ⓖ সম্ভাবনাজ্ঞাপক **উত্তর:** খ

৪০. কোন বাক্যে ধ্বন্যাত্মক শব্দ আছে? [নির্বাচন কমিশন সচিবালয়ের থানা নির্বাচন অফিসার : ০৪]
ⓚ চিলটি সাঁইসাঁই করে উড়িয়া গেল
ⓚ আকাশে তো আমি রাখি নাই উড়িবার ইতিহাস
ⓖ লোকটি তীরবেগে চলিয়া গেল
ⓖ সে প্রায় চিৎকার করে কথা বলল **উত্তর:** ক

৪১. কল কল রবে নদী বইছে। এখানে 'কল কল' কোন অব্যয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (প্রথম পর্যায়) : ২২]
ⓚ সমুচ্চয়ী ⓚ অনুসর্গ
ⓖ অনন্বয়ী ⓖ অনুকার **উত্তর:** ঘ

৪২. 'কড়কড়' কোন অব্যয়? [বেরোবি (খ ইউনিট) : ১২-১৩]
ⓚ অনুকার ⓚ অনুসর্গ
ⓖ সমুচ্চয়ী ⓖ অনন্বয়ী **উত্তর:** ক

৪৩. 'হু হু করে বাজারে জিনিসপত্রের দাম বাড়ছে।' - বাক্যটিতে 'হু হু' কোন অর্থে প্রযুক্ত? [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ⓚ দ্বিরুক্তি ⓚ ধ্বন্যাত্মক
ⓖ বিশিষ্টার্থক ⓖ রূপকার্থক **উত্তর:** খ

৪৪. কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয়? [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ যখন তখন ⓚ শন শন
ⓖ অথবা ⓖ অধিকন্তু **উত্তর:** ক

৪৫. কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয়ের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ডালিয়া) : ১২]
ⓚ হ্যাঁ আমি যাব ⓚ অতি ভক্তি চোরের লক্ষণ
ⓖ আবার যেতে হবে ⓖ যথা ধর্ম তথা জয় **উত্তর:** ঘ

৪৬. 'যার যত ক্ষমতা, সে তত ধন সঞ্চয় করতে পারে।'- বাক্যটিতে কোন ধরনের অব্যয় ব্যবহার করা হয়েছে? [চবি (ক২ ইউনিট) : ১৪-১৫]
ⓚ শর্তবাচক ⓚ বিরোধমূলক
ⓖ নঞর্থক ⓖ নিত্য সম্বন্ধীয় **উত্তর:** ঘ

ক্রিয়ার কাল ও ভাব
Tense and Mood

ক্রিয়ার কাল

ক্রিয়া সংঘটনের বা সম্পাদনের সময়কে কাল বলে।
ক্রিয়ার কালকে প্রধানত বর্তমান, অতীত ও ভবিষ্যৎ এই তিনভাগে ভাগ করা যায়। আবার বর্তমান, অতীত ও ভবিষ্যৎকালকে নিম্নলিখিত ভাগে ভাগ করা যায়-

- কাল
  - বর্তমান কাল
    - সাধারণ বর্তমান
    - ঘটমান বর্তমান
    - পুরাঘটিত বর্তমান
    - অনুজ্ঞা বর্তমান
  - অতীত কাল
    - সাধারণ অতীত
    - ঘটমান অতীত
    - পুরাঘটিত অতীত
    - নিত্য অতীত
  - ভবিষ্যৎ কাল
    - সাধারণ ভবিষ্যৎ
    - ঘটমান ভবিষ্যৎ
    - অনুজ্ঞা ভবিষ্যৎ

বর্তমান কাল

যে ক্রিয়া বর্তমানে সাধারণ ভাবে ঘটে, তার কালকে বর্তমান কাল বলে।

ক) সাধারণ বা নিত্যবৃত্ত বর্তমান কাল : সাধারণভাবে এবং সচরাচর যখন কোনো ক্রিয়া সংঘঠিত হয় তার কাল বা সময়কে সাধারণ বা নিত্যবৃত্ত বর্তমান কাল বলে।
স্বাভাবিকতা বা অভ্যস্ততা বোঝালে সাধারণ বর্তমান কালের ক্রিয়াকে নিত্যবৃত্ত বর্তমান কাল বলে।
স্বাভাবিকতা : সূর্য পূর্ব দিকে ওঠে। ভোরে সূর্য উদয় হয়। সন্ধ্যায় সূর্য অস্ত যায়।
অভ্যস্ততা : আমি রোজ সকালে বেড়াতে যাই। বাঙালিরা ভাত খায়। গরু ঘাস খায়।

নিত্যবৃত্ত বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ
(১) স্থায়ী সত্য প্রকাশে : চার আর তিনে সাত হয়।
(২) ঐতিহাসিক বর্তমান : অতীতের কোনো ঐতিহাসিক ঘটনায় যদি নিত্য বর্তমান কালের প্রয়োগ হয়, তা হলে তাকে ঐতিহাসিক বর্তমান কাল বলে। যেমন- বাবরের মৃত্যুর পর হুমায়ুন দিল্লির সিংহাসনে আরোহণ করেন। ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধ হয়।
(৩) কাব্যের ভনিতায় : মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।
(৪) অনিশ্চয়তা প্রকাশে : কে জানে দেশে আবার সুদিন আসবে কিনা।

সাধারণ বর্তমান কালের ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগ
- ঘটনা অতীতের; কিন্তু ক্রিয়ার কাল বর্তমান :
  ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮৯১ সালে মৃত্যুবরণ করেন।
- ঘটনা ভবিষ্যতের; কিন্তু ক্রিয়ার কাল বর্তমান
  সবাই যেন সভায় হাজির থাকে।
- 'নেই', 'নাই', বা 'নি' শব্দযোগে অতীত কালের ক্রিয়ায়:
  সে গত মাসেও কাজে যোগদান করেনি।

খ) ঘটমান বর্তমান কাল : যে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বোঝাবার জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন- বালকেরা স্কুলে যাচ্ছে। আমি স্কুলে যাচ্ছি। হাসান বই পড়ছে। আমাদের পরীক্ষা চলছে।
ঘটমান বর্তমান কালের ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগ:
আগামী মাসে আমরা সিলেট যাচ্ছি। চিন্তা করো না, কালই আসছি। চারটা বাজলে স্কুল ছুটি হবে। (ঘটনা ভবিষ্যতের; কিন্তু ক্রিয়ার কাল বর্তমান)

গ) পুরাঘটিত বর্তমান কাল : ক্রিয়া পূর্বে শেষ হলে এবং তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন- এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। আমি অঙ্কটি করেছি। সে স্কুলে গিয়েছে। সে পুরস্কার পেয়েছে। তারা বাড়িতে ফিরেছে। ত্রিশ লক্ষ শহিদের রক্তে বাংলাদেশ স্বাধীন হয়েছে। পুরাঘটিত বর্তমান কালের ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগ:
আমি গত বছর পরীক্ষা দিয়েছি। (বাক্যে ক্রিয়ার কাল বর্তমান কালের এবং ক্রিয়া ঘটার সময় অতীতের)।

(ঘ) অনুজ্ঞা বর্তমান : যে ক্রিয়া দিয়ে বর্তমান কালে বক্তার আদেশ, অনুমতি, অনুরোধ, প্রার্থনা, আমন্ত্রণ, আর্শীবাদ, অভিশাপ, উপদেশ, উপেক্ষা ইত্যাদি প্রকাশ করা হয়, তাকে অনুজ্ঞা বর্তমান কাল বলে। যেমন-

আদেশ	কাজটি করে ফেল। তুমি যাও। বাড়ি যাও। বল বীর বল উন্নত মম শির।
উপদেশ	সত্য কথা গোপন করো না। কড়া রোদে ঘোরাফেরা করিস না। আবার তোরা মানুষ হ। আমার আশীর্বাদ নিয়ো। পাতিস নে শিলাতলে পদ্মপাতা।
অনুরোধ	আমার কাজটা এখন করো। অঙ্কটা বুঝিয়ে দাও না। তাড়াতাড়ি কাজটি করো।
প্রার্থনা	আমার এ দরখাস্তটা পড়ুন। সকলের মঙ্গল হোক।
অভিশাপ	মর, পাপিষ্ঠ।

অতীত কাল

যে ক্রিয়া আগে ঘটে গেছে, তার কালকে অতীত কাল বলে।

ক) সাধারণ অতীত : বর্তমান কালের পূর্বে যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে, তার সংঘটন কালই সাধারণ অতীত কাল। যেমন- প্রদীপ নিভে গেল। শিকারি পাখিটিকে গুলি করল। তারা সেখানে বেড়াতে গেল। তখন বাতিটা জ্বলে উঠল।

সাধারণ অতীত কালের ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগ:

শিকারি পাখিটিকে এইমাত্র গুলি করল। (ঘটনা পুরাঘটিত বর্তমানের; কিন্তু ক্রিয়ার কাল অতীত)।

যদি বৃষ্টি হতো, সবাই মিলে খিচুড়ি খেতাম। (ঘটনা ভবিষ্যতের; কিন্তু ক্রিয়ার কাল অতীত)।

খ) নিত্যবৃত্ত অতীত : অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীত কাল বলে। যেমন- পড়তাম। আগে প্রতি বছর এখানে খেলা হত। শৈশবে আম কুড়াতে আনন্দ পেতাম। আমরা তখন রোজ সকালে নদী তীরে ভ্রমণ করতাম। প্রতিদিন ফুল ফুটত। তিনি প্রত্যহ গঙ্গাস্নান করিতেন। গাইতাম গীত শুনি কোকিলের ধ্বনি। খুব সকালে ঘুম থেকে উঠতাম। তারা সাগরের তীরে ঝিনুক কুড়াত।

নিত্যবৃত্ত অতীত কালের বিশিষ্ট প্রয়োগ

(১) কামনা অর্থে : আজ যদি সুমন আসত, কেমন মজা হতো। (ঘটনা ভবিষ্যতের; কিন্তু ক্রিয়ার কাল অতীত)।

(২) অসম্ভব কল্পনায় : সাতাশ হতো যদি একশ সাতাশ।

(৩) সম্ভবনা প্রকাশে : তুমি যদি যেতে, তবে ভালোই হতো।

গ) ঘটমান অতীত কাল : অতীত কালে যে কাজ চলছিল এবং যে সময়ের কথা বলা হয়েছে, তখনও কাজটি সমাপ্ত হয়নি-ক্রিয়া সংঘটনের এরূপ ভাব বোঝালে ক্রিয়ার ঘটমান অতীত কাল হয়। যেমন- কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল। আমরা তখন বই পড়ছিলাম। তারা মাঠে খেলছিল।

ঘ) পুরাঘটিত অতীত কাল : যে ক্রিয়া অতীতে বহু পূর্বেই সংঘটিত হয়ে গিয়েছে এবং যার পরে আরও কিছু ঘটনা ঘটে গেছে, তার কালকে পুরাঘটিত অতীত কাল বলা হয়। যেমন- সে বার তাকে সুস্থই দেখেছিলাম। কাজটি কি তুমি করেছিলে? বৃষ্টি শেষ হবার পূর্বেই আমরা বাড়ি পৌঁছেছিলাম।

ভবিষ্যৎ কাল

যে ক্রিয়া ভবিষ্যতে ঘটবে, তার কালকে ভবিষ্যৎ কাল বলে। যেমন- চেষ্টা কর বুঝতে পারবে।

ক) সাধারণ ভবিষ্যৎ : যে ক্রিয়া পরে বা অনাগত কালে সংঘটিত হবে, তার কালকে সাধারণ ভবিষ্যৎ কাল বলে। যেমন- আমরা মাঠে খেলতে যাব। শীঘ্রই বৃষ্টি আসবে। কে জানত, আমার ভাগ্য এমন হবে। আমি হব সকাল বেলার পাখি। আমরা রংপুরে যাব। দু-এক দিনের মধ্যে সে আসবে।

সাধারণ ভবিষ্যৎ কালের ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগ:

তোমরা হয়ত ছয় দফার কথা শুনে থাকবে। (ঘটনা অতীতের; কিন্তু কাল ভবিষ্যৎ)।

খ) ঘটমান ভবিষ্যৎ : যে কাজ ভবিষ্যৎ কালে চলতে থাকবে তার কালকে ঘটমান ভবিষ্যৎ বলে। যেমন- তিনি ক্লাসে পড়াতে থাকবেন। আমরা পড়াশুনা করিতে থাকব। আমাদের কাজ আমরা করতে থাকব। এমন ঘটনা ঘটতেই থাকবে।

গ) অনুজ্ঞা ভবিষ্যৎ : যে ক্রিয়া দিয়ে ভবিষ্যৎ কালের বক্তার আদেশ, অনুমতি, অনুরোধ, প্রার্থনা, আমন্ত্রণ, আর্শীবাদ, অভিশাপ, উপদেশ, উপেক্ষা ইত্যাদি প্রকাশ করা হয়, তাকে অনুজ্ঞা ভবিষ্যৎ কাল বলে। যেমন-

আদেশ	সদা সত্য কথা বলবে।
সম্ভাবনায়	চেষ্টা কর, সবই বুঝতে পারবে।
বিধান অর্থে	রোগ হলে ঔষধ খাবে।
অনুরোধে	কাল একবার এসো। তাড়াতাড়ি কাজটি কোরো।
স্পৃহা	পড়া শেষে খেলতে যাবো।
প্রার্থনা	রেখো মা, দাসেরে মনে এ মিনতি করি পদে। ভালোভাবে পৌঁছে যেয়ো।

MCQ Solution

১. **ক্রিয়া সম্পাদনের সময়কে কী বলে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ⓚ কারক ⓚ কাল
ⓖ মহাকাল ⓖ প্রতিপাদিক **উত্তর:** খ

২. **ক্রিয়ার কাল কত প্রকার?** [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী : ২২]
ⓚ ৩ ⓚ ৪
ⓖ ২ ⓖ ৫ **উত্তর:** ক

৩. **'ভোরে সূর্য উদয় হয়'- উদাহরণটি কোন বর্তমান কালের?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৫]
ⓚ সাধারণ ⓚ ঘটমান
ⓖ নিত্যবৃত্ত ⓖ পুরাঘটিত **উত্তর:** গ

৪. **'সন্ধ্যায় সূর্য অস্ত যায়'- এটি কোন বর্তমান কালের?** [বাংলাদেশ ব্যাংক অফিসার : ১৫]
ⓚ সাধারণ বর্তমান ⓚ ঘটমান বর্তমান
ⓖ নিত্যবৃত্ত বর্তমান ⓖ পুরাঘটিত বর্তমান **উত্তর:** গ

৫. **"বাঙালিরা ভাত খায়।" কোন কালের উদাহরণ?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৫]
ⓚ বর্তমান অনুজ্ঞা ⓚ ঘটমান বর্তমান
ⓖ সাধারণ অতীত ⓖ সাধারণ বর্তমান **উত্তর:** ঘ

৬. **"গরু ঘাস খায়"- এখানে 'খায়' কোন কালের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ অতীত ⓚ সাধারণ বর্তমান
ⓖ ঘটমান বর্তমান ⓖ পুরাঘটিত বর্তমান **উত্তর:** খ

৭. **'সে গত মাসেও কাজে যোগদান করেনি' - কোন কালের উদাহরণ?** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
ⓚ সাধারণ অতীত ⓚ সাধারণ বর্তমান
ⓖ নিত্যবৃত্ত অতীত ⓖ নিত্যবৃত্ত বর্তমান **উত্তর:** খ

৮. **যে কাজ এখনো চলছে তাকে কি বলে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (IDA/ ADB Project) : ০১]
ⓚ নিত্য বর্তমান ⓚ ঘটমান বর্তমান
ⓖ পুরাঘটিত বর্তমান ⓖ বর্তমান অনুজ্ঞা **উত্তর:** খ

৯. **"বালকেরা স্কুলে যাচ্ছে।" বাক্যটি কোন ধরনের বর্তমান কাল নির্দেশ করে?** [রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০০]
ⓚ সাধারণ বর্তমান ⓚ ঘটমান বর্তমান
ⓖ নিত্য বর্তমান ⓖ বর্তমান অনুজ্ঞা **উত্তর:** খ

১০. **'হাসান বই পড়ছে' – কোন বর্তমান কালের উদাহরণ?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক : ২১]
ⓚ সাধারণ ⓚ ঘটমান
ⓖ নিত্যবৃত্ত ⓖ পুরাঘটিত **উত্তর:** খ

১১. **'চিন্তা করো না, কালই আসছি' - বাক্যটি কোন কালের?** [পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী : ২১]
ⓚ ঘটমান ভবিষ্যৎ
ⓚ ঘটমান বর্তমান
ⓖ পুরাঘটিত বর্তমান
ⓖ পুরাঘটিত ভবিষ্যৎ **উত্তর:** খ

১২. **যে ক্রিয়া কিছু আগে শেষ হয়েছে কিন্তু তার ফল এখনো রয়েছে তাকে বলে-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ পুরাঘটিত বর্তমান ⓚ সাধারণ অতীত
ⓖ নিত্যবৃত্ত অতীত ⓖ ঘটমান বর্তমান **উত্তর:** ক

১৩. **"এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি"- বাক্যটির কাল নির্ণয় কর।** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ সাধারণ বর্তমান ⓚ সাধারণ অতীত
ⓖ নিত্যবৃত্ত বর্তমান ⓖ পুরাঘটিত বর্তমান **উত্তর:** ঘ

১৪. **কোন কাল নির্ণয় করুন: 'সে স্কুলে গিয়েছে'।** [বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড ২) : ০৬]
ⓚ সাধারণ বর্তমান
ⓚ পুরাঘটিত বর্তমান
ⓖ ঘটমান বর্তমান
ⓖ বর্তমান অনুজ্ঞা **উত্তর:** খ

১৫. **"সে পুরস্কার পেয়েছে" কোন ধরনের বর্তমান কাল?** [স ও জ গণপূর্ত অধিদপ্তরের উপ সহকারী প্রকৌশলী, সিভিল : ০১]
ⓚ সাধারণ বর্তমান ⓚ ঘটমান বর্তমান
ⓖ পুরাঘটিত বর্তমান ⓖ অনুজ্ঞা বর্তমান **উত্তর:** গ

১৬. **'ত্রিশ লক্ষ শহিদের রক্তে বাংলাদেশ স্বাধীন হয়েছে'- বাক্যটি কোন কালের?** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ⓚ সাধারণ বর্তমান ⓚ পুরাঘটিত অতীত
ⓖ নিত্যবৃত্ত বর্তমান ⓖ পুরাঘটিত বর্তমান **উত্তর:** ঘ

১৭. **কোনটি অনুজ্ঞা?** [২১তম বিসিএস/ বাংলাদেশ সরকারী কর্মকমিশন এর সহকারী ইঞ্জিনিয়ার : ২০]
ⓚ তুমি যাও ⓚ তুমি গিয়েছিলে
ⓖ তুমি যাচ্ছিলে ⓖ তুমি যাচ্ছ **উত্তর:** ক

১৮. **বাড়ি যাও - একটি কোন প্রকারের বাক্য?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর (পূর্বাঞ্চল) : ১৬]
ⓚ প্রশ্নবোধক ⓚ নিষেধাত্মক
ⓖ আশ্চর্যবোধক ⓖ অনুজ্ঞা **উত্তর:** ঘ

১৯. **কোন বাক্যটিতে অনুজ্ঞা আছে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৫]
ⓚ আবার তোরা মানুষ হ
ⓚ মানুষ মরণশীল
ⓖ সে বই পড়ে
ⓖ কুষ্টিয়া বড় শহর **উত্তর:** ক

২০. **'মানুষ হও।' বাক্যটিতে রয়েছে-** [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ১৯/ ঢাবি (ক ইউনিট) : ১৪-১৫]
ⓚ অনুনয় ⓚ আদেশ
ⓖ অনুরোধ ⓖ উপদেশ **উত্তর:** ঘ

২১. **'পাতিস নে শিলাতলে পদ্মপাতা' কি অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ আদেশ ⓚ প্রার্থনা
ⓖ অনুরোধ ⓖ উপদেশ **উত্তর:** ঘ

২২. **'বল বীর বল উন্নত মম শির।' বাক্যটি কি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ) : ০৫]
ⓚ ইচ্ছাসূচক ⓚ প্রশ্নসূচক
ⓖ আদেশসূচক ⓖ বিস্ময়বোধক **উত্তর:** গ

২৩. **"আমার এ দরখাস্তটা পড়ুন"- বর্তমানের 'এ' অনুজ্ঞা দ্বারা কি বুঝায়?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ০০]
ⓚ অনুরোধ ⓚ প্রার্থনা
ⓖ বিধান ⓖ আদেশ **উত্তর:** খ

২৪. **কোন বাক্যে অতীত কাল বোঝানো হয়েছে?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ⓚ আমরা গিয়েছি ⓚ তুমি যেতে থাক
ⓖ সে কি গিয়েছিল? ⓖ কোনোটিই নয় **উত্তর:** গ

২৫. **'প্রদীপ নিভে গেল'- উদাহরণটি কোন অতীত কালের?** [ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]
ⓚ সাধারণ ⓚ ঘটমান
ⓖ পুরাঘটিত ⓖ নিত্যবৃত্ত **উত্তর:** ক

২৬. **'তিনি প্রত্যহ গঙ্গাস্নান করিতেন'- বাক্যটি হলো-** [শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীর শ্রম কর্মকর্তা : ০৪]
ⓚ সাধারণ অতীকাল জ্ঞাপক
ⓚ নিত্যবৃত্ত অতীতকাল জ্ঞাপক
ⓖ সম্ভাব্য অতীতকাল জ্ঞাপক
ⓖ পুরোঘটিত অতীতকাল জ্ঞাপক **উত্তর:** খ

২৭. **"আগে প্রতি বছর এখানে খেলা হত" ।- বাক্যটি কোন ধরনের অতীতকাল নির্দেশ করে?** [এনআরবিসি ব্যাংক লি. সহকারী ট্রেইনি অফিসার : ২১]
ক) সাধারণ অতীত খ) ঘটনার অতীত
গ) পুরাঘটিত অতীত ঘ) নিত্যবৃত্ত অতীত **উত্তর:** ঘ

২৮. **নিচের কোনটি নিত্যবৃত্ত অতীত?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক : ১৩]
ক) পড়ালাম খ) পড়িয়েছিলাম
গ) পড়াতাম ঘ) পড়াব **উত্তর:** গ

২৯. **কোনটি নিত্যবৃত্ত অতীতকালের উদাহরণ?** [পিএসসি'র সহকারী সচিব : ০৫]
ক) চোখের আলোয় দেখেছিলাম
খ) আকাশ জুড়ে মেঘ করেছে
গ) গাইতাম গীত শুনি কোকিলের ধ্বনি
ঘ) বেলা যে পড়ে এলো **উত্তর:** গ

৩০. **'শৈশবে আম কুড়াতে আনন্দ পেতাম' উক্ত বাক্যটি কোন অতীত কাল?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী : ১১]
ক) সাধারণ অতীত খ) নিত্যবৃত্ত অতীত
গ) ঘটমান অতীত **উত্তর:** খ

৩১. **"আমরা তখন রোজ সকালে নদীর তীরে ভ্রমণ করতাম"- বাক্যটি কোন কাল?** [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক) ঘটমান অতীত খ) পুরাঘটিত অতীত
গ) সাধারণ অতীত ঘ) নিত্যবৃত্ত অতীত **উত্তর:** ঘ

৩২. **'প্রতিদিন ফুল ফুটত' - কোন কাল?** [বাংলাদেশ ওয়েল, গ্যাস ও মিনারেল কর্পোরেশন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (অ্যাডমিন) : ১১]
ক) সাধারণ অতীত খ) ঘটমান অতীত
গ) পুরাঘটিত অতীত ঘ) নিত্যবৃত্ত অতীত **উত্তর:** ঘ

৩৩. **'তুমি যদি যেতে, তবে ভালোই হতো'- বাক্যটিতে 'যেতে' শব্দটি ক্রিয়ার কোন কাল?** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক : ০৪]
ক) সাধারণ অতীত খ) ঘটমান অতীত
গ) পুরাঘটিত অতীত ঘ) নিত্যবৃত্ত অতীত **উত্তর:** ঘ

৩৪. **'কে জানত, আমার ভাগ্য এমন হবে' এ বাক্যটি নিচের কোন কালের উদাহরণ?** [স্বাস্থ্য অধিদপ্তরে স্বাস্থ্য সহকারী : ১০]
ক) ঘটমান বর্তমান
খ) সাধারণ বর্তমান
গ) সাধারণ ভবিষ্যৎ **উত্তর:** গ

৩৫. **নিচের কোন বাক্যটি সাধারণ ভবিষ্যৎ কাল?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সহকারী নিরাপত্তা কর্মকর্তা : ২১]
ক) আমি হব সকাল বেলার পাখি
গ) তুমি বোধ হয় কঠিন অঙ্কটা বুঝবে
গ) আমিনা কথা বলতে থাকবে
ঘ) আমার ছোট ভাই লিখেছে **উত্তর:** ক

৩৬. **কোন বাক্যে ভবিষ্যৎ কাল বোঝানো হয়েছে?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ক) চেষ্টা কর বুঝতে পারবে
খ) সদা সত্য কথা বলতে হবে
গ) রোগ হলে ঔষধ খেতে হবে
ঘ) কোনোটিই নয় **উত্তর:** ক

৩৭. **কোন বাক্যটি দ্বারা অনুরোধ বুঝায়?** [১৮তম বিসিএস]
ক) তুই বাড়ি যা
খ) ক্ষমা করা ঘোর অপরাধ
গ) কাল একবার এসো
ঘ) দূর হও **উত্তর:** গ

৩৮. **'রেখো মা, দাসেরে মনে এ মিনতি করি পদে।'........ এখানে ক্রিয়ার কোন কাল ব্যবহৃত হয়েছে?** [সমন্বিত ২ (দুই) ব্যাংক সিনিয়র অফিসার (আইটি) : ২০]
ক) নিত্যবৃত্ত বর্তমান খ) বর্তমান অনুজ্ঞা
গ) ভবিষ্যৎ অনুজ্ঞা ঘ) পুরাঘটিত বর্তমান **উত্তর:** গ

ক্রিয়ার ভাব

সাপেক্ষ ভাব

একটি ক্রিয়ার সংঘটন অন্য একটি ক্রিয়ার ওপর নির্ভর করলে, নির্ভরশীল ক্রিয়াকে সাপেক্ষ ভাবের ক্রিয়া বলা হয়। যেমন-

সম্ভাবনায় : যদি সে পড়ত তবে পাশ করত। যদি সে আসে তবে আমি যাইব।
উদ্দেশ্য বোঝাতে : ভালো করে পড়লে সফল হবে।
ইচ্ছা বা কামনায় : আজ বাবা বেঁচে থাকলে আমার কষ্ট হতো না।

MCQ Solution

১. **'আজ বাবা বেঁচে থাকলে আমার কষ্ট হতো না'- বাক্যটি কোন ভাবের ক্রিয়া।** [তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫]
ক) অনুজ্ঞা ভাব খ) সাপেক্ষ ভাব
গ) নির্দেশক ভাব ঘ) অনির্দেশক ভাব **উত্তর:** খ

২. **'ভালো করে পড়লে সফল হবে।'- বাক্যটিতে ক্রিয়ার কোন ভাবের প্রয়োগ ঘটেছে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ক) নির্দেশক ভাব
খ) অনুজ্ঞা ভাব
গ) সাপেক্ষ ভাব
ঘ) আকাঙ্ক্ষা প্রকাশক ভাব **উত্তর:** গ

৩. **'রোগ হলে ওষুধ খাবে'- এ বাক্যে 'খাবে' কি অর্থে ব্যবহৃত হয়েছে?** [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার (আইটি) : ১৮]
ক) অনুরোধ অর্থে খ) বিধান অর্থে
গ) আদেশ অর্থে ঘ) উপদেশ অর্থে **উত্তর:** খ

শব্দ
Word

শব্দ

এক বা একাধিক ধ্বনি বা বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে শব্দ বলে। অর্থবোধক ধ্বনি ও ধ্বনি সমষ্টিকে শব্দ বলা হয়। বাক্যের মৌলিক উপাদান শব্দ। শব্দকে বাক্যের একক বলা হয় অর্থাৎ বাক্যের বাহন হলো শব্দ। শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে রূপ বলে।

শব্দের গঠনমূলক শ্রেণিবিভাগ

গঠনমূলক ভাবে শব্দ দুই প্রকার। যথা-

ক) মৌলিক শব্দ : যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙ্গে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমন- আকাশ, মেঘ, চাঁদ, ঢাকা, গোলাপ, ফুল, পাখি, গাছ, মাছ, তিন, কলম, মা, নাক, মুখ, হাত, কালো, লাল ইত্যাদি।

খ) সাধিত শব্দ : যে সকল শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে। যেমন- পরিচালক, সম্পাদকীয়, সংসদ সদস্য, নীলাকাশ প্রভৃতি। সাধিত শব্দ দুই ভাগে ভাগ করা যায়। যথা- প্রত্যয় নিষ্পন্ন শব্দ এবং সমাস নিষ্পন্ন শব্দ।

শব্দ গঠনের প্রধান উপায় তিনটি। যথা- উপসর্গযোগে, **প্রত্যয়যোগে এবং সমাসের সাহায্যে।** নামপ্রকৃতি ও ধাতুর **সঙ্গে যেসব শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয়,** সেগুলোর **নাম উপসর্গ ও প্রত্যয়।**

১) **উপসর্গযোগে :** *বি* + জ্ঞান = **বিজ্ঞান**। উপ + হার = উপহার

২) **প্রত্যয়যোগে : গুরু + ষ্ণ = গৌরব।** √গৈ + *ণক* = **গায়ক। প্রশাসন + ইক = প্রশাসনিক।** দরদ + ই = দরদি

৩) **সমাসের** সাহায্যে : **মিলের অভাব = গরমিল।** চাঁদ মতো **মুখ** = চাঁদমুখ।

শব্দের দ্বিত্ব করেও সাধিত শব্দ হয়ে থাকে। যেমন- ফিসফিস, ধুমাধুম ইত্যাদি। **সন্ধির সাহায্যে নতুন শব্দ গঠিত হয়।** যেমন- বিদ্যা + **আলয় = বিদ্যালয়।**

MCQ Solution

১. **অর্থবোধক ধ্বনিকে বলা হয় -** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি) : ১১]
ⓚ বাক্য ⓚ উপসর্গ
(ক) বাক্য (খ) উপসর্গ
(গ) শব্দ (ঘ) প্রত্যয় **উত্তর:** গ

২. **ধ্বনির অর্থপূর্ণ মিলনে কি তৈরি হয়?** [ICB ক্যাশিয়ার : ১৮]
(ক) বর্ণ (খ) শব্দ
(গ) বাক্য (ঘ) ব্যাকরণ **উত্তর:** খ

৩. **এক বা একাধিক বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে কি বলে?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১১]
(ক) পদ (খ) শব্দ
(গ) ধাতু (ঘ) প্রকৃতি **উত্তর:** খ

৪. **বাক্যের মৌলিক উপাদান কি?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর উপসহকারী প্রকৌশলী : ২২/ সড়ক ও জনপদ অধিদপ্তরের কার্য-সহকারী : ২২]
(ক) বর্ণ (খ) ভাব
(গ) ধ্বনি (ঘ) শব্দ **উত্তর:** ঘ

৫. **শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয়-** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক অফিসার : ১৪]
(ক) পদ (খ) ধ্বনি
(গ) কারক (ঘ) বর্ণ **উত্তর:** খ

৬. **শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে বলা হয়?** [জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
(ক) রূপ (খ) বাক্য
(গ) শব্দাংশ (ঘ) অর্থ **উত্তর:** ক

৭. **বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বাংলা ভাষার শব্দসমূহকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়-** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৯]
(ক) ৫ প্রকার (খ) ৪ প্রকার
(গ) ৩ প্রকার (ঘ) ২ প্রকার **উত্তর:** গ

৮. **গঠন অনুসারে শব্দ কয় প্রকার?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ মেডিকেল অফিসার : ২১]
(ক) তিন (খ) দুই
(গ) পাঁচ (ঘ) চার **উত্তর:** খ

৯. **কোন শব্দকে বিশ্লেষণ করা যায় না-** [উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার (ক্যাশ) : ০৮]
(ক) যৌগিক শব্দ (খ) যোগরূঢ় শব্দ
(গ) রূঢ়ি শব্দ (ঘ) মৌলিক শব্দ **উত্তর:** ঘ

১০. **মৌলিক শব্দ কোনটি?** [রাবি (ঙ ইউনিট) : ১০-১১]
(ক) কবিতা (খ) কাব্য
(গ) পদ্য (ঘ) কলম **উত্তর:** ঘ

১১. **মৌলিক শব্দ কোনটি?** [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/ সমপর্যায়) : ১৮]
(ক) শ্রবণ (খ) পাঠক
(গ) পরিষ্কার (ঘ) কালো **উত্তর:** ঘ

১২. **কোনটি মৌলিক শব্দ?** [৩৭তম বিসিএস/ ১৪তম বিসিএস/ ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
(ক) মানব (খ) গোলাপ
(গ) একাঙ্ক (ঘ) ধাতব **উত্তর:** খ

১৩. **নিচের কোনটি মৌলিক শব্দ?** [খুবি (সমাজবিজ্ঞান) : ১১-১২]
(ক) বাঁশি (খ) সুপ্রভাত
(গ) ঢালাই (ঘ) ঢাকা **উত্তর:** ঘ

১৪. কোনটি মৌলিক শব্দ? [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১২]
ক) লোনা খ) ডিঙ্গা
গ) ফুল ঘ) চাকা **উত্তর:** গ

১৫. মৌলিক শব্দ কোনটি? [চতুর্দশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়) : ১৭]
ক) আকাশ খ) শীতল
গ) ঢাকাই ঘ) কান্না **উত্তর:** ক

১৬. কোনটি মৌলিক শব্দের উদাহরণ? [চবি (ক ইউনিট) : ১৩-১৪]
ক) উপহার খ) সন্দেশ
গ) চাঁদ ঘ) বাঁশি **উত্তর:** গ

১৭. মৌলিক শব্দ কোনটি? [ঢাবি (গ ইউনিট) : ১০-১১]
ক) দেশান্তর খ) গায়েহলুদ
গ) নাক ঘ) অগ্নিবীণা **উত্তর:** গ

১৮. নিচের কোনটি মৌলিক শব্দ? [সমন্বিত ৬টি ব্যাংক ও ২টি আর্থিক প্রতিষ্ঠানের সিনিয়র অফিসার : ১৮]
ক) নিবাস খ) বিদেশি
গ) খেলনা ঘ) মুখ **উত্তর:** ঘ

১৯. মৌলিক শব্দ কোনটি? [NSI - এর সহকারী পরিচালক : ২১]
ক) মা খ) পবন
গ) ভাবুক ঘ) বিহার **উত্তর:** ক

২০. মৌলিক শব্দ কোনটি? [কুবি (খ ইউনিট) : ১৬-১৭]
ক) মেঘ খ) ছুটি
গ) কাব্য ঘ) দ্বীপ **উত্তর:** ক

২১. কোনটি মৌলিক শব্দ নয়? [হাবিপ্রবি (গ ইউনিট) : ১৩-১৪]
ক) গোলাপ খ) গৌরব
গ) নাক ঘ) তিন **উত্তর:** খ

২২. নিচের কোনটি মৌলিক শব্দ নয়? [সোনালী, রূপালী, জনতা ব্যাংকের সহকারী প্রকৌশলী : ২১]
ক) গোলাপ খ) গায়ক
গ) হাত ঘ) ফুল **উত্তর:** খ

২৩. মৌলিক শব্দ বা ধাতুর সাথে উপসর্গ, প্রত্যয়যোগে বা সমাসের মাধ্যমে যে শব্দ গঠিত হয় তাকে কি বলে? [শ্রম মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক : ০৫]
ক) প্রকৃতি খ) সমাসবদ্ধ শব্দ
গ) সাধিত শব্দ ঘ) মৌলিক শব্দ **উত্তর:** গ

২৪. সাধিত শব্দ কতভাগে ভাগ করা যায়? [রাবি (এ-ইউনিট) : ২০-২১]
ক) তিন খ) দুই
গ) পাঁচ ঘ) চার **উত্তর:** খ

২৫. শব্দ গঠনের প্রধান উপায় কয়টি? [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর মেডিকেল অফিসার : ২১]
ক) ৩টি খ) ৪টি
গ) ৫টি ঘ) ২টি **উত্তর:** ক

২৬. নতুন শব্দ গঠন করে - [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ক) সন্ধি ও সমাস খ) সন্ধি ও কারক
গ) সমাস ও পদ ঘ) প্রত্যয় ও পুরুষ **উত্তর:** ক

২৭. নতুন নতুন শব্দ গঠনের প্রক্রিয়া- [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক) উক্তি খ) বাচ্য
গ) প্রত্যয় ঘ) লয় **উত্তর:** গ

২৮. বাংলা ভাষায় শব্দ সাধন হয় না নিম্নোক্ত কোন উপায়ে? [৩৫তম বিসিএস]
ক) সমাস দ্বারা খ) লিঙ্গ পরিবর্তন দ্বারা
গ) উপসর্গ যোগে ঘ) ক,খ,ও গ তিন উপায়েই হয় **উত্তর:** খ

২৯. চাঁদ + মুখ কোন ধরনের শব্দ? [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ক) মৌলিক শব্দ খ) সাধিত শব্দ
গ) যোগরূঢ় শব্দ ঘ) যৌগিক শব্দ **উত্তর:** খ

৩০. নিচের কোনটি সাধিত শব্দ? [শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার : ০৫]
ক) হাত খ) বই
গ) কলম ঘ) গরমিল **উত্তর:** ঘ

৩১. কোনটি সাধিত শব্দের উদাহরণ? [চবি (খ১ ইউনিট) : ১৩-১৪]
ক) হাসান খ) প্রশাসনিক
গ) ঝনঝন ঘ) গোলাপ **উত্তর:** খ

৩২. নিচের কোনটি সাধিত শব্দ? [ইবি (খ ইউনিট) : ১৯-২০]
ক) দরদি খ) লাল
গ) বই ঘ) গাছ **উত্তর:** ক

৩৩. কোনটি সাধিত শব্দ নয়? [৩২তম বিসিএস]
ক) পানসা খ) ফুলেল
গ) গোলাপ ঘ) হাতল **উত্তর:** গ

শব্দের অর্থ অনুসারে শ্রেণিবিভাগ

শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দসমূহ তিন ভাগে বিভক্ত। যথা-

ক) যৌগিক শব্দ : যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে। যেমন- গায়ক, দৌহিত্র, পাঠক, মধুর, মিতালি, মেয়েলি, সাংবাদিক ইত্যাদি।

কর্তব্য	= কৃ + তব্য	অর্থ : যা করা উচিত।
গায়ক	= গৈ + ণক (অক)	অর্থ : গান করে যে।
পাঠক	= পাঠ + অক	অর্থ : যে বই পড়ে।
বাবুয়ানা	= বাবু + আনা	অর্থ : বাবুর ভাব।
মধুর	= মধু + র	অর্থ : মধুর মত মিষ্টি গুণযুক্ত।
দৌহিত্র	= দুহিতা + ষ্ণ্য	অর্থ : কন্যার পুত্র, নাতি।
চিকামারা	= চিকা + মারা	অর্থ : দেওয়ালের লিখন।
লাজুক	= লাজ + উক্	অর্থ : মেলামেশা করতে লজ্জাবোধ করে এমন।

খ) রূঢ়ি শব্দ : ব্যুৎপত্তিগত এবং ব্যবহারিক অর্থের মধ্যে পার্থক্য রয়েছে এমন প্রত্যয় বা উপসর্গ যোগে গঠিত শব্দকে রূঢ়ি শব্দ বলে।। যেমন- জেঠামি, পাঞ্জাবি, হরিণ, প্রবীণ ইত্যাদি।

মূল শব্দ	শব্দ গঠন	ব্যুৎপত্তিগত অর্থ	ব্যবহারিক অর্থ
হস্তী	হস্ত + ইন	হাত আছে যার	একটি বিশেষ প্রাণী, হাতি
গবেষণা	গো + এষণা	গরু খোঁজা	ব্যাপক অধ্যয়ন ও পর্যালোচনা
বাঁশি	বাঁশ + ইন	বাঁশ দিয়ে তৈরি	বাঁশের তৈরি বিশেষ বাদ্যযন্ত্র
প্রভাত	প্র + ভাত	প্রকৃষ্টভাবে আলোকিত	সকাল বেলা
দুহিতা	√দুহ্ + তৃচ্	দুগ্ধদোহনকরিণী	কন্যা, মেয়ে
সন্দেশ	সম্ + √দিশ + অ	সংবাদ	মিষ্টান্ন বিশেষ
নন্দন	√নন্দ + অন	শিল্প	পুত্র, বংশধর
বিবাহ	বি + √বহ্ + অ	বিশেষভাবে বহন করে আনা	বিয়ে
প্রবীণ	প্র + √বীণি + অচ্	প্রকৃষ্টরূপে বীণা বাজাতে পারেন যিনি	অভিজ্ঞতা সম্পন্ন বয়স্ক ব্যক্তি
তৈল	তিল + অ	তিলজাত স্নেহ পদার্থ	উদ্ভিজ্জ যে কোনো স্নেহ পদার্থ। যেমন- বাদাম তেল

গ) যোগরূঢ় শব্দ : সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণ ভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন- আদিত্য, জলদ, তুরঙ্গম, পঙ্কজ, রাজপুত, সরোজ, সুহৃদ ইত্যাদি।

উদাহরণ :

পঙ্কজ : পঙ্কে জন্মে যা (উপপদ তৎপুরুষ সমাস)। শৈবাল, শালুক, পদ্মফুল প্রভৃতি নানাবিধ উদ্ভিদ পঙ্কে জন্মে থাকে। কিন্তু পঙ্কজ শব্দটি একমাত্র পদ্মফুল অর্থেই ব্যবহৃত হয়। তাই পঙ্কজ একটি যোগরূঢ় শব্দ।

রাজপুত : রাজার পুত্র অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে অর্থ হয়েছে জাতি বিশেষ।

মহাযাত্রা : মহাসমারোহে যাত্রা অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ রূপে অর্থ মৃত্যু।

জলধি : জল ধারণ করে এমন অর্থ পরিত্যাগ করে একমাত্র সমুদ্র অর্থেই ব্যবহৃত হয়।

MCQ Solution

১. **শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দ সমষ্টিকে ভাগ করা যায়-** [১৭তম বিসিএস/ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উচ্চমান সহকারী : ২১]
ⓚ দুই ভাগে ⓚh তিন ভাগে
ⓖ চার ভাগে ⓖh পাঁচ ভাগে **উত্তর: খ**

২. **অর্থমূলক শব্দ বিভাজন কোনটি?** [জাবি (গ ইউনিট) : ১৪-১৫]
(ক) তৎসম শব্দ (খ) যৌগিক শব্দ
(গ) সাধিত শব্দ (ঘ) তদ্ভব শব্দ **উত্তর: খ**

৩. **যেসব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ অভিন্ন, তাকে বলে-** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ : ২০]
(ক) যৌগিক শব্দ (খ) যোগরূঢ় শব্দ
(গ) রূঢ়ি শব্দ (ঘ) মৌলিক শব্দ **উত্তর: ক**

৪. **যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে তাকে কি শব্দ বলে?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন অডিটর : ১৯]
(ক) রূঢ়ি (খ) যৌগিক
(গ) যোগরূঢ় (ঘ) যোগরূঢ়ি **উত্তর: ক**

৫. **বাংলা ভাষায় সমাস নিষ্পন্ন যে সব শব্দ সমস্যমান পদগুলোর কোনটার অর্থ প্রকাশ না করে বিশেষ কোন অর্থ প্রকাশ করে, সেগুলোকে বলে-** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ১৮]
(ক) যৌগিক শব্দ (খ) রূঢ় শব্দ
(গ) যোগরূঢ় শব্দ (ঘ) সাধিত শব্দ **উত্তর: গ**

৬. **কোনটি যৌগিক শব্দ?** [রাবি (আই ইউনিট) : ১৬-১৭]
(ক) তৈল (খ) রেশম
(গ) দৌহিত্র (ঘ) মহাযাত্রা **উত্তর: গ**

৭. **'সাংবাদিক' শব্দটি একটি-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : ০৩-০৪]
(ক) মৌলিক (খ) সাধিত
(গ) যৌগিক (ঘ) প্রতিপাদিক **উত্তর: গ**

৮. **কোনটি যৌগিক শব্দ?** [রাবি (এফ ইউনিট) : ১৪-১৫]
(ক) সন্দেশ (খ) রাজপুত
(গ) পাঠক (ঘ) হস্তী **উত্তর: গ**

৯. **কোনটি যৌগিক শব্দের উদাহরণ?** [জবি (খ ইউনিট) : ১৪-১৫]
(ক) জলধি (খ) পাঞ্জাবি
(গ) নিন্দুক (ঘ) বাঁশি **উত্তর: গ**

১০. **কোনটি যৌগিক শব্দ?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
(ক) চিকামারা (খ) মহাযাত্রা
(গ) সন্দেশ (ঘ) রাজপুত **উত্তর: ক**

১১. **কোন দুটি শব্দ যৌগিক শব্দ?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৮]
(ক) হস্তী, বাঁশি (খ) গায়ক, বাবুয়ানা
(গ) রাজপুত, সহযাত্রা (ঘ) ঢাকা, গোলাপ **উত্তর: খ**

১২. **'মধুর' শব্দটি কোন ধরনের শব্দ?** [জাককানইবি (এ.পি ইউনিট) : ১৭-১৮]
(ক) যৌগিক (খ) পরিশব্দ
(গ) যোগরূঢ় (ঘ) রূঢ়ি **উত্তর: ক**

১৩. **'মিতালি' কোন প্রকৃতির শব্দ?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৬]
(ক) যৌগিক (খ) রূঢ়ি
(গ) যোগরূঢ় (ঘ) অব্যয় **উত্তর: ক**

১৪. **'মেয়েলি' কোন জাতীয় শব্দ?** [বেরোবি (ক ইউনিট) : ১৬-১৭]
ⓚ রূঢ়ি ⓚ যৌগিক
ⓖ যোগরূঢ় ⓖ সন্ধিজাত **উত্তর:** খ

১৫. **'লাজুক' কোন ধরনের শব্দ?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২১]
ⓚ মৌলিক শব্দ ⓚ রূঢ়ি শব্দ
ⓖ যৌগিক শব্দ ⓖ যোগরূঢ় শব্দ **উত্তর:** গ

১৬. **নিচের কোনটি যৌগিক শব্দ?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সহকারী পরিচালক : ২০]
ⓚ হস্তী ⓚ গবেষণা ⓖ পঙ্কজ
ⓖ জলধি ⓤ কোনোটিই নয় **উত্তর:** ঙ

১৭. **কোনটি রূঢ়ি শব্দ?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ⓚ গবেষণা ⓚ পঙ্কজ
ⓖ রাজপুত ⓖ জলধি **উত্তর:** ক

১৮. **কোনটি রূঢ়ি শব্দের উদাহরণ?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ নাবিক ⓚ দৌহিত্র
ⓖ তৈল ⓖ নায়ক **উত্তর:** গ

১৯. **'সন্দেশ' কোন শ্রেণির শব্দ?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর সহকারী পরিচালক (প্রশাসন) : ১৬]
ⓚ মৌলিক ⓚ যৌগিক
ⓖ রূঢ়ি ⓖ যোগরূঢ় **উত্তর:** গ

২০. **'সন্দেশ' শব্দটি মূলত কোন অর্থে ব্যবহৃত হতো?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২০-২১]
ⓚ দূত ⓚ সংবাদ
ⓖ সংগীত ⓖ বিবাহ **উত্তর:** খ

২১. **নিচের কোনটি রূঢ়ি শব্দ?** [বশেমুরবিপ্রবি (ঘ ইউনিট) : ১৬-১৭]
ⓚ জলযান ⓚ অন্ন
ⓖ বাঁশি ⓖ গায়ক **উত্তর:** গ

২২. **নিচের কোনটি রূঢ়ি শব্দ?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাব রক্ষক : ২১]
ⓚ জলদ ⓚ প্রবীণ
ⓖ সুহৃদ ⓖ দিগের **উত্তর:** খ

২৩. **'প্রবীণ' শব্দের ব্যবহারিক অর্থ কী?** [বাংলাদেশ হাউস বিল্ডিং ফিন্যান্স কর্পোরেশন সিনিয়র অফিসার : ১১]
ⓚ অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি
ⓚ অভিজ্ঞতাসম্পন্ন বয়স্ক ব্যক্তি
ⓖ বৃদ্ধ ব্যক্তি
ⓖ প্রকৃষ্টরূপে বীণা বাজাতে পারেন যিনি
ⓤ প্রকৃষ্ট বীণা **উত্তর:** খ

২৪. **অর্থ অনুসারে 'হরিণ' কোন ধরনের শব্দ?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়) : ১৮]
ⓚ যৌগিক ⓚ মৌলিক
ⓖ যোগরূঢ় ⓖ রূঢ়ি **উত্তর:** ঘ

২৫. **কোনটি রূঢ় শব্দের উদাহরণ?** [ইবি (খ ইউনিট) : ০৯-১০]
ⓚ জেঠা + আমি = জেঠামি
ⓚ পঙ্কজ
ⓖ গাড়ি + ওয়ালা = গাড়িওয়ালা
ⓖ রাশি রাশি **উত্তর:** ক

২৬. **'পাঞ্জাবি' কোন শ্রেণির শব্দ?** [ইবি (খ ইউনিট) : ০৯-১০]
ⓚ রূঢ়/ রূঢ়ি ⓚ যোগরূঢ়
ⓖ যৌগিক ⓖ দেশ **উত্তর:** ক

২৭. **'দুহিতা' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?** [ইবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ হিতসাধনকারিণী ⓚ মঙ্গলকারিণী
ⓖ দুগ্ধদোহনকরিণী ⓖ অনিষ্টকারিণী **উত্তর:** গ

২৮. **'নন্দন' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কোনটি?** [ইবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ ননদের পুত্র ⓚ যে বা যা আনন্দদান করে
ⓖ নন্দের পুত্র ⓖ শিল্প **উত্তর:** ঘ

২৯. **'বিবাহ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ–** [ইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ পবনের পুত্র ⓚ বিশেষভাবে বহন করে আনা
ⓖ বৃহস্পতির পুত্র ⓖ বায়ুর বাহন **উত্তর:** খ

৩০. **কোনটি যোগরূঢ় শব্দ?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ পঙ্কজ ⓚ সন্দেশ
ⓖ প্রবীণ ⓖ গায়ক **উত্তর:** ক

৩১. **যোগরূঢ় শব্দের উদাহরণ কোনটি?** [পিএসসি'র সহকারী পরিচালক : ১৬]
ⓚ জলদ ⓚ জলজ
ⓖ বনজ ⓖ সহজ **উত্তর:** ক

৩২. **'জলধি' কী ধরনের শব্দ?** [জবি (ঘ ইউনিট) : ১৭-১৮]
ⓚ যোগরূঢ় ⓚ রূঢ়ি
ⓖ যৌগিক ⓖ প্রতিশব্দ **উত্তর:** ক

৩৩. **'মহাযাত্রা' কোন জাতীয় শব্দ?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ যৌগিক ⓚ যোগরূঢ়
ⓖ রূঢ় ⓖ মৌলিক **উত্তর:** খ

৩৪. **নিচের কোনটি যোগরূঢ় শব্দের উদাহরণ?** [কুবি : ০৮-০৯]
ⓚ আদিত্য ⓚ বালার্ক
ⓖ অরণি ⓖ অর্ণব **উত্তর:** ক

৩৫. **অর্থবিচারে 'তুরঙ্গম' কোন ধরনের শব্দ?** [রাবি (বিজ্ঞান) : ১৭-১৮]
ⓚ যৌগিক ⓚ রূঢ়
ⓖ যোগরূঢ় ⓖ অর্থহীন **উত্তর:** গ

৩৬. **'যোগরূঢ়' শব্দের উদাহরণ–** [ঢাকা বিশ্ববিদ্যালয় : ০৩-০৪]
ⓚ দারুণ ⓚ রাজপুত
ⓖ রাজপুত্র ⓖ সন্দেশ **উত্তর:** খ

৩৭. **সুহৃদ কী ধরনের শব্দ?** [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ⓚ মৌলিক ⓚ রূঢ়ি
ⓖ যোগরূঢ় ⓖ যৌগিক **উত্তর:** গ

৩৮. **কোনটি যোগরূঢ় শব্দ নয়?** [জবি (ঘ ইউনিট) : ১০-১১]
ⓚ তৈল ⓚ জলধি
ⓖ পঙ্কজ ⓖ সরোজ **উত্তর:** ক

শব্দের উৎস মূলক শ্রেণিবিভাগ

ব্যুৎপত্তিগতভাবে বা উৎস বিচারে বাংলা ভাষার শব্দকে ৪টি ভাগে ভাগ করা হয়েছে। যথা- তৎসম শব্দ, তদ্ভব শব্দ, দেশি শব্দ এবং বিদেশি শব্দ। এর মধ্যে তৎসম ও তদ্ভব শ্রেণিকে নিজস্ব উৎসের এবং দেশি ও বিদেশি শ্রেণিকে আগন্তুক উৎসের শব্দ হিসেবে গণ্য করা হয়। ড. মুহাম্মদ শহীদুল্লাহ'র মতে, তদ্ভব ও দেশি শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দ বলা যায়।

<table>
<tr><th colspan="4">বাংলা ভাষায় বিভিন্ন শব্দের অনুপাত</th></tr>
<tr><td colspan="2">ক) তৎসম শব্দ</td><td colspan="2">২৫%</td></tr>
<tr><td rowspan="4">বাংলা</td><td>খ) অর্ধ-তৎসম শব্দ</td><td>০৫%</td><td rowspan="4">৭৫%</td></tr>
<tr><td>গ) তদ্ভব শব্দ</td><td>৬০%</td></tr>
<tr><td>ঘ) দেশি শব্দ</td><td>০২%</td></tr>
<tr><td>ঙ) বিদেশি শব্দ</td><td>০৮%</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td colspan="2">১০০%</td></tr>
</table>

১) তৎসম শব্দ

তৎসম শব্দ বলতে বুঝায় সংস্কৃত শব্দ। প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বিবর্তিত যেসব বাংলা শব্দের লিখিত চেহারা সংস্কৃত ভাষার শব্দের অনুরূপ সেগুলোকে তৎসম শব্দ বলে। তৎসম অর্থ তার (তৎ) সমান (সম)। যেমন- অঞ্চল, অন্ন, অলাবু, আকাশ, আঘাত, আদর, আলোকন, উত্তর, উত্তরী, উদর, কচু, কুটম্ব, কর্ণ, কবি, কুৎসিত, খাদ্য, গগন, গ্রহ, চন্দ্র, চড়, চন্দন, চালক, ছেমড়া, জীবন, জল, জ্যোৎস্না, ডিম্ব, তালা, দান, দধি, ধর্ম, ধূম্র, ধূলি, নদী, নারিকেল, নীরব, পত্র, পাত্র, পুত্র, পরাজয়, পাঠক, পঞ্চম, পৃথিবী, ফল, বংশী, বায়ু, বিমান, ভবন, মৎস্য, মরিচ, মাতা, মানব, রাত্রি, শ্রাদ্ধ, সম্রাট, সন্ধ্যা, সাগর, সুড়ঙ্গ, সূর্য, হংস, হিম ইত্যাদি। সংস্কৃত ব্যাকরণ অনুসরণ করে গঠিত পারিভাষিক শব্দকেও তৎসম শব্দ বলা হয়। যথা-অধ্যাদেশ, গণপ্রজাতন্ত্রী, মহাপরিচালক, সচিবালয় ইত্যাদি।

তৎসম শব্দ চেনার উপায়

ণ-যুক্ত শব্দ	অগ্রহায়ণ, কৃপণ, চরণ, তৃণ, ব্যাকরণ, লবণ
ষ-যুক্ত শব্দ	নক্ষত্র, বৃক্ষ, বৈষ্ণব, ভাষা, মনুষ্য, ষণ্ড, ক্ষুধা
ঋ- যুক্ত শব্দ	ঋষি, কৃষি, গৃহ, গৃহিণী, নৃত্য

২) তদ্ভব শব্দ

'তদ্ভব' একটি পারিভাষিক শব্দ। এর অর্থ 'তৎ' (তার) থেকে 'ভব' (উৎপন্ন)। প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বিবর্তিত যেসব বাংলা যেসব শব্দ বাংলায় একেবারেই স্বতন্ত্র, সেগুলোকে তদ্ভব শব্দ বলা হয়। তদ্ভব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তনের ধারায় প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলায় স্থান করে নিয়েছে। তদ্ভব শব্দের আরেক নাম প্রাকৃতজ শব্দ।

সংস্কৃত	প্রাকৃত	তদ্ভব
হস্ত	হত্থ	হাত
পাদ	পাঅ	পা
চর্মকার	চম্মআর	চামার
দধি	দাই	দই
চন্দ্র	চন্দ	চাঁদ
মাতা	মাআ	মা
ঘৃত	ঘিঅ	ঘি
কার্য	কজ্জ	কাজ
বৎসর	বচ্ছর	বছর

এরূপ- শাটী (সংস্কৃত) > শাড়ি (তদ্ভব); পক্ব > পাকা; জল্প > গল্প; নৃত্য > নাচ; সমর্পণ > সঁপা; বিবাহ > বিয়ে, ভক্ত > ভাত, সংক্রম > সাঁকো প্রভৃতি।

আধ, কান, কুমির, ঘোড়া, ছাতা, জিভ, তামা, দাঁত, দুধ, নাক, পাখি, পাতা, বাড়ি, বোন, ভিটা, মাছ, মাথা, সাপ, হাতি প্রভৃতিও তদ্ভব শব্দ।

অর্ধ-তৎসম শব্দ : বাংলা ভাষায় কিছু সংস্কৃত শব্দ কিঞ্চিৎ পরিবর্তিত আকারে ব্যবহৃত হয়, এগুলোকে অর্ধ-তৎসম শব্দ বলে। যেমন- সমর্থ (সংস্কৃত) > সোমত্ত। এরূপ - **কেষ্ট, কুচ্ছিত, খিদে, গিন্নী, গেরাম, ছেরাদ্দ, জোছনা, তেষ্টা, নেমতন্ন, বোষ্টম, মিষ্টি, ষাঁড়।**

৩) দেশি শব্দ

বাংলা অঞ্চলের আদিবাসী জনগোষ্ঠী বা অনার্য জাতির (যেমন- কোল, মুণ্ডা প্রভৃতি) ভাষা থেকে কিছু শব্দ বাংলায় স্থান পেয়েছে, এগুলোকে দেশি শব্দ বলা হয়। অনেক সময় এসব শব্দের মূল নির্ণয় করা যায় না। যেমন- আড়, উল্টা, ওত, কুড়ি, কাটা, কুলা, কালো, খড়, খেয়া, খাড়া, খেমটা, খোঁটা, খোঁপা, খিস্তিখেউড়, গঞ্জ, চাঁপা, চাটাই, চিংড়ি, চিড়া, চাংগারী, চোঙা, চাউল/চাল, চুলা, চোখ, ঝিঙা, ঝিনুক, ঝাড়, ঝাউ, ঝোল, টোপর, টং, ডাব, ডাগর, ডিঙা, ডিঙি, ঢেঁকি, ঢোড়া, ঢিল, ঢাল, ঢোল, ঢেউ, তালা, তেলাপোকা, নদী, নাগর, পাঠা, পেট, বর্গা, বাতাসা, বাদুড়, ভিড়, মোটা, মুড়কি, মই, রুটি, লাঠি, সাঁওতাল, সাথী, সোয়া ইত্যাদি।

৪) বিদেশি শব্দ

যে সকল শব্দ বিদেশ থেকে আমদানি হয়ে বাংলা ভাষায় স্থান লাভ করেছে, সে শব্দগুলোকে বিদেশি শব্দ বলে। বিদেশি শব্দের মধ্যে বাংলা ভাষায় সবচেয়ে বেশি শব্দ এসেছে ফারসি শব্দ থেকে।

ফারসি/ পারসি শব্দ

ধর্ম সংক্রান্ত শব্দ : খোদা, গুনাহ, দোজখ, নামাজ, পয়গম্বর, পেরেশান, ফেরেশতা, বান্দা, বেহেশত, মুসলমান, রোজা, শিন্নি, হিন্দি, হিন্দু ইত্যাদি।

প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ : আইন, আমদানি, কাগজ, কারখানা, কামান, কুচকাওয়াজ, খাম, চশমা, জবানবন্দি, দফতর, দরবার, দোকান, দস্তখত, দেওয়ান, নালিশ, ফরমান, বাদশাহ, মেথর, রসদ, রফতানি, সিপাহি, সুপারিশ ইত্যাদি।

বিবিধ : আতশবাজি, আবহাওয়া, আয়না, আবাদ, আন্দাজ, আস্তানা, আলবোলা, আসমান, উমেদার, একতারা, ওস্তাদ, কারবার, কারিগর, কারসাজি, খানদানি, খানসামা, খোশ, গোলাপ, গালিচা, চাঁদা, ছিতম, জর্দা, জাদু, জানোয়ার, জালা, জ্বালাতন, জামদানি, জিন্দাবাদ, জঙ্গল, তরমুজ, তন্দুর, তোশক, দরজা, দরিয়া, দিওয়ানা, নমুনা, পর্দা, পরি, পাইকারি, পেয়ালা, পোলাও, পোশাক, পছন্দ, পলক, পশম, পেশা, ফন্দিবাজ, বদমাস, বরফ, বাগান, বিলাতি, বেকার, বেতার, বেচারা, ময়দা, মশক, মুরগী, মোগলাই, রুমাল, রোজগার, শরম, শালগম, সওদাগর, সফেদ, সাদা, সবুজ, হাঙ্গামা ইত্যাদি।

আরবি শব্দ

ধর্মসংক্রান্ত শব্দ : আল্লাহ, আদাব, আমল, ইসলাম, ইমান, ওজু, কবর, কোরবান, কোরবানি, কুরআন, কেয়ামত, কবুল, কৈফিয়ত, গোসল, জাকাত, জান্নাত, জাহান্নম, জানাজা, তওবা, তসবি, দাওয়াত, মুসাফির, শহিদ, শরিফ, সালাত, সুফি, হজ, হরফ, হাদিস, হালাল, হায়াত, হারাম ইত্যাদি।

প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ : আদালত, আলামত, আলেম, ইনসান, ঈদ, উকিল, এজলাস, এলেম, ওজর, কলম, বকলম, কানুন, কিতাব, কেচ্ছা, ক্রোক, খারিজ, গায়েব, জামিন, তারিখ, দখল, দলিল, দাখিল, দালাল, দোয়াত, দৌলত, নগদ, বাকি, মক্কেল, ময়নাতদন্ত, মহকুমা, মামলা, মুনসেফ, মোক্তার, রায়, সুলতান, হাকিম, হাজির ইত্যাদি।

বিবিধ : অজুহাত, আক্কেল, আদমি, আজব, আমানত, আলখাল্লা, আসল, আসবাব, ইউনানি, ওজন, ওয়াকিবহাল, কলি, কুরসি, খরচ, খবর, ছবি, তেজারত, তকদির, তকলিফ, তবলা, তহবিল, তালাক, তুফান, নকিব, ফোয়ারা, মলম, মজলুম, মোলায়েম, মশগুল, মশকরা, মেয়াদ, রোয়াক, লেবু, লোকসান, শরবত, সনদ, সফর, সিফত, হাওয়া, হিসাব, হালুয়া প্রভৃতি।

ইংরেজি শব্দ

অনেকটা ইংরেজি উচ্চারণে : আরদালি, ইউনিভার্সিটি, ইউনিয়ন, কমা, কলেজ, কালচার, কেতলি, কেরোসিন, কোম্পানি, ক্রিকেট, চেয়ার, জাঁদরেল, জংশন, টিন, টুল, টেবিল, টিকিট, টিপাই, ডিসমিস, থিয়েটার, নভেল, নোট, পাউডার, পেনসিল, পুলিশ, প্রোগ্রাম, ফেল, ফুটবল, বিল, বিস্কুট, ব্যাগ, মাস্টার, মিটিং, মেডিসিন, যিশু, রেল, লাইন, লাইব্রেরি, লিটারেচার, সান্ত্রি, সিনেমা, স্টেশন, স্টিমার ইত্যাদি।

পরিবর্তিত উচ্চারণে : অফিস (Office), আফিম (Opium), ইঞ্চি (Inch), এজেন্ট (Agent), গেলাস (Glass), জজ (Judge), জেল (Jail), ডাক্তার (Doctor), বাক্স (Box), বোতল (Bottle), বেঞ্চি (Bench), লাট (Lord), স্কুল (School) হাসপাতাল, (Hospital), বুরুশ (Brush)।

পর্তুগিজ শব্দ

বাংলা ভাষায় একশো থেকে একশো দশটির মতো পর্তুগিজ শব্দ রয়েছে। যেমন- আচার, আতা, আনারস, আলপিন, আলমারি, আলকাতরা, ইস্তিরি, ইস্পাত, ইংরেজি, ইংরেজ, কেদারা, কামরা, কেরানি, কপি, গির্জা, গুদাম, গামলা, চাবি, জানালা, তামাক/ তামাকু, তোয়ালে, নিলাম, পেঁপে, পেরেক, পাউরুটি, পাদ্রি, পেয়ারা, ফিতা, বালতি, বেহালা, বোতাম, বোম্বেটে, যিশু, সাগু প্রভৃতি।

তুর্কি শব্দ

উজবুক, উর্দি, কাঁচি, কাবু, কুলি, কুর্নিশ, কোর্মা, খাঁ, চাকু, চাকর, চকমক, চোগা, তালাশ, তোপ, বন্দুক, বারুদ, বাবা, বাবুর্চি, বোচকা, মুচলেকা, লাশ প্রভৃতি।

ফরাসি শব্দ

আঁতাঁত, আঁতেল, ওলন্দাজ, কার্তুজ, কুপন, কুশন, ক্যাফে, গ্যারাজ, ডিপো, পিস্তল, ফরাসি, বুর্জোয়া, রেনেসাঁ, রেস্তোরাঁ ইত্যাদি।

জাপানি শব্দ

ক্যারাটে, জুডো, প্যাগোডা, রিক্সা, সুনামি, সামুরাই, হারিকিরি, হাসনুহেনা ইত্যাদি।

ওলন্দাজ (ডাচ) শব্দ : ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন।

ইতালিয়ান শব্দ : ফ্যাসিস্ট, মাফিয়া, ম্যাজেন্টা, সনেট ইত্যাদি।

গ্রিক শব্দ : কেন্দ্র, দাম, সুরং ইত্যাদি।

মেক্সিকান শব্দ : চকলেট

অস্ট্রেলিয়ান শব্দ : ক্যাঙারু, বুমেরাং ইত্যাদি।

চীনা শব্দ : চা, চিনি, লিচু, সাম্পান ইত্যাদি।

বর্মি শব্দ : লুঙ্গি, ফুঙ্গি ইত্যাদি।

গুজরাটি শব্দ : খদ্দর, হরতাল।

পাঞ্জাবি শব্দ : চাহিদা, শিখ ইত্যাদি।

তামিল শব্দ : চুরুট

মালয় : আইলা, কিরিচ, কাকাতুয়া।

সিংহলি শব্দ : বেরিবেরি

জার্মান শব্দ : কিন্ডারগার্টেন, নাৎসি।

দক্ষিণ আফ্রিকা : জেব্রা

পেরু : কুইনাইন

স্প্যানিশ : ডেঙ্গু

হিন্দি শব্দ : চাচা, চাচি, দাদা, দাদি, ফুফা, ফুফু, ভাই, বোন, মামা, মামি।
(মা-তদ্ভব, বাবা-তুর্কি, খালা-আরবি ছাড়া)
ইস্তক, কাহিনী, কাছারি, খেলনা, গাং, গোলমাল, চানাচুর, চামেলী, ঠান্ডা, ধুতি, ধোলাই, পানি, পিপা, ফালতু, লাগাতার, লুচি, সমঝোতা।

বিদেশি শব্দের একাধিক উৎস

সাবান	আরবি (সাবুন >); পর্তুগিজ (Sabao >); ফরাসি (Savon >)	বাংলা একাডেমি সংক্ষিপ্ত বাংলা অভিধান
বেগম	ফারসি	নবম-দশম শ্রেণির বাংলা ব্যাকরণ
	তুর্কি	বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান
বারান্দা	ফারসি	বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান
	পর্তুগিজ	ভাষা শিক্ষা (ড. হায়াৎ মামুদ প্রণীত)
এলাচি	সংস্কৃত (এলা >), হিন্দি (ইলায়চী, ইলাচী)	বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান
	চীনা	ভাষারীতি (ড. আলাউদ্দিন আল আজাদ প্রণীত)
খোকা	তুর্কি	বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান
	দেশি	ভাষা শিক্ষা (ড. হায়াৎ মামুদ প্রণীত)
টুপি	হিন্দি	বাংলা একাডেমি সংক্ষিপ্ত বাংলা অভিধান
	পর্তুগিজ	বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান
	দেশি	বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান
খবিশ	ফারসি	বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান
	আরবি	বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান
দুনিয়া	আরবি	বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান
	ফারসি	বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান
শৌখিন	আরবি	বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান
	ফারসি	বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান

MCQ Solution

১. **ব্যুৎপত্তিগতভাবে (উৎসগত বিচারে) বাংলা ভাষার শব্দকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ⓚ চারটি ⓚⓗ দুইটি
ⓖ পাঁচটি ⓖⓗ তিনটি **উত্তর:** ক

২. **বাংলা ভাষায় শব্দগুলোকে কয় ভাগে ভাগ করা যায়?** [রাবি (ঙ ইউনিট) : ১৬-১৭]
(ক) ৩ ভাগে (খ) ৪ ভাগে
(গ) ৫ ভাগে (ঘ) ৬ ভাগে **উত্তর:** খ

৩. **বাংলা ভাষায় নিচের কোন প্রকার শব্দের পরিমাণ সর্বাধিক?** [চবি (গ ইউনিট) : ১১-১২]
(ক) তৎসম (খ) অর্ধ-তৎসম
(গ) তদ্ভব (ঘ) দেশি **উত্তর:** গ

৪. **বাংলা ভাষার শব্দসম্ভারে দেশি শব্দের ব্যবহার শতকরা-** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০০]
(ক) ২% (খ) ৪%
(গ) ৬% (ঘ) ৮% **উত্তর:** ক

৫. **বাংলা ভাষার শব্দসম্ভারে বিদেশি শব্দ কত ভাগ এসেছে?** [পিএসসির সহকারী পরিচালক : ৯৮]
(ক) ৫% (খ) ৮%
(গ) ১০% (ঘ) ১২% **উত্তর:** খ

৬. **বাংলা ভাষায় সবচেয়ে বেশি শব্দ এসেছে -** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী অফিসার : ০৫]
(ক) আরবি থেকে (খ) হিন্দি থেকে
(গ) উর্দু থেকে (ঘ) ফারসি থেকে **উত্তর:** ঘ

৭. **তৎসম শব্দ বলতে কি বুঝায়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]
(ক) তদ্ভব শব্দ (খ) দ্বিরুক্তি
(গ) সংস্কৃত শব্দ (ঘ) কৃদন্ত শব্দ **উত্তর:** গ

৮. **সংস্কৃত ভাষা থেকে যেসব শব্দ সোজাসুজি বাংলায় এসেছে ও যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে কি বলে?** [পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৩]
(ক) দেশি শব্দ (খ) অর্ধ-তৎসম শব্দ
(গ) তৎসম শব্দ (ঘ) তদ্ভব শব্দ **উত্তর:** গ

৯. **'সম' শব্দের অর্থ কী?** [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ৯৮]
(ক) সমান (খ) মৃত্যু
(গ) বন্ধুর (ঘ) শান্তি **উত্তর:** ক

১০. **নিচের কোন শব্দটি তৎসম শব্দ?** [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ) এর জুনিয়র অডিটর : ২২]
(ক) জীবন (খ) গোয়ালা
(গ) পেট (ঘ) ডিঙি **উত্তর:** ক

১১. **তৎসম শব্দ কোনটি?** [ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]
(ক) বৈষ্ণব (খ) নক্ষত্র
(গ) চামার (ঘ) ইমান **উত্তর:** ক,খ

১২. **'কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী ... গিয়াছে চলিয়া ...' এখানে 'উত্তরী' কী শব্দ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৪-০৫]
(ক) তৎসম (খ) অর্ধ-তৎসম
(গ) তদ্ভব (ঘ) দেশি **উত্তর:** ক

১৩. **'গৃহিণী' কি জাতীয় শব্দ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৫]
(ক) বিদেশি (খ) আধা-সংস্কৃত
(গ) সংস্কৃত (ঘ) দেশি **উত্তর:** গ

১৪. **'গণপ্রজাতন্ত্রী' কোন শ্রেণির শব্দ?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর প্রকিউরমেন্ট অফিসার : ২১]
ক তৎসম খ তদ্ভব
গ দেশি ঘ বিদেশি **উত্তর:** ক

১৫. **'গৃহ' শব্দটি কোন শ্রেণিভুক্ত?** [রাবি (ক ইউনিট) : ১০-১১]
ক তৎসম খ তদ্ভব
গ দেশি ঘ বিদেশি **উত্তর:** ক

১৬. **নিচের কোনটি তৎসম শব্দ?** [৬ষ্ঠ বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১০]
ক চাঁদ খ ভবন
গ বালতি ঘ হরতাল **উত্তর:** খ

১৭. **নিচের কোনটি তৎসম শব্দ?** [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]
ক চাঁদ খ খোকা
গ কাঠ ঘ সন্ধ্যা **উত্তর:** ঘ

১৮. **'চর্মকার' কি ধরনের শব্দ?** [ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সহকারী পরিচালক : ১৭]
ক বাংলা খ সংস্কৃত
গ প্রাকৃত ঘ তদ্ভব **উত্তর:** খ

১৯. **কোনটি তৎসম শব্দ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক : ০১]
ক চা খ চেয়ার
গ কান ঘ ধর্ম **উত্তর:** ঘ

২০. **কোনটি তৎসম শব্দ?** [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক : ২০]
ক ডিম্ব খ হাত
গ ফুল ঘ ছেরাদ্দ **উত্তর:** ক

২১. **কোনটি তৎসম শব্দ?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. নির্বাহী অফিসার : ১৯]
ক দধি খ মুড়ি
গ আম ঘ কলম **উত্তর:** ক

২২. **কোনটি তৎসম শব্দ?** [স্থানীয় সরকার বিভাগের জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ক ঝিনুক খ মলিতা
গ পত্র ঘ চাঁদ **উত্তর:** গ

২৩. **সংস্কৃত শব্দ কোনটি তা নির্দেশ করুন-** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চিফ ইন্সট্রাক্টর : ০৩]
ক আম্মা খ মা
গ মাতা ঘ মাত **উত্তর:** গ

২৪. **তৎসম শব্দ কোনটি?** [টিটিসি'র ইন্সট্রাক্টর : ২২]
ক চন্দ্র খ চন্দর
গ হাত ঘ আইন **উত্তর:** ক

২৫. **কোনটি তৎসম শব্দ?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর : ২০]
ক কলম খ ফুল
গ বাড়ি ঘ চন্দন **উত্তর:** ঘ

২৬. **'চড়' শব্দটি-** [শাবিপ্রবি : ১২-১৩]
ক দেশি খ সংস্কৃত
গ পর্তুগিজ ঘ গুজরাটি **উত্তর:** খ

২৭. **নিচের কোনটি তৎসম শব্দ?** [৪৪তম বিসিএস]
ক পছন্দ খ হিসাব
গ ধূলি ঘ শৌখিন **উত্তর:** গ

২৮. **কোনটি তৎসম শব্দ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক বাজনা খ দোকানদার
গ মানব ঘ বেঙাচি **উত্তর:** গ

২৯. **'ব্যাকরণ' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?** [বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার (আইটি) : ১৬]
ক বাংলা খ সংস্কৃত
গ বিদেশি ঘ তদ্ভব **উত্তর:** খ

৩০. **'লবণ' শব্দটি কোন ভাষার শব্দ?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৮-১৯]
ক সংস্কৃত খ পাঞ্জাবি
গ হিন্দি ঘ বাংলা **উত্তর:** ক

৩১. **কোনটি সংস্কৃত তৎসম শব্দ?** [বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড ২) : ০৬]
ক তখন খ বামুন
গ যাতনা ঘ অগ্রহায়ণ **উত্তর:** ঘ

৩২. **'অঞ্চল' শব্দটি কোন শ্রেণির?** [প্রিমিয়ার ব্যাংক জুনিয়র ট্রেইনি অফিসার (ক্যাশ) : ২২]
ক তদ্ভব খ তৎসম
গ ফারসি ঘ ইংরেজি **উত্তর:** খ

৩৩. **'ধূম্র' শব্দটি নিচের কোন শ্রেণিভুক্ত?** [ভূমি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ১৩]
ক অর্ধ-তৎসম খ দেশি
গ তদ্ভব ঘ তৎসম **উত্তর:** ঘ

৩৪. **'নারিকেল' কোন শ্রেণির শব্দ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ক তৎসম খ অর্ধ-তৎসম
গ দেশি ঘ বিদেশি **উত্তর:** ক

৩৫. **'পরাজয়' কী জাতীয় শব্দ?** [জাবি (এফ, আইন ইউনিট) : ১২-১৩]
ক উর্দু খ হিন্দি
গ তৎসম ঘ তদ্ভব **উত্তর:** গ

৩৬. **'পাঠক' শব্দটি কোন শ্রেণির ধাতু হতে গঠিত?** [উপজেলা শিক্ষা অফিসার : ০৪]
ক সংস্কৃত খ খাঁটি বাংলা
গ দেশি ঘ বিদেশি **উত্তর:** ক

৩৭. **নিচের কোন শব্দটি তৎসম শব্দ?** [তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকতা : ২২]
ক গিন্নী খ ভাত
গ হথ ঘ পুত্র **উত্তর:** ঘ

৩৮. **'বিমান' কোন ভাষার শব্দ?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. সহকারী ব্যবস্থাপক (ট্রেইনি জেনারেল) : ২১]
ক তৎসম খ ফরাসি
গ তদ্ভব ঘ পর্তুগিজ **উত্তর:** ক

৩৯. **কোনটি তৎসম শব্দ?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (H ইউনিট) : ১৭-১৮]
ⓚ জোছনা ⓚ বৃক্ষ
ⓖ হাত ⓖ পরান **উত্তর:** খ

৪০. **'রাত্রি' কোন ধরনের শব্দ?** [চবি (ঘ ইউনিট) : ১১-১২]
ⓚ তৎসম ⓚ অর্ধ-তৎসম
ⓖ তদ্ভব ⓖ দেশি **উত্তর:** ক

৪১. **'সুড়ঙ্গ' কোন ভাষার শব্দ?** [চবি (ক ইউনিট) : ১১-১২]
ⓚ সংস্কৃত ⓚ পালি
ⓖ গ্রিক ⓖ দেশি **উত্তর:** ক

৪২. **'হংস' কোন ধরনের শব্দ?** [সড়ক ও জনপদ অধিদপ্তরের কার্য-সহকারী : ২২]
ⓚ তৎসম ⓚ তদ্ভব
ⓖ দেশি ⓖ বিদেশি **উত্তর:** ক

৪৩. **'ছেমড়া' শব্দটির উৎস-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৪]
ⓚ আরবি ⓚ ফারসি
ⓖ সংস্কৃত ⓖ তুর্কি **উত্তর:** গ

৪৪. **তৎসম শব্দ কোনটি?** [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ১৯]
ⓚ হস্ত ⓚ চেয়ার
ⓖ আনারস ⓖ টেবিল **উত্তর:** ক

৪৫. **নিচের কোনটি তৎসম শব্দ?** [কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস এর অডিটর : ২২]
ⓚ পাত্র ⓚ চামার
ⓖ হাত ⓖ দুধ **উত্তর:** ক

৪৬. **সংস্কৃত থেকে সরাসরি বাংলায় এসেছে কোন শব্দটি?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ⓚ গিন্নী ⓚ চন্দ
ⓖ বংশী ⓖ জঙ্গা **উত্তর:** গ

৪৭. **নিচের কোন শব্দটি তৎসম শব্দ নয়?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার : ১২]
ⓚ হারাম ⓚ চন্দ্র
ⓖ নক্ষত্র ⓖ সূর্য **উত্তর:** ক

৪৮. **তদ্ভব শব্দ কোনটি?** [রাবি (ই২ ইউনিট) : ১৭-১৮]
ⓚ চোঙ্গা ⓚ গিন্নী
ⓖ চামার ⓖ পত্র **উত্তর:** গ

৪৯. **নিচের কোনটি খাঁটি বাংলা শব্দ?** [বাংলাদেশ সরকারি কর্মকমিশন এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ⓚ ঢেঁকি ⓚ ভবন
ⓖ লুঙ্গি ⓖ চামার **উত্তর:** ক,ঘ

৫০. **'তদ্ভব' এর অর্থ হলো-** [বাংলাদেশ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মাঠ কর্মকর্তা : ১৩]
ⓚ তার সমান ⓚ তার থেকে ভাবনা
ⓖ তা থেকে উৎপন্ন ⓖ তার ভুবন **উত্তর:** গ

৫১. **'দই' শব্দটির উৎস ভাষা-** [ঢাকা বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ⓚ আরবি ⓚ সংস্কৃত
ⓖ তুর্কি ⓖ পর্তুগিজ **উত্তর:** খ

৫২. **'গল্প' শব্দটি সংস্কৃত কোন শব্দ থেকে এসেছেন?** [রাবি (ক ইউনিট) : ১৭-১৮]
ⓚ স্বল্প ⓚ অল্প
ⓖ কল্প ⓖ জল্প **উত্তর:** ঘ

৫৩. **'পাকা' শব্দের তৎসম রূপ কোনটি?** [ঢাবি (খ ইউনিট) : ৯৬-৯৭]
ⓚ পক্ব ⓚ পক্ক
ⓖ পক্ষ ⓖ পক্ষ্ম **উত্তর:** ক

৫৪. **'কাজ' শব্দের তৎসম রূপ-** [ঢাবি (ঘ ইউনিট) : ০২-০৩]
ⓚ ক্রিয়া ⓚ কর্জ্জ
ⓖ কার্য ⓖ করণীয় **উত্তর:** গ

৫৫. **'বাড়ি' কোন ধরনের শব্দ?** [বশেমুরবিপ্রবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ⓚ দেশি ⓚ মিশ্র
ⓖ তদ্ভব ⓖ তৎসম **উত্তর:** গ

৫৬. **'শাড়ি' শব্দের উৎস-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ⓚ সংস্কৃত 'শাটী' ⓚ প্রাকৃত 'শাকি'
ⓖ মাগধী 'সারি' ⓖ গৌড়ী 'শাড়ি' **উত্তর:** ক

৫৭ **'সাঁকো' শব্দের মূল-** [ঢাবি (খ ইউনিট) : ১২-১৩]
ⓚ সাংখ্য ⓚ সংক্রম
ⓖ সেতু ⓖ সাঙ্কো **উত্তর:** খ

৫৮. **'সঁপা' শব্দটির ব্যুৎপত্তি নির্দেশ-** [ঢাবি (খ ইউনিট) : ১১-১২]
ⓚ স্বপন ⓚ স্বপ্না
ⓖ সমর্পণ ⓖ সর্প **উত্তর:** গ

৫৯. **চন্দ্র শব্দের তদ্ভব রূপ-** [সঞ্চয় পরিদপ্তরের হিসাবরক্ষক : ১০]
ⓚ চন্দ ⓚ চাঁদ
ⓖ চান্দ্র ⓖ চন্দ্রিমা **উত্তর:** খ

৬০. **কোনটি তদ্ভব শব্দ?** [ঢাবি (ক ইউনিট) : ০২-০৩]
ⓚ গরু ⓚ মহিষ
ⓖ হাতি ⓖ হরিণ **উত্তর:** গ

৬১. **'চাঁদ, দই, হাতি' - এগুলো কোন প্রকারের শব্দ?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ⓚ অর্ধ-তৎসম ⓚ তৎসম
ⓖ তদ্ভব ⓖ বিদেশি **উত্তর:** গ

৬২. **কোনটি তদ্ভব শব্দ?** [১০ম বিসিএস]
ⓚ চাঁদ ⓚ সূর্য
ⓖ নক্ষত্র ⓖ গগন **উত্তর:** ক

৬৩. **নিচের কোন শব্দটি তদ্ভব?** [দুদক এর জেলা দুর্নীতি দমন অফিসার : ৯৪]
ⓚ অলাবু ⓚ ভিটা
ⓖ ফল ⓖ নদী **উত্তর:** খ

৬৪. **নিচের কোন শব্দটি তদ্ভব?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক শাখা) : ২০-২১]
ⓚ হাত ⓚ কর্ণ
ⓖ মৎস্য ⓖ কার্য **উত্তর:** ক

৬৫. কোন শব্দগুলো তদ্ভব? [বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]
ⓚ আধ, মাছ, তামা ⓚ আকাশ, বাতাস, চাঁদ
ⓖ ডাব, বুক, পেট ⓘ লুঙ্গি, লিচু, পাতা **উত্তর:** ক

৬৬. কোনগুলো তদ্ভব শব্দ? [বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]
ⓚ চাঁদ, মাথা, সাপ ⓚ প্রণাম, গৃহিণী, ঔষধ
ⓖ গেরাম, গিন্নী, নেমন্তন্ন ⓘ লুঙ্গি, লিচু, পাতা **উত্তর:** ক

৬৭. কোনটি তদ্ভব শব্দ- [ঢাবি (গ ইউনিট) : ০১-০২]
ⓚ হস্ত ⓚ সূর্য
ⓖ মাথা ⓘ চন্দ্র **উত্তর:** গ

৬৮. 'পাখি' কোন ধরনের শব্দ? [সহকারী উপজেলা শিক্ষা অফিসার : ১০]
ⓚ সংস্কৃত ⓚ বিদেশি
ⓖ তদ্ভব ⓘ অপভ্রংশ **উত্তর:** গ

৬৯. কোনটি তদ্ভব শব্দ? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ০৬]
ⓚ বৌ ⓚ নাচ
ⓖ দুই ⓘ পুস্তক **উত্তর:** খ

৭০. 'বিয়ে' কোন ধরনের শব্দ? [জীবন বীমা কর্পোরেশন এর অফিস সহায়ক : ২১]
ⓚ তৎসম ⓚ অর্ধ-তৎসম
ⓖ তদ্ভব ⓘ দেশি **উত্তর:** গ

৭১. কোনটি তদ্ভব শব্দের উদাহরণ? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ⓚ মই ⓚ জোছ্না
ⓖ পাতা ⓘ কাগজ **উত্তর:** গ

৭২. 'ভাত' কোন ধরনের শব্দ? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ⓚ তৎসম ⓚ তদ্ভব
ⓖ খাঁটি বাংলা ⓘ বিদেশি **উত্তর:** খ

৭৩. 'মা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
ⓚ ল্যাটিন ⓚ আরবি
ⓖ হিন্দি ⓘ তদ্ভব **উত্তর:** ঘ

৭৪. নিচের কোনটি তদ্ভব শব্দ নয়? [ঢাকা ইলেকট্রিকেল সাপ্লাই কোম্পানির অ্যাসিসটেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার : ১৯]
ⓚ লুঙ্গি ⓚ হাত
ⓖ চাঁদ ⓘ দুধ **উত্তর:** ক

৭৫. কোনটি তদ্ভব শব্দ নয়- [ববি (গ ইউনিট) : ১৩-১৪]
ⓚ ছাতা ⓚ বোন
ⓖ নদী ⓘ রাখাল **উত্তর:** গ

৭৬. বাংলা ভাষায় অর্ধ-তৎসম শব্দগুলো এসেছে কোন ভাষা থেকে [নির্বাচন কমিশনের সচিবালয়ে উপজেলা বা থানা নির্বাচন অফিসার : ০৮]
ⓚ সংস্কৃত ⓚ ফারসি
ⓖ পর্তুগিজ ⓘ ল্যাটিন **উত্তর:** ক

৭৭. 'খিদে' কোন ধরনের শব্দ? [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ০৭]
ⓚ তৎসম ⓚ অর্ধ-তৎসম
ⓖ দেশি ⓘ তদ্ভব **উত্তর:** খ

৭৮. গিন্নী, কেষ্ট শব্দ দুটি কোন ধরনের শব্দ? [৩৮তম বিসিএস/ মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী : ২২/ ডেসকো সাব-স্টেশন অ্যাটেনডেন্ট : ২২]
ⓚ তৎসম ⓚ অর্ধ-তৎসম
ⓖ দেশি ⓘ বিদেশি **উত্তর:** খ

৭৯. 'গেরাম' কোন জাতীয় শব্দ? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৯]
ⓚ তৎসম ⓚ অর্ধ-তৎসম
ⓖ তদ্ভব ⓘ দেশি **উত্তর:** খ

৮০. 'জোছনা' কোন শ্রেণির শব্দ? [৪০তম বিসিএস]
ⓚ যৌগিক ⓚ তৎসম
ⓖ দেশি ⓘ অর্ধ-তৎসম **উত্তর:** ঘ

গ) আরবি ঘ) হিন্দি **উত্তর: খ**

৩২. **'বরখেলাপ' শব্দে 'বর' কোন ধরনের উপসর্গ?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ক) তৎসম খ) খাঁটি বাংলা
গ) আরবি ঘ) ফারসি **উত্তর: ঘ**

৩৩. **'বেগতিক' শব্দে ব্যবহৃত 'বে' কোন ধরনের উপসর্গ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৯-২০]
ক) বাংলা খ) সংস্কৃত
গ) আরবি ঘ) ফারসি **উত্তর: ঘ**

৩৪. **ফারসি ভাষার উপসর্গ কোনটি?** [ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানির অ্যাসিসটেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার : ১৯]
ক) কম্ খ) উৎ
গ) উন ঘ) সু **উত্তর: ক**

৩৫. **কোন শব্দদ্বয় বিদেশি উপসর্গ?** [চাবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ উদ্, অপি ⓚ দর্, ফি
ⓖ প্রতি, উপ ⓖ বে, স **উত্তর:** খ

৩৬. **নিচের কোনটি ফারসি উপসর্গ?** [মাভাবিপ্রবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ দর্ ⓚ পনা
ⓖ না ⓖ অব **উত্তর:** ক

৩৭. **কোনটি ফারসি উপসর্গ?** [রূপালী ব্যাংক লি. এ্যাসিস্ট্যান্ট নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার : ২১]
ⓚ হর ⓚ সাব
ⓖ আম ⓖ নিম **উত্তর:** ঘ

৩৮. **'আমমোক্তার' শব্দে ব্যবহৃত 'আম' কোন বিদেশি উপসর্গ?** [BEPZA এর সহকারী ব্যবস্থাপক : ২১]
ⓚ ফারসি ⓚ ইংরেজি
ⓖ আরবি ⓖ হিন্দি **উত্তর:** গ

৩৯. **কোনটি আরবি উপসর্গ?** [জবি (ঘ ইউনিট) : ১০-১১]
ⓚ ফি ⓚ বদ
ⓖ খাস ⓖ প্রতি **উত্তর:** গ

৪০. **'লাপাত্তা' শব্দের 'লা' উপসর্গটা বাংলা ভাষায় এসেছে-** [১৭তম বিসিএস]
ⓚ আরবি ভাষা থেকে ⓚ ফরাসি ভাষা থেকে
ⓖ হিন্দি ভাষা থেকে ⓖ উর্দু ভাষা থেকে **উত্তর:** ক

৪১. **'লাজওয়াব' শব্দটির 'লা' কোন ধরনের উপসর্গ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ ফারসি উপসর্গ ⓚ হিন্দি উপসর্গ
ⓖ ইংরেজি উপসর্গ ⓖ আরবি উপসর্গ **উত্তর:** ঘ

৪২. **'গরহাজির' শব্দে 'গর' কোন শ্রেণির উপসর্গ?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ২১]
ⓚ ফারসি ⓚ আরবি
ⓖ উর্দু ⓖ হিন্দি **উত্তর:** খ

৪৩. **বিদেশি উপসর্গের উদাহরণ কোনটি?** [চবি (ঘ ইউনিট) : ১৭-১৮]
ⓚ অঘা, অজ, পাতি
ⓚ প্র, পরা, অপ
ⓖ গর্, বদ্, বে
ⓖ চলন্ত, নিভন্ত, পড়ন্ত **উত্তর:** গ

৪৪. **কোনটি ইংরেজি উপসর্গ?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের এস্টিমেটর : ২০]
ⓚ ফুল ⓚ নিম
ⓖ আম ⓖ গর **উত্তর:** ক

৪৫. **'ফুল, হাফ' কোন ধরনের উপসর্গ?** [পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল, রাজশাহী) পোস্টম্যান : ২২]
ⓚ বাংলা ⓚ তৎসম
ⓖ ইংরেজি ⓖ ফারসি **উত্তর:** গ

৪৬. **কোনটি 'হিন্দি' উপসর্গ?** [জাবি (ক ইউনিট) : ১২-১৩]
ⓚ বদ ⓚ হর
ⓖ গর ⓖ খাস **উত্তর:** খ

চারটি উপসর্গ খাঁটি বাংলা ও তৎসম উভয়ক্ষেত্রে পাওয়া যায়। যথা- সু, বি, নি, আ। তৎসম উপসর্গ তৎসম (সংস্কৃত) শব্দের আগে বসে। বাংলা উপসর্গ সাধারণত বাংলা শব্দের পূর্বেই যুক্ত হয়ে থাকে।

MCQ Solution

১. **কোন চারটি তৎসম উপসর্গ এবং বাংলা উপসর্গ উভয় ক্ষেত্রেই রয়েছে?** [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার/ অফিসার : ১১]
ⓚ প্র, পরা, অজ, সা
ⓚ নির,পরি, আন, সু
ⓖ নি, বি, সু, আ
ⓖ অতি, অপি, অনা, অ **উত্তর:** গ

২. **নিচের কোনটি 'তৎসম' উপসর্গ?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৯-২০]
ⓚ সু ⓚ নি
ⓖ আ ⓖ উপ **উত্তর:** ঘ

৩. **'সুনাম' শব্দের 'সু' কোন উপসর্গ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়) : ১৯]
ⓚ ফারসি ⓚ সংস্কৃত
ⓖ বাংলা ⓖ আরবি **উত্তর:** গ

৪. **'সুনীল' শব্দের 'সু' কোন প্রকার উপসর্গ?** [জবি (ক ইউনিট) : ১৩-১৪]
ⓚ তৎসম ⓚ খাঁটি বাংলা
ⓖ ফারসি ⓖ তুর্কি **উত্তর:** ক

৫. **'নিখুঁত' শব্দের 'নি' উপসর্গটি কোন প্রকারের?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর : ১৯]
ⓚ অর্ধ-তৎসম ⓚ বিদেশি
ⓖ তৎসম ⓖ খাঁটি বাংলা **উত্তর:** ঘ

৬. **'নিলাজ'- এর 'নি' উপসর্গটি-** [রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
ⓚ আরবি ⓚ ফারসি
ⓖ বাংলা ⓖ সংস্কৃত **উত্তর:** গ

৭. **'বিবর্ণ' শব্দের 'বি' কোন ধরনের উপসর্গ?** [রাবি (এফ ইউনিট) : ১৩-১৪]
ⓚ তৎসম ⓚ খাঁটি বাংলা
ⓖ ফারসি ⓖ হিন্দি **উত্তর:** ক

৮. **দেশি উপসর্গ কোনটি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৬-০৭]
ⓚ গর ⓚ ফুল
ⓖ হাফ ⓖ আ **উত্তর:** ঘ

অর্থদ্যোতকতাসহ খাঁটি বাংলা বা বাংলা উপসর্গের উদাহরণ

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
অ-	নিন্দিত/ অনুচিত	অকাজ, অকেজো, অপয়া, অচেনা
	অভাব/ নঞর্থক / অল্প	অচিন, অজানা, অপিচ, অথৈ, অবোধ
	ক্রমাগত	অঝোরে
অঘা-	বোকা	অঘারাম, অঘাচণ্ডী

অজ-	নিতান্ত (মন্দ/প্রত্যন্ত)	অজমূর্খ, অজপাড়াগাঁ, অজপুকুর
অনা-	অভাব	অনাবৃষ্টি, অনাদর
	ছাড়া	অনাচার
	অশুভ	অনামুখো
	বাজে	অনাসৃষ্টি
আ-	অভাব	আকাঁড়া, অধোয়া, আলুনি, আঢাকা, আঘাটা
	বাজে/ নিকৃষ্ট	আকাল, আকাঠ, আগাছা
আড়-	বক্র	আড়চোখে, আড়নয়নে
	আধা/প্রায়	আড়মোড়া, আড়পাগলা
আন-	না	আনকোরা
	বিক্ষিপ্ত	আনচান, আনমনা
আব-	অস্পষ্টতা	আবছায়া, আবডাল
ইতি-	এ বা এর	ইতিকর্তব্য, ইতিপূর্বে
	পুরনো	ইতিকথা, ইতিহাস
উন-/-উনা/-উন্	কম / ন্যূন	উনপাঁজুরে, উনচল্লিশ, উনবিংশ
		উনা ভাতে দুনা বল।
কদ্-	নিন্দিত	কদাকার, কদবেল, কদর্য
কু-	কুৎসিত/ অপকর্ষ/ নিন্দনীয়	কুকথা, কুঅভ্যাস, কুনজর, কুজন, কুকাজ
	অসৎ	কুপথ
নি-	নাই	নিখুঁত, নিখোঁজ, নিলাজ, নিখাদ
	অতিশয়	নিদারুণ
পাতি-, পাত-	ক্ষুদ্র	পাতিলেবু, পাতিহাঁস, পাতকুয়ো, পাতিকাক
বি-	ভিন্নতা/ নাই/ নিন্দনীয়	বিভুঁই, বিপথ, বিফল
ভর-	পূর্ণতা/ চূড়ান্ত	ভরপেট, ভরপুর, ভরদুপুর, ভরসন্ধে, ভরজোয়ার
রাম-	বড়/ উৎকৃষ্ট	রামদা, রামছাগল, রামবোকা
স-	সঙ্গে	সজাগ, সরাজ, সরব, সঠিক
সা-	উৎকৃষ্ট	সাজোয়ান, সাজিরা
সু-	উত্তম/ চমৎকার	সুনজর, সুখবর, সুদিন, সুনাম, সুকৌশল
হা-	অভাব	হাভাতে, হাঘরে, হা-হুতাশ

MCQ Solution

১. **খাঁটি বাংলা উপসর্গের উদাহরণ-** [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক) অ + কাজ = অকাজ
খ) সম্ + হার = সংহার
গ) বি + হার = বিহার
ঘ) পরি + হার = পরিহার **উত্তর: ক**

২. **বাংলা উপসর্গের প্রয়োগ নিম্নের কোন শব্দের?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ০৪-০৫]
ক) অপয়া খ) ফিবছর
গ) বদনাম ঘ) গরমিল **উত্তর: ক**

৩. **'অপয়া' শব্দের 'অ' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [রাবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ক) নিন্দা খ) কুৎসিত
গ) প্রভাব ঘ) অভাব **উত্তর: ক**

৪. **'অচিন' শব্দের 'অ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?** [১৬তম বিসিএস]
ক) নেতিবাচক খ) বিয়োগান্তক
গ) নঞর্থক ঘ) অজানা **উত্তর: গ**

৫. **কোন শব্দটি খাঁটি বাংলা উপসর্গযোগে গঠিত?** [বাংলাদেশ সরকারী কর্মকমিশন এর সহকারী ইঞ্জিনিয়ার : ২২]
ক) অবজ্ঞা খ) লাপাত্তা
গ) বরখাস্ত ঘ) অকেজো **উত্তর: ঘ**

৬. **কোনটি খাঁটি বাংলা উপসর্গ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক) আভাস খ) অজানা
গ) গরমিল ঘ) বেমালুম **উত্তর: খ**

৭. **উপসর্গজাত শব্দ কোনটি?** [পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]
ক) অপিচ খ) অধীত
গ) অজিন ঘ) অগ্রজ **উত্তর: ক**

৮. **কোনটি 'অজ' উপসর্গের যথাযথ প্রয়োগ?** [সমন্বিত ৪ (চার) ব্যাংক এর সহকারী প্রোগ্রামার : ২০]
ক) অজান্তে খ) অজপাড়াগাঁ
গ) অজড় ঘ) অজাচিত **উত্তর: খ**

৯. **খাঁটি বাংলা উপসর্গ যোগে কোন শব্দটি গঠিত-** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ক) প্রবাহ খ) অজপাড়াগাঁ
গ) খয়ের খাঁ ঘ) বেআদব **উত্তর: খ**

১০. **'অজপাড়াগাঁ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ক) গভীর খ) নিবিড়
গ) প্রত্যন্ত ঘ) আদি **উত্তর: গ**

১১. **'অজপুকুর' শব্দে 'অজ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** [ডেসকো কমপ্লেইন্ট সুপারভাইজার : ১৯]
ক) সম্পূর্ণ খ) খাঁটি
গ) নিন্দিত ঘ) অস্পষ্ট **উত্তর:** গ

১২. **'অনাদর' শব্দটি যে ভাষা থেকে এসেছে-** [বেরোবি (খ ইউনিট) : ১৬-১৭]
ক) তৎসম খ) সংস্কৃত
গ) খাঁটি বাংলা ঘ) বিদেশি **উত্তর:** গ

১৩. **উপসর্গজাত শব্দ-** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ক) অঞ্জলি খ) অঙ্কুর
গ) অবলোকন ঘ) অনাচার **উত্তর:** ঘ

১৪. **কোন শব্দ গঠনে বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে?** [৩২তম বিসিএস]
ক) পরাকাষ্ঠা খ) অভিব্যক্তি
গ) পরিশ্রান্ত ঘ) অনাবৃষ্টি **উত্তর:** ঘ

১৫. **'অনাবৃষ্টি' শব্দটিতে 'অনা' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ গ্যাস ফিল্ড-এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক) অভাব খ) অশুভ
গ) নিকৃষ্ট ঘ) পুরনো **উত্তর:** ক

১৬. **কোনটি বাংলা উপসর্গযোগে গঠিত শব্দ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০১-০২]
ক) অনাসৃষ্টি খ) বদমেজাজ
গ) অনুন্নত ঘ) প্রহার **উত্তর:** ক

১৭. **খাঁটি বাংলা উপসর্গ যোগে সৃষ্ট পদ-** [গ্লোবাল ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]
ক) আকাঁড়া খ) অবেলা
গ) অপমান ঘ) অতিশয় **উত্তর:** ক

১৮. **'অভাব' অর্থে ব্যবহৃত হয়েছে কোন উপসর্গটি?** [৪১তম বিসিএস]
ক) অকাজ খ) আবছায়া
গ) আলুনি ঘ) নিখুঁত **উত্তর:** গ

১৯. **কোন শব্দে বাংলা উপসর্গের প্রয়োগ ঘটেছে?** [ঢাবি (ঘ ইউনিট) : ১২-১৩]
ক) আবেগ খ) আকাশ
গ) আঢাকা ঘ) আকর্ণ **উত্তর:** গ

২০. **কোন শব্দটি উপসর্গ দিয়ে গঠিত?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর : ১৮]
ক) আষাঢ় খ) আনন অনিন্দ্য
গ) আঘাটা ঘ) আগার **উত্তর:** গ

২১. **কোন শব্দটি উপসর্গ সহযোগে গঠিত হয়?** [পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক) আসন খ) আকাশ
গ) আবেগ ঘ) আকাল **উত্তর:** ঘ

২২. **নিচের কোন শব্দে বাংলা উপসর্গ আছে?** [NSI এর কনস্টেবল : ১৯]
ক) অপমান খ) নিবৃত্তি
গ) আগাছা ঘ) প্রতাপ **উত্তর:** গ

২৩. **কোন শব্দটি খাঁটি বাংলা উপসর্গ দিয়ে গঠিত হয়েছে?** [ঢাবি (গ ইউনিট) : ০৭-০৮]
ক) আনকোরা খ) প্রকাশ
গ) পরাজয় ঘ) অপমান **উত্তর:** ক

২৪. **খাঁটি বাংলা উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি?** [কুবি (ক ইউনিট) : ১৪-১৫]
ক) খাসমহল খ) হেডমাস্টার
গ) পরিশেষ ঘ) আড়চোখে **উত্তর:** ঘ

২৫. **'আড়চোখে' শব্দে 'আড়' উপসর্গটি কি অর্থ প্রকাশ করছে?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের এস্টিমেটর : ২০]
ক) খারাপ খ) হিংসা
গ) উৎসাহ ঘ) বক্র **উত্তর:** ঘ

২৬. **কোন শব্দে বাংলা উপসর্গ যোগ হয়েছে?** [ববি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক) অতিকায় খ) আড়মোড়া
গ) বামাল ঘ) গরমিল **উত্তর:** খ

২৭. **'আবছায়া' শব্দটির 'আব' উপসর্গের অর্থদ্যোতকতা কোনটি?** [জবি (চ ইউনিট) : ১৪-১৫]
ক) অস্পষ্টতা খ) সামঞ্জস্যহীন
গ) আধা ঘ) কম **উত্তর:** ক

২৮. **নিচের কোনটি বাংলা উপসর্গ?** [বশেমুরবিপ্রবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক) বিফল খ) আবডাল
গ) নিমরাজি ঘ) খাসকামরা **উত্তর:** খ

২৯. **খাঁটি বাংলা উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৮-১৯]
ক) ঊনবিংশ খ) উপকূল
গ) দরখাস্ত ঘ) নির্দেশ **উত্তর:** ক

৩০. **'ঊনচল্লিশ' শব্দটিতে 'ঊন' উপসর্গটি কি অর্থে দ্যোতনা করে?** [রাবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ক) ঈষৎ খ) ক্রমাগত
গ) না ঘ) কম **উত্তর:** ঘ

৩১. **'উনা ভাতে দুনা বল।' বাক্যটিতে কোন উপসর্গ ব্যবহৃত হয়েছে?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক) সংস্কৃত উপসর্গ খ) বাংলা উপসর্গ
গ) বিদেশি উপসর্গ ঘ) কোনোটিই নয় **উত্তর:** খ

৩২. **'কদাকার' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?** [৩৭তম বিসিএস/ বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ক) দেশি উপসর্গযোগে
খ) বিদেশি উপসর্গযোগে
গ) সংস্কৃত উপসর্গযোগে
ঘ) কোনোটিই নয় **উত্তর:** ক

৩৩. **নিচের কোনটি উপসর্গযুক্ত শব্দ?** [১৫তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ২২]
ক) পঙ্কজ খ) জ্বালাতন
গ) কদবেল ঘ) মাচান **উত্তর:** গ

৩৪. **'কদবেল' শব্দে 'কদ' উপসর্গটি ব্যবহৃত হয়েছে-** [ঢাবি (ঘ ইউনিট) : ১০-১১]
ⓚ ক্ষুদ্র অর্থে ⓦ অন্যরকম অর্থে
ⓖ নিন্দিত অর্থে ⓖ অভাব অর্থে **উত্তর:** গ

৩৫. **নিচের কোনটি খাঁটি বাংলা উপসর্গের উদাহরণ?** [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ০৬]
ⓚ কুকথা ⓦ বেহাল
ⓖ প্রবাদ ⓖ উপকার **উত্তর:** ক

৩৬. **উপসর্গযুক্ত শব্দ-** [ঢাবি (খ ইউনিট) : ১১-১২]
ⓚ কুজন ⓦ কুসুম
ⓖ কুলীন ⓖ কুশল **উত্তর:** ক

৩৭. **'পাতিলেবু' শব্দটি গঠিত-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় : ০৩-০৪]
ⓚ উপসর্গযোগে ⓦ সন্ধিযোগে
ⓖ প্রত্যয়যোগে ⓖ সমাসযোগে **উত্তর:** ক

৩৮. **'পাতিহাঁস' শব্দটিতে 'পাতি' উপসর্গটি কি অর্থ বোঝায়?** [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
ⓚ বড় ⓦ ছোট
ⓖ মন্দ ⓖ বিক্সা **উত্তর:** খ

৩৯. **যে উপসর্গঘটিত শব্দে 'ক্ষুদ্র' অর্থ আছে-** [জবি (ঘ ইউনিট) : ০৫-০৬]
ⓚ অনুরাগ ⓦ নিমরাজি
ⓖ কমজোর ⓖ পাতকুয়ো **উত্তর:** ঘ

৪০. **নিচের কোন শব্দে বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে?** [ববি (ক, খ ইউনিট) : ১১-১২]
ⓚ বেমালুম ⓦ বেশরম
ⓖ বেধরক ⓖ বিপথ **উত্তর:** ঘ

৪১. **'রামদা' শব্দে 'রাম' উপসর্গটি ব্যবহৃত-** [ঢাবি (ঘ ইউনিট) : ১২-১৩]
ⓚ ধারালো অর্থে ⓦ বৃহৎ অর্থে
ⓖ ভয়ংকর অর্থে ⓖ বিশেষ অর্থে **উত্তর:** খ

৪২. **'রামবোকা' শব্দটিতে 'রাম' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৮-১৯]
ⓚ ছোট ⓦ বৃদ্ধ
ⓖ বড় ⓖ নাবালক **উত্তর:** গ

৪৩. **'সরব' শব্দের 'স' উপসর্গ কি অর্থ প্রকাশ করে?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন অডিটর : ১৯]
ⓚ ক্ষুদ্র ⓦ সঙ্গে
ⓖ বিশাল ⓖ অভাব **উত্তর:** খ

৪৪. **'সুধী' শব্দের 'সু' অংশের নাম?** [জবি (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ বিভক্তি ⓦ প্রত্যয়
ⓖ অনুসর্গ ⓖ উপসর্গ **উত্তর:** ঘ

৪৫. **'হা' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়?** [রাবি (জে ইউনিট) : ১৭-১৮]
ⓚ কম অর্থে ⓦ নিকৃষ্ট অর্থে
ⓖ হীনতা অর্থে ⓖ অভাব অর্থে **উত্তর:** ঘ

৪৬. **'হা-হুতাশ' শব্দে 'হা' কি বোঝায়?** [কর্মসংস্থান ব্যাংক লি. (ডাটা এন্ট্রি অপারেটর) : ১৮]
ⓚ বিস্তর ⓦ হতাশা
ⓖ অভাব ⓖ স্বল্প **উত্তর:** গ

৪৭. **নিম্নের কোন শব্দটিতে বাংলা উপসর্গের প্রয়োগ ঘটেছে?** [সমবায় অধিদপ্তরে ২য় শ্রেণির গেজেটেড অফিসার : ৯৭]
ⓚ পরিহার ⓦ হাভাতে
ⓖ উৎকর্ষ ⓖ বেশরম **উত্তর:** খ

৪৮. **কোন শব্দগুলো বাংলা উপসর্গযোগে গঠিত?** [রাবি (ক ইউনিট) : ১৪-১৫]
ⓚ অনাবৃষ্টি, ভরসন্ধ্যা
ⓦ অতিরঞ্জন, অভিদপ্তর
ⓖ অভিযাত্রা, উপশহর
ⓖ অবকাঠামো, পরিভ্রমণ **উত্তর:** ক

অর্থদ্যোতকতাসহ তৎসম (সংস্কৃত) উপসর্গের উদাহরণ-

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
প্র-	প্রকৃষ্ট/ সম্যক	প্রভাব, প্রচলন, প্রস্ফুটিত, প্রগতি
	খ্যাতি	প্রসিদ্ধ, প্রতাপ
	উৎকর্ষ	প্রজ্ঞা, প্রভাত
	আধিক্য/ প্রচণ্ড	প্রলয়, প্রচার, প্রগাঢ়, প্রবল, প্রণয়, প্রকোপ
পরা-	আতিশয্য/ অতিশয়	পরাক্রান্ত, পরায়ণ, পরাক্রম, পরাবাস্তব
	বিপরীত	পরাজয়, পরাভব
অপ-	বিপরীত	অপমান, অপকার, অপচয়, অপবাদ
	নিকৃষ্ট/ মন্দ/ বিকৃত	অপকর্ম, অপযশ, অপদেবতা, অপসংস্কৃতি
	স্থানান্তর	অপসারণ, অপহরণ
	উৎকৃষ্ট	অপরূপ
সম-	সম্যক	সম্পূর্ণ, সমাদর, সমৃদ্ধ
	সম্মুখে	সমাগত, সম্মুখ
	একত্র	সংযোজন
নি-	নিষেধ	নিবৃত্তি
	অভাব	নিগ্রহ
	নিশ্চয়	নিবারণ, নির্ণয়
	বাজে	নিকৃষ্ট
	আতিশয্য	নিদাঘ, নিদারুণ
	ভিতর	নিবাস, নিচয়

অব-	হীনতা	অবজ্ঞা, অবমাননা, অবহেলা
	সম্যকভাবে	অবদান, অবরোধ, অবগাহন, অবগত, অবলম্বন
	নিম্নে/ অধোমুখিতা	অবমূল্যায়ন, অবতরণ, অবরোহণ
	অল্পতা	অবশেষ, অবেলা, অবসান, অবগুণ্ঠন
অনু-	পশ্চাৎ	অনুজ, অনুতাপ, অনুগামী, অনুচর, অনুগমন
	সাদৃশ্য	অনুবাদ, অনুকার, অনুরূপ
	পৌনঃপুন	অনুক্ষণ, অনুশীলন, অনুদিন
	সঙ্গে	অনুকূল, অনুকম্পা
নিঃ- (নির্/ নিস)	অভাব	নিরক্ষর, নিরব, নির্জীব, নিরহঙ্কার, নির্ধন, নিস্তরঙ্গ
	নিশ্চয়	নির্ভর, নির্ধারণ
	বাহির	নির্গত, নির্বাসন, নিঃসরণ, নির্গমন
	পুরোপুরি	নিঃশেষ
দুঃ- (দুর্/দুস্)	মন্দ	দুর্ভাগ্য, দুর্দশা, দুর্নাম, দুঃশাসন, দুর্দিন
	অধিক	দুর্মূল্য
	অল্প	দুষ্প্রাপ্য
	কষ্টসাধ্য	দুর্লভ, দুর্গম, দুরতিক্রম্য, দুঃসহ
বি-	বিশেষ রূপে	বিজ্ঞান, বিশুদ্ধ, বিধৃত
	অভাব	বিবর্ণ, বিফল, বিশৃঙ্খল, বিনিদ্র
	গতি	বিচরণ, বিক্ষেপ, বিহার
	ইতিবাচক	বিনির্মাণ
	অবস্থানতর অর্থে	বিকাশ
সু-	উত্তম/ সুন্দর	সুকণ্ঠ, সুকান্ত, সুকৃতি, সুপ্রিয়, সুনীল
	সহজ	সুগম, সুলভ
	আতিশয্য	সুচতুর, সুধীর, সুনিপুণ, সুকঠিন
উৎ-	উর্ধ্বমুখিতা	উদ্যম, উন্নতি, উৎক্ষিপ্ত, উত্তোলন, উৎক্ষেপণ
	পরিত্যক্ত	উদ্বাস্তু
	আতিশয্য	উচ্ছেদ, উৎপীড়ন, উৎসুক, উত্তপ্ত
	প্রস্তুতি	উৎপাদন, উচ্চারণ, উৎপন্ন
	অপকর্ষ	উৎকোচ, উৎকট, উদ্ধত

অধি-	আধিপত্য	অধিকার, অধিবাসী, অধিপতি
	উপরি	অধিষ্ঠান
	ব্যাপ্তি	অধিকার, অধিগত, অধিবাস
পরি-	বিশেষ রূপ	পরিপক্ব, পরিপূর্ণ, পরিবর্তন
	শেষ	পরিশেষ
	সম্যক রূপে	পরিশ্রান্ত, পরীক্ষা, পরিমাণ
	চতুর্দিক	পরিভ্রমণ, পরিমণ্ডল
	সম্পূর্ণ	পরিত্যাগ
	বিরুদ্ধ	পরিপন্থী
প্রতি-	সদৃশ	প্রতিমূর্তি, প্রতিবিম্ব, প্রতিধ্বনি, প্রতিকৃতি
	বিরোধ	প্রতিবাদ, প্রতিদ্বন্দ্বী, প্রতিপক্ষ, প্রতিরোধ, প্রতিযোগী
	পৌনঃপুন	প্রতিদিন, প্রতিমাস
	অনুরূপ কাজ	প্রতিঘাত, প্রতিদান, প্রত্যুপকার
	পাল্টা	প্রতিহিংসা
উপ-	সামীপ্য	উপকূল, উপকণ্ঠ
	সদৃশ	উপদ্বীপ, উপবন
	ক্ষুদ্র / অপ্রধান	উপগ্রহ, উপসাগর, উপনেতা, উপদল, উপনদী, উপভাষা, উপবিধি
	বিশেষ	উপনয়ন, উপভোগ
	পরিশেষ	উপসংহার
অভি-	সম্যক	অভিব্যক্তি, অভিজ্ঞ, অভিভূত
	গমন	অভিযান, অভিসার
	সম্মুখ	অভিমুখ, অভিবাদন
	উত্তম	অভিজাত
	মানসিক	অভিমান, অভিমত
অতি-	আতিশয্য	অতিকায়, অতিশয়, অত্যাচার
	অতিক্রম	অতিমানব, অতিপ্রাকৃত
	পার হওয়া অর্থে	অতিক্রম
আ-	পর্যন্ত	আকণ্ঠ, আমরণ, আসমুদ্র
	ঈষৎ	আরক্তিম, আরক্ত, আভাস
	বিপরীত	আদান, আগমন
	সদৃশ	আখাম্বা

MCQ Solution

১. **'প্রভাব' শব্দে 'প্র' উপসর্গ কি অর্থে ব্যবহৃত হয়েছে?** [ইবি (জ ইউনিট) : ১৩-১৪]

ⓚ সামনের দিক অর্থে ⓜ বিশেষভাবে অর্থে
ⓖ সম্যক প্রকৃষ্ট অর্থে ⓘ আধিক্য অর্থে **উত্তর:** গ

২. **'প্রজ্ঞা' শব্দটিতে উপসর্গ ব্যবহৃত হয়েছে কী অর্থে?** [জবি (খ ইউনিট) : ১৩-১৪]
ক ব্যাপ্তি খ ইতিবাচক
গ নেতিবাচক ঘ প্রকৃষ্ট **উত্তর: ঘ**

৩. **কোন শব্দটি সংস্কৃত উপসর্গযোগে গঠিত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৬-৯৭]
ক পাঁতিহাস খ প্রভাত
গ রামদা ঘ নিখোঁজ **উত্তর: খ**

৪. **'প্রলয়' শব্দের 'প্র' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট): ০৬-০৭]
ক বিপরীত খ গতি
গ আধিক্য ঘ প্রকষ্ট **উত্তর: গ**

৫. **নিচের কোন শব্দে 'প্র' উপসর্গ আধিক্য-অর্থের প্রকাশক?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ) ইউনিট : ২০-২১]
ক প্রাগ্রসর খ প্রবর্তন
গ প্রমৃত ঘ প্রগাঢ় **উত্তর: ঘ**

৬. **'প্রণয়' কোন উপসর্গ?** [ঢাবি (গ ইউনিট) : ১০-১১]
ক দেশি খ বিদেশি
গ সংস্কৃত ঘ খাঁটি বাংলা **উত্তর: গ**

৭. **অধিক অর্থে 'পরা' উপসর্গের উদাহরণ কোনটি?** [কুবি (ঘ ইউনিট) : ১২-১৩]
ক পরামর্শ খ পরাক্রম
গ পরোক্ষ ঘ পরাজয় **উত্তর: খ**

৮. **বিপরীতার্থে 'পরা' উপসর্গ যুক্ত শব্দ কোনটি?** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ক পরাকাষ্ঠা খ পরাক্রান্ত
গ পরায়ণ ঘ পরাভব **উত্তর: ঘ**

৯. **'অতিশয়' দ্যোতনা সৃষ্টি করে নিচের কোন উপসর্গ?** [উত্তরা ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]
ক পরাজয় - পরা খ প্রকোপ - প্র
গ পরাবাস্তব - পরা ঘ প্রগতি - প্র **উত্তর: গ**

১০. **'পরাজয়ের'- এ শব্দটিতে কোনটি উপসর্গ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ক জয় খ পরা
গ এর ঘ জয়ের **উত্তর: খ**

১১. **'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?** [১৫তম বিসিএস/ দুর্নীতি দমন কমিশন এর কনস্টেবল : ২২]
ক বিপরীত খ নিকৃষ্ট
গ বিকৃত ঘ অভাব **উত্তর: ক**

১২. **'অপদেবতা' শব্দে 'অপ' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [কর্মসংস্থান ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর : ১১]
ক মন্দ অর্থে খ বিপরীত অর্থে
গ বৃথা অর্থে ঘ অস্বাভাবিক অর্থে **উত্তর: ক**

১৩. **'অপ' উপসর্গঘটিত কোন শব্দের অর্থ ইতিবাচক?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ক অপমান খ অপসারণ
গ অপযশ ঘ অপরূপ **উত্তর: ঘ**

১৪. **তৎসম উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি?** [বেরোবি (খ ইউনিট) : ১৬-১৭]
ক হা-ভাতে খ ভরপুর
গ তৈল ঘ অপকার **উত্তর: ঘ**

১৫. **সংস্কৃত উপসর্গের উদাহরণ-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ক নিখোঁজ খ নিগ্রহ
গ নিখুঁত ঘ নিলাজ **উত্তর: খ**

১৬. **তৎসম উপসর্গের উদাহরণ -** [রাবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক অভাব খ খ্যাতি
গ আনমনা ঘ নিকৃষ্ট **উত্তর: ঘ**

১৭. **'নিদাঘ' শব্দে 'নি' উপসর্গটি কি অর্থে ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ বেতারের সহ-সম্পাদক : ১৯]
ক বিশেষ খ নিশ্চয়
গ আতিশয্য ঘ সম্যক **উত্তর: গ**

১৮. **কোনটি উপসর্গ নিষ্পন্ন শব্দ?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ক প্রত্যেক খ পুকুরে
গ বড়াই ঘ নিবাস **উত্তর: ঘ**

১৯. **কোন শব্দটি নেতিবাচক নয়?** [চবি (ক ইউনিট) : ১১-১২]
ক অবগাহন খ অবহেলা
গ অবজ্ঞা ঘ অবতারণ **উত্তর: ক**

২০. **অবলম্বনের 'অব' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর পরিসংখ্যান সহকারী : ২০]
ক নিম্নে খ সম্যকভাবে
গ প্রতিকূল ঘ প্রস্তুতি **উত্তর: খ**

২১. **'অবমূল্যায়ন' ও 'অবদান' শব্দ দুটিতে 'অব' উপসর্গটি সম্পর্কে কোন মন্তব্যটি ঠিক?** [১৬তম বিসিএস]
ক শব্দ দুটিতে উপসর্গটি মোটামোটি একই অর্থে ব্যবহৃত হয়েছে
খ শব্দ দুটিতে উপসর্গটি একই অর্থে ব্যবহৃত হয়েছে
গ দুটি শব্দে উপসর্গটির অর্থ দুই রকম
ঘ দুটি শব্দে উপসর্গটির অর্থ আপাতবিচারে ভিন্ন হলেও আসলে এক **উত্তর: গ**

২২. **'অবশেষে' শব্দটির 'অব' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০১]
ক নিম্নে খ অল্পতা
গ প্রতিকুল ঘ সম্যকভাবে **উত্তর: খ**

২৩. **উপসর্গযোগে গঠিত কোন শব্দটির 'অনু' সাদৃশ্য অর্থে ব্যবহৃত?** [জবি (চ ইউনিট) : ১৬-১৭]
ক অনুগামী খ অনুবাদ
গ অনুশীলন ঘ অনুকম্পা **উত্তর: খ**

২৪. 'নিরক্ষর' শব্দটিতে 'নির' উপসর্গ যে অর্থে ব্যবহৃত হয়েছে? [শাবিপ্রবি (ক ইউনিট) : ০৯-১০]
ক) মন্দ খ) নিশ্চয়
গ) অভাব ঘ) কষ্টসাধ্য **উত্তর:** গ

২৫. 'পুরোপুরি' অর্থ প্রকাশ করেছে কোন উপসর্গযুক্ত শব্দটি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ক) নিদারুণ খ) নির্ধন
গ) নিঃশেষ ঘ) নির্গমন **উত্তর:** গ

২৬. 'দুর্নাম' শব্দটি কোন উপসর্গযুক্ত? [রাবি : ০৯-১০]
ক) খাঁটি বাংলা খ) বিদেশি
গ) তৎসম ঘ) দেশি **উত্তর:** গ

২৭. 'দুঃসহ' শব্দটি গঠিত হয়েছে কোন নিয়মে? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় : ১১-১২]
ক) সমাস খ) উপসর্গ
গ) প্রত্যয় ঘ) সন্ধির নিয়মে **উত্তর:** খ

২৮. 'বিজ্ঞান' শব্দটি কোন জাতীয় উপসর্গযোগে গঠিত? [জাককানইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ক) বাংলা খ) বিদেশি
গ) হিন্দি ঘ) সংস্কৃত **উত্তর:** ঘ

২৯. বিজ্ঞান শব্দে 'বি' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [পোস্টমাস্টার জেনারেল এর উচ্চমান সহকারী (উত্তরাঞ্চল) : ২২]
ক) অভাব খ) সাধারণ
গ) বিশেষ ঘ) গতি **উত্তর:** গ

৩০. 'বিচরণ' শব্দে 'বি' উপসর্গটি কি অর্থে ব্যবহৃত হয়েছে? [বাংলাদেশ ডেভলোপমেন্ট ব্যাংক অফিসার : ১৬]
ক) সাধারণ খ) অভাব
গ) প্রভাব ঘ) গতি **উত্তর:** ঘ

৩১. 'বিনির্মাণ' শব্দে 'বি' উপসর্গটি কী অর্থে প্রযুক্ত হয়েছে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ১৬-১৭]
ক) ইতিবাচক খ) নেতিবাচক
গ) সংকোচন ঘ) প্রসারণ **উত্তর:** ক

৩২. 'অভাব' বুঝিয়েছে কোন উপসর্গ- [ঢাবি (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক) বিশুষ্ক খ) বিবর্ণ
গ) অনুজ ঘ) বিক্ষেপ **উত্তর:** খ

৩৩. উপসর্গঘটিত শব্দ- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ক) বিহার খ) বিলাত
গ) বিমার ঘ) বিষাক্ত **উত্তর:** ক

৩৪. 'সুন্দর' অর্থে উপসর্গ ঘটিত শব্দ? [জবি (খ ইউনিট) : ০৮-০৯]
ক) সুলভ খ) সুদক্ষ
গ) স্বরূপ ঘ) সুকান্ত **উত্তর:** ঘ

৩৫. 'সুকঠিন' শব্দে 'সু' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিভিন্ন পদ : ১৯]
ক) উত্তম খ) সহজ
গ) বিশেষ রূপে ঘ) আতিশয্য **উত্তর:** ঘ

৩৬. 'উৎ' উপসর্গটি 'অপকর্ষ' অর্থে কোথায় ব্যবহৃত হয়েছে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৮-১৯]
ক) উচ্ছেদ খ) উৎকোচ
গ) উচ্চারণ ঘ) উদ্যম **উত্তর:** খ

৩৭. 'উৎ' উপসর্গটি কোন শব্দে ভিন্নার্থে প্রযুক্ত? [ববি (গ ইউনিট) : ১৩-১৪]
ক) উৎপন্ন খ) উৎকোচ
গ) উৎকট ঘ) উৎপাত **উত্তর:** ক

৩৮. 'উৎক্ষিপ্ত' শব্দে 'উৎ' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন এর অফিস সহকারী : ২২]
ক) উর্ধ্বে খ) প্রস্তুতি
গ) ক্ষিপ্রতা ঘ) নিশ্চয়তা **উত্তর:** ক

৩৯. কোন শব্দটি উপসর্গযোগে গঠিত? [ঢাবি (ক ইউনিট) : ১২-১৩]
ক) অবরেণ্য খ) তরুণ
গ) পরীক্ষা ঘ) কুশল **উত্তর:** গ

৪০. 'প্রতিধ্বনি' শব্দে 'প্রতি' উপসর্গটি কি অর্থে ব্যবহৃত হয়েছে? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৯]
ক) ক্ষুদ্র খ) সদৃশ
গ) ব্যাপ্তি ঘ) সঙ্গে **উত্তর:** খ

৪১. 'প্রতিকৃতি' শব্দটির উপসর্গ কোন অর্থে ব্যবহৃত? [ঢাবি (খ ইউনিট) : ১৫-১৬]
ক) সাদৃশ্য খ) বিপরীত
গ) ভিন্ন ঘ) সম্মুখ **উত্তর:** ক

৪২. কোন উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ক) প্রতিপক্ষ খ) প্রতিদ্বন্দ্বী
গ) প্রতিবিম্ব ঘ) প্রতিবাদ **উত্তর:** গ

৪৩. 'উপসংহার' শব্দে কোন উপসর্গ ব্যবহৃত হয়েছে? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর : ২১]
ক) তৎসম উপসর্গ খ) বাংলা উপসর্গ
গ) ফারসি উপসর্গ ঘ) আরবি উপসর্গ **উত্তর:** ক

৪৪. বিশেষ অর্থে ব্যবহৃত হয়েছে কোন উপসর্গটি? [খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক : ২১]
ক) উপগ্রহ খ) উপকণ্ঠ
গ) উপবন ঘ) উপভোগ **উত্তর:** ঘ

৪৫. 'উপ'–যোগে গঠিত নিচের কোন শব্দে 'উপ' ক্ষুদ্র অর্থে ব্যবহৃত হয়েছে? [রাবি (ই২ ইউনিট) : ১৭-১৮]
ক) উপসাগর খ) উপবন
গ) উপকথা ঘ) উপকূল **উত্তর:** ক

৪৬. নিচের কোন শব্দটিতে 'উপ' ক্ষুদ্র অর্থে ব্যবহৃত হয়েছে? [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর : ১৬]
ক) উপকণ্ঠ খ) উপকূল
গ) উপস্থিত ঘ) উপনেতা **উত্তর:** ঘ

৪৭. 'ক্ষুদ্র' অর্থে উপসর্গ ব্যবহৃত হয়েছে কোন শব্দে? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২০-২১]
ⓚ উপকণ্ঠ ⓦ উপদল
ⓖ উপকূল ⓖ উপশহর **উত্তর:** খ

৪৮. 'উপগ্রহ' শব্দটির 'উপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০২]
ⓚ ক্ষুদ্র ⓦ বিশেষ
ⓖ সামীপ্য ⓖ সদৃশ **উত্তর:** ক

৪৯. নিচের কোন উপসর্গটি সামীপ্য অর্থে ব্যবহৃত হয়েছে? [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৩]
ⓚ উপকূল ⓦ অধিকার
ⓖ উৎফুল্ল ⓖ পরিপক্ব **উত্তর:** ক

৫০. 'উপনয়ন' শব্দে 'উপ' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [ইবি (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ ক্ষুদ্র ⓦ সদৃশ
ⓖ বিশেষ ⓖ সমীপ্য **উত্তর:** গ

৫১. কোন শব্দে 'উপ' উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (পুন: ঘ ইউনিট) : ১৮-১৯]
ⓚ উপকণ্ঠ ⓦ উপনদী
ⓖ উপভাষা ⓖ উপধর্ম **উত্তর:** ক

৫২. নিচের শব্দগুলির কোনটিতে 'উপ' উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত? [ঢাবি (গাহস্থ্য অর্থনীতি) : ১৬-১৭]
ⓚ উপনদী ⓦ উপকূল
ⓖ উপভাষা ⓖ উপবিধি **উত্তর:** খ

৫৩. উপসর্গ নিষ্পন্ন শব্দ কোনটি? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৮]
ⓚ বড়াই ⓦ অভিমুখ
ⓖ ছাত্রকে ⓖ চৌরাস্তা **উত্তর:** খ

৫৪. 'অভি' উপসর্গ নিচের যে অর্থে ব্যবহৃত হতে পারে- [বাংলাদেশ ব্যাংক অফিসার (জেনারেল) : ১৮]
ⓚ সম্যক ⓦ আগমন
ⓖ আধিপত্য ⓖ ব্যাপ্তি **উত্তর:** ক

৫৫. 'অভিমত' শব্দটি কীভাবে গঠিত? [ঢাবি (ঙ ইউনিট) : ০৩-০৪]
ⓚ সন্ধিযোগে ⓦ প্রত্যয়যোগে
ⓖ উপসর্গযোগে ⓖ বিভক্তিযোগে **উত্তর:** গ

৫৬. 'অভিজ্ঞ' শব্দে 'অভি' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? [জবি (ই ইউনিট) : ১৭-১৮]
ⓚ গমন ⓦ সম্মুখ
ⓖ ব্যাপ্তি ⓖ সম্যক **উত্তর:** ঘ

৫৭. নিচের কোনটি উপসর্গ নিষ্পন্ন শব্দ? [দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন অফিসার জেনারেল : ২১]
ⓚ ফুবুবি ⓦ অভিমান
ⓖ রাখাল ⓖ মাতাপিতা **উত্তর:** খ

৫৮. নিচের কোন বাক্যে 'অতি' উপসর্গ হিসেবে ব্যবহৃত হয়নি? [ঢাবি (ঘ ইউনিট) : ১১-১২]
ⓚ বইটি আমার অত্যন্ত প্রয়োজন
ⓦ অতিরিক্ত পরিশ্রমে তিনি অসুস্থ হয়ে পড়েছে
ⓖ অতিকায় হস্তী লোপ পাইয়াছে
ⓖ অতি চালাকের গলায় দড়ি **উত্তর:** ঘ

৫৯. সংস্কৃত উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ⓚ অনাবৃষ্টি ⓦ আভাস
ⓖ অচেনা ⓖ আগাছা **উত্তর:** খ

৬০. নিচের কোন শব্দটি ঈষৎ অর্থে ব্যবহৃত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৮-০৯]
ⓚ উপকথা ⓦ আবাল্য
ⓖ আরক্তিম ⓖ আকর্ণ **উত্তর:** গ

৬১. 'আগমন' শব্দটির 'আ' কোন অর্থে ব্যবহৃত? [ঢাবি (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ পর্যন্ত ⓦ ঈষৎ
ⓖ সদৃশ ⓖ বিপরীত **উত্তর:** ঘ

৬২. 'সদৃশ' অর্থ প্রকাশ করেছে কোন উপসর্গযুক্ত শব্দটি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ⓚ অভিজাত ⓦ ভরজোয়ার
ⓖ আখাম্বা ⓖ আরক্ত **উত্তর:** গ

৬৩. কোন শব্দটি উপসর্গ সহযোগে গঠিত নয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ⓚ প্রত্যক্ষ ⓦ প্রতিরক্ষা
ⓖ প্রতিরোধ ⓖ প্রতিযোগী **উত্তর:** ক

অর্থদ্যোতকতাসহ বিদেশি উপসর্গের উদাহরণ

উপসর্গ		যে অর্থে ব্যবহৃত	উপসর্গ গঠিত শব্দ
ফারসি	কার্-	কাজ	কারসাজি, কারচুপি, কারবার
	দর্-	মধ্যস্থ, অধীন	দরপত্তনী, দরপাট্টা, দরদালান, দরখাস্ত
		সামান্য	দরকাঁচা
	না-	না/ অপূর্ণ	নাচার, নারাজ, নামঞ্জুর, নাবালক, নালায়েক
		নেতি	নাহক
	নিম্-	আধা/ কম	নিমরাজি
		প্রায়	নিমখুন
	ফি-	প্রতি	ফি-রোজ, ফি-বছর, ফি-মাস
	বদ্-	মন্দ/ উগ্র	বদনাম, বদমেজাজী, বদরাগী, বদমাশ, বজ্জাত

ফারসি	বর্-	বাইরে, মধ্যে	বরখাস্ত, বরদাস্ত, বরবাদ, বরখেলাপ
	ব্-	সহিত	বমাল, বনাম, বকলম
	কম্-	স্বল্প	কমজোর, কমবখ্ত, কমবক্তা
	বে-	না	বেসামাল, বেমালুম, বেতার, বেহাত, বেআদব, বেগতিক
		হৃত	বেদখল
		বহির্ভূত	বেআইন
আরবি	আম্-	সাধারণ	আমদরবার, আমমোক্তার, আমজনতা
	খাস-	বিশেষ	খাসমহল, খাসখবর, খাসকামরা
	লা-	না	লাপাত্তা, লাখেরাজ, লাজওয়াব
	গর্-	অভাব/ বিপরীত	গররাজি, গরমিল, গরহাজির
		ভিন্ন	গরঠিকানা
	বাজে-	তুচ্ছার্থে	বাজেকথা
ইংরেজি	ফুল-	পূর্ণ	ফুল-হাতা, ফুল-শার্ট, ফুল-বাবু
	হাফ-	আধা	হাফ-হাতা, হাফ-স্কুল
	হেড-	প্রধান	হেড-মাস্টার, হেড-অফিস
	সাব-	অধীন	সাব-অফিস, সাব-ইন্সপেক্টর, সাব-জজ
উর্দু-হিন্দি	হর-	প্রত্যেক	হররোজ, হরদম, হরহামেশা
	হরেক-	বিবিধ	হরেকরকম, হরেকখাবার

MCQ Solution

১. **'কারসাজি' শব্দে কোন ভাষার উপসর্গ আছে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৫]
ক) আরবি খ) ফারসি
গ) সংস্কৃত ঘ) ইংরেজি **উত্তর:** খ

২. **বিদেশি উপসর্গজাত শব্দের দৃষ্টান্ত-** [বাংলাদেশ ব্যাংক অফিসার (জেনারেল) : ১৮]
ক) পাতিলেবু খ) দরদালান
গ) হাভাতে ঘ) ছিঁচকাঁদুনে **উত্তর:** খ

৩. **'অধ্যক্ষ মহোদয় তার দরখাস্ত গ্রহণ করেননি।' এ বাক্যের 'দরখাস্ত' শব্দটি-** [ঢাবি (খ ইউনিট) : ১৪-১৫]
ক) উপসর্গযুক্ত খ) প্রত্যয়যুক্ত
গ) বিভক্তিযুক্ত ঘ) অনুসর্গযুক্ত **উত্তর:** ক

৪. **'নিমরাজি' শব্দের 'নিম' উপসর্গ কী অর্থ নির্দেশ করে?** [কর্মসংস্থান ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৫]
ক) না খ) পুরো
গ) কম ঘ) যথেষ্ট **উত্তর:** গ

৫. **কোন শব্দে বিদেশি উপসর্গ ব্যবহৃত হয়েছে?** [১২তম বিসিএস/ ১০ম বিসিএস]
ক) নিখুঁত খ) আনমনা
গ) অবহেলা ঘ) নিমরাজি **উত্তর:** ঘ

৬. **কোনগুলো বিদেশি উপসর্গজাত শব্দ?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক) বেআদব, লাপাত্তা খ) লাপাত্তা, উপহার
গ) উপলক্ষ, বেওয়ারিশ ঘ) বিহার, আহার **উত্তর:** ক

৭. **ফারসি উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AL ইউনিট) : ১৭-১৮]
ক) নাচার খ) অনাচার
গ) কদাচার ঘ) প্রচার **উত্তর:** ক

৮. **'বদনাম' শব্দের 'বদ' কোন ভাষার উপসর্গ?** [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস ক্লার্ক : ২২]
ক) বাংলা খ) ফারসি
গ) আরবি ঘ) হিন্দি **উত্তর:** খ

৯. **'বরদাস্ত' কোন বিদেশি উপসর্গের উদাহরণ?** [বশেমুরবিপ্রবি (ছ ইউনিট) : ১৬-১৭]
ক) ফারসি খ) আরবি
গ) উর্দু ঘ) হিন্দি **উত্তর:** ক

১০. **কোন শব্দটি বিদেশি উপসর্গযোগে গঠিত?** [জবি (ই ইউনিট) : ১৭-১৮]
ক) পরীক্ষা খ) প্রভাত
গ) অনাবৃষ্টি ঘ) বেহাত **উত্তর:** ঘ

১১. **কোন শব্দে ফারসি উপসর্গ আছে?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
ক) হররোজ খ) গরমিল
গ) বেতার ঘ) খাসকামরা **উত্তর:** গ

১২. **বিদেশি উপসর্গ দিয়ে গঠিত শব্দ কোনটি?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫]
ক) বেকার খ) বিকার
গ) নিদাঘ ঘ) নিবার **উত্তর:** ক

১৩. **নিচের কোনটি বিদেশি উপসর্গ?** [নির্বাচন কমিশন সচিবালয়ের থানা নির্বাচন অফিসার : ০৪]
ক) অ-ভাব খ) নি-র্দোষ
গ) বি-রাগ ঘ) বে-সামাল **উত্তর:** ঘ

১৪. **বিদেশি উপসর্গযোগে গঠিত শব্দ-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক) সুলভ খ) বিভুঁই
গ) নিরেট ঘ) বনাম **উত্তর:** ঘ

১৫. **'বমাল' শব্দের 'ব' উপসর্গ কী অর্থে নির্দেশ করে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
ⓚ বাইরে ⓚ সহিত
ⓖ অধীন ⓖ প্রতি **উত্তর:** খ

১৬. **'কমবক্তা' শব্দটি গঠিত হয়েছে-** [ববি (গ ইউনিট) : ১৫-১৬]
ক) সন্ধিযোগে খ) সমাসযোগে
গ) উপসর্গযোগে ঘ) প্রত্যয়যোগে **উত্তর:** গ

১৭. **কোন সারির সব শব্দ বিদেশি উপসর্গ যোগ করে গঠিত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা (মুক্তিযোদ্ধা) : ১৮]
ক) আচার, বিচার, নাচার
খ) সরব, নীরব, কুরব
গ) বজ্জাত, বেহায়া, সজোর
ঘ) নাচার, বনাম, নারাজ **উত্তর:** ঘ

১৮. **আরবি উপসর্গ কোনটি?** [ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা : ০৬]
ক) আমদরবার খ) কমজোর
গ) হেডপণ্ডিত ঘ) আজমূর্খ **উত্তর:** ক

১৯. **নিচের কোন শব্দে 'আম' উপসর্গটি সাধারণ অর্থে ব্যবহৃত হয়েছে?** [জবি (ক ইউনিট) : ১৬-১৭]
ক) আমপাড়া খ) আমবাগান
গ) কাঁচাআম ঘ) আমজনতা **উত্তর:** ঘ

২০. **'খাসমহল' শব্দটি কোন ধরনের উপসর্গ?** [জবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ক) ফারসি উপসর্গ খ) আরবি উপসর্গ
গ) বাংলা উপসর্গ ঘ) তৎসম উপসর্গ **উত্তর:** খ

২১. **'গরমিল' শব্দটি কোন ধরনের উপসর্গযোগে গঠিত?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ক) বাংলা খ) ফারসি
গ) ফরাসি ঘ) আরবি **উত্তর:** ঘ

২২. **কোনটি আরবি উপসর্গ?** [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক : ০৬]
ক) হররোজ খ) বদহজম
গ) লাখেরাজ ঘ) অনাচার **উত্তর:** গ

২৩. **কোন শব্দটিতে আরবি উপসর্গের প্রয়োগ হয়েছে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ক) বরবাদ খ) দরখাস্ত
গ) কারখানা ঘ) বাজেকথা **উত্তর:** ঘ

২৪. **'বাজেকথা' এর 'বাজে' উপসর্গটি কী অর্থ বোঝায়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০৭-০৮]
ক) তুচ্ছার্থে খ) সীমার অতিরিক্ত
গ) প্রত্যেক ঘ) নিন্দার্থে **উত্তর:** ক

২৫. **কোন শব্দটি বিদেশি উপসর্গযোগে গঠিত হয়েছে?** [অর্থ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক) বিদেশ খ) সুখ্যাতি
গ) অনাবৃষ্টি ঘ) হরেক **উত্তর:** ঘ

২৬. **বিদেশি উপসর্গের উদাহরণ কোনটি?** [রাবি (খ ইউনিট) : ১৪-১৫]
ক) কদবেল খ) আনচান
গ) হরদম ঘ) রামদা **উত্তর:** গ

২৭. **কোন শব্দে বিদেশি উপসর্গ ব্যবহৃত হয়েছে?** [রাবি (ক ইউনিট) : ১৪-১৫]
ক) হররোজ খ) অবমাননা
গ) অনুশীলন ঘ) অভিবাদন **উত্তর:** ক

২৮. **কোন শব্দটি বিদেশি উপসর্গযোগে গঠিত?** [রাবি (ক ইউনিট) : ১৫-১৬]
ক) নিবারণ খ) বিজোড়
গ) সুকীর্তি ঘ) সাব-জজ **উত্তর:** ঘ

২৯. **'ফুল' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AL ইউনিট) : ১৮-১৯]
ক) সুন্দর অর্থে খ) পূর্ণ অর্থে
গ) বিশেষ অর্থে ঘ) বিবিধ অর্থে **উত্তর:** খ

৩০. **কোন শব্দটিতে উপসর্গ ব্যবহৃত হয় নি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৬-০৭]
ক) নিখুঁত খ) রামদা
গ) সুগম ঘ) শয়ন **উত্তর:** ঘ

৩১. **বিদেশি উপসর্গযুক্ত শব্দ নয় কোনটি?** [ঢাবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক) নিমতিতা খ) আনচান
গ) হররোজ ঘ) গরহাজির **উত্তর:** খ

৩২. **নিচের কোনটি বিদেশি উপসর্গ নয়?** [ঢাবি (ক ইউনিট) : ৯১-৯২]
ক) বাজে খ) কদ্
গ) বর ঘ) খাস্ **উত্তর:** খ

৩৩. **বিদেশি উপসর্গযুক্ত শব্দ নয় কোনটি?** [ঢাবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক) বকলম খ) নিমপাতা
গ) হররোজ ঘ) গরহাজির **উত্তর:** খ

৩৪. **কোনটি উপসর্গযোগে গঠিত শব্দ নয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক) হররোজ খ) হরতাল
গ) হরহামেশা ঘ) হরদম **উত্তর:** খ

অনুশীলনী


১. **নিচের কোনটি উপসর্গ যোগে গঠিত শব্দ?**
ক) প্রবীণ খ) ভিখারি
গ) বাবুয়ানা ঘ) সেলাই **উত্তর:** ক

ধাতু, প্রকৃতি এবং প্রত্যয়

ধাতু

ক্রিয়ার মূলকে বলা হয় ধাতু। ক্রিয়ার যে অংশকে বিশ্লিষ্ট করা যায় না, তাকে ধাতু বলে। ধাতু কথাটি বোঝানোর জন্য ধাতুর আগে √ চিহ্ন ব্যবহার করতে হয়। এই চিহ্ন ব্যবহার করলে 'ধাতু' কথাটি লেখার প্রয়োজন হয় না। যেমন- √ কর্ (কর্ ধাতু), √ পড়্ (পড়্ ধাতু)।

ধাতুর প্রকারভেদ :
ধাতু প্রধানত তিন প্রকার। যথা- মৌলিক, সাধিত এবং যৌগিক বা সংযোগমূলক ধাতু।



ক) মৌলিক ধাতু : যে ধাতুকে আর বিশ্লেষণ করা যায় না, তাকে মৌলিক ধাতু/সিদ্ধ বা স্বয়ংসিদ্ধ ধাতু বলে। যেমন- কর, পড়, চল্ ইত্যাদি। মৌলিক ধাতুগুলোকে তিন শ্রেণিতে ভাগ করা যায়। যথা-

বাংলা ধাতু : যেসব ধাতু বা ক্রিয়ামূল সংস্কৃত থেকে সোজাসুজি আসেনি সেগুলো হলো বাংলা ধাতু। যেমন- আঁক্, কহ্, কাট্, কাঁদ, জান্, নাচ্, পড়, হাস্ ইত্যাদি।

সংস্কৃত ধাতু : বাংলা ভাষায় যেসব তৎসম ক্রিয়াপদের ধাতু প্রচলিত রয়েছে তাদের সংস্কৃত ধাতু বলে। যেমন- অঙ্ক, কৃ, গম্, ধৃ, গঠ্, স্থা, হস্ ইত্যাদি। পাঠক শব্দটি সংস্কৃত ধাতু যোগে গঠিত।

বিদেশি ধাতু : প্রধানত হিন্দি এবং কৃচিৎ আরবি-ফারসি ভাষা থেকে যেসব ধাতু বা ক্রিয়ামূল বাংলা ভাষায় গৃহীত হয়েছে, সেগুলোকে বিদেশি ধাতু বলে। যেমন- ভিক্ষে মেগে খায়। এ বাক্যে 'মাগ্' ধাতুটি হিন্দি 'মাঙ্' থেকে আগত। এছাড়া কতগুলো ক্রিয়ামূল রয়েছে যাদের ক্রিয়ামূলের মূল ভাষা নির্ণয় করা কঠিন; এ ধরনের ক্রিয়ামূলকে বলা হয় অজ্ঞাতমূল ধাতু। যেমন - 'হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে?' এ বাক্যে 'হের' ধাতুটি কোন ভাষা থেকে আগত তা জানা যায় না। তাই এটি অজ্ঞাতমূল ধাতু।

কয়েকটি বিদেশি ধাতুর উদাহরণ -

ধাতু	*যে অর্থে ব্যবহৃত*
আঁট	শক্ত করে বাঁধা,
খাট্	মেহনত করা,
ডর্	ভীত হওয়া,
ডাক্	অহ্বান করা।

খ) সাধিত ধাতু : মৌলিক ধাতু কিংবা কোনো কোনো নাম-শব্দের সঙ্গে 'আ' প্রত্যয় যোগে যে ধাতু গঠিত হয়, তাকে সাধিত ধাতু বলে। যেমন- দেখ্ + আ = দেখা, পড্ + আ = পড়া, আঁক্ + আ ইত্যাদি। গঠনরীতি ও অর্থের দিক থেকে সাধিত ধাতু তিন প্রকার। যথা- নামধাতু, প্রযোজক (ণিজন্ত) ধাতু ও কর্মবাচ্যের ধাতু।

নামধাতু : বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে নতুন ধাতু গঠিত হয়, তা-ই নামধাতু। যেমন- ঘুমা, ধমকা, বেতা।

বেত (বিশেষ্য) + আ (প্রত্যয়) = √ বেতা (নামধাতু)।
যথা- শিক্ষক ছাত্রটিকে *বেতাচ্ছেন*।

প্রযোজক (ণিজন্ত) ধাতু : মৌলিক ধাতুর পরে প্রেরণার্থ (অপরকে নিয়োজিত করা অর্থে) 'আ' প্রত্যয় যোগ করে প্রযোজক বা ণিজন্ত ধাতু গঠিত হয়। যেমন- √ কর্ + আ = করা।
যথা- তিনি নিজে করেন না, অন্যকে দিয়ে *করান*।

কর্মবাচ্যের ধাতু : মৌলিক ধাতুর সাথে 'আ' প্রত্যয়যোগে কর্মবাচ্যের ধাতু সাধিত হয়। (কর্মবাচ্যের ধাতুকে প্রযোজ্য / ণিজন্ত ধাতুর অন্তর্ভুক্ত ধরা হয়)। যেমন-

√ দেখ + আ = দেখা (কর্মবাচ্যের ধাতু)। যথা- কাজটি ভালো *দেখায়* না।
√ হার + আ = হারা (কর্মবাচ্যের ধাতু)। যথা- যা কিছু *হারায়* গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর।

গ) যৌগিক বা সংযোগমূলক ধাতু : বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে কর্, দে, পা, খা, ছাড় ইত্যাদি মৌলিক ধাতু সংযুক্ত হয়ে যে নতুন ধাতু গঠিত হয়, তা-ই যৌগিক বা সংযোগমূলক ধাতু। যেমন- যোগ (বিশেষ্য) + √ কর = যোগ কর (যৌগিক ধাতু)।

যথা- দুয়ের সাথে তিন *যোগ কর*।

MCQ Solution

১. **ক্রিয়াপদের মূল অংশকে কি বলে?** [১২তম বিসিএস/ ১০ম বিসিএস/ সিজিএ-এর জুনিয়র অডিটর : ২২]
ⓚ বিভক্তি ⓛ কারক
ⓜ ধাতু ⓝ প্রত্যয় **উত্তর:** গ

২. **ক্রিয়ার যে অংশকে বিশ্লিষ্ট করা যায় না, তাকে বলে-** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
ⓚ প্রকৃতি ⓚ ধাতু
ⓖ প্রত্যয় ⓖ মৌলিক শব্দ **উত্তর:** খ

৩. **বাংলা প্রত্যয়ে প্রকৃতির আগে কোন চিহ্ন ব্যবহৃত হয়?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ২১]
(ক) + (খ) -
(গ) দ্ধ (ঘ) √ **উত্তর:** ঘ

৪. **ধাতু কয় প্রকার?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]
(ক) এক (খ) দুই
(গ) তিন (ঘ) চার **উত্তর:** গ

৫. **যে ধাতু বিশ্লেষণ করা যায় না, তাকে বলা হয়-** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
(ক) সাধিত ধাতু (খ) মৌলিক ধাতু
(গ) যৌগিক ধাতু (ঘ) সংযোগমূলক ধাতু **উত্তর:** খ

৬. **মৌলিক ধাতুর অপর নাম কী?** [মৎস্য অধিদপ্তরের বিভিন্ন পদ : ১৮]
(ক) সিদ্ধ ধাতু (খ) ণিজন্ত ধাতু
(গ) নাম ধাতু (ঘ) প্রযোজক ধাতু **উত্তর:** ক

৭. **কোনটি বাংলা ধাতু?** [স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
(ক) কাট্ (খ) কৃ
(গ) মাগ্ (ঘ) গম্ **উত্তর:** ক

৮. **কোনটি খাঁটি বাংলা ধাতু?** [ববি (গ ইউনিট) : ১৪-১৫]
(ক) কৃ (খ) টান
(গ) হাস্ (ঘ) আট **উত্তর:** গ

৯. **নিচের কোনটি বাংলা 'ধাতু'র দৃষ্টান্ত?** [৪৪তম বিসিএস]
(ক) কহ্ (খ) কথ্
(গ) বুধ্ (ঘ) গঠ্ **উত্তর:** ক

১০. **কোনটি বাংলা ধাতু নয়?** [রাবি (আই ইউনিট) : ১৭-১৮]
(ক) আঁক্ (খ) আঁকা
(গ) কহ্ (ঘ) পড়্ **উত্তর:** খ

১১. **পাঠক শব্দটি কোন শ্রেণির ধাতু হতে গঠিত?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর : ২০]
(ক) সংস্কৃত (খ) দেশি
(গ) খাঁটি বাংলা (ঘ) বিদেশি **উত্তর:** ক

১২. **সংস্কৃত ধাতু হচ্ছে-** [জাককানইবি (ক ইউনিট) : ১৬-১৭]
(ক) হস্ (খ) গুণ্
(গ) কহ্ (ঘ) আক **উত্তর:** ক

১৩. **'আঁকা' সাধিত শব্দটির সংস্কৃত ধাতু কোনটি?** [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ম্যানেজার : ২০]
(ক) আঁক (খ) অঙ্কন
(গ) অঙ্ক (ঘ) অঙ্কিত **উত্তর:** গ

১৪. **কোনটি সাধিত ধাতু?** [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
(ক) পড় (খ) কাটা
(গ) রাখা (ঘ) পড়া **উত্তর:** ঘ

১৫. **'লোকটি ভিক্ষা মেগে খায়।' এ বাক্যে 'মাগ' ধাতুটি কোন ভাষার?** [রাবি : ০৯-১০]
(ক) উর্দু (খ) বাংলা
(গ) আরবি (ঘ) হিন্দি **উত্তর:** ঘ

১৬. **'হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে?' বাক্যে ব্যবহৃত 'হের' কোন ধাতু?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী : ১৮]
(ক) আরবি (খ) হিন্দি
(গ) ফারসি (ঘ) অজ্ঞাতমূল **উত্তর:** ঘ

১৭. **বিদেশি ধাতু কোনটি?** [খাদ্য অধিদপ্তরের স্প্রেম্যান : ২২]
(ক) গড়্ (খ) বুধ্
(গ) ছাম্ (ঘ) ডর্ **উত্তর:** ঘ

১৮. **বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয়, তাকে বলে-** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
(ক) মৌলিক ধাতু
(খ) সংযোগমূলক ধাতু
(গ) নাম ধাতু
(ঘ) প্রযোজক ধাতু **উত্তর:** গ

১৯. **কোনটি নাম ধাতু?** [বাংলাদেশ বেতারের সহ-সম্পাদক : ১৯]
(ক) খা (খ) কর
(গ) ঘুমা (ঘ) ছাড় **উত্তর:** গ

২০. **কোনটি নামধাতুর উদাহরণ?** [৪৩তম বিসিএস]
(ক) চল্ (খ) কার্
(গ) বেতা (ঘ) পড় **উত্তর:** গ

২১. **কোন ধাতুগুলো মূলত এক-** [বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩]
(ক) সমধাতু ও প্রযোজক ধাতু
(খ) প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতু
(গ) কর্মবাচ্যের ধাতু ও সংযোগমূলক ধাতু
(ঘ) সংযোগমূলক ধাতু ও সাধিত ধাতু **উত্তর:** খ

২২. **কাজটি ভালো দেখায় না।- এই বাক্যের 'দেখায়' ক্রিয়াটি কোন ধাতুর উদাহরণ?** [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক : ২০]
(ক) মৌলিক ধাতুর (খ) নাম ধাতুর
(গ) প্রযোজক ধাতুর (ঘ) কর্মবাচ্যের ধাতুর **উত্তর:** ঘ

২৩. **যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর - এখানে হারায় কোন ধাতু?** [২৬তম বিসিএস]
(ক) প্রযোজ্য ধাতু (খ) ভাব বাচ্যের ধাতু
(গ) সংযোগমলক ধাতু (ঘ) নাম ধাতু **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর- কর্মবাচ্যের ধাতু বা প্রযোজক ধাতু।

২৪. **কোন ধাতুকে 'ণিজন্ত' ধাতু বলা হয়?** [ইবি (গ ইউনিট) : ১৬-১৭]
(ক) সাধিত ধাতু (খ) প্রযোজক ধাতু
(গ) সংস্কৃতমূলক ধাতু (ঘ) মৌলিক ধাতু **উত্তর:** খ

প্রকৃতি

এক বা একাধিক ধ্বনি দিয়ে তৈরি শব্দের মূল অংশকে শব্দমূল বলে। শব্দমূলের এক নাম প্রকৃতি। কোনো মৌলিক শব্দের যে অংশকে আর কোনোভাবেই বিভক্ত বা বিশ্লেষণ করা যায় না, তাকে প্রকৃতি বলে। ক্রিয়া বা শব্দের মূলই প্রকৃতি। প্রকৃতি দুই ধরনের: নামপ্রকৃতি ও ক্রিয়াপ্রকৃতি। ক্রিয়াপ্রকৃতির অন্য নাম ধাতু। বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে। নামপ্রকৃতি ও ধাতুর সঙ্গে কিছু শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয়। নামপ্রকৃতির উদাহরণ: মা, গাছ, শির, লতা, লাঙ্গল ইত্যাদি।

প্রকৃতি
- ধাতু ক্রিয়া প্রকৃতি
- নাম প্রকৃতি বা প্রাতিপদিক

MCQ Solution

১. **শব্দ ও ধাতুর মূলকে বলে-** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী এনফোর্সমেন্ট কোঅর্ডিনেটর : ২১]
ⓐ বিভক্তি ⓑ ধাতু
ⓒ প্রকৃতি ⓓ কারক **উত্তর: গ**

২. **যে শব্দকে বা কোনো শব্দের যে অংশকে আর কোনো ক্ষুদ্রতর অংশে ভাগ করা যায় না, তাকে কী বলে?** [জনতা ব্যাংক লি. সহকারী নির্বাহী কর্মকর্তা : ১৯]
ⓐ সন্ধি ⓑ প্রকৃতি
ⓒ প্রত্যয় ⓓ সমাস **উত্তর: খ**

৩. **যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম কী?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দানিয়ুব) : ১৩]
ⓐ কারক ⓑ বিভক্তি
ⓒ যতি ⓓ প্রকৃতি **উত্তর: ঘ**

৪. **ক্রিয়া পদের মূল অংশকে বলা হয়-** [বাংলাদেশ কৃষি ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর : ১৮]
ⓐ প্রকৃতি ⓑ প্রত্যয়
ⓒ ক্রিয়া ⓓ সর্বনাম **উত্তর: ক**

৫. **'ধাতু'র আরেক নাম-** [রাবি : ০৫-০৬]
ⓐ সিদ্ধ ধাতু ⓑ ক্রিয়া প্রকৃতি
ⓒ মৌলিক ধাতু ⓓ ক্রিয়া **উত্তর: খ**

৬. **বিভক্তিহীন নাম শব্দকে বলে-** [১৮তম বিসিএস/ বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২/ পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল, রাজশাহী) পোস্টম্যান : ২২]
ⓐ প্রাতিপদিক ⓑ সাধিত পদ
ⓒ নামপদ ⓓ ক্রিয়াপদ **উত্তর: ক**

৭. **নিচের কোন শব্দটি প্রাতিপদিক?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১৮]
ⓐ লাঙ্গল ⓑ দম্পতি
ⓒ লেখা ⓓ সাধিত **উত্তর: ক**

প্রত্যয়

যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে। নতুন শব্দ গঠনের উদ্দেশ্যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয়। অর্থাৎ শব্দ গঠনের জন্য শব্দ বা নাম প্রকৃতির এবং ক্রিয়াপ্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয়, তাকে প্রত্যয় বলে। যেমন- √পিপাস্ + অ + আ = পিপাসা, ফুড়ু + অন = ফোড়ন, বিশিষ্ট + য = বৈশিষ্ট্য।

প্রত্যয়ের শ্রেণি বিভাগ : প্রত্যয় প্রধানত দুই প্রকার। যথা- কৃৎ প্রত্যয় এবং তদ্ধিত প্রত্যয়।

প্রত্যয়
- কৃৎ প্রত্যয়
  - বাংলা
  - সংস্কৃত
- তদ্ধিত প্রত্যয়
  - বাংলা
  - তৎসম বা সংস্কৃত
  - বিদেশি

MCQ Solution

১. **যে বর্ণ বা বর্ণ সমষ্টি ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে বলে-** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ⓐ ক্রিয়া ⓑ উপসর্গ
ⓒ বিভক্তি ⓓ প্রত্যয় **উত্তর: ঘ**

২. **শব্দ গঠনের জন্য শব্দ বা নাম প্রকৃতির এবং ক্রিয়াপ্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয়, তাকে কি বলে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ⓐ প্রত্যয় ⓑ প্রকৃতি
ⓒ অনুসর্গ ⓓ উপসর্গ **উত্তর: ক**

৩. **ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪]
ⓐ নতুন শব্দ গঠন ⓑ বাক্যে অলংকার
ⓒ শব্দের মিলন ⓓ ভাষা সংক্ষেপণ **উত্তর: ক**

৪. **শব্দের কোথায় প্রত্যয় বসে?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ২১]
ⓐ পূর্বে ⓑ মাঝে
ⓒ পরে ⓓ কোনোটিই নয় **উত্তর: গ**

৫. **প্রত্যয় কত প্রকার?** [স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
ⓐ ২ প্রকার ⓑ ৩ প্রকার
ⓒ ৪ প্রকার ⓓ ৫ প্রকার **উত্তর: ক**

৬. **বাংলায় কৃৎ প্রত্যয় কত প্রকার?** [ববি (গ ইউনিট) : ১৪-১৫]
ⓐ দুই ⓑ তিন
ⓒ চার ⓓ পাঁচ **উত্তর: ক**

৭. **প্রত্যয়ান্ত শব্দ-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৪]
ⓐ পেশা ⓑ পাশা
ⓒ পিপাসা ⓓ প্রত্যাশা **উত্তর: গ**

৮. **'ফোড়ন' শব্দটি গঠিত হয়েছে** - [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্টেন্ট ম্যানেজার : ১৪]
ⓚ প্রত্যয়যোগে　ⓚ সমাসযোগে
ⓖ উপসর্গযোগে　ⓖ সন্ধিযোগে　**উত্তর:** ক

৯. **'বৈশিষ্ট্য' শব্দটি গঠিত হয়েছে-** [ঢাবি (ক ইউনিট) : ১৯-২০]
ⓚ সন্ধিযোগে　ⓚ সমাসযোগে
ⓖ প্রত্যয়যোগে　ⓖ উপসর্গযোগে　**উত্তর:** গ

১০. **নিচের কোন শব্দটি প্রত্যয়যোগে গঠিত হয়নি?** [৩৬তম বিসিএস]
ⓚ সভাসদ　ⓚ শুভেচ্ছা
ⓖ ফলবান　ⓖ তন্বী　**উত্তর:** খ
ব্যাখ্যা: শুভ + ইচ্ছা = শুভেচ্ছা (স্বরসন্ধি)।

ক) কৃৎ প্রত্যয় : যে বর্ণ বা বর্ণসমষ্টি ক্রিয়া বা ধাতুর পর যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে কৃৎ প্রত্যয় বলে। ক্রিয়ামূল বা ধাতুকে বলা হয় ক্রিয়াপ্রকৃতি বা প্রকৃতি। কৃৎ প্রত্যয় যোগে গঠিত সাধিত পদকে কৃদন্ত পদ বলে। যেমন- স্থান = √ স্থা + অন। কোনো কোনো ক্ষেত্রে কৃৎ-প্রত্যয় যোগ করলে কৃৎ-প্রকৃতির আদিস্বর পরিবর্তিত হয়। এ পরিবর্তনকে বলা হয় গুণ ও বৃদ্ধি।
যেমন- গুণ　: কৃ + তা = করতা > কর্তা (ঋ স্থলে অর্)
বৃদ্ধি　: কৃ + ঘ্যণ/য = কার্য (ঋ স্থলে আর্)

কৃৎ প্রত্যয়ের প্রকারভেদ : বাংলা ভাষায় দুই ধরনের কৃৎ প্রত্যয়ের ব্যবহার আছে। যথা- বাংলা কৃৎ প্রত্যয় ও সংস্কৃত কৃৎ প্রত্যয়।

১) বাংলা কৃৎ প্রত্যয়

০ (শূন্য) প্রত্যয়/ -অ প্রত্যয় : আধুনিক বাংলায় অ প্রত্যয় সর্বত্র উচ্চারিত হয় না।	
ঘুর = √ ঘুর+ ০ (< অ)	মরমর = √ মর্ + অ
ধার = √ ধারি + অ	
এরূপ- কাঁপ্, কামড়, খোঁজ, জিত, ঝুল, টিপ, ঢল্, পাক্, মার্, হার্ ইত্যাদি।	
-অন্ প্রত্যয়	
কাঁদন = √ কাঁদ্ + অন	ঢাকন = √ ঢাক্ + অন
খাওন = √ খা + অন	নাচন = √ নাচ্ + অন
চলন = √ চল্ + অন	বাচন = √ বাচি + অন
ঝুলন = √ ঝুল্ + অন	বাঁধন = √ বাঁধ্ + অন
-অনা প্রত্যয়	
খেলনা = √খেল্ + অনা > না	পাওনা = √ পা + অনা
দোলনা = √ দুল্ + অনা/ না	
-অনি/-উনি প্রত্যয়	
কাঁদুনি = √ কাঁদ্ + উনি	রাঁধুনি = √ রাঁধ্ + উনি
চিরুনি = √ চির্ + উনি	

-অন্ত প্রত্যয় : বিশেষ্যের বিশেষণ গঠনে।	
উড়ন্ত = √ উড়্ + অন্ত	জ্যান্ত = √ জী + অন্ত
চলন্ত = √ চল্ + অন্ত	পড়ন্ত = √ পড়্ + অন্ত
জ্বলন্ত = √ জ্বল্ + অন্ত	মহন্ত = √ মহ্ + অন্ত
-অক/ -ক প্রত্যয়	
চড়ক = √ চড়্ + ক	মোড়ক = √ মুড়্ + অক
-আ প্রত্যয়	
নেওয়া = √নে + আ	শোনা = √ শুন্ + আ
-আই প্রত্যয়	
সেলাই = √ সিল্ + আই	খোদাই = √ খুদ্ + আই
-আইত প্রত্যয়	
ডাকাত = √ ডাক্ + আইত	
-আও প্রত্যয়	
ঘোরাও = √ ঘির্ + আও	পাকড়াও = √ পাকড়্ + আও
-আন/ -আনো প্রত্যয়	
চালানো = √ চাল্ + আনো	শয়ান = √ শী + আন
-আনি প্রত্যয়	
শুনানি = √ শুন্ + আনি	
-আরু প্রত্যয়	
খোঁজারু = √খোঁজ্ + আরু	
-আল প্রত্যয়	
মাতাল = √ মাত্ + আল	
-ই	
ভাজি = √ ভাজ্ + ই	
-ইয়া > ইয়ে প্রত্যয়	
গাইয়া > গাইয়ে = √ গা + ইয়া	
-উ প্রত্যয়	
ঝাড়ু = √ ঝাড়্ + উ	
-উক প্রত্যয়	
মিশুক = √ মিশ্ + উক	
-উয়া প্রত্যয়	
পড়ুয়া = √ পড়্ + উয়া	
-ওয়া প্রত্যয়	
লগোয়া = √ লাগ্ + ওয়া	

-তা প্রত্যয়	
বহতা = √ বহ্ + তা	
-তি প্রত্যয়	
কাটতি = √ কাট্ + তি	
-না প্রত্যয়	
কান্না = √ কাঁদ্ + না	রান্না = √ রাঁধ্ + না

২) সংস্কৃত কৃৎ প্রত্যয়

-শূন্য প্রত্যয়	
উদ্ভিদ = উৎ + √ ভিদ্ + ০	সভাসদ = সভা + √ সদ্ + ০
-অ/ অঙ + স্ত্রী প্রত্যয় -'আ'	
শ্রদ্ধা = শ্রৎ + √ধা + অ + আ	
-অ/ -ক প্রত্যয়	
প্রিয় = √ প্রী + অ	
-অ/ -ঘঞ প্রত্যয়	
সন্তান = সম্ + √ তন্ + অ	
-অ/ -ড প্রত্যয়	
পঙ্কজ = পঙ্ক + √ জন্ + অ	
-অট প্রত্যয়	
কপট = √ কপ্ + অট	
-অন (-অনট্) প্রত্যয় :	
গমন = √ গম্ + অন	বর্জন = √ বৃজ + অন
ঘ্রাণ = √ ঘ্রা + অন	ভূষণ =√ ভূষ্ + অন
দর্শন = √ দৃশ্ + অন	শয়ন = √ শী + অন (অনট)
নয়ন =√ নী + অন	শ্রবণ = √ শ্রু + অন
নন্দন =√ নন্দি + অন	স্মরণ = √ স্মৃ + অন
-অনীয় প্রত্যয়	
করণীয় = √ কৃ + অনীয়	পানীয় = √ পা + অনীয়
গ্রহণীয় = √ গ্রহ্ + অনীয়	মাননীয় = √ মান্ + অনীয়
দর্শনীয় = √ দৃশ্ + অনীয়	স্মরণীয় = √ স্মৃ + অনীয়
-অম প্রত্যয়	
কর্দম = √ কর্দ্ + অম	চরম = √ চর্ + অম
-অল্ প্রত্যয়	
ক্ষয় = √ ক্ষি + অল্	বধ = √ হণ্ + অল্
জয় = √ জি + অল্	

-অৎ/ -শতৃ প্রত্যয়	
মহৎ = √ মহ্ + অৎ	সৎ = √ অস্ + অৎ (শতৃ)
-ইত্র প্রত্যয়	
চরিত্র = √ চর্ + ইত্র	
-ইন্ প্রত্যয় (ইন্) = ঈ-কার হয়	
বাদী = √ বদ্ + ইন	স্থায়ী = √ স্থা + ইন্/ ঈ
-ইল প্রত্যয়	
সলিল = √ সল্ + ইল	
-ইষ্ণু প্রত্যয়	
ক্ষয়িষ্ণু = √ ক্ষি + ইষ্ণু	বর্ধিষ্ণু = √ বৃধ্ + ইষ্ণু
চলিষ্ণু = √ চল্ + ইষ্ণু	
-উক/ -উক প্রত্যয়	
জাগরূক = √ জাগর/ জাগৃ + উক	ভাবুক = √ ভৌ + উক
-ক্বসু / -বস্ প্রত্যয়	
বিদ্বান = √ বিদ্ + ক্বসু	
-ঘ্যণ প্রত্যয় [ঘ, ণ-ইৎ, য (য ফলা) থাকে]	
ধার্য = √ ধৃ + ঘ্যণ্	বাক্য = √বচ্ + য
-ঘঞ প্রত্যয়	
ক্রোধ = √ ক্রুধ্ + ঘঞ্	যোগ = √ যুজ্ + ঘঞ্
ত্যাগ = √ ত্যজ্ + ঘঞ	শোক = √ শুচ্ + ঘঞ্
পাক = √ পচ্ + ঘঞ	
-ণক / -অক প্রত্যয়	
গায়ক = √ গৈ + ণক/ অক	পাঠক = √ পঠ্ + ণক / অক
চালক = √ চালি + অক	পাচক = √ পচ্ + ণক
জনক = √ জনি + ণক	বৈঠক = √ বৈঠ্ + অক
দর্শক = √ দৃশ্ + ণক/ অক	লেখক = √ লিখ্ + ণক
নায়ক = √ নী + ণক (নৈ+অক)	স্মারক = √ স্মৃ + ণক
নিন্দক = √ নিন্দ্ + অক	
ণিন প্রত্যয়	
গ্রাহী = √ গ্রহ + ণিন	
-ত / -ক্ত প্রত্যয়	
উক্ত = √ বচ্ + ত	প্রচলিত = প্র + √ চল্ + ইত
উপ্ত = √ বপ্ + ক্ত	বিকৃত = বি + √ কৃ + ত
কুণ্ঠিত = √ কুণ্ঠ্ + ত	বিদিত = √বিদ্ + ত
খণ্ডিত = √ খণ্ড্ + ত	ভুক্ত = √ ভুজ্ + ক্ত (ত)

খ্যাত = √ খ্যা + ক্ত	ভক্ত = √ ভজ্ + ক্ত (ত)
গত = √ গম্ + ক্ত	মুক্ত = √ মুচ্ + ক্ত
ছিন্ন = √ ছিদ্ + ত	যুদ্ধ = √ যুধ্ + ক্ত
জাগরিত = √ জাগৃ + ত	রক্ত = √ রন্জ্ + ত
জাত = √ জন্ + ক্ত	সিক্ত = √ সিচ্ + ক্ত
জ্ঞাত = √ জ্ঞা + ক্ত/ ত	সৃষ্ট = √ সৃজ্ + ক্ত
দুগ্ধ = √দুহ্ + ক্ত	হত = √ হন্ + ক্ত
পঠিত = √ পঠ্ + ক্ত/ ইত	
-তি/ -ক্তি প্রত্যয়	
উক্তি = √ বচ্ + ক্তি	ভক্তি = √ ভজ্ + ক্তি (তি)
কৃষ্টি = √ কৃষ্ + তি	মুক্তি = √ মুচ্ + ক্তি
গীতি = √ গৈ + ক্তি	রূঢ়ি = √রুহ্ + তি
গতি = √ গম্ + তি/ ক্তি	শক্তি = √ শক্ + ক্তি
নীতি = √ নী + তি	শান্তি = √ শম্ + ক্তি
বিরতি = বি + √ রম্ + তি	সৃষ্টি = √ সৃজ্ + তি
বুদ্ধি = √ বুধ্ + তি	
-তৃচ্ / -তৃ প্রত্যয়	
দাতা = √ দা + তৃচ	যোদ্ধা = √ যুধ্ + তৃচ/ তা
মাতা = √ মা + তৃচ্	শ্রোতা = √ শ্রু + তৃ
-ত্র প্রত্যয়	
ছত্র = √ ছদ্ + ত্র	নেত্র = √ নী + ত্র
-তব্য প্রত্যয়	
কর্তব্য = √ কৃ + তব্য	দাতব্য = √ দা + তব্য
গন্তব্য = √ গম্ + তব্য	বক্তব্য = √ বচ্ + তব্য
দ্রষ্টব্য = √ দৃশ্ + তব্য	
-থ প্রত্যয়	
কাষ্ঠ = √ কাশ + থ	
-বর প্রত্যয়	
ঈশ্বর = √ ঈশ্ + বর	ভাস্বর = √ ভাস্ + বর
চত্বর = √ চত্ + বর	স্থাবর = √ স্থা + বর
নশ্বর = √ নশ্ + বর	
-য প্রত্যয়	
গম্য = √ গম্ + য	লভ্য = √ লভ্ + য
দৃশ্য = √ দৃশ্ + য	শ্রব্য = √ শ্রু + য
ভৃত্য = √ ভৃ + য	হেয় = √ হা + য
-র প্রত্যয়	
নম্র = √ নম্ + র	
-ল, -লা প্রত্যয়	
অম্ল = √ অম্ + ল	হামলা = √ হাম্ + লা
-শানচ্ /-মান প্রত্যয়	
চলমান = √ চল্ + শানচ্	বর্ধমান = √ বৃধ্ + শানচ্/ মান
দীপ্যমান = √ দীপ্ + শানচ্	বর্তমান = √ বৃৎ + মান

MCQ Solution

১. **কৃৎ প্রত্যয় কাকে বলে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ⓚ শব্দের সঙ্গে যুক্ত প্রত্যয়কে
ⓚ অর্থের সঙ্গে যুক্ত প্রত্যয়কে
ⓖ ধাতুর সঙ্গে যুক্ত প্রত্যয়কে
ⓖ উপসর্গের সঙ্গে যুক্ত প্রত্যয়কে **উত্তর: গ**

২. **ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে-** [ষোড়শ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১৯]
ⓚ ধাতু প্রত্যয় ⓚ শব্দ প্রত্যয়
ⓖ কৃৎ প্রত্যয় ⓖ তদ্ধিত প্রত্যয় **উত্তর: গ**

৩. **ধাতুর সঙ্গে কৃৎ প্রত্যয় যোগে যে নতুন শব্দ গঠিত হয় তাকে বলে-** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ⓚ তদ্ধিতান্ত শব্দ ⓚ তদ্ধিত প্রত্যয়
ⓖ কৃদন্ত শব্দ ⓖ প্রাতিপদিক শব্দ **উত্তর: গ**

৪. **কৃৎপ্রত্যয়ের সাধিত পদটিকে বলা হয়-** [শ্রম মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক : ০৫]
ⓚ ক্রিয়াপদ ⓚ ক্রিয়াপ্রকৃতি
ⓖ কৃদন্ত পদ ⓖ প্রকৃতি **উত্তর: গ**

৫. **গুণ ও বৃদ্ধি বলা হয়-** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়) : ১৮]
ⓚ কৃৎ-প্রকৃতির আদিস্বরের পরিবর্তনকে
ⓚ কৃৎ-প্রকৃতির অন্তস্বরের পরিবর্তনকে
ⓖ নাম-প্রকৃতির পরিবর্তনকে
ⓖ প্রাতিপদিকের পরিবর্তনকে **উত্তর: ক**

৬. **প্রকৃতির সাথে যুক্ত হলে প্রত্যয়ের যে অংশ লোপ পায় তাকে কী বলে?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ⓚ গুণ ⓚ ইৎ
ⓖ উপধা ⓖ টি **উত্তর: খ**

৭. **কোনটি শূন্য প্রত্যয়ের শব্দ?** [বিবিএস এর অফিস সহায়ক : ২১]
ⓚ জয় ⓚ হত
ⓖ ভয় ⓖ ঘুর **উত্তর: ঘ**

৮. **'ধার' শব্দটির সন্ধি বিচ্ছেদ হচ্ছে-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিতাস) : ১০]
ⓚ ধি + অর ⓚ ধী + অর
ⓖ ধার + অ ⓖ ধা + র **উত্তর:**
ব্যাখ্যা : 'ধার' শব্দটির প্রকৃতি প্রত্যয়- ধারি + অ = ধার।

৯. **'√কাঁদ্ + অন' – কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৫]
ক) কৃৎ প্রত্যয় খ) সংস্কৃত তদ্ধিত প্রত্যয়
গ) প্রাতিপদিক ঘ) তদ্ধিত প্রত্যয় **উত্তর: ক**

১০. **নিচের কোনটি কৃদন্ত শব্দ?** [চবি (সি ইউনিট) : ১১-১২]
ক) চলন খ) পাগলামি
গ) লোমশ ঘ) বন্য **উত্তর: ক**

১১. **কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ-** [বেরোবি (খ ইউনিট) : ১৭-১৮]
ক) ঝুল্ + অন, মাস + ইক
খ) ঝুল্ + অন, ঢাক্ + অন
গ) ঝুল্ + অন, অংশী + দার
ঘ) ঝুল্ + অন, দাঁত + আল **উত্তর: খ**

১২. **'বাঁধ্ + অন = বাঁধন' কোন শব্দ?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ০৯]
ক) কৃদন্ত শব্দ খ) তদ্ধিতান্ত শব্দ
গ) মৌলিক শব্দ ঘ) ধনাত্মক শব্দ **উত্তর: ক**

১৩. **বাংলা কৃৎ-প্রত্যয় সাধিত শব্দ কোনটি?** [৪০তম বিসিএস]
ক) কারক খ) লিখিত
গ) বেদনা ঘ) খেলনা **উত্তর: ঘ**

১৪. **'খেলনা' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [সিজিএ এর অফিস সহায়ক : ২২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৩]
ক) খেল + না খ) খেল্ + না
গ) খে + আলনা ঘ) খেলন + আ **উত্তর: খ**

১৫. **'দোলনা' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?** [১৮তম বিসিএস]
ক) দুল্ + না খ) দোল্ + না
গ) দোল্ + অনা ঘ) দোলনা + আ **উত্তর: ক**

১৬. **কোনটি বাংলা কৃৎ প্রত্যয়?** [রাবি (খ ইউনিট) : ১১-১২]
ক) কারক খ) ননদ
গ) পাওনা ঘ) চাষা **উত্তর: গ**

১৭. **'অনি' কোন প্রত্যয়?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ক) কৃৎ খ) তদ্ধিত
গ) বিদেশি ঘ) হিন্দি **উত্তর: ক**

১৮. **'কাঁদুনি' শব্দের সন্ধি বিচ্ছেদ হবে-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪]
ক) কাঁদ + নি খ) কাঁদো + উনি
গ) কাঁদ + ইনি ঘ) কাঁদ্ + উনি **উত্তর: ঘ**
ব্যাখ্যা: 'কাঁদুনি' প্রত্যয়জাত শব্দ।

১৯. **'চিরুনি' শব্দটির সন্ধি বিচ্ছেদ হচ্ছে-** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক : ১৩]
ক) চিরু + নি খ) চির্ + উনি
গ) চিরুন + ই ঘ) চির + উন্নি **উত্তর: খ**
ব্যাখ্যা: 'চিরুনি' প্রত্যয়জাত শব্দ।

২০. **'রাঁধুনি' এর প্রকৃতি ও প্রত্যয় কি?** [জাবি (জ ইউনিট) : ১১-১২]
ক) রাঁধ + আনি খ) রাঁধ্ + উনি
গ) রঁধন + নি ঘ) রাঁধ + নি **উত্তর: খ**

২১. **ধাতুর শেষে 'অন্ত' প্রত্যয় যোগ করলে কোন পদ গঠিত হয়?** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]
ক) বিশেষ্য খ) অব্যয়
গ) বিশেষণ ঘ) ক্রিয়া **উত্তর: গ**

২২. **কোনটি কৃৎ প্রত্যয়?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৮-১৯]
ক) মিঠা + আই = মিঠাই খ) রেশম + ঈ = রেশমী
গ) চল্ + অন্ত = চলন্ত ঘ) লাঠি + আল = লাঠিয়াল **উত্তর: গ**

২৩. **'জ্যান্ত' শব্দটির প্রকৃতি প্রত্যয় কী?** [সমন্বিত তিন (৩) সরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান : ১৮]
ক) জ্যান + ত খ) জান্ + তচ
গ) জ + এ্যান্ত ঘ) জী + অন্ত **উত্তর: ঘ**

২৪. **'জ্বলন্ত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [জাবি (গ ইউনিট) : ১১-১২]
ক) √ জ্বল্ + অন্ত খ) √ জ্বলন + অ
গ) √ জ্বলন + ত ঘ) √ জল + অন্ত **উত্তর: ক**

২৫. **কোনটি কৃৎ প্রত্যয় সাধিত শব্দ?** [জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী : ২১]
ক) রাখাল খ) জেলে
গ) ঢাকাই ঘ) পড়ন্ত **উত্তর: ঘ**

২৬. **বাংলা কৃৎ প্রত্যয় সাধিত শব্দ কোনটি?** [৩৮তম বিসিএস]
ক) চামার খ) ধারালো
গ) মোড়ক ঘ) পোস্টার **উত্তর: গ**

২৭. **'মোড়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ হবে-** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
ক) মোড় + অক খ) মুড়ি + অক
গ) মুড় + অক ঘ) মোড় + ক **উত্তর: গ**
ব্যাখ্যা: 'মোড়ক' প্রত্যয়জাত শব্দ।

২৮. **'নেওয়া' শব্দের প্রকৃতি প্রত্যয়-** [রাবি (ঙ ইউনিট) : ১০-১১]
ক) নেও + য়া খ) নেও + আ
গ) নে + আ ঘ) নে + ওয়া **উত্তর: গ**

২৯. **'খোদা + আই' কোন প্রত্যয়?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ক) সংস্কৃত কৃৎ প্রত্যয় খ) সংস্কৃত তদ্ধিত প্রত্যয়
গ) বাংলা কৃৎ প্রত্যয় ঘ) তদ্ধিত প্রত্যয় **উত্তর: গ**
ব্যাখ্যা: খোদাই = √ খুদ্ + আই। বাংলা কৃৎ প্রত্যয়।
[সূত্র : এসএসসি প্রোগ্রাম (বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়)]

৩০. **'ডাকাত' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [ইবি : ১১-১২]
ক) √ ডাকা + আইত খ) √ ডাক্ + আইত
গ) √ ডক + ইত ঘ) √ ডাকা + ইত **উত্তর: খ**

৩১. **'পাকড়াও' শব্দের সঠিক প্রত্যয় কোনটি?** [পোস্টমাস্টার জেনারেল এর উচ্চমান সহকারী (উত্তরাঞ্চল) : ২২]
ক) √ পাক + ড়াও খ) √ পা + কড়াও
গ) √ পাকড় + আও ঘ) √ পাকড়া + ও **উত্তর: গ**

৩২. **কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক : ১৮]
ⓚ ঢাকা + ই ⓚ মিশ্ + উক
ⓖ চোর + আ ⓖ সোনা + আলি **উত্তর:** খ

২৮. **অলুক দ্বন্দ্ব সমাস সাধিত শব্দ কোনটি?** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক) দুধে-ভাতে খ) মাতা-পিতা
গ) কম-বেশি ঘ) সাত-পাঁচ **উত্তর: ক**

২৯. **অলুক দ্বন্দ্ব সমাসের উদাহরণ কোনটি?** [আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সার্কেল এ্যাডজুটেন্ট : ১৫]
ক) মায়ে-ঝিয়ে খ) ভাইবোন
গ) ঘরবাড়ি ঘ) দম্পতি **উত্তর: ক**

৩০. **কোনটি অলুক দ্বন্দ্ব সমাস?** [চবি (ঙ ইউনিট) : ১৫-১৬]
ক) হাতেকাটা খ) কলেছাঁটা
গ) হাতেখড়ি ঘ) হাতে-পায়ে **উত্তর: ঘ**

৩১. **কোনটি অলুক দ্বন্দ্ব সমাস?** [বেরোবি : ১১-১২]
ক) দম্পতি খ) আমরা
গ) বাঘে-মহিষে ঘ) গায়ে-হলুদ **উত্তর: গ**

৩২. **কোনটি অলুক দ্বন্দ্ব সমাস?** [ইবি (গ ইউনিট) : ০৯-১০]
ক) কাগজ-কলম খ) রাজা-প্রজা
গ) তেলে-বেগুনে ঘ) ছেলে-মেয়ে **উত্তর: গ**

৩৩. **'জলে-স্থলে' কী সমাস?** [৩৭তম বিসিএস]
ক) সমার্থক দ্বন্দ্ব খ) বিপরীতার্থক দ্বন্দ্ব
গ) অলুক দ্বন্দ্ব ঘ) একশেষ দ্বন্দ্ব **উত্তর: গ**

৩৪. **নিচের কোনটি অলুক দ্বন্দ্ব সমাসের উদাহরণ?** [BEPZA এর সহকারী ব্যবস্থাপক : ২১]
ক) দেশে-বিদেশে খ) মাতা-পিতা
গ) নরাধম ঘ) ধোয়ামোছা **উত্তর: ক**

৩৫. **সাহেব, বিবি ও গোলাম-** [রাবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক) অলুক দ্বন্দ্ব খ) মিলনার্থক দ্বন্দ্ব
গ) বিরোধর্থাক দ্বন্দ্ব ঘ) বহুপদী দ্বন্দ্ব **উত্তর: ঘ**

৩৬. **বিপরীতার্থক শব্দযোগে দ্বন্দ্ব সমাসের উদাহরণ নয় কোনটি?** [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিভিন্ন পদ : ১৯]
ক) লাভ-লোকসান খ) আয়-ব্যয়
গ) স্বর্গ-নরক ঘ) ছেলে-মেয়ে **উত্তর: ঘ**

৩৭. **নিচের কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ নয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৯-২০]
ক) তাল-তমাল খ) দোয়াত-কলম
গ) চালাকচতুর ঘ) জমাখরচ **উত্তর: গ**

কর্মধারয় সমাস

যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে।

কর্মধারয় সমাসে সাধারণত যে, যিনি, যেটি ইত্যাদি শব্দ বাসবাক্যে ব্যবহৃত হয়। যেমন -

আলুসিদ্ধ = সিদ্ধ যে আলু চিতসাঁতার = চিত যে সাঁতার
বেগুনভাজা = ভাজা যে বেগুন সুন্দরলতা = সুন্দরী যে লতা
কদাচার = কু যে আচার পাণ্ডুলিপি = পাণ্ডু (চলনসই) যে লিপি

এরূপ : ইহকাল, উড়োজাহাজ, কদর্থ, কনকচাঁপা, কাঁচকলা, কাপুরুষ, ক্ষুধিতপাষাণ, খাসমহল, খাসজমি, টাকমাথা, নবান্ন, নরাধম, নবপৃথিবী, নরপুঙ্গব, নীলপদ্ম, নীলাকাশ, পূণ্যভূমি, ভদ্রমহিলা, রাঙামাটি, লঙ্কাবাটা, শ্বেতবস্ত্র, হারামণি।

মহাকীর্তি = মহতী যে কীর্তি মহানবি = মহান যে নবি
মহাজ্ঞান = মহৎ যে জ্ঞান মহানদী = মহা যে নদী

এরূপ : মহর্ষি, মহারাজ, মহাকাব্য, মহানগর।

ঋষিকবি = যিনি ঋষি তিনি কবি
রাজর্ষি = যনি রাজা তিনিই ঋষি
জজসাহেব = যিনি জজ তিনিই সাহেব
রাজবাহাদুর = যিনি রাজা তিনিই বাহাদুর
দাদাঠাকুর = যিনি দাদা তিনি ঠাকুর
শান্ত-শিষ্ট = যে শান্ত সেই শিষ্ট
চালাক-চতুর = যে চালাক সেই চতুর
কাঁচা-মিঠা = যা কাঁচা তাই মিঠা
মিঠাকড়া = যা মিঠা তাই কড়া
ধোয়ামোছা = আগে ধোয়া পরে মোছা

কর্মধারয় সমাসের প্রকারভেদ

মধ্যপদলোপী কর্মধারয় : কিছু কর্মধারয় সমাসে সমস্যমান পদের মধ্যবর্তী এক বা একাধিক পদ লোপ পায়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন-

আয়কর	=	আয়ের উপর অর্পিত কর
ঈগলপাখি	=	ঈগল নামের যে পাখি
প্রীতিভোজ	=	প্রীতি উপলক্ষে ভোজ
একাদশ	=	একের অধিক দশ
প্রাণভয়	=	প্রাণ যাওয়ার ভয়
পলান্ন	=	পল (মাংস) মিশ্রিত অন্ন
গাড়িবারান্দা	=	গাড়ি রাখার জন্য বারান্দা
বৌভাত	=	বৌ পরিবেশন করা ভাত
গোলাপফুল	=	গোলাপ নামের ফুল
বাণিজ্যবিদ্যা	=	বাণিজ্য সংক্রান্ত বিদ্যা
বিজয়পতাকা	=	বিজয়সূচক পতাকা
গোবরগণেশ	=	গোবরে নির্মিত গণেশ
মোমবাতি	=	মোম নির্মিত বাতি
ঘিভাত	=	ঘি মাখানো ভাত
মুক্তিযুদ্ধ	=	মুক্তি লাভের জন্য যে যুদ্ধ
ঘরজামাই	=	ঘরে আশ্রিত জামাই
মৌমাছি	=	মৌ সংগ্রহকারী মাছি
চালকুমড়া	=	চালে ধরে যে কুমড়া
রান্নাঘর	=	রান্না করার ঘর
রাষ্ট্রনীতি	=	রাষ্ট্র অনুসৃত নীতি
ছাড়পত্র	=	ছাড়ের জন্য যে পত্র
শিক্ষামন্ত্রী	=	শিক্ষা বিষয়ক মন্ত্রী
জয়পতাকা	=	জয়সূচক পতাকা
সিংহাসন	=	সিংহ চিহ্নিত আসন
জীবনবীমা	=	জীবন রক্ষার বীমা
শহীদদিবস	=	শহীদ স্মরণে পালনীয় দিবস
সাহিত্যসভা	=	সাহিত্য বিষয়ক সভা
চিকিৎসাশাস্ত্র	=	চিকিৎসা বিষয়ক শাস্ত্র
স্মৃতিসৌধ	=	স্মৃতি রক্ষার্থে সৌধ
জ্যোৎস্নারাত	=	জ্যোৎস্না শোভিত রাত
সংবাদপত্র	=	সংবাদ যুক্ত পত্র
ঝালমুড়ি	=	ঝাল মিশ্রিত মুড়ি
হাসিমুখ	=	হাসি মাখা মুখ
ধর্মঘট	=	ধর্ম রক্ষার্থে যে ঘট
হাতঘড়ি	=	হাতে পড়া হয় যে ঘড়ি
গণতন্ত্র	=	গণ নিয়ন্ত্রিত তন্ত্র
উদ্ধত-শির	=	উদ্ধত যে শির

উপমান-উপমেয়

উপমান অর্থ তুলনীয় বস্তু। যার সঙ্গে তুলনা করা হয়েছে তা উপমান। যাকে তুলনা করা হয় তা উপমেয়। প্রত্যক্ষ কোনো বস্তু (উপমেয়) এর সাথে পরোক্ষ কোনো বস্তু (উপমান) এর তুলনা করা হয়। উপমান ও উপমেয়ের একটি সাধারণ ধর্ম থাকে। যেমন- কাজল কালো আকাশ। এখানে, কাজল - উপমান পদ; আকাশ - উপমেয় পদ; কালো - সাধারণ ধর্ম।

উপমান কর্মধারয় : সাধারণ গুণবাচক পদের সাথে উপমানবাচক পদের যে সমাস হয়, তাকে উপমান কর্মধারয় সমাস বলে। উপমানের সমাসে পরপদ সাধারণত বিশেষণ হয়। যেমন-

অরুণরাঙা	=	অরুণের মতো রাঙা
কচুকাটা	=	কচুর মতো কাটা
ঘনশ্যাম	=	ঘনের (মেঘের) ন্যায় শ্যাম
বজ্রকণ্ঠ	=	বজ্রের ন্যায় কণ্ঠ

এরূপ : কাজলকালো, কুসুমকোমল, গজমূর্খ, তুষারশুভ্র, তুষারধবল, বকধার্মিক, বিড়ালতপস্বী, মিশকালো, রক্তলাল, শশব্যস্ত, হস্তীমূর্খ।

উপমিত কর্মধারয় : সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে (এ ক্ষেত্রে সাধারণ গুণটিকে অনুমান করে নেওয়া হয়)। এই সমাসে উভয় পদই বিশেষ্য হয়। যেমন-

অধরপল্লব	=	অধর পল্লবের ন্যায়
করপল্লব	=	কর পল্লবের ন্যায়
ফুলকুমারী	=	কুমারী ফুলের ন্যায়

এরূপ : কথামৃত, করকমল, চরণকমল, জটাজাল, নয়নকমল, নরসিংহ, পদ্মআঁখি, পুরুষসিংহ, বাহুলতা, বীরসিংহ, মুখচন্দ্র, রক্তকমল, রক্তপতাকা, সিংহপুরুষ।

রূপক কর্মধারয় : উপমেয় পদের সাথে উপমান পদের অভেদ কল্পনা করা হয়। রূপ যোগে ব্যাসবাক্য গঠিত হয়। যেমন-

জীবনপ্রদীপ	=	জীবন রূপ প্রদীপ
দিলদরিয়া	=	দিল রূপ দরিয়া
বিষবৃক্ষ	=	বিষ রূপ বৃক্ষ

এরূপ : কমলমুখ, কালচক্র, কালস্রোত, ক্ষুধানল, ক্রোধানল, জীবনতরী, জ্ঞানবৃক্ষ, দেহপিঞ্জর, পরানপাখি, বিষাদসিন্ধু, বিদ্যাধন, ভবনদী, মনমাঝি, মোহনিদ্রা, যৌবনবন, যৌবনসূর্য, শোকানল, সুখসাগর, হৃদয়মন্দির।

দ্বিগু কর্মধারয় : কিছু কর্মধারয় সমাসের পূর্বপদ সংখ্যাবাচক শব্দ হয়, সেগুলোকে দ্বিগু কর্মধারয় বলে। অর্থাৎ সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে সমষ্টি (সমাহার বা মিলন) বোঝালে দ্বিগু সমাস হয়। দ্বিগু সমাসে সমাস নিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়। যেমন -

ত্রিফলা	=	ত্রি (তিন) ফলের সমাহার
সপ্তাহ	=	সপ্ত অহের (দিবস) সমাহার
চৌরাস্তা	=	চার রাস্তার মিলন

এরূপ : চতুষ্পদ, তেপান্তর, তেমাথা, ত্রিকাল, ত্রিভুজ, ত্রিপদী, পঞ্চবটী, পঞ্চনদ, পসুরি, শতাব্দী, শতবার্ষিকী, সপ্তর্ষি, সাতসমুদ্র।

MCQ Solution

১. **বিশেষণের সাথে বিশেষ্যের যে সমাস হয় তার নাম কি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর : ১৯]
ক) দ্বন্দ্ব সমাস খ) কর্মধারয় সমাস
গ) তৎপুরুষ সমাস ঘ) বহুব্রীহি সমাস **উত্তর:** খ

২. **কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১০]
ক) ইন্দ্রজিৎ খ) একরোখা
গ) কালান্তর ঘ) ইহকাল **উত্তর:** ঘ

৩. **কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিতাস) : ১০]
ক) কাটাচোখা খ) কানাকানি
গ) ঔষধি ঘ) ঋষিকবি **উত্তর:** ঘ

৪. **কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?** [ববি (খ ইউনিট) : ১৪-১৫]
ক) মহানবী খ) মৃগানয়না
গ) তেমাথা ঘ) মনগড়া **উত্তর:** ক

৫. **কর্মধারয় সমাস কোনটি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক) দেশত্যাগ খ) হতশ্রী
গ) অনুদান ঘ) ভদ্রমহিলা **উত্তর:** ঘ

৬. **কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?** [ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের হিসাব সহকারী : ২০]
ক) পদ্মপাতা খ) নীলপদ্ম
গ) পদ্মনয়না ঘ) পদ্মপলাশ **উত্তর:** খ

৭. **কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ক) রাষ্ট্র অনুসৃত নীতি খ) অকালে মৃত্যু
গ) গুরুকে ভক্তি ঘ) সহজাতি যার **উত্তর:** ক

৮. **নিচের সমাসবদ্ধ পদগুলোর মধ্যে কোনটি কর্মধারয় সমাস?** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ০৫]
ক) উপদ্বীপ খ) চতুষ্পদী
গ) দশানন ঘ) মহাকাব্য **উত্তর:** ঘ

৯. **সমাসবদ্ধ পদ কোনটি?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক) আকাশ খ) ছাড়পত্র
গ) মৃত্তিকা ঘ) সাগর **উত্তর:** খ

১০. **সমাস গঠিত শব্দ-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৪]
ক) ইতস্তত খ) প্রাদুর্ভাব
গ) শিরোপরি ঘ) নরপুঙ্গব **উত্তর:** ঘ

১১. **কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ক) দুর্ভিক্ষ (ভিক্ষার অভাব)
খ) নীলকণ্ঠ (নীলকণ্ঠ যার)
গ) দম্পতি (জায়া ও পতি)
ঘ) একাদশ (একের অধিক দশ) **উত্তর:** ঘ

১২. **'কাঁচা-মিঠা' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপ-আঞ্চলিক ব্যবস্থাপক : ১৩]
ক) কাঁচা ও মিঠা খ) যা কাঁচা তাই মিঠা
গ) কাঁচার মিঠা ঘ) কাঁচামিঠা **উত্তর:** খ

১৩. **'গোলাপফুল' সমাসবদ্ধ পদটির ব্যাসবাক্য-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ক) গোলাপের ফুল খ) গোলাপ নামের ফুল
গ) গোলাপি রঙের ফুল ঘ) গোলাপি ফুল **উত্তর:** খ

১৪. **'নবপৃথিবী'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [৭ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১১]
ক) নব ও পৃথিবী খ) নব পৃথিবী যার
গ) নব পৃথিবীর ন্যায় ঘ) নব যে পৃথিবী **উত্তর:** ঘ

১৫. **'নবান্ন' শব্দটি কোন প্রক্রিয়ায় গঠিত?** [২৬তম বিসিএস]
ক) সমাস খ) সন্ধি
গ) প্রত্যয় ঘ) উপসর্গ **উত্তর:** ক,খ

১৬. **নিচের কোনটি সমাস নিষ্পন্ন শব্দ?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ক) মনোযোগ খ) উপহার
গ) মহানগর ঘ) উচ্চারণ **উত্তর:** গ

১৭. **'মহানদী' শব্দের ব্যাসবাক্য কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী হিসাব রক্ষক : ২১]
ক) মহান যে নদী খ) মহা যে নদী
গ) মহৎ যে নদী ঘ) মহীয়সী যে নদী **উত্তর:** খ

১৮. **'মহাকীর্তি' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ক) মহতী যে কীর্তি খ) মহা যে কীর্তি
গ) মহান যে কীর্তি ঘ) মহান কীর্তি যার **উত্তর:** ক

১৯. **'রাজর্ষি' এর ব্যাসবাক্য কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা) : ১৬]
ক) যিনি ঋষি তিনি রাজা
খ) যিনি ঋষি তিনিই রাজা
গ) যিনি রাজা তিনিই ঋষি
ঘ) যিনি রাজা তিনি ঋষি **উত্তর:** গ

২০. **'লঙ্কাবাটা' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১২]
ক) লঙ্কা ও বাটা খ) যা লঙ্কা তাই বাটা
গ) লঙ্কার বাটা ঘ) লঙ্কা যে বাটা **উত্তর:** ঘ

২১. **'সুন্দরলতা' শব্দটির সঠিক ব্যাসবাক্য কোনটি?** [খুবি (কলা ও মানবিক বিভাগ) : ১১-১২]
ক) সুন্দর যে লতা খ) যে লতা সুন্দর
গ) সুন্দরী যে লতা ঘ) যে লতা সুন্দরী **উত্তর:** গ

২২. **মধ্যপদলোপী কর্মধারয়ের উদাহরণ-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১১-১২]
ক) গাড়িবারান্দা খ) পাঁচহাতি
গ) দশবাছুরে ঘ) কাঞ্চনপ্রভ **উত্তর:** ক

২৩. **কোনটি 'মধ্যপদলোপী কর্মধারয়' সমাসের উদাহরণ?** [ইবি (গ ইউনিট) : ১৩-১৪]
ক) গণতন্ত্র খ) মুক্তকচ্ছ
গ) গজানন ঘ) অস্থির **উত্তর:** ক

২৪. **কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ?** [এনআরবিসি ব্যাংক লি. সহকারী ট্রেইনি অফিসার : ২১]
ক) গায়ে-হলুদ খ) চালকুমড়া
গ) ছয়ানি ঘ) ছায়াছবি **উত্তর:** খ

২৫. **কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস?** [প্রবাসী কল্যাণ ব্যাংক অফিসার (জেনারেল) : ২১]
ক) গুরুদেব খ) মৌমাছি
গ) মহাজন ঘ) কাঁচামিঠে **উত্তর:** খ

২৬. **মধ্যপদলোপী কর্মধারয়ের দৃষ্টান্ত-** [১৩তম বিসিএস/ আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের অফিস সহায়ক : ২০]
ক) ঘর থেকে ছাড়া - ঘরছাড়া
খ) অরুণের মতো রাঙা - অরুণরাঙা
গ) হাসি মাখা মুখ - হাসিমুখ
ঘ) ক্ষণব্যাপী স্থায়ী - ক্ষণস্থায়ী **উত্তর:** গ

২৭. **কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্ম) : ০৯]
ক) পল্লান্ন খ) মশা-মাছি
গ) বেহায়া ঘ) চিরসুখী **উত্তর:** ক

২৮. **কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ?** [ইবি (ক ইউনিট) : ১০-১১]
ক) রান্নাঘর খ) শশব্যস্ত
গ) মুখচন্দ্র ঘ) শতাব্দী **উত্তর:** ক

২৯. **'জীবনবীমা' কোন সমাস?** [রাবি (ক২ ইউনিট) : ১৭-১৮]
ক) উপমান কর্মধারয়
খ) মধ্যপদলোপী কর্মধারয়
গ) উপমিত কর্মধারয়
ঘ) রূপক কর্মধারয় **উত্তর:** খ

৩০. **'মুক্তিযুদ্ধ' কোন ধরনের কর্মধারয় সমাস?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ক) মধ্যপদলোপী খ) উপমেয়-উপমান
গ) উপমান ঘ) উপমিত **উত্তর:** ক

৩১. **'ঝালমুড়ি' শব্দের সঠিক ব্যাসবাক্য ও সমাস নিচের কোনটি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : ০৩-০৪]
ক) ঝাল দ্বারা মুড়ি-তৃতীয়া তৎপুরুষ
খ) ঝাল মিশ্রিত মুড়ি-মধ্যপদলোপী কর্মধারয়
গ) ঝালের মুড়ি-ষষ্ঠী তৎপুরুষ
ঘ) ঝাল ও মুড়ি-দ্বন্দ্ব **উত্তর:** খ

৩২. **'ধর্ম রক্ষার্থে যে ঘট' ব্যাসবাক্যটির সমাস কী?** [খুবি (কলা ও মানবিক বিভাগ) : ১৩-১৪]
ক) তৎপুরুষ খ) বহুব্রীহি
গ) কর্মধারয় ঘ) অব্যয়ীভাব **উত্তর:** গ

৩৩. **'শহীদ স্মরণে পালনীয় দিবস = শহীদদিবস' কোন সমাস?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৪-১৫]
ক) উপমান কর্মধারয় খ) মধ্যপদলোপী কর্মধারয়
গ) রূপক কর্মধারয় ঘ) দ্বিগু সমাস **উত্তর:** খ

৩৪. **'শিক্ষামন্ত্রী' সমাসবদ্ধ শব্দটির ব্যাসবাক্য :** [জাককানইবি (ক ইউনিট) : ১৬-১৭]
ক) শিক্ষা দেন মন্ত্রী খ) শিক্ষার জন্য মন্ত্রী
গ) শিক্ষিত যে মন্ত্রী ঘ) শিক্ষা বিষয়ক মন্ত্রী **উত্তর:** ঘ

৩৫. **'প্রাণভয়' এর ব্যাসবাক্য হবে-** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন অডিটর : ১৯]
ক) প্রাণের ভয় খ) প্রাণ যাওয়ার ভয়
গ) প্রাণ হতে ভয় ঘ) প্রাণ ও ভয় **উত্তর:** খ

৩৬. **মধ্যপদলোপী কর্মধারয় সমাস কোনটি?** [৪২তম (বিশেষ) বিসিএস/ সিজিএ- কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ক) সিংহ চিহ্নিত আসন = সিংহাসন
খ) মহান যে পুরুষ = মহাপুরুষ
গ) কুসুমের মত কোমল = কুসুমকোমল
ঘ) জয়া ও পতি = দম্পতি **উত্তর:** ক

৩৭. **'সিংহাসন' শব্দটি কোন প্রক্রিয়ায় গঠিত?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
ক) সমাস খ) সন্ধি
গ) প্রত্যয় ঘ) উপসর্গ **উত্তর:** ক

৩৮. **'স্মৃতিসৌধ' কোন সমাস?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ক) মধ্যপদলোপী কর্মধারয় খ) উপমান কর্মধারয়
গ) উপমিত কর্মধারয় ঘ) রূপক কর্মধারয় **উত্তর:** ক

৩৯. **উপমান-উপমেয় যে সমাস হয় তাকে কোন সমাস বলে?** [রাবি (বিএড) : ১৭-১৮]
ক) নিত্য সমাস খ) প্রাদি সমাস
গ) কর্মধারয় সমাস ঘ) দ্বিগু সমাস **উত্তর:** গ

৪০. **পরপদে বিশেষণ থাকে এবং পরপদের অর্থই প্রাধান্য পায় কোন সমাসে?** [উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার : ২২]
ক) উপমান কর্মধারয় খ) উপমিত কর্মধারয়
গ) রূপক কর্মধারয় ঘ) তৎপুরুষ **উত্তর:** ক

৪১. **উপমান শব্দের অর্থ-** [ঢাবি (ঘ ইউনিট) : ১৫-১৬]
ক) তুলনা খ) তুলনীয় বস্তু
গ) সাদৃশ্য ঘ) প্রত্যক্ষ বস্তু **উত্তর:** খ

৪২. **যার সঙ্গে তুলনা করা হয় তাকে কী বলে?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র.বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
ক) উপমান খ) উপমেয়
গ) উপমিত ঘ) তুলনামূলক শব্দ **উত্তর:** ক

৪৩. **প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয়-** [২৭তম বিসিএস]
ক) উপমিত খ) উপমান
গ) উপমেয় ঘ) রূপক **উত্তর:** গ

৪৪. সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে বলা হয় - [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক উপমান কর্মধারয় খ মধ্যপদলোপী কর্মধারয়
গ উপমিত কর্মধারয় ঘ রূপক কর্মধারয় **উত্তর:** গ

৪৫. উপমিত কর্মধারয় সমাসে সাধারণ গুণটি- [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৮-১৯]
ক বাদ দেওয়া খ অনুমান করা হয়
গ যোগ করা হয় ঘ তুলনা করা হয় **উত্তর:** খ

৪৬. যে কর্মধারয় সমাসে উপমান ও উপমিতের মধ্যে অভেদ কল্পনা করা হয় তাকে কোন সমাস বলে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০১-০২]
ক রূপক কর্মধারয় খ মধ্যপদলোপী কর্মধারয়
গ উপমান কর্মধারয় ঘ উপমিত কর্মধারয় **উত্তর:** ক

৪৭. উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি? [রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ক মুখচন্দ্র খ ক্রোধানল
গ তুষারশুভ্র ঘ মনমাঝি **উত্তর:** গ

৪৮. কোনটি উপমান কর্মধারয়? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৭-১৮]
ক প্রিয়সখা খ নীলপদ্মা
গ গজমূর্খ ঘ নির্ভুল **উত্তর:** গ

৪৯. উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি? [সমাজসেবা অধিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার : ১৮]
ক মনমাঝি খ ঘনশ্যাম
গ মুখচন্দ্র ঘ ক্রোধানল **উত্তর:** খ

৫০. কোনটি উপমান কর্মধারয়ের উদাহরণ? [ববি (গ ইউনিট) : ১৫-১৬]
ক কাজলকালো খ চাঁদমুখ
গ পুরুষসিংহ ঘ আকাশবাণী **উত্তর:** ক

৫১. উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি? [চবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ক নরসিংহ খ মুখচন্দ্র
গ অধরপল্লব ঘ শোকানল
ঙ হস্তীমূর্খ **উত্তর:** ঙ

৫২. উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি? [৪১তম বিসিএস]
ক শশব্যস্ত খ কালচক্র
গ পরানপাখি ঘ বহুব্রীহি **উত্তর:** ক

৫৩. 'অরুণরাঙা' কোন সমাস নিষ্পন্ন সমস্ত পদ? [বাংলাদেশ সরকারি কর্মকমিশন এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক উপমিত কর্মধারয় খ রূপক কর্মধারয়
গ অলুক কর্মধারয় ঘ উপমান কর্মধারয় **উত্তর:** ঘ

৫৪. 'বজ্রকণ্ঠ' কোন সমাসের উদাহরণ? [জাবি (খ ইউনিট) : ১৭-১৮]
ক উপমান কমধারয় খ মধ্যপদলোপী কর্মধারয়
গ উপমিত কর্মধারয় ঘ রূপক কর্মধারয় **উত্তর:** ক

৫৫. 'বকধার্মিক' কোন সমাসের উদাহরণ? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : ০৬-০৭]
ক উপমান কর্মধারয় খ মধ্যপদলোপী কর্মধারয়
গ উপমিত কর্মধারয় ঘ রূপক কর্মধারয় **উত্তর:** ক

৫৬. 'কাজলকালো' এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উচ্চমান সহকারী : ২১]
ক কাজলের ন্যায় কালো খ কাজল রূপ কালো
গ কাজল ও কালো ঘ কালো ও কাজল **উত্তর:** ক

৫৭. 'কাজলের মত কালো = কাজলকালো' কোন সমাস? [চবি (এফ ইউনিট) : ১৬-১৭]
ক উপমিত কর্মধারয় খ মধ্যপদলোপী কর্মধারয়
গ উপমান কর্মধারয় ঘ রূপক কর্মধারয় **উত্তর:** গ

৫৮. 'কুসুমের মত কোমল' ব্যাসবাক্যটি কোন সমাসের? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১২-১৩]
ক উপমিত কর্মধারয় খ মধ্যপদলোপী কর্মধারয়
গ রূপক কর্মধারয় ঘ উপমান কর্মধারয় **উত্তর:** ঘ

৫৯. 'তুষারধবল' কোন সমাসের উদাহরণ? [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর : ২০]
ক সাধারণ কর্মধারয় ঘ উপমান কর্মধারয়
গ উপমিত কর্মধারয় ঘ মধ্যপদলোপী কর্মধারয় **উত্তর:** খ

৬০. 'তুষারধবল'-এটি হল- [রাবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ক মৌলিক শব্দ খ সমাস সাধিত শব্দ
গ প্রত্যয় সাধিত শব্দ ঘ কোনোটিই নয় **উত্তর:** খ

৬১. 'রক্তের ন্যায় লাল = রক্তলাল' এটি কোন সমাস? [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক উপমান কর্মধারয় খ মধ্যপদলোপী কর্মধারয়
গ উপমিত কর্মধারয় ঘ দ্বিগু **উত্তর:** ক

৬২. 'কচুকাটা'র সঠিক ব্যাসবাক্য- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]
ক কচুর মতো কাটা খ কচুকে কাটা
গ কচু ও কাটা ঘ কচুকাটা **উত্তর:** ক

৬৩. কোনটি উপমিত কর্মধারয়-এর উদাহরণ? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬]
ক স্নেহনীড় খ কুসুমকোমল
গ করপল্লব ঘ ঘনশ্যাম **উত্তর:** গ

৬৪. কোনটি উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ? [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১২]
ক দুগ্ধধবল খ কৃষ্ণনয়ন
গ মমতারস ঘ ফুলকুমারী **উত্তর:** ঘ

৬৫. উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি? [চবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ক অধরপল্লব খ কুসুমকোমল
গ গোবেচারা ঘ মিশকালো **উত্তর:** ক

৬৬. কোনটি উপমিত কর্মধারয় সমাস? [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ক নরসিংহ খ কাজল-কালো
গ নদীমাতৃক ঘ যাচ্ছেতাই **উত্তর:** ক

৬৭. **নিচের কোনটি উপমিত কর্মধারয় সমাস?** [টিটিসি'র ইন্সট্রাক্টর : ২২]
ⓚ চন্দ্রমুখ ⓚ চাঁদমুখ
ⓖ মুখচন্দ্র ⓖ সবগুলোই **উত্তর:** ঘ

৬৮. **'জটাজাল' কোন ধরনের কর্মধারয় সমাসের উদাহরণ?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ⓚ উপমান ⓚ উপমিত
ⓖ রূপক ⓖ মধ্যপদলোপী **উত্তর:** খ

৬৯. **'ফুলকপি' কোন ধরনের কর্মধারয় সমাসের উদাহরণ?** [চবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ উপমিত ⓚ উপমান
ⓖ রূপক ⓖ মধ্যপদলোপী **উত্তর:** ক

৭০. **'বাহুলতা' শব্দটির সমাস হলো-** [কুবি (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ উপমান কর্মধারয় ⓖ মধ্যপদলোপী কর্মধারয়
ⓖ উপমিত কর্মধারয় ⓖ সাধারণ কর্মধারয় **উত্তর:** গ

৭১. **'পুরুষ সিংহের ন্যায় = পুরুষসিংহ' এটি কোন সমাস?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ৯৩-৯৪]
ⓚ উপমান কর্মধারয় ⓚ মধ্যপদলোপী কর্মধারয়
ⓖ রূপক কর্মধারয় ⓖ উপমিত কর্মধারয় **উত্তর:** ঘ

৭২. **'বীরসিংহ' এটি কোন সমাসের উদাহরণ?** [পাবিপ্রবি (গ ইউনিট) : ১৫-১৬]
ⓚ উপমান কর্মধারয় ⓚ মধ্যপদলোপী কর্মধারয়
ⓖ উপমিত কর্মধারয় ⓖ রূপক কর্মধারয় **উত্তর:** গ

৭৩. **'সিংহপুরুষ' কোন সমাস?** [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৬]
ⓚ উপমান কর্মধারায় ⓚ উপপদ তৎপুরুষ
ⓖ উপমিত কর্মধারায় ⓖ অব্যয়ীভাব **উত্তর:** গ

৭৪. **'মুখচন্দ্র' কোন ধরনের সমাস?** [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক : ২০/ রাবি (বিজ্ঞান বিভাগ) : ১৭-১৮]
ⓚ উপমান কর্মধারয়
ⓚ মধ্যপদলোপী কর্মধারয়
ⓖ উপমিত কর্মধারয়
ⓖ রূপক কর্মধারয় **উত্তর:** গ

৭৫. **'করকমল' যে সমাসের উদাহরণ-** [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান) : ১৭-১৮]
ⓚ উপমান কর্মধারয় ⓚ মধ্যপদলোপী কর্মধারয়
ⓖ উপমিত কর্মধারয় ⓖ রূপক কর্মধারয় **উত্তর:** গ

৭৬. **সমাস নির্ণয় কর : মুখ সোনার ন্যায় - সোনামুখ।** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১১-১২]
ⓚ উপমান কর্মধারয় ⓚ মধ্যপদলোপী কর্মধারয়
ⓖ উপমিত কর্মধারয় ⓖ রূপক কর্মধারয় **উত্তর:** গ

৭৭. **'নয়নকমল' এর যথার্থ ব্যাসবাক্য হলো-** [ঢাবি (খ ইউনিট) : ১৯-২০]
ⓚ নয়নের ন্যায় কমল ⓚ নয়ন কমলের ন্যায়
ⓖ নয়নে কমল ⓖ নয়ন ও কমল **উত্তর:** খ

৭৮. **'ফুলকুমারী' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য-** [ঢাবি (খ ইউনিট) : ৯৯-০০]
ⓚ ফুল ও কুমারী ⓚ ফুল যে কুমারী
ⓖ ফুল কুমারীর ন্যায় ⓖ কুমারী ফুলের ন্যায় **উত্তর:** ঘ

৭৯. **'রক্তপতাকা' ও 'রক্তলাল' শব্দ দুটি যথাক্রমে কোন কোন কর্মধারয় সমাস?** [খুলনা বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক) : ১২-১৩]
ⓚ উপমান ও উপমিত ⓚ রূপক ও উপমান
ⓖ উপমিত ও উপমান ⓖ উপমিত ও রূপক **উত্তর:** গ

৮০. **কোনটি রূপক কর্মধারয় সমাস?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]
ⓚ ক্রোধানল ⓚ তুষারশুভ্র
ⓖ অরুণরাঙা ⓖ সাহিত্যসভা **উত্তর:** ক

৮১. **কোনটি রূপক কর্মধারয় সমাস?** [BPSC এর সহকারী পরিচালক : ০৬]
ⓚ চাঁদমুখ ⓚ ভবনদী
ⓖ বড়বাবু ⓖ বাগানবাড়ি **উত্তর:** ক,খ

৮২. **নিচের কোন শব্দটি রূপক কর্মধারয় সমাসের একটি উদাহরণ?** [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশনের অফিস সহকারী : ২২]
ⓚ জলযান ⓚ মনমাঝি
ⓖ সিংহদ্বার ⓖ একাদশ **উত্তর:** খ

৮৩. **নিচের কোনটি সমাস নিষ্পন্ন শব্দের উদাহরণ?** [ডেসকো সাব-স্টেশন আটেনডেন্ট : ২২]
ⓚ নিবাস ⓚ বড়াই
ⓖ মনমাঝি ⓖ ছাত্রকে **উত্তর:** গ

৮৪. **রূপক কর্মধারয় সমাস কোনটি?** [রাবি (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ মিশকালো ⓚ চিরমুখী
ⓖ রথদেখা ⓖ শোকানল **উত্তর:** ঘ

৮৫. **রূপক কর্মধারয়ের উদাহরণ-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ৯৫-৯৬]
ⓚ কুসুমকোমল ⓚ রাজর্ষি
ⓖ সুখসাগর ⓖ বিড়ালতপস্বী **উত্তর:** গ

৮৬. **'কালস্রোত' কোন সমাসের উদাহরণ?** [ঢাবি (ক ইউনিট) : ১৫-১৬]
ⓚ উপমান কর্মধারয় ⓚ মধ্যপদলোপী কর্মধারয়
ⓖ উপমিত কর্মধারয় ⓖ রূপক কর্মধারয় **উত্তর:** ঘ

৮৭. **'জীবনপ্রদীপ' শব্দের সঠিক ব্যাসবাক্য হল-** [চবি (ক ইউনিট) : ০৯-১০]
ⓚ জীবন ও প্রদীপ ⓚ জীবন আশ্রিত প্রদীপ
ⓖ জীবন রূপ প্রদীপ ⓖ জীবনের প্রদীপ **উত্তর:** গ

৮৮. **'জীবনতরী = জীবন রূপ তরী' কোন সমাসের উদাহরণ?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের বিভিন্ন পদ : ১৮]
ⓚ উপমান কর্মধারয় ⓚ উপমিত কর্মধারয়
ⓖ রূপক কর্মধারয় ⓖ তৃতীয়া তৎপুরুষ **উত্তর:** গ

৮৯. **'দেহপিঞ্জর' শব্দটি কোন সমাস দ্বারা গঠিত?** [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ⓚ রূপক কর্মধারয় ⓚ মধ্যপদলোপী কর্মধারয়
ⓚ উপমিত কর্মধারয় ⓖ উপমান কর্মধারয় **উত্তর:** ক

৯০. **'বিষাদসিন্ধু' কোন কর্মধারয় সমাস?** [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস ক্লার্ক : ২২]
ⓚ উপমান ⓚ উপমিত
ⓖ রূপক ⓖ মধ্যপদলোপী **উত্তর:** গ

৯১. রূপক কর্মধারয় সমাসের উদাহরণ- [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান শাখা) : ২০-২১]
ⓚ কুসুমকোমল ⓚ পদ্মাসন
ⓖ তেপান্তর ⓖ জ্ঞানবৃক্ষ **উত্তর:** ঘ

৯২. নিচের কোনটি রূপক সমাসের উদাহরণ নয়? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর : ২০]
ⓚ মোহনিদ্রা ⓚ শোকানল
ⓖ মোমবাতি ⓖ দিলদরিয়া **উত্তর:** গ

৯৩. কোন পদটি রূপক কর্মধারয় সমাস নয়? [নির্বাচন কমিশনের সচিবালয়ে উপজেলা বা থানা নির্বাচন অফিসার : ০৮]
ⓚ যৌবনবন ⓚ ক্ষুধানল
ⓖ জীবনপ্রদীপ ⓖ যুবজানি **উত্তর:** ঘ

৯৪. কোনটি রূপক সমাস নয়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা : ১৬]
ⓚ বাহুলতা ⓚ কমলমুখ
ⓖ বিষাদসিন্ধু ⓖ জ্ঞানবৃক্ষ **উত্তর:** ক

৯৫. সমাহার অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে কি সমাস বলে? [২৫তম বিসিএস]
ⓚ দ্বিগু ⓚ অব্যয়ীভাব
ⓖ বহুব্রীহি ⓖ তৎপুরুষ **উত্তর:** ক

৯৬. দ্বিগু সমাসে নিষ্পন্ন শব্দটি কোন পদ হয়? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র.বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৭-১৮]
ⓚ বিশেষ্য ⓚ বিশেষণ
ⓖ কৃদন্ত ⓖ সর্বনাম **উত্তর:** ক

৯৭. কোনটি দ্বিগু সমাস? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (জবা) : ১১]
ⓚ পুরুষসিংহ ⓚ চৌরাস্তা
ⓖ হাটবাজার ⓖ কোনোটিই নয় **উত্তর:** খ

৯৮. দ্বিগু সমাসের উদাহরণ- [রাবি (এফ ইউনিট) : ১৩-১৪]
ⓚ শতবার্ষিকী ⓚ মধুমাখা
ⓖ পলান্ন ⓖ দিনকতক **উত্তর:** ক

৯৯. 'শত অব্দের সমাহার' - এটি কোন সমাসের ব্যাসবাক্য? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ⓚ দ্বিগু ⓚ কর্মধারয়
ⓖ তৎপুরুষ ⓖ দ্বন্দ্ব **উত্তর:** ক

১০০. কোনটি দ্বিগু সমাসের উদাহরণ? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক : ১৯]
ⓚ শতাব্দী ⓚ উপজেলা
ⓖ রাজপথ ⓖ চৌচালা **উত্তর:** ক

১০১. নিচের কোনটি দ্বিগু সমাসের সমস্তপদ? [৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১১]
ⓚ সাতসমুদ্র ⓚ প্রতিদিন
ⓖ নীলকণ্ঠ ⓖ মুখেভাত **উত্তর:** ক

১০২. কোনটি দ্বিগু সমাস? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান : ২১]
ⓚ সপ্তাহ ⓚ পরিভ্রমণ
ⓖ আমরণ ⓖ মনগড়া **উত্তর:** ক

১০৩. কোন বাক্যটিকে দ্বিগু সমাসের নিয়মের সমাসবদ্ধ করা সম্ভব? [বেরোবি (ক ইউনিট) : ১৫-১৬]
ⓚ তে (তিন) মাথার সমাহার
ⓚ বেলাকে অতিক্রান্ত
ⓖ সন্ধ্যায় জ্বালানো হয় যে প্রদীপ
ⓖ প্রকৃষ্ট যে গতি **উত্তর:** ক

১০৪. নিচের কোনটি দ্বিগু সমাসের উদাহরণ? [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ৯৬-৯৭]
ⓚ সিংহ চিহ্নিত আসন = সিংহাসন
ⓚ ফুলের গাছ = ফুলগাছ
ⓖ পঞ্চ বটের সমাহর = পঞ্চবটী
ⓖ বনে চরে যে বনচর **উত্তর:** গ

১০৫. কোনটি দ্বিগু সমাস নয়? [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
ⓚ পঞ্চনদ ⓚ ত্রিফলা
ⓖ শতাব্দী ⓖ চৌচালা **উত্তর:** ঘ

১০৬. কোনটি দ্বিগু সমাসের উদাহরণ নয়? [ঢাবি (গ-ইউনিট) : ১৮-১৯]
ⓚ চৌরাস্তা ⓚ তেপায়া
ⓖ পঞ্চবট ⓖ দশগজি **উত্তর:** খ,ঘ

বহুব্রীহি সমাস

'বহুব্রীহি' শব্দের অর্থ বহু ধান আছে এমন ব্যক্তি। যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো পদকে বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। বহুব্রীহি সমাসে সাধারণত যার, যাতে ইত্যাদি শব্দ ব্যাসবাক্যরূপে ব্যবহৃত হয়। যেমন- বহু ব্রীহি (ধান) আছে যার = বহুব্রীহি।
এখানে 'বহু' কিংবা 'ব্রীহি' কোনোটিরই অর্থের প্রাধান্য নেই, যার বহু ধান আছে এমন লোককে বুঝাচ্ছে।

অল্পপ্রাণ	=	অল্প (হাল্কা) প্রাণ যার
গজানন	=	গজ আনন যার
বিমনা	=	বিচলিত মন যার
অল্পবয়সী	=	অল্প বয়স যার
মৃগনয়না	=	মৃগের নয়নের ন্যায় নয়ন যার
আয়তলোচনা	=	আয়ত লোচন যার
মন্দভাগ্য	=	মন্দ ভাগ্য যার
উদ্বাহু	=	উদগত বাহু যার
মহাত্মা	=	মহান আত্মা যার
কৃতবিদ্য	=	কৃত বিদ্যা যার
মৎস্যগন্ধা	=	মৎস্যের ন্যায় গন্ধ যার
কমলাক্ষ	=	কমলের ন্যায় অক্ষি যার
যুবজানি	=	যুবতী জায়া যার
গার্হস্থ্য	=	গৃহে স্থিতি যার
রক্তনেত্র	=	রক্তের ন্যায় নেত্র যার
জনশ্রুতি	=	জনের (জনগণের) মুখ হতে শ্রুত যা

শশাঙ্ক = শশ অঙ্ক যার
তেপায়া = তে পায়া আছে যাতে
স্থিরপ্রতিজ্ঞ = স্থির প্রতিজ্ঞা যার
দামোদর = দাম (রশ্মি) উদর যার
সুবর্ণ = সু বর্ণ যার
দশগজি = দশ গজ পরিমাণ যার
সহোদর = সমান (একই) উদর যাদের
দিগম্বর = দিক অম্বর যার
সস্ত্রীক = স্ত্রীর সঙ্গে (সহিত) বর্তমান
নদীমাতৃক = নদী মাতা (মাতৃ) যার
সবান্ধব = বান্ধবসহ বর্তমান
নীলবসনা = নীল বসন যার
সবিনয় = বিনয়ের সঙ্গে বর্তমান
সচিত্র = চিত্রের সহিত বর্তমান
পদ্মনাভ = পদ্ম নাভিতে যার
সজল = জলের সহিত বর্তমান
বিপত্নীক = বি (বিগত) হয়েছে পত্নী যার
সতীর্থ = সমান তীর্থ যার
এরূপ : সশস্ত্র

বহুব্রীহি সমাসের প্রকারভেদ : বহুব্রীহি সমাস আট প্রকার। যথা- সমানাধিকরণ, ব্যধিকরণ, ব্যতিহার, নঞ, মধ্যপদলোপী, প্রত্যয়ান্ত, অলুক এবং সংখ্যাবাচক বহুব্রীহি।

১. সমানাধিকরণ বহুব্রীহি : পূর্বপদ বিশেষণ এবং পরপদ বিশেষ্য হলে তাকে সমানাধিকার বহুব্রীহি বলে। যেমন-
সুশ্রী = সু (সুন্দর) শ্রী যার
হৃতসর্বস্ব = হৃত হয়েছে সর্বস্ব যার
লালপেড়ে = লাল পাড় যে শাড়ির
একগুঁয়ে = এক গোঁ যার
এরূপ : খোশমেজাজ, নীলকণ্ঠ, সুগন্ধি, হতশ্রী।

২. ব্যধিকরণ বহুব্রীহি : পূর্বপদ এবং পরপদ উভয়ই বিশেষ্য (কখনও কখনও ক্রিয়া বিশেষ্য) হলে ব্যধিকরণ বহুব্রীহি হয়। যেমন-
আশীবিষ = আশীতে (দাঁতে) বিষ যার
বীণাপানি = বীণা পানিতে যার
কথাসর্বস্ব = কথা সর্বস্ব যার
গোঁফখেজুরে = গোঁফে খেজুর যার
পরপদ কৃদন্ত বিশেষণ হলেও ব্যধিকরণ বহুব্রীহি সমাস হয়।
দু-কানকাটা = দুই কান কাটা যার
বোঁটাখসা = বোঁটা খসেছে যার

৩. ব্যতিহার বহুব্রীহি : পারস্পরিক ক্রিয়ায় কোনো অবস্থা তৈরি হলে ব্যতিহার বহুব্রীহি হয়। এ সমাসে পূর্বপদে 'আ' এবং উত্তরপদে 'ই' যুক্ত হয়।
কানাকানি = কানে কানে যে কথা
কোলাকুলি = কোলে কোলে যে মিলন
রক্তারক্তি = রক্তপাত করে যে যুদ্ধ/ পরস্পরের রক্তপাত
লাঠালাঠি = লাঠিতে লাঠিতে যে যুদ্ধ
কোলাকুলি = কোলে কোলে যে মিলন
দেখাদেখি = দেখে দেখে যে কাজ
এরূপ : কাড়াকাড়ি, গালাগালি, চুলাচুলি, মাতামাতি, হাসাহাসি।

৪. নঞ বহুব্রীহি : বিশেষ্য পদের আগে নঞ (না অর্থবোধক) অব্যয় যোগ করে বহুব্রীহি সমাস করা হলে তাকে নঞ বহুব্রীহি সমাস বলে। নঞ বহুব্রীহি সমাসে সাধিত পদটি বিশেষণ হয়। যেমন-
অজ্ঞান = ন (নাই) জ্ঞান যার
অনসূয়া = নেই অসূয়া (হিংসা) যার
নাচার = না (নাই) চারা (উপায়) যার
নিরপরাধ = অপরাধ নেই যার
বেকার = কর্ম নাই যার
এরূপ : অনাদি, অনমনীয়, অনাশ্রিত, অবুঝ, অবোধ, অধর্ম, অসীম, অসুখ, অপয়া, নাজানা/অজানা, নাচার, নিরক্ষর, নির্ভুল, নিরহংকার, নিঃসহায়, বেহায়া, বেহেড, বেতার, বেমালুম, বেইমান, বেওয়ারিশ।

৫. পদলোপী বহুব্রীহি : যে বহুব্রীহি সমাসের ব্যাসবাক্য থেকে এক বা একাধিক পদ লোপ পায় তাকে পদলোপী বহুব্রীহি বলে। যেমন-
সোনামুখী = সোনার মতো উজ্জ্বল মুখ যার
চিরুনদাঁতি = চিরুনির মতো দাঁত যার
বিড়ালচোখী = বিড়ালের চোখের ন্যায় চোখ যে নারীর
মীনাক্ষী = মীনের মতো অক্ষি যার
বউভাত = বউ ভাত পরিবেশন করে যে অনুষ্ঠানে
হাতেখড়ি = হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে
মেঘনাদ = মেঘের মতো নাদ যার
এরূপ : মেনিমুখো, বিড়ালাক্ষী।

৬. প্রত্যয়ান্ত বহুব্রীহি : যে বহুব্রীহি সমাসের সমস্তপদে আ, এ, ও ইত্যাদি প্রত্যয় যুক্ত হয়, তাকে প্রত্যয়ান্ত বহুব্রীহি বলে। যেমন-
ঘরমুখো = ঘরের দিকে মুখ যার
একচোখা = এক দিকে চোখ (দৃষ্টি) যার
নি-খরচে = নিঃ (নাই) খরচ যার
ঊনপাঁজুরে = উন (দুর্বল) পাঁজর যার
দোটানা = দুই দিকে টান যার

৭. অলুক বহুব্রীহি : যে বহুব্রীহি সমাসে সমস্যমান পদের পূর্বপদের বিভক্তি অক্ষুণ্ন থাকে, তাকে অলুক বহুব্রীহি সমাস বলে। অলুক বহুব্রীহি সমাসে সমস্ত পদটি বিশেষণ হয়। যেমন-
মাথায়পাগড়ি = মাথায় পাগড়ি যার
গলায়গামছা = গলায় গামছা যার
মুখেভাত = মুখে ভাত (শিশুকে) দেয়া হয় যে অনুষ্ঠানে
গায়ে-পড়া = গায়ে এসে পড়ে যে

এরূপ : কথায়-পটু, কানে-কলম, কানেখাটে, মাথায়-ছাতা, মুখে-ভাত, হাতে-ছড়ি, হাতে-বেড়ি।

৮. সংখ্যাবাচক বহুব্রীহি : যে বহুব্রীহি সমাসের পূর্বপদ সংখ্যাবাচক হয়, তাকে সংখ্যাবাচক বহুব্রীহি সমাস বলে। এ সমাসে সমস্তপদে আ, ই, বা ঈ যুক্ত হয়। যেমন-

চৌচালা = চৌ (চার) চাল যে ঘরের
দশগজি = দশ গজ পরিমাণ যার
চৌকাঠ = চৌ কাঠ আছে যার
দশানন = দশ আনন যার
তেপায়া = তে (তিন) পায়া যার
দশভুজা = দশ ভুজ (হাত) যার
একরোখা = এক দিকে রোখ যার
দ্বিচক্র = দুই চক্র (চাকা) আছে যার
চতুর্ভুজ = চার ভুজ যে ক্ষেত্রের

নিপাতনে সিদ্ধ (কোনো নিয়মের অধীনে নয়) **বহুব্রীহি**

অন্তরীপ = অন্তর্গত অপ যার
নরপশু = নরাকারের পশু যে
জীবন্মৃত = জীবিত থেকেও যে মৃত
পণ্ডিতমূর্খ = পণ্ডিত হয়েও যে মূর্খ
দ্বীপ = দু'দিকে অপ্ (জল) যার

MCQ Solution

১. **'বহুব্রীহি' শব্দের অর্থ কি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ বহু ধান ⓔ বহু গম
ⓖ বহু পাট ⓖ বহু চাল **উত্তর:** ক

২. **বহুব্রীহি সমাস কত প্রকার?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ⓚ ৬ ⓔ ৮
ⓖ ৩ ⓖ ৪ **উত্তর:** খ

৩. **সমস্যমান পদগুলোর কোনোটিকে না বুঝিয়ে সমস্তপদে অন্য কোন শব্দকে বোঝানো হলে তাকে কোন সমাস বলে?** [সমন্বিত ২ (দুই) ব্যাংক সিনিয়র অফিসার (আইটি) : ২০]
ⓚ কর্মধারয় সমাস ⓔ অব্যয়ীভাব সমাস
ⓖ তৎপুরুষ সমাস ⓖ বহুব্রীহি সমাস **উত্তর:** ঘ

৪. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিস্তা) : ১০]
ⓚ ওলকপি ⓔ কবিগুরু
ⓖ আটঘাট ⓖ উনপাঁজুরে **উত্তর:** ঘ

৫. **বহুব্রীহি সমাসবদ্ধ পদ?** [জবি (গ ইউনিট) : ০৮-০৯]
ⓚ কৃতবিদ্যা ⓔ গরুর গাড়ি
ⓖ আগাছা ⓖ ভিক্ষালব্ধ **উত্তর:** ক

৬. **বহুব্রীহি সমাসের উদাহরণ-** [ঢাবি (খ ইউনিট) : ১২-১৩]
ⓚ দাবানল ⓔ দিগ্‌ভ্রান্ত
ⓖ দামোদর ⓖ দায়বদ্ধ **উত্তর:** গ

৭. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [ইবি (খ ইউনিট) : ১৫-১৬]
ⓚ তেমাথা ⓔ মনগড়া
ⓖ চা-বিস্কুট ⓖ মহাত্মা **উত্তর:** ঘ

৮. **বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?** [NSI-এর ডেসপাচ রাইডার : ২১]
ⓚ চিরসুখ ⓔ সুগন্ধি
ⓖ খেয়াঘাট ⓖ আজীবন **উত্তর:** খ

৯. **নিচের কোন শব্দটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া) : ১৩]
ⓚ বীণাপাণি ⓔ চৌরাস্তা
ⓖ বনস্পতি ⓖ সিংহাসন **উত্তর:** ক

১০. **বহুব্রীহির দৃষ্টান্ত-** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার : ১৫]
ⓚ বেতন ⓔ বেদনা
ⓖ বেহেড ⓖ বেসন **উত্তর:** গ

১১. **নিচের কোন শব্দটি বহুব্রীহি সমাস সাধিত?** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার (ফাইন্যান্সিয়াল এনালিস্ট) : ২০]
ⓚ দ্বিচক্র ⓔ চৌরাস্তা
ⓖ ধোয়ামোছা ⓖ বুদ্ধিজীবী **উত্তর:** ক

১২. **কোনটি বহুব্রীহি সমাস?** [ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার : ১৮]
ⓚ সুপুরুষ ⓔ দশানন
ⓖ সাদাকালো ⓖ চৌরাস্তা **উত্তর:** খ

১৩. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [চবি (খ৩ ইউনিট) : ১৪-১৫]
ⓚ ঘরে-বাইরে ⓔ নীলাকাশ
ⓖ বেইমান ⓖ বিয়েপাগলা বুড়ো **উত্তর:** গ

১৪. **বহুব্রীহি সমাসের দৃষ্টান্ত-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ পুত্রলাভ ⓔ তপোবন
ⓖ প্রিয়ংবদা ⓖ অনসূয়া **উত্তর:** ঘ

১৫. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম) : ১২]
ⓚ অনসূয়া ⓔ অনুসূয়া
ⓖ অণুসুয়া ⓖ অণূসূয়া **উত্তর:** ক

১৬. **কোনটি শুদ্ধ?** [শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (ঢাবি) এর উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর : ২০]
ⓚ নিরপরাধী ⓔ নিরোপরাধী
ⓖ নিরপরাধ ⓖ নিরপরাধি **উত্তর:** গ

১৭. **কোনটি শুদ্ধ বানান?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ⓚ নিরহংকারী ⓔ নিরহংকার
ⓖ নিরহংকারি ⓖ নিঃহংকারী **উত্তর:** খ

১৮. **বহুব্রীহি সমাসবদ্ধ পদ কোনটি?** [৩৬তম বিসিএস]
ⓚ জনশ্রুতি ⓔ অনমনীয়
ⓖ খাসমহল ⓖ তপোবন **উত্তর:** ক,খ

১৯. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [৭ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১১]
ⓚ বিমনা ⓔ সজ্জন
ⓖ প্রভাত ⓖ নির্বিঘ্ন **উত্তর:** ক

২০. **কোনটি শুদ্ধ বানান?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ক) শুস্রী খ) সুরস্রী
গ) সুশ্রী ঘ) কোনোটিই নয় **উত্তর:** গ

২১. **বহুব্রীহি সমাস দ্বারা নিষ্পন্ন শব্দ-** [ঢাবি (খ ইউনিট) : ০৬-০৭]
ক) রাজেন্দ্র খ) গায়েপড়া
গ) পটেকমার ঘ) হৃতসর্বস্ব **উত্তর:** ঘ

২২. **নিম্নের কোনটি বহুব্রীহি সমাসবদ্ধ পদ?** [যবিপ্রবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক) সবিনয় খ) ছ্যাকড়া গাড়ি
গ) সুরুপঞ্চগ্রামী ঘ) রম্ভার কাঁদি **উত্তর:** ক

২৩. **বহুব্রীহি সমাসের উদাহরণ নয়-** [বাংলাদেশ ব্যাংক অফিসার : ১৮]
ক) সজল খ) স্বপ্ন
গ) সুশ্রী ঘ) একগুঁয়ে **উত্তর:** খ

২৪. **নিচের কোন শব্দ সমাস দ্বারা নিষ্পন্ন নয়?** [ববি (খ ইউনিট) : ১৫-১৬]
ক) আশীবিষ খ) হতশ্রী
গ) বিপত্নীক ঘ) গ্রন্থাবলি **উত্তর:** ঘ

২৫. **'অধর্ম' শব্দের সমস্যমান পদ কোনটি?** [শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ০৭]
ক) ধর্ম নেই যার খ) ধর্মহীন যে
গ) ধর্মের অভাব ঘ) নেই ধর্ম যার **উত্তর:** ঘ

২৬. **'কৃতবিদ্যা' শব্দের ব্যাসবাক্য কোনটি?** [বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের অডিটর : ২১]
ক) কৃত যে বিদ্য খ) কৃত যে বিদ্যা
গ) কৃত বিদ্যা যার ঘ) কৃত হয়েছে যার বিদ্যা **উত্তর:** গ

২৭. **'গজানন' এর ব্যাসবাক্য কোনটি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ক) গজ ও আনন খ) গজের আনন
গ) গজ আনন যার ঘ) যে গজ সে আনন **উত্তর:** গ

২৮. **'গার্হস্থ্য' শব্দের ব্যাসবাক্য কোনটি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৩-০৪]
ক) গৃহে থাকেন যিনি খ) গৃহে স্থিত যে
গ) গৃহে স্থিতি যার ঘ) গৃহে আশ্রিত যে **উত্তর:** গ

২৯. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ক) সুবর্ণ (সু বর্ণ যার)
খ) বৃষ্টি ধৌত (বৃষ্টিতে ধৌত)
গ) ক্রোধানল (ক্রোধ রূপ অনল)
ঘ) হররোজ (রোজ রোজ) **উত্তর:** ক

৩০. **বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৩]
ক) অর্থকে অতিক্রম না করিয়া = যথার্থ
খ) স্ত্রীর সহিত বর্তমান = সস্ত্রীক
গ) সত্য কথা বলে যে = সত্যবাদী
ঘ) যাহা কাঁচা তাহাই মিঠা = কাঁচামিঠা **উত্তর:** খ

৩১. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২]
ক) একাদশ (এক অধিক দশ)
খ) হাতাহাতি (হাতে হাতে যে দ্বন্দ্ব)
গ) মানানের অভাব (বেমানান)
ঘ) দুঃখাতীত (দুঃখকে অতীত) **উত্তর:** খ

৩২. **'যুবজানি' সমাসের ব্যাসবাক্য কোনটি?** [ঢাবি (ক ইউনিট) : ১৭-১৮]
ক) যবতী জানি যার খ) যুব জানি যার
গ) যুবতী জায়া যার ঘ) যুবক পতি যার **উত্তর:** গ

৩৩. **'রক্তনেত্র' এর ব্যাসবাক্য হবে-** [চবি (ঘ ইউনিট) : ০৩-০৪]
ক) রক্তের ন্যায় লাল নেত্র খ) রক্তের ন্যায় নেত্র যার
গ) রক্ত নেত্র যার ঘ) যার নেত্র রক্তরূপ **উত্তর:** খ

৩৪. **'নদীমাতৃক' শব্দের সমাস হলো-** [৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১১]
ক) নদী মাতা যার খ) নদীতে মাতা আছে যার
গ) নদী ও মাতা ঘ) নদী এবং মাতৃকা **উত্তর:** ক

৩৫. **'শশাঙ্ক' শব্দের ব্যাসবাক্য কি হবে?** [ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]
ক) শশের অঙ্ক খ) অঙ্কের শশ
গ) অঙ্কের শশ যার ঘ) শশ অঙ্ক যার **উত্তর:** ঘ

৩৬. **'সতীর্থ' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য-** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার (টেলার) : ১৫]
ক) তীর্থসহ খ) সতী রূপ তীর্থ
গ) তীর্থের সমীপে ঘ) সমান তীর্থ যার **উত্তর:** ঘ

৩৭. **'দশানন'-এর ব্যাসবাক্য কোনটি?** [জাককানইবি (ক ইউনিট) : ১৬-১৭]
ক) দশ আননের সমাহার খ) দশ আনন আছে যার
গ) দশাগ্রস্ত যিনি নন ঘ) দশ যে আনন **উত্তর:** খ

৩৮. **'রক্তারক্তি'- এই সমাসবদ্ধ পদ বা সমস্তপদের ব্যাসবাক্য-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০১-০২]
ক) রক্ত দ্বারা রঞ্জিত খ) বহুলোকের রক্তপাত
গ) পরস্পরের রক্তপাত ঘ) রক্তের প্রবাহ **উত্তর:** গ

৩৯. **বহুব্রীহি সমাস কয় প্রকার?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইঞ্জিনিয়ারিং কলেজ এর ক্যাশ সরকারী : ২১]
ক) দশ প্রকার খ) তিন প্রকার
গ) আট প্রকার ঘ) ছয় প্রকার **উত্তর:** গ

৪০. **পূর্বপদ বিশেষণ, পরপদ বিশেষ্য হলে কোন বহুব্রীহি সমাস হয়?** [৬ষ্ঠ বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১০]
ক) সমানাধিকরণ খ) প্রত্যয়ান্ত
গ) ব্যধিকরণ ঘ) ব্যতিহার **উত্তর:** ক

৪১. **যে বহুব্রীহি সমাসের পূর্বপদ এবং পরপদ উভয়ই বিশেষ্য, তাকে কোন সমাস বলে?** [রেলওয়ে হাসপাতালের সহকারী সার্জন : ০৫]
ক) অলুক বহুব্রীহি খ) সংখ্যাবাচক বহুব্রীহি
গ) মধ্যপদলোপী বহুব্রীহি ঘ) ব্যধিকরণ বহুব্রীহি **উত্তর:** ঘ

৪২. **বহুব্রীহি সমাসের পূর্বপদ এবং পরপদ কোনোটিই যদি বিশেষণ না হয়, তাকে কী বলে?** [খুবি (খ ইউনিট) : ১৯-২০]
ⓚ সমানাধিকরণ ⓚ ব্যধিকরণ
ⓖ ব্যতিহার ⓘ প্রত্যয়ান্ত **উত্তর:** খ

৪৩. **কোন বহুব্রীহি সমাসে পরস্পরের মধ্যে একই ধরনের কাজ বোঝায়?** [চবি (চ ইউনিট) : ১৪-১৫]
ⓚ ব্যতিহার বহুব্রীহি ⓚ সহার্থক বহুব্রীহি
ⓖ উপমান বহুব্রীহি ⓘ মধ্যপদলোপী বহুব্রীহি **উত্তর:** ক

৪৪. **যে বহুব্রীহি সমাসে পূর্ব বা পর পদের কোনো পরিবর্তন হয় না, তাকে কোন বহুব্রীহি বলে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৮৯]
ⓚ ব্যতিহার ⓚ অলুক বহুব্রীহি
ⓖ প্রত্যয়ান্ত বহুব্রীহি ⓘ ব্যধিকরণ বহুব্রীহি **উত্তর:** খ

৪৫. **নিচের কোনটি সামনাধিকরণ বহুব্রীহি?** [বেরোবি (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ নীলকণ্ঠ ⓚ পাতাছেঁড়া
ⓖ দ্বীপ ⓘ দোতালা **উত্তর:** ক

৪৬. **কোনটি ব্যধিকরণ বহুব্রীহি সমাস?** [রাবি (ঙ ইউনিট) : ১৬-১৭]
ⓚ রাখীভাই ⓚ বীণাপাণি
ⓖ নিখোঁজ ⓘ চুলাচুলি **উত্তর:** খ

৪৭. **নিচের সমাসবদ্ধ পদগুলোর মাঝে কোনটি 'ব্যতিহার বহুব্রীহি'র উদাহরণ?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ০৩]
ⓚ দশহাতি ⓚ হাতাহাতি
ⓖ দশানন ⓘ দ্বিপদ **উত্তর:** খ

৪৮. **কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাস?** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ⓚ চিরসুখী ⓚ দশানন
ⓖ গায়ে-হলুদ ⓘ কানাকানি **উত্তর:** ঘ

৪৯. **ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ-** [ববি (গ ইউনিট) : ১৫-১৬]
ⓚ মাতামাতি ⓚ ক্ষুরধার
ⓖ অনুর্বর ⓘ অন্যমনা **উত্তর:** ক

৫০. **কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্ম) : ০৯]
ⓚ কাজকর্ম ⓚ খাসমহল
ⓖ মুখোমুখি ⓘ উপকূল **উত্তর:** গ

৫১. **'কোলাকুলি' কোন সমাস?** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৭]
ⓚ ব্যধিকরণ বহুব্রীহি ⓚ মধ্যপদলোপী বহুব্রীহি
ⓖ অলুক বহুব্রীহি ⓘ ব্যতিহার বহুব্রীহি **উত্তর:** ঘ

৫২. **নিচের কোনটি নঞ্ বহুব্রীহি সমাস?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ⓚ হেডমাস্টার ⓚ ত্রিফলা
ⓖ হাতেখড়ি ⓘ অনমনীয় **উত্তর:** ঘ

৫৩. **'অবুঝ, নাচার, নির্ভুল, বেতার।' এগুলো কোন সমাস?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৮-১৯]
ⓚ প্রত্যয়ান্ত বহুব্রীহি ⓚ মধ্যপদলোপী বহুব্রীহি
ⓖ ব্যতিহার বহুব্রীহি ⓘ নঞ্ বহুব্রীহি **উত্তর:** ঘ

৫৪. **'সোনামুখী' কোন সমাস?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মিসিসিপি) : ১৩]
ⓚ উপমান ⓚ উপমিত
ⓖ রূপক ⓘ মধ্যপদলোপী **উত্তর:** ঘ
ব্যাখ্যা : সঠিক উত্তর- মধ্যপদলোপী বহুব্রীহি।

৫৫. **'মীনের মত অক্ষি যার' – কোন সমাস?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ⓚ ব্যতিহার বহুব্রীহি ⓚ সমনাধিকরণ বহুব্রীহি
ⓖ অলুক বহুব্রীহি ⓘ মধ্যপদলোপী বহুব্রীহি **উত্তর:** ঘ

৫৬. **'মেঘের মত নাদ যার – মেঘনাদ' কোন সমাস?** [সমন্বিত ৮ (আট) ব্যাংক অফিসার (জেনারেল) : ২২]
ⓚ সমনাধিকরণ বহুব্রীহি ⓚ মধ্যপদলোপী বহুব্রীহি
ⓖ ব্যধিকরণ বহুব্রীহি ⓘ ব্যতিহার বহুব্রীহি **উত্তর:** খ

৫৭. **বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?** [সমন্বিত ৯ (নয়) ব্যাংক অফিসার (জেনারেল) : ২২]
ⓚ হাতেখড়ি ⓚ আপাদমস্তক
ⓖ চতুরঙ্গ ⓘ স্মৃতিসৌধ **উত্তর:** ক

৫৮. **'হাতেখড়ি' সমাসবদ্ধ পদটি সঠিক ব্যাসবাক্য কোনটি?** [চবি (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ হাতের খড়ি
ⓚ হাতে খড়ি দেয়া হয় যে অনুষ্ঠানে
ⓖ হাতে যে খড়ি
ⓘ হাতে খড়ি যার **উত্তর:** খ

৫৯. **'গলায় গামছা যার' এটি কোন ধরনের বহুব্রীহি সমাসের ব্যাসবাক্য?** [সরকারি মাধ্যমিক বি: সহকারী শিক্ষক : ০৯]
ⓚ অলুক বহুব্রীহি ⓚ নিপাতনে সিদ্ধ বহুব্রীহি
ⓖ ব্যতিহার বহুব্রীহি ⓘ ব্যধিকরণ বহুব্রীহি **উত্তর:** ক

৬০. **'কথাসর্বস্ব' কোন ধরনের বহুব্রীহি সমাস?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ সমানাধিকরণ ⓚ ব্যধিকরণ
ⓖ ব্যতিহার ⓘ মধ্যপদলোপী **উত্তর:** খ

৬১. **নিচের কোনটি মধ্যপদলোপী বহুব্রীহি সমাসের উদাহরণ নয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ মেনিমুখো ⓚ হাতেখড়ি
ⓖ বেতার ⓘ বিড়াল-চোখি **উত্তর:** গ

৬২. **উপমা-প্রধান বহুব্রীহি সমাসের উদাহরণ-** [চবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ⓚ চন্দ্রবদন ⓚ গায়ে-হলুদ
ⓖ নির্বোধ ⓘ গোঁফখেজুরে **উত্তর:** ঘ

৬৩. **নিচের কোনটি সংখ্যাবাচক বহুব্রীহি সমাসের উদাহরণ নয়?** [মাভাবিপ্রবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ দশভুজা ⓚ চৌচালা
ⓖ সেতার ⓘ চৌরাস্তা **উত্তর:** ঘ

৬৪. **সংখ্যাবাচক বহুব্রীহি সমাস কোনটি?** [দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি. অফিসার জেনারেল : ২১]
ⓚ চতুর্ভুজ ⓚ চৌরাস্তা
ⓖ ত্রিফলা ⓘ অষ্টধাতু **উত্তর:** ক

৬৫. প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাব রক্ষক : ২১]
ক) তেপান্তর খ) লেখালেখি
গ) জীবন্মৃত ঘ) দোটানা **উত্তর:** ঘ

৬৬. প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ক) কানে-খাটো খ) নরপশু
গ) ঘরমুখো ঘ) তেপায়া **উত্তর:** গ

৬৭. 'কথায় পটু' কোন ধরনের সমাস? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (B ইউনিট) : ২১-২২]
ক) ব্যতিহার বহুব্রীহি খ) প্রত্যয়ান্ত বহুব্রীহি
গ) অলুক বহুব্রীহি ঘ) মধ্যপদলোপী বহুব্রীহি **উত্তর:** গ

৬৮. 'অন্তরীপ' সমস্তপদটি কোন বহুব্রীহি সমাসের অন্তর্ভুক্ত? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ)-এর অডিটর : ২২]
ক) প্রত্যয়ান্ত বহুব্রীহি খ) নিপাতনে সিদ্ধ বহুব্রীহি
গ) সংখ্যাবাচক বহুব্রীহি ঘ) ব্যধিকরণ বহুব্রীহি **উত্তর:** খ

৬৯. 'জীবন্মৃত' এর ব্যাসবাক্য কোনটি? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৩]
ক) জীবিত কিন্তু মৃত খ) যে জীবিত সেই মৃত
গ) মৃতের ন্যায় জীবিত ঘ) একই সাথে জীবিত ও মৃত
ঙ) জীবিত থেকেও যে মৃত **উত্তর:** ঙ

৭০. 'দ্বীপ' এর ব্যাসবাক্য- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ক) চারদিকে জল যার খ) দুদিকে আবদ্ধ জল যার
গ) দুদিকে অপ যার ঘ) দ্বীপের মত **উত্তর:** গ

৭১. 'পণ্ডিতমূর্খ' শব্দটির ব্যাসবাক্য কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ক) পণ্ডিত ও মূর্খ
খ) পণ্ডিত হয়েও যে মূর্খ
গ) যিনি পণ্ডিত তিনিই মূর্খ
ঘ) মূর্খের ন্যায় যে পণ্ডিত **উত্তর:** খ

তৎপুরুষ সমাস

সমস্যমান পদের বিভক্তি ও সন্নিহিত অনুসর্গ লোপ পেয়ে যে সমাস হয়, তাকে তৎপুরুষ সমাস বলে।

- তৎপুরুষ সমাসের পূর্বপদের বিভক্তি লোপ পায়। যেমন- বিপদকে আপন্ন = বিপদাপন্ন। এখানে দ্বিতীয়া বিভক্তি 'কে' লোপ পেয়েছে বলে এর নাম দ্বিতীয়া তৎপুরুষ।
- সন্নিহিত অনুসর্গ লোপ পাওয়া তৎপুরুষ সমাস

বিয়েপাগলা = বিয়ের জন্য পাগলা
রান্নাঘর = রান্নার জন্য ঘর
আগাগোড়া = আগা থেকে গোড়া
গ্রামছাড়া = গ্রাম থেকে ছাড়া
মধুমাখা = মধু দিয়ে মাখা
চিনিপাতা = চিনি দিয়ে পাতা

তৎপুরুষ সমাসের প্রকারভেদ

তৎপুরুষ সমাস নয় প্রকার। যথা- দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, নঞ, উপপদ ও অলুক তৎপুরুষ সমাস।

১. দ্বিতীয়া তৎপুরুষ সমাস : পূর্বপদে দ্বিতীয়া বিভক্তি (কে, রে, ব্যাপিয়া) ইত্যাদি লোপ পায়।

বইপড়া = বইকে পড়া
ছেলে-ভুলানে = ছেলেকে ভুলানো
বিপদাপন্ন = বিপদকে আপন্ন

এরূপ : আম-কুড়ানো, দুঃখাতীত, দুঃখপ্রাপ্ত, দেশত্যাগ, পৃষ্ঠপ্রদর্শন, বঙ্গভঙ্গ, বিস্ময়াপন্ন, ভুঁইফোঁড়, স্বর্গপ্রাপ্ত, হলুদবাটা।

ব্যাপ্তি অর্থে কালবাচক পদের সাথে দ্বিতীয়া তৎপুরুষ সমাস হয়। যেমন-

ক্ষণস্থায়ী = ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী
চিরসুখী = চিরকাল ব্যাপিয়া সুখী

এছাড়া যথা তথা, রূপে, ভাবে ইত্যাদি শব্দ ব্যবহারের মাধ্যমেও দ্বিতীয়া তৎপুরুষ সমাস হয়। যেমন-

অর্ধমৃত = অর্ধ রূপে মৃত

২. তৃতীয়া তৎপুরুষ সমাস : পূর্বপদে তৃতীয়া বিভক্তির (দ্বারা, দিয়ে, কর্তৃক) বিভক্তি লোপ পায়।

একোন = এক দ্বারা উন
জনাকীর্ণ = জন দ্বারা আকীর্ণ
পুষ্পাঞ্জলি = পুষ্প দিয়ে অঞ্জলি
স্বভাবসিদ্ধ = স্বভাব দ্বারা সিদ্ধ

এরূপ : গুণমুগ্ধ, চন্দনচর্চিত, ছাইচাপা, জ্ঞানশূন্য, তৃষ্ণার্ত, ন্যায়সঙ্গত, বাগদত্তা, বন্যার্ত, বাগবিতণ্ডা, বিদ্যাহীন, বুদ্ধিদীপ্ত, মনগড়া, মেঘলুপ্ত, মেঘশূন্য, মন্ত্রমুগ্ধ, রসাভিষিক্ত, শিশিরসিক্ত, শ্রমলব্ধ, স্বর্ণমণ্ডিত।

৩. চতুর্থী তৎপুরুষ সমাস : পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত ইত্যাদি) লোপে পায়।

গুরুভক্তি = গুরুকে ভক্তি
তপোবন = তপের নিমিত্ত বন

এরূপ: আরামকেদারা, এতিমখানা, ডাকমাশুল, দেবদত্ত, বসতবাড়ি, বালিকা-বিদ্যালয়, মাপকাঠি, হজযাত্রা।

৪. পঞ্চমী তৎপুরুষ সমাস : পূর্বপদে পঞ্চম বিভক্তি (হইতে, থেকে, চেয়ে ইত্যাদি) বিভক্তি লোপ পায়।

ইত্যাদি = ইতি হতে আদি
পরাণপ্রিয় = পরাণের চেয়ে প্রিয়
স্নাতকোত্তর = স্নাতক থেকে উত্তর
রজাত = র হইতে জাত

এরূপ : ঘরছাড়া, জেলমুক্ত, দলছুট, দলছাড়া, পাপমুক্ত, বিলাতফেরত, মেঘমুক্ত, মুখভ্রষ্ট।

৫. ষষ্ঠী তৎপুরুষ সমাস : পূর্বপদে ষষ্ঠী বিভক্তি (র, এর) লোপ পায়। যেমন-

বিশ্ববিদ্যালয় = বিশ্ববিদ্যার আলয়
বিশ্বকবি = বিশ্বের কবি

এরূপ : কর্ণকুহর, খেয়াঘাট, গল্পপ্রেমিক, গুণগ্রাম, চাবাগান, ছাত্রসমাজ, ঝড়-ঝাপটা, ধানখেত, পৌরসভা, পূজার্ঘ, পুষ্পসৌরভ, বটতলা, বাঁদরনাচ, ভোটাধিকার, মানবশিশু, মানবহৃদয়, মামাবাড়ি, যৌবনবেগ, সাহিত্যবিশারদ, সাহিত্যচর্চা।

ষষ্ঠী তৎপুরুষ সমাসে 'রাজা' স্থলে রাজ, 'পিতা' স্থলে পিতৃ, 'মাতা' স্থলে মাতৃ হয়। যেমন-

পিতৃধন = পিতার ধন মাতৃসেবা= মাতার সেবা
রাজপুত্র = রাজার পুত্র রাজরানী = রাজার রানী

ব্যাসবাক্যে 'রাজা' শব্দ পরে থাকলে সমস্তপদে আগে বসে। যথা-

রাজপথ = পথের রাজা রাজহাঁস = হাঁসের রাজা
রাজমিস্ত্রী = মিস্ত্রীর রাজা

'অর্ধ' শব্দ পরপদ হলে সমস্তপদে তা পূর্বপদ হয়। যথা-

অর্ধচন্দ্র = চন্দ্রের অর্ধেক অর্ধপথ = পথের অর্ধেক

কালের কোন অংশবোধক শব্দ পরে থাকলে তা পূর্বে বসে। যথা-

মধ্যাহ্ন = অহ্নের মধ্যভাগ পূর্বাহ্ণ = অহ্নের পূর্বভাগ
অপরাহ্ণ = অহ্নের অপর (বা শেষ) ভাগ

শিশু, ডিম্ব, দুগ্ধ ইত্যাদি শব্দ পরে থাকলে স্ত্রীবাচক পূর্বপদ পুরুষবাচক হয়। যথা-

মৃগশিশু = মৃগীর শিশু ছাগদুগ্ধ = ছাগীর দুগ্ধ
হংসডিম্ব = হংসীর ডিম্ব নাতজামাই = নাতনীর জামাই

৬. সপ্তমী তৎপুরুষ সমাস : পূর্বপদে সপ্তমী বিভক্তি (এ, য়, তে) বিভক্তি লোপ পায়।

রঙ্গভরা = রঙ্গে ভরা বাটাভরা = বাটায় ভরা

এরূপ: অকালমৃত্যু, গাছপাকা, গোলাভরা, ছায়াশীতল, জলমগ্ন, দিবানিদ্রা, নরাধম, পুথিগত, বস্তাপচা, বিশ্ববিখ্যাত, মনমরা, সংখ্যালঘু।

সপ্তমী তৎপুরুষ সমাসে কোনো কোনো সময় ব্যাসবাক্যে পরপদ সমস্তপদের পূর্বে আসে। যথা-

অদৃষ্টপূর্ব = পূর্বে অদৃষ্ট অশ্রুতপূর্ব = পূর্বে অশ্রুত
ভূতপূর্ব = পূর্বে ভূত

৭. নঞ্ তৎপুরুষ সমাস : না-বাচক নঞ অব্যয় (না, নেই, নাই, নয়) পূর্বে বসে। যেমন-

অধর্ম = নয় ধর্ম অলৌকিক = ন লৌকিক
নাতিদীর্ঘ = ন (নয়) অতি দীর্ঘ অমিল = ন (নাই) মিল

এরূপ : অকাতর, অচেনা, অনেক, অনুচিত, অসুখ, অস্থির, অনাদর, অনশন, অনাচার, অনিষ্ট, অনৈক্য, অবিশ্বাস, অকাল, আকাল, আকাঁড়া, আভাঙ্গা, নাতিদূর, বেতমিজ, বেতাল, বেআইনি।

৮. উপপদ তৎপুরুষ সমাস : যে পদের পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎ-প্রত্যয় যুক্ত হয় সে পদকে উপপদ বলে। কৃদন্ত পদের সঙ্গে উপপদের যে সমাস হয়, তাকে বলে উপপদ তৎপুরুষ সমাস।

খেচর = খ (আকাশে) চরে যে
গৃহস্থ = গৃহে থাকে যে
জলমগ্ন = জলে মগ্ন
গিরীশ = গিরিতে যিনি/ যে অবস্থান করেন
পঙ্কজ = পঙ্কে জন্মে যা
প্রিয়ংবদা = প্রিয় কথা বলে যে নারী
মধুকর = মধু করে যে
সর্বনাশা = সর্বনাশ করে যে
হরবোলা = হরেক রকম বুলি বলে যে

এরূপ : ইন্দ্রজিৎ, ঘরপোড়া, ছারপোকা, ছা-পোষা, ছেলেধরা, জলচর, জলদ, ধামাধরা, পকেটমার, পা-চাটা, বর্ণচোরা, বাজিকর, বুদ্ধিজীবী, বেতনভোগী, মধুপ, মাছিমারা, শ্মশানচারী, সত্যবাদী, সর্বহারা।

৯. অলুক তৎপুরুষ সমাস : পূর্বপদের বিভক্তি লোপ হয় না। সবরকম তৎপুরুষ সমাসই অলুক হতে পারে। যেমন-

- অলুক তৃতীয়া তৎপুরুষ সমাস : চোখ দিয়ে দেখা = চোখে-দেখা, বাঁশে-বাঁধা = বাঁশ দ্বারা বাঁধা। এগুলোকে অলুক সপ্তমী তৎপুরুষ সমাস হিসেবে বিবেচনা করাই সংগত।
- অলুক ষষ্ঠী তৎপুরুষ সমাস : কলের-গান = কলের গান, কলুর-বলদ = কলুর বলদ, গরুরগাড়ি = গরুর গাড়ি, ঘোড়ার-ডিম = ঘোড়ার ডিম, চোখের-বালি = চোখের বালি, সোনার-বাংলা = সোনার বাংলা।
- অলুক সপ্তমী তৎপুরুষ সমাস : চুলে-কাঁটা = চুলে কাঁটা, গায়েপড়া = গায়ে পড়া, ঘিয়েভাজা = ঘিয়ে ভাজা, কলেছাঁটা = কলে ছাঁটা।

MCQ Solution

১. **পূর্ব পদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে বলে-** [NSI-এর ফিল্ড অফিসার : ২১]
ⓚ বহুব্রীহি সমাস ⓚ দ্বন্দ্ব সমাস
(ক) বহুব্রীহি সমাস (খ) দ্বন্দ্ব সমাস
(গ) কর্মধারয় সমাস (ঘ) তৎপুরুষ সমাস **উত্তর:** ঘ

২. **সাধারণত সমাসে কোন পদে কারক বিভক্তি থাকে?** [কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদপ্তরের সহকারী পরিদর্শক : ০৫]
(ক) প্রথম পদে (খ) শেষ পদে
(গ) সর্বনাম পদে (ঘ) বিশেষ্য পদে **উত্তর:** ক

৩. **ব্যাপ্তি বুঝালে কোন সমাস হয়?** [রাবি : ০৮-০৯]
(ক) দ্বিতীয়া তৎপুরুষ (খ) চতুর্থী তৎপুরুষ
(গ) পঞ্চমী তৎপুরুষ (ঘ) সপ্তমী তৎপুরুষ **উত্তর:** ক

৪. **'অর্ধমৃত' সমাসের সঠিক ব্যাসবাক্য কোনটি?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ -এর সহকারী পরিচালক : ২০]
(ক) মৃত প্রায় যে (খ) অর্ধ সময় ব্যাপিয়া মৃত
(গ) অর্ধ রূপে মৃত (ঘ) অর্ধ মৃত যে **উত্তর:** গ

৫. **'আম-কুড়ানো' কোন সমাস?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১১-১২]
ⓚ দ্বিতীয়া তৎপুরুষ ⓚ ষষ্ঠী তৎপুরুষ
ⓖ চতুর্থী তৎপুরুষ ⓖ তৃতীয়া তৎপুরুষ **উত্তর:** ক

৬. **'পৃষ্ঠপ্রদর্শন' কোন সমাস?** [রাবি : ০৭-০৮]
ⓚ দ্বিতীয়া তৎপুরুষ ⓚ তৃতীয়া তৎপুরুষ
ⓖ পঞ্চমী তৎপুরুষ ⓖ ষষ্ঠী তৎপুরুষ **উত্তর:** ক

৭. **'চিরসুখী' শব্দটির ব্যাসবাক্য কি?** [বাংলাদেশ হাউস বিল্ডিং ফিন্যান্স কর্পোরেশন অফিসার : ১১]
ⓚ চিরকাল সুখী ⓚ চিরদিন সুখে থাকেন যিনি
ⓖ চিরকাল ব্যাপিয়া সুখী ⓖ চিরসুখী যে **উত্তর:** গ

৮. **'বিপদাপন্ন' শব্দের ব্যাসবাক্য-** [ঢাবি (ঘ ইউনিট) : ০২-০৩]
ⓚ বিপদে আপন্ন ⓚ বিপদকে আপন করে যে
ⓖ বিপদকে আপন্ন ⓖ বিপদ রূপ আপন্ন **উত্তর:** গ

৯. **'বিস্ময়াপন্ন' সমস্ত পদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?** [৩৭তম বিসিএস/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক (পদার্থ) : ২১]
ⓚ বিস্ময় দ্বারা আপন্ন ⓚ বিস্ময়ে আপন্ন
ⓖ বিস্ময়কে আপন্ন ⓖ বিস্ময়ে যে আপন্ন **উত্তর:** গ

১০. **'হলুদবাটা' সমাসবদ্ধ শব্দের ব্যাসবাক্য-** [ঢাবি (ঘ ইউনিট) : ০৩-০৪]
ⓚ হলুদের বাটা ⓚ বাটা হয়েছে যে হলুদ
ⓖ বাটা যে হলুদ ⓖ হলুদকে বাটা **উত্তর:** ঘ

১১. **সমাসের সাহায্যে গঠিত সাধিত শব্দ কোনটি?** [চবি (খ ইউনিট) : ১৫-১৬]
ⓚ পরিষ্কার ⓚ ডুবন্ত
ⓖ দেশত্যাগ ⓖ উদ্যোগ **উত্তর:** গ

১২. **কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ?** [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ব্রিজ) : ১৮]
ⓚ রাঙাআলু ⓚ রসরঙ্গ
ⓖ ভাঙাগড়া ⓖ বঙ্গভঙ্গ **উত্তর:** ঘ

১৩. **'পুষ্পাঞ্জলি' শব্দটি কীভাবে গঠিত?** [ঢাবি (ক ইউনিট) : ০৩-০৪]
ⓚ প্রত্যয়যোগে ⓚ সন্ধিযোগে
ⓖ উপসর্গযোগে ⓖ সমাসযোগে **উত্তর:** ঘ

১৪. **কোনটি তৎপুরুষ সমাস?** [১৩তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৬]
ⓚ কালি-কলম ⓚ মধুমাখা
ⓖ দশানন ⓖ মাতাপিতা **উত্তর:** খ

১৫. **তৎপুরুষ সমাসের উদাহরণ কোনটি?** [চবি (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ তাল-তমাল ⓚ রাঙামাটি
ⓖ শতবার্ষিকী ⓖ শ্রমলব্ধ **উত্তর:** ঘ

১৬. **কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ⓚ বহুব্রীহি ⓚ স্বভাবসিদ্ধ
ⓖ নবযৌবন ⓖ অতিমাত্র **উত্তর:** খ

১৭. **কোনটি তৎপুরুষ সমাস?** [মাভাবিপ্রবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ জনমানব ⓚ মহাকাব্য
ⓖ শতাব্দী ⓖ মন্ত্রমুগ্ধ **উত্তর:** ঘ

১৮. **'গুণমুগ্ধ' শব্দটি কোন সমাসের উদাহরণ?** [চবি (ঙ ইউনিট) : ১৫-১৬]
ⓚ করণ তৎপুরুষ ⓚ কর্ম তৎপুরুষ
ⓖ সম্বন্ধ তৎপুরুষ ⓖ নিমিত্ত তৎপুরুষ
ⓤ উপপদ তৎপুরুষ **উত্তর:** ক

১৯. **সমাস নির্ণয় কর: বিদ্যাহীন = বিদ্যার দ্বারা হীন** [জাবি (গ ইউনিট) : ১১-১২]
ⓚ কর্মধারয় ⓚ তৎপুরুষ
ⓖ বহুব্রীহি ⓖ দ্বিগু **উত্তর:** খ

২০. **'এক দ্বারা উন' কোন সমাস?** [ইবি (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ ৩য়া তৎপুরুষ ⓚ ২য়া তৎপুরুষ
ⓖ ৪র্থী তৎপুরুষ ⓖ ৫মী তৎপুরুষ **উত্তর:** ক

২১. **'রসাভিষিক্ত' কোন সমাসের উদাহরণ?** [রাবি (ই১ ইউনিট) : ১৭-১৮]
ⓚ তৃতীয়া তৎপুরুষ ⓚ অলুক তৃতীয়া
ⓖ ষষ্ঠী তৎপুরুষ ⓖ উপপদ তৎপুরুষ **উত্তর:** ক

২২. **'চিনিপাতা' শব্দের ব্যাসবাক্য কোনটি?** [ঢাবি (ক ইউনিট) : ৯৯-০০]
ⓚ যা চিনি তা-ই পাতা ⓚ চিনি ও পাতা
ⓖ চিনি রূপ পাতা ⓖ চিনির দ্বারা পাতা **উত্তর:** ঘ

২৩. **'শিশিরসিক্ত' কোন সমাসের দৃষ্টান্ত?** [ঢাবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ করণ তৎপুরুষ ⓚ ষষ্ঠী তৎপুরুষ
ⓖ অলুক তৎপুরুষ ⓖ কর্ম তৎপুরুষ **উত্তর:** ক

২৪. **কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ জীবনবীমা (জীবন রক্ষার বীমা)
ⓚ গমনাগমন (গমন ও আগমন)
ⓖ নদীমাতৃক (নদী মাতা যার)
ⓖ বাগদত্তা (বাক্ দ্বারা দত্তা) **উত্তর:** ঘ

২৫. **তৎপুরুষ সমাসের উদাহরণ কোনটি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ⓚ দেখন হাসি ⓚ বিয়েপাগলা
ⓖ নীলাকাশ ⓖ ঘরে বাইরে **উত্তর:** খ

২৬. **কোনটি চতুর্থী তৎপুরুষ সমাসের উদাহরণ?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ গুরুভক্তি ⓚ শ্রমলব্ধ
ⓖ বস্তাপঁচা ⓖ পদচ্যুত **উত্তর:** ক

২৭. **'হজযাত্রা' কোন সমাসের উদাহরণ?** [বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সহকারী পরিচালক : ২১]
ⓚ ৩য়া তৎপুরুষ ⓚ ৪র্থী তৎপুরুষ
ⓖ ৫মী তৎপুরুষ ⓖ ৭মী তৎপুরুষ **উত্তর:** খ

২৮. **'দেবদত্ত' কোন সমাস?** [রাবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ চতুর্থী তৎপুরুষ ⓚ প্রাদী তৎপুরুষ
ⓖ তৃতীয়া তৎপুরুষ ⓖ পঞ্চমী তৎপুরুষ **উত্তর:** ক

২৯. **'বিদ্যার নিমিত্তে ভবন' ব্যাসবাক্যটি কোন সমাসের?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ⓚ বহুপদী দ্বন্দ্ব ⓚ প্রাদি সমাস
ⓖ অলুক তৎপুরুষ ⓖ চতুর্থী তৎপুরুষ **উত্তর:** ঘ

৩০. **'দলছাড়া' কোন সমাসের উদাহরণ?** [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার : ১৮]
ⓚ ৩য়া তৎপুরুষ ⓚ ৪র্থী তৎপুরুষ
ⓖ ৫মী তৎপুরুষ ⓖ ৭মী তৎপুরুষ **উত্তর:** গ

৩১. **পঞ্চমী তৎপুরুষের উদাহরণ-** [জবি (গ ইউনিট) : ০৫-০৬]
ⓚ নবযৌবন ⓚ রীতিপদ্ধতি
ⓖ মুখভ্রষ্ট ⓖ সমাজ-সংস্কারক **উত্তর:** গ

৩২. **নিচের কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ⓚ রজাত ⓚ সলজ্জ
ⓖ অন্যমনা ⓖ মহাকীর্তি **উত্তর:** ক

৩৩. **'খেয়াঘাট' শব্দটি কোন সমাস?** [জাবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ⓚ দ্বিতীয়া তৎপুরুষ ⓚ চতুর্থী তৎপুরুষ
ⓖ পঞ্চমী তৎপুরুষ ⓖ অলুক তৎপুরুষ **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর - ষষ্ঠী তৎপুরুষ সমাস।

৩৪. **'চায়ের বাগান' কোন সমাস?** [ইবি (গ ইউনিট) : ১৭-১৮]
ⓚ উপপদ তৎপুরুষ ⓚ ৬ষ্ঠী তৎপুরুষ
ⓖ ৫মী তৎপুরুষ ⓖ ৭মী তৎপুরুষ **উত্তর:** খ

৩৫. **'পুষ্পসৌরভ' কোন সমাস সাধিত?** [৩৮তম বিসিএস]
ⓚ ষষ্ঠী তৎপুরুষ ⓚ দ্বিতীয়া তৎপুরুষ
ⓖ পঞ্চমী তৎপুরুষ ⓖ উপপদ তৎপুরুষ **উত্তর:** ক

৩৬. **'হংসডিম্ব' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [বাংলাদেশ বেতারের সহ-সম্পাদক : ১৯]
ⓚ হাঁসের ডিম ⓚ হংসীর ডিম্ব
ⓖ হাঁস ও ডিম ⓖ হংস হতে যে ডিম **উত্তর:** খ

৩৭. **'পৌরসভা' কোন তৎপুরুষ সমাস?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১২]
ⓚ ষষ্ঠী ⓚ চতুর্থী
ⓖ তৃতীয়া ⓖ দ্বিতীয়া **উত্তর:** ক

৩৮. **'ছাগদুগ্ধ' এ সমস্তপদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?** [বেরোবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ ছাগের দুগ্ধ ⓚ ছাগ ও দুগ্ধ
ⓖ ছাগী হতে দুগ্ধ ⓖ ছাগীর দুগ্ধ **উত্তর:** ঘ

৩৯. **'নাতজামাই' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য-** [ঢাবি (ঘ ইউনিট) : ১৬-১৭]
ⓚ নাতনির জামাই
ⓚ যে নাতি সে-ই জামাই
ⓖ নাতির জামাই
ⓖ নাতি রূপ জামাই **উত্তর:** ক

৪০. **'বিশ্বকবি' সমাস কি হবে?** [কর্মসংস্থান ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর : ১১]
ⓚ বিশ্বরূপ কবি ⓚ যিনি বিশ্বের কবি
ⓖ বিশ্ব ও কবি ⓖ বিশ্বের কবি **উত্তর:** ঘ

৪১. **'সাহিত্যবিশারদ' কোন সমাসের উদাহরণ?** [দুর্নীতি দমন কমিশন এর উপ-সহকারী পরিচালক : ২০]
ক) দ্বিতীয়া তৎপুরুষ খ) ষষ্ঠী তৎপুরুষ
গ) বহুব্রীহি ঘ) অব্যয়ীভাব **উত্তর: খ**

১৮৫. 'যথারীতি' কোন সমাসের দৃষ্টান্ত? [৪৪তম বিসিএস]
ক) অব্যয়ীভাব খ) দ্বিগু
গ) বহুব্রীহি ঘ) দ্বন্দ্ব **উত্তর: ক**

১৮৬. 'যথাসাধ্য' কোন সমাসের উদাহরণ? [বশেমুরবিপ্রবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক) তৎপুরুষ খ) অব্যয়ীভাব
গ) বহুব্রীহি ঘ) অলুক তৎপুরুষ **উত্তর: খ**

১৮৭. 'যাবজ্জীবন' কোন সমাস? [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৮-০৯]
ক) দ্বন্দ্ব খ) অব্যয়ীভাব
গ) বহুব্রীহি ঘ) কর্মধারয় **উত্তর: খ**

১৮৮. 'যিনি রাজা তিনিই বাহাদুর'- কোন সমাস? [রাবি (ই৩ ইউনিট) : ১৭-১৮]
ক) অব্যয়ীভাব খ) দ্বিগু
গ) তৎপুরুষ ঘ) কর্মধারয় **উত্তর: ঘ**

১৮৯. 'যৌবনবেগ' কোন সমাস? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ক) দ্বন্দ্ব খ) কর্মধারয়
গ) ষষ্ঠী তৎপুরুষ ঘ) অব্যয়ীভাব **উত্তর: গ**

১৯০. 'যৌবনসূর্য' কোন সমাস? [বিশেষ শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১০]
ক) দ্বন্দ্ব সমাস খ) মধ্যপদলোপী কর্মধারয়
গ) ৬ষ্ঠী তৎপুরুষ ঘ) রূপক কর্মধারয় **উত্তর: ঘ**

১৯১. 'রাঙামাটি' কোন সমাস? [নোবিপ্রবি (ক ইউনিট) : ১৫-১৬]
ক) বহুব্রীহি খ) নিত্য
গ) কর্মধারয় ঘ) অব্যয়ীভাব **উত্তর: গ**

১৯২. 'রক্তকমল' কোন সমাসের দৃষ্টান্ত? [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ (বাণিজ্য ইউনিট) : ২১-২২]
ক) কর্মধারয় খ) দ্বিগু
গ) তৎপুরুষ ঘ) অব্যয়ীভাব **উত্তর: ক**

১৯৩. 'রক্তারক্তি' কোন সমাস? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১০-১১]
ক) দ্বন্দ্ব খ) দ্বিগু
গ) বহুব্রীহি ঘ) তৎপুরুষ **উত্তর: গ**

১৯৪. 'রাজপুত্র' কোন সমাসের উদাহরণ? [কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস (সিজিএ)-এর অডিটর : ২২]
ক) তৎপুরুষ খ) বহুব্রীহি
গ) কর্মধারয় ঘ) দ্বন্দ্ব **উত্তর: ক**

১৯৫. "এত ভঙ্গ বঙ্গদেশ তবু রঙ্গভরা।" এ বাক্যের 'রঙ্গভরা' কোন সমাস? [ঢাবি (খ ইউনিট) : ৯৮-৯৯]
ক) কর্মধারয় খ) বহুব্রীহি
গ) তৎপুরুষ ঘ) অব্যয়ীভাব **উত্তর: গ**

১৯৬. রোজ রোজ = হররোজ। সমাসটির নাম- [রাবি : ০৪-০৫]
ক) দ্বন্দ্ব খ) বহুব্রীহি
গ) তৎপুরুষ ঘ) অব্যয়ীভাব **উত্তর: ঘ**

১৯৭. 'রোজ রোজ = হররোজ' সমাসটি কোন অর্থে নিষ্পন্ন? [জবি (ঘ ইউনিট) : ১২-১৩]
ক) সাদৃশ্য খ) নৈকট্য
গ) পৌনঃপুনিকতা ঘ) অভাব **উত্তর: গ**

১৯৮. 'লাঠালাঠি' কোন সমাস? [২৬তম বিসিএস/ ১৭তম বিসিএস]
ক) প্রাদি সমাস খ) ব্যতিহার বহুব্রীহি সমাস
গ) তৎপুরুষ সমাস ঘ) কর্মধারয় সমাস **উত্তর: খ**

১৯৯. 'লম্বাটে' কোন সমাস? [ইবি (গ ইউনিট) : ১০-১১]
ক) অব্যয়ীভাব খ) কর্মধারয়
গ) তৎপুরুষ ঘ) বহুব্রীহি **উত্তর: ক**

২০০. 'লোকান্তর' শব্দটি কোন সমাস-সাধিত? [চবি (ঘ ইউনিট) : ১৬-১৭]
ⓚ বহুব্রীহি ⓚ কর্মধারয়
ⓖ নিত্য ⓖ দ্বিগু **উত্তর:** গ

২০১. 'শ্বেতবস্ত্র' শব্দটি কোন সমাস? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বেলী) : ০৯]
ⓚ দ্বিগু সমাস ⓚ কর্মধারয় সমাস
ⓖ তৎপুরুষ সমাস ⓖ অব্যয়ীভাব সমাস **উত্তর:** খ

২০২. 'শান্ত-শিষ্ট'-এটি কোন সমাসের উদাহরণ? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]
ⓚ অলুক দ্বন্দ্ব ⓚ কর্মধারয়
ⓖ ব্যতিহার বহুব্রীহি ⓖ দ্বিগু **উত্তর:** খ

২০৩. 'শশব্যস্ত' কোন সমাস (শশকের ন্যায় ব্যস্ত)? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর জুনিয়র অডিটর (এলডিএ) : ২২]
ⓚ কর্মধারয় ⓚ তৎপুরুষ
ⓖ বহুব্রীহি ⓖ অব্যয়ীভাব **উত্তর:** ক

২০৪. 'শতাব্দী' কোন সমাস? [রাবি (আই ইউনিট) : ১৬-১৭]
ⓚ বহুব্রীহি ⓚ তৎপুরুষ
ⓖ অব্যয়ীভাব ⓖ দ্বিগু **উত্তর:** ঘ

২০৫. 'শিক্ষামন্ত্রী' কোন সমাস? [জাবি (ক ইউনিট) : ১০-১১]
ⓚ অলুক বহুব্রীহি ⓚ মধ্যপদলোপী কর্মধারয়
ⓖ সমার্থক দ্বন্দ্ব ⓖ চতুর্থী তৎপুরুষ **উত্তর:** খ

২০৬. 'শোকানল' শব্দটি কোন সমাস দ্বারা গঠিত? [ঢাবি (ক ইউনিট) : ০৮-০৯]
ⓚ কর্মধারয় ⓚ তৎপুরুষ
ⓖ দ্বন্দ্ব ⓖ রূপক **উত্তর:** ক,ঘ

২০৭. 'সংবাদপত্র' কোন সমাস? [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ⓚ দ্বন্দ্ব সমাস
ⓚ মধ্যপদলোপী কর্মধারয়
ⓖ অব্যয়ীভাব সমাস
ⓖ বহুব্রীহি সমাস **উত্তর:** খ

২০৮. 'সপ্তর্ষি' শব্দটি কোন সমাস? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (গোলাপ) : ০৯]
ⓚ দ্বিগু সমাস ⓚ বহুব্রীহি সমাস
ⓖ তৎপুরুষ সমাস ⓖ দ্বন্দ্ব সমাস **উত্তর:** ক

২০৯. 'সহোদর' কোন সমাস? [সিলেট গ্যাস ফিল্ড লি. অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার : ১৩]
ⓚ বহুব্রীহি ⓚ তৎপুরুষ
ⓖ কর্মধারয় ⓖ দ্বিগু **উত্তর:** ক

২১০. 'সবান্ধব' কোন সমাস? [বশেমুরবিপ্রবি (ঘ ইউনিট) : ১৬-১৭]
ⓚ দ্বন্দ্ব ⓚ তৎপুরুষ
ⓖ বহুব্রীহি ⓖ অব্যয়ীভাব **উত্তর:** গ

২১১. 'সবিনয়' শব্দটি কোন সমাস? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৭]
ⓚ অব্যয়ীভাব ⓚ কর্মধারয়
ⓖ দ্বিগু ⓖ বহুব্রীহি **উত্তর:** ঘ

২১২. 'সচিত্র' কোন ধরনের সমাস? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৬-১৭]
ⓚ দ্বিগু ⓚ দ্বন্দ্ব
ⓖ বহুব্রীহি ⓖ নিত্য **উত্তর:** গ

২১৩. 'সশস্ত্র' শব্দটি কোন সমাসের উদাহরণ? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৯-২০]
ⓚ তৎপুরুষ ⓚ অব্যয়ীভাব
ⓖ কর্মধারয় ⓖ বহুব্রীহি **উত্তর:** ঘ

২১৪. 'সংখ্যালঘু' শব্দটি কোন সমাস? [রাবি (আই ইউনিট) : ১৬-১৭]
ⓚ তৎপুরুষ ⓚ বহুব্রীহি
ⓖ কর্মধারয় ⓖ দ্বিগু **উত্তর:** ক

২১৫. 'সুবর্ণ' কোন সমাস? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩]
ⓚ কর্মধারয় ⓚ তৎপুরুষ
ⓖ বহুব্রীহি ⓖ অব্যয়ীভাব **উত্তর:** গ

২১৬. 'সোনার-বাংলা' কোন সমাসের উদাহরণ? [জবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ ষষ্ঠী তৎপুরুষ ⓚ অলুক তৎপুরুষ
ⓖ উপমান কর্মধারয় ⓖ উপমিত কর্মধারয় **উত্তর:** খ

২১৭. 'স্বর্ণমণ্ডিত' কোন ধরনের সমাস? [রাবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ⓚ দ্বন্দ্ব ⓚ তৎপুরুষ
ⓖ কর্মধারয় ⓖ বহুব্রীহি **উত্তর:** খ

২১৮. 'স্নাতকোত্তর' কোন সমাস? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৩-১৪]
ⓚ তৎপুরুষ সমাস ⓚ দ্বন্দ্ব সমাস
ⓖ বহুব্রীহি সমাস ⓖ কর্মধারয় সমাস **উত্তর:** ক

২১৯. 'হারামণি' কোন সমাস (হারিয়েছে যে মণি)? [সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ক্লাস্টার আইটি অ্যাসিসটেন্ট : ১২]
ⓚ তৎপুরুষ ⓚ কর্মধারয়
ⓖ বহুব্রীহি ⓖ অব্যয়ীভাব **উত্তর:** খ

২২০. 'হরবোলা' কোন সমাস? [তথ্য মন্ত্রণালয়ে সহকারী পরিচালক : ০১]
ⓚ দ্বিগু ⓚ বহুব্রীহি
ⓖ উপপদ তৎপুরুষ ⓖ কর্মধারয় **উত্তর:** গ

২২১. 'হা-ভাতে' কোন সমাস? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ প্রাদি ⓚ অব্যয়ীভাব
ⓖ উপপদ তৎপুরুষ ⓖ বহুব্রীহি **উত্তর:** খ

২২২. 'হা-ঘরে' কোন সমাস? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ⓚ দ্বন্দ্ব ⓚ তৎপুরুষ
ⓖ বহুব্রীহি ⓖ অব্যয়ীভাব **উত্তর:** ঘ

২২৩. 'হাতে-কলমে' কোন ধরনের সমাস? [রাবি (ই২ ইউনিট) : ১৭-১৮]
ⓚ অলুক বহুব্রীহি ⓚ রূপক কর্মধারয়
ⓖ অলুক তৎপুরুষ ⓖ অলুক দ্বন্দ্ব **উত্তর:** ঘ

২২৪. 'হাতাহাতি' কোন সমাসভুক্ত? [ঢাবি (গ ইউনিট) : ১৩-১৪]
ⓚ দ্বন্দ্ব সমাস ⓚ বহুব্রীহি সমাস
ⓖ নিত্য সমাস ⓖ প্রাদি সমাস **উত্তর:** খ

শব্দদ্বিত্ব
Word Jingles

অভিন্ন বা সামান্য পরিবর্তিত চেহারায় কোনো শব্দ পরপর দুইবার ব্যবহৃত হলে তাকে শব্দদ্বিত্ব বা দ্বিরুক্ত শব্দ বা শব্দদ্বৈত বলে। যেমন- রোজ রোজ, দিন-দিন, ঠা ঠা ইত্যাদি।

- একই শব্দ দুইবার ব্যবহার করা হয় এবং শব্দটি অবিকৃত থাকে। যথা- ভালো ভালো ফল, বড় বড় বই, ফোঁটা ফোঁটা পানি, বছর বছর পরীক্ষা, শীত শীত ইত্যাদি।

শব্দদ্বিত্ব তিন ধরনের। যথা- অনুকার দ্বিত্ব, ধ্বন্যাত্মক দ্বিত্ব ও পুনরাবৃত্ত দ্বিত্ব।

১) অনুকার দ্বিত্ব: পরপর প্রয়োগ হওয়া কাছাকাছি চেহারার শব্দকে অনুকার দ্বিত্ব বলে। এতে প্রথম শব্দটি অর্থপূর্ণ হলেও প্রায় ক্ষেত্রে দ্বিতীয় শব্দটি অর্থহীন হয় এবং প্রথম শব্দের অনুকরণে তৈরি হয়। এই অনুকরণ প্রক্রিয়ায় দ্বিতীয় শব্দের শুরুতে ট, ফ, ব, ম, শ প্রভৃতি ধ্বনি যুক্ত থাকতে দেখা যায়। তাতে শব্দকে খানিকটা অনির্দিষ্ট, সাধারণ বা গুরুত্বহীন করা হয়। প্রকাশ পায় 'এই রকম একটা' ভাব। যেমন- অঙ্ক-টঙ্ক, আম-টাম, কেক-টেক, ঘর-টর, গরু-টরু, ছাগল-টাগল, ঝাল-টাল, হেন-তেন, লুচিফুচি, টাট্টু-ফাট্টু, আগড়ম-বাগড়ম, চাকর-বাকর, এলোমেলো, ঝিকিমিকি, কচর-মচর, ঝিলমিল, শেষ-মেষ, অল্পসল্প, বুদ্ধিশুদ্ধি, গুটিশুটি, মোটাসোটা, নরম-সরম, ব্যাপার-স্যাপার, বুঝে-সুঝে।

অনুকার দ্বিত্বে অনেক সময়ে স্বরের পরিবর্তন ঘটে, যেমন- আড়াআড়ি, খোঁজাখুঁজি, ঘোরাঘুরি, চুপচাপ, ঠেকাঠেকি, তাড়াতাড়ি, দলাদলি, দামাদামি, পাকাপাকি, বাড়াবাড়ি, মোটামুটি, টুকরো-টাকরা, ধারধোর, জোগড়-জাগাড়।

২) ধ্বনাত্মক দ্বিত্ব : কোনো প্রাকৃতিক ধ্বনির অনুকরণে যেসব শব্দ তৈরি হয়, সেগুলোকে ধ্বন্যাত্মক শব্দ বলে। যেমন- ঠন একটি ধ্বন্যাত্মক শব্দ। কোনো ধাতব পদার্থের সঙ্গে অন্য কোনো ধাতব পদার্থের সংঘর্ষে এই ধরনের ধ্বনি তৈরি হয়। ঠন শব্দটি পরপর দুই বার বা কখনো ততোধিক বার ব্যবহৃত হলে ধ্বন্যাত্মক দ্বিত্ব সৃষ্টি হয়।

- মানুষের ধ্বনি : ভেউ ভেউ (মানুষের উচ্চস্বরে কান্নার ধ্বনি), ট্যা ট্যা, হি হি, গুণ গুণ
- জীবজন্তুর ধ্বনি : ঘেউ ঘেউ (কুকুরের ধ্বনি), মিউ মিউ (বিড়ালের ডাক), কুহু কুহু (কোকিলের ডাক), কা কা (কাকের ডাক) ইত্যাদি।
- বস্তুর ধ্বনি : কড়কড় (বজ্রের ধ্বনি), ঘচাঘচ (ধান কাটার শব্দ)। এরূপ- মড়মড় (গাছ ভেঙ্গে পড়ার শব্দ), ঝমঝম (বৃষ্টি পড়ার শব্দ), হু হু (বাতাস প্রবাহের শব্দ) ইত্যাদি।
- অনুভূতিজাত কাল্পনিক ধ্বনি : ফোড়া টনটন করে, গা ছমছম করে। একইভাবে, ঝিকিমিকি (ঔজ্জ্বল্য), ঠা ঠা (রোদের তীব্রতা), রিরি করা (তীব্র ক্রোধ প্রকাশে), কুট কুট (শরীরে কামড় লাগার মতো অনুভূতি), খাঁ খাঁ (শূন্যতাবাচক), মিন মিন, ঝি ঝি ইত্যাদি।

এরূপ : কুট কুট, কোঁত কোঁত, কুটুস-কুটুস, কড় কড়, খক খক, খপাখপ, খুটুর-খুটুর, গবাগব, গপাগপ, চকচক, জ্বলজ্বল, ঝমঝম, ঝমঝমি, ঝন ঝন, ঝনঝনি, ঝটাঝট, টসটস, টপাটপ, টুং টুং, ঠুক ঠুক, ঢং ঢং, থকথকে, দুম দুম, দমাদম, ধব ধব, ধুপ ধুপ, পটাপট, ফটাফট, ফুসুর ফুসুর, ভটভট, শোঁ শোঁ, শন শন, সাঁ সাঁ, হিস হিস।

যুগ্মরীতিতে গঠিত ধ্বন্যাত্মক শব্দ : কিচির মিচির (পাখি বা বানরের শব্দ), টাপুর টুপর (বৃষ্টি পতনের শব্দ), হাপুস হুপুস (গোগ্রাসে কিছু খাওয়ার শব্দ)

৩) পুনরাবৃত্ত দ্বিত্ব : পুনরায় আবৃত্ত হলে তাকে পুনরাবৃত্ত দ্বিত্ব বলে। পুনরাবৃত্ত দ্বিত্ব বিভক্তিহীন বা বিভক্তিযুক্ত হতে পারে। যেমন- জ্বর জ্বর, পর পর, কবি কবি, হাতে হাতে, কথায় কথায়, জোরে জোরে ইত্যাদি।

- বিভক্তিহীন পুনরাবৃত্ত : ভালো ভালো (কথা), কত কত (লোক), হঠাৎ হঠাৎ (ব্যথা), ঘুম ঘুম (চোখ), উড়ু উড়ু (মন), গরম গরম (জিলাপি), হায় হায় (করা)।
- বিভক্তিযুক্ত পুনরাবৃত্ত : কথায় কথায় (বাড়া), মজার মজার (কথা), ঝাঁকে ঝাঁকে (চলা), চোখে চোখে (রাখা), মনে মনে (হাসা), সুরে সুরে (বলা), পথে পথে (হাঁটা)।

পদের দ্বিরুক্তি বা পদাত্মক দ্বিরুক্তি বা পদদ্বৈত

বিভক্তিযুক্ত পদের দুইবার ব্যবহারকে পদাত্মক দ্বিরুক্তি বলা হয়। যেমন- হাটে হাটে বিকিয়ে তোর ভরা আপণ। দেশে দেশে ধন্য ধন্য করতে লাগল। ঘরে ঘরে লেখাপড়া হচ্ছে। আমার সন্তান যেন থাকে দুধে ভাতে। চোর হাতে নাতে ধরা পড়েছে। দুই বন্ধুতে গলায় গলায় ভাব।

বিশেষ্য শব্দযুগলের বিশেষণ রূপে ব্যবহার

সামান্যতা বোঝাতে : আমার জ্বর জ্বর লাগছে। (জ্বরের ভাব)।

আধিক্য বোঝাতে : ভালো-ভালো আম। ধামা ধামা ধান। রাশি রাশি ধান।

ক্রিয়া বিশেষণ : ধীরে ধীরে যায়। ফিরে ফিরে চায়।

ধারাবাহিকতা বোঝাতে : বাড়ি-বাড়ি যাব। গ্রামে গ্রামে যাব। ভাইয়ে ভাইয়ে যুদ্ধ।

আগ্রহ বোঝাতে : শিশুটি মা মা বলে কাঁদছে।

বিশেষণ শব্দযুগলের বিশেষণ রূপে ব্যবহার :

আধিক্য বোঝাতে : ছোট ছোট জমি বিক্রি করে দাও।

সামান্যতা বোঝাতে : উড়ু উড়ু ভাব। কাল কাল চেহারা।

তীব্রতা বোঝাতে : নরম নরম হাত। লাল লাল ফুল।

সর্বনাম শব্দের ব্যবহার

বহুবচন বা আধিক্য বোঝাতে : যে-যে যাবে। কে কে এলো?

ক্রিয়াবাচক শব্দের ব্যবহার

বিশেষণ রূপে : এদিকে রোগীর যায় যায় অবস্থা।

পৌনঃপুনিকতা বোঝাতে : ডেকে ডেকে হয়রান হয়েছি।

অব্যয়ের ব্যবহার

ভাবের গভীরতা বোঝাতে : ছি ছি, তুমি কী করেছ? আর হায় হায় করে লাভ কী!

পৌনঃপুনিকতা বোঝাতে : বার বার কামান গর্জে উঠল।

অনুভূতি বা ভাব বোঝাতে : ভয়ে গা ছম ছম করছে।

বিশেষণ বোঝাতে : পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।

ধ্বনিব্যঞ্জনা : বৃষ্টি পড়ে টাপুর টুপুর। ঝির ঝির করে বাতাস বইছে।

যুগ্মরীতিতে দ্বিরুক্ত শব্দ গঠন

জোড়ার দ্বিতীয় শব্দটির আংশিক পরিবর্তন হয়। একই শব্দ ঈষৎ পরিবর্তন করে দ্বিরুক্ত শব্দ গঠনের রীতিকে বলা হয় যুগ্মরীতি। প্রথম শব্দের সাথে সামঞ্জস্য রেখে পরবর্তী যে শব্দ বসে তাকে অনুচর বা সহচর দ্বিরুক্তি বলে। যেমন- বই-টই, মিট-মাট, ফিট-ফাট, বকা-ঝকা, গল্প-সল্প, রকম-সকম ইত্যাদি।

২য় বার ব্যবহারের সময় ব্যঞ্জনধ্বনির পরিবর্তনে : ছটফট, নিশপিশ, ভাতটাত।

সমার্থক বা একার্থক যোগে : হাসি-খুশি, চালচলন, রীতিনীতি, ভয়ডর, ধন-দৌলত, খোঁজ-খবর, খেলা-ধুলা, লালন-পালন, টাকা-পয়সা ইত্যাদি।

বিপরীতার্থক শব্দ যোগে : ছোট-বড়, জন্ম-মৃত্যু, আকাশ-পাতাল, দেনা-পাওনা, ধনী-গরিব, আসা-যাওয়া, কেনা-বেচা, আয়-ব্যয়, লেন-দেন, ইত্যাদি।

ভিন্নার্থক শব্দ যোগে : ডালভাত, পথঘাট, তালাচাবি, অলিগলি ইত্যাদি।

বিশিষ্টার্থক বাগধারায় দ্বিরুক্ত শব্দের প্রয়োগ

লোকটি হাড়ে হাড়ে শয়তান। (আধিক্য)

ছেলেটিকে চোখে চোখে রেখো। (সতর্কতা)

দ্বিরুক্ত শব্দের ব্যবহার বা অর্থ প্রকাশের ক্ষমতা

- বিশেষণ হিসেবে : 'নামিল নভে বাদল ছলছল বেদনায়।'
- ক্রিয়া-বিশেষণ হিসেবে : চিকচিক করে বালি কোথা নাই কাদা। মনে মনে তুলনা করে দেখলাম। সে আমার দিকে মাঝে মাঝে তাকাচ্ছে।
- ধারাবাহিকতা বোঝাতে : পাতায় পাতায় পড়ে নিশির শিশির।

MCQ Solution

১. **একই শব্দ বারবার ব্যবহৃত হলে তাকে বলে-** [স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
ⓚ প্রচলিত শব্দ ⓜ ধ্বন্যাত্মক শব্দ
ⓖ অশব্দ ⓘ দ্বিরুক্ত শব্দ **উত্তর: ঘ**

২. **'দ্বিরুক্ত' শব্দগুলো কত প্রকার?** [বিবিএস এর পরিসংখ্যান সহকারী : ২১]
ⓚ দুই ⓜ তিন
ⓖ চার ⓘ পাঁচ **উত্তর: খ**

৩. **অনুকার দ্বিত্বের উদাহরণ কোনটি?** [NSI - এর ওয়াচার কনস্টেবল (ফিল্ড স্টাফ) : ২১]
ⓚ চুপচাপ ⓜ পটাপট
ⓖ ঝমঝম ⓘ সুরে সুরে **উত্তর: ক**

৪. **'ফোঁটা ফোঁটা' কোন পদের দ্বৈতরূপ-** [হামোদাবিপ্রবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ⓚ অব্যয় ⓜ বিশেষণ
ⓖ ক্রিয়া ⓘ বিশেষ্য **উত্তর: ঘ**

৫. **কোনটি দ্বিরুক্তি শব্দের উদাহরণ?** [চবি (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ ফি বছর ⓜ বছর বছর
ⓖ প্রতিবছর ⓘ বছরান্তে **উত্তর: খ**

৬. **একই শব্দের দু'বার ব্যবহার করা হয়, তবুও শব্দটি অবিকৃত থাকে।- এর উদাহরণ কোনটি?** [কুবি (জ ইউনিট) : ১৩-১৪]
ⓚ ফোঁটা ফোঁটা ⓜ রকম রকম
ⓖ লালন পালন ⓘ ধনী-গরিব **উত্তর: ক**

৭. **সমার্থক যুগ্ম শব্দটি চিহ্নিত করুন-** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১]
ⓚ হাসি-খুশি ⓜ আকাশ-পাতাল
ⓖ কালি-কলম ⓘ দিন-দিন **উত্তর: ক**

৮. **সমার্থক শব্দ যোগে দ্বিরুক্তি হয়েছে কোনটি?** [3 Govt. Banks & Financial Institues : 18]
ⓚ ভাল-মন্দ ⓜ তোড়-জোড়
ⓖ ধন-দৌলত ⓘ আমার-ফকির **উত্তর: গ**

৯. **সমার্থক শব্দযোগে দ্বিরুক্তি কোনটি?** [3 Govt. Banks & Financial Institues : 18]
ⓚ ধনী-গরিব ⓜ টাকা-পয়সা
ⓖ লেন-দেন ⓘ দেনা-পাওনা **উত্তর: খ**

১০. **'ডালভাত' কেমন অর্থের শব্দযোগে দ্বিরুক্ত হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৩]
ⓚ সমার্থক ⓜ মিলনার্থক
ⓖ বিপরীতার্থক ⓘ ভিন্নার্থক **উত্তর: ঘ**

১১. **'কেনা-বেচার পর আয়-ব্যয় হিসেব করা দরকার।' এই বাক্যে কোন ধরনের দ্বিরুক্তি ব্যবহৃত হয়েছে?** [রবি (ক ইউনিট) : ১২-১৩]
ⓚ সমার্থক দ্বিরুক্তি ⓜ বিপরীতার্থক দ্বিরুক্তি
ⓖ যথা দ্বিরুক্তি ⓘ অনুকার দ্বিরুক্তি **উত্তর: খ**

১২. **নিচের কোনটি যুগ্মরীতি দ্বিরুক্ত শব্দ?** [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার : ১৪]
ⓚ বই-টই ⓜ আয়-ব্যয়
ⓖ ঝম্-ঝম্ ⓘ ঠা ঠা **উত্তর: ক**

১৩. 'বই-টই নিয়ে পড়তে বসো।' এখানে 'বই-টই' কী? [৯ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১৪]
ক) যথাদ্বিরুক্তি
খ) অনুচর-দ্বিরুক্তি
গ) সমার্থক দ্বিরুক্তি
ঘ) বিপরীতার্থক দ্বিরুক্তি **উত্তর: খ**

১৪. দ্বিতীয়বার ব্যবহারের সময় ব্যঞ্জনধ্বনির পরিবর্তন দ্বারা কোন শব্দটি গঠিত হয়েছে? [জনতা ও রূপালি ব্যাংক লি. নির্বাহী কর্মকর্তা : ১৯]
ক) ফিটফাট খ) সরাসরি
গ) ছটফট ঘ) খটাখট **উত্তর: ক**

১৫. 'গলায় গলায়'- কী ধরনের দ্বিরুক্তি শব্দ? [রাবি (ই) ইউনিট) : ১৭-১৮]
ক) অনুকার দ্বিরুক্তি খ) পদ দ্বিরুক্তি
গ) ধ্বন্যাত্মক দ্বিরুক্তি ঘ) শব্দ দ্বিরুক্তি **উত্তর: খ**

১৬. কোনটি পদাত্মক দ্বিরুক্তির উদাহরণ? [বিবিএস'র পরিসংখ্যান সহকারী : ২১]
ক) দিন দিন খ) রোজ রোজ
গ) হাতে নাতে ঘ) শুনশান **উত্তর: গ**

১৭. 'পথে পথে' কোন ধরনের শব্দ? [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ক) দ্বিরুক্ত শব্দ খ) শব্দ দ্বৈত
গ) পদ দ্বৈত ঘ) ধ্বন্যাত্মক শব্দ **উত্তর: গ**

১৮. 'হাটে হাটে বিকিয়ে তোর ভরা আপণ' - এ বাক্যে কোন দ্বিরুক্তির প্রয়োগ ঘটেছে? [বেজা এর সহকারী ব্যবস্থাপক : ২০]
ক) যুগ্মরীতি খ) অব্যয়ের
গ) ধ্বনাত্মক ঘ) পদাত্মক **উত্তর: ঘ**

১৯. 'পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।'- কোন অর্থে দ্বিরুক্তি? [জাবি (এফ ইউনিট) : ১৪-১৫]
ক) ভাবের গভীরতা খ) বিশেষণ বোঝাতে
গ) সামান্যতা ঘ) অনুভূতি বোঝাতে **উত্তর: খ**

২০. বিশেষ্য পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৭]
ক) ভালো-ভালো আম
খ) যে-যে যাবে
গ) বাড়ি-বাড়ি যাব
ঘ) লাল-লাল ফুল **উত্তর: গ**

২১. বিশেষণ পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি? [সিজিএ এর অফিস সহায়ক : ২২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০০]
ক) লাল লাল ফুল খ) জ্বর জ্বর লাগছে
গ) গ্রামে গ্রামে যাব ঘ) ভাইয়ে ভাইয়ে যুদ্ধ **উত্তর: ক**

২২. "শিশুটি মা মা বলে কাঁদছে"- এখানে 'মা মা' দ্বিরুক্তিটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লি. এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক) স্বল্পকাল স্থায়ী খ) আগ্রহ
গ) আধিক্য ঘ) তীব্রতা **উত্তর: খ**

২৩. 'ছোট ছোট জমি বিক্রি করে দাও'। এ বাক্যে দ্বিরুক্ত শব্দ কি অর্থ প্রকাশ করে? [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর : ১৯]
ক) গভীরতা খ) সামান্যতা
গ) সতর্কতা ঘ) আধিক্য **উত্তর: ঘ**

২৪. ক্রিয়ার দ্বিরুক্তি যোগে গঠিত বিশেষণের দৃষ্টান্ত হলো- [প্রবাসী কল্যাণ ব্যাংক অফিসার (জেনারেল) : ২১]
ক) ডেকে ডেকে খ) বারে বারে
গ) যায় যায় ঘ) দেখতে দেখতে **উত্তর: গ**

২৫. 'ডেকে ডেকে হয়রান হয়েছি'- এখানে 'ডেকে ডেকে' দ্বিরুক্তিটি কোন অর্থে? [৪৩তম বিসিএস]
ক) স্বল্পকাল স্থায়ী খ) দীর্ঘকাল স্থায়ী
গ) অস্থিরতা ঘ) পৌনঃপুনিকতা **উত্তর: ঘ**

২৬. 'রাশি' শব্দের দ্বিরুক্তিতে কোন অর্থ প্রকাশ পায়? [পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল, রাজশাহী) পোস্টম্যান : ২২]
ক) সামান্য খ) আধিক্য
গ) অতিশয্য ঘ) শূন্য **উত্তর: খ**

২৭. 'জ্বর' এর সাথে কোন শব্দের দ্বিরুক্তিতে সামান্য অর্থ প্রকাশ পায়? [বাংলাদেশ ব্যাংকের অফিসার : ০১]
ক) জারি খ) বিকার
গ) জ্বর ঘ) ব্যাধি **উত্তর: গ**

২৮. আমার জ্বর জ্বর লাগছে- 'জ্বর জ্বর' শব্দ দুটি অবিকৃতভাবে উচ্চারিত হওয়াকে বলে- [৪২তম (বিশেষ) বিসিএস]
ক) দ্বিরুক্ত শব্দ খ) সমার্থক শব্দ
গ) যুগ্মশব্দ ঘ) শব্দদ্বিত্ব **উত্তর: ক**

২৯. কোনটি অব্যয়বাচক দ্বিরুক্তির উদাহরণ? [পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক) ভারা ভারা খ) ছম ছম
গ) হাতে নাতে ঘ) নেই নেই **উত্তর: খ**

৩০. 'বার বার কামান গর্জে উঠল।'- এখানে 'বার বার' কোন ধরনের দ্বিরুক্তি? [ইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ক) ধনাত্মক খ) অব্যয়
গ) ক্রিয়াবাচক ঘ) পদাত্মক **উত্তর: খ**

৩১. 'ছি ছি, তুমি এত খারাপ!' এখানে 'ছি ছি' কী অর্থে প্রকাশ করেছে? [উত্তরা ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]
ক) ভাবের গভীরতা
খ) পৌনঃপুনিকতা
গ) ভাবের ধারাবাহিকতা
ঘ) অনুভূতি ভাব **উত্তর: ক**

৩২. কোনটি অব্যয়বাচক শব্দের দ্বিরুক্তি? [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন এর অফিস সহকারী : ২২]
ক) উড়ু উড়ু ভাব
খ) আর হায় হায় করে লাভ কী?
গ) দেখতে দেখতে সে চলে গেল
ঘ) কবি কবি ভাব **উত্তর: খ**

৩৩. 'অলিগলি' শব্দটিকে ব্যাকরণের সংজ্ঞায় বলে- [ঢাবি (ঘ ইউনিট) : ৯৯-০০]
ⓚ দ্বিরুক্ত ধ্বন্যাত্মক শব্দ
ⓚ দ্বিরুক্ত অনুকার শব্দ
ⓖ অনুকার শব্দদ্বৈত
ⓖ দ্বিরুক্ত যুগ্মরীতির শব্দ **উত্তর: ঘ**

৩৪. 'লোকটি হাড়ে হাড়ে শয়তান।'- কী অর্থে বাক্যটিতে দ্বিরুক্ত শব্দের প্রয়োগ হয়েছে? [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ⓚ সতর্কতা ⓚ শারীরিক গঠন
ⓖ ভাবের প্রগাঢ়তা ⓖ আধিক্য **উত্তর: ঘ**

৩৫. 'কবি কবি ভাব কিন্তু ছন্দের অভাব'- এখানে কবি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [ডাক বিভাগের অফিস সহায়ক (খুলনা অঞ্চল) : ২২]
ⓚ ভালো অর্থে ⓚ পুনরাবৃত্তি অর্থে
ⓖ পৌণঃপুনিক অর্থে ⓖ উপহাস অর্থে **উত্তর: ঘ**

৩৬. ধ্বনিবাচক দ্বিরুক্ত শব্দ-[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ⓚ দরদর ⓚ মরমর
ⓖ কড়কড় ⓖ নড়নড় **উত্তর: গ**

৩৭. ধ্বনিবাচক দ্বিরুক্তি শব্দ কোনটি- [রাবি (ঙ ইউনিট) : ১৬-১৭]
ⓚ দরদর ⓚ কুট কুট
ⓖ মড়মড় ⓖ নরনর **উত্তর: গ**

৩৮. কোনটি ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ? [পোস্টমাস্টার জেনারেল এর উচ্চমান সহকারী (উত্তরাঞ্চল) : ২২]
ⓚ ঘন-ঘন ⓚ ঝম-ঝম
ⓖ ভাল-ভাল ⓖ রাশি-রাশি **উত্তর: খ**

৩৯. ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ কোনটি? [জনতা ব্যাংক লি. সহকারী নির্বাহী কর্মকর্তা : ১৯]
ⓚ চোখে চোখে ⓚ ঘেউ ঘেউ
ⓖ কেউ কেউ ⓖ চুপচাপ **উত্তর: খ**

৪০. ধ্বন্যাত্মক শব্দদ্বিত্ব কোনটি? [বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ⓚ বাড়াবাড়ি ⓚ ঝিকিমিকি
ⓖ পটাপট ⓖ পায়ে পায়ে **উত্তর: গ**

৪১. 'রি রি করা' দিয়ে কি প্রকাশ পায়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ⓚ কড়া মেজাজ ⓚ তীব্র ব্যথা
ⓖ তীব্র ক্রোধ ⓖ কড়া কথা **উত্তর: গ**

৪২. শারীরিক অস্বস্তির ভাবজ্ঞাপক দ্বিরুক্ত শব্দ- [পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ⓚ দরদর ⓚ করকর
ⓖ কুট কুট ⓖ খুটখুট **উত্তর: গ**

৪৩. শূন্যতার ভাবজ্ঞাপক ধ্বন্যাত্মক দ্বিরুক্তি-[ঢাবি (ঘ ইউনিট) : ০৭-০৮]
ⓚ ঠা ঠা ⓚ কা কা
ⓖ শাঁ শাঁ ⓖ খাঁ খাঁ **উত্তর: ঘ**

৪৪. 'ঘচাঘচ' কী ধরনের দ্বিরুক্তি? [রাবি (ই৩ ইউনিট) : ১৭-১৮]
ⓚ শব্দ দ্বিরুক্তি
ⓚ অনুকার দ্বিরুক্তি
ⓖ পদাত্মক দ্বিরুক্তি
ⓖ ধ্বন্যাত্মক দ্বিরুক্তি **উত্তর: ঘ**

৪৫. অনুকার দ্বিরুক্তি শব্দ কোনটি? [কুবি (গ ইউনিট) : ১৫-১৬]
ⓚ ঝমঝম ⓚ যায় যায়
ⓖ দিন দিন ⓖ বকা ঝকা **উত্তর: ক**

৪৬. কোনটি দ্বিরুক্ত শব্দ? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী : ১১]
ⓚ মান্য ⓚ স্মরণ
ⓖ শন শন ⓖ স্বতন্ত্র **উত্তর: গ**

৪৭. কোনটি ধ্বন্যাত্মক শব্দের উদাহরণ? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) : ১৯]
ⓚ রাশি রাশি ⓚ নীল নীল
ⓖ শন শন ⓖ লাল নীল **উত্তর: গ**

৪৮. 'ঝন ঝন' শব্দটি যে ধরনের দ্বিরুক্তি? [বিবিএস এর অফিস সহায়ক : ২১]
ⓚ অব্যয়ের ⓚ ধ্বন্যাত্মক
ⓖ পদাত্মক ⓖ ক্রিয়ার **উত্তর: খ**

৪৯. ধ্বন্যাত্মক দ্বিরুক্তি শব্দের উদাহরণ কোনটি? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিভিন্ন পদ : ১৯]
ⓚ ধরাধরি ⓚ সরাসরি
ⓖ নিশপিশ ⓖ গরম গরম **উত্তর: ক**

৫০. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এল বান'- এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ? [২০তম বিসিএস]
ⓚ অবস্থাবাচক শব্দ ⓚ বাক্যালঙ্কার শব্দ
ⓖ ধ্বন্যাত্মক শব্দ ⓖ দ্বিরুক্ত শব্দ **উত্তর: ঘ**

৫১. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' - কোন ধরনের শব্দ? [বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২]
ⓚ শব্দের দ্বিরুক্তি
ⓚ ধ্বন্যাত্মক দ্বিরুক্তি
ⓖ পদের দ্বিরুক্তি
ⓖ ছড়ার শব্দ **উত্তর: গ**

৫২. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর'- বাক্যে কী বুঝানো হয়েছে? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১]
ⓚ ভাবের গভীরতা
ⓚ অনুভূতি বা ভাব
ⓖ পৌনঃপুনিকতা
ⓖ ধ্বনিব্যঞ্জনা **উত্তর: ঘ**

৫৩. **'ঝির ঝির করে বাতাস বইছে' এখানে 'ঝির ঝির' দ্বারা বুঝানো হয়েছে-** [বেবিচক সিনিয়র অফিসার : ২১]
ⓚ ভাবের গভীরতা ⓚ ধ্বনিব্যঞ্জনা
ⓖ পৌনঃপুনিকতা ⓖ সামান্যতা **উত্তর:** খ

৫৪. **'ধীরে ধীরে যায়'। বিশেষ্য শব্দযুগলের বিশেষণ রূপ কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদ : ২০-২১]
ⓚ আধিক্য ⓚ সামান্য
ⓖ অনুরূপ ⓖ ক্রিয়া **উত্তর:** ঘ

৫৫. **বিশেষণ পদ হিসেবে দ্বিরুক্ত শব্দের প্রয়োগের উদাহরণ কোনটি?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর অডিটর : ২২]
ⓚ চিকচিক করে বালি কোথা নাই কাদা
ⓚ বৃষ্টির ঝমঝমানি আমাদের অস্থির করে তোলে
ⓖ কলকলিয়ে উঠিল সেথায় নারীর প্রতিবাদ
ⓖ নামিল নভে বাদল ছলছল বেদনায় **উত্তর:** ঘ

৫৬. **'চিকচিক করে বালি কোথা নাই কাদা।' এখানে দ্বিরুক্ত শব্দটি কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সহকারী পরিচালক : ২১]
ⓚ বিশেষ্যের বিশেষণ ⓚ বিশেষণের বিশেষণ
ⓖ অব্যয়ের বিশেষণ ⓖ ক্রিয়া-বিশেষণ **উত্তর:** ঘ

৫৭. **'মনে মনে তুলনা করে দেখলাম।' এখানে দ্বিরুক্তি ব্যবহৃত হয়েছে-** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ ব্যাপ্তি অর্থে ⓚ আধিক্য বোঝাতে
ⓖ বিশেষ্য রূপে ⓖ ক্রিয়া-বিশেষণ রূপে **উত্তর:** ঘ

৫৮. **'সে আমার দিকে মাঝে মাঝে তাকাচ্ছে।' এই বাক্যের 'মাঝে মাঝে' দ্বিরুক্ত শব্দটি-** [জবি (ক ইউনিট) : ০৭-০৮]
ⓚ ক্রিয়া-বিশেষণ
ⓚ বিশেষণ
ⓖ বিশেষণীয় বিশেষণ
ⓖ বিশেষ্য **উত্তর:** ক

৫৯. **'পাতায় পাতায় পড়ে নিশির শিশির।'- এখানে 'পাতায় পাতায়' বলতে কি বোঝানো হয়েছে?** [রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
ⓚ ধারাবাহিকতা ⓚ নির্দিষ্টতা
ⓖ আধিক্য ⓖ পৌনঃপনিকতা **উত্তর:** ক

৬০. **কোনটি দ্বিরুক্ত শব্দ নয়?** [বিভিন্ন মন্ত্রণালয়ের তৃতীয় শ্রেণির কর্মচারী : ১৮]
ⓚ বাড়ি বাড়ি ⓚ শীত শীত
ⓖ টুপটাপ ⓖ চোখে চোখে **উত্তর:** গ

পুরুষ বা পক্ষ (Person)

পুরুষ

শব্দের যে রূপ বা বৈশিষ্ট্য দ্বারা বক্তা, শ্রোতা বা উদ্দিষ্ট ব্যক্তিকে নির্দেশ করা হয়, তাদেরকে শব্দের পক্ষ বা পুরুষ বলে। ব্যক্তি বা বস্তু নির্দেশক সর্বনামকেই ব্যাকরণে পক্ষ বা পুরুষ বলে। বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়ারই পক্ষ বা পুরুষ আছে। পুরুষ প্রধানত তিন প্রকার। যথা-

১) উত্তম পুরুষ বা বক্তা পক্ষ : স্বয়ং বক্তাই উত্তম পুরুষ। যেমন- আমি, আমার, আমাকে, আমরা, আমাদের প্রভৃতি।

২) মধ্যম পুরুষ বা শ্রোতা পক্ষ : প্রত্যক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি বা শ্রোতাকে মধ্যম পুরুষ বলে। যেমন-
   ক) সাধারণ : তুমি, তোমরা, তোমাকে, তোমাদের।
   খ) সম্ভ্রমসূচক : আপনি, আপনারা, আপনাকে, আপনার, আপনাদের।
   গ) তুচ্ছার্থক : তুই, তোরা, তোকে, তোর, তোদের।

৩) নাম পুরুষ বা প্রথম পুরুষ বা অন্য পক্ষ : অনুপস্থিত পরোক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি, বস্তু বা প্রাণিই নাম পুরুষ। যেমন -
   ক) সাধারণ : সে, তাকে, তার, তারা, তাদের, ও, ওরা, এ, এটা, এগুলো প্রভৃতি।
   খ) সম্ভ্রমসূচক : তিনি, তাঁকে, তাঁর, তাঁরা, তাঁদের প্রভৃতি।

মর্যাদাভেদের মধ্যম ও নাম পুরুষের ক্রিয়ার রূপের পার্থক্য হয়ে থাকে কিন্তু উত্তম পুরুষে হয় না।

উত্তম পুরুষ : আমি কাজটি করেছি।
মধ্যম পুরুষ : তুমি কাজটি করেছো। আপনি কাজটি করেছেন [সম্ভ্রমসূচক]। তুই কাজটি করেছিস্ [তুচ্ছার্থক]।
নামপুরুষ : সে কাজটি করেছে [সাধারণ]। তিনি কাজটি করেছেন [সম্ভ্রমসূচক]।

পুরুষের বচনভেদ

পুরুষ	একবচন	বহুবচন
উত্তম পুরুষ	আমি (মুই)	আমরা (মোরা)
মধ্যম পুরুষ	তুমি, তুই, আপনি	তোমরা, তোরা, আপনারা
নাম পুরুষ	সে, তিনি, ও, ইনি, উনি এবং যে কোনো বিশেষ্য পদ	তারা, ওরা, এরা, ওঁরা, এঁরা এবং যে কোনো বিশেষ্য পদ

MCQ Solution

১. **ব্যাকরণে পুরুষ কাকে বলে?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ০৩]
ⓚ বিশেষ্যর বিভিন্ন প্রকৃতিকে
ⓚ বিশেষ্য ও অব্যয়ের বিভিন্ন প্রকৃতিকে
ⓖ সর্বনামের বিভিন্ন প্রকৃতিকে
ⓘ বিশেষ্য ও সর্বনামের বিভিন্ন প্রকৃতিকে **উত্তর:** ঘ

২. **বাংলা ব্যাকরণে পুরুষ কত প্রকার?** [ডাক বিভাগের অফিস সহায়ক (খুলনা অঞ্চল) : ২২]
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫ **উত্তর:** খ

৩. **কোনটি উত্তম পুরুষের উদাহরণ?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১০]
ক আমি খ তুমি
গ সে ঘ যিনি **উত্তর:** ক

৪. **কোনটি উত্তম পুরুষ?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর কার্গো হেলপার : ২১]
ক সে খ তারা
গ আমরা ঘ তোমরা **উত্তর:** গ

৫. **প্রত্যক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি বা শ্রোতাকে বলে-** [এলজিইডিতে সহকারী প্রকৌশলী : ০৫]
ক উত্তম পুরুষ খ নাম পুরুষ
গ ক ও খ ঘ মধ্যম পুরুষ **উত্তর:** ঘ

৬. **মধ্যম পুরুষের উদাহরণ কোনটি?** [জাবি (ক ইউনিট) : ১৪-১৫]
ক তোমরা খ আমরা
গ আপনি ঘ এরা **উত্তর:** ক

৭. **কোন বাক্যে নাম পুরুষের ব্যবহার করা হয়েছে?** [১৩তম বিসিএস]
ক ওরা কি করে? খ আপনি আসবেন
গ আমরা যাচ্ছি ঘ তোরা খাসনে **উত্তর:** ক

৮. **'সে' কোন পুরুষ?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী : ১১]
ক প্রথম পুরুষ খ উত্তম পুরুষ
গ মধ্যম পুরুষ **উত্তর:** ক

৯. **সকল বিশেষ্য পদই-** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক উত্তম পুরুষ খ মধ্যম পুরুষ
গ নাম পুরুষ ঘ যে কোন পুরুষ **উত্তর:** গ

১০. **করেছে, করেছো, করেছেন - বাংলা ক্রিয়ার এ তিনটি রূপ কেন ব্যবহৃত হয়?** [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১০]
ক লিঙ্গভেদের কারণে
খ মর্যাদাভেদের কারণে
গ কারক বিভক্তির কারণে
ঘ সমাসের কারণে **উত্তর:** খ

নরবাচক ও নারীবাচক শব্দ

লিঙ্গ

লিঙ্গ শব্দের অর্থ চিহ্ন। বিশেষ্য ও বিশেষণের নর-নারীভেদের নাম লিঙ্গ। বাংলা ব্যাকরণ বিশেষণ পদে সংস্কৃতের লিঙ্গের নিয়ম মানে না। লিঙ্গ চার প্রকার। যথা-

লিঙ্গ

পুংলিঙ্গ স্ত্রীলিঙ্গ উভয়লিঙ্গ ক্লীবলিঙ্গ

ক) পুংলিঙ্গ : নারবাচক শব্দ। যেমন- বাবা, ভাই, পিতা, পুত্র ইত্যাদি। কতকগুলো শব্দ কেবল পুরুষবাচক বোঝায়। এদের স্ত্রীবাচক শব্দ হয় না। এদের নিত্য পুরুষবাচকশব্দ বলে। যেমন- কবিরাজ, যোদ্ধা, ঢাকী, অকৃতদার, কাপুরুষ, কৃতদার, পুরোহিত, স্ত্রৈণ, কেরানি, বিচারপতি ইত্যাদি।

খ) স্ত্রীলিঙ্গ : নারীবাচক শব্দ। যেমন- মা, বোন, মেয়ে, কন্যা, রানি ইত্যাদি। কতকগুলো শব্দ কেবল স্ত্রীবাচক বোঝায়। এদের পুরুষবাচক শব্দ হয় না। এদের নিত্য স্ত্রীবাচক শব্দ বলে। যেমন- সতীন, সপত্নী, বিধবা, সধবা, সৎমা, ডাইনি, অর্ধাঙ্গিনী, অন্তঃস্বত্ত্বা, অসূর্যম্পশ্যা, অরক্ষণীয়া, কলঙ্কিনী, বাইজি, কুলটা, শাখিনী, শাঁখচুন্নি, এয়ো, দাই, বারবনিতা ইত্যাদি।
[উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বাংলা ব্যাকরণে বিধবা এর লিঙ্গান্তর বিপত্নীক পাওয়া যায়]

গ) উভয়লিঙ্গ : নরবাচক ও নারীবাচক উভয়কে বোঝায় এমন সজীব শব্দ। যেমন- শিশু, সন্তান, সাথী, আমি, রাষ্ট্রপতি, মন্ত্রী, মানুষ, গরু, পাখি, শিক্ষিত ইত্যাদি।

ঘ) ক্লীবলিঙ্গ : নরবাচক ও নারীবাচক কোনোটাকেই বোঝায় না এমন অজীব বিশেষ্য শব্দ। যেমন- বৃক্ষ, ফুল, দালান, কলম, কাগজ, খাতা, ঘড়ি, সমিতি, গাড়ি, ঘর, টেবিল ইত্যাদি।

সাধারণ নারীবাচক শব্দ দুই ধরনের: পত্নীবাচক এবং অপত্নীবাচক।

১) পত্নীবাচক শব্দ : স্বামী-স্ত্রী সম্পর্ক বোঝালে পত্নীবাচক হয়। যেমন- পিতা-মাতা, চাচা-চাচি, দাদা-দাদি, নানা-নানী, গুরু-গুরুপত্নী ইত্যাদি।

২) অপত্নীবাচক শব্দ : স্বামী-স্ত্রী সম্পর্ক না বোঝালে অপত্নীবাচক হয়। যেমন- খোকা-খুকি, ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, নেতা-নেত্রী, পাগল-পাগলি, নর-নারী, বীর -বীরাঙ্গনা ইত্যাদি।

এই দিক বিবেচনায় কিছু পুরুষ বাচক শব্দের দুটো করে স্ত্রীবাচক শব্দ রয়েছে। যেমন-

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	
আচার্য	আচার্যা (আচার্যের কর্মে নিয়োজিত)	আচার্যানী (আচার্যের স্ত্রী)
দেবর	ননদ (দেবরের বোন)	জা (দেবরের স্ত্রী)
ভাই	বোন	ভাবি (ভাইয়ের স্ত্রী)
দাদা	দিদি (বড় বোন)	বৌদি (দাদার স্ত্রী)
ঘোষ	ঘোষজা (কন্যা অর্থে)	ঘোষজায়া (পত্নী অর্থে)
শিক্ষক	শিক্ষয়িত্রী (পেশা অর্থে)	শিক্ষকপত্নী (শিক্ষকের স্ত্রী)
বন্ধু	বান্ধবী (মেয়ে বন্ধু)	বন্ধুপত্নী (বন্ধুর স্ত্রী)
শূদ্র	শূদ্রা (শূদ্র জাতীয় স্ত্রীলোক)	শূদ্রানী (শূদ্রের স্ত্রী)
বর	বধূ / বউ (বিবাহিত)	কনে (অবিবাহিত)

আবার, কিছু স্ত্রীবাচক শব্দের দুটো করে পুরুষবাচক শব্দ রয়েছে। যেমন-

স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	
ননদ	নন্দাই	দেবর
মেয়ে	ছেলে	মেয়েজামাই

MCQ Solution

১. **বাংলা ব্যাকরণ কোন পদে সংস্কৃতের লিঙ্গের নিয়ম মানে না?** [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ⓚ বিশেষণ ⓚ অব্যয়
ⓖ সর্বনাম ⓖ বিশেষ্য **উত্তর:** ক

২. **কোনটি নিত্য পুংলিঙ্গ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ২১]
ⓚ গরু ⓚ ঢাকী
ⓖ দাতা ⓖ সাধু **উত্তর:** খ

৩. **কোন শব্দটি নিত্য পুরুষবাচক?** [বিটিআরসি উপ-সহকারী পরিচালক (কারিগরি) : ২১]
ⓚ কবিরাজ ⓚ জ্ঞানী
ⓖ সতীন ⓖ সম্রাট **উত্তর:** ক

৪. **লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি?** [১৮তম বিসিএস]
ⓚ সাহেব ⓚ বেয়াই
ⓖ সঙ্গী ⓖ কবিরাজ **উত্তর:** ঘ

৫. **লিঙ্গান্তর হয় না কোন শব্দটির?** [রাবি (বিজ্ঞান বিভাগ) : ১৭-১৮]
ⓚ ডাক্তার ⓚ ধোপা
ⓖ কেরানি ⓖ নাপিত **উত্তর:** গ

৬. **কেবল পুরুষ বোঝায় এমন শব্দ কোনটি?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২০-২১]
ⓚ শিক্ষিত ⓚ শিশু
ⓖ কৃতদার **উত্তর:** গ

৭. **কোন শব্দটির স্ত্রীবাচক শব্দ নেই?** [জবি (ক ইউনিট) : ১৩-১৪]
ⓚ সিংহ ⓚ কাপুরুষ
ⓖ নর ⓖ সম্রাট **উত্তর:** খ

৮. **কোনটি নিত্য পুংলিঙ্গ শব্দ নয়?** [শাহজালাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক) পুরোহিত খ) কৃতদার
গ) স্ত্রৈণ ঘ) পাগল **উত্তর: ঘ**

৯. **কোনটির শুধুমাত্র স্ত্রীবাচক হয়?** [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ক) সন্তান খ) সৎমা
গ) ঢাকী ঘ) ঘোষজা **উত্তর: খ**

১০. **কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** [পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৭-১৮]
ক) নাটিকা খ) অর্ধাঙ্গিনী
গ) বিজয়িনী ঘ) বেগম **উত্তর: খ**

১১. **নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৭-১৮]
ক) বারবনিতা খ) পুরোহিত
গ) মহীয়সী ঘ) রাষ্ট্রপতি **উত্তর: ক**

১২. **কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** [রাবি (চ ইউনিট) : ১৭-১৮]
ক) দুলা খ) ঠাকুরণ
গ) বিবি ঘ) সধবা **উত্তর: ঘ**

১৩. **নিত্য স্ত্রীবাচক শব্দের উদাহরণ কোনটি?** [রাবি (খ ইউনিট) : ১৪-১৫]
ক) গোপিনী খ) শাঁখচুন্নি
গ) মালিনী ঘ) কাঙালিনী **উত্তর: খ**

১৪. **নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি?** [কুবি (গ ইউনিট) : ১৬-১৭]
ক) অন্তঃসত্ত্বা খ) চৌধুরানী
গ) ননদিনী ঘ) বন্ধুপত্নী **উত্তর: ক**

১৫. **নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি?** [বশেমুরবিপ্রবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক) অরক্ষণীয়া খ) মুহতারিমা
গ) সভানেত্রী ঘ) হিমানী **উত্তর: ক**

১৬. **কোনটি নিত্য স্ত্রীবাচক বাংলা শব্দ?** [সম্বনিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ক) সতীন খ) বিধাতা
গ) সপত্নী ঘ) বিপত্নী **উত্তর: ক**
ব্যাখ্যা: সপত্নী$_{\text{সংস্কৃত}}$ > সতীন$_{\text{তদ্ভব}}$ ।

১৭. **নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** [ষোড়শ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায় - ২) : ১৯]
ক) কুলটা খ) যোগিনী
গ) রজকী ঘ) চাতকী **উত্তর: ক**

১৮. **কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫]
ক) হুজুরাইন খ) ঠাকুরন
গ) পাগলী ঘ) ডাইনি **উত্তর: ঘ**

১৯. **নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ-ইউনিট) : ১৮-১৯]
ক) এয়ো খ) ধাত্রী
গ) মালিনী ঘ) নারী **উত্তর: ক**

২০. **কোনটি নিত্য স্ত্রীলিঙ্গ?** [পূবালী ব্যাংক লি. ট্রেইনি সহকারী জুনিয়র অফিসার : ১৯]
ক) পিসি খ) বিধবা
গ) বনানী ঘ) সতী **উত্তর: খ**

২১. **'বিধবা' শব্দের বিপরীত লিঙ্গ কী?** [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস ক্লার্ক : ২২/ উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্টান্ট অফিসার : ২২]
ক) বহুপত্নীক খ) সধবা
গ) বিপত্নীক ঘ) অধবা **উত্তর: গ**

২২. **নিচের কোনটি স্ত্রীবাচক শব্দ নয়?** [পূবালী ব্যাংক লি. অফিসার/ সিনিয়র অফিসার : ১৪]
ক) সুখী খ) শ্বশ্রূ
গ) প্রকৃতি ঘ) একাদশী **উত্তর: ক**

২৩. **নিত্য স্ত্রীবাচক শব্দ নয় কোনটি?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এর কার্গো হেলপার : ২১]
ক) সতীন খ) সৎমা
গ) দাই ঘ) ঠাকরুন **উত্তর: ঘ**

২৪. **'পত্নী' অর্থে ব্যবহৃত স্ত্রীবাচক শব্দ কোনটি?** [শাহজালাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট): ০৭-০৮]
ক) নেত্রী খ) বিদুষী
গ) নানী ঘ) কিশোরী **উত্তর: গ**

২৫. **কোনটি পত্নী অর্থে স্ত্রীবাচক শব্দ?** [বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন এর উচ্চমান সহকারী : ১৭]
ক) ছাত্রী খ) আয়া
গ) দাদি ঘ) সৎমা **উত্তর: গ**

২৬. **'বীর' শব্দের বিপরীত লিঙ্গ কী?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর জুনিয়র অডিটর (এলডিএ) : ২২/ সিজিএ এর অফিস সহায়ক : ২২]
ক) তেজস্বিনী খ) বীরাঙ্গী
গ) বীরাঙ্গনা ঘ) বিদুষী **উত্তর: গ**

২৭. **দুটি পুরুষবাচক শব্দ আছে-** [১৮তম বিসিএস]
ক) ননদ খ) প্রিয়া
গ) শিষ্যা ঘ) আয়া **উত্তর: ক**

২৮. **কোন শব্দটির দুইটি স্ত্রীবাচক শব্দ আছে?** [রাবি : ০৬-০৭]
ক) শ্রীমান খ) শিক্ষক
গ) রজক ঘ) বুদ্ধিমান **উত্তর: খ**

২৯. **কোনটির দুইটি স্ত্রীবাচক শব্দ আছে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৫-০৬]
ক) শুক খ) গায়ক
গ) খোকা ঘ) বর **উত্তর: ঘ**

৩০. **নিচের কোন পুরুষবাচক শব্দের দুটি স্ত্রীবাচক শব্দ রয়েছে?** [পানি উন্নয়ন বোর্ড -এর অফিস সহায়ক : ১৫]
ক) চৌধুরী খ) ছাত্র
গ) বাবা ঘ) ভাই **উত্তর: ঘ**

৩১. **'শূদ্র'-এর স্ত্রীলিঙ্গ কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ক) শূদ্রাণী খ) শূদ্রা
গ) শূদ্রানী ঘ) শূদ্রী **উত্তর: খ**

৩২. 'দেবর' শব্দের স্ত্রী লিঙ্গ কোনটি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মচারী নিয়োগ : ১৩]
ক) নন্দাই খ) ননদ
গ) ভাবী ঘ) দেবী **উত্তর: খ**

৩৩. নিচের কোনটির দুটি স্ত্রীবাচক শব্দ আছে? [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী : ২২]
ক) শুক খ) দেবর
গ) খোকা ঘ) কুলি **উত্তর: খ**

৩৪. কোনটি স্ত্রীলিঙ্গ থেকে পুলিঙ্গ? [রাবি (ক ইউনিট) : ১৭-১৮]
ক) নন্দাই খ) দেবর
গ)স্বামী ঘ) জামাই **উত্তর: ক**

৩৫. 'ঘোষজা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ? [জহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
ক) কন্যা অর্থে খ) পত্নী অর্থে
গ) জাতি অর্থে ঘ) সাধারণ অর্থে **উত্তর: ক**

৩৬. 'আমি' শব্দটি কোন লিঙ্গ? [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক : ১৭]
ক) পুংলিঙ্গ খ) স্ত্রীলিঙ্গ
গ) ক্লীব লিঙ্গ ঘ) উভয় লিঙ্গ **উত্তর: ঘ**

৩৭. 'সাথী' শব্দটি কোন লিঙ্গ? [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২০]
ক) পুংলিঙ্গ খ) স্ত্রীলিঙ্গ
গ) ক্লীব লিঙ্গ ঘ) উভয় লিঙ্গ **উত্তর: ঘ**

৩৮. কোনটি উভয় লিঙ্গ? [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর কার্গো হেলপার : ২১]
ক) শিশু খ) পুত্র
গ) স্ত্রী ঘ) দেবর **উত্তর: ক**

৩৯. কোনটি উভয় লিঙ্গ? [সিজিএ-এর জুনিয়র অডিটর : ২২]
ক) কলম খ) বিদুষী
গ) সন্তান ঘ) কনে **উত্তর: গ**

৪০. কোনটি উভয় লিঙ্গ প্রকাশক? [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
ক) শিক্ষক খ) ছাত্র
গ) মন্ত্রী ঘ) নেতা **উত্তর: গ**

৪১. 'গরু' কোন লিঙ্গ? [বিআরটিএ সহকারী পরিচালক : ০৫]
ক) পুংলিঙ্গ খ) স্ত্রীলিঙ্গ
গ) উভয় লিঙ্গ ঘ) কোনো লিঙ্গই নয় **উত্তর: গ**

৪২. নিচের কোনটির স্ত্রীলিঙ্গ বাচক শব্দ নয়? [পূবালী ব্যাংক লি. অফিসার/ জুনিয়র অফিসার (ক্যাশ) : ১৪]
ক) সূরী খ) পেত্নী
গ) গরু ঘ) ত্রয়ী **উত্তর: গ**

৪৩. 'মানুষ মরণশীল' এ বাক্যে 'মানুষ' শব্দটি কোন লিঙ্গ? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর জুনিয়র অডিটর (এলডিএ) : ২২]
ক) পুংলিঙ্গ খ) স্ত্রীলিঙ্গ
গ) উভয় লিঙ্গ ঘ) ক্লীবলিঙ্গ **উত্তর: গ**

৪৪. কোনটি পুরুষ ও স্ত্রীবাচক দুই বোঝায়? [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক) ভেড়া খ) বাঘ
গ) মোরগ ঘ) পাখি **উত্তর: ঘ**

৪৫. কোন শব্দটি দ্বারা পুরুষ ও স্ত্রী দুই-ই বোঝায়? [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৮-১৯]
ক) কবিরাজ খ) নদী
গ) কৃতদার ঘ) শিক্ষিত **উত্তর: ঘ**

৪৬. 'দালান' শব্দটি কোন লিঙ্গ? [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ক) উভয় লিঙ্গ খ) স্ত্রীলিঙ্গ
গ) ক্লীব লিঙ্গ ঘ) কোনোটিই নয় **উত্তর: গ**

৪৭. কোনটি ক্লীবলিঙ্গ? [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৫-০৬]
ক) কন্যা খ) স্বামী
গ) বৃক্ষ ঘ) ননদ **উত্তর: গ**

৪৮. ক্লীবলিঙ্গ শব্দ কোনটি? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর প্রকিউরমেন্ট অফিসার : ২১]
ক) গাড়ি খ) মানুষ
গ) পাখি ঘ) শিক্ষক **উত্তর: ক**

৪৯. নিচের কোনটি ক্লীবলিঙ্গ বুঝায়? [বেরোবি (ক ইউনিট) : ১২-১৩]
ক) ছেলে খ) বর
গ) খাতা ঘ) মালা **উত্তর: গ**

৫০. নিচের কোন শব্দটি ক্লীবলিঙ্গ? [সমবায় অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণির গেজেটেড অফিসার : ৯৭]
ক) ফুল খ) মানুষ
গ) মৃগী ঘ) পিতা **উত্তর: ক**

৫১. 'সমিতি' কোন লিঙ্গ? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১]
ক) ক্লীব লিঙ্গ খ) পুংলিঙ্গ
গ) স্ত্রীলিঙ্গ ঘ) উভয় লিঙ্গ **উত্তর: ক**

নরবাচক শব্দ থেকে নারীবাচক শব্দ গঠন

১. প্রত্যয় যোগে

-আ প্রত্যয় যোগে -

অজ	অজা	মৃত	মৃতা
কোকিল	কোকিলা	মলিন	মলিনা
শিষ্য	শিষ্যা	নবীন	নবীনা
মুহতারিম	মুহতারিমা	প্রথম	প্রথমা
সুলতান	সুলতানা	চতুর	চতুরা
চঞ্চল	চঞ্চলা	বৃদ্ধ	বৃদ্ধা
প্রিয়	প্রিয়া	কনিষ্ঠ	কনিষ্ঠা

-আনি প্রত্যয় যোগে -

চাকর	চাকরানি	নাপিত	নাপিতানি

-ই প্রত্যয় যোগে-

জেঠা	জেঠি	দাদা	দাদি
পাগলা	পাগলি	বেঙ্গমা	বেঙ্গমি

-ঈ প্রত্যয় যোগে -

নিশাচর	নিশাচরী	নানা	নানী
কিশোর	কিশোরী	সিংহ	সিংহী
ষোড়শ	ষোড়শী	মনুষ্য	মনুষী
মানব	মানবী	চাতক	চাতকী
বৈষ্ণব	বৈষ্ণবী	গণক	গণকী
জরৎ	জরতী	মহৎ	মহতী
সুন্দর	সুন্দরী	সৎ	সতী
চতুর্দশ	চতুর্দশী	হেমাঙ্গ	হেমাঙ্গী
ছাত্র	ছাত্রী		

-ইনি, -নি প্রত্যয় যোগে

কাঙাল	কাঙালিনি	বাঘ	বাঘিনি
ধোপা	ধোপানি	জেলে	জেলেনি
বেদে	বেদেনি		

-ইনী,-নী প্রত্যয় যোগে-

বিজয়ী	বিজয়িনী	গুণী	গুণিনী
তেজস্বী	তেজস্বিনী	যোগী	যোগিনী
মায়াবী	মায়াবিনী	মালী	মালিনী
কুহক	কুহকিনী	দুঃখী	দুঃখিনী
মজুর	মজুরনী	মেধাবী	মেধাবিনী
জমিদার	জমিদারনী	মানী	মানিনী
গৃহস্বামী	গৃহস্বামিনী	মাস্টার	মাস্টারনী
প্রণয়ী	প্রণয়িনী	সহপাঠী	সহপাঠিনী

-বতী প্রত্যয়যোগে

পূণ্যবান	পূণ্যবতী	গুণবান	গুণবতী

-মতী প্রত্যয়যোগে

বুদ্ধিমান	বুদ্ধিমতী	শ্রীমান	শ্রীমতী

-ঈয়সী প্রত্যয় যোগে-

গরীয়ান	গরীয়সী	মহীয়ান	মহীয়সী
বর্ষীয়ান	বর্ষীয়সী		

'-অক' প্রত্যয় দিয়ে গঠিত নরবাচক শব্দকে নারীবাচক করার সময়ে 'অক' -এর জায়গায় '-ইকা' প্রত্যয় হয়। যেমন-

পাঠক	পাঠিকা	লেখক	লেখিকা
গায়ক	গায়িকা	নায়ক	নায়িকা
অধ্যাপক	অধ্যাপিকা	সেবক	সেবিকা

পুরুষবাচক 'তা' শব্দের স্ত্রীবাচক 'ত্রী' হয়। যেমন-

কর্তা	কর্ত্রী	ধাতা	ধাত্রী
শ্রোতা	শ্রোত্রী	নেতা	নেত্রী
প্রণেতা	প্রণেত্রী		

কতকগুলো শব্দের স্ত্রীলিঙ্গে একাধিক শব্দরূপ দেখা যায়। যেমন-

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
অভাগা	অভাগী, অভাগিনী	সুকেশ	সুকেশা, সুকেশী, সুকেশিনী
চন্দ্রমুখ	চন্দ্রমুখা, চন্দ্রমুখী	সুনয়ন	সুনয়না, সুনয়নী
দুলহা	দুলাইন, দুলহিন	ঠাকুর	ঠাকুরুন, ঠাকুরানী, ঠাকুরাইন
ননদাই	ননদিনী, ননদী	রজক	রজকী, রজকিনী
সুকণ্ঠ	সুকণ্ঠা, সুকণ্ঠী		

২. নারী-নির্দেশক শব্দ যোগে-

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
কবি	মহিলা কবি	গয়লা	গয়লা-বউ
ডাক্তার	মহিলা ডাক্তার	জেলে	জেলে-বউ
লোক	স্ত্রীলোক	ছেলে	ছেলে বউ
শ্রমিক	নারী শ্রমিক		
বোন-পো	বোন-ঝি	নর/মদ্দা/ হুলো বিড়াল	মেনি/ মাদি বিড়াল
ভাইপো	ভাইঝি	পুরুষ কয়েদী	স্ত্রী/মেয়ে কয়েদী
ঠাকুর-পো	ঠাকুর-ঝি	এঁড়ে বাছুর	বকনা/ গাই বাছুর
ঠাকুর দাদা/ ঠাকুরদা	ঠাকুরমা	বলদ গরু	গাই গরু

৩. স্বতন্ত্র শব্দে-

কিছু নারীবাচক শব্দের সঙ্গে নরবাচক শব্দের গঠনগত মিল থাকে না। যেমন-

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
সাহেব/ মিয়া	বিবি	পিতা	মাতা
বাদশা/ নবাব	বেগম	ভাই	বোন
রাজা	রানি	ছেলে	মেয়ে
সম্রাট	সম্রাজ্ঞী	শ্বশুর	শ্বশ্রু, শাশুড়ি
খানসামা	আয়া	তাঐ	মাঐ
শুক	সারী	বেয়াই	বেয়াইন
কুলি	কামিন	স্বামী	স্ত্রী
মরদ	জেনানা	বর	কনে

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
যুবক	যুবতী	পতি	পত্নী
বিদ্বান	বিদুষী	ভূত	পেত্নী
গুরু	গুর্বী	খান	খানম
সাধু	সাধ্বী		

বাংলা ভাষায় প্রাতিষ্ঠানিক পদমর্যাদাকে নারীবাচক করা হয় না। যেমন-

নার্গিস আকতার একজন <u>সহকারী শিক্ষক</u>।

নমিতা রায় সংবর্ধনা অনুষ্ঠানের <u>সভাপতি</u>।

[পূর্ববর্তী ব্যাকরণ বইতে সভাপতি এর স্ত্রীবাচক শব্দ সভানেত্রী দেয়া ছিল]

কোনো শব্দের স্ত্রী লিঙ্গান্তর করলে ক্ষুদ্রার্থ বুঝায়। যেমন-

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
নাটক	নাটিকা	একাঙ্ক	একাঙ্কিকা
মালা	মালিকা	গীত	গীতিকা
ঘট	ঘটী	পুস্তক	পুস্তিকা
কাঠ	কাঠি	ছোরা	ছুরি

স্ত্রী লিঙ্গান্তর করলে কোনো কোনো সময় অর্থের পার্থক্য ঘটে-

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
অরণ্য	অরণ্যানী (বৃহৎ অরণ্য)	হিম	হিমানী (জমানো বরফ)
বন	বনানী (বৃহৎ বন)		

MCQ Solution

১. **কোনটি আ-প্রত্যয় যোগে সাধিত স্ত্রীবাচক শব্দ?** [জনতা ব্যাংক লি. সহকারী নির্বাহী কর্মকর্তা : ১৯]
ⓚ গায়িকা ⓚ নায়িকা
ⓖ প্রথমা ⓖ বালিকা **উত্তর:** গ

২. **'চতুর' এর স্ত্রীলিঙ্গ কোনটি?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট স্কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ক) চাতুরী খ) চতুরা
গ) চথুরা ঘ) চাথুরা **উত্তর:** খ

৩. **'চঞ্চল' এর স্ত্রী লিঙ্গ কী?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর এরোড্রাম ফায়ার লীডার : ২১]
ক) চঞ্চলমতি খ) চঞ্চলময়ী
গ) চঞ্চলা ঘ) চঞ্চলবতী **উত্তর:** গ

৪. **'চাকরানি' শব্দটি কোন প্রত্যয় যোগে গঠিত?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (IDA/ADB Project) : ০১]
ক) ই খ) ঈ
গ) আনি ঘ) নী **উত্তর:** গ

৫. **'নাপিত' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?** [রাবি (ক ইউনিট) : ১৬-১৭]
ক) নাপিতানি খ) নাপিতা
গ) নাপিত বৌ ঘ) নাপিতিনী **উত্তর:** ক

৬. **'গণক' শব্দটির স্ত্রী লিঙ্গ কোনটি?** [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়) এর অফিস সহকারী : ২১]
ক) গণিকা খ) গণকী
গ) গণকিনী ঘ) গণকা **উত্তর:** খ

৭. **'চতুর্দশ' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [রাবি (খ ইউনিট) : ১৮-১৯]
ক) চতুর্দশি খ) চতুর্দশা
গ) চতুর্দশী ঘ) চতুর্দশক **উত্তর:** গ

৮. **কোনটি স্ত্রীবাচক শব্দ?** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ১৬]
ক) মায়াবী খ) যোগী
গ) দুঃখী ঘ) বৈষ্ণবী **উত্তর:** ঘ

৯. **কোনটি স্ত্রীবাচক?** [চবি (খ ইউনিট) : ১১-১২]
ক) যোগী খ) ভোগী
গ) মহতী ঘ) মায়াবী **উত্তর:** গ

১০. **'জরত' এর স্ত্রীলিঙ্গ কী?** [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৬]
ক) জারতী খ) জরিতী
গ) জরতী ঘ) জাগতি **উত্তর:** গ

ব্যাখ্যা: প্রশ্নে ভুল আছে। 'জরত' এর জায়গায় জরৎ হবে।

১১. **ঈ - প্রত্যয়যোগে লিঙ্গান্তর করা হয়েছে কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৩]
ক) জেলেনি খ) অনাথিনী
গ) ছাত্রী ঘ) মেছোনী **উত্তর:** গ

১২. **নিচের কোনটি প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ক) বাঁদী খ) সভানেত্রী
গ) জেলেনি ঘ) পেত্নী **উত্তর:** গ

১৩. **'ধোপা' - শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?** [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী : ১৮]
ক) ধোপী খ) মহিলা ধোপা
গ) ধোপানি ঘ) ধোপীনি **উত্তর:** গ

১৪. **'গুণী'-এর স্ত্রীলিঙ্গ কোনটি?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট স্কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ক) গুনক খ) গুণক
গ) গুণিনী ঘ) গুনিনি **উত্তর:** গ

১৫. **পুরুষবাচক শব্দ কোনটি?** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী) : ১৫]
ক) রজকী খ) মায়াবী
গ) বৈষ্ণবী ঘ) শ্রোত্রী **উত্তর:** খ

১৬. **'মেধাবী' শব্দের লিঙ্গান্তর কোনটি?** [রাবি বিজনেস স্টাডিজ অনুষদ : ২০-২১]
ক) মেধাবীনি খ) মেধাবীনী
গ) মেধাবিন ঘ) মেধাবিনী **উত্তর:** ঘ

১৭. **'নী' প্রত্যয়যোগে লিঙ্গান্তর হয়েছে কোন শব্দটি?** [চতুর্দশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল - ২) : ১৭]
ক) অরণ্যানী খ) চাকরানী
গ) ভাগনী ঘ) মেধাবিনী **উত্তর:** ঘ

১৮. **'কুহক' এর স্ত্রীবাচক শব্দ কোনটি?** [মৎস্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক) কুহকি খ) কুহকী
গ) কুহকিনী ঘ) কুহকিনি **উত্তর:** গ

১৯. **'গৃহস্বামী' শব্দের সঠিক স্ত্রীবাচক শব্দ কোনটি?** [জহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৯-২০]
ক) গৃহস্ত্রী খ) গৃহিণী
গ) গৃহস্বামিনী ঘ) গৃহকর্ত্রী **উত্তর:** গ

২০. **'মালী' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ১৪]
ক) মালা খ) মালিকা
গ) মালিনী ঘ) মালিনি **উত্তর:** গ

২১. **'জমিদার' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ২১]
ক) জমিদারনী খ) জমিদারিনী
গ) জমিদার পত্নী ঘ) জমিদার কন্যা **উত্তর:** ক

২২. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা) : ১৩]
ক) প্রণয়িনী খ) প্রনয়িনী
গ) প্রণয়িনি ঘ) প্রনয়ীনী **উত্তর:** ক

২৩. **শুদ্ধ বানান কোনটি?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
ক) সহপাঠিনী খ) সহপাঠিনি
গ) সহপাঠীনী ঘ) সহপাঠীনি **উত্তর:** ক

২৪. **'মজুর' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [ডাক বিভাগের অফিস সহায়ক (খুলনা অঞ্চল) : ২২]
ক) মজুরী খ) মজরিনী
গ) মজুরনী ঘ) মজুরানী **উত্তর:** গ

২৫. **'গরীয়ান' শব্দটির স্ত্রীবাচক শব্দ কোনটি?** [বিসিক এর প্রমোশন অফিসার : ২১]
ক) গরীয়সী খ) গরীয়াসী
গ) গরীয়নী ঘ) গরীয়ানী **উত্তর:** ক

২৬. **কোন বানানটি শুদ্ধ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ) ইউনিট : ২০-২১]
ক) মহিয়সি খ) মহীয়সী
গ) মহিয়সী ঘ) মহীয়সি **উত্তর:** খ

২৭. **লিঙ্গান্তর করতে 'নায়ক' শব্দের সাথে কোন প্রত্যয় যুক্ত হয়?** [বাংলাদেশ ব্যাংক অফিসার : ০১]
ক) আ খ) ই
গ) ইনি ঘ) ইকা **উত্তর:** ঘ

২৮. **'সেবক' শব্দের শুদ্ধ স্ত্রীলিঙ্গ কোনটি?** [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা : ৯৬]
ক) সেবকা খ) সেবোকি
গ) সেবিকি ঘ) সেবিকা **উত্তর:** ঘ

২৯. **'কর্তা' শব্দের স্ত্রী লিঙ্গ কী?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ক) কতৃ খ) কর্ত্রী
গ) কর্তানী ঘ) কর্তান **উত্তর:** খ

৩০. **'ধাত্রী' শব্দটি কোন লিঙ্গ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৯]
ক) পুংলিঙ্গ খ) স্ত্রীলিঙ্গ
গ) ক্লীব লিঙ্গ ঘ) উভয় লিঙ্গ **উত্তর:** খ

৩১. **'প্রণেতা' এর স্ত্রীবাচক রূপ কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ক) প্রণয়িনী খ) প্রণেত্রী
গ) প্রণতি ঘ) প্রাণিতা **উত্তর:** খ

৩২. **নিচের কোন শব্দটি অশুদ্ধ?** [সোনালী ব্যাংক লি. অফিসার (মুক্তিযোদ্ধা) : ১৯]
ক) সুকেশী খ) সুকেশা
গ) সুকেশীনী ঘ) সুকেশিনী **উত্তর:** গ

৩৩. **'ঠাকুর' শব্দের লিঙ্গান্তর কোনটি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর স্টোরম্যান : ২১]
ক) ঠাকুরাইন খ) ঠাকুরানি
গ) ঠাকুরণী ঘ) ঠাকুরণি **উত্তর:** ক

৩৪. **'রজক' এর স্ত্রীলিঙ্গ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ক) রজকিনী খ) মহিলা রজক
গ) রজকা ঘ) রজকী **উত্তর:** ক,ঘ

৩৫. **কোনটির আগে স্ত্রীবাচক শব্দযোগে লিঙ্গান্তর করতে হয়?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১৮]
ক) নেতা খ) কবি
গ) দাতা ঘ) বাদশাহ **উত্তর:** খ

৩৬. **'ডাক্তার' শব্দটি কোন লিঙ্গ বাচক?** [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার : ১৮]
ক) স্ত্রী লিঙ্গ খ) ক্লিব লিঙ্গ
গ) পুং লিঙ্গ ঘ) উভয় লিঙ্গ **উত্তর:** গ

৩৭. **কোনটির শেষে স্ত্রীবাচক শব্দ যোগ করে লিঙ্গান্তর করতে হয়?** [জনতা ও রূপালি ব্যাংক লি. নির্বাহী কর্মকর্তা : ১৯]
ক) পুলিশ খ) কবি
গ) গয়লা ঘ) কর্মী **উত্তর:** গ

৩৮. **'বকনা' শব্দের অর্থ -** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপসহকারী পরিচালক : ০১]
ক) গাভী খ) বাছুর
গ) গাই-বাছুর ঘ) ষাঁড়-বাছুর **উত্তর:** গ

৩৯. **'কুলি' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [কর্মসংস্থান ব্যাংক অ্যাসিস্ট্যান্ট অফিসার (ক্যাশ) : ১২]
ক) মহিলা কুলি খ) কুলিনী
গ) কামিন ঘ) কামিনী **উত্তর:** গ

৪০. **'গুরু' শব্দের নারীবাচক শব্দ কোনটি?** [চবি (খ ইউনিট) : ১৬-১৭]
ক) গুর্বি খ) গুর্বী
গ) গূর্বি ঘ) গুরুত্ব **উত্তর:** খ

৪১. **বাদশার লিঙ্গান্তর কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৩]
ক রানি খ বাদশানী
গ বেগম ঘ সম্রাজ্ঞী **উত্তর:** গ

৪২. **'বিদ্বান' এর সঠিক স্ত্রী-বাচক শব্দ কোনটি?** [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১৯]
ক বিদ্বানী খ বিদুষিণী
গ বিদুষী ঘ বিদূষী **উত্তর:** গ

৪৩. **কোনটির স্ত্রীলিঙ্গ ভিন্ন শব্দ?** [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ক বিদ্বান খ গায়ক
গ কোকিল ঘ দাদা **উত্তর:** ক

৪৪. **'আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদ্বান' এই বাক্যে কোন ধরনের ভুল আছে?** [বাংলাদেশ কমার্স ব্যাংক লি. অফিসার (গ্রেড-৩) : ০০]
ক কালগত খ বচনগত
গ বিশেষণের ঘ লিঙ্গগত **উত্তর:** ঘ

৪৫. **'ভূত' শব্দের স্ত্রী লিঙ্গ কোনটি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী অফিসার : ০৫]
ক ভভূতনী খ পেত্নী
গ মেয়ে ভূত ঘ ভূতিনী **উত্তর:** খ

৪৬. **'মরদ' এর বিপরীত লিঙ্গ কোনটি?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫]
ক মর্দ খ জেনানা
গ জেনানী ঘ মরদী **উত্তর:** খ

৪৭. **নিচের কোনটির পুরুষবাচক শব্দ আছে?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায় ২) : ১৮]
ক দাই খ এয়ো
গ সারী ঘ সধবা **উত্তর:** গ

৪৮. **'শুক' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [কৃষি উন্নয়ন কর্পোরেশনের উপ-সহকারী পরিচালক : ২০]
ক সুখী খ সারী
গ সুকী ঘ শুকা **উত্তর:** খ

৪৯. **কোনটি বিশেষ নিয়মে সাধিত স্ত্রীবাচক শব্দ?** [ইবি (গ ইউনিট) : ১৬-১৭]
ক সম্রাজ্ঞী খ ব্রাহ্মণী
গ চতুর্দশী ঘ ঠাকুরুন **উত্তর:** ক

৫০. **'সাধু' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?** [ইবি (খ ইউনিট) : ১০-১১]
ক সাধ্বি খ সাধ্বী
গ সাধিকা ঘ সাধনী **উত্তর:** খ

৫১. **কোন শব্দের নারীবাচক শব্দ হয় না?** [ডাক বিভাগের অফিস সহায়ক (খুলনা অঞ্চল) : ২২]
ক শিক্ষক খ গুরু
গ বাঘ ঘ সভাপতি **উত্তর:** ঘ

৫২. **'গীতিকা' শব্দটি কোন অর্থে স্ত্রী লিঙ্গ?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক : ২১]
ক সমার্থে খ বৃহদার্থে
গ ক্ষুদ্রার্থে ঘ বিপরীতার্থে **উত্তর:** গ

৫৩. **'নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ?** [বিএডিসির সহকারী প্রশাসনিক কর্মকর্তা : ২০]
ক সমার্থে খ বৃহদার্থে
গ বিপরীতার্থে ঘ ক্ষুদ্রার্থে **উত্তর:** ঘ

৫৪. **'ইকা'- প্রত্যয় কোন শব্দে ক্ষুদ্রার্থে ব্যবহৃত হয়েছে?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ক নায়িকা খ সেবিকা
গ মালিকা ঘ শ্যালিকা **উত্তর:** গ

৫৫. **'মালা' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?** [সোনালী ব্যাংক লি. অফিসার : ১৮]
ক মালিকা খ মালী
গ মালীনী ঘ মালিনী **উত্তর:** ক

৫৬. **পুস্তকের স্ত্রী লিঙ্গ কোনটি?** [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন মাস্টার : ২২]
ক পুস্তিকা খ পুরনজয়
গ পুস্তকী ঘ প্রবচন **উত্তর:** ক

৫৭. **'পুস্তিকা' কী অর্থে ব্যবহৃত হয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ক স্ত্রীলিঙ্গ খ উভয়লিঙ্গ
গ ক্ষুদ্রার্থে ঘ বৃহদার্থে **উত্তর:** গ

৫৮. **'অরণ্য' এর লিঙ্গান্তর কী?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ক আরণ্য খ অরণী
গ অরণ্য ঘ অরণ্যানী **উত্তর:** ঘ

৫৯. **বৃহৎ অর্থে স্ত্রীবাচক শব্দ কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের অধীন স্বাস্থ্য সহকারী : ০৪]
ক যোগিনী খ অরণ্যানী
গ ক্ষত্রিয়ানী ঘ গীতিকা **উত্তর:** খ

৬০. **নিচের কোনটির লিঙ্গান্তর অশুদ্ধ?** [পূবালী ব্যাংক লি. অফিসার/ সিনিয়র অফিসার : ১৪]
ক অবল-অবলা খ বাসন্তী-বসন্ত
গ ধাত্রা-ধাত্রী ঘ অভাব-অভাবী **উত্তর:** গ

৬১. **কোনটি ভিন্নার্থক স্ত্রীবাচক শব্দ?** [সিজিএ'র গবেষণা কর্মকর্তা : ৯৮]
ক নাটিকা খ পুস্তিকা
গ বনানী ঘ কাঠি **উত্তর:** গ

৬২. **পুরুষবাচক শব্দ নয়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৭-১৮]
ক বেঙ্গমা খ দীর্ঘাঙ্গী
গ বর্ষীয়ান ঘ দুঃখী **উত্তর:** খ

৬৩. **নিচের কোনটি অবজ্ঞাসূচক স্ত্রীবাচক শব্দ?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (H ইউনিট) : ১৭-১৯]
ক চন্দ্রমুখী খ দারোগানী
গ সুকেশিনী ঘ যামিনী **উত্তর:** খ

বচন
Number

'বচন' একটি পারিভাষিক শব্দ যার অর্থ সংখ্যার ধারণা। একের বেশি সংখ্যা বোঝাতে যেসব লগ্নক বিশেষ্য বা সর্বনামের সঙ্গে যুক্ত হয়, সেগুলোকে বচন বলে। বাংলা ভাষায় বচন দুই প্রকার। যথা- একবচন ও বহুবচন।

একবচন শব্দ : যে শব্দ দ্বারা কোনো প্রাণি, বস্তু বা ব্যক্তির একটিমাত্র সংখ্যার ধারণা হয়, তাকে একবচন বলে। এক বচন গঠনের নিয়মাবলি-

- একবচন শব্দে বহুবচন লগ্নক যুক্ত হয় না। যেমন- সে এলো। ডাক্তার রোগী দেখছে। শিক্ষক ক্লাসে এসেছেন। তবে, একবচন শব্দে একবচন লগ্নক (-টা, -টি, -খানা, -খানি প্রভৃতি) যুক্ত হতে পারে। যেমন- বইটা কোথায় হারিয়ে গেল? মেয়েটি স্কুলে যায়নি।
- শব্দের আগে পূরণবাচক বিশেষণ বসিয়ে একবচন করা যায়। যেমন- বইটির তৃতীয় অধ্যায় দেখো। সে পঞ্চম বর্ষে পড়ে।

বহুবচন শব্দ : যে শব্দ দ্বারা কোনো প্রাণি, বস্তু বা ব্যক্তির একের অধিক অর্থাৎ বহু সংখ্যার ধারণা হয়, তাকে বহুবচন বলে। যেমন- তিনজন লোক একসঙ্গে গান গাইছে। বহুবচন শব্দে বহুবচন লগ্নক যুক্ত হয়।

- প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে -চয়, -নিচয়, -পাল, -সব, -সমূহ, -সকল, -দল প্রভৃতি লগ্নক যোগ করতে হয়।
  চয় - বন্ধুচয়, পুষ্পচয়।
  নিচয় - কুসুমনিচয়, বুধচয়।
  পাল - মৃগপাল, মেষপাল।
  সব - ভাইসব, পাখিসব।
  সমূহ - বৃক্ষসমূহ, মনুষ্যসমূহ।
  সকল - মনুষ্যসকল, পর্বতসকল।
  দল - সৈন্যদল
- ইতর প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে -গুলা, -গুলি, -গুলো প্রভৃতি লগ্নক যুক্ত হয়। যেমন-
  গুলা - ফুলগুলো, গরুগুলো
  গুলি - বইগুলি, ঘরগুলি, কলমগুলো
- অপ্রাণিবাচক শব্দের বহুবচনে -আবলি, -গুচ্ছ, -গ্রাম, -দাম, -নিকর, -পুঞ্জ, -মালা, -রাশি, -রাজি প্রভৃতি লগ্নক যোগ করতে হয়।
  আবলি - পুস্তকাবলি, পদাবলি, রচনাবলি, নিয়মাবলি
  গুচ্ছ - কবিতাগুচ্ছ, কেশগুচ্ছ
  গ্রাম - গুণগ্রাম
  দাম - কুসুমদাম, শৈবালদাম
  পুঞ্জ - মেঘপুঞ্জ, দ্বীপপুঞ্জ, কবিপুঞ্জ, লেখকপুঞ্জ।
  নিকর - কমলনিকর
  মালা - পর্বতমালা, বর্ণমালা, মেঘমালা
  রাশি - বালিরাশি, জলরাশি
  রাজি - তারকারাজি, বৃক্ষরাজি
- প্রাণিবাচক শব্দের বহুবচনে -যূথ, -কুল, -মহল প্রভৃতি লগ্নক যোগ করতে হয়। যেমন-
  যূথ - হস্তিযূথ, মৃগযূথ
  কুল - অলিকুল, জীবকুল, প্রাণিকুল, মনুষ্যকুল
  মহল - গুণিমহল, মহিলামহল
- উন্নত প্রাণীবাচক শব্দের সঙ্গে -রা, -এরা, -দিগ, -দের প্রভৃতি লগ্নক যুক্ত হয়ে বহুবচন হয়। যেমন-
  রা - ছাত্ররা, ধনীরা, মাঝিরা
  এরা - ভাইয়েরা, শিক্ষকেরা, মেয়েরা
  দের - ছেলেদের, মেয়েদের ইত্যাদি।
- মানী পক্ষের (উন্নত প্রাণিবাচক মনুষ্য শব্দের) বহুবচনে -গণ, -বৃন্দ, -মণ্ডলী, -বর্গ প্রভৃতি লগ্নক যোগ করতে হয়। যেমন-
  গণ - সদস্যগণ, সচিবগণ, দেবগণ, নরগণ, জনগণ
  বৃন্দ - সুধীবৃন্দ, ভক্তবৃন্দ, শিক্ষকবৃন্দ, দর্শকবৃন্দ
  মণ্ডলী - নির্বাচকমণ্ডলী, শিক্ষকমণ্ডলী, সম্পাদকমণ্ডলী, সুধীমণ্ডলী
  বর্গ - পণ্ডিতবর্গ, মন্ত্রিবর্গ, নেতৃবর্গ
- কিছু একবচন শব্দ বহুবচন হওয়ার সময়ে কাঠামোগত পরিবর্তন ঘটায়। যেমন-

একবচন	বহুবচন	একবচন	বহুবচন
আমি	আমরা	সে	তারা
তুমি	তোমরা	তিনি	তাঁরা

- কতিপয় বিদেশি শব্দে, সে ভাষার অনুসরণে বহুবচন হয়। যেমন-
  আন প্রত্যয় যোগে : সাহেব - সাহেবান, বুজর্গ - বুজুর্গান।
  আৎ প্রত্যয় যোগে : কাগজ - কাগজাত (কাগজপত্র)।
- অনেক ক্ষেত্রে বহুবচন লগ্নক ব্যবহৃত না হলেও বহুবচন হতে পারে। যেমন-
  পোকার আক্রমণে ফসল নষ্ট হয়। বাজারে লোক জমেছে। বনে বাঘ বাস করে। মৌমাছি মৌচাক বানায়। সমাজে নারীর ক্ষমতায়ন নিয়ে তিনি গবেষণা করছেন।
  সিংহ বনে থাকে (এখানে সিংহ এক বচন ও বহুবচন দুইই বোঝায়)।
- অনেক সময় বিশেষ্য ও বিশেষণ পদের দ্বিত্ব প্রয়োগেও বহুবচন সাধিত হয়। যেমন- হাঁড়ি হাঁড়ি সন্দেশ। কাঁড়ি কাঁড়ি টাকা। পাকা পাকা আম। বনে বনে ফুল ফুটেছে। ডালে ডালে কুসুম ভার। (এখানে ভার অর্থ সমূহ)

- একবচনাত্মক বিশেষ্যের আগে অজস্র, অনেক, বিস্তর, বহু, নানা, ঢের, অঢেল ইত্যাদি বহুত্ববোধক শব্দ বিশেষণ হিসেবে প্রয়োগ করেও বহুবচন বোঝানো হয়। যেমন- অজস্র লোক, অনেক ছাত্র, বহু মেহমান, নানা কথা, অঢেল টাকা পয়সা, গণকবর ইত্যাদি।
- বিশেষ নিয়মে সাধিত বহুবচন:
বহুবাচক সর্বনাম ও বিশেষ্য - মেয়েরা কানাকানি করছে। এটাই করিমদের বাড়ি। রবীন্দ্রনারা প্রতিদিন জন্মায় না। সকলে সব জানে না।

MCQ Solution

১. **কোনটি পারিভাষিক শব্দ?** [ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. এর সুইচ বোর্ড এ্যাটেনডেন্ট : ২১]
ক সমাস খ লিঙ্গ
গ কারক ঘ বচন **উত্তর:** ঘ

২. **'বচন' অর্থ কি?** [১৮তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক সংখ্যার ধারণা খ গণনার ধারণা
গ ক্রমের ধারণা ঘ পরিমাপের ধারণা **উত্তর:** ক

৩. **কোন দুটি পদের বচন ভেদ হয়?** [দি সিকিউরিটি প্রিন্টিং করর্পোরেশন অফিসার জেনারেল : ২১]
ক বিশেষ্য ও সর্বনাম খ বিশেষ্য ও বিশেষণ
গ সর্বনাম ও অব্যয় ঘ ক্রিয়া ও অব্যয় **উত্তর:** ক

৪. **নিচের কোনটি এক বচনের উদাহরণ?** [কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সিনিয়র একাউন্টস ক্লার্ক : ২২/ সিজিএ এর অফিস সহায়ক : ২২]
ক মানুষ মরণশীল খ ডাক্তার রুগী দেখছে
গ লোকে বলে ঘ বনে বাঘ বাস করে **উত্তর:** খ

৫. **কোনটি একবচনের উদাহরণ?** [পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল, রাজশাহী) পোস্টম্যান : ২২]
ক বনে বাঘ থাকে খ শিক্ষক ছাত্রকে পড়াচ্ছেন
গ মানুষ মরণশীল ঘ লোকে বলে **উত্তর:** খ

৬. **'তৃতীয়' শব্দটি কোন বচন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৫-১৬]
ক একবচন খ দ্বিবচন
গ বহুবচন ঘ শ্রেণিবচন **উত্তর:** ক

৭. **কোনটি বিশেষ্যের একবচন নির্দেশ করে?** [জবি (ক ইউনিট) : ১০-১১]
ক টি খ গুলি
গ রা ঘ পাল **উত্তর:** ক

৮. **নিচের কোনটি একবচনবাচক নির্দেশক?** [পূবালী ব্যাংক লি. অফিসার/ জুনিয়র অফিসার (ক্যাশ) : ১৪]
ক গুলি খ রা
গ টা ঘ দিগ **উত্তর:** গ

৯. **বহুত্ববাচক শব্দ-** [ঢাবি (ঘ ইউনিট) : ০৭-০৮]
ক বিদ্যুদ্দাম খ বুজুর্গ
গ সেপাই ঘ তারা **উত্তর:** ঘ

১০. **বহুবচনজ্ঞাপক শব্দ-** [ঢাকা বিশ্ববিদ্যালয় : ০৮-০৯]
ক ময় খ চয়
গ হয় ঘ লয় **উত্তর:** খ

১১. **নিচের কোনটি বহুবচন বাচক শব্দ?** [পূবালী ব্যাংক লি. অফিসার : ১৪]
ক রচনাবলি খ পুষ্পকীট
গ পণ্ডিতপ্রবর ঘ রত্নগর্ভা **উত্তর:** ক

১২. **বচনের সঠিক ব্যবহার হয়েছে কোন শব্দটিতে?** [কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন পদ : ১৯]
ক পর্বতপুঞ্জ খ দ্বীপমালা
গ পদাবলি ঘ কুসুমনিকর **উত্তর:** গ

১৩. **বহুবচনজ্ঞাপক শব্দবিভক্তি কোনটি?** [ঢাবি (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক গাছ খ গাছা
গ গজ ঘ গ্রাম **উত্তর:** ঘ

১৪. **কোনটি অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?** [১৮তম বিসিএস]
ক বৃন্দ খ কুল
গ বর্গ ঘ গ্রাম **উত্তর:** ঘ

১৫. **কেবল অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ-** [ঢাবি (ঘ ইউনিট) : ১০-১১]
ক গণ খ পুঞ্জ
গ যূথ ঘ পাল **উত্তর:** খ

১৬. **কোনটি সঠিক?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ক তরঙ্গপুঞ্জ খ মেঘপুঞ্জ
গ কুসুমপুঞ্জ ঘ কবিতাপুঞ্জ **উত্তর:** খ

১৭. **'মেঘ' শব্দকে বহুবচন করতে কোন লগ্নক ব্যবহৃত হয়?** [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২২]
ক রাজি খ আবলি
গ গুলো ঘ মালা **উত্তর:** ঘ

১৮. **কেবল জন্তুর বহুবচনে ব্যবহৃত হয় এমন শব্দ হলো-** [ঢাবি (গার্হস্থ্য অর্থনীতি) : ১৬-১৭]
ক আবলি খ গণ
গ সকল ঘ পাল **উত্তর:** ঘ

১৯. **কোনটি অপ্রাণিবাচক বহুবচনে ব্যবহৃত হয়?** [ববি (ক ইউনিট) : ১৪-১৫]
ক বৃন্দ খ কুল
গ বর্গ ঘ গুচ্ছ **উত্তর:** ঘ

২০. **'কবিতা' শব্দের বহুবচন কোনটি?** [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ) এর জুনিয়র অডিটর : ২২]
ক কবিতাগুচ্ছ খ কবিতামালা
গ কবিতারাজি ঘ কবিতাসমূহ **উত্তর:** ক

২১. **অপ্রাণিবাচক শব্দ-** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর থানা পরিসংখ্যানবিদ : ২০]
ক কবিকুল খ পাখিকুল
গ কমলনিকর ঘ বুজুর্গান **উত্তর:** গ

২২. নিচের কোন বহুবচনজ্ঞাপক শব্দ কেবল অপ্রাণিবাচক শব্দের সঙ্গে যুক্ত? [ঢাবি (গ ইউনিট) : ১৫-১৬]
ⓚ বৃন্দ ⓦ কুল
ⓖ বর্গ ⓖ দাম **উত্তর:** ঘ

২৩. 'কুসুম' শব্দের সঙ্গে বহুবচনের কোন রূপটি মানান সই? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উচ্চমান সহকারী : ২১]
ⓚ নিচয় ⓦ মালা
ⓖ দাম ⓖ রাজি **উত্তর:** ক,গ

২৪. 'বৃক্ষ' শব্দের বহুবচন কী? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর জেনারেল ম্যানেজার (প্রশাসন) : ২২]
ⓚ বৃক্ষরা ⓦ বৃক্ষগুলো
ⓖ বৃক্ষবর্গ ⓖ বৃক্ষসমূহ **উত্তর:** ঘ

২৫. প্রাণি ও অপ্রাণি উভয় শব্দে ব্যবহৃত হয়- [ইসলামী বিশ্ববিদ্যালয় (H ইউনিট) : ১৭-১৮]
ⓚ নিচয় ⓦ মালা
ⓖ রাজি ⓖ সবগুলো **উত্তর:** ক

২৬. ইতর প্রাণিবাচক শব্দের বহুবচনে কী যুক্ত হয়? [ইসলামী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
ⓚ রাশি ⓦ এবং
ⓖ বচন ⓖ গুলো **উত্তর:** ঘ

২৭. ইতর প্রাণীর বহুবচনে ব্যবহৃত হয়-। [রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
ⓚ গণ ⓦ বৃন্দ
ⓖ পাল ⓖ রা **উত্তর:** গ

২৮. 'সমূহ' এর সমার্থক শব্দ- [রাবি : ০৫-০৬]
ⓚ অর্ণব ⓦ উবগ
ⓖ নিচয় ⓖ অরি **উত্তর:** গ

২৯. 'পর্বত' শব্দের বহুবচন কোনটি? [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর এরোড্রোম ফায়ার লীডার : ২১]
ⓚ পর্বতকুল ⓦ পর্বতমালা
ⓖ পর্বতসমূহ ⓖ পর্বতসমেত **উত্তর:** খ

৩০. নিচের কোন বহুবচনটি সঠিক? [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়) এর অফিস সহকারী : ২১]
ⓚ মনুষ্যসকল ⓦ মনুষ্যসমূহ
ⓖ পাখিসব ⓖ ক, খ, গ সবগুলোই **উত্তর:** ঘ

৩১. কোন শব্দটি প্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) : ১৮]
ⓚ রাশি ⓦ রাজি
ⓖ পুঞ্জ ⓖ যূথ **উত্তর:** ঘ

৩২. 'হস্তি' শব্দটির পর কোন বহুবচনবোধক শব্দটি বসবে? [NSI-এর কনস্টেবল : ১৯]
ⓚ যূথ ⓦ গণ
ⓖ মালা ⓖ রাজি **উত্তর:** ক

৩৩. অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ নয়- [জবি (গ ইউনিট) : ০৯-১০]
ⓚ কুল ⓦ গ্রাম
ⓖ পুঞ্জ ⓖ রাশি **উত্তর:** ক

৩৪. কেবল উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে হয়- [ঢাবি (ঘ ইউনিট) : ১৬-১৭]
ⓚ সকল ⓦ নিচয়
ⓖ মালা ⓖ বর্গ **উত্তর:** ঘ

৩৫. কোনটি উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়? [আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের অফিস সহায়ক : ২০]
ⓚ কুল ⓦ মণ্ডলী
ⓖ সকল ⓖ গ্রাম **উত্তর:** খ

৩৬. সকল নির্বাচককে সমষ্টিগতভাবে বলা হয়- [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]
ⓚ ভোটারগণ ⓦ ভোটারমণ্ডলী
ⓖ নির্বাচক ⓖ নির্বাচকমণ্ডলী **উত্তর:** ঘ

৩৭. কোনটি সঠিক বহুবচন? [স্বাস্থ্য অধিদপ্তরের অধীন স্বাস্থ্য সহকারী : ০৪]
ⓚ মন্ত্রীগণ ⓦ শিক্ষকগণ
ⓖ শিক্ষকমণ্ডলী **উত্তর:** গ

৩৮. কোনটি সঠিক নয়? [রাবি ভর্তি : ০৮-০৯]
ⓚ পণ্ডিতবৃন্দ ⓦ শিক্ষকবৃন্দ
ⓖ সুধীবৃন্দ ⓖ মন্ত্রিবর্গ **উত্তর:** ক

৩৯. নিচের কোনটি বহুবচন বাচক শব্দ নয়? [আইসিবি ব্যাংক লি. অফিসার/ সিনিয়র অফিসার : ১৪]
ⓚ গ্রাম ⓦ কুল
ⓖ সভা ⓖ মঙ্গল **উত্তর:** ঘ

৪০. নিচের কোনটি বহুবচন জ্ঞাপক শব্দ নয়? [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ⓚ দাম ⓦ কুল
ⓖ সভা ⓖ বন **উত্তর:** ঘ

৪১. নিচের কোনটি বহুবচন জ্ঞাপক শব্দ নয়? [পূবালী ব্যাংক লি. অফিসার/ সিনিয়র অফিসার : ১৪]
ⓚ মালা ⓦ দাম
ⓖ ফুল ⓖ গ্রাম **উত্তর:** গ

৪২. কোনটি বহুবচনজ্ঞাপক শব্দের দৃষ্টান্ত নয়? [ঢাবি (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ গ্রাম ⓦ মহল
ⓖ দাম ⓖ ক্ষেত্র **উত্তর:** ঘ

৪৩. কোনটি সমষ্টিবাচক শব্দ নয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২০-২১]
ⓚ নিকর ⓦ নিচয়
ⓖ কূল ⓖ দাম **উত্তর:** গ

৪৪. নিচের কোনটিতে বহুবচনের অশুদ্ধ ব্যবহার হয়েছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (পুন: ঘ ইউনিট) : ১৮-১৯]
ⓚ পাখিসব ⓦ বুধমালা
ⓖ পণ্ডিতসভা ⓖ নেতৃবর্গ **উত্তর:** খ

৪৫. 'সাহেব' শব্দের বহুবচন কোনটি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে উপ-পরিদর্শক : ১৮]

ⓚ সাহেবকুল ⓦ সাহেবান
ⓖ সাহেবসমূহ ⓘ সাহেবগুলো **উত্তর: খ**

৪৬. 'কাগজ' এর বহুবচন কোনটি? [বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার (ক্যাশ) : ১১]

ⓚ কাগজাত ⓦ কাগজগুলো
ⓖ কাগজসমূহ ⓘ কাগজাদী **উত্তর: ক**

৪৭. নিচের কোন উদাহরণটি একবচনের সাহায্যে বহুবচনের প্রকাশ? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (G ইউনিট) : ১৭-১৮]

ⓚ পোকার আক্রমণে ফসল বিনষ্ট হয়
ⓦ ওই এক পথই খোলা আছে
ⓖ আমার ইচ্ছাগুলো পূরণ করতে পারতাম
ⓘ চোরেরা পুলিশকে দেখে পালিয়ে গেল **উত্তর: ক**

৪৮. 'হাঁড়ি হাঁড়ি সন্দেশ' - এখানে কোন কোন পদযোগে বহুবচন হয়েছে? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]

ⓚ বিশেষ্য ও বিশেষ্য
ⓦ বিশেষণ ও বিশেষণ
ⓖ বিশেষ্য ও বিশেষণ
ⓘ বিশেষণ ও ক্রিয়া **উত্তর: গ**

৪৯. 'হাঁড়ি হাঁড়ি সন্দেশ' বাক্যাংশটি বহুবচনজ্ঞাপক হয়েছে- [ঢাবি (ক ইউনিট) : ১৪-১৫]

ⓚ সমষ্টিবাচক শব্দযোগে
ⓦ সমার্থক শব্দের দ্বিত্ব প্রয়োগে
ⓖ বহুত্বজ্ঞাপক পদযোগে
ⓘ পদের দ্বিত্ব প্রয়োগে **উত্তর: ঘ**

৫০. কোন দ্বিরুক্ত শব্দ জুটি বহুবচন সংকেত করে? [১০ম বিসিএস]

ⓚ পাকা পাকা আম ⓦ ছি ছি কি করছ?
ⓖ নরম নরম হাত ⓘ উড়ু উড়ু মন **উত্তর: ক**

৫১. "বনে বনে ফুল ফুটেছে।" এখানে 'ফুল'- [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর স্টোরম্যান : ২১]

ⓚ একবচন
ⓦ একবচন ও বহুবচন দুটোই
ⓦ বহুবচন
ⓘ কোনোটাই না **উত্তর: গ**

৫২. "ডালে ডালে কুসুম ভার"-এখানে 'ভার' কোন অর্থ প্রকাশ করছে? [ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]

ⓚ সমূহ ⓦ বোঝা
ⓖ গুরুত্ব ⓘ বিষাদ **উত্তর: ক**

৫৩. কোন পদের সামনে 'অজস্র' শব্দটি বসালে বহুবচন হয়? [জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী : ২১]

ⓚ সর্বনাম ⓦ অব্যয়
ⓖ বিশেষ্য ⓘ ক্রিয়া **উত্তর: গ**

৫৪. 'গণকবর' শব্দে 'গণ' কথাটি ব্যবহৃত হয়েছে- [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক : ২২]

ⓚ সাধারণ অর্থে ⓦ বহুবচন অর্থে
ⓖ মানুষ অর্থে ⓘ বিশেষ অর্থে **উত্তর: খ**

৫৫. নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত বহুবচনের উদাহরণ? [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী ড্রিলিং প্রকৌশলী : ৯৮]

ⓚ সিংহ বনে থাকে
ⓦ বাগানে ফুল ফুটেছে
ⓖ মানুষ মরণশীল
ⓘ এটাই করিমদের বাড়ি **উত্তর: ঘ**

৫৬. বিশেষ নিয়মে সাধিত বহুবচন কোনটি? [খুবি (খ ইউনিট) : ১৯-২০]

ⓚ জঙ্গলে সাপ থাকে
ⓦ পোকায় ধান খেয়েছে
ⓖ হাঁড়ি হাঁড়ি সন্দেশ
ⓘ নয়নদের পরীক্ষা শেষ **উত্তর: ঘ**

৫৭. 'লোকে বলে'- উক্তিটির তাৎপর্য কোনটি? [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর এরোড্রম কর্মকর্তা : ২১]

ⓚ একজন লোক বলে
ⓦ দুইজন লোক বলে
ⓖ সাধারণ লোক বলে
ⓘ নির্দিষ্ট কেউ বলে **উত্তর: গ**

৫৮. নিচের কোনটি একবচনের দৃষ্টান্ত নয়? [পূবালী ব্যাংক লি অফিসার : ১৪]

ⓚ মেয়েটি ⓦ একজন কবি
ⓖ একটি জীবন ⓘ বড়ো বড়ো গাছ **উত্তর: ঘ**

৫৯. নিচের কোনটি বহুবচন নির্দেশক শব্দ নয়? [পূবালী ব্যাংক লি. অফিসার/ জুনিয়র অফিসার (ক্যাশ) : ১৪]

ⓚ আবলি ⓦ মহল
ⓖ পাল ⓘ জন **উত্তর: ঘ**

সংখ্যাবাচক শব্দ
Numerals

যেসব শব্দ দিয়ে সংখ্যা বোঝায়, সেগুলোকে সংখ্যাবাচক শব্দ বা সংখ্যাশব্দ বলে। সংখ্যা গণনার মূল একক 'এক'। সংখ্যাশব্দ দুই রকমের। যথা- ক্রমবাচক ও পূরণবাচক।

ক) ক্রমবাচক সংখ্যাশব্দ

একের পর এক যে সংখ্যাগুলো আসে, সেগুলো ক্রমবাচক সংখ্যাশব্দ। যেমন - ১ (এক), ২ (দুই) ৩, (তিন), ৪ (চার), ৫ (পাঁচ), ৬ (ছয়), ৭ (সাত), ৮ (আট), ৯ (নয়), ১০ (দশ), ১১ (এগারো) ১২ (বার), ১৩ (তেরো), ১৪ (চোদ্দ), ১৫ (পনেরো), ১৬ (ষোল), ১৭ (সতেরো), ১৮ (আঠারো), ১৯ (উনিশ), ২০ (বিশ) ইত্যাদি। ক্রমবাচক সংখ্যাবর্ণের সুবিধা হলো এতে ১ থেকে ৯ এবং ০ দিয়ে অসীম সংখ্যার পূর্ব পর্যন্ত ক্রম তৈরি করা যায়। ক্রমবাচক সংখ্যাশব্দের এক বা একাধিক প্রতিশব্দ রয়েছে। এগুলো কখনো স্বতন্ত্রভাবে ব্যবহৃত হয়, কখনো সমাসবদ্ধ শব্দের পূর্বপদ হিসাবে ব্যবহৃত হয়। যেমন 'দুই' সংখ্যাশব্দের প্রতিশব্দ 'দ্বি', 'দু' এবং 'দো'। 'তিন' সংখ্যাশব্দের প্রতিশব্দ 'ত্রি' এবং 'তে'।

খ) পূরণবাচক সংখ্যাশব্দ

পূরণবাচক সংখ্যাশব্দ দিয়ে কোনো সংখ্যার ক্রমিক অবস্থান ও পরিমাণকে বোঝায়। যেমন 'এক' সংখ্যার ক্রমিক অবস্থান 'প্রথম', 'প্রথমা', 'পহেলা' ইত্যাদি। এগুলোকে পূরণবাচক সংখ্যাশব্দ বলে। পূরণবাচক সংখ্যাশব্দ তিন ধরনের হয়। যথা-


১) সাধারণ পূরণবাচক : ক্রমবাচক সংখ্যার পর্যায় বা অবস্থানকে নির্দেশ করতে সাধারণ পূরণবাচক হয়ে থাকে। যেমন- প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, নবম, দশম, একাদশ বা এগারোতম ইত্যাদি। সাধারণত পূরণবাচক সংক্ষিপ্ত রূপেও লেখা যায়। যেমন -১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম, ১০ম ইত্যাদি। ১১ থেকে ১৮ পর্যন্ত সংখ্যার পূর্ণ পূরণবাচক ও সংক্ষিপ্ত পূরণবাচক দুই রকম: একাদশ (১১শ) ও এগারোতম (১১তম), দ্বাদশ (১২শ) ও বারোতম (১২তম), এয়োদশ (১৩শ) ও তেরোতম (১৩তম), চতুর্দশ (১৪শ) ও চোদ্দতম (১৪তম), পঞ্চদশ (১৫শ) ও পনেরোতম (১৫তম), ষোড়শ (১৬শ) ও ষোলোতম (১৬তম), সপ্তদশ (১৭শ) ও সতেরোতম (১৭তম), অষ্টাদশ (১৮শ) ও আঠারোতম (১৮তম)।

১৯ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যার সংক্ষিপ্ত পূরণবাচকে শুধু 'তম' প্রত্যয় যোগ করা হয়। যথা: উনিশতম বা ঊনবিংশতিতম (১৯তম), বিশতম বা বিংশতিতম (২০তম), একুশতম বা একবিংশতিতম (২১তম), আটাশতম বা অষ্টাবিংশতিতম (২৮তম), উনপঞ্চাশতম বা ঊনপঞ্চাশত্তম (৪৯তম), আশিতম বা অশীতিতম (৮০তম), নব্বইতম বা নবতিতম (৯০তম), নিরানব্বইতম বা নবনবতিতম (৯৯তম) ইত্যাদি।

বাংলা ভাষায় সাধারণ পূরণবাচকের নারীবাচক রূপের ব্যবহার আছে। যেমন - প্রথমা (১মা), দ্বিতীয়া (২য়া), তৃতীয়া (৩য়া), চতুর্থী (৪র্থী) পঞ্চমী, (৫মী), ষষ্ঠী (৬ষ্ঠী), সপ্তমী (৭মী), অষ্টমী (৮মী), নবমী (৯মী), দশমী (১০মী), একাদশী (১১শী), দ্বাদশী (১২শী), এয়োদশী (১৩শ), চতুর্দশী (১৪শী), পঞ্চদশী (১৫শী), ষোড়শী (১৬শী), সপ্তদশী (১৭শী), অষ্টাদশী (১৮শী) ইত্যাদি।

২) তারিখ পূরণবাচক : বাংলা ভাষার তারিখ নির্দেশ করার জন্য সংখ্যাশব্দের পূরণবাচকে নির্দিষ্ট কিছু প্রত্যয় ব্যবহৃত হয়। যথা: পহেলা বা পয়লা (১লা), দোসরা (২রা), তেসরা (৩রা), চৌঠা (৪ঠা), পাঁচই (৫ই), ছয়ই (৬ই), সাতই (৭ই), আটই (৮ই), নয়ই (৯ই), দশই (১০ই), এগারোই (১১ই), বারোই (১২ই), তেরোই (১৩ই), চৌদ্দই (১৪ই), পনেরোই (১৫ই), ষোলোই (১৬ই), সতেরোই (১৭ই), আঠারোই (১৮ই), উনিশে (১৯শে), বিশে (২০শে), একুশে (২১শে) বাইশে (২২শে), তেইশে (২৩শে), চব্বিশে (২৪শে), পঁচিশে (২৫শে), ছাব্বিশে (২৬শে), সাতাশে (২৭শে), আটাশে (২৮শে), উনত্রিশে (২৯শে), ত্রিশে (৩০শে), একত্রিশে (৩১শে)। এরপর তারিখবাচক শব্দ নেই)।

৩) ভগ্নাংশ পূরণবাচক : কখনো পূর্ণসংখ্যার থেকে খানিকটা কম বা খানিকটা বেশি বোঝাতে ভগ্নাংশ পূরণবাচক হয়। যেমন - সাড়ে, সোয়া, দেড়, আড়াই, চৌথ, পৌনে ইত্যাদি।



ক্রমবাচক		পূরণবাচক	
অঙ্ক বা সংখ্যাবর্ণ	গণনা সংখ্যাশব্দ	সাধারণ	তারিখ
১	এক	প্রথম	১লা (পয়লা)
২	দুই	দ্বিতীয়	২রা (দোসরা)
২০	বিশ, কুড়ি	বিংশ	২০শে (বিশে)
২১	একুশ	একবিংশ	২১শে (একুশে)
৪০	চল্লিশ	চত্বারিংশ	
১০০	এক শত	শততম	
১৫০	একশত পঞ্চাশ	সার্ধশত	
১০০০	হাজার/ সহস্র	সহস্রতম	

পরিমাণ বা গণনাবাচক সংখ্যা : একাধিকবার একই একক গণনা করলে যে সমষ্টি পাওয়া যায়, তাই পরিমাণ বা গণনাবাচক সংখ্যা। যেমন- সপ্তাহ বলতে আমরা সাত দিনের সমষ্টি বুঝিয়ে থাকি। সপ্ত (সাত) অহ (দিনক্ষণ) = সপ্তাহ। এখানে দিন একটি একক। এরূপ - সাতটি দিন বা সাতটি একক মিলে হয়েছে সপ্তাহ।

MCQ Solution

১. **সংখ্যা গণনার মূল একক-** [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী : ২২]
ক) শূন্য খ) এক
গ) ক্রম ঘ) তারিখ **উত্তর: খ**

২. **কোনটি ক্রমবাচক শব্দ?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২০-২১]
ক) অর্ধ খ) এক
গ) প্রথম ঘ) পহেলা **উত্তর: খ**

৩. **কোনটি ক্রমবাচক সংখ্যা?** [আবহাওয়া অধিদপ্তরের অধীনে সহকারী আবহাওয়াবিদ : ০০]
ক) পাঁচই খ) সপ্তম
গ) এগারো ঘ) একুশে **উত্তর: গ**

৪. **সাধারণ পূরণবাচক শব্দ কোনটি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিরাপত্তা অপারেটর : ২১]
ক) আট খ) নবম
গ) তেসরা ঘ) দেড় **উত্তর: খ**

৫. **'দশম শ্রেণি' এখানে বিশেষণ কোন শ্রেণির?** [বাংলাদেশ কমার্স ব্যাংক অফিসার : ০০]
ক) সংখ্যাবাচক খ) পরিমাণবাচক
গ) ক্রমবাচক ঘ) অবস্থাবাচক **উত্তর: ক**

৬. **'তৃতীয়' শব্দটি কোন ধরনের সংখ্যাবাচক শব্দ?** [ঢাকা সেনানিবাসের জুনিয়র শিক্ষক : ২১]
ক) গণনাবাচক শব্দ খ) তারিখবাচক শব্দ
গ) পূরণবাচক শব্দ ঘ) অঙ্কবাচক শব্দ **উত্তর: গ**

৭. **নিচের কোনটি পূরণবাচক শব্দের উদাহরণ?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের এস্টিমেটর: ২০]
ক) একাদশ খ) পাঁচ
গ) পহেলা ঘ) সিকি **উত্তর: ক**

৮. **'দ্বাদশ' শব্দটি-** [ঢাবি (খ ইউনিট) : ০৫-০৬]
ক) অঙ্কবাচক খ) গণনাবাচক
গ) পূরণবাচক ঘ) তারিখবাচক **উত্তর: গ**

৯. **'একবিংশ' হচ্ছে-** [ঢাবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক) গণনাবাচক শব্দ খ) পূরণবাচক শব্দ
গ) তারিখ বাচক শব্দ ঘ) সংখ্যাবাচক শব্দ **উত্তর: খ**

১০. **'নবনবতিতম' কোন সংখ্যার পূরণবাচক সংখ্যাশব্দ?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ২১]
ক) ৪৯ খ) ৯০
গ) ৯৯ ঘ) ১০৯ **উত্তর: গ**

১১. **কোনটি তারিখবাচক শব্দ?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]
ক) ১ খ) এক
গ) প্রথম ঘ) পহেলা **উত্তর: ঘ**

১২. **'চৌঠা' কোন বাচক শব্দ-** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (B ইউনিট) : ২১-২২]
ক) অঙ্কবাচক খ) গণনাবাচক
গ) তারিখবাচক ঘ) পূরণবাচক **উত্তর: গ**

১৩. **'বার' সংখ্যাটির তারিখবাচক কোনটি?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ক) বারতম খ) বারশ
গ) বারোই ঘ) দ্বাদশ **উত্তর: গ**

১৪. **নিচের কোনটি তারিখ বাচক শব্দ?** [বিবিএস'র পরিসংখ্যান সহকারী : ২১]
ক) চার খ) দ্বাদশ
গ) চৌদ্দ ঘ) একুশে **উত্তর: ঘ**

১৫. **১/৪-এর সংখ্যাবাচক শব্দ নয়-** [ঢাবি (ঘ ইউনিট) : ১২-১৩]
ক) চৌথাই খ) সিকি
গ) পোয়া ঘ) পৌনে **উত্তর: ঘ**

১৬. **'সিকি' কোন ধরনের শব্দ?** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ২০]
ক) অঙ্কবাচক খ) গণনাবাচক
গ) পূরণবাচক ঘ) তারিখবাচক **উত্তর: গ**

১৭. **গণনাবাচক শব্দ কোন গুলো?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ক) এক, দুই খ) ১, ২
গ) প্রথম, দ্বিতীয় ঘ) ১লা, ২রা **উত্তর: ক**

১৮. **নিচের কোনটি গণনাবাচক শব্দ?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ক) কুড়ি খ) তেরই
গ) দ্বাদশ ঘ) তেসরা **উত্তর: ক**

১৯. **কোনটি গণনাবাচক সংখ্যা?** [বেবিচক এর উচ্চমান সহকারী : ২১]
ক) একুশে খ) একবিংশ
গ) একুশ ঘ) ২১ **উত্তর: গ**

২০. **'চত্বারিংশ' শব্দটি কোন সংখ্যাজ্ঞাপক?** [ঢাবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক) চব্বিশ খ) চৌত্রিশ
গ) চল্লিশ ঘ) চৌচল্লিশ **উত্তর: গ**

২১. **'সার্ধশত জন্মবার্ষিকী।'–এখানে 'সার্ধশত' কোন ধরনের শব্দ?** [সহকারি উপজেলা শিক্ষা অফিসার : ১২]
ক) তারিখবাচক খ) সংখ্যাবাচক
গ) ক্রমবাচক ঘ) আধিক্যবাচক **উত্তর: খ**

২২. **'সার্ধশত' শব্দটির অর্থ কি?** [ব্যাংক এশিয়া লি. (এমটিও) : ১১]
ক) ৫০ খ) ১০০
গ) ১৫০ ঘ) ২০০ **উত্তর: গ**

২৩. **'সপ্তাহ' কোন প্রকারের শব্দ?** [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক) অংকবাচক খ) গুণবাচক
গ) ক্রমবাচক ঘ) গণনাবাচক **উত্তর: ঘ**

কারক এবং বিভক্তি

Case & Inflectional Suffix

কারক : কারক (√কৃ + ণ্‌ক/ অক) শব্দটির অর্থ যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদ (বিশেষ্য ও সর্বনামের) যে সম্পর্ক, তাকে কারক বলে। কারক ছয় প্রকার। যথা-

১) কর্তৃকারক, ২) কর্মকারক,
৩) করণ কারক, ৪) অপাদান কারক
৫) অধিকরণ কারক ৬) সম্বন্ধ কারক।

MCQ Solution

১. **'কারক' (√কৃ + ণ্‌ক) শব্দটির অর্থ?** [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী : ২২]
ক) যা পদকে সম্পাদন করে
খ) যা সমাস সম্পাদন করে
গ) যা ক্রিয়া সম্পাদন করে
ঘ) যা পদ ও সমাসকে সম্পাদন করে **উত্তর:** গ

২. **'কারক' শব্দের বিশ্লেষণ করলে হয়-** [হাবিপ্রবি (গ ইউনিট) : ১৩-১৪]
ক) কৃ + ণ্‌ক খ) কৃ + অক
গ) ক + আরক ঘ) কার + অক **উত্তর:** ক,খ

৩. **বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে?** [৪০তম বিসিএস/ বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ক) বিভক্তি খ) কারক
গ) প্রত্যয় ঘ) অনুসর্গ **উত্তর:** খ

৪. **বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে কোন পদের সম্পর্ককে কারক বলে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই) ইউনিট) : ১৭-১৮]
ক) বিশেষণ পদের খ) অব্যয় পদের
গ) নাম পদের ঘ) ক্রিয়া বিশেষণ পদের **উত্তর:** গ

৫. **কারক কত প্রকার?** [সড়ক ও জনপদ অধিদপ্তরের কার্য-সহকারী : ২২]
ক) চার প্রকার খ) পাঁচ প্রকার
গ) ছয় প্রকার ঘ) সাত প্রকার **উত্তর:** গ

বিভক্তি : বাক্যের মধ্যে অন্য শব্দের সাথে সম্পর্ক বোঝাতে বিশেষ্য ও সর্বনামের সঙ্গে অর্থহীন কিছু লগ্নক যুক্ত হয়, সেগুলোকে বিভক্তি বলে। বিভক্তিগুলো ক্রিয়াপদের সাথে নামপদের সম্পর্ক স্থাপন করেছে। যেমন-বাড়ির পুকুরের পাড়ে বড়ো ভাইয়ের কলাবাগান। - এই বাক্যে 'বাড়ি', 'পুকুর' এবং 'ভাই' শব্দের সঙ্গে জুড়ে আছে '-র', '-এর' এবং '-য়ের' বিভক্তি। বিভক্তিচিহ্ন স্পষ্ট না হলে তা শূন্য ('০') বিভক্তি আছে মনে করা হয়।

বিভক্তি প্রধানত দুই প্রকার। যথা- ক) নাম বা শব্দ বিভক্তি খ) ক্রিয়া বিভক্তি। বাংলা শব্দ-বিভক্তি সাত প্রকার : প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী এবং সপ্তমী। একবচন এবং বহুবচন ভেদে বিভক্তিগুলোর আকৃতিগত পার্থক্য দেখা যায়। যেমন-

বিভক্তি	একবচন	বহুবচন
প্রথমা (শূন্য)	(শূন্য), অ, এ, তে, এতে	রা, এরা, গুলি, গণ, বৃন্দ
দ্বিতীয়া	কে, রে	দিগকে, দিগেরে
তৃতীয়া	দ্বারা, দিয়া, কর্তৃক	দিগকে দ্বারা, দের দিয়া, দিগ কর্তৃক
চতুর্থী	কে, রে, তরে, জন্যে	দিগেকে, দিগেরে, দের তরে, দের জন্যে
পঞ্চমী	হতে, থেকে, চেয়ে	দিগ হতে, দের থেকে, দিগের চেয়ে
ষষ্ঠী	র, এর	দিগের, দের
সপ্তমী	এ, য়, তে	দিগে, দিগেতে

বিভক্তিগুলোকে তিন ভাগে বিভক্ত করে দেখানো যায়।

ক) -এ, -তে, -য়, -য়ে বিভক্তি : সাধারণত ক্রিয়ার স্থান, ভাব বোঝাতে -এ, -তে, -য়, -য়ে ইত্যাদি বিভক্তি ব্যবহার হয়। যেসব শব্দের শেষে কারচিহ্ন নেই, সেসব শব্দের সঙ্গে -এ বিভক্তি যুক্ত হয়। যেমন- লোকে কি না বলে! - এই বাক্যে 'লোক' শব্দের সঙ্গে জুড়ে আছে '-এ' বিভক্তি। একইভাবে, সকালে, দিনাজপুরে, ই-মেইলে, কম্পিউটারে, পাগলে, ছাগলে, তিলে ইত্যাদি।
শব্দের শেষে ই-কার ও উ-কার থাকলে -তে বিভক্তি হয়। যেমন- হাতিতে, রাত্রিতে, মধুতে, রামুতে ইত্যাদি।
আ-কারান্ত শব্দের শেষে -য় বিভক্তি হয়। যেমন- ঘোড়ায়, সন্ধ্যায়, ঢাকায় ইত্যাদি। শব্দের শেষে দ্বিস্বর থাকলে -য়ে বিভক্তি হয়। যেমন- ছইয়ে, ভাইয়ে, বউয়ে।
ই-কারান্ত শব্দের শেষেও -য়ে বিভক্তি দেখা যায়। যেমন- ঝিয়ে, ঘিয়ে।

খ) -কে, -রে বিভক্তি: সাধারণত মুখ্য কর্মকারকে বিভক্তি হয় না, তবে গৌণ কর্মকারকে 'কে' এবং -রে বিভক্তি বসে। যেমন- বাবা আমাকে (গৌণ কর্ম) একটি কলম (মুখ্য কর্ম) কিনে দিয়েছেন। ক্রিয়াকে 'কাকে' প্রশ্ন করলে যে শব্দ পাওয়া যায় তার সঙ্গে এই বিভক্তি যুক্ত হয়। যেমন- সে ছেলেকে সঙ্গে নিয়ে গরু চরাতে গেছে। বাক্যে 'ছেলে' শব্দের সঙ্গে জুড়ে আছে '-কে' বিভক্তি। একইভাবে, শিশুকে, দরিদ্রকে, আমাকে ইত্যাদি। কাব্যভাষায় কর্মকারকে 'রে' বিভক্তি হয়। যেমন- আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা। অপ্রাণিবাচক শব্দের উত্তরে 'কে' বা 'রে' বিভক্তি হয় না, শূন্য বিভক্তি হয়।

গ) -র, -এর, -য়ের বিভক্তি : বাক্যের মধ্যে পরবর্তী শব্দের সঙ্গে সম্বন্ধ বোঝাতে পূর্ববর্তী শব্দের সঙ্গে -র, -এর এবং য়ের বিভক্তি যুক্ত হয়। সাধারণত আ-কারান্ত, ই/ঈ-কারান্ত ও উ/ঊ-কারান্ত শব্দের শেষে -র বিভক্তি বসে। রাজার, প্রজার, হাতির, বুদ্ধিজীবীর, তনুর, বধূর।

যেসব শব্দের শেষে কারচিহ্ন নেই, সেসব শব্দের শেষে -এর বিভক্তি হয়। যেমন- বলের, শব্দের, নজরুলের, সাতাশের ইত্যাদি।

শব্দের শেষে দ্বিস্বর থাকলে -য়ের বিভক্তি হয়। যেমন- ভাইয়ের, বইয়ের, লাউয়ের, মৌয়ের ইত্যাদি।

MCQ Solution

১. **বাক্যের প্রতিটি শব্দের সাথে অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয় তাদের কী বলে?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩]
ⓚ কারক ⓚ বিভক্তি
ⓖ সমাস ⓖ সম্বন্ধ পদ **উত্তর:** খ

২. **কোন ক্ষেত্রে বিভক্তির প্রয়োজন হয়?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৯]
ⓚ কারক ⓚ সন্ধি
ⓖ প্রকৃতি ⓖ সমাস **উত্তর:** ক

৩. **বিভক্তি প্রধানত কত প্রকার?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৪-০৫]
ⓚ ২ প্রকার ⓚ ৩ প্রকার
ⓖ ৫ প্রকার ⓖ ৪ প্রকার **উত্তর:** ক

৪. **বিভক্তি কত প্রকার?** [সাধারণ বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
ⓚ ৫ প্রকার ⓚ ২ প্রকার
ⓖ ৭ প্রকার ⓖ ৩ প্রকার **উত্তর:** গ

৫. **কোনটি প্রথমা বিভক্তির বহুবচন?** [রাবি (ই১ ইউনিট) : ১৭-১৮]
ⓚ এর ⓚ এরা
ⓖ দিগকে ⓖ দিগের **উত্তর:** খ

৬. **বিভক্তি স্পষ্ট না হলে সেখানে কোন বিভক্তি হয়?** [বেরোবি (গ ইউনিট) : ১৩-১৪]
ⓚ শূন্য বিভক্তি ⓚ প্রথমা বিভক্তি
ⓖ সপ্তমী বিভক্তি ⓖ ষষ্ঠী বিভক্তি **উত্তর:** ক

৭. **নিচের কোন বাক্যেটিতে শূন্য বিভক্তির ব্যবহার করা হয়নি?** [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বি. ও প্র. বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১৮-১৯]
ⓚ তোমাতে-আমাতে এমন কী তফাত!
ⓚ তোমার বাবা কি বাড়ি আছেন?
ⓖ দাদা কাল কলকাতা যাবে।
ⓖ মেয়েরা টেনিস খেলছে। **উত্তর:** ক

৮. **অপ্রাণিবাচক শব্দের উত্তর -এ কোন বিভক্তি হবে?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল) : ১৮]
ⓚ কে ⓚ রে
ⓖ তে ⓖ শূন্য **উত্তর:** ঘ

৯. **বাক্যে কোন পদে যখন কোন বিভক্তি দৃশ্যমান হয় না, তখন তাকে বলে -** [মাভাবিপ্রবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ প্রথমা বিভক্তি ⓚ দ্বিতীয়া বিভক্তি
ⓖ তৃতীয়া বিভক্তি ⓖ চতুর্থী বিভক্তি **উত্তর:** ক

১০. **দ্বারা, দিয়া, কর্তৃক - বাংলা ব্যাকরণ অনুযায়ী কোন বিভক্তি?** [৪০তম বিসিএস/ দুদকের সহকারী পরিচালক : ২০]
ⓚ তৃতীয়া বিভক্তি ⓚ প্রথমা বিভক্তি
ⓖ দ্বিতীয়া বিভক্তি ⓖ শূন্য বিভক্তি **উত্তর:** ক

১১. **'লোকে কিনা বলে'- বাক্যে 'লোক' শব্দের সাথে কোন বিভক্তি যুক্ত হয়েছে?** [বেবিচক-এর প্রকিউরমেন্ট অফিসার : ২১]
ⓚ -এ ⓚ -কে
ⓖ -যে ⓖ -তে **উত্তর:** ক

১২. **নিম্নের কোনটি বিভক্তি নয়?** [সড়ক ও জনপদ অধিদপ্তর কার্য-সহকারী : ২২]
ⓚ দ্বারা ⓚ থেকে
ⓖ চেয়ে ⓖ পর্যন্ত **উত্তর:** ঘ

কর্তৃকারক

বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তাকে ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক বলে।

কর্তৃকারকের প্রকারভেদ

ক) কর্তৃকারক বাক্যের ক্রিয়া সম্পাদনের বৈচিত্র বা বৈশিষ্ট্য অনুযায়ী চার প্রকার হয়ে থাকে। যথা-

১. মুখ্য কর্তা : যে নিজেই ক্রিয়া সম্পাদন করে সে মুখ্য কর্তা। যেমন- ছেলেরা ফুটবল খেলছে।
২. প্রযোজক কর্তা : মূল কর্তা যখন অন্যকে কোনো কাজে নিয়োজিত করে তা সম্পন্ন করায়, তাকে প্রযোজক কর্তা বলে। যেমন- শিক্ষক ছাত্রদের ব্যাকরণ পড়াচ্ছেন।
৩. প্রযোজ্য কর্তা : মূল কর্তার করণীয় কার্য যাকে দিয়ে সম্পাদিত হয়, তাকে প্রযোজ্য কর্তা বলা হয়। যেমন- রাখাল গরুকে ঘাস খাওয়ায়।
৪. ব্যতিহার কর্তা : কোনো বাক্যে যে দুটো কর্তা একত্রে একজাতীয় ক্রিয়া সম্পাদন করে, তাদের ব্যতিহার কর্তা বলে। যেমন- বাঘে-মহিষে এক ঘাটে জল খায়। রাজায় রাজায় লড়াই, উলুখাড়ার প্রাণান্ত।

খ) বাক্যের বাচ্য বা প্রকাশভঙ্গি অনুসারে কর্তা তিন রকমের হতে পারে। যেমন-

১. কর্মবাচ্যের কর্তা (কর্মপদের প্রাধান্যসূচক বাক্যে) : পুলিশ দ্বারা চোর ধৃত হয়েছে।
২. ভাববাচ্যের কর্তা (ক্রিয়ার প্রাধান্যসূচক বাক্যে) : আমার যাওয়া হবে না।
৩. কর্ম-কর্তৃবাচ্যের কর্তা (বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয়) : বাঁশি বাজে।

ক্রিয়ার সঙ্গে কে বা কারা যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্তৃকারক। যেমন-

উদাহরণ	প্রশ্ন	উত্তর	কারক
অন্ধজনে বদ্ধ ঘরে, দিবা-রাত্রি কষ্ট করে।	কে করে?	অন্ধজনে	কর্তৃকারক
মেয়েরা ফুল তোলে।	কারা তোলে?	মেয়েরা	কর্তৃকারক

কর্মবাচ্য বা ভাববাচ্য বাক্যের ক্ষেত্রে বাক্যেকে প্রথমে কর্তৃবাচ্যে রূপান্তর করতে হবে, তারপর ক্রিয়ার সঙ্গে কে বা কারা যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্তৃকারক। যেমন-

বাচ্য	উদাহরণ	প্রশ্ন	উত্তর	কারক
ভাববাচ্য	বসিরকে যেতে হবে।			
কর্তৃবাচ্য	বসির যাবে।	কে যাবে?	বসির	কর্তৃকারক
ভাববাচ্য	ফেরদৌসী কর্তৃক শাহনামা রচিত হয়েছে।			
কর্তৃবাচ্য	ফেরদৌসী শাহনামা রচনা করেন।	কে করেন?	ফেরদৌসী	কর্তৃকারক

কর্তৃকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার -

প্রথমা বিভক্তি	অনেকগুলো বন্য হাতি বাগান নষ্ট করে দিল। আমরা নদীর ঘাট থেকে রিকশা নিয়েছিলাম। জল পড়ে, পাতা নড়ে।
দ্বিতীয়া বিভক্তি	আমাকে যেতে হবে। তাকে দিয়ে কিছু হবে না।
তৃতীয়া বিভক্তি	রাম কর্তৃক রাবণ নিহত হয়েছিল।
ষষ্ঠী বিভক্তি	কোথাও আমার হারিয়ে যেতে নেই মানা। তোমার যাওয়া উচিত।
সপ্তমী বিভক্তি	গাঁয়ে মানে না, আপনি মোড়ল। বাপে না জিজ্ঞাসে, মায়ে না সম্ভাষে। সাপের হাসি বেদেয় চেনে। পাগলে কী না বলে, ছাগলে কী না খায়।

MCQ Solution

১. **বাক্যের প্রকাশভঙ্গি অনুসারে কর্তা কয় প্রকার?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২১]
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৬ **উত্তর:** খ

২. **কর্তৃকারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ⓚ ছাগলে কিনা খায় ⓚ টাকায় টাকা আনে
ⓖ আরেফ বই পড়ে ⓖ ডাক্তার ডাক **উত্তর:** গ

৩. **কোনটি কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?** [রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ কোদালে মাটি কাটব
ⓚ জাহাজ চট্টগ্রাম ছাড়ল
ⓖ সাপের হাসি বেদেয় চেনে
ⓖ আমারে তুমি রক্ষা করো **উত্তর:** গ

৪. **কোন বাক্যে কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ আছে?** [জবি (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ লোভে পাপ, পাপে মৃত্যু
ⓚ লোকে বলে মাঘের শেষে বৃষ্টি হলে দেশের কল্যাণ হয়
ⓖ রোদে কাপড় শুকায়
ⓖ শীত এলে বসন্ত কি দূরে থাকে **উত্তর:** খ

৫. **কোন বাক্যে কর্তায় এ বিভক্তির উদাহরণ দেওয়া হয়েছে?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে উপসহকারী পরিচালক : ০১]
ⓚ অন্ধজনে বদ্ধ ঘরে, দিবা-রাত্রি কষ্ট করে
ⓚ ঘর ভরেছে অন্ধজনে
ⓖ হাত বাড়িয়ে কর্মে টান অন্ধজনে
ⓖ অন্ধজনে দেহ আলো **উত্তর:** ক

৬. **'শিক্ষক ছাত্রগণকে ব্যাকরণ পড়াচ্ছেন।' বাক্যটিতে 'শিক্ষক'-** [ঢাবি (গ ইউনিট) : ৯৫-৯৬]
ⓚ মুখ্যকর্তা ⓚ প্রযোজক কর্তা
ⓖ কর্মবাচ্যের কর্তা ⓖ ব্যতিহার কর্তা **উত্তর:** খ

৭. **বাঘে-মহিষে এক ঘাটে জল খায়। এখানে বাঘে-মহিষে কোন ধরনের কর্তা?** [১৪ম বিজেএস পরীক্ষা : ২১]
ⓚ প্রযোজ্য ⓚ প্রযোজক
ⓖ ব্যতিহার ⓖ মুখ্য **উত্তর:** গ

৮. **'রাজায় রাজায় লড়াই, উলুখাড়ার প্রাণান্ত'- বাক্যটি কোন কর্তার উদাহরণ?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ প্রযোজ্য কর্তা ⓚ ব্যতিহার কর্তা
ⓖ কর্মবাচ্যের কর্তা ⓖ ভাববাচ্যের কর্তা **উত্তর:** খ

কর্মকারক

যাকে অবলম্বন, আশ্রয় বা উদ্দেশ্য করে ক্রিয়া সম্পাদিত হয় তাকে কর্মকারক বলে। ক্রিয়ার বিষয়কে কর্ম বলে। কর্ম দুই' প্রকার। যথা- মুখ্য কর্ম ও গৌণ কর্ম।

▶ ক্রিয়ার সঙ্গে কি বা কাকে যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্মকারক। যেমন-

উদাহরণ	প্রশ্ন	উত্তর	কারক
ডাক্তার ডাক।	কি ডাক?	ডাক্তার	কর্মকারক
করিমকে রহিম গতকাল মেরেছে।	কাকে মেরেছে?	করিমকে	কর্মকারক
দুধকে মোরা দুগ্ধ বলি, হলুদকে বলি হরিদ্রা।	কি বলি?	দুগ্ধ, হরিদ্রা	কর্মকারক
	কাকে বলি?	দুধ, হলুদ	কর্মকারক

দ্বিকর্মক ক্রিয়ার দুটি পরস্পর অপেক্ষিত কর্মপদ থাকলে প্রধান কর্মটিকে বলা হয় উদ্দেশ্য কর্ম এবং অপেক্ষিত কর্মটিকে বলা হয় বিধেয় কর্ম। যেমন- **দুধকে** (উদ্দেশ্য কর্ম) মোরা **দুগ্ধ** (বিধেয় কর্ম) বলি।

কর্মকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার -

প্রথমা বিভক্তি	সে রোজ সকালে এক প্লেট ভাত খায়। রবীন্দ্রনাথ পড়লাম, নজরুল পড়লাম, এর সুরাহা খুঁজে পেলাম না।
দ্বিতীয়া বিভক্তি	অসহায়কে সাহায্য করো। বেগম রোকেয়া সমাজের নানা রকম অন্ধতা, গোঁড়ামি ও কুসংস্কারকে তীব্র ভাষার সমালোচনা করে গেছেন। শিক্ষককে জানাও।
ষষ্ঠী বিভক্তি	আমাদের একটি গল্প বলুন। তোমার দেখা পেলাম না।
সপ্তমী বিভক্তি	গুণহীনে ত্যাগ কর। ফুলদল দিয়া কাটিলা কি বিধি শাল্মলী তরুবরে। প্রিয়জনে যাহা দিতে চাই তাই দিই দেবতারে।

MCQ Solution

১. **যাকে উদ্দেশ্য করে ক্রিয়া সম্পাদিত হয় তাকে বলে-** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১১]
ⓚ কর্তৃকারক ⓚ সম্প্রদান কারক
ⓖ কারণ কারক ⓖ কর্মকারক **উত্তর:** ঘ

২. **ক্রিয়ার বিষয়কে কি বলে?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন সহকারী সার্জন (রেলওয়ে হাসপাতাল) : ০৫]
ⓚ কর্ম ⓚ পদ
ⓖ সমাস ⓖ করণ **উত্তর:** ক

৩. **কর্ম কারকের উদাহরণ কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা) : ১৩]
ⓚ তোমাকে সেদিন দেখেছিলাম
ⓚ তোমাকে আজই যেতে হবে
ⓖ বাবাকে বড় ভয় করে
ⓖ তোমাকে অনেক কথা শুনতে হবে **উত্তর:** ক

৪. **কোন বাক্যে কর্মকারকে শূন্য বিভক্তি রয়েছে?** [জবি (খ ইউনিট) : ১১-১২]
ⓚ তোমায় বলব ⓚ শিক্ষক মহোদয় ছাত্রকে পড়াচ্ছেন
ⓖ ডাক্তার ডাক ⓖ আমি ঢাকা যাচ্ছি **উত্তর:** গ

৫. **'করিমকে রহিম গতকাল মেরেছে' বাক্যে কর্মকারক সূচক শব্দ কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ০৬]
ⓚ রহিম ⓚ করিমকে
ⓖ গতকাল ⓖ মেরেছে **উত্তর:** খ

৬. **ফুলদল দিয়া কাটিলা কি বিধি শাল্মলী তরুবরে?- এখানে কর্মকারক কোনটি?** [NSI - এর ফিল্ড অফিসার : ২১]
ⓚ ফুলদল ⓚ বিধি
ⓖ কাটিলা ⓖ তরুবরে **উত্তর:** ঘ

৭. **নিচের কোন বাক্যে বিধেয় কর্ম আছে?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৮-১৯]
ⓚ দুধকে আমরা দুগ্ধ বলি ⓚ লাঙল দ্বারা জমি চাষ হয়
ⓖ জিজ্ঞাসিবে জনে জনে ⓖ তাকে আমরা চিনি না
উত্তর: ক

সম্প্রদান কারক : যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে সম্প্রদান কারক বলে। স্বত্ব ত্যাগ করে না দিলে তা কর্মকারক হয়। বাংলা ব্যাকরণে কর্মকারক দ্বারাই সম্প্রদান কারকের কাজ সুন্দরভাবে সম্পাদন করা যায়। তাই রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা সম্প্রদান কারকের ব্যবহারকে যুক্তিহীন বলে অভিমত দিয়েছেন।

উদাহরণ	প্রশ্ন	উত্তর	কারক
পলাতক দাসে দাও স্বাধীনতা। (স্বত্ব ত্যাগ)	কাকে দাও?	দাসে	সম্প্রদান কারক
ধোপাকে কাপড় দাও। (স্বত্ব ত্যাগ না করে)	কাকে দাও?	ধোপাকে	কর্মকারক

সম্প্রদান কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার-

চতুর্থী বিভক্তি	দরিদ্রকে অর্থ সাহায্য কর। প্রিয়জনে যাহা দিতে চাই তাই দিই দেবতারে। ভিখারিকে ভিক্ষা দাও। শিক্ষককে শ্রদ্ধা কর। শীতার্তকে বস্ত্র দাও।
ষষ্ঠী বিভক্তি	তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি। দেশের জন্য সেবা কর। দেবতার ধন কে যায় লয়ে ফিরায়ে লয়ে।
সপ্তমী বিভক্তি	ক্ষুধিতরে অন্ন দাও। গৃহহীনে গৃহ দাও। গুরুজনে ভক্তি কর। দীনে দয়া কর। মসজিদে টাকা দাও। মৃতজনে দেহ প্রাণ। সমিতিতে চাঁদা দাও। সর্বজনে দয়া কর। সৎপাত্রে কন্যা দান কর। সর্বশিষ্যে জ্ঞান দেন গুরু মহাশয়।

নিমিত্তার্থে কে বিভক্তি যুক্ত হলে সেখানে চতুর্থী বিভক্তি হয়। যেমন- বেলা যে পড়ে এল, জলকে চল।

MCQ Solution

১. **রবীন্দ্রনাথ কোন কারক বাদ দিতে চেয়েছিলেন?** [৪৩তম বিসিএস]
ⓚ করণ কারক ⓚ সম্প্রদান কারক
ⓖ অপাদান কারক ⓖ অধিকরণ কারক **উত্তর:** খ

২. **কোনটি সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তির উদাহরণ?** [পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন সহকারী ব্যবস্থাপক : ০৯]
ⓚ ভিক্ষা দাও দেখিলে ভিক্ষুক
ⓚ ভিক্ষা দাও দুয়ারে ভিক্ষুক
ⓖ ভিক্ষুককে ভিক্ষা দেয়
ⓖ ভিক্ষুককে ভিক্ষা দাও
ⓤ ভিক্ষুক ভিক্ষা পায় **উত্তর:** ঘ

৩. **সম্প্রদান কারকের উদাহরণ কোনটি?** [রাবি (ক ইউনিট) : ১৬-১৭]
ⓚ ধোপাকে কাপড় দাও
ⓚ সূর্যোদয়ে পদ্ম ফোটে
ⓖ ডাক্তার ডাক
ⓖ দীনে দয়া কর **উত্তর:** ঘ

করণ কারক

'করণ' শব্দটির অর্থ- যন্ত্র, সহায়ক বা উপায়। কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করে, তাকে করণ কারক বলে। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়।

▶ বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তা-ই করণ কারক। যেমন-

উদাহরণ	প্রশ্ন	উত্তর	কারক
নীরা কলম দিয়ে লেখে।	কী দিয়ে লেখে?	কলম (উপকরণ)	করণ
ঘোড়াকে চাবুক মার।	কীসের দ্বারা মার?	চাবুক (সাহায্য)	করণ
জগতে কীর্তিমান হয় সাধনায়।	কী উপায়ে কীর্তিমান হয়?	সাধনা (উপায়)	করণ

করণ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার-

প্রথমা বিভক্তি	তাস খেলে কত ছেলে পড়া নষ্ট করে। বুদ্ধি খাটিয়ে কাজ কর।
তৃতীয়া বিভক্তি	চাষিরা ধারালো কাস্তে দিয়ে ধান কাটছে। ভেড়া দিয়ে চাষ করা সম্ভব নয়। লাঙ্গল দ্বারা জমি চাষ করা হয়।
ষষ্ঠী বিভক্তি	আত্মার সম্পর্কই আত্মীয়।
সপ্তমী বিভক্তি	আগুনে সেঁক দাও। কোদালে মাটি কাটব। ফলে বৃক্ষের পরিচয়।

MCQ Solution

১. **কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করেন তাকে বলে -** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ভলগা) : ১৩]
ক) করণ কারক খ) কর্মকারক
গ) অপাদান কারক ঘ) কর্তৃকারক **উত্তর:** ক

২. **কোনটি করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ?** [সিজিএ-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ক) কালির দাগ সহজে ওঠে না
খ) বুদ্ধি খাটিয়ে কাজ কর
গ) দুধ থেকে দই হয়
ঘ) এ বৎসর খুব বন্যা হয়েছে **উত্তর:** খ

৩. **কোনটি করণ কারকের সপ্তমী বিভক্তির উদাহরণ?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩]
ক) বালকেরা ফুটবল খেলে
খ) তাস খেলা ভাল নয়
গ) কাচের জিনিস সহজে ভাঙে
ঘ) টাকায় কি না হয় **উত্তর:** ঘ

৪. **করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি সঠিক?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ক) ছাত্ররা বল খেলে খ) ডাক্তার ডাক
গ) হামিদ বই পড়ে ঘ) বৃষ্টি পড়ে **উত্তর:** ক

৫. **নিচের কোন বাক্যে করণ কারকে শূন্য বিভক্তি ব্যবহৃত হয়েছে?** [১২তম বিসিএস]
ক) ঘোড়াকে চাবুক মার খ) ডাক্তার ডাক
গ) গাড়ি স্টেশন ছেড়েছে ঘ) মুষলধারে বৃষ্টি পড়ছে **উত্তর:** ক

৬. **করণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ কোনটি সঠিক?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট) : ২০-২১]
ক) এ বাড়িতে কেউ নেই
খ) বাঘে মহিষে লড়াই বাঁধিয়েছে
গ) এ কলমে ভালো লেখা হয়
ঘ) লোক মুখে শুনিয়াছি **উত্তর:** গ

৭. **কোনটি করণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?** [হামোদাবিপ্রবি (ঙ ইউনিট) : ১৪-১৫]
ক) তারা বল খেলে খ) শিকারি বিড়াল গোঁফে চেনা
গ) বনে বাঘ আছে ঘ) সাপকে লাঠি মার **উত্তর:** খ

৮. **করণে 'এ' বিভক্তির ব্যবহার হয়েছে যে বাক্যে-** [জবি (গ ইউনিট) : ০৮-০৯]
ক) জলে বাষ্প ওঠে খ) মেঘে ঢাকা তারা দেখা যায় না
গ) সূর্যোদয়ে পদ্ম ফোটে ঘ) গোয়ালে বাঁধা গাই **উত্তর:** খ

৯. **নিচের কোনটি করণ কারকের উদাহরণ?** [ইবি (খ ইউনিট) : ১৫-১৬]
ক) ছাগলে কি না খায় খ) সে চোখে দেখে না
গ) সাদা মেঘে বৃষ্টি হয় না ঘ) তিলে তৈল হয় **উত্তর:** খ

১০. **"ছেলেরা মাঠে বল খেলে" – এখানে করণ কারক প্রকাশ করে কোনটি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর : ১৯]
ক) ছেলেরা খ) মাঠে
গ) বল ঘ) খেলে **উত্তর:** গ

অপাদান কারক

যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকে অপাদান কারক বলে। যেমন-

অপাদান কারক	প্রয়োগ
বিচ্যুত	গাছ থেকে পাতা পড়ে। মেঘ থেকে বৃষ্টি পড়ে।
গৃহীত	সুক্তি থেকে মুক্তো মেলে। দুধ থেকে দই হয়।
জাত	খেজুর রসে গুড় হয়। টাকায় টাকা আনে। জমি থেকে ফসল পাই।
বিরত	পাপে বিরত হও।
দূরীভূত	দেশ থেকে পঙ্গপাল চলে গেছে।
রক্ষিত	বিপদে মোরে রক্ষা কর।
আরম্ভ	সোমবার থেকে পরীক্ষা শুরু।
ভীত	আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে।
স্থান ত্যাগ	গাড়ি স্টেশন ছাড়ে।

ক্রিয়ার সঙ্গে কোথা হতে/ কি হতে/ কিসের হতে যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই অপাদান কারক। যেমন -

উদাহরণ	প্রশ্ন	উত্তর	কারক
গাড়ি স্টেশন ছাড়ে।	কোথা হতে ছাড়ে?	স্টেশন	অপাদান কারক
তিলে তৈল হয়।	কি হতে হয়?	তিল	অপাদান কারক

অপাদান কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার-

প্রথমা বিভক্তি	বোঁটা-আলগা ফল গাছে থাকে না।
দ্বিতীয়া বিভক্তি	বাবাকে ভয় পাই।
তৃতীয়া বিভক্তি	তার চোখ দিয়ে পানি পড়ে।
পঞ্চমী বিভক্তি	কাপটা উঁচু টেবিল থেকে পড়ে ভেঙ্গে গেল। কালো মেঘ থেকে বৃষ্টি হয়।
ষষ্ঠী বিভক্তি	যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়।
সপ্তমী বিভক্তি	শুক্তিতে মুক্তা পাওয়া যায়।

MCQ Solution

১. **কোন বাক্যটি অপাদান কারক?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৩]
ক) তিলে তৈল হয় খ) তিলে তৈল আছে
গ) দীনে দয়া কর ঘ) লোকে বলে **উত্তর:** ক

২. **অপাদান কারক কোনটি?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা : ২২]
ক) বনে বাঘ আছে
খ) ট্রেন স্টেশন ছেড়েছে
গ) গৃহহীনে গৃহ দাও
ঘ) জিজ্ঞাসিব জনে জনে **উত্তর:** খ

৩. **অপাদানে ৫মী বিভক্তি কোনটি?** [জবি (গ ইউনিট) : ১৬-১৭]
ক) আমা হতে একাজ হবে না সাধন
খ) ভালো ছাত্র হতে ভালো ফল আশা করা যায়
গ) দুধ হতে ঘি হয়
ঘ) বাড়ি হতে নদী দেখা যায় **উত্তর:** গ

৪. **'দুধ থেকে দই হয়' এখানে 'দুধ থেকে' কোন অর্থে অপাদান কারক?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]
ক) জাত খ) আরম্ভ
গ) গৃহীত ঘ) রক্ষিত **উত্তর:** গ

৫. **'রামের চেয়ে শ্যাম বয়সে ছোট' কোন অপাদান কারক?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৮-১৯]
ক) আধারবাচক খ) অবস্থাবাচক
গ) দূরত্ববাচক ঘ) তারতম্যবাচক **উত্তর:** ঘ

৬. **'জমি থেকে ফসল পাই' বাক্যটিতে কোন অর্থে অপাদান কারক ব্যবহৃত হয়েছে?** [বিআইডব্লিউটিএ'র অফিস সহকারী : ২২]
ক) জাত খ) রক্ষিত
গ) বিচ্যুত ঘ) গৃহীত **উত্তর:** ক

অধিকরণ কারক

যে কারকে কাল (সময়), আধার (স্থান), বিষয় ও বাব নির্দেশিত হয়, তাকে অধিকরণ কারক বলে।

› ক্রিয়ার সঙ্গে কোথায়/ কিসে/ কখন যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই অধিকরণ কারক। অর্থাৎ স্থান-সময়-বিষয় ও ভাব বুঝালে অধিকরণ কারক হয়। যেমন-

উদাহরণ	প্রশ্ন	উত্তর	কারক
আকাশে চাঁদ উঠেছে।	কোথায় উঠেছে?	আকাশে	অধিকরণ
রকিব অঙ্কে কাঁচা।	কিসে কাঁচা?	অঙ্কে	অধিকরণ
প্রভাতে সূর্য ওঠে।	কখন ওঠে?	প্রভাতে	অধিকরণ

✓ আধার (স্থান) : আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস। কাননে কুসুম কলি সকলি ফুটিল। পৃথিবীতে কে কাহার?

✓ কাল (সময়) : প্রভাতে উঠিল রবি লোহিত বরণ। পরের দিন উৎসব।

অধিকরণ কারক তিন প্রকার। যথা-

অধিকরণ কারক
→ কালাধিকরণ
→ আধারাধিকরণ
→ ভাবাধিকরণ

ক) কালাধিকরণ : যে অধিকরণে ক্রিয়ার কাল বোঝানো হয়, তাকে কালাধিকরণ বলে। যেমন- বসন্তে ফুল ফোটে। প্রভাতে সূর্য উঠে।

খ) আধারাধিকরণ : আধারাধিকরণ তিন ভাগে বিভক্ত। যথা-
১. ঐকদেশিক ২. অভিব্যাপক ৩. বৈষয়িক।

১. ঐকদেশিক আধারাধিকরণ : বিশাল স্থানের যে কোনো অংশে ক্রিয়া সংঘটিত হলে, তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে।
যেমন- পুকুরে মাছ আছে। (পুকুরের যে কোনো এক স্থানে)
বনে বাঘ আছে। (বনের যে কোনো এক অংশে),
আকাশে চাঁদ উঠেছে। (আকাশের যে কোনো এক স্থানে)

✓ সামীপ্য অর্থেও ঐকদেশিক অধিকরণ হয়। যেমন -
ঘাটে নৌকা বাঁধা আছে (ঘাটের কাছে)।
দুয়ারে দাঁড়ায়ে প্রার্থী, ভিক্ষাদেহ তারে (দুয়ারের কাছে)।
রাজার দুয়ারে হাতি বাঁধা (দুয়ারের কাছে)।

২. অভিব্যাপক আধারাধিকরণ : উদ্দিষ্ট বস্তু যদি সমগ্র আধার ব্যাপ্ত করে বিরাজমান থাকে, তবে তাকে অভিব্যাপক আধারাধিকরণ বলে। যেমন -
তিলে তৈল আছে। (তিলের সারা অংশব্যাপী)
নদীতে পানি আছে। (নদীর সমস্ত অংশ ব্যাপ্ত করে)
মাঠে ধান ফলেছে। (মাঠের সমস্ত অংশ ব্যাপ্ত করে)
কলসটি কানায় কানায় পূর্ণ। (কলসের সমস্ত অংশ ব্যাপ্ত করে)

৩. বৈষয়িক আধারাধিকরণ : বিষয় বিশেষে বা কোনো বিশেষ গুণে কারও কোনো দক্ষতা বা ক্ষমতা থাকলে সেখানে বৈষয়িক অধিকরণ হয়। যেমন-

তিনি ব্যাকরণে পণ্ডিত। ধর্মে তোমার মতি হোক।

গ) ভাবাধিকরণ : যদি কোনো ক্রিয়াবাচক বিশেষ্য অন্য ক্রিয়ার কোনো রূপ ভাবের অভিব্যক্তি প্রকাশ করে, তবে তাকে ভাবাধিকরণ বলে। ভাবাধিকরণে সর্বদাই সপ্তমী বিভক্তির প্রয়োগ হয় বলে একে ভাবে সপ্তমী বলা হয়। যেমন-

সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়। কান্নায় শোক মন্দীভূত হয়।

অধিকরণ কারকে বিভিন্ন বিভক্তির প্রয়োগ -

প্রথমা বিভক্তি	সারারাত বৃষ্টি হয়েছে।
দ্বিতীয়া বিভক্তি	আপনি কি পুকুরে গোসল করবেন?
তৃতীয়া বিভক্তি	খিলিপান দিয়ে ঔষধ খাবে।
পঞ্চমী বিভক্তি	জমি থেকে বাড়ি দেখা যায়।
ষষ্ঠী বিভক্তি	নদীর মাছ সুস্বাদু।
সপ্তমী বিভক্তি	বিকাল পাঁচটায় অফিস ছুটি হবে। বাবা বাড়িতে আছেন।

MCQ Solution

১. **অধিকরণ কারক কত প্রকার?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৪]
ⓚ দুই প্রকার ⓚ তিন প্রকার
ⓖ চার প্রকার ⓖ পাঁচ প্রকার **উত্তর:** খ

২. **অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?** [সমন্বিত ৯ (নয়) ব্যাংক অফিসার (জেনারেল) : ২২]
ⓚ সারারাত বৃষ্টি ছিল। ⓚ সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু।
ⓖ বাড়ি থেকে নদী দেখা যায়।
ⓖ ভোরে সূর্য উঠে। **উত্তর:** ক

৩. **অধিকরণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ⓚ বুলবুলিতে ধান খেয়েছে
ⓚ গোয়ালে গরু আছে
ⓖ সৎপাত্রে কন্যা দান কর
ⓖ পরাজয়ে ডরে না বীর **উত্তর:** খ

৪. **কোনটি অধিকরণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২]
ⓚ লোকে কিনা বলে
ⓚ তুমি যে আমার কবিতা
ⓖ গগনে গরজে মেঘ ঘন বরষা
ⓖ জলে বাষ্প হয় **উত্তর:** গ

৫. **অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম) : ১২]
ⓚ আমার আহারে রুচি নাই
ⓚ আগামীকাল বাড়ি যাব
ⓖ আকাশ মেঘে আচ্ছন্ন
ⓖ কাজে অবসর নিলাম **উত্তর:** খ

৬. **অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তির উদাহরণ আছে কোন বাক্যে?** [প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ⓚ জমি থেকে বাড়ি দেখা যায়
ⓚ তিনি বইটি কিনে এনেছেন
ⓖ লোকটি হঠাৎ লাফ দিল
ⓖ ছেলেটি পরীক্ষার ফল ভালো করেছে **উত্তর:** ক

৭. **ভাবাধিকরণের উদাহরণ কোনটি সঠিক?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৮৯]
ⓚ আমি ঢাকায় যাই ⓚ বাড়ি থেকে নদী দেখা যায়
ⓖ সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়
ⓖ তিলে তৈল আছে **উত্তর:** গ

৮. **ভাবাধিকরণে সর্বদাই কোন বিভক্তি প্রয়োগ হয়?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২১]
ⓚ চতুর্থী ⓚ তৃতীয়া
ⓖ ষষ্ঠী ⓖ সপ্তমী **উত্তর:** ঘ

৯. **অধিকরণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ আছে কোন বাক্যটিতে?** [বাতিলকৃত ২৪তম বিসিএস]
ⓚ ডানার রৌদ্রের গন্ধ মুছে ফেলে চিল
ⓚ ফুলের গন্ধে ঘুম আসে না একলা জেগে রই
ⓖ কাজের পরিচয় ফলে বোঝা যায়
ⓖ আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস **উত্তর:** ঘ

১০. **'পুকুরে মাছ আছে'- এখানে 'পুকুর' কোন অধিকরণ কারক?** [মৎস্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ বৈষয়িক অধিকরণ ⓚ ভাবাধিকরণ
ⓖ অভিব্যাপক অধিকরণ ⓖ ঐকদেশিক অধিকরণ **উত্তর:** ঘ

১১. **'রাজার দুয়ারে হাতি বাধাঁ' কোন কারকের উদাহরণ?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর জেনারেল ম্যানেজার (প্রশাসন) : ২২]
ⓚ ঐকদেশিক ⓚ অভিব্যাপক
ⓖ বৈষয়িক ⓖ কালাধিকরণ **উত্তর:** ক

১২. **'বনে বাঘ আছে।' কোন অধিকরণ কারক?** [জাককানইবি (ঘ ইউনিট) : ১৬-১৭]
ⓚ ঐকদেশিক ⓚ অভিব্যাপক
ⓖ বৈষয়িক ⓖ স্থানাধিকরণ **উত্তর:** ক

১৩. **"আকাশে চাঁদ উঠেছে।"- এখানে 'আকাশে' কোন প্রকারের অধিকরণ?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫]
ⓚ ভাবাধিকরণ ⓚ ঐকদেশিক অধিকরণ
ⓖ কালাধিকরণ ⓖ বৈষয়িক **উত্তর:** খ

সম্বন্ধ কারক

যে কারকে বিশেষ্য বা সর্বনামের সাথে বিশেষ্য বা সর্বনামের সম্পর্ক নির্দেশিত হয়, তাকে সম্বন্ধ কারক বলে। এই কারকে ক্রিয়ার সাথে সম্পর্ক পরোক্ষ। যেমন- মতিনের ভাই বাড়ি যাবে। এই বাক্যে মতিনের সঙ্গে ভাই-এর সম্পর্ক আছে কিন্তু 'যাবে' ক্রিয়ার সাথে সম্বন্ধ নেই। সম্বন্ধ পদে 'র', 'এর', 'য়ের', 'কার',

'কের' ইত্যাদি বিভক্তি যুক্ত হয়ে থাকে। যথা - ফুলের গন্ধে ঘুম আসে না। আমার জামার বোতামগুলো একটু অন্য রকম। তখনকার দিনে পায়ে হেঁটে চলতে হতো মাইলের পর মাইল।

সম্বন্ধ পদ বহু প্রকারের হতে পারে। যেমন-
ব্যাপ্তি সম্বন্ধ : রোজার ছুটি, শরতের আকাশ।
আধার-আধেয় : টিনের দুধ, শিশির ওষুধ।

সম্বোধন পদ

'সম্বোধন' শব্দটির অর্থ আহবান। যাকে সম্বোধন বা আহবান করে কিছু বলা হয়, তাকে সম্বোধন পদ বলে। যেমন- ওহে মাঝি, আমাকে পার করো। সুমন, এখানে এসো। পরাগ, বইটি দিয়ে যাও।

- ✓ অনেক সময় সম্বোধন পদের পূর্বে ওগো, ওরে, হে, ওহে, রে, ওলো, ওহো, আহা, হায় প্রভৃতি অব্যয়বাচক শব্দ বসে সম্বোধনের সূচনা করে। যেমন- 'ওগো, তোরা জয়ধ্বনি কর।' 'ওরে, আজ তোরা যাস নে ঘরের বাইরে।'
- ✓ অনেক সময় সম্বন্ধসূচক অব্যয়টি কেবল সম্বোধন পদের কাজ করে থাকে।
- ✓ সম্বোধন পদের পরে বিস্ময়সূচক চিহ্ন দেওয়া হয়। এই ধরনের বিস্ময়সূচক চিহ্নকে সম্বোধন চিহ্ন বলা হয়ে থাকে। কিন্তু আধুনিক নিয়মে সম্বোধন চিহ্ন স্থানে কমা (,) চিহ্নের প্রয়োগই বেশি হয়। যেমন- ওরে খোকা, যাবার সময়ে একটা কথা শুনে যাস্।

MCQ Solution

১. **'ওহে, আমারে ফিরায়ে লহ বসুন্ধরে।' এ বাক্যের 'ওহে'-** [ঢাবি (খ ইউনিট) : ৯৮-৯৯]
ⓚ কর্তৃকারক ⓖ কর্মকারক
ⓖ সম্বোধন পদ ⓘ সম্বন্ধ পদ **উত্তর: গ**

২. **'পরাগ, বইটি দিয়ে যাও' বাক্যে 'পরাগ' কোন পদ?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৯]
ক) সম্বোধন পদ খ) সম্বন্ধ পদ
গ) বিশেষ্য পদ ঘ) সর্বনাম পদ **উত্তর: ক**

৩. **'সম্বোধন' শব্দের অর্থ** - [জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার (টেক্সটাইল) : ২০]
ক) আহবান খ) নাম
গ) পরিচয় ঘ) অভিবাদন **উত্তর: ক**

৪. **'মতিনের ভাই বাড়ি যাবে।'- বাক্যটি কোন পদের উদাহরণ?** [রাবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ক) সম্বন্ধ পদ খ) বিশেষ্য পদ
গ) ক্রিয়া বিশেষণ ঘ) ক্রিয়া পদ **উত্তর: ক**

৫. **সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়ে থাকে?** [NSI-এর ফিল্ড অফিসার : ২১]
ক) 'য' বা 'তে'/য় খ) 'এ' বা এতে'/এ
গ) 'র' বা 'এর'/ও ঘ) 'থেকে' বা 'চেয়ে'/ক **উত্তর: গ**

৬. **নিচের যেটি সম্বন্ধ পদের বিভক্তি নয়-** [Joint Five Banks & Financial Institution (Officer) : 18]
ক) র খ) এর
গ) রা ঘ) কার **উত্তর: গ**

৭. **আধার-আধেয় সম্বন্ধ হলো-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ক) টিনের দুধ খ) রাজশাহীর পদ্মা
গ) যমুনা-সেতু ঘ) টর্চের আলো **উত্তর: ক**

৮. **'ব্যাপ্তি' অর্থে সম্বন্ধ পদ কোনটি?** [খাদ্য অধিদপ্তরের স্প্রেম্যান : ২২]
ক) রাজার রাজ্য খ) বাটির দুধ
গ) দেশের লোক ঘ) রোজার ছুটি **উত্তর: ঘ**

কয়েকটি গুরুত্বপূর্ণ বাক্যের কারক নির্ণয়

প্রদত্ত বাক্য	কারক
তিলে তৈল হয়।	অপাদান কারকে সপ্তমী
তিলে তৈল আছে।	অধিকরণ কারকে সপ্তমী
রোববার থেকে স্কুল বন্ধ।	অপাদান কারকে পঞ্চমী (আরম্ভ অর্থে)
রোববার স্কুল বন্ধ।	অধিকরণ কারকে শূন্য (কাল অর্থে)
টাকায় টাকা হয়।	অপাদান কারকে সপ্তমী (জাত অর্থে)
টাকায় অসাধ্য সাধন হয়।	করণ কারকে সপ্তমী
টাকায় কি না হয়?	
সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।	অধিকরণ কারকে সপ্তমী
আলোয় আঁধার দূর হয়।	
আলোয় আঁধার কাটে।	করণ কারকে সপ্তমী
শুক্রবার স্কুল বন্ধ	কর্মে শূন্য
স্কুল পালিয়ে রবীন্দ্রনাথ হওয়া যায় না	অপাদানে শূন্য
সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা।	অধিকরণ কারকে সপ্তমী
সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা।	কর্মকারকে শূন্য

MCQ Solution

১. **আলোয় আঁধার দূর হয় - বাক্যে 'আলোয়' শব্দটি কোন কারকের উদাহরণ?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া) : ১৩]
ক) অপাদান খ) করণ
গ) সম্প্রদান ঘ) অধিকরণ **উত্তর: ঘ**

২. **আলোয় আঁধার কাটে - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [স্ট্যান্ডার্ড ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার : ১২]
ক) অধিকরণে ৭মী খ) করণে ৭মী
গ) অপাদানে ৭মী ঘ) কর্তায় ৭মী **উত্তর: খ**

৩. **'টাকায় টাকা আনে' - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ক) কর্তায় ৭মী খ) করণে ৭মী
গ) অপাদানে ৭মী ঘ) অধিকরণে ৭মী **উত্তর: গ**

৪. **'টাকায় কি না হয়?' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [বাংলাদেশ টেলিভিশনের অডিয়েন্স রিসার্চ অফিসার : ০৬]
ⓚ অপাদানে ৭মী ⓚ কর্মে শূন্য
ⓖ করণে ৭মী ⓖ কর্তায় ২য়া **উত্তর:** গ

৫. **টাকায় অসাধ্য সাধন হয় - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩]
ⓚ কর্মকারকে সপ্তমী
ⓚ করণ কারকে সপ্তমী
ⓖ অধিকরণ কারকে সপ্তমী
ⓖ অপাদান কারকে সপ্তমী **উত্তর:** খ

৬. **'তিলে তৈল হয়' কোন কারকে কোন বিভক্তি?** [পোস্টমাস্টার জেনারেল এর উচ্চমান সহকারী (উত্তরাঞ্চল) : ২২]
ⓚ কর্তৃকারকে প্রথমা ⓚ অপাদানে সপ্তমী
ⓖ সম্প্রদানে চতুর্থী ⓖ অধিকরণে সপ্তমী **উত্তর:** খ

৭. **'তিলে তৈল আছে' কোন কারকে কোন বিভক্তি?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ⓚ অপাদানে সপ্তমী ⓚ অধিকরণে সপ্তমী
ⓖ ক্রিয়ার সপ্তমী ⓖ করণে সপ্তমী **উত্তর:** খ

৮. **"রোববার স্কুল বন্ধ" এখানে 'রোববার' কোন কারকে কোন বিভক্তি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ১০-১১]
ⓚ কর্তায় শূন্য ⓚ অপাদানে শূন্য
ⓖ অধিকরণে শূন্য ⓖ কর্মে শূন্য **উত্তর:** গ

৯. **'সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।' এখানে সূর্যোদয়ে কোন কারকে কোন বিভক্তি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১০-১১]
ⓚ অধিকরণে সপ্তমী
ⓚ করণে সপ্তমী
ⓖ করণে তৃতীয়া
ⓖ অধিকরণে তৃতীয়া **উত্তর:** ক

১০. **"স্কুল পালিয়ে রবীন্দ্রনাথ হওয়া যায় না।" এখানে 'স্কুল' কোন কারকে কোন বিভক্তি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
ⓚ কর্তায় শূন্য ⓚ অপাদানে শূন্য
ⓖ করণে শূন্য ⓖ অধিকরণে শূন্য **উত্তর:** খ

১১. **'শুক্রবার স্কুল বন্ধ'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২২]
ⓚ কর্তায় শূন্য ⓚ কর্মে শূন্য
ⓖ অপাদানে শূন্য ⓖ অধিকরণে শূন্য **উত্তর:** খ

১২. **'সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা' কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ কর্তায় সপ্তমী ⓚ অপাদানে তৃতীয়া
ⓖ অধিকরণে তৃতীয়া ⓖ অধিকরণে সপ্তমী **উত্তর:** ঘ

১৩. **"সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা" এই বাক্যে 'ঔষধ' কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?** [২৫তম বিসিএস]
ⓚ কর্মকারকে শূন্য ⓚ সম্প্রদানে সপ্তমী
ⓖ অধিকরণে শূন্য ⓖ কর্তৃকারকে শূন্য **উত্তর:** ক

কারক নির্ণয়ের সহজ পদ্ধতি

ক্রিয়ার সঙ্গে—	কে / কারা দিয়ে প্রশ্নের উত্তরে	কর্তৃকারক
	কি / কাকে দিয়ে প্রশ্নের উত্তরে	কর্মকারক
	কীসের দ্বারা/ কী উপায়ে দিয়ে প্রশ্নের উত্তরে	করণ কারক
	কাকে (দান) দিয়ে দিয়ে প্রশ্নের উত্তরে (যদি স্বত্ব ত্যাগ করে দান বোঝায়)	সম্প্রদান কারক
	কোথা থেকে/ কি হতে/ কিসের হতে দিয়ে প্রশ্নের উত্তরে (অথবা ভয়-ডর-ভীতি-শংকা প্রকাশ পেলে)	অপাদান কারক
	কোথায়/ কিসে/ কখন দিয়ে প্রশ্নের উত্তরে (স্থান-কাল-পাত্র-সময়-বিষয় বোঝালে)	অধিকরণ কারক

MCQ Solution

১. **'অণুতে গঠিত হিমাচল।'- কোন কারকে কোন বিভক্তি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ⓚ করণে সপ্তমী ⓚ কর্তায় সপ্তমী
ⓖ অপাদানে শূন্য ⓖ অধিকরণে সপ্তমী **উত্তর:** ক

২. **'অন্ধজনে দেহ আলো' – এখানে 'অন্ধজনে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [উত্তরা ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]
ⓚ কর্মে সপ্তমী ⓚ কর্তৃকারকে শূন্য
ⓖ সম্প্রদানে সপ্তমী ⓖ করণে সপ্তমী **উত্তর:** গ

৩. **'অহঙ্কার পতনের মূল' - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]
ⓚ কর্মে শূন্য ⓚ করণে শূন্য
ⓖ অপাদানে শূন্য ⓖ অধিকরণে শূন্য **উত্তর:** খ

৪. **'নেহাল অঙ্কে খুব কাঁচা' - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮]
ⓚ কর্মে ৭মী ⓚ করণে ৭মী
ⓖ অপাদানে ৭মী ⓖ অধিকরণে ৭মী **উত্তর:** ঘ

৫. **'অর্থ অনর্থ ঘটায়।'- 'অনর্থ' শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় কর।** [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ কর্তায় শূন্য ⓚ কর্মে শূন্য
ⓖ করণে ২য়া ⓖ অপাদানে ২য়া **উত্তর:** খ

৬. **'অনলে পুড়িয়া গেল।'- এখানে 'অনলে' কোন কারক?** [রাবি (ই৩ ইউনিট) : ১৭-১৮]
ⓚ করণে ৭মী ⓚ কর্মে ৩য়া
ⓖ অপাদানে ৭মী ⓖ অপাদানে ৩য়া **উত্তর:** ক

৭. **'আমি সমাজবিজ্ঞানে অনুষদে পরীক্ষা দেবো।' এ বাক্যে 'অনুষদে' কোন কারকে কোন বিভক্তি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ৩ ইউনিট) : ১৬-১৭]
ⓚ কর্তায় সপ্তমী ⓚ কর্মে সপ্তমী
ⓖ করণে সপ্তমী ⓖ অধিকরণে সপ্তমী **উত্তর:** ঘ

৮. **'অল্পবিদ্যা ভয়ংকরী।' এই বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [গার্হস্থ্য অর্থনীতি কলেজ (মানবিক) : ২০-২১]
ক অপাদানে শূন্য খ অধিকরণে ২য়া
গ করণে ৭মী ঘ কর্মে শূন্য **উত্তর:** ঘ

৯. **'প্রচলিত আইনেই এই অপরাধের যোগ্য শাস্তি বিধান সম্ভব।' এ বাক্যে 'আইনেই' কোন কারকে কোন বিভক্তি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৬-১৭]
ক কর্মে ২য়া খ কর্তায় ৭মী
গ করণে ৭মী ঘ অধিকরণে ৭মী **উত্তর:** গ

১০. **আগুনে সেঁক দাও। নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক অধিকরণে ২য়া খ কর্তৃকারকে ৭মী
গ অপাদানে ৭মী ঘ করণে ৭মী **উত্তর:** ঘ

১১. **'আমাকে যেতে হবে'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩]
ক কর্তৃকারকে দ্বিতীয়া খ কর্মে দ্বিতীয়া
গ করণে দ্বিতীয়া ঘ অপাদানে দ্বিতীয়া **উত্তর:** ক

১২. **'বাবা আদালতে গেছেন।'- এ বাক্যে 'আদালতে' কোন কারক?** [চবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ক কর্ম খ সম্প্রদান
গ অপাদান ঘ অধিকরণ **উত্তর:** ঘ

১৩. **'আমাকে ক্ষমা করুন'-এ বাক্যে নিম্নরেখ পদটির কারক বিভক্তি-** [চবি (ঙ ইউনিট) : ০৪-০৫]
ক কর্মে ২য়া খ সম্প্রদানে ৪র্থী
গ সম্প্রদানে ২য়া ঘ কর্মে ৪র্থী **উত্তর:** ক

১৪. **'বাবা আমাকে একটি কলম কিনে দিয়েছেন।' ইহা কোন কারক?** [NSI-এর ডেসপাচ রাইডার : ২১]
ক কর্মকারক খ করণ কারক
গ সম্প্রদান কারক ঘ কর্তৃকারক **উত্তর:** ক

১৫. **'আমার যাওয়া হয়নি' – 'আমার' কোন কারকে কোন বিভক্তি?** [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ক কর্মে শূন্য খ কর্তায় শূন্য
গ কর্তায় ষষ্ঠী ঘ কর্মে ষষ্ঠী **উত্তর:** গ

১৬. **'কোথাও আমার হারিয়ে যেতে নেই মানা'- এই পঙ্ক্তিতে 'আমার' কোন কারকে কোন বিভক্তি?** [মাভাবিপ্রবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক কর্মে ৬ষ্ঠী খ কর্তায় ৬ষ্ঠী
গ অপদানে ৬ষ্ঠী ঘ করণে ৬ষ্ঠী **উত্তর:** খ

১৭. **'আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা' বাক্যে 'আমারে' শব্দটি কোন কারকে বিভক্তি?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক কর্মকারকে ২য়া খ কর্তৃকারকে ২য়া
গ কর্মকারকে ৭মী ঘ কর্তৃকারকে ৭মী **উত্তর:** ক

১৮. **'আমাদের একটি গল্প বলুন।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক কর্মে ষষ্ঠী খ কর্মে ২য়া
গ অপাদানে ৫মী ঘ সম্প্রদানে ষষ্ঠী **উত্তর:** ক

১৯. **'আজকে নগদ কালকে ধার' - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক অপাদানে ২য়া খ অধিকরণে ২য়া
গ কর্মে শূন্য ঘ করণে ২য়া **উত্তর:** খ

২০. **'হৃদয় আমার নাচেরে আজিকে' - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [ইবি (গ ইউনিট) : ১৩-১৪]
ক অপাদানে ৭মী খ অধিকরণে ২য়া
গ কর্মে ষষ্ঠী ঘ করণে ২য়া **উত্তর:** খ

২১. **'আষাঢ়ে বৃষ্টি নামে' - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [সিজিএ এর অফিস সহায়ক : ২২]
ক কর্তায় ৭মী খ কর্মে ৭মী
গ অপাদানে ৭মী ঘ অধিকরণে ৭মী **উত্তর:** ঘ

২২. **'আকাশে তো আমি রাখিনাই মোর উড়িবার ইতিহাস'- এই বাক্যে 'আকাশে' শব্দটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?** [২৪তম বিসিএস]
ক কর্তৃকারকে সপ্তমী
খ কর্মকারকে সপ্তমী
গ অপাদান কারকে তৃতীয়া
ঘ অধিকরণ কারকে সপ্তমী **উত্তর:** ঘ

২৩. **'আকাশে চাঁদ উঠেছে' - এখানে 'আকাশ' কোন কারকে কোন বিভক্তি?** [NSI - এর ওয়াচার কনস্টেবল (ফিল্ড স্টাফ) : ২১]
ক কর্মে শূন্য খ অধিকরণে সপ্তমী
গ সম্প্রদানে চতুর্থী ঘ করণে ষষ্ঠী **উত্তর:** খ

২৪. **'আচরণেই ইতর-ভদ্র বোঝা যায়।'- এই বাক্যে 'আচরণেই' কোন কারক ও বিভক্তি নির্দেশ করে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৪-১৫]
ক করণে সপ্তমী খ কর্মে সপ্তমী
গ অপাদানে সপ্তমী ঘ অধিকরণে সপ্তমী **উত্তর:** ক

২৫. **'আহারে রুচি নেই।'- কোন কারকে কোন বিভক্তি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই২ ইউনিট) : ১৭-১৮]
ক অধিকরণে ৭মী খ অপাদানে ৭মী
গ কর্মে ৭মী ঘ করণে ৭মী **উত্তর:** ক

২৬. **'ইট-পাথরের দালান' এখানে 'ইট-পাথরের' কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক কর্মে সপ্তমী খ কর্তৃকারকে ষষ্ঠী
গ করণে ষষ্ঠী ঘ করণে সপ্তমী **উত্তর:** গ

২৭. **'উদ্যমে সাফল্য আসে।' কারক ও বিভক্তি নির্ণয় কর-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ক কর্তায় ৭মী খ অপাদানে ৭মী
গ অধিকরণে ৭মী ঘ করণে ৭মী **উত্তর:** ঘ

২৮. **'একদিন পাপের ফল ফলিবে।'- কোন কারকে কোন বিভক্তি?** [সম্মিলিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ⓚ অধিকরণে শূন্য বিভক্তি
ⓚ অধিকরণে সপ্তমী বিভক্তি
ⓖ কর্মে শূন্য বিভক্তি
ⓖ কর্তায় ৬ষ্ঠী বিভক্তি **উত্তর:** ক

২৯. **এই কলমে ভাল লেখা হয়। এই বাক্যে নিম্নরেখ পদটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর ডাটা এন্ট্রি অপারেটর : ১৯]
ⓚ কর্তায় সপ্তমী ⓚ কর্মে সপ্তমী
ⓖ করণে সপ্তমী ⓖ অপাদানে সপ্তমী **উত্তর:** গ

৩০. **'কাচের জিনিস সহজে ভাঙে।'- এখানে 'কাঁচের' শব্দটি কোন কারক?** [বেরোবি (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ অধিকরণ ⓚ কর্ম
ⓖ করণ ⓖ অপাদান **উত্তর:** গ

৩১. **"কারক পড়ায় তারক ঠাকুর।" কোন কারক?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন ও বিচার) : ০৯-১০]
ⓚ কর্ম ⓚ সম্প্রদান
ⓖ কর্তা ⓖ করণ **উত্তর:** ক

৩২. **'কালির দাগ দাও' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪]
ⓚ অধিকরণে শূন্য ⓚ অপাদানে শূন্য
ⓖ করণে ষষ্ঠী ⓖ কর্মে ২য়া **উত্তর:** গ

৪৭. **যৌগিক ও মিশ্রবাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা ততোধিক বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে কোন বিরামচিহ্ন ব্যবহৃত হয়?** [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৩]
ক) ড্যাশ খ) কোলন
গ) সেমিকোলন ঘ) হাইফেন **উত্তর:** ক

৪৮. **কোন কথার দৃষ্টান্ত বা বিস্তার বোঝাতে বসে?** [বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
ক) হাইফেন খ) ড্যাশ
গ) সেমিকোলন ঘ) কমা **উত্তর:** খ

৪৯. **বাক্যের কোন উক্তি অসমাপ্ত রাখার ইঙ্গিতে কিংবা বাক্যের কোনো অংশের কোনো বক্তব্য ব্যাখ্যা করে বোঝাতে যে বিরামচিহ্ন ব্যবহার করা হয়, তা হল-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১০-১১]
ক) কমা খ) কোলন
গ) সেমিকোলন ঘ) ড্যাশ **উত্তর:** ঘ

৫০. **কোলন ড্যাশ কোনটি?** [সড়ক ও জনপদ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ০৩]
ক) , কমার ওপর বিন্দু
খ) : বিসর্গের মত
গ) :-বিসর্গের ডান পার্শ্বে লম্বা রেখা
ঘ) । (পূর্ণ বিরতি নির্দেশক) **উত্তর:** গ

৫১. **উদাহরণ প্রয়োগের ক্ষেত্রে সাধারণত কোন বিরামচিহ্ন ব্যবহৃত হয়?** [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়) : ১৮]
ক) কোলন ড্যাশ খ) ড্যাশ
গ) কোলন ঘ) সেমিকোলন **উত্তর:** ক

৫২. **সমাসবদ্ধ পদগুলো বিচ্ছিন্ন করে দেখানোর জন্য কোন চিহ্ন বসে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (চতুর্থ পর্যায়) : ১৯]
ক) ড্যাস খ) হাইফেন
গ) কোলন ঘ) সেমিকোলন **উত্তর:** খ

৫৩. **দুটি পদের সংযোগস্থলে কি বসে?** [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১০]
ক) ড্যাস খ) হাইফেন
গ) কোলন ঘ) কোলন ড্যাস **উত্তর:** খ

৫৪. **শব্দ-গঠনে কোন লেখন চিহ্নের ব্যবহার হয়?** [জবি (গ ইউনিট) : ০৫-০৬]
ক) দাঁড়ি খ) ড্যাস
গ) হাইফেন ঘ) কমা **উত্তর:** গ

৫৫. **বাক্যে কোন যতিচিহ্নের প্রয়োগে থামার প্রয়োজন নেই?** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
ক) হাইফেন খ) ড্যাশ
গ) সেমিকোলন ঘ) কোলন **উত্তর:** ক

৫৬. **ইলেক বা লোপ চিহ্ন দিতে হয়-** [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১২]
ⓚ বিলুপ্ত বর্ণের জন্য
ⓚ সামসবদ্ধ পদের জন্য
ⓖ প্রত্যক্ষ উক্তির জন্য
ⓖ উদ্ধরণ চিহ্নের পূর্বে **উত্তর:** ক

৫৭. **ইলেক বা লোপ চিহ্ন-এর ক্ষেত্রে বিরতিকালের পরিমাণ কোনটি হবে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
(ক) এক বলার দ্বিগুণ সময়
(খ) এক উচ্চারণে যে সময় লাগে
(গ) থামার প্রয়োজন নেই
(ঘ) এক সেকেন্ড **উত্তর:** গ

৫৮. **বর্জনস্থানে শব্দের উপরে লেখা কমাকে বলা হয়-** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার : ১৫]
(ক) মিলেক (খ) চিলেক
(গ) তিলেক (ঘ) ইলেক **উত্তর:** ঘ

৫৯. **বক্তার প্রত্যক্ষ উক্তিকে অন্তর্ভুক্ত করার জন্য কোন বিরামচিহ্ন বসে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
(ক) উদ্ধরণ চিহ্ন (খ) হাইফেন
(গ) সেমিকোলন (ঘ) কোলন **উত্তর:** ক

৬০. **'উদ্ধৃতি চিহ্ন' কোথায় বসে?** [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
(ক) বাক্যের শেষে
(খ) শ্লেষাত্মক বাক্যের মাঝে
(গ) সংলাপে
(ঘ) প্রশ্নবোধক বাক্যে **উত্তর:** গ

৬১. **'উদ্ধৃতি চিহ্ন' কত প্রকার?** [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১২]
(ক) দুই প্রকার (খ) তিন প্রকার
(গ) চার প্রকার (ঘ) পাঁচ প্রকার **উত্তর:** ক

৬২. **প্রথম বন্ধনী সাহিত্যে কি অর্থে ব্যবহৃত হয়?** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ০৫]
(ক) বর্ণনামূলক অর্থে
(খ) প্রশ্নবোধক অর্থে
(গ) বিরতি অর্থে
(ঘ) ব্যাখ্যামূলক অর্থে **উত্তর:** ঘ

৬৩. **বাক্যে কোন বিরামচিহ্নের ব্যবহারে থামার প্রয়োজন নেই?** [তিতাস গ্যাস ফিল্ড কোম্পানি লি. সহকারী অফিসার (জেনারেল) : ১৮]
(ক) কোলন (খ) ড্যাস
(গ) অর্ধচ্ছেদ (ঘ) বন্ধনী **উত্তর:** ঘ

৬৪. **শব্দের সংক্ষিপ্ত ব্যবহারের ক্ষেত্রে কোন বিরামচিহ্ন বসে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
(ক) সেমিকোলন (খ) বিন্দু
(গ) কমা (ঘ) কোলন **উত্তর:** খ

৬৫. **কোনটি বিরামচিহ্ন নয়?** [স্বাস্থ্য ও সেবা অধিদপ্তরের নকশারকার ড্রাফটম্যান : ২২]
(ক) - (খ) ঃ
(গ) ; (ঘ) " " **উত্তর:** খ

৬৬. **নিচের কোনটি বিরামচিহ্ন নয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
(ক) কমা [,] (খ) সেমিকোলন [;]
(গ) ড্যাস [--] (ঘ) হাইফেন [-] **উত্তর:** গ

৬৭. **ব্যাকরণিক চিহ্ন কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৩-১৪]
(ক) ঃ (খ) >
(গ) ( ) (ঘ) " " **উত্তর:** খ

বাক্য
Sentence

বাক্য

এক বা একাধিক শব্দ দিয়ে গঠিত পূর্ণ অর্থবোধক ভাষিক একককে বাক্য বলে। বাক্য দ্বারা কোনো বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয়। যেমন- সে স্কুলে যাবে।

ভাষার মূল উপকরণ বাক্য। ভাষার মূল উপাদান ধ্বনি।
পদ হলো বাক্যের একক। **বাক্যের মৌলিক উপাদান শব্দ।** **শব্দকে বাক্যের বাহন বলা হয়।**

সাধারণ বাক্যের প্রধান তিনটি অংশ: কর্তা, কর্ম ও ক্রিয়া। বাক্যের ক্রিয়াকে যে চালায় তাকে কর্তা বলে।

বাক্যকে উদ্দেশ্য ও বিধেয়- এই দুই অংশে ভাগ করা যায়। বাক্যে যাকে উদ্দেশ্য করে কিছু বলা হয়, তাকে উদ্দেশ্য বলে। বাক্যে উদ্দেশ্য সম্পর্কে যা বলা হয়, তাকে বিধেয় বলে। বিধেয় অংশে সাধারণত ক্রিয়া থাকে। যেমন-

সজল **স্কুলে যায়।**
(উদ্দেশ্য) **(বিধেয়)**

বাক্য দীর্ঘতর হলে উদ্দেশ্য ও বিধেয় অংশের সঙ্গে নানা ধরনের শব্দ ও বর্গ যুক্ত হতে পারে। উদ্দেশ্য ও বিধেয়কে এইসব শব্দ ও বর্গ প্রসারিত করে বলে এগুলোর নাম প্রসারক। এছাড়া বিধেয় ক্রিয়ার বিশেষ্য অংশকে বলা হয় পূরক। যেমন-

<u>সেলিম সাহেবের ছেলে</u> *উদ্দেশ্যের প্রসারক* <u>সুমন</u> *উদ্দেশ্য* <u>গাছতলায় বসে</u> *বিধেয়ের প্রসারক* <u>বই</u> *বিধেয়ের পূরক* <u>পড়ছে</u> *বিধেয়ের ক্রিয়া*।

তবে উদ্দেশ্য ও বিধেয়ের এই অবস্থান বদলে যেতে পারে। সাধারণত উদ্দেশ্যের পূর্বে উদ্দেশ্যের প্রসারক এবং বিধেয়ের পূর্বে বিধেয়ের প্রসারক বসে। তবে বিধেয়ের স্থান ও কাল সংক্রান্ত প্রসারক উদ্দেশ্যের পূর্বেও বসতে পারে। যেমন-

<u>১৯৫২ সালে ঢাকার রাজপথে</u> *বিধেয়ের প্রসারক* <u>বাঙালি জাতির অহংকার</u> *উদ্দেশ্যের প্রসারক* <u>রফিক-সালাম-বরকত-জব্বার</u> *উদ্দেশ্য* <u>মাতৃভাষার জন্য</u> *বিধেয়ের প্রসারক* <u>জীবন</u> *বিধেয়ের পূরক* <u>উৎসর্গ করেছিলেন</u> *বিধেয় ক্রিয়া*।

বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকা-না থাকা বিবেচনায় বাক্যকে দুই ভাগে বিভক্তি করা যায়। যথা -

১) **সক্রিয় বাক্য:** যেসব বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকে, সেগুলোকে সক্রিয় বাক্য বলে। যেমন- আমার মা চাকরি করেন।

২) **অক্রিয় বাক্য:** যেসব বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকে না, সেগুলোকে অক্রিয় বাক্য বলে। যেমন- তিনি বাংলাদেশের নাগরিক। তবে অতীত ও ভবিষ্যৎ কালের প্রয়োগে এগুলো সক্রিয় বাক্য হয়ে যায়। যেমন- 'তিনি বাংলাদেশের নাগরিক ছিলেন' বা 'তিনি বাংলাদেশের নাগরিক হবেন'।

একটি আদর্শ বাক্যের ৩টি গুণ থাকা আবশ্যক। যথা-

১. আকাঙ্ক্ষা : বাক্যের অর্থ পরিষ্কার ভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা।
চন্দ্র পৃথিবীর চারদিকে (অপূর্ণাঙ্গ বাক্য)
চন্দ্র পৃথিবীর চারদিকে ঘোরে। (পূর্ণাঙ্গ বাক্য)

২. আসত্তি শব্দের অর্থ নৈকট্য। বাক্যে অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি। যেমন-
আসত্তিহীন লেখা : চন্দ্র পৃথিবীর ঘোরে চারদিকে।
আসত্তি সম্পন্ন বাক্য : চন্দ্র পৃথিবীর চারদিকে ঘোরে।

৩. যোগ্যতা : বাক্যস্থিত পদসমূহের অর্থগত এবং ভাবগত মিলবন্ধনের নাম। যেমন-

যোগ্যতাহীন বাক্য	কারণ	যোগ্যতাসম্পন্ন বাক্য
বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে।	রৌদ্র প্লাবন সৃষ্টি করে না।	বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়।
গরু মাংস খায়।	গরু মাংস খায় না	গরু ঘাস খায়।

শব্দের যোগ্যতার সঙ্গে নিম্নলিখিত বিষয় গুলো জড়িত থাকে। যেমন-

ক) রীতিসিদ্ধ অর্থবাচকতা : প্রকৃতি-প্রত্যয়জাত অর্থে শব্দ সর্বদা ব্যবহৃত হয়। যোগ্যতার দিক থেকে রীতিসিদ্ধ অর্থের প্রতি লক্ষ্য রেখে কতগুলো শব্দ ব্যবহার করতে হয়। যেমন-

শব্দ	রীতিসিদ্ধ	প্রকৃতি + প্রত্যয়	প্রকৃতি + প্রত্যয়জাত অর্থ
বাধিত	অনুগৃহীত বা কৃতজ্ঞ	বাধ + ইত	বাধাপ্রাপ্ত
তৈল	তিল জাতীয়	তিল + ষ্ণ	তিলজাত, বিশেষ কোনো শস্যের রস

খ) দুর্বোধ্যতা : অপ্রচলিত, দুর্বোধ্য শব্দ ব্যবহার করলে বাক্যের যোগ্যতা বিনষ্ট হয়। যেমন-
অশুদ্ধ : তুমি আমার সঙ্গে প্রপঞ্চ করেছো। (বাংলায় প্রপঞ্চ শব্দটি অপ্রচলিত)
শুদ্ধ : তুমি আমার সঙ্গে চাতুরী করেছো। (প্রপঞ্চ অর্থ- মায়া, চাতুরী)

গ) উপমার ভুল প্রয়োগ : ঠিক ভাবে উপমা অলংকার ব্যবহার না করলে যোগ্যতার হানি ঘটে। যেমন-
অশুদ্ধ : আমার হৃদয়-মন্দিরে আশার বীজ উপ্ত হলো। (বীজ ক্ষেতে বপন করা হয়, মন্দিরে নয়)
শুদ্ধ : আমার হৃদয়-ক্ষেত্রে আশার বীজ উপ্ত হলো।

অশুদ্ধ : শোকসাগরে সে উড়ে বেড়ায়।
শুদ্ধ : শোকসাগরে সে নিমজ্জিত হয়।

ঘ) *বাহুল্য-দোষ :* প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে। যেমন-
অশুদ্ধ : সকল শিক্ষকগণ আজ উপস্থিত। (শিক্ষকগণ বহু বচনবাচক শব্দ। এর সঙ্গে 'সকল' শব্দটির অতিরিক্ত ব্যবহার বাহুল্য-দোষ সৃষ্টি করেছে।)
শুদ্ধ : সকল শিক্ষক আজ উপস্থিত বা শিক্ষকগণ আজ উপস্থিত।
অশুদ্ধ : সকল আলেমগণ আজ উপস্থিত।
শুদ্ধ : আলেমগণ আজ উপস্থিত। অথবা, সকল আলেম আজ উপস্থিত।

ঙ) *বাগধারার শব্দ পরিবর্তন :* বাগধারা ভাষাবিশেষের ঐতিহ্য। এর যথেচ্ছ পরিবর্তন করলে শব্দ তার যোগ্যতা হারায়। যেমন-
অশুদ্ধ : কাঠ হাসি (বাগধারাটি যোগ্যতাহীন)
শুদ্ধ : কাষ্ঠ হাসি (অর্থ - শুকনো হাসি)
অশুদ্ধ : বনে ক্রন্দন (বাগধারাটি যোগ্যতাহীন)
শুদ্ধ : অরণ্যে রোদন (অর্থ - নিষ্ফল আবেদন)

চ) *গুরুচণ্ডালী দোষ :* তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের প্রয়োগ কখনো কখনো গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে। এ দোষে দুষ্ট শব্দ তার যোগ্যতা হারায়। গুরুচণ্ডালী দোষ ভাষারীতির সঙ্গে সম্পর্কিত। দুই ক্ষেত্রে বাক্যে গুরুচণ্ডালী দোষ সৃষ্টি হয়। যেমন- i) তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের মিশ্রণ। ii) সাধু ও চলিত ভাষার মিশ্রণ।

অশুদ্ধ	শুদ্ধ
মড়াদাহ (দেশি + তৎসম)	মড়াপোড়া (দেশি + দেশি)
শবপোড়া (তৎসম + দেশি)	শবদাহ (তৎসম + তৎসম)
গরুর শকট (দেশি + তৎসম)	গরুর গাড়ি (দেশি + দেশি)

MCQ Solution

১. **ভাষার মূল উপকরণ কী?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ২২]
ক) ধ্বনি খ) বাক্য
গ) শব্দ ঘ) বর্ণ **উত্তর: খ**

২. **ভাষার মূল উপাদান কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ক) ধ্বনি খ) বাক্য
গ) শব্দ ঘ) বর্ণ **উত্তর: ক**

৩. **বাক্য গঠনের উপাদান হলো-** [রাবি (বিজনেস স্টাডিজ অনুষদ) : ২০-২১]
ক) সমাস খ) প্রত্যয়
গ) পদ ঘ) ক্রিয়া **উত্তর: গ**

৪. **বাক্যের ক্ষুদ্রতম একক কি?** [১৮তম বিসিএস/ ডাক অধিদপ্তরের ডাক-জীবন-বীমা- এর অফিস সহকারী : ২২]
ক) উক্তি খ) বিভক্তি
গ) উপসর্গ ঘ) শব্দ **উত্তর: ঘ**

৫. **কোনটি বাক্যের বাহন?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১২]
ক) শব্দ খ) পদ
গ) আশ্রিত খণ্ডবাক্য ঘ) ধ্বনি **উত্তর: ক**

৬. **বাক্যের প্রধান তিনটি অংশ-** [NSI-এর ফিল্ড অফিসার : ২১]
খ) ধ্বনি, শব্দ, বাক্য
ক) সমাস, উপসর্গ, প্রত্যয়
গ) বিশেষ্য, সর্বনাম, বিশেষণ
ঘ) কর্তা, কর্ম, ক্রিয়া **উত্তর: ঘ**

৭. **প্রতিটি বাক্যে প্রধান কয়টি অংশ থাকে?** [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংক লি. অফিসার : ০৮]
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি **উত্তর: খ**

৮. **বাক্যের দুটি অংশে থাকে -** [৪২তম (বিশেষ) বিসিএস]
ক) প্রসাদগুণ, মাধুর্যগুণ খ) উপমা, অলংকার
গ) উদ্দেশ্য, বিধেয় ঘ) সাধু, চলিত **উত্তর: গ**

৯. **'এইসব মিলিয়ে তৈরি হয় চিনি বা শর্করা'- এখানে 'এইসব মিলিয়ে' বর্গ হলো-**
ক) উদ্দেশ্য খ) বিধেয়
গ) উদ্দেশ্যের প্রসারক ঘ) বিধেয়ের প্রসারক **উত্তর: ঘ**

১০. **মোঘল সম্রাট শাজাহান তাঁর ভালোবাসার নিদর্শন স্বরূপ তাজমহল নির্মাণ করেন- এখানে মোঘল সম্রাট কী?**
ক) উদ্দেশ্যের প্রসারক খ) বিধেয়ের প্রসারক
গ) বিধেয়ের পূরক ঘ) বিধেয়ের ক্রিয়া **উত্তর: ক**

১১. **'যাঁরা দেশের জন্য প্রাণ দিয়েছে, তাদের ঋণ আমরা শোধ করতে পারব না'-এখানে ঋণ কী?**
ক) উদ্দেশ্যের প্রসারক খ) বিধেয়ের প্রসারক
গ) বিধেয়ের পূরক ঘ) বিধেয়ের ক্রিয়া **উত্তর: গ**

১২. **একটি আর্দশ বাক্যে কয়টি গুণ থাকা আবশ্যক?** [স্বাস্থ্য ও সেবা অধিদপ্তরের নকশারকার ড্রাফটম্যান : ২২]
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫ **উত্তর: খ**

১৩. **বাক্যের তিনটি গুণ কি কি?** [২৯তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক) আকাঙ্ক্ষা, আসক্তি ও বিধেয়
খ) আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা
গ) যোগ্যতা, উদ্দেশ্য ও বিধেয়
ঘ) কোনোটিই নয় **উত্তর: খ**

১৪. **বাক্যে এক পদের পর অন্যপদ শোনার ইচ্ছাকে কী বলে?** [পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) সহকারী পরিচালক : ২১]
ক) আসত্তি খ) আকাঙ্ক্ষা
গ) যোগ্যতা ঘ) আসক্তি **উত্তর: খ**

১৫. **বাংলা বাক্যের আবশ্যিক বৈশিষ্ট্য নয় -** [Joint Five Banks & Financial Institution (Officer) : 18]
ক) অর্থসংগতি
খ) অন্যপদের আকাঙ্ক্ষা না থাকা
গ) অপরিবর্তনযোগ্য পদক্রম
ঘ) পদগত অন্বয় **উত্তর: খ**

১৬. **কোনটি শুদ্ধ বানান?** [৩২তম বিসিএস/ NSI-এর সাঁটমুদ্রাক্ষরিক : ১৭]
ⓚ আকাঙ্ক্ষা ⓚ আকাক্ষা
ⓖ আকাংখা ⓖ আকাঙ্খা **উত্তর:** ক

১৭. **বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই হলো-** [জাককানইবি (ক ইউনিট) : ১৬-১৭]
ⓚ মাধুর্য ⓚ আসত্তি
ⓖ আকাঙ্ক্ষা ⓖ যোগ্যতা **উত্তর:** খ

১৮. **বাক্য হওয়ার বাঞ্ছনীয় বৈশিষ্ট্য-** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার : ১৫]
ⓚ আসক্তি ⓚ আসত্তি
ⓖ আবৃত্তি ⓖ আনতি **উত্তর:** খ

১৯. **'আসত্তি' শব্দের অর্থ-** [ইবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ আসক্তি ⓚ অনুরাগ
ⓖ নৈকট্য ⓖ যুক্ত **উত্তর:** গ

২০. **একটি বাক্যে 'যোগ্যতা' বলতে বোঝায়-** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২০-২১]
ⓚ বাক্যের অন্তর্গত পদসমূহের অর্থগত ও ভাবগত সংগতি
ⓚ বাক্যের পদসমূহের সুশৃঙ্খল বিন্যাস
ⓖ বাক্যে এক পদের পর অন্য পদ শোনার ইচ্ছা
ⓖ বাক্যে কর্তা ও ক্রিয়াপদের অন্বয় **উত্তর:** ক

২১. **'অরণ্যে রোদন' না বলে 'বনে ক্রন্দন' বললে বাক্যটি কি হারাবে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ⓚ আকাঙ্ক্ষা ⓚ আসত্তি
ⓖ যোগ্যতা ⓖ উদ্দেশ্য **উত্তর:** গ

২২. **কোনটি সার্থক বাক্যের গুণ নয়?** [৩৮তম বিসিএস/ ৩৫তম বিসিএস]
ⓚ আকাঙ্ক্ষা ⓚ যোগ্যতা
ⓖ আসক্তি ⓖ আসত্তি **উত্তর:** গ

২৩. **'গরু মাংস খায়' - বাক্যটির অশুদ্ধ কেন?** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ⓚ আসত্তির অভাব
ⓚ পদবিন্যাসে ত্রুটি থাকা
ⓖ অর্থ অস্পষ্ট বলে
ⓖ যোগ্যতার অভাব **উত্তর:** ঘ

২৪. **'আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হলো'- বাক্যটিতে কোন দোষ আছে?** [জাবি (এফ ইউনিট) : ১৪-১৫]
ⓚ বাগধারার দোষ
ⓚ গুরুচণ্ডালী দোষ
ⓖ উপমার ভুল প্রয়োগ
ⓖ বাহুল্য দোষ **উত্তর:** গ

২৫. **সাধু ও চলিত রীতির মিশ্রণে বাক্য কোন দোষে দুষ্ট হয়?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ⓚ আঞ্চলিক দোষ ⓚ গুরুচণ্ডালী দোষ
ⓖ বাহুল্য দোষ ⓖ উৎপ্রেক্ষা দোষ **উত্তর:** খ

২৬. **বাংলা ভাষায় গুরুচণ্ডালী দোষ মানে হলো-** [পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড এর সহকারী কর্মকর্তা (প্রশাসন) : ২১]
ⓚ উপমার ভুল প্রয়োগ
ⓚ বাগধারার রদবদল
ⓖ প্রয়োজনের অতিরিক্ত শব্দের ব্যবহার
ⓖ অপ্রচলিত ও দুর্বোধ্য শব্দ ব্যবহার
ⓤ তৎসম শব্দের সঙ্গে দেশি শব্দের প্রয়োগ **উত্তর:** ঙ

২৭. **'শবপোড়া' শব্দটির কি দোষ দেখা যায়?** [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়) এর অফিস সহকারী : ২১]
ⓚ আকাঙ্ক্ষার প্রয়োগে ভুল
ⓚ উপমার প্রয়োগে ভুল
ⓖ দুর্বোধ্যতা
ⓖ গুরুচণ্ডালী **উত্তর:** ঘ

২৮. **কোন বাক্যাংশটি গুরুচণ্ডালী দোষযুক্ত?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ⓚ মড়াপোড়া ⓚ ঘোড়ার গাড়ি
ⓖ শবদাহ ⓖ ঘোটকের গাড়ি **উত্তর:** ঘ

২৯. **গুরুচণ্ডালী দোষমুক্ত কোনটি?** [১০ম বিসিএস]
ⓚ শবপোড়া ⓚ মড়াদাহ
ⓖ শবদাহ ⓖ শবমড়া **উত্তর:** গ

৩০. **শুদ্ধ রূপটি চিহ্নিত করুন-** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]
ⓚ সব ছাত্ররা ⓚ সব ছাত্রবৃন্দ
ⓖ সব ছাত্র ⓖ সব ছাত্রসমূহ **উত্তর:** গ

৩১. **কোন বাক্যটি গুরুচণ্ডালী দোষমুক্ত?** [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৩]
ⓚ তার বাহিরে যাবার সময় হয়েছে
ⓚ সে স্কুলে যাবে
ⓖ তার বিবাহ হয় নাই
ⓖ তাহারা রওয়ানা হলো **উত্তর:** খ

৩২. **'সকল শিক্ষকগণ আজ উপস্থিত।' বাক্যটি কোন দোষে দুষ্ট?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ⓚ গুরুচণ্ডালী দোষে ⓚ বাহুল্য দোষে
ⓖ দুর্বোধ্যতা দোষে ⓖ বিদেশি শব্দ দোষে **উত্তর:** খ

বাক্যের প্রকারভেদ

গঠন অনুযায়ী বাক্য তিন প্রকার। যথা- সরল বাক্য, মিশ্র বা জটিল বাক্য এবং যৌগিক বাক্য।

ক) সরল বাক্য : যে বাক্যে একটি মাত্র কর্তা বা উদ্দেশ্য এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া বা বিধেয় থাকে তাকে **সরল** বাক্য বলে। যেমন- জেসমিন সবার জন্য চা বানিয়েছে। - 'জেসমিন' উদ্দেশ্য এবং 'সবার জন্য চা বানিয়েছে' বিধেয়। এরূপ- পাখিগুলো নীল আকাশে উড়ছে। তিনি ভাত খেয়ে ঘুমিয়ে পড়লেন।

- সরল বাক্যে অনেক সময়ে ক্রিয়া অনুপস্থিত থাকে। যেমন- আমরা তিন ভাইবোন।

- বাক্যের এক বা একাধিক অসমাপিকা ক্রিয়া থাকলেও সরল বাক্য হয়। যেমন- তিনি খুব সকালে ঘুম থেকে উঠে পায়চারি করতে করতে বাজারের দিকে গেলেন।

খ) মিশ্র বা জটিল বাক্য : যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের অধীন এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খণ্ডবাক্যের পরে কমা বসে। জটিল বাক্যে যে-সে, যারা-তারা, যিনি-তিনি, যাঁরা-তাঁরা, যা-তা প্রভৃতি সাপেক্ষ সর্বনাম এবং যদি-তবে, যদিও-তবু, যেহেতু-সেহেতু, যত-তত, যেটুকু-সেটুকু, যেমন-তেমন, যখন-তখন প্রভৃতি সাপেক্ষ যোজক দিয়ে অধীন বাক্যগুলো যুক্ত থাকে। যেমন- যে ছেলেটি এখানে এসেছিল, সে আমার ভাই। যদি তুমি যাও, তবে তার দেখা পাবে। যদি কিছু বলার থাকে, তবে এখনই বলে ফেলো। সময় বোঝাতে জটিল বাক্যে যখন-তখন যোজক জোড় ব্যবহার করা হয়। যেমন-যখন বৃষ্টি নামল, তখন আমরা ছাতা খুঁজতে শুরু করলাম। যখন আমার পড়াশোনা শেষ হবে, তখন আমি খেলতে যাব।

গ) যৌগিক বাক্য : দুই বা ততোধিক স্বাধীন বাক্য যখন যোজকের মাধ্যমে যুক্ত হয়ে একটি বাক্যে পরিণত হয়, তখন তাকে যৌগিক বাক্য বলে। এবং, ও, আর, কিন্তু, অথবা, বা, অথচ, কিংবা, বরং, তথাপি, তবে, নতুবা, সেজন্য, ফলে ইত্যাদি যোজক যৌগিক বাক্যে ব্যবহৃত হয়। কমা (,), সেমিকোলন (;), কোলন (:), ড্যাশ (–) ইত্যাদি যতিচিহ্নও যোজকের কাজ করে। যেমন- হামিদ বই পড়ছে, আর সীমা রান্না করছে। সে ঘর ঝাড়ু দিল, ঘর মুছল, তারপর পড়তে বসল। অন্ধকার হয়ে এসেছে – বন্ধুরাও মুখ ভার করে রইল। তোমরা চেষ্টা করেছ, কিন্তু আশানুরূপ ফল পাওনি– এতে দোষের কিছু নেই। রহমত রাতে রুটি খায় আর রহিমা খায় ভাত। আমরা পড়শোনা শেষ করব; তারপর খেলতে যাব।

বাক্য রূপান্তর

অর্থের কোনোরূপ রূপান্তর না করে এক প্রকারের বাক্যকে অন্য প্রকার বাক্যে রূপান্তর করার নামই বাক্য রূপান্তর।

ক) সরল বাক্য থেকে জটিল বাক্য : যে-সে, যিনি-তিনি, যারা-তারা, যা-তা ইত্যাদি সাপেক্ষ সর্বনাম এবং যদি-তবে, যেহেতু-সেহেতু, যখন-তখন, যত-তত, যেমন-তেমন ইত্যাদি সাপেক্ষ যোজক যুক্ত করে সরল বাক্যকে জটিল বাক্যে রূপান্তরিত করা যায়। যেমন-

সরল বাক্য : দুর্জন লোক পরিত্যাজ্য।
জটিল বাক্য : যেসব লোক দুর্জন, তারা পরিত্যাজ্য।
সরল বাক্য : তুমি চেষ্টা না করায় ব্যর্থ হয়েছ।
জটিল বাক্য : যেহেতু তুমি চেষ্টা করোনি, তাই ব্যর্থ হয়েছ।

খ) জটিল বাক্য থেকে সরল বাক্য : জটিল বাক্যকে সরল বাক্যে রূপান্তরের সময়ে সাপেক্ষ সর্বনাম ও সাপেক্ষ যোজককে বাদ দিতে হয়। যেমন -

জটিল বাক্য : যারা পরিশ্রম করে, তারা জীবনে সফল হয়।
সরল বাক্য : পরিশ্রমীরা জীবনে সফল হয়।
জটিল বাক্য : যখন সে সুসংবাদটা পেল, তখন সে আনন্দিত হলো।
সরল বাক্য : সুসংবাদটা পেয়ে সে আনন্দিত হলো।

গ) সরল বাক্য থেকে যৌগিক বাক্য : যৌগিক বাক্যে একাধিক সমাপিকা ক্রিয়ার প্রয়োজন হয়। এজন্য সরল বাক্যকে যৌগিক বাক্য করতে সরল বাক্যের মাঝখানের অসমাপিকা ক্রিয়াকে সমাপিকা ক্রিয়ায় রূপান্তর করতে হয়। সরল বাক্যে একটিমাত্র ক্রিয়া থাকলে যৌগিক বাক্য গঠনের সময়ে আরেকটি ক্রিয়া তৈরি করে নিতে হয়। যেমন-

সরল বাক্য : তুমি চেষ্টা না করায় ব্যর্থ হয়েছ।
যৌগিক বাক্য : তুমি চেষ্টা করোনি, তাই ব্যর্থ হয়েছ।
সরল বাক্য : ভিক্ষুককে টাকা দাও।
যৌগিক বাক্য : কিছু লোক ভিক্ষা করে, ওদের টাকা দাও।
সরল বাক্য : তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি।
যৌগিক বাক্য : তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি।

ঘ) যৌগিক বাক্য থেকে সরল বাক্য : যৌগিক বাক্যে দুটি সমাপিকা ক্রিয়া থাকে; অন্যদিকে সরল বাক্যে থাকে একটি সমাপিকা ক্রিয়া। তাই যৌগিক বাক্য থেকে সরল বাক্যে রূপান্তরের সময়ে মাঝখানের সমাপিকা ক্রিয়াকে অসমাপিকা ক্রিয়ায় রূপান্তর করে নিতে হয়। যেমন-

যৌগিক বাক্য : সে এখানে এল, তারপর বসে পড়ল।
সরল বাক্য : সে এখানে এসেই বসে পড়ল।
যৌগিক বাক্য : লোকটি অশিক্ষিত, কিন্তু অভদ্র নয়।
সরল বাক্য : লোকটি অশিক্ষিত হলেও অভদ্র নয়।

ঙ) জটিল বাক্য থেকে যৌগিক বাক্য : জটিল বাক্যের সাপেক্ষ সর্বনাম ও সাপেক্ষ যোজক বাদ দিয়ে যৌগিক বাক্য তৈরি করতে হয়। যৌগিক বাক্যে একাধিক সমাপিকা ক্রিয়া থাকে। যেমন-

জটিল বাক্য : যখন বিপদ আসে, তখন দুঃখও আসে।
যৌগিক বাক্য : বিপদ এবং দুঃখ একসঙ্গে আসে।
জটিল বাক্য : যদি নিয়মিত সাঁতার কাটো, তবে স্বাস্থ্য ভালো থাকবে।
যৌগিক বাক্য : নিয়মিত সাঁতার কাটো, স্বাস্থ্য ভালো থাকবে।

চ) যৌগিক বাক্য থেকে জটিল বাক্য : যৌগিক বাক্যকে জটিল বাক্যে রূপান্তর করার সময়ে যৌগিক বাক্যের যোজক বাদ দিতে হয়। এর বদলে সাপেক্ষ সর্বনাম ও সাপেক্ষ যোজক যুক্ত হয়। যেমন-

যৌগিক বাক্য : ছেলেটির বয়স অল্প; কিন্তু বেশ বুদ্ধিমান।
জটিল বাক্য : যদিও ছেলেটির বয়স অল্প, তবু বেশ বুদ্ধিমান।
যৌগিক বাক্য : দোষ করেছ; অতএব শাস্তি পাবে।
জটিল বাক্য : যেহেতু দোষ করেছ, সেহেতু শাস্তি পাবে।

MCQ Solution

১. **গঠন অনুসারে বাক্য কত প্রকার?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ২০]
ⓚ দুই প্রকার ⓚ পাঁচ প্রকার
ⓖ ছয় প্রকার ⓘ তিন প্রকার **উত্তর:** ঘ

২. **একটি মাত্র কর্তা ও একটি মাত্র সমাপিকা ক্রিয়ার দ্বারা গঠিত বাক্যকে কি বাক্য বলে?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন সহকারী সার্জন (রেলওয়ে হাসপাতাল) : ০৫]
ⓚ সরল বাক্য ⓚ জটিল বাক্য
ⓖ মিশ্র বাক্য ⓘ যৌগিক বাক্য **উত্তর:** ক

৩. **যে বাক্যের বিধেয় একটি তাকে বলে-** [রাবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ সরল বাক্য ⓚ জটিল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓘ মিশ্র বাক্য **উত্তর:** ক

৪. **কোনটি সরল বাক্য?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
ⓚ যা করবার তা করেছি
ⓚ তুমি যা বলবে তাই ঠিক
ⓖ সে পরিশ্রমী বটে, কিন্তু নির্বোধ
ⓘ তুমি অধম বলে আমি উত্তম হবো না কেন? **উত্তর:** ঘ

৫. **কোনটি সরল বাক্য?** [অর্থ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ⓚ যে রক্ষক সেই ভক্ষক
ⓚ তিনি দরিদ্র কিন্তু চরিত্রহীন নন
ⓖ ধনের ধর্মই অসাম্য
ⓘ তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি **উত্তর:** গ

৬. **নিচের কোনটি সরল বাক্য তা চিহ্নিত করুন।** [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৭]
ⓚ ইহারা যেরূপ, এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরে অনুপস্থিত
ⓚ ইহারা যেরূপ, এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরের বাইরে আছে
ⓖ ইহাদের মত রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই
ⓘ ইহারা যেরূপ, এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই
উত্তর: গ

৭. **'জ্ঞানী লোক সকলের শ্রদ্ধার পাত্র।'- এটি কোন ধরনের বাক্য?** [রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
ⓚ জটিল বাক্য ⓚ সরল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓘ মিশ্র বাক্য **উত্তর:** খ

৮. **'তিনি অনেক দিন ধরে বহুকষ্ট করে সাঁতার শিখেছেন।' কোন ধরনের বাক্য?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ সরল ⓚ খণ্ড
ⓖ জটিল ⓘ যৌগিক **উত্তর:** ক

৯. **'তুমি আসবে বলে, আমি অপেক্ষা করছি'। কোন ধরনের বাক্য?** [খুবি (বিজ্ঞান বিভাগ) : ১৬-১৭]
ⓚ সরল বাক্য ⓚ জটিল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓘ যোগরূঢ় **উত্তর:** খ

১০. **"তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি।" এটি কোন ধরনের বাক্য?** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ⓚ সরল বাক্য ⓚ জটিল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓘ ব্যাস বাক্য **উত্তর:** ক

১১. **'পুকুরে পদ্মফুল জন্মে' – কোন ধরনের বাক্য?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ১৪]
ⓚ সরল বাক্য ⓚ জটিল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓘ মিশ্র বাক্য **উত্তর:** ক

১২. **'বিদ্বান লোক সকলের শ্রদ্ধার পাত্র'- এটি কোন ধরনের বাক্য?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন ঢাকা সেনানিবাসের জুনিয়র শিক্ষক : ২১]
ⓚ সরল ⓚ যৌগিক
ⓖ জটিল ⓘ বিযুক্ত **উত্তর:** ক

১৩. **'বুড়িকে পকেট থেকে কিছু পয়সা বার করে দিলাম।' গঠন অনুসারে বাক্যটি যে ধরনের-** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ) : ১৯]
ⓚ সরল ⓚ জটিল
ⓖ যৌগিক ⓘ মিশ্র **উত্তর:** ক

১৪. **'মিথ্যাবাদীকে কেউ ভালবাসে না' কোন ধরনের বাক্য?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৮-০৯]
ⓚ যৌগিক ⓚ সরল
ⓖ জটিল ⓘ মিশ্র **উত্তর:** খ

১৫. **"মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।"- কোন ধরনের বাক্য?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ⓚ সরল ⓚ যৌগিক
ⓖ মিশ্র ⓘ বিবৃতিমূলক **উত্তর:** ক

১৬. **'সত্য কথা না বলে বিপদে পড়েছি'। এটি কোন ধরনের বাক্য?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (বিজনেস স্টাডিজ অনুষদ) : ২০-২১]
ⓚ যৌগিক ⓚ জটিল
ⓖ সরল ⓘ কঠিন **উত্তর:** গ

১৭. **'সকল অহংকার হে আমার ডুবাও চোখের জলে।'- বাক্যটি** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার : ১৫]
ⓚ মিশ্র ⓚ যৌগিক
ⓖ জটিল ⓘ সরল **উত্তর:** ঘ

১৮. **'সুশিক্ষিত লোক মাত্রেই স্বশিক্ষিত'-এটি কোন ধরনের বাক্য?** [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ০৭]
ⓚ সরল ⓚ জটিল
ⓖ যৌগিক ⓘ মিশ্র **উত্তর:** ক

১৯. **'সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।' বাক্যটি-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ⓚ জটিল বাক্য ⓚ সরল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓘ অনুজ্ঞাসূচক বাক্য **উত্তর:** খ

২০. **'হযরত মোহাম্মদ (সাঃ) ছিলেন একজন আদর্শ মানব' বাক্যটি নিম্নোক্ত একটি শ্রেণির-** [১৭তম বিসিএস]
ⓚ মিশ্র ⓚ জটিল
ⓖ যৌগিক ⓘ সরল **উত্তর:** ঘ

২১. **"বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা"- এটি কোন শ্রেণির বাক্য?** [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে ব্যক্তিগত সহকারী : ১৩/ সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১০]
ⓚ সরল বাক্য ⓚ জটিল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓖ ব্যাসবাক্য **উত্তর:** ক

২২. **'রক্ষকই ভক্ষক' বাক্যটি কোন জাতীয় বাক্য?** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ক সরল বাক্য খ জটিল বাক্য
গ যৌগিক বাক্য ঘ মিশ্র বাক্য **উত্তর:** ক

২৩. **জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খণ্ডবাক্যের পর বসে-** [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার : ১৪]
ক দাঁড়ি খ কোলন
গ সেমিকোলন ঘ কমা **উত্তর:** ঘ

২৪. **মিশ্র বাক্যের অপর নাম কি?** [বাংলাদেশ ব্যাংক অফিসার : ০১]
ক জটিল বাক্য খ খণ্ড বাক্য
গ সরল বাক্য ঘ যৌগিক বাক্য **উত্তর:** ক

২৫. **'একটু আগে যিনি এখানে এসেছিলেন তিনি আমার আত্মীয় নন'- কোন ধরনের বাক্য?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক যৌগিক খ সরল
গ খণ্ড ঘ জটিল **উত্তর:** ঘ

২৬. **'ভাবিতে উচিত ছিল প্রতিজ্ঞা যখন' এটি কোন ধরনের বাক্য?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ক সরল খ জটিল
গ যৌগিক ঘ খণ্ড **উত্তর:** ঘ

২৭. **"কে কোথা হইতে শব্দ করিতেছে, তাহাও জানিবার উপায় নাই।" - কোন শ্রেণির বাক্য?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ক যৌগিক বাক্য খ জটিল বাক্য
গ সরল বাক্য ঘ অনুজ্ঞা **উত্তর:** খ

২৮. **'আমার এমন কিছু নেই, যা তোমাকে দিতে পারি।' এটি কোন জাতীয় বাক্য?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গার্হস্থ্য অর্থনীতি বিভাগ) : ২১-২২]
ক জটিল খ সরল
গ যৌগিক ঘ মৌলিক **উত্তর:** ক

২৯. **'তিনি যখন চাঁদপুরে থাকতেন, তখন প্রত্যহ নদীর তীরে হাঁটতেন'- এটি কোন শ্রেণির বাক্য?** [ডাচ্ বাংলা ব্যাংক লি. (এমটিও) : ১২]
ক সরল বাক্য খ জটিল বাক্য
গ যৌগিক বাক্য ঘ ব্যাসবাক্য **উত্তর:** খ

৩০. **'যে ভিক্ষা চায়, তাকে দান কর' এটি কোন বাক্যের উদাহরণ?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২০-২১]
ক যৌগিক বাক্য খ খণ্ড বাক্য
গ সরল বাক্য ঘ জটিল বাক্য **উত্তর:** ঘ

৩১. **'সে যে কোথায় তা আমার জানা নাই' - কোন ধরনের বাক্য?** [সিজিএ- কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ক জটিল খ যৌগিক
গ সরল ঘ খণ্ডবাক্য **উত্তর:** ক

৩২. **'যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়।'-এটি কোন ধরনের বাক্য?** [৪৩তম বিসিএস]
ক সরল বাক্য খ জটিল বাক্য
গ যৌগিক বাক্য ঘ খণ্ড বাক্য **উত্তর:** খ

৩৩. **"পানিতে নাম, তবে সাঁতার শিখতে পারবে" বাক্যটি কোন ধরনের?** [বাংলাদেশ কৃষি ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর : ১৮]
ক সরল বাক্য
খ যৌগিক বাক্য
গ জটিল বাক্য
ঘ সরল এবং জটিল বাক্য **উত্তর:** গ

৩৪. **'মা ছিল না বলে কেউ তার চুল বেঁধে দেয়নি।' এটি একটি** - [৩২তম বিসিএস/ সমন্বিত পাঁচ (৫) ব্যাংক এর অফিসার (ক্যাশ) : ২১]
ক জটিল বাক্য খ যৌগিক বাক্য
গ সরল বাক্য ঘ মিশ্র বাক্য **উত্তর:** ক, ঘ

৩৫. **'আমি এসেছি, কারণ তোমাকে নিয়ে যাব' বাক্যটি কোন ধরনের বাক্য?** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক সরল বাক্য খ যৌগিক বাক্য
গ জটিল বাক্য ঘ নির্দেশাত্মক বাক্য **উত্তর:** গ

৩৬. **খাঁটি সোনার চাইতে খাঁটি, আমার দেশের মাটি। এটি কোন ধরনের বাক্য?** [ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সহকারী পরিচালক : ১৭]
ক সরল খ জটিল
গ যৌগিক **উত্তর:** খ

৩৭. **"তুমি আসবে বলে হে স্বাধীনতা, সখিনা বিবির কপাল ভাঙল।"- এটি কোন ধরনের বাক্যের উদাহরণ?** [৩৩তম বিসিএস/ মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ক সরল খ মিশ্র বা জটিল
গ যৌগিক ঘ বিভ্রমপূর্ণ বাক্য **উত্তর:** খ

৩৮. **"যদি বৃষ্টি হয়, তবে বের হব না।"- বাক্যটি কোন ধরনের?** [স্থানীয় সরকার বিভাগের জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ক সরল বাক্য খ জটিল বাক্য
গ যৌগিক বাক্য ঘ নির্দেশাত্মক বাক্য **উত্তর:** খ

৩৯. **যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে একলা চলো রে-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়) : ১৯]
ক সরল বাক্য খ জটিল বাক্য
গ যৌগিক বাক্য ঘ মিশ্র বাক্য **উত্তর:** খ, ঘ

৪০. **"যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে।"- কোন ধরনের বাক্য?** [২৫তম বিসিএস]
ক সরল খ জটিল
গ যৌগিক ঘ অনুজ্ঞামূলক **উত্তর:** খ

৪১. **নিচের কোনটি জটিল বাক্য?** [যোগাযোগ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৬]
ⓚ সত্য কথা না বলে বিপদে পড়েছি
ⓖ যিনি জ্ঞানী তিনিই সত্যিকার ধনী
ⓖ জ্ঞানীরাই সত্যিকার ধনী
ⓖ তিনি দরিদ্র বটে, কিন্তু সত্যবাদী **উত্তর: খ**

৪২. **"যিনি উপকার করেন, তাকে সবাই শ্রদ্ধা করেন"- কোন ধরনের বাক্য?** [খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক : ২১]
ⓚ সরল বাক্য ⓖ মিশ্র বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓖ প্রশ্নবোধক বাক্য **উত্তর: খ**

৪৩. **'যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম'- এটি কোন জাতীয় বাক্য?** [২৬তম বিসিএস]
ⓚ সরল বাক্য ⓖ যৌগিক বাক্য
ⓖ মৌলিক বাক্য ⓖ মিশ্র বাক্য **উত্তর: ঘ**

৪৪. **"যে পরিশ্রম করে, সেই সুখ লাভ করে"- কোন ধরনের বাক্য?** [উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্টান্ট অফিসার : ২২]
ⓚ মিশ্র বাক্য ⓖ সরল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓖ ব্যাসবাক্য **উত্তর: ক**

৪৫. **'যতই পরিশ্রম করবে, ততই ফল পাবে'-** [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১২]
ⓚ নির্দেশক বাক্য ⓖ সরল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓖ জটিল বাক্য **উত্তর: ঘ**

৪৬. **"যদি সত্য বল, তাহলে মুক্তি পাবে"- এটি কোন ধরনের বাক্য?** [বেরোবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ সংযুক্ত বাক্য ⓖ যৌগিক বাক্য
ⓖ সরল বাক্য ⓖ মিশ্র বাক্য **উত্তর: ঘ**

৪৭. **যৌগিক বাক্যের অন্যতম গুণ কি?** [১৪তম বিসিএস]
ⓚ একটি জটিল ও একটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন
ⓖ একটি সংযুক্ত ও একটি বিযুক্ত বাক্যের সাহায্যে বাক্য গঠন
ⓖ দুটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন
ⓖ দুটি মিশ্র বাক্যের সাহায্যে বাক্য গঠন **উত্তর: গ**

৪৮. **গুণী লোক বিনয়ী হয়- জটিল বাক্যে রূপান্তর সঠিক কোনটি?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার : ০৪]
ⓚ গুণী লোকেরাই তো বিনয়ী হয়
ⓖ গুণ আছে বলেই বিনয়ী
ⓖ বিনয়ী হলেই গুণ অর্জন করা যায়
ⓖ যার গুণ আছে, সে বিনয়ী হয় **উত্তর: ঘ**

৪৯. **'তার চুল পেকেছে কিন্তু বুদ্ধি পাকেনি' - এটি কোন ধরনের বাক্য?** [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
ⓚ সরল বাক্য ⓖ জটিল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓖ মিশ্র বাক্য **উত্তর: গ**

৫০. **'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি' এটা কোন ধরনের বাক্য?** [১৮তম বিসিএস/ কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস এর অডিটর : ২২]
ⓚ যৌগিক বাক্য ⓖ সাধারণ বাক্য
ⓖ মিশ্র বাক্য- ⓖ সরল বাক্য **উত্তর: ক**

৫১. **"কন্যার বাপ সবুর করিতে পারিতেন, কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না।" - বাক্যটি কীরূপ?** [চবি (গ ইউনিট) : ১৪-১৫]
ⓚ সরল ⓖ যৌগিক
ⓖ জটিল ⓖ মিশ্র **উত্তর: খ**

৫২. **"আমি যাব তবে কাল যাব"-এটি কোন শ্রেণির বাক্য?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ⓚ সরল বাক্য ⓖ জটিল বাক্য
ⓖ মিশ্র বাক্য ⓖ যৌগিক বাক্য **উত্তর: ঘ**

৫৩. **"দোষ স্বীকার কর, তোমাকে শাস্তি দেয়া হবে না।" এটি কোন ধরনের বাক্য?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (C ইউনিট) : ২১-২২]
ⓚ সরল বাক্য ⓖ জটিল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓖ খণ্ড বাক্য **উত্তর: গ**

৫৪. **"কোথাও পথ পেলাম না বলে তোমার কাছে এসেছি।"- বাক্যটি কোন প্রকারের?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশন মাস্টার : ২২]
ⓚ সরল ⓖ জটিল
ⓖ যৌগিক ⓖ মিশ্র **উত্তর: গ**

৫৫. **'তপুর বয়স অল্প কিন্তু বেশ বুদ্ধিমান'-বাক্যটি কোন ধরনের?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক : ১৩]
ⓚ সরল ⓖ জটিল
ⓖ যৌগিক ⓖ মিশ্র **উত্তর: গ**

৫৬. **'তিনি অত্যন্ত দরিদ্র কিন্তু অন্তঃকরণ খুব উদার' কোন বাক্যের উদাহরণ?** [রাকাব সিনিয়র অফিসার : ১৪]
ⓚ জটিল বাক্য ⓖ মিশ্র বাক্য
ⓖ সরল বাক্য ⓖ যৌগিক বাক্য **উত্তর: ঘ**

৫৭. **'তার টাকা আছে কিন্তু তিনি দান করেন না' কোন ধরনের বাক্য?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ খণ্ড ⓖ যৌগিক
ⓖ জটিল ⓖ সরল **উত্তর: খ**

৫৮. **"সে বলতে চায় তথাপি বলে না"- এটি কোন শ্রেণির বাক্য?** [জীবন বীমা কর্পোরেশন এর অফিস সহায়ক : ২১]
ⓚ সরল বাক্য ⓖ জটিল বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓖ নির্দেশত্মক বাক্য **উত্তর: গ**

৫৯. **"হয় রওনা হও, নতুবা গাড়িতে ওঠ"- এটি কোন ধরনের বাক্য?** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শাপলা) : ১১]
ⓚ সরল বাক্য ⓖ যৌগিক বাক্য
ⓖ জটিল বাক্য ⓖ মিশ্র বাক্য **উত্তর: খ**

৬০. **'পরীক্ষায় উত্তর লিখব, অথচ কলমে কালি ফুরিয়ে গেল।'- কোন ধরনের বাক্য?** [চবি (ঙ ইউনিট) : ১৬-১৭]
ⓚ সরল ⓖ জটিল
ⓖ যৌগিক ⓖ নেতিবাচক **উত্তর: গ**

৬১. 'বুঝে শুনে উত্তর দাও নতুবা ভুল হবে' বাক্যটি কোন শ্রেণির? [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সিনিয়র অফিসার : ২১]
ⓚ জটিল ⓚ মিশ্র
ⓖ যৌগিক ⓖ সরল **উত্তর:** গ

৬২. 'বিপদ এবং দুঃখ একই সঙ্গে আসে'। বাক্যটি - [গ্লোবাল ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২২]
ⓚ সরল ⓚ জটিল
ⓖ যৌগিক ⓖ মিশ্র **উত্তর:** গ

৬৩. 'লোকটি ধনী কিন্তু কৃপণ'- কোন ধরনের বাক্য? [বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২]
ⓚ জটিল ⓚ যৌগিক
ⓖ সরল ⓖ মিশ্র **উত্তর:** খ

৬৪. "সত্য কথা বলিনি তাই বিপদে পড়েছি।"- কোন শ্রেণির বাক্য? [রাবি (ই৩ ইউনিট) : ১৭-১৮]
ⓚ সরল ⓚ জটিল
ⓖ মিশ্র ⓖ যৌগিক **উত্তর:** ঘ

৬৫. কোনটি যৌগিক বাক্য? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ⓚ তুমি আমার বাড়িতে না আসলে আমি অখুশি হব।
ⓚ তুমি আমার বাড়িতে আসলে খুশি হব।
ⓖ তুমি আমার বাড়িতে এসো, আমি খুশি হব।
ⓖ তুমি যদি আমার বাড়িতে আস আমি খুশি হব। **উত্তর:** গ

৬৬. নিচের কোনটি যৌগিক বাক্য? [৪৪তম বিসিএস]
ⓚ দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেওয়া হবে না।
ⓚ তিনি বেড়াতে এসে কেনাকাটা করলেন।
ⓖ মহৎ মানুষ বলে সবাই তাঁকে সম্মান করেন।
ⓖ ছেলেটি চঞ্চল তবে মেধাবী। **উত্তর:** ঘ

৬৭. 'সুখী মানুষ সূর্যোদয়ে আনন্দিত হয় এবং রাত্রির আগমনে পুলকিত হয়ে থাকে।'- কোন ধরনের বাক্য? [বাংলাদেশ ব্যাংক অফিসার (ক্যাশ) : ১৬]
ⓚ সরল ⓚ মিশ্র
ⓖ জটিল ⓖ যৌগিক **উত্তর:** ঘ

৬৮. 'আপনি যাকে ঘৃণা করছেন সে গরিব বটে, কিন্তু লোভী নয়' - এটি কোন ধরনের বাক্য? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ৯২]
ⓚ যৌগিক বাক্য ⓚ জটিল বাক্য
ⓖ সরল বাক্য ⓖ অশুদ্ধ বাক্য **উত্তর:** ক

৬৯. 'ছোট কিন্তু রসে ভরা'- বাক্যটিকে সরল বাক্যে রূপান্তরিত করলে হবে- [খুবি (গ ইউনিট) : ১৭-১৮]
ⓚ রসে ভরা ছোট চিঠি
ⓚ যদিও ছোট, তবু রসে ভরা
ⓖ ছোট-ও রসে ভরা
ⓖ ছোট হলেও রসে ভরা **উত্তর:** ঘ

৭০. "যেমন কাজ করবে তেমন ফল পাবে।"- বাক্যটির সরল রূপ কোনটি? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ১০]
ⓚ কাজ অনুযায়ী ফল পাবে
ⓚ কাজের উপর ফল নির্ভর করে
ⓖ যেমন কর্ম তেমন ফল
ⓖ ফলেই কর্মের পরিচয় **উত্তর:** ক

৭১. সরল বাক্যে রূপান্তর কর- 'যে সত্য কথা বলে, তাকে সকলে বিশ্বাস করে।' [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ০৬]
ⓚ যিনি সত্যবাদী হন, তাকে সকলে বিশ্বাস করে
ⓚ যিনি সত্যবাদী, তাকে সকলে বিশ্বাস করে
ⓖ যখন মানুষ সত্যবাদী হয়, তখন তাকে সকলে বিশ্বাস করে
ⓖ সত্যবাদীকে সকলে বিশ্বাস করে **উত্তর:** ঘ

৭২. সরল বাক্যে রূপান্তর কর-'যদি আমার কথা না শুন, ভবিষ্যতে অনুতাপ করবে।' [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার (ক্যাশ) : ১১]
ⓚ আমার কথা না শুনলে অনুতাপ করবে
ⓚ আমার কথা শুনলে অনুতাপ করবে
ⓖ আমার কথা না শুনলে ভবিষ্যতে অনুতাপ করবে
ⓖ ভবিষ্যতে আমার কথা না শুনলে অনুতাপ করবে **উত্তর:** ক

৭৩. হাসান নিয়মিত পড়াশোনা করে বলে পুরস্কার পায়। - এই জটিল বাক্যের সরল রূপ হলো- [শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ০৭]
ⓚ নিয়মিত পড়াশোনা করার কারণেই হাসান পুরস্কার পায়
ⓚ হাসান নিয়মিত পড়াশোনা করে, তাই সে পুরস্কার পায়
ⓖ হাসান নিয়মিত পড়াশোনা করে এবং পুরস্কার পায়
ⓖ নিয়মিত পড়াশোনা করে সেজন্য হাসান পুরস্কার পায় **উত্তর:** ক

৭৪. "গাড়িঘোড়া চড়লে লেখাপড়া কর।"- এই সরল বাক্যটির যৌগিকরূপ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ) : ০৫/ সমবায় অধিদপ্তরে ২য় শ্রেণির গেজেটেড অফিসার : ৯৭]
ⓚ লেখাপড়া কর, তাহলে গাড়িঘোড়ায় চড়তে পারবে
ⓚ লেখাপড়া করে গাড়িঘোড়ায় চড়তে পারবে
ⓖ লেখাপড়া করে যেই, গাড়িঘোড়া চড়ে সেই
ⓖ গাড়িঘোড়ায় চড়ার জন্য প্রয়োজন লেখাপড়া **উত্তর:** ক

৭৫. অসহায়ের পাশে দাঁড়াও।- এটিকে যৌগিক বাক্যে রূপান্তর করলে কী হবে? [NSI-এর ফিল্ড অফিসার : ২১]
ⓚ যারা অসহায়, তাদের পাশে দাঁড়াও।
ⓚ কিছু লোক আছে অসহায়, তাদের পাশে দাঁড়াও।
ⓖ পাশে দাঁড়াতে হবে, যারা কিনা অসহায়।
ⓖ অসহায়ের পাশে দাঁড়াবে এবং সাহায্য করবে। **উত্তর:** খ

অর্থানুসারে বাক্য সাত প্রকার। যথা-

১) বিবৃতিমূলক বা বর্ণনামূলক বা নির্দেশমূলক বাক্য : বিবৃতিমূলক বাক্য ইতিবাচক বা নেতিবাচক হতে পারে। যথা- এখান থেকে যাও। এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো। আমরা রোজ বেড়াতে যেতাম। তারা তোমাদের ভোলেনি। সে ঢাকা যাবে না।

অস্তিবাচক বা ইতিবাচক বাক্য	নেতিবাচক বাক্য
অচিরেই তাদের ভুল ভাঙে।	তাদের ভুল ভাঙতে দেরি হয় না।
জায়গাটা নির্জন।	জায়গাটা জনবহুল নয়।
প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে।	প্রিয়ংবদা অযথার্থ কহে নাই।
তোকে থাকতে হবে।	তুই যেতে পারবি না।
হৈম তাহার অর্থ বুঝিতে ব্যর্থ হইল।	হৈম তাহার অর্থ বুঝিল না।
মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে।	মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না।
এতে দোষের কি আছে।	এতে দোষ নেই।
নির্জন জায়গা।	সেখানে কেউ নেই।
তবু না বলা কথাটি সবাই মেনে নেয়।	তবু না বলা কথাটি সবাই মেনে না নিয়ে পারে না।
তাতে সমাজজীবন অচল হয়ে পড়ে।	তাতে সমাজজীবন চলে না।

২) **প্রশ্নবোধক বাক্য :** যে বাক্যে কোনো কিছু জিজ্ঞাসা বা প্রশ্নসুচক অর্থ প্রকাশ পায়, তাকে প্রশ্নবোধক বাক্য বলে। যেমন- তোমার নাম কী? সুন্দরবনকে কোন ধরনের বনাঞ্চল বলা হয়?

৩) **অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য :** যে বাক্যে আদেশ, অনুরোধ, উপদেশ নিষেধ ইত্যাদি অর্থ প্রকাশ পায় তাকে অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য বলে। উত্তম পুরুষের অনুজ্ঞা পদ হয় না। যেমন - মা-বাবার সেবা কর। মানুষ হও। সদা সত্য কথা বলবে। বসে থাকো। আমাকে একটি কলম দাও। তার মঙ্গল হোক।

৪) **ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য :** যে বাক্যে ইচ্ছা, প্রার্থনা, উচ্ছ্বাস ইত্যাদি প্রকাশিত হয়, তাকে ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য বলে। যেমন- মহারাজের জয় হোক। খোদা তোমার মঙ্গল করুন। পরীক্ষায় সফল হও। ভাল থাকিস।

৫) **কার্যকারণাত্মক বাক্য :** যদি কোনো বাক্যে ক্রিয়া নিষ্পত্তি কোনো বিশেষ শর্তের অধীনে এমন বোঝায়, তাহলে তাকে কার্যকারণাত্মক বাক্য বলে। যেমন- যদি সফল হই তবে আইন বিভাগে ভর্তি হবো। কষ্ট না করলে কেষ্ট মিলে না।

৬) **সংশয়সূচক বাক্য :** নির্দেশাত্মক বাক্যে বক্তব্য বিষয় সম্পর্কে সন্দেহ, সংশয়, সম্ভাবনা, অনিশ্চয়তা ইত্যাদি ভাব থাকলে, তাকে সংশয়সূচক বা সন্দেহদ্যোতক বাক্য বলে। বোধ হয়, ছেলেটা চাকুরি পেয়ে যাবে।

৭) **বিস্ময় বা আবেগসূচক বাক্য :** কোনো কিছু দেখে বা শুনে অবাক বিস্মিত হলে বিস্ময়সূচক বাক্য তৈরি হয়। বিস্ময় বাক্যে বিস্ময়, হর্ষ, শোক, ঘৃণা, ক্রোধ, ভয় ইত্যাদি ভাব প্রকাশ পায়। যেমন - হে সিন্ধু! বন্ধু মোর-মজিনু তব রূপে। হুররে, আমরা জিতেছি! সত্যি সেলুকাস, এ দেশ বড় বিচিত্র! তাজ্জব ব্যাপার! ইস! যদি পাখির মতো পাখা পেতাম। দারুণ! আমরা জিতে গিয়েছি। অত উঁচু পাহাড়ে উঠে আমি তো ভয়েই মরি! কি সুন্দর ফুল!

MCQ Solution

১. **অর্থানুসারে বাক্য কয় প্রকার?** [খুবি (সামাজিক বিজ্ঞান বিভাগ) : ১১-১২]
ⓚ ছয় ⓧ পাঁচ ⓖ চার
ⓘ তিন ⓤ কোনোটাই নয় **উত্তর:** ঙ

২. **বিবৃতিমূলক বাক্য কোনটি?** [মৎস্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ তোমার মঙ্গল হোক। ⓧ তোমার আজ কি পরীক্ষা?
ⓖ সে ঢাকা যাবে না। ⓘ তাজ্জব ব্যাপার! **উত্তর:** গ

৩. **নির্দেশাত্মক বাক্য কোনটি?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ⓚ লোকটি গরিব, কিন্তু কৃপণ নয়
ⓧ এরা কি অন্য জাতের মানুষ নয়
ⓖ এখান থেকে যাও
ⓘ কী দুষ্টু ছেলেগুলো **উত্তর:** গ

৪. **'এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো' - এ বাক্য কোন ধরনের?** [৪১তম বিসিএস]
ⓚ অনুজ্ঞাবাচক ⓧ নির্দেশাত্মক
ⓖ বিস্ময়বোধক ⓘ প্রশ্নবোধক **উত্তর:** খ

৫. **কোনটি অস্তিবাচক বাক্য?** [অর্থ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ⓚ পৃথিবী চিরস্থায়ী নয় ⓧ কথাটা না মেনে উপায় নেই
ⓖ ওকে চেনাই যায় না ⓘ জায়গাটা নির্জন **উত্তর:** ঘ

৬. **'তবু না বলা কথাটি সবাই মেনে নেয়'- বাক্যটির নেতিবাচক রূপ-** [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৮]
ⓚ তবু না বলা কথাটি সবাই মেনে নেয় না।
ⓧ তবু না বলা কথাটি সবাই মেনে না নিয়ে পারে না।
ⓖ তবু না বলা কথাটি সবার না মানার উপায় থাকে না।
ⓘ তবু না বলা কথাটি সবার মানতে হয়। **উত্তর:** খ

৭. **'সেখানে কেউ নেই' - বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি?** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ০৫]
ⓚ শূন্যস্থান ⓧ নির্জন জায়গা
ⓖ নির্বান্ধব স্থান ⓘ অনুপস্থিত **উত্তর:** খ

৮. **'তাতে সমাজজীবন চলে না'।- এ বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি?** [৪৩তম বিসিএস]
ⓚ তাতে সমাজজীবন চলে।
ⓧ তাতে না সমাজজীবন চলে।
ⓖ তাতে সমাজজীবন অচল হয়ে পড়ে।
ⓘ তাতে সমাজজীবন সচল হয়ে পড়ে। **উত্তর:** গ

৯. **'প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে' বাক্যটি একটি-** [৩৫তম বিসিএস লিখিত (মনস্তাত্ত্বিক)/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ⓚ অস্তিবাচক বাক্য ⓧ নেতিবাচক বাক্য
ⓖ সমবাচক বাক্য ⓘ কোনোটাই নয় **উত্তর:** ক

১০. **'প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে।'– বাক্যটির নেতিবাচক রূপ নিচের কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে উপ-পরিদর্শক : ১৮]
ⓚ প্রিয়ংবদা যথার্থ কহে নাই
ⓧ প্রিয়ংবদা অযথার্থ কহিয়াছে
ⓖ প্রিয়ংবদা অযথার্থ কহে নাই **উত্তর:** গ

১১. অস্তিবাচক বাক্য- [জবি (খ ইউনিট) : ১০-১১]
ⓚ আপনি আমায় অবিশ্বাস করেছেন
ⓚ আমি অন্য ঘরে যাব না
ⓖ সে কিছুতেই সন্তুষ্ট নয়
ⓖ দুবারের বেশি ফোন করিনি **উত্তর:** ক

১২. 'তুই যেতে পারবি না।' বাক্যটির অস্তিবাচক রূপ নিচের কোনটি? [স্বাস্থ্য অধিদপ্তরে স্বাস্থ্য সহকারী : ১২]
ⓚ তুই যেতে পারবি ⓚ তুই না যেয়ে পারবি না
ⓖ তোকে থাকতে হবে **উত্তর:** গ

১৩. 'তাদের ভুলটা ভাঙতে দেরি হয় না' নেতিবাচক বাক্যটির অস্তিবাচক রূপ- [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী : ১১]
ⓚ তাদের ভুলটা ভাঙতে দেরি হয়
ⓚ অচিরেই তাদের ভুল ভাঙে
ⓖ তাদের ভুলটা দেরিতে ভাঙে **উত্তর:** খ

১৪. নিচের কোনটি নেতিবাচক বাক্য? [বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর সহকারী পরিচালক : ০৬]
ⓚ হৈম তাহার অর্থ বুঝিতে ব্যর্থ হইল
ⓚ হৈম তাহার অর্থ বুঝিল না
ⓖ হৈম কি তাহার অর্থ বুঝিল না?
ⓖ হৈম তাহার অর্থ বুঝিল! **উত্তর:** খ

১৫. "মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে"- বাক্যটিকে নেতিবাচক বাক্যে রূপান্তর করলে হয়- [৩৬তম বিসিএস]
ⓚ মিথ্যাবাদীকে সবাই পছন্দ করে
ⓚ মিথ্যাবাদীকে সবাই পছন্দ না করে পারে না
ⓖ মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না
ⓖ মিথ্যাবাদীকে কেউ অপছন্দ করে না **উত্তর:** গ

১৬. 'এতে দোষ নেই' বাক্যটি একটি - বাক্য। [৩৫তম বিসিএস লিখিত (মনস্তাত্ত্বিক)]
ⓚ নেতিবাচক বাক্য ⓚ অসম্ভব বাক্য
ⓖ অসম বাক্য ⓖ অন্বেষণ বাক্য **উত্তর:** ক

১৭. কোন পুরুষের অনুজ্ঞা পদ হয় না? [সমাজসেবা অধিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার : ১৮]
ⓚ উত্তম পুরুষ ⓚ মধ্যম পুরুষ
ⓖ নাম পুরুষ ⓖ প্রথম পুরুষ **উত্তর:** ক

১৮. 'সদা সত্য কথা বলবে।' বাক্যটি- [রাবি (ক ইউনিট) : ১০-১১]
ⓚ অনুজ্ঞাসূচক ⓚ আদেশসূচক
ⓖ উপদেশসূচক ⓖ অনুরোধসূচক **উত্তর:** ক

১৯. 'বসে থাকো'- এটি কোন ধরনের বাক্য? [চবি (ঘ ইউনিট) : ১৭-১৮]
ⓚ বিবৃতিমূলক ⓚ বিস্ময়সূচক
ⓖ অনুজ্ঞাবাচক ⓖ অস্তিবাচক **উত্তর:** গ

২০. 'ভাল ফলের চেষ্টা কর।' এটি কোন ধরনের বাক্য? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৮]
ⓚ ইচ্ছাবোধক ⓚ নির্দেশাত্মক
ⓖ বিস্ময়বোধক ⓖ অনুজ্ঞাবাচক **উত্তর:** ঘ

২১. মা-বাবার সেবা কর। এটি কী ধরনের বাক্য? [সমন্বিত ৬টি ব্যাংক ও ২টি আর্থিক প্রতিষ্ঠানের সিনিয়র অফিসার : ১৮]
ⓚ নির্দেশক ⓚ অনুজ্ঞাসূচক
ⓖ ইচ্ছাসূচক ⓖ অস্তিবাচক **উত্তর:** খ

২২. 'হে সিন্ধু! বন্ধু মোর-মজিনু তব রূপে। এটা কোন ধরনের বাক্য? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ⓚ প্রার্থনাসূচক ⓚ অনুজ্ঞাসূচক
ⓖ কার্যকরণাত্মক ⓖ বিস্ময়সূচক **উত্তর:** ঘ

২৩. 'সত্যি সেলুকাস, এ দেশ বড় বিচিত্র!' – কোন বাক্য? [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৩]
ⓚ নির্দেশাত্মক বাক্য ⓚ বিস্ময়বোধক বাক্য
ⓖ যৌগিক বাক্য ⓖ জটিল বাক্য **উত্তর:** খ

২৪. 'ইস! যদি পাখির মতো পাখা পেতাম।' বাক্যটি- [ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদ (গ ইউনিট) : ২০-২১]
ⓚ প্রার্থনাসূচক ⓚ বর্ণনাত্মক
ⓖ আবেগসূচক ⓖ সন্দেহসূচক **উত্তর:** গ

২৫. কোনটি বিস্ময়সূচক বাক্য? [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী : ১৮]
ⓚ কি করবে? ⓚ সকলের মঙ্গল হোক।
ⓖ কি সুন্দর ফুল! ⓖ সব কাজ সহজ নয়। **উত্তর:** গ

২৬. নিচের কোনটি বিস্ময়সূচক বাক্য? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ⓚ তাজ্জব ব্যাপার! ⓚ ঈশ্বর তোমার মঙ্গেলে রাখুন।
ⓖ কাজটি করে দাও না ভাই ⓖ যাবি কি না বল? **উত্তর:** ক

২৭. 'যদি সফল হই তবে আইন বিভাগে ভর্তি হবো।'- কোন ধরনের বাক্যের উদাহরণ? [চবি (ঙ ইউনিট) : ১৫-১৬]
ⓚ কার্যকারণবাচক ⓚ আবেগবাচক
ⓖ সংশয়বাচক ⓖ অনুজ্ঞাবাচক **উত্তর:** ক

২৮. 'পরীক্ষায় সফল হও।' এটি কী ধরনের বাক্য? [খাদ্য অধিদপ্তরের স্প্রেম্যান : ২২]
ⓚ ইচ্ছাসূচক ⓚ আদেশসূচক
ⓖ বিবৃতিমূলক ⓖ বিস্ময়সূচক **উত্তর:** ক

২৯. ইচ্ছামূলক বাক্য কোনটি? [বন অধিদপ্তরের বন প্রহরী : ১৫]
ⓚ কাজ কর ⓚ ভাল থাকিস
ⓖ যাবি কিনা বল? **উত্তর:** খ

৩০. 'খোদা তোমার মঙ্গল করুন' কী অর্থে ব্যবহার করা হয়েছে? [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ⓚ উপকার ⓚ প্রার্থনা
ⓖ বিধান ⓖ কোনোটিই নয় **উত্তর:** খ

৩১. 'পড়া শেষে খেলতে যাবো' এই বাক্যে কোন লক্ষণ প্রকাশিত? [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩]
ⓚ স্পৃহা ⓚ আসক্তি
ⓖ অভ্যাস ⓖ অভিপ্রায় **উত্তর:** ঘ

বাক্যের বর্গ

বাক্যের মধ্যে একাধিক শব্দ দিয়ে গঠিত বাক্যাংশকে বর্গ বলে। বর্গ হলো ঘনিষ্ঠভাবে সম্পর্কিত শব্দের গুচ্ছ। বর্গকে বলা যায় বাক্যের একক, কেননা মানুষ কথা বলতে গিয়ে শব্দের পরে শব্দ না বসিয়ে প্রায়ই বর্গের পরে বর্গ বসায়। যেমন- মালা ও মায়া খুব সকালে বাড়ির সামনে দাঁড়িয়ে থাকা স্কুল- বাসে উঠে পড়ল। এই বাক্যে 'মালা ও মায়া', 'খুব সকালে', 'বাড়ির সামনে দাঁড়িয়ে থাকা', 'স্কুল-বাসে', 'উঠে পড়ল' প্রভৃতি শব্দগুচ্ছ এক একটি বর্গ।

কোনো একটি বর্গ বাক্যের মধ্যে যে পদের মতো আচরণ করে, সেই পদের নাম অনুযায়ী বর্গের নাম হয়। উপরের উদাহরণে 'মালা ও মায়া' ও 'স্কুল-বাসে' হলো বিশেষ্যবর্গ; 'বাড়ির সামনে দাঁড়িয়ে থাকা' হলো বিশেষণবর্গ 'খুব সকালে' ক্রিয়াবিশেষণ-বর্গ এবং 'উঠে পড়লো' হলো ক্রিয়াবর্গ।

নিচে বিভিন্ন ধরনের বর্গের পরিচয় দেওয়া হলো:

১. বিশেষ্যবর্গ

বিশেষ্যের আগে এক বা একাধিক বিশেষণ বা সম্বন্ধপদ যুক্ত হয়ে বিশেষ্য বর্গ তৈরি হয়। যেমন- অসুস্থ ছেলেটি আজ স্কুলে আসেনি। আমার ভাই পড়তে বসেছে।

আবার, যোজক দ্বারা দুইটি বিশেষ্য যুক্ত হয়ে বিশেষ্যবর্গ তৈরি হয়। যেমন- রহিম ও করিম বৃষ্টিতে ভিজছে।

২. বিশেষণবর্গ : বিশেষণজাতীয় শব্দের গুচ্ছকে বলা যায় বিশেষণবর্গ। যেমন- আমটা দেখতে ভারী সুন্দর। ভদ্রলোক সত্যিকারের নির্লোভ। পোকায় খাওয়া কাঠ দিয়ে আসবাব বানানো ঠিক নয়।

৩. ক্রিয়াবিশেষণ-বর্গ : যে শব্দগুচ্ছ ক্রিয়াবিশেষণ হিসেবে কাজ করে, তাকে ক্রিয়াবিশেষণ-বর্গ বলে।

সকাল আটটার সময়ে সে রওনা হলো। তারপর আমরা দশ নম্বর প্লাটফর্মে গিয়ে দাঁড়ালাম। আমি সকাল থেকে বসে আছি। বেঁচে থাকার মতো সামান্যে কয়টা টাকা বেতন পাই। সে খেয়ে আর ঘুমিয়ে কাটাচ্ছে।

ক্রিয়াবর্গ

বাক্যের বিধেয় অংশের ক্রিয়া প্রায় ক্ষেত্রেই ক্রিয়াবর্গ তৈরি করে। যেমন- অস্ত্রসহ সৈন্যদল এগিয়ে চলেছে। সে লিখছে আর হাসছে। সে অনেকক্ষণ দাঁড়িয়ে থাকার পর বসে পড়লো। বাচ্চাটা অনেকক্ষণ ধরে চিৎকার করছে।

MCQ Solution

১. **যৌগিক বিশেষণের উদাহরণ যুক্ত ছোট বাক্য-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৪]

ⓚ প্রাণের বন্ধু ⓚ পণ্ডিত জনোচিত উক্তি

ⓖ কাচ-কাটা হীরে ⓖ সঞ্চরণশীল মেঘ **উত্তর:** খ

বাচ্য
Voice

বাচ্য : বাক্যের প্রকাশভঙ্গিকে বাচ্য বলে। বাক্যের মধ্যে ক্রিয়ার ভূমিকা বদলে গিয়ে একই বক্তব্যের প্রকাশভক্তি আলাদা হয়ে যায়। বাচ্য প্রধানত তিন প্রকার। যথা- কর্তৃবাচ্য, কর্মবাচ্য এবং ভাববাচ্য।

১) কর্তৃবাচ্য : যে বাক্যের ক্রিয়া কর্তাকে অনুসরণ করে, তাকে কর্তৃবাচ্যের বাক্য বলে।

- কর্তৃবাচ্যে কর্তায় প্রথমা (শূন্য) বিভক্তি এবং কর্মে দ্বিতীয়া, ষষ্ঠী বা শূন্য বিভক্তি হয়। যেমন- আমি ভাত খেয়েছি। ঝরনা ছবি আঁকে। আমি আগামীকাল বাড়ি ফিরব। শিক্ষক ছাত্রদের পড়ান। রোগী পথ্য সেবন করে।
- অজীব বিশেষ্যও অনেক সময়ে কর্তার ভূমিকা গ্রহণ করে। যেমন- ফ্যানটা অনেক জোরে ঘুরছে। শরতে শিউলি ফোটে।

২) কর্মবাচ্য : যে বাক্যের ক্রিয়া কর্মকে অনুসরণ করে, তাকে কর্মবাচ্য বলে।

- কর্মবাচ্যে কর্মে প্রথমা, কর্তায় তৃতীয়া বিভক্তি ও দ্বারা, দিয়া (দিয়ে), কর্তৃক অনুসর্গ ব্যবহার হয়। যেমন- আলেকজান্ডার কর্তৃক পারস্য দেশ বিজিত হয়। পুলিশ কর্তৃক ডাকাত ধৃত হয়েছে।
- কখনো কখনো কর্মে দ্বিতীয়া বিভক্তিও হতে পারে। যথা- আসামিকে জরিমানা করা হয়েছে।

৩) ভাববাচ্য : যে বাক্যে ক্রিয়া-বিশেষ্য বাক্যের ক্রিয়াকে নিয়ন্ত্রণ করে, তাকে ভাববাচ্য বলে। ভাববাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষ ভাবে ব্যক্ত হয়। ভাববাচ্যের ক্রিয়া সর্বদাই নাম পুরুষের হয়। যেমন- আমার যাওয়া হলো না। কোথা থেকে আসা হলো? এখানে 'যাওয়া' ও 'আসা' হলো ক্রিয়া-বিশেষ্য।

- ভাববাচ্যের কর্তায় ষষ্ঠী, দ্বিতীয়া অথবা তৃতীয়া বিভক্তি প্রযুক্ত হয়। যেমন-
  আমার (কর্তায় ষষ্ঠী) যাওয়া হবে না। (নাম পুরুষের ক্রিয়া)
  তোমাদের (কর্তায় ষষ্ঠী) কখন আসা হলো?
  আমাকে (কর্তায় দ্বিতীয়া) ভাত দেওয়া হয়নি। (নাম পুরুষের ক্রিয়া)
  তোমার দ্বারা (কর্তায় তৃতীয়া) এ কাজ হবে না। (নাম পুরুষের ক্রিয়া)
  বাবার (কর্তায় ষষ্ঠী) শরীর খারাপ, শোওয়া হয়নি।
- কখনো কখনো ভাববাচ্যে কর্তা উহ্য থাকে, কর্ম দ্বারাই ভাববাচ্য গঠিত হয়। যেমন-
  এখন যাওয়া যায়। এ বার ট্রেনে ওঠা যাক।
  কোথায় থাকা হয়? কোথা থেকে আসা হচ্ছে?
  ডিঙি টেনে বের করতে হবে।
- মূল ক্রিয়ার সঙ্গে সহযোগী ক্রিয়ার সংযোগ ও বিভিন্ন অর্থে ভাববাচ্যের ক্রিয়া গঠিত হয়। যেমন-
  এ রাস্তা আমার চে া নাই। এ ব্যাপারে আমাকে দায়ী করা চলে না।

কর্মকর্তৃবাচ্য : যে বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয় হয়ে বাক্য গঠন করে, তাকে কর্মকর্তৃবাচ্য বলে। যেমন- বাঁশি বাজে ওই দূরে। সুতি কাপড় অনেক দিন টেকে। কাজটা ভাল দেখায় না। চাঁদ দেখা যাচ্ছে। এ পোশাকটি মানায়নি।

বাচ্য পরিবর্তন

বাচ্যের পরিবর্তন সত্ত্বেও বাক্যের অর্থ অপরিবর্তিত থাকে। বাচ্য পরিবর্তনে ক্রিয়ার ভাব (Mood), ক্রিয়ার কাল এবং বাক্যের (সরল, যৌগিক বা জটিল) প্রকারের পরিবর্তন হয় না।

কর্তৃবাচ্য	কর্মবাচ্য
আমি বই পড়েছি।	আমার বই পড়া হয়েছে।
বিদ্বানকে সকলেই আদর করে।	বিদ্বান সকলের দ্বারা আদৃত হন।
খোদাতায়ালা বিশ্বজগৎ সৃষ্টি করেছেন।	বিশ্বজগৎ খোদাতায়ালা কর্তৃক সৃষ্ট হয়েছে।
জাহানারা ইমাম একাত্তরের দিনগুলি রচনা করেছেন।	জাহানারা ইমাম কর্তৃক একাত্তরের দিনগুলি রচিত হয়েছে।
তারা বাড়িটি তৈরি করেছে।	তাদের দ্বারা বাড়িটি তৈরি হয়েছে।

কর্মবাচ্য	কর্তৃবাচ্য
প্রধান শিক্ষক কর্তৃক জাতীয় পতাকা উত্তোলিত হয়েছে।	প্রধান শিক্ষক জাতীয় পতাকা উত্তোলন করেছেন।
আমাদের কঠোর পরিশ্রম করতে হয়।	আমরা কঠোর পরিশ্রম করি।

কর্তৃবাচ্য	ভাববাচ্য
তুমি বেড়ালে।	তোমার বেড়ানো হলো।
তুমিই ঢাকা যাবে।	তোমাকেই ঢাকা যেতে হবে।
তোমরা কখন এলে?	তোমাদের কখন আসা হল?
তুমি কখন এলে?	কখন আসা হলো?
ওখানে কেন গেলে?	ওখানে কেন যাওয়া হলো?

ভাববাচ্য থেকে কর্তৃবাচ্য

ভাববাচ্য	কর্তৃবাচ্য
তোমাকে হাঁটতে হবে।	তুমি হাঁটবে।
তার যেন আসা হয়।	সে যেন আসে।
একটু বাইরে বেড়িয়ে আসা যাক।	একটু বাইরে বেড়িয়ে আসি।
ভাববাচ্য	কর্তৃবাচ্য
এবার মাছ ধরা যাক।	এবার মাছ ধরি।
একটি গান করা হউক	একটি গান কর।
এবার বাঁশিটা বাজানো হোক।	এবার বাঁশিটা বাজাও।

* কর্মবাচ্যের ক্রিয়াপদ সকর্মক এবং ভাববাচ্যের ক্রিয়াপদ অকর্মক - তাই তাদের মধ্যে রূপান্তর সম্ভব নয়।

MCQ Solution

১. **বাচ্য প্রধানত কয় প্রকার?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ ৩ প্রকার ⓚh ৫ প্রকার
(ক) ৩ প্রকার (খ) ৫ প্রকার
(গ) ৪ প্রকার (ঘ) ৬ প্রকার **উত্তর:** ক

২. **কর্মবাচ্যে কর্তার কোন বিভক্তি হয়?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
(ক) দ্বিতীয়া (খ) তৃতীয়া
(গ) ষষ্ঠী (ঘ) প্রথমা **উত্তর:** খ

৩. **কর্মবাচ্যের উদাহরণ কোনটি?** [৭ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১২]
(ক) তা, আপনার কী করা হয়
(খ) দূর থেকে পাহাড় নিচু মনে হয়
(গ) কেমন শীত শীত করছে
(ঘ) আসামিকে জরিমানা করা হয়েছে **উত্তর:** ঘ

৪. **যে বাচ্যের কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কোন বাচ্য বলে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৮]
(ক) কর্ম-কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য
(গ) ভাববাচ্য (ঘ) কর্তৃবাচ্য **উত্তর:** গ

৫. **নিচের কোন বাক্যটি ভাববাচ্যের?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৯]
(ক) আমি ভাত খেয়েছি
(খ) আমার ভাত খাওয়া হয়েছে
(গ) আমাকে ভাত দেওয়া হয়নি
(ঘ) তোরা সব ভাতের যোগাড় কর **উত্তর:** গ

৬. **কোনটি ভাববাচ্যের উদাহরণ?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২০-২১]
(ক) এখন যাওয়া যায় (খ) বসন্তে কোকিল ডাকে
(গ) বইটি পড়া হয়েছে (ঘ) আমি অপেক্ষা করব **উত্তর:** ক

৭. **'তার যেন সেখানে যাওয়া হয়' - বাক্যটি কোন বাচ্য?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর : ২১]
(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য
(গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য **উত্তর:** গ

৮. **'কোথায় থাকা হয়?' এটি কোন বাচ্যের উদাহরণ?** [বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অফিস সহায়ক : ২১]
(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য
(গ) ভাববাচ্য (ঘ) ক্রিয়া বাচ্য **উত্তর:** গ

৯. **"তোমাকেই ঢাকা যেতে হবে"- কোন ধরনের বাচ্য?** [কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস এর অডিটর : ২২]
(ক) কর্তৃবাচ্য (খ) সম্বন্ধ-কর্তা ভাববাচ্য
(গ) ভাববাচ্য (ঘ) কর্মবাচ্য **উত্তর:** গ

১০. **'তোমাকে হাঁটতে হবে' কোন বাচ্যের উদাহরণ?** [সমন্বিত ৩ (তিন) ব্যাংক এর সহকারী ইঞ্জিনিয়ার : ২০]
(ক) কর্তৃবাচ্য (খ) ভাববাচ্য
(গ) কর্মকর্তৃবাচ্য (ঘ) কর্মবাচ্য **উত্তর:** খ

১১. **'ডিঙি টেনে বের করতে হবে।'- কোন ধরনের বাক্যের উদাহরণ?** [৪১তম বিসিএস]
(ক) কর্মবাচ্য (খ) ভাববাচ্য
(গ) যৌগিক (ঘ) কর্মকর্তৃবাচ্য **উত্তর:** খ

১২. **নিচের কোনটি ভাব বাচ্যের উদাহরণ?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৯]
(ক) আমি আর গেলাম না
(খ) এবার মাছ ধরা যাক
(গ) আম বোধ হয় পেঁকেছে
(ঘ) কুকুর লোকটিকে কামড়ালো **উত্তর:** খ

১৩. **কোন বাক্যে ভাববাচ্যের কর্তার উদাহরণ দেওয়া হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
(ক) সে গ্রামে যাবে
(খ) ছুটি হলে ঘণ্টা বাজে
(গ) তাকে গ্রামে যেতে হবে
(ঘ) আমার যাওয়া হবে না **উত্তর:** ঘ

১৪. **'বাঁশি বাজে ওই দূরে' – কোন বাচ্যের উদাহরণ?** [বাংলাদেশ বেতারের সহ-সম্পাদক : ১৯]
(ক) ভাববাচ্যের (খ) কর্তৃবাচ্যের
(গ) কর্মকর্তৃবাচ্যের (ঘ) কর্মবাচ্যের **উত্তর:** গ

১৫. **'চাঁদ দেখা যাচ্ছে' এই বাক্যে কোন বাচ্যের প্রয়োগ ঘটেছে?** [সমবায় অধিদপ্তরে ২য় শ্রেণির গেজেটেড অফিসার ৯৭]
(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য
(গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য **উত্তর:** ঘ

১৬. 'এ পোশাকটি মানায়নি।' এই বাক্যটি ... উদাহরণ। [সোনালী ব্যাংক লি. (সিনিয়র অফিসার) : ১৮]

ⓚ কর্মবাচ্যের ⓚ ভাববাচ্যের
ⓖ কর্মকর্তৃবাচ্যের ⓖ কর্তৃবাচ্যের **উত্তর:** গ

১৭. 'সে আসুক' – এটি কোন বাচ্য? [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩]

ক) কর্তৃব্যবাচ্য খ) কর্মবাচ্য
গ) ভাববাচ্য ঘ) কর্ম-কর্তৃবাচ্য **উত্তর:** গ

১৮. 'তোমার কখন আসা হলো'– এটি কোন বাচ্যের উদাহরণ? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা পরিদর্শক : ১১]

ক) ভাববাচ্য খ) কর্মবাচ্য
গ) কর্তৃবাচ্য **উত্তর:** ক

১৯. 'বাবার শরীর খারাপ, শোওয়া হয়নি।' - কোন বাচ্য? [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার : ১৫]

ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য
গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য **উত্তর:** গ

২০. কাজটা ভালো দেখায় না- এটি কোন বাচ্যের উদাহরণ? [বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]

ক) কর্মকর্তৃবাচ্য খ) কর্তৃবাচ্য
গ) ভাববাচ্য ঘ) কর্মবাচ্য **উত্তর:** ক

২১. 'সুতি কাপড় অনেক দিন টেকে' কোন বাচ্য? [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২১]

ক) কর্তৃবাচ্য খ) কর্মকর্তৃবাচ্য
গ) ভাববাচ্য ঘ) কর্মবাচ্য **উত্তর:** খ

২২. "আমার বই পড়া হয়েছে"– বাক্যটির কর্তৃবাচ্য রূপ হচ্ছে- [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ০৭]

ক) আমি বই পড়ছি খ) আমরা বই পড়েছি
গ) আমি বই পড়তে যাচ্ছি ঘ) আমি বই পড়েছি **উত্তর:** ঘ

২৩. 'তুমি বেড়ালে।' এ বাক্যের ভাববাচ্যে রূপান্তর- [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৫]

ক) তোমার বেড়ানো হলো খ) তোমার বেড়ানো শেষ
গ) তুমি বেড়িয়ে এলে ঘ) তোমা কর্তৃক বেড়ানো হলো
উত্তর: ক

উক্তি
Narration

উক্তি

বক্তার কথা উপস্থাপনের ধরনকে উক্তি বলে। উক্তি দুই প্রকার। যথা- প্রত্যক্ষ উক্তি ও পরোক্ষ উক্তি। যে বাক্যে বক্তার কথা অবিকল উদ্ধৃত হয়, তাকে প্রত্যক্ষ উক্তি এবং যে বাক্যে বক্তার উক্তি অন্যের জবানিতে রূপান্তরিতভাবে প্রকাশিত হয়, তাকে পরোক্ষ উক্তি বলে। যেমন-

প্রত্যক্ষ উক্তি : ছেলেটি বলেছিল, "আজ আমি অনেক পড়েছি।"
পরোক্ষ উক্তি : ছেলেটি বলেছিল যে, সেদিন সে অনেক পড়েছে।

উক্তি পরিবর্তন

প্রত্যক্ষ উক্তিতে বক্তার বক্তব্যটুকু উদ্ধরণ/ উদ্ধার চিহ্ন (" – ") অন্তর্ভুক্ত থাকে। প্রত্যক্ষ উক্তির যেখান থেকে উদ্ধার চিহ্ন শুরু হয় পরোক্ষ উক্তিতে সেখানে যোজক 'যে' বসে এবং উদ্ধার চিহ্ন লোপ পায়। । বাক্যের সঙ্গতি রক্ষার জন্য উক্তিতে ব্যবহৃত বক্তার পুরুষের পরিবর্তন করতে হয়। যেমন-

প্রত্যক্ষ উক্তি	নেতা বললেন, "আমি জনগণের মৌলিক অধিকার নিশ্চিত করতে চাই।"
পরোক্ষ উক্তি	নেতা বললেন যে, তিনি জনগণের মৌলিক অধিকার নিশ্চিত করতে চান।

বাক্যের অর্থ-সঙ্গতি রক্ষার জন্য সর্বনামের পরিবর্তন করতে হয়। যেমন-

প্রত্যক্ষ উক্তি	রাজীব বললো, "আমি বাগান করা পছন্দ করি।"
পরোক্ষ উক্তি	রাজীব বললো যে, সে বাগান করা পছন্দ করে।
প্রত্যক্ষ উক্তি	মিহির বললো, "আমার জানামতে সবুজ এ বাসায় থাকে।"
পরোক্ষ উক্তি	মিহির বললো যে, তার জানামতে সবুজ সে বাসায় থাকে।

পরোক্ষ উক্তিতে কর্তা অনুযায়ী ক্রিয়ারূপের পরিবর্তন করতে হয়। যেমন-

প্রত্যক্ষ উক্তি	লিপি বলল, "আমি এখনই বের হচ্ছি।"
পরোক্ষ উক্তি	লিপি বলল যে, সে তখনই বের হচ্ছে।

প্রত্যক্ষ উক্তিকে পরোক্ষ উক্তিতে পরিবর্তন করার সময়ে কালবাচক ও স্থানবাচক শব্দের পরিবর্তন হয়। যেমন-

প্রত্যক্ষ উক্তি	লোকটি বললেন, "আমি আগামীকাল এখানে আবার আসব।"
পরোক্ষ উক্তি	লোকটি বললেন যে, তিনি পরদিন সেখানে আবার আসবে।

প্রত্যক্ষ উক্তিতে কোনো চিরন্তন সত্যের উদ্ধৃতি থাকলে পরোক্ষ উক্তিতে ক্রিয়ার কালের কোনো পরিবর্তন হয় না। যেমন-

প্রত্যক্ষ উক্তি	শিক্ষক বললেন, "চাঁদ পৃথিবীকে প্রদক্ষিণ করে।"
পরোক্ষ উক্তি	শিক্ষক বললেন যে, চাঁদ পৃথিবীকে প্রদক্ষিণ করে।

প্রত্যক্ষ উক্তির বাক্যের সর্বনাম এবং কালসূচক শব্দের পরোক্ষ উক্তিতে নিম্নলিখিত পরিবর্তন সংঘটিত হয়। যেমন-

প্রত্যক্ষ	পরোক্ষ	প্রত্যক্ষ	পরোক্ষ
এই	সেই	আগামীকাল	পরদিন
এখানে	সেখানে	ইহা	তাহা
গতকাল	আগেরদিন	এখন	তখন
এ	সে	গতকল্য	পূর্বদিন
আজ	সেদিন	ওখানে	ঔখানে

প্রশ্নবোধক, অনুজ্ঞাসূচক, আবেগসূচক ও প্রার্থনাসূচক প্রত্যক্ষ উক্তিকে পরোক্ষ উক্তিতে পরিবর্তন করতে হলে প্রধান খণ্ডবাক্যের ক্রিয়াকে ভাব অনুসারে পরিবর্তন করতে হয়। যেমন-

প্রশ্নবোধক বাক্য	
প্রত্যক্ষ উক্তি	মা আমাকে বললেন, "তোমাদের স্কুলে গ্রীষ্মের ছুটি হবে কবে?"
পরোক্ষ উক্তি	মা আমার কাছে জানতে চাইলেন কবে আমাদের স্কুলে গ্রীষ্মের ছুটি হবে।
অনুজ্ঞাসূচক বাক্য	
প্রত্যক্ষ উক্তি	লোকটি আমাকে বললেন, "অনুগ্রহ করে আপনি সামনের আসনে বসুন।"
পরোক্ষ উক্তি	লোকটি আমাকে সামনের আসনে বসতে অনুরোধ করলেন।
আবেগসূচক বাক্য	
প্রত্যক্ষ উক্তি	ছেলেটি বলে উঠলো, "বাহ! কী সুন্দর বাড়ি।"
পরোক্ষ উক্তি	ছেলেটি আনন্দের সঙ্গে বললো যে, বাড়িটি খুব সুন্দর।

প্রার্থনাসূচক বাক্য	
প্রত্যক্ষ উক্তি	বাবা ছেলেকে বললেন, 'তুমি দীর্ঘজীবী হও'।
পরোক্ষ উক্তি	বাবা ছেলের দীর্ঘায়ু কামনা করলেন।

MCQ Solution

১. **'তিনি বললেন যে, বইটা তার দরকার' বাক্যটি কিসের উদাহরণ?** [ডাক বিভাগের অফিস সহায়ক (খুলনা অঞ্চল) : ২২]

ⓚ প্রত্যক্ষ উক্তির ⓚ কর্মবাচ্যের
ⓖ কর্তৃবাচ্যের ⓖ পরোক্ষ উক্তির **উত্তর:** ঘ

২. **পরোক্ষ উক্তি কোনটি?** [স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীনে এলজিইডি'র সহকারী প্রকৌশলী : ০৫]

ⓚ এখন ⓚ আজগে
ⓖ এস ⓖ তখন **উত্তর:** ঘ

৩. **'বাবা ছেলের দীর্ঘায়ু কামনা করলেন' - এই পরোক্ষ উক্তির প্রত্যক্ষরূপ হবে:** [৪১তম বিসিএস]

ⓚ বাবা ছেলেকে বললেন, বাবা তুমি দীর্ঘজীবী হও
ⓚ বাবা ছেলেকে বললেন যে, তোমার দীর্ঘায়ু হোক
ⓖ বাবা ছেলেকে বললেন, 'তুমি দীর্ঘজীবী হও'
ⓖ বাবা ছেলেকে বললেন যে, আমি তোমার দীর্ঘায়ু কামনা করি

উত্তর: গ

৪. **কোন ক্ষেত্রে পরোক্ষ উক্তির ক্রিয়ার কাল অপরিবর্তিত থাকে?** [উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৪]

ⓚ চিরন্তন সত্য
ⓚ অনুজ্ঞা ভাব
ⓖ আবেগ প্রকাশ
ⓖ প্রশ্ন জিজ্ঞাসা **উত্তর:** ক

অভিধান
Dictionary

অভিধান

অভিধান বলতে শব্দের সংগ্রহ-জাতীয় গ্রন্থকে বোঝায়। একটি ভাষিক সম্প্রদায় তাদের মুখের ও লিখিত ভাষায় যেসব শব্দ ব্যবহার করে সেইসব শব্দ অভিধানে ভুক্তি দেওয়ার নিয়ম। কিন্তু সব সময় তা সম্ভব হয় না। অভিধানে প্রতিটি শব্দের বিস্তৃত পরিচয় লেখা থাকে। যেমন- শব্দটির উৎস কী, কীভাবে তা তৈরি হয়েছে, এর প্রাচীন ও বর্তমান ব্যবহার কেমন, এর উচ্চারণ কেমন, শব্দটি বিশেষ্য না বিশেষণ বা অন্য কোনো শ্রেণির ইত্যাদি। অভিধান বানান শেখার জন্য বিশ্বস্ত গ্রন্থ।

বাংলা অভিধান

বাংলা ভাষার অভিধান রচনার প্রথম চেষ্টা করেন খ্রিষ্টান মিশনারি মানুএল দা আসসুম্পসাঁউ। তাঁর রচিত বাংলা-পোর্তুগিজ ভাষার শব্দকোষ (Vocabulario em idioma Bengala e Portugez) গ্রন্থটি ১৭৪৩ খ্রিষ্টাব্দে পর্তুগালের রাজধানী লিসবন (Lisbon) থেকে প্রকাশিত হয়। কিন্তু ১৮১৭ খ্রিষ্টাব্দে প্রকাশিত রামচন্দ্র বিদ্যাবাগীশ প্রণীত বঙ্গভাষাভিধান-কে প্রথম বাংলা অভিধান হিসেবে গ্রহণ করা হয়। বাংলাদেশে অভিধান প্রণয়নে বাংলা একাডমির অবদান গুরুত্বপূর্ণ। একাডেমি থেকে বাংলা ভাষার অভিধান ছাড়াও বেশ কিছু বিশেষায়িত অভিধান; যেমন- বানান অভিধান, উচ্চারণ অভিধান, বিজ্ঞান অভিধান, ঐতিহাসিক অভিধান, বাংলা-ইংরেজি দ্বিভাষিক অভিধান ইত্যাদি প্রকাশিত হয়েছে।

অভিধানে শব্দভুক্তির নিয়ম : বর্ণানুক্রমিক শব্দ সাজানো

অভিধানে শব্দ সাজানোকে বলা হয় ভুক্তি (Entry)। সব ভাষার অভিধানেই শব্দের এ-ভুক্তি নির্দিষ্ট ভাষার বর্ণক্রম অনুসারে হয়। বাংলায় ১১টি স্বরবর্ণ এবং ৩৯টি ব্যঞ্জনবর্ণ রয়েছে। যেমন-

স্বরবর্ণ : অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ

ব্যঞ্জনবর্ণ : ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ঢ ণ ত থ দ ধ ন প ফ ব ভ ম য র ল শ ষ স হ ড় ঢ় য় ৎ ং ঃ ঁ।

অভিধানে এ ই ক্রম ঠিক এভাবে অনুসরণ করা হয়নি। সামান্য কিছু বৈচিত্র্য এক্ষেত্রে রয়েছে। বাংলা অভিধানে গৃহীত বর্ণানুক্রম নিম্নরূপ :

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ ং ঃ ঁ;

ক ক্ষ খ গ ঘ ঙ; চ ছ জ ঝ ঞ; ট ঠ ড ড় ঢ ঢ় ণ; ত থ দ ধ ন; প ফ ব ভ ম; য (য়) র ল শ ষ স হ।

ইল্লেখ্য যে, ং ঃ ঁ স্বরবর্ণের পরে ও ব্যঞ্জনবর্ণের আগে ব্যবহৃত হয়। আর 'ক্ষ' যুক্তবর্ণ হলেও অভিধানে ক-বর্ণের পরে বর্ণরূপে প্রয়োগ হয়।

যুক্তক্ষরের বর্ণানুক্রম :

ক্ক ক্ট ক্ত ক্ষ ক্স গ্ন ঘ্ন ঙ্ক ঙ্ক্ষ ঙ্খ ঙ্গ ঙ্ঘ ঙ্ম চ্চ চ্ছ জ্জ জ্ঝ জ্ঞ ঞ্চ ঞ্ছ ঞ্জ ট্ট ড্ড ণ্ট ণ্ঠ ণ্ড ণ্ট ণ্ন ত্ত ত্থ দ্গ দ্দ ধ্ব ন্ট ন্ঠ ন্ড ন্ত ন্থ ন্দ ন্ধ ন্ন ন্ম প্ট প্ত প্ল প্স ব্জ ব্দ ব্ধ ম্প ম্ফ ম্ব ম্ভ ম্ম ল্ক ল্গ ল্ট ল্ড ল্ম ল্ল শ্চ ষ্ক ষ্ট ষ্ঠ ষ্ণ ষ্প ষ্ফ ষ্ম স্ক স্ট স্ত স্থ স্প স্ফ হ্ন হ্ব হ্ম।

কার চিহ্ন : া ি ী ু ূ ৃ ে ৈ ো ৌ।

ফলা চিহ্ন : ´ ্য ্র।

অভিধান	সম্পাদক
প্রথম বাংলা থিসরাস বা সমার্থক শব্দ অভিধান	মুহাম্মদ হাবিবুর রহমান
বঙ্গীয় শব্দকোষ	হরিচরণ বন্দ্যোপাধ্যায়
চলন্তিকা	রাজশেখর বসু
ব্যবহারিক শব্দকোষ	কাজী আবদুল ওদুদ
বাংলা একাডেমি থেকে প্রকাশিত	
বাংলা একাডেমি সংক্ষিপ্ত বাংলা অভিধান	আহমদ শরীফ
বাংলা একাডেমি ইংরেজি-বাংলা অভিধান	জিল্লুর রহমান সিদ্দিকী
সমকালীন বাংলা ভাষার অভিধান	আবু ইসহাক

MCQ Solution

১. **বাংলা ভাষার অভিধান প্রথম কে রচনা করেন?** [রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ২১]

ক) উইলিয়াম কেরী
খ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ) ড. মুহম্মদ শহীদুল্লাহ
ঘ) ফাদার মানুএল **উত্তর:** ঘ

২. **বাংলা ভাষায় প্রথম অভিধান সংকলন করেন কে?** [৪১তম বিসিএস]

ক) রাজশেখর বসু
খ) রামচন্দ্র বিদ্যাবাগীশ
গ) অশোক মুখোপাধ্যায়
ঘ) হরিচরণ দে **উত্তর:** খ

৩. **প্রথম বাংলা 'থিসরাস' বা সমার্থক শব্দের অভিধান সংকলন করেন-** [২৩তম বিসিএস]

ক) মুহম্মদ শহীদুল্লাহ
খ) মুহাম্মদ হাবিবুর রহমান
গ) অশোক মুখোপাধ্যায়
ঘ) জগন্নাথ চক্রবর্তী **উত্তর:** খ

৪. **বঙ্গীয় শব্দকোষ-এর প্রণেতা** - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ জ্ঞানেন্দ্রমোহন দাস ⓚ হরিচরণ বন্দ্যোপাধ্যায়
ⓖ মুহম্মদ এনামুল হক ⓖ মুহম্মদ শহীদুল্লাহ **উত্তর:** খ

৫. **'বাংলা একাডেমি সংক্ষিপ্ত বাংলা অভিধান' এর সম্পাদক কে?** [২২তম বিসিএস]
ⓚ মুহম্মদ শহীদুল্লাহ ⓚ মুহম্মদ আবদুল হাই
ⓖ মুহম্মদ এনামুল হক ⓖ আহমদ শরীফ **উত্তর:** ঘ

৬. **বাংলা একাডেমি ইংরেজি-বাংলা অভিধানের প্রধান সম্পাদক কে?** [বিদ্যুৎ জ্বালানী ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক : ০৩]
ⓚ ড. আনিসুজ্জামান ⓚ জিল্লুর রহমান সিদ্দিকী
ⓖ নরেন বিশ্বাস ⓖ আবু ইসহাক **উত্তর:** খ

৭. **বাংলা ভাষায় বহুল প্রচলিত অভিধান 'চলন্তিকা' এর প্রণেতা কে?** [পায়রা বন্দর কর্তৃপক্ষের বিভিন্ন পদ : ২০]
ⓚ কাজী আবদুল ওদুদ
ⓚ হরিচরণ বন্দ্যোপাধ্যায়
ⓖ রাজশেখর বসু
ⓖ সুবলচন্দ্র মিত্র **উত্তর:** গ

৮. **অভিধানে কোন শব্দটি আগে আসবে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮]
ⓚ চাঁপা ⓚ চানা
ⓖ চালা ⓖ চাঁটি **উত্তর:** ঘ

৯. **আভিধানিকভাবে সাজানো শব্দত্রয়-** [ঢাবি (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ অমেয়, অমৃত, অম্বল
ⓖ নরম, নারিকেল, নালা
ⓖ চলতি, চর্চা, চাকু
ⓖ পাঁচ, পঁচিশ, পঁচাশি **উত্তর:** খ

১০. **আভিধানিক ক্রম অনুসারে সজ্জিত শব্দগুচ্ছ-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২০-২১]
ⓚ নদী, সাগর, বন ⓚ ফুল, ফল, পাখি
ⓖ আলো, মাটি, বায়ু ⓖ চাঁদ, তারা, সূর্য **উত্তর:** ঘ

১১. **বাংলা একাডেমি অভিধান অনুযায়ী নিচের কোন বর্ণানুক্রমটি সঠিক?** [জাবি (এফ ইউনিট) : ১২-১৩]
ⓚ পাওয়া, গাং, গাঁ, গাঙ্গ
ⓚ গাং, পাওয়া, গাঁ, গাঙ্গ
ⓖ গাং, গাঁ, গাঙ্গ, পাওয়া
ⓖ গাং, গাঁ, পাওয়া, গাঙ্গ **উত্তর:** গ

১২. **বাংলা একাডেমির অভিধান অনুযায়ী নিচের কোন বর্ণানুক্রমটি সঠিক?** [জাবি (এফ ইউনিট) : ১২-১৩]
ⓚ জ্বর, জৈব, জোঁক, জ্ঞাত
ⓚ জোঁক, জ্ঞাত, জৈব, জ্বর
ⓖ জ্ঞাত, জৈব, জোঁক, জ্বর
ⓖ জৈব, জোঁক, জ্ঞাত, জ্বর **উত্তর:** ঘ

১৩. **নিম্নের কোন গুচ্ছের শব্দগুলো বর্ণনানুক্রমিকভাবে সাজানো রয়েছে?** [৪৪তম বিসিএস]
ⓚ নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়, নিষ্ক্রিয়, নিসর্গ
ⓚ নিদর্শন, নিম্নোক্ত, নিরাময়, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ
ⓖ নিষ্ক্রিয়, নিসর্গ, নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়,
ⓖ নিদর্শন, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসগ, নিম্নোক্ত, নিরাময়,
উত্তর: খ

১৪. **নিচের কোন শব্দগুচ্ছ বর্ণানুক্রমিকভাবে সাজানো রয়েছে?** [৪৩তম বিসিএস মানসিক দক্ষতা (লিখিত)]
ⓚ কৌতূহল, খ্যাতনামা, ক্ষীয়মাণ, জিগমিষা, জিজ্ঞাস্য, জিঞ্জির
ⓚ কৌতূহল, ক্ষীয়মাণ, খ্যাতনামা, জিগমিষা, জিজ্ঞাস্য, জিঞ্জির
ⓖ কৌতূহল, ক্ষীয়মাণ, খ্যাতনামা, জিজ্ঞাস্য, জিগমিষা, জিঞ্জির
ⓖ কৌতূহল, ক্ষীয়মাণ, খ্যাতনামা, জিগমিষা, জিঞ্জির, জিজ্ঞাস্য
উত্তর: খ

১৫. **অভিধানে 'ক্ষ' বর্ণ কোথায় থাকে?** [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৭]
ⓚ খ- বর্ণের সঙ্গে ⓚ হ- বর্ণের সঙ্গে
ⓖ ষ- বর্ণের সঙ্গে ⓖ ক- বর্ণের সঙ্গে **উত্তর:** ঘ

বাগর্থের শ্রেণি

ভাষা ব্যবহারের প্রধান উদ্দেশ্য মনের ভাব প্রকাশ করা। মনের ভাব প্রকাশ করতে মানুষ শব্দ ও শব্দগুচ্ছ ব্যবহার করে। এগুলোর অর্থই মূলত বক্তা ও শ্রোতার মধ্যে সংযোগ ঘটায়। শব্দের বৈচিত্র্যময় অর্থকে বাগর্থ বলে।

অর্থের শ্রেণিবিভাগ-

শব্দের অর্থ অন্তত দুই রকমের। কোথাও শব্দের গাঠনিক উপাদানগুলোর অর্থ প্রাধান্য পায়, আবার কোথাও গাঠনিক অর্থ ছাপিয়ে শব্দের ভিন্ন অর্থ তৈরি হয়। এই দুই ধরনের অর্থের নাম- বাচ্যার্থ ও লক্ষ্যার্থ।

বাচ্যার্থ: একটি শব্দ শোনার সঙ্গে সঙ্গে আমাদের মনে যে ছবি বা বোধ জেগে ওঠে, সেটাই শব্দটির বাচ্যার্থ। অভিধানে অর্থ গ্রহণের বেলায় শব্দের বাচ্যার্থকে প্রাধান্য দেওয়া হয়। 'মাথা' শব্দটি শোনার সঙ্গে সঙ্গে শরীরের উর্ধ্বাঙ্গের যে ছবি মনে ভেসে উঠে, তা-ই 'মাথা' শব্দের বাচ্যার্থ। বাচ্যার্থ হলো শব্দের মুখ্য অর্থ। এই অর্থকে আক্ষরিক অর্থও বলা হয়ে থাকে।

লক্ষ্যার্থ: বক্তা তার উদ্দেশ্য অনুযায়ী বাচ্যার্থকে উপেক্ষা করে শব্দের আলাদা অর্থ তৈরি করে নিতে পারে। এই আলাদা অর্থের নাম লক্ষ্যার্থ। যেমন: 'তিনি গ্রামের মাথা' - এখানে 'মাথা' শব্দ শোনার পরে শ্রোতার মনে শরীরের উর্ধ্বাঙ্গের কোনো ছবি ভেসে ওঠে না, মাননীয় কোনো ব্যক্তির ছবি ভেসে ওঠে। লক্ষ্যার্থকে গৌণার্থ বা লাক্ষণিক অর্থ বলা হয়ে থাকে।

শব্দের অর্থ পরিবর্তন

ভাষার স্বাভাবিক বিবর্তন প্রক্রিয়ায় শব্দের অর্থ কখনো প্রসারিত হয়, কখনো সংকুচিত হয়; কখনো অর্থের উন্নতি ঘটে, কখনো অবনতি ঘটে; আবার শব্দ কখনো সম্পূর্ণ ভিন্ন অর্থ গ্রহণ করে। অর্থের এসব পরিবর্তন প্রক্রিয়াকে নিম্নোক্ত ভাগে ভাগ করা যেতে পারে।

অর্থপ্রসার: একটি শব্দ পূর্বে যে অর্থ প্রকাশ করতো, তার থেকে আরো ব্যাপক অর্থ প্রকাশ করলে বুঝতে হয় অর্থপ্রসার ঘটেছে। যেমন- 'অঞ্চল' শব্দের মূল অর্থ শাড়ির পাড়। অঞ্চল থেকে উদ্ভূত আঁচল শব্দটি এখনও তা নির্দেশ করে। তবে অঞ্চল শব্দটি এখন শাড়ির পাড় নির্দেশের পাশাপাশি এলাকা অর্থে ব্যবহৃত হয়। একইভাবে 'বর্ষ' শব্দের পূর্ববর্তী অর্থ বর্ষাকাল, প্রসারিত অর্থ 'বছর' (ছয় ঋতু সংবলিত)।

অর্থসংকোচ: অর্থসংকোচের ফলে একটি শব্দের পূর্ববর্তী অর্থের ব্যাপ্তি কমে। যেমন- এক সময়ে 'মৃগ' শব্দের দ্বারা সকল পশুকে বোঝানো হতো। এর উদাহরণ পাওয়া যায় 'মৃগয়া', 'মৃগরাজ' প্রভৃতি শব্দের অর্থে। শব্দ দুটির অর্থ যথাক্রমে পশুশিকার ও পশুদের রাজা। কিন্তু অর্থ সংকোচনের ফলে 'মৃগ'র অর্থ দাঁড়িয়েছে কেবল হরিণ। আবার এক সময়ে 'অন্ন' বলতে বোঝানো হতো যে-কোনো খাদ্য (মিষ্টান্ন, পলান্ন)। কিন্তু এখন 'অন্ন' বলতে বোঝানো হয় ভাত।

অর্থের উন্নতি: একটি শব্দের অর্থ আগের চেয়ে ভালো অর্থ ধারণ করতে পারে। অর্থের এরূপ পরিবর্তনকে বলা হয় অর্থের উন্নতি। যেমন- 'অপরূপ' শব্দটি পূর্বে নির্দেশ করত শ্রীহীনতাকে, এখন এটি অনির্বচনীয় সৌন্দর্যকে নির্দেশ করে। কিংবা 'সাহস' শব্দের পূর্বতন অর্থ চুরি, ডাকাতি প্রভৃতি কাজ কিন্তু বর্তমান অর্থ নির্ভীকতা, ঝুঁকিপূর্ণ কাজে উদ্যম।

অর্থের অবনতি: ইতিবাচক অর্থের শব্দ নেতিবাচক অর্থে ব্যবহৃত হওয়াকে অর্থের অবনতি বলে। যেমন, দ্বন্দ্ব শব্দের অর্থ ছিল মিলন (দ্বন্দ্ব সমাস), এখন এর অর্থ বিরোধ। কিংবা 'জেঠামি' শব্দটি জেটা-সংশ্লিষ্ট হয়ে সম্মানিত বোঝাতে পারত। কিন্তু তা ব্যবহৃত হয় 'পাকামি' অর্থে বা হেয়-অর্থে 'জ্যাঠার ভাব' বোঝাতে। বাংলাদেশ 'রাজাকার' শব্দটি এভাবে নেতিবাচক অর্থ লাভ করেছে।

অর্থ-বদল: অর্থের সংকোচন ও প্রসারণের ফলে কখনো শব্দের অর্থটি এমন দূরবর্তী হয়ে ওঠে যে, তা থেকে শব্দটির মূল অর্থ উদ্‌ঘাটন করা কঠিন হয়ে পড়ে। 'পাষণ্ড' শব্দের অর্থ ছিল ধর্মসম্প্রদায়। তবে পরিবর্তিত হয়ে এর অর্থ দাঁড়িয়েছে ধর্মদ্রোহী উৎপীড়ক কিংবা নিষ্ঠুর। আবার 'গবাক্ষ' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ গরুর চোখ। এখন 'গবাক্ষ' শব্দের অর্থ হয়েছে জানালা।

বাক্যে অর্থ পরিবর্তন

শব্দের অর্থগত পরিবর্তন কেবল রূপমূলের অর্থের মধ্যে সীমিত থাকে না। বাক্যে প্রয়োগভেদে শব্দের নানারকম অর্থ-বৈচিত্র তৈরি হতে পারে। তাছাড়া এমনিতেও একটি শব্দের দ্বি-অর্থবাচকতা বা বহু- অর্থবাচকতা থাকতে পারে। এমনকি বাকভঙ্গির কারণে অর্থ-ভিন্নতা পাওয়া যায়। যেমন-

মাথা			
প্রদত্ত শব্দ	অর্থ	প্রদত্ত শব্দ	অর্থ
মাথা ব্যথা	আগ্রহ	মাথা ঘামানো	ভাবনা করা
মাথা ধরা	রোগ বিশেষ	মাথাপিছু	জনপ্রতি
মাথা কাটা যাওয়া	সম্মানহানী	মাথা গরম করা	রাগান্বিত হওয়া
মাথা উঁচু করে চলা	গর্বভরে চলা	রাগের মাথায়	হঠাৎ ক্রোধবশত
মাথা হেঁট করা	লজ্জায় মাথা নিচু করা	রাস্তার মাথায়	মিলন স্থলে
মাথা দেওয়া	দায়িত্ব গ্রহণ	মাথার দিব্যি	শপথ

মাথা		
মাথায় হাত বুলানো	ফাঁকি দেওয়া	কার মাথায় হাত বুলিয়েছ।
মাথা খাটানো	বুদ্ধি খাটানো	মাথা খাঁটিয়ে কাজ করবে।
মাথা খাওয়া	সর্বনাশ করা	সে তোমার মাথা খেয়েছে।
মাথা খাওয়া	শপথ করা/ দিব্যি	মাথা খাও, ভুলিওনা খেও মনে করে।
গ্রামের মাথা	মোড়ল/ প্রধান	তিনি এ গ্রামের মাথা।

মুখ		
মুখ	শক্তি	যত বড় মুখ নয় তত বড় কথা।
	দিক	নদীটি উত্তরমুখে প্রবাহিত।
মুখ রক্ষা	সম্মান বাঁচানো	এ ছেলে বংশের মুখ রক্ষা করবে।
মুখ করা	গাল মন্দ করা	শুধু শুধু ছেলেটাকে মুখ করছ কেন?
মুখ ছুটা	গালিগালাজের আরম্ভ	এ বার গিন্নির মুখ ছুটেছে।
মুখ ধরা	মুখের স্বাদ নষ্ট হওয়া	টক খেয়ে মুখ ধরে আসছে।
মুখ তোলা	প্রসন্ন হওয়া	খোদা মুখ তুলে চাইলে অবশ্যই ব্যবসায়ে লাভ হবেই।
মুখ রাখা	সম্মান রাখা	টাকাটা ধার দিয়ে তুমি আমার মুখ রেখেছ।
মুখ চলা	ক্রমাগত বকা	কাজও করছে, মুখও চলছে।

নাক			
নাক কাটা	ক্ষতি স্বীকার	নাকে-মুখে	দ্রুততা
নাক সিটকানো	অবজ্ঞা করা		

হাত		
হাতযশ	নিপুণতা	ডাক্তার সাহেবের হাতযশ ভালো।
হাত আসা	দক্ষতা	কাজ করতে করতেই কাজে হাত আসবে।
হাতে আসা	আয়ত্ত হওয়া	গহনাটি এখনও হাতে আসেনি।
হাত করা	আয়ত্তে আনা/ পটানো	সাহেবকে হাত করতে পারলেই কাজ হবে।
হাত গুটান	কার্যে বিরতি	হাত গুটিয়ে বসে আছ কেন?
হাত ছাড়া	হস্তচ্যুত	টাকাগুলো হাত ছাড়া করো না।
হাত থাকা	কর্তৃত্ব	এই ব্যাপারে তোমার কোন হাত নেই।
হাতের পাঁচ	শেষ সম্বল	এ টাকা কটিই ছিল আমার হাতের পাঁচ।
হাতে হাতে	অবিলম্বে	এ কাজের হাতে হাতে ফল পাবেন।
হাতে খড়ি	শিক্ষার গুরু	এ মাসেই খোকার হাতে খড়ি হবে।
হাতে কলমে	কার্যকর ভাবে	হাতে-কলমে শিক্ষা কেতাবি শিক্ষার চেয়ে দীর্ঘস্থায়ী।
হাত পাতা	চাওয়া	কারো কাছে হাত পাততে নেই।

প্রদত্ত শব্দ	অর্থ	প্রদত্ত শব্দ	অর্থ
হাত চালাও	তাড়াতাড়ি করা	হাত কামড়ানো	আফসোস করা
হাত জুড়ানো	স্বস্তি লাভ করা	হাত-ভারি	কৃপণ
হাত ধুয়ে বসা	সাধু সাজা	হাতটান	চুরির অভ্যাস
হাত জোড়া থাকা	কর্মব্যস্ত থাকা		

পা		
পা চালানো	দ্রুত চলা	পা চালাও।
পায়ে ঠেলা	অবজ্ঞা	হাতের লক্ষ্মী পায়ে ঠেলো না।
পায়ে পড়া	ক্ষমা প্রার্থনা করা	কৃত অপরাধের জন্য ছাত্রটি শিক্ষকের পায়ে পড়ল।

কাঁচা			
কাঁচা আম	অপরিপক্ব আম	কাঁচা কথা	গুরুত্বহীন কথা
কাঁচা চুল	কালো চুল	কাঁচা বয়স	অপরিণত বয়স
কাঁচা লোক	আনাড়ী	কাঁচা কাজ	অনিপুণ ভাবে
কাঁচা ঘুম	সামান্য ক্ষণের ঘুম	কাঁচা খাতা	খসড়া
কাঁচা ইট	অদগ্ধ ইট	কাঁচা সোনা	নিখাদ স্বর্ণ
অঙ্কে কাঁচা	দুর্বল	কাঁচা হাত	অপক্ব

পাকা			
পাকা বাড়ি	ইটের বাড়ি	পাকা রং	স্থায়ী রং
পাকা কাজ	নিপুণ কাজ	পাকা আম	পক্ব
পাকা হাত	দক্ষ লেখক	পাকা কথা	শেষ সিদ্ধান্ত
পাকা রাঁধুনি	দক্ষ রাঁধুনি	পাকা বন্দোবস্ত	স্থায়ী ব্যবস্থা

বড়			
বড় মন	উদার	বড় ঘর	সম্ভ্রান্ত পরিবার
বড়লোক	ধনী	বড় মুখ/ গলা	গর্ব করে বলা

রোগ			
রোগ ধরা	রোগ নির্ণয়	রোগে ধরা	রোগাক্রান্ত হওয়া

MCQ Solution

১. **'মৃগয়া' শব্দের অর্থ-** [জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৯]
ⓚ হরিণ ⓦ বন্য পশুপাখি শিকার
ⓖ হরিণ শাবক ⓔ হরিণ শিকার **উত্তর:** ঘ

২. **কোনটির অর্থ পক্ব অর্থে প্রকাশ পায়?** [২৬তম বিসিএস/ বাংলাদেশ কৃষি ব্যাংক ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর : ১২]
ক পাকা বাড়ি খ পাকা রং
গ পাকা কাজ ঘ পাকা আম **উত্তর:** ঘ

৩. **নিচের কোন শব্দটি 'দক্ষ' অর্থে ব্যবহৃত হয়েছে?** [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১২]
ক পাকা আম খেতে মিষ্টি
খ ছেলেটি অঙ্কে পাকা
গ পাকা সোনায় খাদ থাকে না
ঘ শাড়িটির রং পাকা **উত্তর:** খ

৪. **'নিখাদ' অর্থে 'কাঁচা' শব্দের ব্যবহার কোনটি?** [পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী : ২১]
ক কাঁচা ইট খ কাঁচা চুল
গ কাঁচা কথা ঘ কাঁচা সোনা **উত্তর:** ঘ

৫. **নিচের কোনটি 'দুর্বল' অর্থের প্রকাশক?** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার (টেলার) : ১৫]
ক কাঁচা ঘুম খ কাঁচা বয়স
গ অঙ্কে কাঁচা ঘ কাঁচা রাস্তা **উত্তর:** গ

৬. **'কার মাথায় হাত বুলিয়েছ' এখানে 'মাথা' শব্দের অর্থ-** [২৪তম বিসিএস]
ক স্বভাব নষ্ট করা খ স্পর্ধা বাড়া
গ ফাঁকি দেওয়া ঘ কোনো উপায়ে **উত্তর:** গ

৭. **কোন বাক্যে 'মাথা' শব্দটি বুদ্ধি অর্থে ব্যবহৃত?** [১০ম বিসিএস/ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর মেডিকেল অফিসার : ২১]
ক তিনিই সমাজের মাথা
খ মাথা খাটিয়ে কাজ করবে
গ মাথা নেই তার মাথা ব্যথা
ঘ লজ্জায় আমার মাথা কাটা গেল **উত্তর:** খ

৮. **"সে তোমার মাথা খেয়েছে।" - এ বাক্যে খাওয়ার অর্থ কি?** [জাককানইবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ক সর্বনাশ করা
খ মস্তক কামড়ে খাওয়া
গ মাথায় আঘাত করা
ঘ পাগলামি করা **উত্তর:** ক

৯. **'তিনি এ গ্রামের মাথা।' এ বাক্যে 'মাথা' বলতে কি বুঝানো হয়েছে?** [দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো সহকারী পরিচালক : ০১]
ক মস্তক খ প্রধান
গ সাধু ঘ সৎ **উত্তর:** খ

১০. **'মাথা খাও, ভুলিওনা খেও মনে করে'- 'মাথা খাও' বলতে-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ২২]
ক মাথা খাওয়া খ মাথা ধরা
গ মাথার দিব্যি ঘ মাথা ব্যথা **উত্তর:** গ

১১. **'দায়িত্ব গ্রহণ' নিচের কোন বাগধারার অর্থে ব্যবহৃত হয়েছে?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উচ্চমান সহকারী : ২১]
ক মাথা দেওয়া খ মাথা ব্যথা
গ মাথা ঘামানো ঘ মাথা ধরা **উত্তর:** ক

১২. **কোন বাক্যে 'প্রান্ত' অর্থে 'মাথা' শব্দটি ব্যবহৃত হয়েছে?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ক রাস্তার চৌমাথায় সকলের আড্ডা
খ এ ব্যাপারে তার মাথাব্যথা কেন?
গ শ্রমিকের মাথায় মাথায় বস্তা
ঘ এ রাস্তার মাথায় পাবে হাসপাতাল **উত্তর:** ঘ

১৩. **নিচের কোন শব্দটি রোগ অর্থে ব্যবহৃত হয়েছে?** [৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১১]
ক মাথা ব্যথা খ মাথা ঘামান
গ মাথা ধরা ঘ মাথা দেয়া **উত্তর:** গ

১৪. **'মুখ তোলা' বাক্যাংশের অর্থ কী?** [দুর্নীতি দমন কমিশন (দুদক) এর উপ-সহকারী পরিচালক : ২০]
ক নিজের মুখ উপরে তোলা
খ অন্যের মুখ তুলে ধরা
গ নষ্ট করা
ঘ প্রসন্ন হওয়া **উত্তর:** ঘ

১৫. **"যত বড় মুখ নয় তত বড় কথা"- এখানে 'মুখ' বলতে কী বোঝাচ্ছে?** [২১তম বিসিএস]
ক অনুভূতি খ গালি
গ প্রত্যঙ্গ ঘ শক্তি **উত্তর:** ঘ

১৬. **'টাকাটা ধার দিয়ে তুমি আমার মুখ রেখেছ' এ বাক্যে 'মুখ' কি অর্থে ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২১/ খাদ্য অধিদপ্তরে খাদ্য পরিদর্শক : ০৯]
ক আধিপত্য খ সুনাম
গ মূল্য ঘ সম্মান **উত্তর:** ঘ

১৭. **'নদীটি উত্তরমুখে প্রবাহিত'- এখানে 'মুখ' কোন অর্থ প্রকাশ করে?** [সিজিএ এর অফিস সহায়ক : ২২]
ক তিরস্কার খ মর্যাদা
গ প্রতঙ্গ বিশেষ ঘ দিক **উত্তর:** ঘ

১৮. **'এ ছেলে বংশের মুখ রক্ষা করবে'-এর সঠিক অর্থ হলো?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২০-২১]
ক বংশবৃদ্ধি করবে খ বংশের অসম্মান করা
গ সম্মান বাঁচানো ঘ অনুগ্রহ করা **উত্তর:** গ

১৯. **'মুখ চলা' বাগধারাটির অর্থ কী?** [চবি (আই ইউনিট) : ১৩-১৪]
ক অশ্লীল ভাষার কথা বলা
খ নীরবরতার পর কথা শুরু করা
গ অসংলগ্ন কথা বলা
ঘ ক্রমাগত বকা **উত্তর:** ঘ

২০. নিচের কোনটি 'দ্রুততা'র বিশিষ্টার্থক প্রয়োগ ঘটেছে- [রূপালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১৩]
ⓚ নাকে খত ⓚ নাক গলাতে
ⓖ নাকে-মুখে ⓖ নাক কেটে **উত্তর:** গ

২১. নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করতে চাও? এখানে 'নাক' কি অর্থে ব্যবহৃত হয়েছে? [জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
ⓚ নাসিকা ⓚ লজ্জাজনক শাস্তি
ⓖ অবজ্ঞা করা ⓖ ক্ষতি স্বীকার **উত্তর:** ঘ

২২. 'এই ব্যাপারে তোমার কোন হাত নেই' এখানে 'হাত' কি অর্থে ব্যবহৃত হয়েছে? [BRDB- মাঠ সংগঠক : ১৩]
ⓚ যশ ⓚ কর্তৃত্ব
ⓖ জ্ঞান ⓖ অভিজ্ঞতা **উত্তর:** খ

২৩. 'ডাক্তার সাহেবের হাতযশ ভালো' এ বাক্যে 'হাত' ব্যবহৃত হয়েছে- [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৮]
ⓚ অধিকার অর্থে ⓚ বশ অর্থে
ⓖ অভ্যাস অর্থে ⓖ নিপুণতা **উত্তর:** ঘ

২৪. 'হাত' শব্দটি উদ্বৃত কোন বাক্যে দক্ষতা অর্থে ব্যবহৃত হয়েছে? [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইন্সট্রাক্টর : ১৮]
ⓚ লোকটির হাতটান আছে।
ⓚ তার লেখার হাত আছে।
ⓖ পরের কাছে হাত পেত না।
ⓖ করিম রহিমের ডান হাত। **উত্তর:** খ

২৫. 'হাত আসা' বাগধারাটির অর্থ কী? [রাবি (ই) ইউনিট) : ১৭-১৮]
ⓚ আধীনে আসা ⓚ অভ্যস্ত হওয়া
ⓖ মনযোগ দেওয়া ⓖ হস্তগত হওয়া **উত্তর:** খ

২৬. হাত গুটিয়ে বসে আছে কেন? বাক্যে 'হাত' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (প্রথম পর্যায়) : ২২]
ⓚ আয়ত্তে আনা ⓚ হস্তচ্যুত হওয়া
ⓖ কার্যে বিরতি ⓖ দক্ষতা **উত্তর:** গ

২৭. 'হাত করা' দ্বারা কী বোঝানো হয়েছে? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ২১]
ⓚ প্রভাব ⓚ পটানো
ⓖ প্রহার করা ⓖ অনুগ্রহ **উত্তর:** খ

২৮. 'কারো কাছে হাত পাততে নেই' এখানে 'পাতা' কী অর্থে বুঝানো হয়েছে? [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ⓚ বিছানো ⓚ প্রতীক্ষা
ⓖ তৈরি করা ⓖ চাওয়া **উত্তর:** ঘ

২৯. 'হাতেখড়ি' কোন অর্থে ব্যবহৃত? [ইবি (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ স্বহস্তে ⓚ বিদ্যারম্ভ
ⓖ শেষ সম্বল ⓖ অবিলম্বে **উত্তর:** খ

৩০. 'হাত চালাও' বাগধারাটির অর্থ কি? [সোনালী ব্যাংক সিনিয়র অফিসার : ১৪]
ⓚ মার দাও ⓚ সাহায্য চাও
ⓖ দক্ষ হও ⓖ তাড়াতাড়ি করা **উত্তর:** ঘ

৩১. 'হাতটান' বাগধারাটির অর্থ- [জাককানইবি (এ.এল ইউনিট) : ১৭-১৮]
ⓚ কৃপণ স্বভাব ⓚ টাকা পয়সার অভাব
ⓖ চুরির অভ্যাস ⓖ লম্বা হাত **উত্তর:** গ

৩২. 'হাত কামড়ানো' বাগধারাটির অর্থ কী? [অগ্রণী ব্যাংক লি. অফিসার : ১১]
ⓚ আফসোস করা
ⓚ আঘাতের হুমকি দেয়া
ⓖ চিন্তা করা
ⓖ বদলা নেয়া **উত্তর:** ক

৩৩. 'হাত জোড়া থাকা' বাগধারাটির অর্থ কী? [অগ্রণী ব্যাংক লি. অফিসার : ১১]
ⓚ কর্মব্যস্ত থাকা ⓚ অলস থাকা
ⓖ নিষ্ক্রিয় হয়ে যাওয়া ⓖ চিন্তায় পড়া **উত্তর:** ক

৩৪. 'হাত ধুয়ে বসা' বাগধারার অর্থ কী? [একটি বাড়ি একটি খামার প্রকল্পের ফিল্ড সুপারভাইজার : ১৮]
ⓚ খেতে বসা ⓚ শুরু করা
ⓖ ভণ্ডামী করা ⓖ সাধু সাজা **উত্তর:** ঘ

৩৫. 'হাত-ভারি' বাগধারার অর্থ- [বাতিলকৃত ২৪তম বিসিএস/ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক : ২২]
ⓚ দাতা ⓚ কম-খরচে
ⓖ কৃপণ ⓖ দরিদ্র **উত্তর:** গ

৩৬. 'পা চালাও' বলতে বোঝায়- [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার : ৯৯]
ⓚ লাথি মারো ⓚ দ্রুত চলো
ⓖ পায়ের কাজ করো ⓖ পা কাজে লাগাও **উত্তর:** খ

৩৭. কোন বাক্যে 'পা' শব্দটি অবজ্ঞার্থে ব্যবহৃত? [বাংলাদেশ কৃষি ব্যাংক সুপারভাইজার : ১২]
ⓚ ভাই, কারো পায়ে ধরো না
ⓚ বড় সাহেবের পায়ে তেল দিয়ে সে প্রমোশন পেল
ⓖ হাতের লক্ষ্মী পায়ে ঠেলো না
ⓖ উপোস করবো তবু কারো পা চাটবো না **উত্তর:** গ

৩৮. কোন বাক্যে 'বড়' শব্দটি 'ধনী' অর্থে ব্যবহৃত হয়েছে? [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০০]
ⓚ সেলিম সাহেব একজন বড়লোক
ⓚ সেলিম সাহেব বড় ঘরে বিয়ে করেছেন
ⓖ সেলিম সাহেব বড় মনের অধিকারী
ⓖ সেলিম সাহেব বড় ভাল মানুষ **উত্তর:** ক

৩৯. কোন বাক্যে 'ছাড়া' শব্দটি ত্যাগ করা ব্যবহৃত হয়েছে? [পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার কর্মকর্তা : ৯৫]
ⓚ আমি ভাই হাল ছেড়ে দিয়েছি
ⓚ ঝগড়া করে শিকদার সাহেব চাকুরী ছেড়েছেন
ⓖ ঘাম দিয়ে জ্বর ছেড়েছে
ⓖ ঝর্ণা গলা ছেড়ে গান গাচ্ছে **উত্তর:** খ

৪০. **সাহায্যের অভাবে স্কুলটি উঠে গেছে'- বাক্যে 'উঠে' শব্দের অর্থ-** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক : ০৩]
ⓚ ভেঙে পড়া ⓚ বন্ধ হওয়া
ⓖ স্থানান্তরিত হওয়া ⓖ উন্নতি করা **উত্তর:** খ

৪১. **'এত অল্প টাকায় মাস চলবে না'- এই 'চলা' কোন অর্থ প্রকাশ করেছে?** [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর অফিস সহকারী : ২১]
ⓚ সংকুলান হওয়া ⓚ প্রচলিত হওয়া
ⓖ অবলম্বন করা ⓖ সময় দেওয়া **উত্তর:** ক

৪২. **'চুলায় দেওয়া'র বিশিষ্টার্থ-** [রাবি : ০৯-১০]
ⓚ পরিত্যাগ করা ⓚ সর্বনাশ করা
ⓖ নিশ্চিহ্ন করা ⓖ পোড়ানো **উত্তর:** খ

৪৩. **'বুঝি না বাপু এ তোমার কেমন ধারা।' এখানে 'ধারা' অর্থ-** [ববি (খ ইউনিট) : ১৫-১৬]
ⓚ বর্ষণ ⓚ আইন
ⓖ আচরণ ⓖ ঝুঁকি **উত্তর:** খ

৪৪. **'দিন যায় কথা থাকে'- এখানে 'যায়' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (২য় পর্যায়) : ১৯]
ⓚ গমন ⓚ অতিবাহিত
ⓖ বলা ⓖ ধারাবাহিকতা **উত্তর:** খ

৪৫. **'দুই ভাইয়ের মধ্যে কোন কথা নেই' এখানে 'কথা' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে-** [বেবিচক- এর স্টোরম্যান : ২১]
ⓚ গল্প ⓚ অসৎভাব
ⓖ তর্ক ⓖ পরামর্শ **উত্তর:** খ

৪৬. **'বর্ষার রূপ ভারি মনোমুগ্ধকর'- এখানে 'ভারি' শব্দটি কি অর্থে-** [বাংলাদেশ বেসকারবি বিমান চলাচল কর্তৃপক্ষ এর মেডিকেল অফিসার : ২১]
ⓚ খুব ⓚ বেশি ওজন
ⓖ ভারহীন ⓖ বেশি **উত্তর:** ক

৪৭. **'বড় যদি হতে চাও ছোট হও তবে'- বাক্যটিতে ছোট শব্দটি কি অর্থে ব্যবহৃত?** [উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার (ক্যাশ) : ০৮]
ⓚ নীচ ⓚ ইতর
ⓖ নম্র ⓖ ক্ষুদ্র **উত্তর:** গ

৪৮. **'বড্ড গরম লাগছে' এখানে 'গরম' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** [জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
ⓚ গ্রীষ্ম ⓚ উগ্র
ⓖ তেজিভাব ⓖ উষ্ণতা **উত্তর:** ঘ

৪৯. **"কর্মভোগ এড়ানো যায় না।"- এখানে 'কর্ম' কোন অর্থ প্রকাশ করছে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ পেশা ⓚ অনুষ্ঠান
ⓖ কৃতকর্ম ⓖ কর্তব্য **উত্তর:** গ

৫০. **'ঐ চাকরীর আশা ছেড়েছি'- কোন অর্থ প্রকাশ পায়?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ⓚ হতাশা ⓚ বিরাগ
ⓖ ত্যাগ করা ⓖ মুক্ত করা **উত্তর:** ক

বাংলা ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগ

বানানের অশুদ্ধি

সর্বপ্রথম রবীন্দ্রনাথ ঠাকুর বানান সংস্কারের জন্য ১৯৩৫ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়কে একটি কমিটি গঠনের পরামর্শ দেন। ফলে রাজশেখর বসুকে সভাপতি করে "কলকাতা বিশ্ববিদ্যালয় বানান-সংস্কার সমিতি" গঠিত হয়। সংস্কার কমিটির প্রতিবেদন ১৯৩৬ সালে প্রকাশিত হয়। ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঐ সমিতির একজন প্রভাবশালী সদস্য ছিলেন।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ১৯৮৮ সালে বাংলা বানানের নিয়ম প্রণয়ন করে। এরপর ১৯৯২ সালের এপ্রিলে বাংলা একাডেমি কর্তৃক প্রমিত বাংলা বানানের নিয়ম নির্ধারণের যে উদ্যোগ গৃহীত হয়েছিলো তা ১৯৯৪ সালে চূড়ান্তভাবে গৃহীত হয়। বর্তমানে কলকাতা বিশ্ববিদ্যালয় প্রণীত বানানরীতি ও (জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড) প্রবর্তিত বানানরীতির সমন্বয়ে বাংলা একাডেমি প্রমিত বানানরীতি সময়ের দাবি অনুযায়ী যথার্থ।

MCQ Solution

১. **কলকাতা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বাংলা বানানের নিয়ম প্রবর্তিত হয়-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২]
(ক) ১৯৩৫ সালে (খ) ১৯৩৬ সালে
(গ) ১৯৩৭ সালে (ঘ) ১৯৩৯ সালে **উত্তর:** খ

২. **বাংলা একাডেমি প্রকাশিত প্রমিত বাংলা বানানের নিয়ম প্রথম কত সালে প্রকাশিত হয়?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন বাংলাদেশ এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
(ক) ১৯৯৩ (খ) ১৯৯৪
(গ) ১৯৯৫ (ঘ) ১৯৯৬ **উত্তর:** খ

৩. **প্রমিত বাংলা বানান নিয়ম চালু করেন-** [রাবি (এ-ইউনিট) : ২০-২১]
(ক) বাংলাদেশ সরকার (খ) এশিয়াটিক সোসাইটি
(গ) বাংলা একাডেমি (ঘ) শিল্পকলা একাডেমি **উত্তর:** গ

ই-কার যুক্ত শব্দ

যে-কোনো দেশ, ভাষা ও জাতির নাম লিখতে ই-কার (ি) হবে। যেমন-
দেশ : আমেরিকা, গ্রিস, জার্মানি, ইতালি, হাঙ্গেরি ইত্যাদি।
ভাষা : আরবি, হিন্দি, ফারসি, ইংরেজি, গ্রিক ইত্যাদি।
জাতি : বাঙালি, পর্তুগিজ, তুর্কি, বিহারি, ইরানি, আফগানি ইত্যাদি।

অপ্রাণিবাচক শব্দ ও ইতরপ্রাণিবাচক অ-তৎসম শব্দের শেষে ই-কার (ি) হবে। যেমন-
অপ্রাণিবাচক শব্দ : বাড়ি, গাড়ি, শাড়ি, চাবি, জানুয়ারি ইত্যাদি।
ইতরপ্রাণিবাচক শব্দ : পাখি, হাতি, মুরগি, চড়ুই ইত্যাদি।

শব্দের শেষে জগৎ, বাচক, বিদ্যা, সভা, ত্ব, তা, নী, ণী, পরিষদ, তত্ত্ব ইত্যাদি থাকলে তার পূর্বে ঈ-কার না হয়ে সাধারণত ই-কার হয়। যেমন- অপকারী-অপকারিতা, উপকারী-উপকারিতা, উপযোগী-উপযোগিতা, প্রতিযোগী-প্রতিযোগিতা, সহযোগী-সহযোগিতা, প্রতিদ্বন্দ্বী-প্রতিদ্বন্দ্বিতা, প্রাণী-প্রাণিবিদ্যা/প্রাণিবাচক, মন্ত্রী-মন্ত্রিপরিষদ/মন্ত্রিসভা, দায়ী-দায়িত্ব, স্থায়ী-স্থায়িত্ব, বন্দী-বন্দিত্ব প্রভৃতি।

ঈ-কার যুক্ত শব্দ

পুংলিঙ্গ শব্দ : গুণী, সুখী, মেধাবী, বাগ্মী, কর্মী, জয়ী, শ্রমী, জননী, স্ত্রী, নারী, সাধ্বী ইত্যাদি।

স্ত্রীলিঙ্গ শব্দ : যামিনী, সখী, ব্যাঘ্রী, তরী, রজনী, ইন্দ্রাণী ইত্যাদি।

বিবিধ শব্দ : অতীব, অতীত, অধীন, অলীক, অশরীরী, উড্ডীন, উদীচী, কীট, কীচক, করণীয়, কীর্তন, ক্লীব, ক্ষীর, গম্ভীর, চীবর, জীর্ণ, তন্ত্রী, তীক্ষ্ণ, তীব্র, দীপ, দীপ্ত, ধীরব, ধীর, নীরব, নীচ, নীরন্ধ্র, প্রতীক, প্রতীচী, প্রবীণ, প্রীত, পীরব, পৃথ্বী, বীজ, বীর, বীর্য, বীতশ্রদ্ধ, বীভৎস, ভীত, ভীম, ভীষণ, মহী, মনীষী, শীল, শ্রী, শরীর, শীর্ষ, শীর্ণ, শীতল, শর্বরী, সমীচীন, সমীপ, সমীকরণ, সমীরণ, সমীহ, সসীম, হরীতকী, হীন, হীরক।

বানানে 'ই/ঈ' সংক্রান্ত সতর্কতা

ই/ঈ	ঈশ্বর, ঈপ্সা, ঈদৃশ, ঈর্ষা
কি/কী	একাকী-একাকিত্ব, কীর্তি, কিরীট
গি/গী	উদগীর্ণ-উদগিরণ, সর্বাঙ্গীণ-সর্বাঙ্গিক
চি/চী	প্রাচি, প্রাচীন
জি/জী	পুঞ্জীভূত-পুঞ্জিত
ণি/ণী	বর্ণিত-নির্ণীত
তি/তী	অতীন্দ্রিয়, কৃতী-কৃতিত্ব, স্ত্রীত্ব, প্রীতি, প্রতীতি, মতি
থি/থী	ভাগীরথী, রথী, সারথি, নথি, অতিথি
ধি/ধী	দধীচি, দীধিতি, উপাধি, সুধী (সম্বোধনেও সুধী)
নি/নী	কনীনিকা, নির্নিমেষ, নিশি, নিরবধি, নিরীহ, নিপীড়িত, নীরবতা, রীতি, নীতি
দী	বিবাদী
পি/পী	পিপীলিকা
বি/বী	কৃষিজীবী, ক্ষীণজীবী, জীবিকা, বিরস (কিন্তু নীরস), বীপ্সা, বীথি, বীচি
ভি/ভী	বিভীষণ, বিভীষিকা, ভীতু, ভীরু
মি/মী	নিমীলিত, মীমাংসা
রি/রী	কিরীটী, নারীত্ব, মরিচা, মরীচিকা, শরীরী, বিপরীত
শি/শী	অনুশীলন, আশীর্বাদ, নিশীথ, নিশীথিনী, মাংসাশী, শশী, শিশি, সাঁড়াশি, সুশীল, শ্রী
ষি/ষী	মহিষী
সি/সী	উদাসীন, সমাসীন
হি/হী	গ্রহীতা, গৃহীত, হীরা, তুহিন, মহিষী, হিমেল
লি/লী	অঞ্জলি, গীতাঞ্জলি, শ্রদ্ধাঞ্জলি, গৃহস্থালি, পাকস্থলী

MCQ Solution

১. **ভাষা ও জাতির নামের শেষে কী হবে?** [দুর্নীতি দমন কমিশনের অফিস সহায়ক : ১৯]
ক) ই-কার খ) ঈ-কার
গ) উ-কার ঘ) এ-কার **উত্তর:** ক

২. **'জানুয়ারি' বানানে হ্রস্ব ই-কার হবার কারণ কোন শব্দের কারণে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ২২]
ক) তৎসম খ) অ-তৎসম
গ) সংস্কৃত ঘ) তদ্ভব **উত্তর:** খ

৩. **সঠিক বানান চিহ্নিত করুন-** [NSI- এর কম্পিউটার অপারেটর : ২১]
ক) মন্ত্রী খ) কার্য্য
গ) পাবর্ণ ঘ) সারনি **উত্তর:** ক

৪. **কোনটি সঠিক বানান?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের উপ সহকারী প্রকৌশলী : ২০]
ক) মন্ত্রীসভা খ) মন্ত্রিসভা
গ) মন্ত্রী সভা ঘ) কোনোটিই নয় **উত্তর:** খ

৫. **কোন বানানটি শুদ্ধ?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর উপসহকারী প্রকৌশলী : ২২]
ক) মন্ত্রিপরিশদ খ) মন্ত্রিপরিসদ
গ) মন্ত্রীপরিষদ ঘ) মন্ত্রিপরিষদ **উত্তর:** ঘ

৬. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী : ১৮]
ক) প্রাণিজগৎ খ) প্রাণীজগৎ
গ) মন্ত্রীসভা ঘ) স্থায়ীত্ব **উত্তর:** ক

৭. **কোন বানানটি শুদ্ধ?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইন্সট্রাক্টর : ১৮]
ক) প্রতিযোগিতা খ) সহযোগীতা
গ) বৈশিষ্ট্যতা ঘ) শ্রদ্ধাঞ্জলী **উত্তর:** ক

৮. **কোন শব্দটি সঠিক?** [কৃষি উন্নয়ন কর্পোরেশনের উপ-সহকারী পরিচালক : ২০]
ক) স্থায়িত্ত খ) স্থায়িত্ব
গ) স্থয়ীত্ব ঘ) স্থায়ীত্ব **উত্তর:** খ

৯. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিস্তা) : ১০]
ক) প্রতিদ্বন্দী খ) প্রতিদন্দ্বি
গ) প্রতিদ্বন্দ্বী ঘ) প্রতিদন্দী **উত্তর:** গ

১০. **কোনটি শুদ্ধ বানান?** [ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ২১]
ক) নথিপত্র খ) ণথিপত্র
গ) নতিপত্র ঘ) নথিপত্ত **উত্তর:** ক

১১. **কোন বানানটি শব্দ?** [ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.ফিল্ড অফিসার : ২২]
ক) অতীথি খ) অতিথি
গ) অতিথী ঘ) অতীথী **উত্তর:** খ

১২. **কোন বানানটি শুদ্ধ?** [বাংলাদেশ টেলিভিশনের অডিয়েন্স রিসার্চ অফিসার : ০৬]
ক) অধীণ খ) অধীন
গ) অধিন ঘ) অধিণ **উত্তর:** খ

১৩. **কোন বানানটি শুদ্ধ?** [রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
ক) অশরিরী খ) অশরিরি
গ) অশরীরি ঘ) অশরীরী **উত্তর:** ঘ

১৪. **কোন বানানটি শুদ্ধ?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিস সহকারী : ১৮]
ক) উদীচী খ) উদীচি
গ) উদিচি ঘ) উদিচী **উত্তর:** ক

১৫. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [৩৫তম বিসিএস/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকতা : ২২]
ক) মনীষী গ) মনীষি
খ) মনিষি ঘ) মনিষী **উত্তর:** ক

১৬. **কোনটি শুদ্ধ বানান?** [১৮তম বিসিএস/ ডাক অধিদপ্তরের ডাক-জীবন-বীমা-এর অফিস সহকারী : ২২/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক) সমীচীন খ) সমীচিন
গ) সমিচীন ঘ) সমিচিন **উত্তর:** ক

১৭. **কোনটি শুদ্ধ বানান?** [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক : ২২]
ক) নিশীথ খ) নিশিথ
গ) নীশীথ ঘ) নীশিথ **উত্তর:** ক

১৮. **কোন বানানটি শুদ্ধ?** [আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের অফিস সহায়ক : ২০]
ক) নিরিহ খ) নীরিহ
গ) নীরীহ ঘ) নিরীহ **উত্তর:** ঘ

১৯. **সঠিক বানান কোনটি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১৫]
ক) দধিচী খ) দধীচি
গ) দধিচি ঘ) দধীচী **উত্তর:** খ

২০. **কোনটি শুদ্ধ বানান?** [৩৩তম বিসিএস/ ৩১তম বিসিএস]
ক) নিশীথিনী খ) নিশিথিনি
গ) নিশীথিনি ঘ) নিশীথীণী **উত্তর:** ক

২১. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বসন্ত) : ১০]
ক) নিপিড়িত খ) নীপিড়িত
গ) নিপীড়িত ঘ) নিপীড়ীত **উত্তর:** গ

২২. **কোন বানানটি শুদ্ধ?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ক) কনীনিকা খ) কনিনীকা
গ) কণিনিকা ঘ) কনিনিকা **উত্তর:** ক

২৩. **কোন বানানটি শুদ্ধ?** [৩৩তম বিসিএস/ স্বাস্থ্য ও সেবা অধিদপ্তরের নকশারকার ড্রাফটম্যান : ২২]
ক) পিপিলিকা খ) পিপীলিকা
গ) পীপিলিকা ঘ) পিপিলীকা **উত্তর:** খ

২৪. **কোনটি শুদ্ধ বানান?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী ড্রিলিং প্রকৌশলী : ৯৮]
ক) বিপরীত খ) বিপরিত
গ) বীপরিত ঘ) বীপরীত **উত্তর:** ক

২৫. **কোনটি শুদ্ধ বানান?** [১৪তম বিসিএস]
ক) বিভিষীকা খ) বিভীষিকা
গ) বীভিষিকা ঘ) বীভিষীকা **উত্তর:** খ

২৬. **কোন বানানটি শুদ্ধ?** [সুন্দরবন গ্যাস কোম্পানি লি. এসিস্ট্যান্ট কো-অর্ডিনেশন অফিসার: ২০]
ক) মরিচিকা খ) মরিচীকা
গ) মরীচিকা ঘ) মরীচীকা **উত্তর:** গ

২৭. **কোনটি শুদ্ধ বানান?** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ক) ভাগীরথী খ) ভাগিরথী
গ) ভাগীরথি ঘ) ভাগিরথি **উত্তর:** ক

২৮. **কোন বানানটি সঠিক?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা : ১৬]
ক) রিতীনীতি খ) রীতিনিতি
গ) রিতিনিতি ঘ) রীতিনীতি **উত্তর:** ঘ

২৯. **সঠিক বানান কোনটি?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ক) ভীতু খ) ভিতু
গ) ভিভূ ঘ) কোনোটিই নয় **উত্তর:** ক

৩০. **সম্বোধনে কোন বানানটি শুদ্ধ?** [মাধ্যমিক স্কুল সহকারী প্রধান শিক্ষক : ০৩]
ক) সুধী খ) সুধি
গ) শুধি ঘ) শুধী **উত্তর:** ক

৩১. **কোনটি শুদ্ধ?** [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে ব্যক্তিগত সহকারী : ১৩]
ক) সারথী খ) সারথি
গ) সাড়থী ঘ) সাড়থি **উত্তর:** খ

৩২. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [৪৩তম বিসিএস মানসিক দক্ষতা (লিখিত)]
ক) শ্রদ্ধঞ্জলি খ) শ্রদ্ধাঞ্জলি
গ) শ্রদ্ধাঞ্জলী ঘ) শ্রদ্ধেয়াঞ্জলী **উত্তর:** খ

৩৩. **কোনটি শুদ্ধ বানান?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ক) ভিবাদী খ) বিভাদী
গ) বিবাদী ঘ) কোনোটিই নয় **উত্তর:** গ

বানানে 'উ/ ঊ' সংক্রান্ত সতর্কতা

উ/ঊ — ঊর্বর, ঊরু, ঊর্ধ্ব, ঊর্মি, ঊর্ণনাভ, ঊষর, ঊহ্য
কু/কূ — কূট, তাম্রকূট, অনুকূল, প্রতিকূল, দুকূল, আকুল, কুলবধূ, কূপ, কুয়ো
চু/চূ — চূড়া, চুড়ো, চূষ্য, চূষণীয়, চূর্ণবিচূর্ণ
তু/তূ — কৌতুক, কৌতূহল, স্তূপ, তূষ (প্রত্যূষ), তূর্ষ, তূর্ণ, তূলা, তূলী
দু/দূ — তদূর্ধ্ব, দূত, দূর, দূর্বা, দূরদর্শী, দূষক, দূষণীয়, দূষিত, দ্যূত
ধু/ধূ — ধূর্ত, ধূলি, ধূলিকণা, ধুলো, খেলাধুলা, গোধূলি, ধূসর, ধূম, ধুমধাম, ধূম্র, ধূপ
নু/নূ — ন্যূনতম, নূতন (কিন্তু নতুন), নূপুর, অনুকম্পা
পু/পূ — পূর্ব-পুব, পূজা, পুজো, পূজারি, পূরণ, পুরাণ, পুরানো, পূরক, পূত, পূতি, পূর্তি, পীযূষ
ফু/ফূ — স্ফুরণ, স্ফূর্তি, ফুর্তি
ভু/ভূ — ত্রিভুজ, ভুবন, ভুল, ভূ, ভূলোক, ভূমি, ভূষণ, প্রতিভূ
মু/মূ — মুমুক্ষু, মূক, মূষিক, মূলা, মুলো, মূল্য, মূর্ছা, মূর্খ, মূর্ত, মূত্র, মূর্তি, মূর্ধন্য, সমূহ, জীমূত
রু/রূ — জাগরূক, বিদ্রূপ, দুরূহ, মহীরুহ, অরূপ, রূপ, রুগ্‌ণ
শু/শূ — শূন্য, শূক, শুক (টিয়া), শূর, শূল, শুশ্রূষা, শ্রূয়মাণ, শুভ্র, শুঁড়, শূদ্র, শূকর
সু/সূ — অসূয়া, প্রসূত, প্রসূতি, সূক্ষ্ম, সুর (দেবতা), সূর (বীর), সূত, সুত (পুত্র), সূত্র, সূক্ত, সূক্ষ্ম, সূচি, সূচক, সূচনা, সূর্য, উত্তরসূরি
হু/হূ — মুহূর্ত, মুহুর্মুহু, আহূত

অদ্ভুত, ভুতুড়ে ছাড়া সব ভূত ঊ-কার হবে। যেমন- উদ্ভূত, পরাভূত, দূরীভূত, কিম্ভূত, অভূতপূর্ব প্রভৃতি।

গণনায় : ঊনিশ, ঊনত্রিশ, ঊনচল্লিশ, ঊনপঞ্চাশ, ঊনষাট, ঊনসত্তর, ঊনআশি, ঊননব্বই। কিন্তু ঊনবিংশ, ঊনত্রিংশ, ঊননবতিতম।

বিবিধ : ভ্রূ, ভ্রূণ, মণ্ডূক, সিন্দূর।

MCQ Solution

১. **নিচের অশুদ্ধ বানানটি শনাক্ত করুন-** [আইসিবি ব্যাংক লি. অফিসার/ সিনিয়র অফিসার : ১৪]
ক) কিম্ভূত খ) উদ্ভূত
গ) অদ্ভূত ঘ) অভূতপূর্ব **উত্তর:** গ

২. **শুদ্ধ বানান কোনটি?** [১০ম বিসিএস]
ক) মুহুর্ত খ) মুহূর্ত
গ) মূহূর্ত ঘ) মূহুর্ত **উত্তর:** খ

৩. **কোন বানানটি শুদ্ধ?** [১৫তম বিসিএস/ NSI-এর সহকারী পরিচালক : ১৭]
ক) মুহুর্মুহু খ) মূহুমুহু
গ) মূহূর্মূহ ঘ) মূহুর্মুহ **উত্তর:** ক

৪. **কোন বানানটি শুদ্ধ?** [২০তম বিসিএস/ স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার : ২২]
ক) শুশ্রূষা খ) সুশ্রুষা
গ) শূশ্রুষা ঘ) শুশ্রুসা **উত্তর:** ক

৫. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [বিবিএস এর পরিসংখ্যান সহকারী : ২১]
ক) চুর্ণবিচুর্ণ খ) চূর্ণবিচূর্ণ
গ) চূর্নবির্ণ ঘ) চুর্ণবিচূর্ণ **উত্তর:** খ

৬. **কোনটি শুদ্ধ বানান?** [রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ক) নুনতম খ) ন্যুনতম
গ) ন্যূনতম ঘ) নূন্যতম **উত্তর:** গ

৭. **কোন বানানটি শুদ্ধ?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিস সহকারী : ১৮]
ক) উত্তরসুরী খ) উত্তরসূরি
গ) উত্তরসুরি ঘ) উত্তরসূরী **উত্তর:** খ

৮. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা : ১৬]
ক) গোধূলী খ) গোধুলি
গ) গোধূলি ঘ) গোধুলী **উত্তর:** গ

৯. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ক) ধূলিকনা খ) ধূলিকণা
গ) ধুলীকনা ঘ) ধুলিকণা **উত্তর:** খ

১০. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কংস) : ০৮]
ক) দূরিভুত খ) দূরিভূত
গ) দূরীভুত ঘ) দূরীভূত **উত্তর: ঘ**

১১. **কোনটি শুদ্ধ বানান?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ১৭]
ক) মুর্ধন্য খ) মূর্ধন্য
গ) মূর্ধণ্য ঘ) মুর্ধণ্য **উত্তর: খ**

১২. **বাংলা একাডেমি বানান বিধি অনুসারে শুদ্ধ বানান কোনটি?** [ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (অফিসার) : ১৮]
ক) উনত্রিশ খ) উনচল্লিশ
গ) উনবিংশ ঘ) উনিশ **উত্তর: ক**

রেফ

রেফ পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন- নির্দিষ্ট (নির্দ্দিষ্ট), মাধুর্য (মাধুর্য্য), কার্তিক (কার্ত্তিক), একান্নবর্তী (একান্নবর্ত্তী), ধর্মসভা (ধর্ম্মসভা)।

র/ড়/ঢ় সংক্রান্ত সতর্কতা

ড় কড়াই, কড়া, পড়া (পাঠ), পাহাড়, বড়, বুড়া, আড়ষ্ট, পীড়া।
ঢ় আরূঢ়, রূঢ়, আষাঢ়, মূঢ়, গূঢ়, দৃঢ়, প্রগাঢ়।

শ/স/ষ সংক্রান্ত সতর্কতা

শ অভিশাপ, আদেশ, আশিস, ক্লেশ, পিশাচ, যশস্বিনী, শ্মশান, শাসন, শীতাতপ, শকট
স অমাবস্যা, আসীন, মানসিক, আসক্তি, ছান্দসিক, সীতা, সরীসৃপ
ষ দুর্বিষহ, পরিষেবা, ষড়যন্ত্র, ষড়ভুজ, গণ্ডূষ, জ্ঞানভূষিত

ত এবং ৎ (খণ্ড-ত)

আত্মসাৎ, অর্থাৎ, অকস্মাৎ, অভিজিৎ, ঈষৎ, উৎসব, উৎপাত, উৎখাত, কিঞ্চিৎ, ক্বচিৎ, কুৎসিত, চীৎকার, চিকিৎসা, জগৎ, তৎক্ষণাৎ, তড়িৎ, তাবৎ, ধূলিসাৎ, নস্যাৎ, পশ্চাৎ, পথিকৃৎ, বিশ্বজিৎ, ব্যুৎপত্তি, বিদ্যুৎ, বৃহৎ, ভবিষ্যৎ, মহৎ, যুগপৎ, যকৃৎ, রণজিৎ, শরৎ, সাক্ষাৎ, সৎকার, সত্যজিৎ, হঠাৎ।

ঙ এবং ং

- নিম্নলিখিত শব্দসমূহে কখনোই ং প্রযুক্ত হবে না; কেবল ঙ ব্যবহৃত হবে। যেমন: অঙ্ক, অঙ্গ, অঙ্গীকার, অপাঙক্তেয়, আতঙ্ক, আঙ্গুল, ইঙ্গিত, কঙ্কাল, গঙ্গা, পঙ্কিল, বঙ্কিম, বঙ্গ, লঙ্ঘন, শঙ্কা, শৃঙ্খলা, শিক্ষাঙ্গন, শশাঙ্ক, সঙ্গে, সঙ্গী।
- নিম্নলিখিত শব্দসমূহে কখনোই ঙ প্রযুক্ত হবে না; কেবল ং ব্যবহৃত হবে। যেমন-অংশু, অংশ, বংশ, ইদানীং, বারংবার, সংজ্ঞা, সংবরণ, সংবর্ধনা, সংবাদ, সংবিধান, সংশ্রব, সংলাপ, সংসার, হিংসা।
- নিম্নলিখিত শব্দসমূহে ঙ এবং ং উভয়ই শুদ্ধ। যেমন- অলঙ্কার/ অলংকার, অহঙ্কার/ অহংকার, ভয়ঙ্কর/ ভয়ংকর, সঙ্গীত/সংগীত, শুভংকর/ শুভঙ্কর, পংক্তি/পঙ্‌ক্তি, সংঘটন/ সঙ্ঘটন, রঙ/ রং।

বিসর্গ (ঃ)

অন্তঃস্থ, নিঃস্ব, দুঃসাধ্য, অন্তঃসার, দুঃসময়, দুঃসহ।
বিস্ময়সূচক অব্যয় (যেমন- বাঃ/ ছিঃ/ উঃ ইত্যাদি) ছাড়া শব্দের শেষে বিসর্গ (ঃ) থাকবে না। যেমন- প্রধানত (প্রধানতঃ), প্রায়শ (প্রায়শঃ), বস্তুত (বস্তুতঃ), কার্যত (কার্যতঃ)।

চন্দ্রবিন্দু

মূল শব্দে ঙ, ঞ, ণ, ন, ম থাকিলে তাহার পূর্বস্বরে চন্দ্রবিন্দু যুক্ত হয়। যেমন- আঁধার (অন্ধকার), গোঁফ (গুম্ফ), পাঁজি, হাঁটা, আঁক (অঙ্ক), ছেঁড়া, পাঁচ, হাঁস, কাঁটা (কণ্টক), দাঁত, বাঁশ, ছোঁ, কাঁপ (কম্প), দাঁড়ি, বাঁকা, ছোঁয়া, ছোঁয়াচে, গাঁই (গ্রামীণ), ধাঁধা, শাঁখ, কাঁধ, সাঁকো, আঁকাবাঁকা, সাঁতার।

MCQ Solution

১. **কোন বানানটি শুদ্ধ?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাড়লা) : ১৩]
ক) একান্নবর্তি খ) একান্নবর্ত্তি
গ) একান্নবর্তী ঘ) একান্নবর্ত্তী **উত্তর: গ**

২. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [সমন্বিত ৩ (তিন) ব্যাংক এর সহকারী ইঞ্জিনিয়ার : ২০]
ক) আশীষ খ) আশিস
গ) আসিশ ঘ) আষিশ **উত্তর: খ**

৩. **শুদ্ধ বানান কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ১৯]
ক) আশক্তি খ) আষক্তি
গ) আসত্তী ঘ) আসক্তি **উত্তর: ঘ**

৪. **বিশুদ্ধ বানান কোনটি?** [নির্বাচন কমিশনের সচিবালয়ে উপজেলা বা থানা নির্বাচন অফিসার : ০৮]
ক) অভিশাপ খ) অভীশাপ
গ) অভিসাপ ঘ) অভিষাপ **উত্তর: ক**

৫. **শুদ্ধ বানান কোনটি?** [সোনালী, জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার (আইটি, আইসিটি) : ১৮]
ক) অনুশাশন খ) অনুসাশন
গ) অনুশাষণ ঘ) অনুশাসন **উত্তর: ঘ**

৬. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) : ১৩]
ক) আমাবশ্যা খ) অমাবস্যা
গ) অমাবশ্যা ঘ) অমাবষ্যা **উত্তর: খ**

৭. **নিচের কোন বানানটি সঠিক?** [দি সিকিউরিটি প্রিন্টিং করর্পোরেশন অফিসার জেনারেল : ২১]
ক) দুর্বিসহ খ) দূর্বিসহ
গ) দুর্বিষহ ঘ) দূর্বিসহ **উত্তর: গ**

৮. **কোন বানানটি শুদ্ধ?** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শাপলা) : ১১]
ক) জ্ঞানভুসিত খ) জ্ঞাণভুষিত
গ) জ্ঞানভূষিত ঘ) জ্ঞাণভুসিত **উত্তর: গ**

৯. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩]
ক) ছান্দসিক খ) ছন্দসিক
গ) ছন্দসীক ঘ) ছান্দসীক **উত্তর: ক**

১০. **কোনটি শুদ্ধ বানান?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট) : ২০-২১]
ⓚ সরিসৃপ ⓚ সরীসৃপ
ⓖ শরীসৃপ ⓖ শরিসৃপ **উত্তর:** খ

১১. **কোন বানানটি শুদ্ধ?** [খাদ্য অধিদপ্তরে খাদ্য পরিদর্শক : ০৯]
ⓚ শীতাতপ ⓚ শীততাপ
ⓖ শিততাপ ⓖ শিততাপ **উত্তর:** ক

১২. **কোনটি শুদ্ধ বানান?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী : ১২]
ⓚ শকট ⓚ শকেট
ⓖ সকোট ⓖ সকট **উত্তর:** ক

১৩. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক : ১৫]
ⓚ শড়ত ⓚ শঢ়ত
ⓖ শরৎ ⓖ সরত **উত্তর:** গ

১৪. **কোন বানানটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৩]
ⓚ উতপাত ⓚ উতপাৎ
ⓖ উৎপাৎ ⓖ উৎপাত **উত্তর:** ঘ

১৫. **কোনটি শুদ্ধ বানান?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১]
ⓚ বূৎপত্তি ⓚ ব্যুৎপত্তি
ⓖ ব্যুৎপত্তি ⓖ বুৎপত্তি **উত্তর:** গ

১৬. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (যমুনা) : ১৩]
ⓚ পঙ্কিল ⓚ পঙ্কীল
ⓖ পংকিল ⓖ পংকীল **উত্তর:** ক

১৭. **কোন বানানটি শুদ্ধ?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (রাইন) : ১৩]
ⓚ অহংকার ⓚ অহঙ্কার
ⓖ অহঙ্কার ⓖ ক ও খ দুটিই **উত্তর:** ঘ

১৮. **কোন বানানটি সঠিক?** [রূপালী ব্যাংক লি. অফিসার : ১০]
ⓚ ধাঁধাঁ ⓚ ধাধা
ⓖ ধাধাঁ ⓖ ধাঁধা **উত্তর:** ঘ

১৯. **চন্দ্রবিন্দুর ভুল প্রয়োগ ঘটেছে কোনটিতে?** [সমন্বিত ৪ (চার) ব্যাংক এর সহকারী প্রোগ্রামার : ২০]
ⓚ কাঁধ ⓚ সাঁকো
ⓖ আঁকাবাঁকা ⓖ সাতাঁর **উত্তর:** ঘ

যুক্তব্যঞ্জনের বানান সতর্কতা

ক্ব — ক্বচিৎ, নিক্বণ, পক্ব।
ত্ব — ঘনত্ব, চত্বর, ত্বক, ত্বরণ, দায়িত্ব, দূরত্ব, নতুনত্ব, পিতৃত্ব, ভ্রাতৃত্ব, শিষ্যত্ব, সত্বর, স্বত্ব, অস্তিত্ব, ঋত্বিক, কর্তৃত্ব, কৃতিত্ব, বন্ধুত্ব, সতীত্ব।
ত্ত্ব — প্রত্নতত্ত্ব, মহত্ত্ব, সত্ত্বেও।
ত্ত — উত্ত্যক্ত, উত্তাপ, উত্তীর্ণ, উত্তেজনা, উদাত্ত, একাত্তর, কৃত্তিবাস, পত্তন, উদ্বৃত্ত, উন্মত্ত, উত্তোলন, মৃত্তিকা, প্রদত্ত, আত্তীকরণ, তাত্তিক, স্বায়ত্তশাসন, সত্তা।
ত্ম — দেশাত্মবোধ, দৌরাত্ম্য, মারাত্মক, অধ্যাত্ম, আত্ম, আত্মীকরণ, আত্মীয়, আধ্যাত্মিক, একাত্ম, হিংসাত্মক, মাহাত্ম্য।
ত্থ — অভ্যুত্থান, উত্থান, উত্থিত।
জ্ব — জ্বালা, জ্বালাতন, জ্বলুনি, জ্বলজ্বল, জাজ্বল্যমান, প্রজ্বলিত।
জ্জ্ব — ঔজ্জ্বল্য, প্রোজ্জ্বল, রৌদ্রোজ্জ্বল, রৌদ্রকরোজ্জ্বল, অত্যুজ্জ্বল, উজ্জ্বল, সমুজ্জ্বল।
চ্ছ — প্রচ্ছন্ন, বৃক্ষচ্ছায়া, মুখচ্ছবি, কথাচ্ছলে, তরুচ্ছায়া, স্বচ্ছন্দ, সচ্ছল, কৃচ্ছ্রসাধন।
চ্ছ্ব — জলোচ্ছ্বাস, তরঙ্গোচ্ছ্বাস, ভাবোচ্ছ্বাস, উচ্ছ্বাস, উচ্ছ্বসিত।
ণ্ন — ক্ষুণ্ন, বিষণ্ন, ক্ষুণ্নিবৃত্তি
ন্ন্য — সন্ন্যাস, সন্ন্যাসী।
ণ্মা — ষাণ্মাসিক, হিরণ্ময়
ন্ম — উন্মুখ, উন্মেষ, উন্মোচন, চিন্ময়, তন্ময়, মৃন্ময়, উন্মত্ত, উম্মাদ, উম্মুক্ত, উন্মীলন, উন্মীলিত
ন্দ্ব — দ্বন্দ্ব, সন্দ্বীপ
ন্ত — অন্তরীণ, অন্তরীপ, অন্তর্ভুক্ত।
ন্ত্ব — সান্ত্বনা
ষ্প — চতুষ্পদ, দুষ্প্রাপ্য, নিষ্পত্তি, নিষ্পন্ন, নিষ্পাপ, নিষ্প্রভ, পুষ্পিত, বাষ্প, ভ্রাতুষ্পুত্র, গীষ্পতি
স্প — অস্পষ্ট, আস্পদ, নিস্পন্দ, নিস্পৃহ, স্নেহাস্পদ, হাস্যাস্পদ
স্ত — অন্তস্তল, অভ্যস্ত, ত্রস্ত, প্রশস্ত, বিন্যস্ত, বিপর্যস্ত, বিশ্বস্ত, সন্ত্রস্ত, দুর্দশাগ্রস্ত, রোগগ্রস্ত, ঋণগ্রস্ত।
স্থ — অভ্যন্তরস্থ, তটস্থ, দুস্থ, প্রস্থ, মধ্যস্থ, মুখস্থ, গৃহস্থ, গার্হস্থ্য, স্থূল
স্ব — ভাস্বর, সরস্বতী, স্বরূপ, স্বাধীন, স্বাগত, স্বাস্থ্য, স্বীকার, স্বার্থ, স্বাদ, স্বচ্ছন্দ, স্বচ্ছ, স্বস্তি, স্বয়ম্ভু
শ্ব — অশ্ব, আশ্বস্ত, আশ্বাস, ঐশ্বর্য, নিশ্বাস, বিশ্ব, বিশ্বাস, শাশ্বত, শ্বেত, পার্শ্ব
দ্ম — ছদ্ম, পদ্ম, পদ্মা
দ্ব — দ্বাদশ, দ্বার, দ্বিতীয়, উদ্বিগ্ন, দ্বয়, দ্বীপ, দ্বিপ (হস্তী), দ্বেষ, দ্বৈত, দ্ব্যর্থ, বিদ্বান, বিদ্বেষ, বিদ্বজ্জন।
ম্ম — সম্মত, সম্মান, সম্মানীয়, সম্মুখ, সম্মুখীন, সম্মেলন, সম্মিলিত ।
স্ম — অকস্মাৎ, আকস্মিক, বিস্ময়, বিস্মরণ, ভস্ম, ভস্মীভূত, স্মরণ, স্মরণিকা
ষ্ম — উষ্ম, উষ্মা, গ্রীষ্ম, ভীষ্ম, শ্লেষ্মা, শৈষ্মিক
স্ফ — পরিস্ফুট, প্রস্ফুটিত, বিস্ফোরণ, স্ফটিক, স্ফীত, স্ফুটনাঙ্ক, স্বতঃস্ফূর্ত।
ষ্ফ — নিষ্ফল, নিষ্ফলতা।
ষ্ট — অনিষ্ট, আড়ষ্ট, অভীষ্ট, নিকৃষ্ট, বিশিষ্ট, বৈশিষ্ট্য, রাষ্ট্র, স্রষ্টা।
ষ্ঠ — জ্যেষ্ঠ, জ্যৈষ্ঠ, ষষ্ঠ, ভূমিষ্ঠ, শ্রেষ্ঠ, সুষ্ঠু।
জ্ঝ — কুজ্ঝটিকা
ঞ্জ — শিঞ্জিনী, মঞ্জরী
ঞ্ঝ — ঝঞ্ঝাট
ঙ্খ — অনুপুঙ্খ, উচ্ছৃঙ্খল, পুঙ্খানুপুঙ্খ, শঙ্খ, শৃঙ্খল, শৃঙ্খলা
ঙ্ক্ষ — মঙ্গলাকাঙ্ক্ষী, আকাঙ্ক্ষা, শুভাকাঙ্ক্ষী।
ক্ষ — অভীক্ষা, দীক্ষা, তিতিক্ষা, লক্ষ্য, সাক্ষরতা।
ক্ষ্ম — লক্ষ্মণ, লক্ষ্মী

হ্ন আহ্নিক, চিহ্ন, মধ্যাহ্ন, সায়াহ্ন, জাহ্নবী
হ্ণ পূর্বাহ্ণ, অপরাহ্ণ
ধ্ব ধ্বংস, ধ্বজা, ধ্বনি, ধন্যাত্মক, বিধ্বস্ত, বিধ্বংস, সাধ্বী
ক্রি তেজস্ক্রিয়া, তেজস্ক্রিয়তা।

ই/উ-যুক্ত বিসর্গ (ঃ) এর পর ক, খ, প, ফ থাকলে সাধারণত 'ষ' হবে। অ-যুক্ত বা মুক্ত বর্ণের পরে সাধারণত 'স' হবে।

ষ্ক : আবিষ্কার, জ্যোতিষ্ক, দুষ্কর, দুষ্কার্য, নিষ্কণ্টক, নিষ্কলঙ্ক, নিষ্কর্মা, নিষ্কর, নিষ্কাসন, পরিষ্কার, পুষ্করিণী, বহিষ্কার, মস্তিষ্ক।
স্ক : তিরস্কার, তেজস্কর, পুরস্কার, বয়স্ক, ভাস্কর, মনস্ক, সংস্করণ, সংস্কার, নমস্কার।

MCQ Solution

১. **কোনটি সঠিক বানান?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (চতুর্থ পর্যায়) : ১৯]
(ক) উজ্জ্বল্য (গ) ঔজ্জ্বল্য
(গ) উজ্জ্বল্য (ঘ) ওজ্জ্বল্য **উত্তর: খ**

২. **কোনটি শুদ্ধ বানান?** [৪০তম বিসিএস/ বিবিএস-এর পরিসংখ্যান সহকারী : ২০]
(ক) প্রজ্বল (খ) প্রোজ্জল
(গ) প্রোজ্বল (ঘ) প্রোজ্জ্বল **উত্তর: ঘ**

৩. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩]
(ক) রৌদ্রকরজ্জল (খ) রৌদ্রকরোজ্জ্বল
(গ) রৌদ্রকরজ্জ্বল (ঘ) রৌদ্রকরোজ্জল **উত্তর: খ**

৪. **কোনটি শুদ্ধ বানান?** [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
(ক) জাজ্জ্বল্যমান (খ) জাজ্জ্বল্যমান
(গ) জাজ্বল্যমাণ (ঘ) জাজ্বল্যমান **উত্তর: ঘ**

৫. **কোন বানানটি শুদ্ধ?** [আইসিবি ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
(ক) যালাময়ি (খ) জালাময়ী
(গ) জ্বালাময়ি (ঘ) জ্বালাময়ী **উত্তর: ঘ**

৬. **কোনটি শুদ্ধ বানান?** [আমদানি -রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]
(ক) সন্ন্যাসী (খ) সন্যাসী
(গ) সন্যাসি (ঘ) স্বন্যাসী **উত্তর: ক**

৭. **কোন বানানটি শুদ্ধ?** [পঞ্চদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/ সমপর্যায়) : ১৮]
(ক) সচ্ছল (খ) সচ্চল
(গ) স্বচ্ছল (ঘ) স্বচ্চল **উত্তর: ক**

৮. **কোনটি শুদ্ধ বানান?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১৬]
(ক) সান্তনা (খ) শান্তনা
(গ) সান্ত্বনা (ঘ) শান্ত্বনা **উত্তর: গ**

৯. **কোনটি শুদ্ধ?** [তিতাস গ্যাস ফিল্ড কোম্পানি লি. সহকারী অফিসার (জেনারেল) : ১৮]
(ক) সত্তা (খ) সত্ত্বা
(গ) স্বত্তা (ঘ) সত্বা **উত্তর: ক**

১০. **কোনটি শুদ্ধ বানান?** [৩৮তম বিসিএস/ BPSC-এর সহকারী ইঞ্জিনিয়ার : ২২]
(ক) স্বায়ত্তসাশন (খ) স্বায়ত্তসাশণ
(গ) স্বায়তশাসণ (ঘ) স্বায়ত্তশাসন **উত্তর: ঘ**

১১. **কোনটি শুদ্ধ বানান?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
(ক) স্বায়ত্ব (খ) স্মায়ত্ব
(গ) স্বায়ত্ত (ঘ) সায়ত্ব **উত্তর: গ**

১২. **কোন বানানটি সঠিক?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সার্কেল এ্যাডজুটেন্ট : ১৫]
(ক) স্বরসতী (খ) সরস্বতী
(গ) সরসত্বী (ঘ) স্বরসতি **উত্তর: খ**

১৩. **নিচের কোন বানানটি শুদ্ধ নয়?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩]
(ক) কৃতিত্ব (খ) দায়িত্ব
(গ) সখিত্ব (ঘ) সতিত্ব **উত্তর: ঘ**

১৪. **কোনটি সঠিক?** [স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
(ক) ঋণগ্রস্থ (গ) ঋনগ্রস্থ
(গ) ঋণগ্রস্ত (ঘ) ঋনগ্রস্ত **উত্তর: গ**

১৫. **শুদ্ধ বানানটি নির্দেশ কর-** [আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল অ্যাডজুটেন্ট : ০৫]
(ক) বিশ্বস্ত (খ) বিশ্বত্ত
(গ) বিশাস্ত (ঘ) বিসস্ত **উত্তর: ক**

১৬. **কোনটি শুদ্ধ?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক : ০৩]
(ক) শ্বাস্বত (খ) শাশ্বত
(গ) শ্বাশত (ঘ) স্বাসত **উত্তর: খ**

১৭. **কোন বানানটি শুদ্ধ?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (হোয়াংহো) : ১৩]
(ক) উন্মিলন (খ) উন্মিলণ
(গ) উন্মীলণ (ঘ) উন্মীলন **উত্তর: ঘ**

১৮. **কোনটি অশুদ্ধ রূপ নয়?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (C ইউনিট) : ২১-২২]
(ক) সম্মানীয় (খ) সম্মাননীয়
(গ) সম্মানিয় (ঘ) শম্মানীয় **উত্তর: ক**

১৯. **কোন বানানটি শুদ্ধ?** [বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউটের সহকারী পরিচালক : ২০]
(ক) কুজ্ঝটিকা (খ) কুজ্জটিকা
(গ) কুজ্ঝ্যটিকা (ঘ) কুজ্ঝটীকা **উত্তর: ক**

২০. **কোন বানানটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (চতুর্থ পর্যায়) : ১৯]
(ক) জঞ্জাট (খ) জঞ্ঝাট
(গ) ঝঞ্ঝাট (ঘ) ঝঞ্জাট **উত্তর: গ**

২১. **কোনটি শুদ্ধ বানান?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট স্কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
(ক) স্বতঃস্ফূর্ত (খ) স্বতঃস্ফুর্ত
(গ) সত্তোস্ফূর্ত (ঘ) সত্তোঃস্ফূর্ত **উত্তর: ক**

২২. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ২২]
(ক) আদ্যোক্ষর (খ) আদ্যাক্ষর
(গ) আদ্যক্ষর (ঘ) আদ্যাখর **উত্তর: খ**

২৩. **কোনটি শুদ্ধ বানান?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক : ১৮]
(ক) তিতীক্ষা (খ) তীতিক্ষা
(গ) তিতিক্ষা (ঘ) তীতীক্ষা **উত্তর: গ**

২৪. **নিচের কোন বানানটি সঠিক?** [পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) : ১৯]
ⓚ স্বাক্ষরতা ⓚ সাক্ষ্যরতা
ⓖ স্বাক্ষ্যরতা ⓖ সাক্ষরতা **উত্তর:** ঘ

২৫. **শুদ্ধ বানান কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (তৃতীয় পর্যায়) : ১৯]
ⓚ গৃহস্ত ⓚ গ্রীহস্ত
ⓖ গৃহস্থ ⓖ গ্রীহস্থ **উত্তর:** গ

২৬. **কোনটি নির্ভুল?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
ⓚ দুর্দশাগ্রস্থ ⓚ দুর্দশাগ্রস্ত
ⓖ দূর্দশাগ্রস্থ ⓖ দূরদশাগ্রস্ত **উত্তর:** খ

২৭. **নিচের কোন শব্দটি শুদ্ধ?** [ঢাবি (গ-ইউনিট) : ১৮-১৯]
ⓚ অন্তস্থল ⓚ অন্তঃস্থল
ⓖ অন্তস্তল ⓖ অন্ততল **উত্তর:** গ

২৮. **কোনটি সঠিক বানান?** [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১০]
ⓚ পুঙ্খানুপুঙ্খ ⓚ পুঙ্খানুপূঙ্খ
ⓖ পুঙ্খনূপুঙ্খ ⓖ পুঙ্খনাপুঙ্খ **উত্তর:** ক

২৯. **কোনটি শুদ্ধ বানান?** [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ⓚ প্রনষ্ট ⓚ প্রনস্ট
ⓖ প্রণষ্ট ⓖ প্রণস্ট **উত্তর:** ক

৩০. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [বিবিএস এর ডাটা এন্ট্রি অপারেটর : ১৬]
ⓚ স্রষ্টা ⓚ শ্রষ্টা
ⓖ শ্রস্টা ⓖ সৃশ্টা **উত্তর:** ক

৩১. **কোন বানানটি শুদ্ধ-** [বিপিএসসি এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ⓚ সুষ্ট ⓚ সুষ্ঠু
ⓖ ষুষ্ঠ ⓖ শুষ্ঠু **উত্তর:** খ

৩২. **কোন বানানটি শুদ্ধ?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩]
ⓚ তেজস্ক্রীয়তা ⓚ তেজষ্ক্রিয়তা
ⓖ তেজস্ক্রিয়তা ⓖ তেজোস্ক্রিয়তা **উত্তর:** গ

৩৩. **নিচের কোনটি সঠিক নয়?** [জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
ⓚ পরিষ্কার ⓚ নমস্কার
ⓖ দুষ্কর ⓖ হিরন্ময় **উত্তর:** ঘ

৩৪. **সঠিক বানান কোনটি?** [৩৬তম বিসিএস]
ⓚ কৃসংস্কার ⓚ কুসংকার
ⓖ কুসংস্কার ⓖ কৃশংস্কার **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর - কুসংস্কার।

৩৫. **কোন বাক্যটি শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১২]
ⓚ সর্বদা পরিষ্কার থাকিবে ⓚ সর্বদা পরিস্কৃত থাকিবে
ⓖ সর্বদা পরিষ্কারময় থাকিবে ⓖ কোনোটিই নয় **উত্তর:** ঙ

'য'-ফলাজনিত সকর্তকা

জ্য/জ্যা	জ্যামিতি, ভোজ্য
ধ্য/ধ্যা	অধ্যবসায়, অধ্যয়ন, অধ্যাদেশ, অধ্যাপক, অধ্যক্ষ, অধ্যায়
ত্য/ত্যা	ত্যক্ত, প্রত্যন্ত, প্রত্যহ, অত্যাচার, অত্যাবশ্যক, প্রত্যাখ্যান, প্রত্যাগত, প্রত্যাবর্তন, প্রত্যাশা, অত্যধিক, অত্যন্ত, অত্যল্প, ইত্যবসর, গত্যন্তর, প্রত্যাহার, সত্যাসত্য
দ্য/দ্যা	আদ্যাক্ষর, আদ্যন্ত, দ্ব্যর্থক, যদ্যপি, অদ্যাপি, অদ্যাবধি
ব্য/ব্যা	ব্যাপ্ত, ব্যায়াম, ব্যাসার্ধ, ব্যাকুল, ব্যাকরণ, ব্যাখ্যা, ব্যাখ্যাত, ব্যাধি, ব্যাপার, ব্যাহত ব্যতীত, ব্যত্যয়, ব্যথা, ব্যথিত, ব্যবধান, ব্যবসা, ব্যবস্থা, ব্যবহার, ব্যভিচার, ব্যয়, ব্যক্ত, ব্যক্তি, ব্যগ্র, ব্যঞ্জন, ব্যতিক্রম, ব্যতিরেকে, ব্যর্থ, ব্যস্ত।
ভ্য/ভ্যা	অভ্যাগত, অভ্যস্ত, অভ্যন্তরীণ, অভ্যাস
না/ন্যা	অন্যায়, ন্যায়, ন্যস্ত, বিন্যস্ত, ন্যায্য, বিন্যাস।

MCQ Solution

১. **কোনটি শুদ্ধ বানান?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫]
ⓚ অদ্যপি ⓚ অদ্যাপি
ⓖ অদ্যপী ⓖ অদ্যাপী **উত্তর:** খ

২. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪]
ⓚ ব্যতীত ⓚ ব্যতিত
ⓖ ব্যাতীত ⓖ ব্যাতিত **উত্তর:** ক

৩. **কোনটি শুদ্ধ বানান?** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ⓚ ব্যকুল ⓚ ব্যাকুল
ⓖ ব্যাকূল ⓖ ব্যকূল **উত্তর:** খ

বাংলা বানান রীতি অনুযায়ী একই শব্দের দুটি বানানই শুদ্ধ। যেমন-

অন্তরীক্ষ- অন্তরিক্ষ	কুমির- কুমীর	নিমিষ-নিমেষ	মসুর - মসূর
অন্তঃস্থ-অন্তস্থ	গাড়ি - গাড়ী	প্রতিকার- প্রতীকার	রজনি-রজনী
ঈর্ষা - ঈর্ষ্যা	তরণি - তরণী	পাখি - পাখী	শ্রেণি - শ্রেণী
কিশলয়-কিসলয়	দেবকী-দৈবকী	বাড়ি - বাড়ী	স্বামি - স্বামী
কলস - কলশ	দিঘি - দীঘি	বাঁশি - বাঁশী	সূচি - সূচী
কুটির - কুটীর	দাদি - দাদী	মর্ত - মর্ত্য	হাতি - হাতী

MCQ Solution

১. **বাংলা বানান রীতি অনুযায়ী কোন দুটি বানানই শুদ্ধ?**
[১৩তম বিসিএস/প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ভলগা) : ১৩]
ⓚ হাতি/হাতী ⓚ নারি/নারী
ⓖ জাতি/জাতী ⓖ দাদি/দাদী **উত্তর:** ক,ঘ

২. **সঠিক শব্দ কোনটি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ১৭]
ⓚ চলাকালীন সময়ে ⓚ চলাকালের সময়ে
ⓖ চলাকালে ⓖ চলাকালিন সময়ে **উত্তর:** গ

৩. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর : ২০]
ⓚ নভোচারী ⓚ নভশ্চারী
ⓖ নভোশ্চারী ⓖ নভচারী **উত্তর:** ক

৪. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দানিয়ুব) : ১৩]
ⓚ নির্মিলীত ⓚ নির্মীলীত
ⓖ নির্মীলিত ⓖ নির্মিলিত **উত্তর:**
ব্যাখ্যা: বাংলা একাডেমি'র ব্যবহারিক বাংলা অভিধানে এরকম কোনো শব্দ নেই। তবে নিমীলিত শব্দটি আছে, যার অর্থ- মুদ্রিত বা সঙ্কুচিত।

৫. **বিশুদ্ধ বানান কোনটি?** [বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের অডিটর : ২১]
ⓚ নৈর্ঋত ⓚ নৈঋিত
ⓖ নৈঋ্ত ⓖ নৈহ্ৃত **উত্তর:** ক

৬. **শুদ্ধ বানান কোনটি?** [জনতা ব্যাংক লি. এক্সিকিউটিভ অফিসার : ১২]
ⓚ পল্বল ⓚ পল্লল
ⓖ পল্যল ⓖ পল্লোল **উত্তর:** ক

৭. **নিচের কোন শব্দটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ২২]
ⓚ বীকেন্দ্রিকরণ ⓚ বিকেন্দ্রিকরণ
ⓖ বিকেন্দ্রীকরণ ⓖ বীকেন্দ্রীকরণ **উত্তর:** গ

৮. **কোনটি সঠিক?** [সমন্বিত তিন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে নিয়োগ : ১৮]
ⓚ ভদ্রোচিত ⓚ ভদ্রতচিত
ⓖ ভদ্রচিত ⓖ ভদ্রাচিত **উত্তর:** ক

৯. **কোন বানানটি শুদ্ধ তা নির্দেশ করুন।** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চিফ ইন্সট্রাক্টর, ননটেক : ০৩]
ⓚ মদ্রাসা ⓚ মাদ্‌রাছা
ⓖ মাদ্‌রাসা ⓖ মদরাছা **উত্তর:** গ

১০. **কোন বানানটি সঠিক?** [আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সার্কেল এ্যাডজুটেন্ট : ১৫]
ⓚ মৃত্যুত্তীর্ণ ⓚ মৃত্যূত্তীর্ণ
ⓖ মৃত্যুত্তির্ণ ⓖ মৃত্যূত্তীর্ণ **উত্তর:** ক

১১. **কোন বানানটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ যথাচীত ⓚ যথোচিত
ⓖ যথাচিত ⓖ যথচিত **উত্তর:** খ

১২. **নিচের কোন বানানটি সঠিক?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১৩]
ⓚ যশধ্বনি ⓚ যশোধ্বনি
ⓖ যশধনী ⓖ যশঃধ্বনি **উত্তর:**
ব্যাখ্যা: যশোধন - স্ত্রীরূপ হবে যশস্বতী বা যশস্বিনী।

১৩. **কোন বানানটি শুদ্ধ?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ : ১৪]
ⓚ সমভিব্যহারে ⓚ সমবিব্যাহারে
ⓖ সমভিব্যাহারে ⓖ সমবিব্যহারে **উত্তর:** গ

১৪. **কোনটি শুদ্ধ বানান?** [৩৫তম বিসিএস লিখিত (মনস্তাত্ত্বিক)]
ⓚ ঈন্দ্রীয় ⓚ ঈন্দ্রিয়
ⓖ ইন্দ্রিয় ⓖ ইন্দ্রীয় **উত্তর:** গ

১৫. **কোনটি শুদ্ধ বানান?** [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়) এর অফিস সহকারী : ২১]
ⓚ প্রত্যুদ্‌গমন ⓚ প্রত্যুৎগমন
ⓖ প্রত্যুতগমন ⓖ প্রত্যুগমন **উত্তর:** ক

১৬. **কোন বানানটি শুদ্ধ?** [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ⓚ মনমুগ্ধকর ⓚ মনোমুগ্ধকর
ⓖ মনঃমুগ্ধকর ⓖ মনোঃমুগ্ধকর **উত্তর:** খ

বাক্যে পদের অপপ্রয়োগ

প্রত্যয়ঘটিত অশুদ্ধি

- তা এবং ত্ব হলো বিশেষ্যবাচক প্রত্যয় - যা কেবল বিশেষণ পদকে বিশেষ্যে করে। তাই বিশেষ্য পদের সঙ্গে আবারো তা বা ত্ব যুক্ত করলে তা ভুল হবে। যেমন:
  দরিদ্র $_{বিণ}$ + য = দারিদ্র্য $_{বি}$ ✓
  দরিদ্র $_{বিণ}$ + তা = দরিদ্রতা $_{বি}$ ✓
  দারিদ্র্য $_{বি}$ + তা = দারিদ্র্যতা ×

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অধৈর্যতা	অধৈর্য, অধীরতা	বৈচিত্র্যতা	বৈচিত্র্য, বিচিত্রতা
অপকর্ষতা	অপকর্ষ, অপকৃষ্টতা	বৈশিষ্ট্যতা	বৈশিষ্ট্য, বিশিষ্টতা
আলস্যতা	অলসতা, আলস্য	বৈষম্যতা	বৈষম্য, বিষমতা
উৎকর্ষতা	উৎকৃষ্টতা, উৎকর্ষ	ভারসাম্যতা	ভারসাম্য, ভারসমতা
ঐক্যতা	একতা, ঐক্য	মাধুর্যতা	মধুরতা, মাধুর্য
কার্পণ্যতা	কার্পণ্য, কৃপণতা	মৈত্রতা	মৈত্র, মিত্রতা
গাম্ভীর্যতা	গাম্ভীর্য, গম্ভীরতা	মৌনতা	মৌন
চাতুর্যতা	চাতুর্য, চতুরতা	লাঘবতা	লাঘব, লঘুতা
চাপল্যতা	চাপল্য, চপলতা	সৌজন্যতা	সৌজন্য, সুজনতা
চাঞ্চল্যতা	চাঞ্চল্য, চঞ্চলতা	সৌহার্দ্যতা	সৌহার্দ্য
দারিদ্রতা	দারিদ্র, দরিদ্রতা	সৌন্দর্যতা	সৌন্দর্য, সুন্দরতা
দৌর্বল্যতা	দৌর্বল্য, দুর্বলতা	সখ্যতা	সখ্য
দৈন্যতা	দীনতা, দৈন্য	সারল্যতা	সারল্য, সরলতা
দ্বৈততা	দ্বৈত	সাদৃশ্যতা	সাদৃশ্য, সদৃশতা
ধৈর্যতা	ধৈর্য, ধীরতা	সামর্থ্যতা	সামর্থ্য, সমর্থতা
নির্ভরশীলতা	নির্ভরশীল, নির্ভরতা	স্বাতন্ত্র্যতা	স্বাতন্ত্র্য, স্বতন্ত্রতা
প্রসারতা	প্রসার	পৌরুষত্ব	পৌরুষ, পুরুষত্ব
বাহুল্যতা	বাহুল্য, বহুলতা		

- প্রত্যয়ের অপপ্রয়োগের ফলে শব্দগঠনের সময় বানানে ভুল হয়। যেমন- অধীন (অধীনস্থ), অসহনীয়/ অসহ্য (অসহ্যনীয়), আবশ্যক (আবশ্যকীয়), একত্র (একত্রিত), ঐকতান (ঐক্যতান), ঐকমত্য (ঐক্যমত), ঘূর্ণায়মান (ঘূর্ণীয়মান), দূষণীয় (দোষণীয়), বিবদমান (বিবাদমান), নির্দোষ (নির্দোষিতা)।
- উৎকর্ষবাচক -তর, -তম প্রত্যয়জনিত অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ
শ্রেষ্ঠতর, শ্রেষ্ঠতম	শ্রেষ্ঠ, সর্বশ্রেষ্ঠ
কনিষ্ঠতর, কনিষ্ঠতম	কনিষ্ঠ, সর্বকনিষ্ঠ
গরিষ্ঠতর, গরিষ্ঠতম	গরিষ্ঠ
লঘিষ্ঠতর, লঘিষ্ঠতম	লঘিষ্ঠ

MCQ Solution

১. **কোনটি শুদ্ধ বানান?** [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক আলস্যতা খ অলস্য
গ আলস্য ঘ আলসতা **উত্তর:** গ

২. **নিচের কোনটি শুদ্ধ?** [১১তম বিসিএস/ সিজিএ এর অফিস সহায়ক : ২২]
ক সৌজন্নতা খ সৌজন্যতা
গ সৌজন্ন ঘ সৌজন্য **উত্তর:** ঘ

৩. **কোনটি শুদ্ধ বাক্য?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক তার সৌজন্যতায় আমি সুযোগটি পেয়েছি
খ তাহার সৌজন্যতায় আমি সুযোগটি পেয়েছি
গ তার সৌজন্যে আমি সুযোগটি পেয়েছি
ঘ তাহার সৌজন্যে আমি সুযোগটি পেয়েছি **উত্তর:** গ

৪. **য-প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ক অম্লতা খ দারিদ্র্য
গ সহযোগিতা ঘ নাগরিক **উত্তর:** খ

৫. **কোনটি শুদ্ধ?** [পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) সহকারী পরিচালক : ২১]
ক দারিদ্র খ দারিদ্রতা
গ দারিদ্র্য ঘ দারিদ্য **উত্তর:** গ

৬. **কোনটি শুদ্ধ?** [NSI - এর সাঁটমুদ্রাক্ষরিক : ১৭]
ক দারিদ্র্যতা খ দারিদ্রতা
গ দরিদ্রতা ঘ দরিদ্র্যতা **উত্তর:** গ

৭. **নিচের কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ (বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ক দারিদ্রতা খ ঐক্যতা
গ উৎকর্ষতা ঘ বিশিষ্টতা **উত্তর:** ঘ

৮. **'দারিদ্রতা' শব্দটি অশুদ্ধ কেন?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী : ২১]
ক প্রত্যয়জনিত কারণে খ উপসর্গজনিত কারণে
গ সন্ধিজনিত কারণে ঘ কারকজনিত কারণে **উত্তর:** ক

৯. **প্রত্যয়ের অপপ্রয়োগজনিত অশুদ্ধ শব্দ-** [জবি (খ ইউনিট) : ০৯-১০]
ক তদ্দর্শনে খ আবশ্যকীয়
গ নির্দোষিতা ঘ অধীন **উত্তর:** খ,গ

১০. **কোন বাক্যটি শুদ্ধ?** [৩৩তম বিসিএস]
ক দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা
খ তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়
গ সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত
ঘ সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল **উত্তর:** ক

১১. **প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি?** [১৬তম বিসিএস]
ক উৎকর্ষতা খ উৎকর্ষ
গ উৎকৃষ্ট ঘ উৎকৃষ্টতা **উত্তর:** খ

১২. **'উৎকর্ষতা' কি কারণে অশুদ্ধ?** [২৪তম বিসিএস]
ক সন্ধিজনিত খ প্রত্যয়জনিত
গ উপসর্গজনিত ঘ বিভক্তিজনিত **উত্তর:** খ

১৩. **'রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য' বাক্যটির শুদ্ধরূপ কোনটি?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ০৯]
ক রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য
খ রচনাটির উৎকর্ষতা অনস্বীকায
গ রচনাটির উৎকর্স অনস্বীকার্য
ঘ রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য **উত্তর:** ক,ঘ

১৪. **'ভারসাম্যতা' শব্দটি অশুদ্ধ কেন?** [ঢাবি (ঘ ইউনিট) : ০৩-০৪]
ক প্রত্যয়জনিত কারণে খ উপসর্গজনিত কারণে
গ সন্ধিজনিত কারণে ঘ কারকজনিত কারণে **উত্তর:** ক

১৫. **নিচের কোনটি অপ-প্রয়োগের দৃষ্টান্ত?** [৩৮তম বিসিএস/ বাংলাদেশ সরকারী কর্মকমিশন এর সহকারী ইঞ্জিনিয়ার : ২২]
ক একক খ একত্র
গ একাকিত্ব ঘ একত্রিত **উত্তর:** ঘ

১৬. **কোন বাক্যটি শুদ্ধ?** [৩৫তম বিসিএস]
ক দৈন্য সর্বদা মহত্বের পরিচায়ক নয়
খ দৈন্যতা সর্বদা মহত্বের পরিচায়ক নয়
গ দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
ঘ দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয় **উত্তর:** গ

১৭. **শুদ্ধ বাক্য নির্দেশ করুন-** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট অ্যাসিস্ট্যান্ট : ২২]
ক দৈন্যতা প্রশংসনীয় নয় খ দীনতা প্রশংসনীয় নয়
গ দৈন্যতা নিন্দনীয় ঘ দৈন্যতা অপ্রশংসনীয় **উত্তর:** খ

১৮. **নিচের কোনটি অপ-প্রয়োগের দৃষ্টান্ত?** [সোনালী ব্যাংক লি. অফিসার/ অফিসার (ক্যাশ) : ১৪]
ক নির্ভরশীল খ নির্ভরশীলতা
গ নির্ভরতা ঘ নির্ভরযোগ্য **উত্তর:** খ

১৯. **'এমন অসহ্যনীয় ব্যথা আমি আর কখনও অনুভব করি নাই।' – বাক্যটির শুদ্ধ রূপ কোনটি?** [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১২]
ক এমন অসহ্য ব্যথা আমি আর কখনও অনুভব করি নাই
খ এমন অসহ্যনীয় ব্যথা আমি আর কখনও অনুভব করি নাই
গ এমন অসহনীয় ব্যথা আমি আর কখনও অনুভব করি নাই
ঘ ক ও গ উভয়ই **উত্তর:** ঘ

২০. **কোনটি শুদ্ধ বানান?** [তিতাস গ্যাস ফিল্ড কোম্পানি লি. সহকারী অফিসা : ১৮]
ক ঘূর্ণায়মান খ ঘুর্ণায়মান
গ ঘুর্নায়মান ঘ ঘূর্নায়মান **উত্তর:** ক

২১. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৩]
ক আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত
খ আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত
গ আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত
ঘ আবশ্যক ব্যয়ে কার্পন্য অনুচিত **উত্তর:** খ

২২. **নিচের কোনটি বাহুল্য দোষে দুষ্ট?** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার (টেলার) : ১৫]
ক স্বায়ত্তশাসন খ একত্র
গ অধীনস্থ ঘ অধস্তন **উত্তর:** গ

২৩. **কোনটি শুদ্ধ?** [১২তম বিসিএস/ বাংলাদেশ জুটমিল করপোরেশনের অফিসার : ১৭]
ⓚ বিদ্যান ব্যক্তিরা দারিদ্রতার শিকার হন
ⓚ বিদ্বান ব্যক্তিরা দারিদ্র্যের শিকার হন
ⓖ বিদ্যান ব্যক্তিরা দারিদ্র্যতার শিকার হন
ⓖ বিদ্বান ব্যক্তিরা দারিদ্রের স্বীকার হন **উত্তর:** খ

২৪. **কোন বাক্যটি শুদ্ধ?** [বাংলাদেশ কৃষি ব্যাংক সুপারভাইজার : ১২]
ⓚ জ্ঞানি মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর
ⓚ জ্ঞানি মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
ⓖ জ্ঞানি মূর্খতা অপেক্ষা শ্রেষ্ঠ
ⓖ জ্ঞানী মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ **উত্তর:** ঘ

২৫. **শুদ্ধ বাক্যটি চিহ্নিত করুন-** [বাংলাদেশ টেলিভিশনের প্রযোজক : ০৬]
ⓚ বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর
ⓚ বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর
ⓖ বিদ্যান মুর্খ অপেক্ষা ভাল
ⓖ বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ **উত্তর:** ঘ

বচনের অপপ্রয়োগজনিত অশুদ্ধি

বিশেষ্য পদের সঙ্গে গুলি, গুলো, রা, এরা ইত্যাদি যুক্ত করে বহুবচন তৈরি করা হয়। বহুবচনে একইসঙ্গে দুইবার বহুবচনবাচক প্রত্যয় বা শব্দ ব্যবহৃত হয় না। একটি বাক্যে একাধিকবার বহুবচনবাচক প্রত্যয় বা শব্দ ব্যবহারে 'বাহুল্য-দোষ' ঘটে। তাই অগণিত, অনেক, বহু, যাবতীয়, সব ইত্যাদি যত বহুত্ববাচক শব্দ আছে, তাদের পরে সংশ্লিষ্ট বিশেষ্য পদের সঙ্গে গুলি, গুলো, রা ইত্যাদি যুক্ত হবে না। যেমন-

অশুদ্ধ	শুদ্ধ
সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন।	সকল সভ্য এখানে উপস্থিত ছিলেন।
সব মাছগুলোর দাম কত?	মাছগুলোর দাম কত?
সকল মানুষেরাই মরণশীল।	মানুষ (সব মানুষই) মরণশীল।
চোরটি সব মালসুদ্ধ ধরা পড়েছে।	চোরটি মালসুদ্ধ ধরা পড়েছে।
৫ জন ছাত্ররা স্কুলে যায়।	৫ জন ছাত্র স্কুলে যায়।
প্রত্যেক শিক্ষকগণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।	প্রত্যেক শিক্ষক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

MCQ Solution

১. **নিচের কোনটিতে বহুবচনের অপ-প্রয়োগ ঘটেছে?** [পূবালী ব্যাংক লি. অফিসার/ সিনিয়র অফিসার : ১৪]
ⓚ সমুদয় পরীক্ষার্থীকে অভিনন্দন
ⓚ ফুলদল দিয়া কাটিয়া কি বিধাতা শাম্মাধলী তরুবরে?
ⓖ ছেলেরা ফুটবল খেলছে
ⓖ সকল পণ্ডিতেরা অহংকারী হন না **উত্তর:** ঘ

২. **'সকল ছাত্ররাই যথাসময়ে উপস্থিত হয়েছে।' - বাক্যটিতে কি ধরনের ভুল আছে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ⓚ বানান ⓚ পদ
ⓖ বচন ⓖ বিভক্তি **উত্তর:** গ

৩. **'সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন' বাক্যটির শুদ্ধরূপ কোনটি?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ০৯]
ⓚ সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন
ⓚ সকল সভ্য এখানে উপস্থিত ছিলেন
ⓖ সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন
ⓖ খ ও গ উভয়েই **উত্তর:** ঘ

৪. **কোনটি শুদ্ধ বাক্য?** [NSI - এর অফিস সহায়ক : ১৭]
ⓚ এ বিদ্যালয়ের সকল ছাত্ররাই মনোযোগী
ⓚ এ বিদ্যালয়ের সকল ছাত্রই মনোযোগী
ⓖ এ বিদ্যালয়ের সকল ছাত্রবৃন্দই মনোযোগী
ⓖ কোনোটিই নয় **উত্তর:** খ

৫. **কোনটি শুদ্ধ বাক্য?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৬]
ⓚ প্রত্যেক শিক্ষকগণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন
ⓚ প্রত্যেক শিক্ষকগণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন
ⓖ প্রত্যেক শিক্ষকগন অনুষ্ঠানে উপস্থিত থাকিবেন
ⓖ প্রত্যেক শিক্ষক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন **উত্তর:** ঘ

৬. **কোন বাক্যটি শুদ্ধ?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের হিসাবরক্ষক : ১১]
ⓚ ৫ জন ছাত্ররা স্কুলে যায় ⓚ ৫ জন ছাত্রগণ স্কুলে যায়
ⓖ ৫ জন ছাত্র স্কুলে যায় **উত্তর:** গ

৭. **পদাশুদ্ধি নির্দেশ করুন-** [দুদক এর জেলা দুর্নীতি দমন অফিসার : ১৪]
ⓚ প্রমুখ বিশিষ্ট ব্যক্তি ⓚ প্রমুখ বিশিষ্ট ব্যক্তিরা
ⓖ প্রমুখ বিশিষ্ট ব্যক্তিগণ ⓖ প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবৃন্দ **উত্তর:** গ

সমাস-ঘটিত অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
আকণ্ঠ পর্যন্ত	আকণ্ঠ	শশীভূষণ	শশিভূষণ
আমরণ পর্যন্ত	আমরণ	চণ্ডিদাস	চণ্ডীদাস
অহোরাত্রি	অহোরাত্র	মৃগনয়নী	মৃগনয়না
নিষ্পাপী	নিষ্পাপ	সুলোচনী	সুলোচনা
নীর্দোষী	নীর্দোষ	সুকণ্ঠিনী	সুকণ্ঠি/ সুকণ্ঠা
নিষ্কলঙ্কী	নিষ্কলঙ্ক	শ্বেতাঙ্গিনী	শ্বেতাঙ্গী/ শ্বেতাঙ্গা
নির্ধনী	নির্ধন	মহারাজা	মহারাজ
নীরোগী	নীরোগ	মহাত্মাগণ	মহাত্মগণ
আরোহীগণ	আরোহিগণ	সতর্কিত	সতর্ক
কালীদাস	কালিদাস	সশঙ্কিত	সশঙ্ক/ শঙ্কিত

গুণীগণ	গুণিগণ	সকৃতজ্ঞ	কৃতজ্ঞ
যোগীবৃন্দ	যোগিবৃন্দ	সবিনয়পূর্বক	বিনয়পূর্বক/ সবিনয়ে
জন্মবার্ষিকী	জন্মবার্ষিক	সপ্রণত	প্রণত

সম্ভাষণসূচক শব্দের বানান সতর্কতা

- পুরুষবাচক সম্ভাষণসূচক শব্দে এ-কারের পর 'ষ' হয়। যেমন: শ্রদ্ধাভাজনেষু, কল্যাণবরেষু, সুজনেষু, সুচরিতেষু, সুহৃদ্‌বরেষু, বন্ধুবরেষু, কল্যাণীয়েষু, প্রীতিভাজনেষু, প্রিয়বরেষু, কল্যাণীবরেষু, স্নেহাস্পদেষু, শ্রীচরণেষু, শ্রদ্ধাস্পদেষু প্রিয়তমেধু।
- আ-কারের পর স্ত্রীবাচক সম্ভাষণে 'সু' হয়। যেমন- কল্যাণীয়াসু, সচরিতাসু, পূজনীয়াসু, প্রিয়তমাসু, মাননীয়াসু, সুপ্রিয়াসু ইত্যাদি।

লিঙ্গ-ঘটিত অশুদ্ধি

অনাথা (অনাথিনী), অপ্সরা (অপ্সরী)।

MCQ Solution

১. **শুদ্ধ বাক্য কোনটি?** [১০ম বিসিএস]
(ক) দুর্বলবশতঃ অনাথিনী বসে পড়ল
(খ) দুর্বলতাবশত অনাথিনী বসে পড়ল
(গ) দুর্বলতাবশত অনাথা বসে পড়ল
(ঘ) দুর্বলবশত: অনাথা বসে পড়ল **উত্তর:** গ

২. **কোন বাক্যটি শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১২]
(ক) রহিমা পাগলি হয়ে গেছে
(খ) রহিমা পাগল হয়ে গেছে
(গ) রহিমা পাগলিনী হয়ে গেছে
(ঘ) রহিমা পাগলী হয়ে গেছে **উত্তর:** খ

৩. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সিনিয়র অফিসার : ১৪]
(ক) সে এমন রূপসী যেন অপ্সরী।
(খ) সে এমন রূপবতী যেন অপ্সরা।
(গ) সে এমন রূপবতী যেন অপ্সরী।
(ঘ) সে এমন রূপসী যেন অপ্সরা। **উত্তর:** খ

৪. **'আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদ্বান' এই বাক্যে কোন ধরনের ভুল আছে?** [বাংলাদেশ কমার্স ব্যাংক অফিসার : ০০]
(ক) কালগত (খ) লিঙ্গগত
(গ) বচনগত (ঘ) বিশেষণের **উত্তর:** খ

৫. **শুদ্ধ বানান নির্ণয় করুন:** [তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. সহকারী ব্যবস্থাপক : ২১]
(ক) কল্যানীয়েসু (খ) কল্যাণীয়েষু
(গ) কল্যাণিয়েসু (ঘ) কল্যানিয়েসু **উত্তর:** খ

৬. **মহিলাদের সম্বোধনের ক্ষেত্রে প্রযোজ্য শব্দ-** [২৩তম বিসিএস]
(ক) কল্যাণীয়াষু (খ) কল্যাণীয়াসু
(গ) কল্যাণীয়েষু (ঘ) কল্যাণীয়েসু **উত্তর:** খ

৭. **স্ত্রী জাতীয় কাউকে সম্বোধন করার সময় কোনটি ব্যবহার করতে হবে?** [রাবি (ঙ ইউনিট) : ১৬-১৭]
(ক) সুজনেষু (খ) সৃজনেসু
(গ) সুজনীয়াসু (ঘ) সুজনিয়াষু **উত্তর:** গ

৮. **নারীকে সম্বোধনের ক্ষেত্রে প্রযোজ্য হবে-** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে উপ-পরিদর্শক : ১৮]
(ক) কল্যাণীয়েষু (খ) সুচরিতেষু
(গ) শ্রদ্ধাস্পদাসু (ঘ) প্রীতিভোজনেষু **উত্তর:** গ

৯. **কোনটি শুদ্ধ?** [চবি (ই১ ইউনিট) : ১১-১২]
(ক) শ্রদ্ধাস্পদাসু (খ) শ্রদ্ধাস্পদেসু
(গ) শ্রদ্ধাস্পদাণ্ড (ঘ) শ্রদ্ধাস্পদীয়া **উত্তর:** ক

বাচ্যজনিত ভুল

অশুদ্ধ	শুদ্ধ
আমি অপমান হইয়াছি।	আমি অপমানিত হইয়াছি।
এ কথা প্রমাণ হয়েছে।	এ কথা প্রমাণিত হয়েছে।
সভাপতি কর্তৃক প্রস্তাবটি অনুমোদন করেছেন।	সভাপতি কর্তৃক প্রস্তাবটি অনুমোদিত হয়েছে। সভাপতি প্রস্তাবটি অনুমোদন করেছেন

বিশেষ্যের স্থানে বিশেষণ বা বিশেষণের বাহুল্য প্রয়োগজনিত ভুল

অশুদ্ধ	শুদ্ধ
আমি সন্তোষ হলাম।	আমি সন্তুষ্ট হলাম।
সে আরোগ্য হয়েছে।	সে আরোগ্য লাভ করেছে।
রহীন সঙ্কট অবস্থায় পড়িয়াছে।	রহীন সঙ্কটজনক অবস্থায় পড়িয়াছে।
ইহার আবশ্যক নাই।	ইহার আবশ্যকতা নাই।
আমি সাক্ষী দিয়েছি।	আমি সাক্ষ্য দিয়েছি।
একটি গোপন কথা বলি।	একটি গোপনীয় কথা বলি।
তার দু'চোখ অশ্রুজলে ভেসে গেল।	তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।

যথার্থ শব্দ প্রয়োগ না করায় ভুল

অশুদ্ধ	শুদ্ধ
তিনি স্বস্ত্রীক শহরে থাকেন।	তিনি সস্ত্রীক শহরে থাকেন।
অপব্যয় একটি মারাত্মক ব্যাধি।	অপচয় একটি মারাত্মক অভ্যাস।
পরপকার মানুষত্বের পরিচায়ক।	পরোপকার মনুষ্যত্বের পরিচায়ক।
সে সংকট অবস্থায় পড়েছে।	সে সংকটজনক অবস্থায় পড়েছে।
এটা লজ্জাস্কর ব্যাপার।	এটা লজ্জাকর ব্যাপার।

MCQ Solution

১. **নিম্নের কোন বাক্যটি সঠিক?** [বেবিচক-এর নিরাপত্তা অপারেটর : ২১]
(ক) আমার কথাই প্রমান হলো
(খ) আমার কথাই প্রমাণ হলো
(গ) আমার কথাই প্রমাণীত হলো
(ঘ) আমার কথাই প্রমাণিত হলো **উত্তর:** ঘ

২. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট) : ২০-২১]
ⓚ টাকার প্রয়োজন নেই আমার
ⓚ আমার টাকার আবশ্যক নাই
ⓖ আমার টাকার আবশ্যকতা নাই
ⓖ সবগুলো **উত্তর:** গ

৩. **কোনটি শুদ্ধ বাক্য?** [১১তম বিসিএস/ কারিগরি শিক্ষা অধিদপ্তরে বিভিন্ন পদ : ২১]
ⓚ একটি গোপন কথা বলি
ⓚ একটি গোপনীয় কথা বলি
ⓖ এক গুপ্ত কথা বলি
ⓖ একটি গোপনীয়তার কথা বলি **উত্তর:** খ

৪. **কোনটি শুদ্ধ শব্দ?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক : ১৩]
ⓚ সাক্ষ্যদান ⓚ সাক্ষীদান
ⓖ সাক্ষীবলা ⓖ সাক্ষ্য উপস্থিত **উত্তর:** ক

৫. **নিম্নের কোন বাক্যটি শুদ্ধ?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৫]
ⓚ আমি সাক্ষী দিয়েছি
ⓚ আমি সাক্ষ্য দিয়েছি
ⓖ আমি সাক্ষী দিতেছি
ⓖ আমি সাক্ষী দিলাম **উত্তর:** খ

৬. **কোন বাক্যটি শুদ্ধ?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষক : ১৭]
ⓚ তিনি তোমার বিরুদ্ধে সাক্ষী দিলেন
ⓚ তিনি তোমার বিরুদ্ধে সাক্ষ্য দিলেন
ⓖ তিনি তোমার বিরুদ্ধে সাক্ষ দিলেন
ⓖ তিনি তোমার বিরুদ্ধে স্বাক্ষ্য দিলেন **উত্তর:** খ

৭. **কোন বাক্যটি শুদ্ধ?** [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১০]
ⓚ আমি সন্তোষ হলাম ⓚ আমি সন্তোষ্ট হইলাম
ⓖ আমি সন্তুষ্ট হলাম ⓖ আমি সন্তূষ্ট হলাম **উত্তর:** গ

৮. **নিচের কোন বাক্যটি শুদ্ধ নয়?** [স্থানীয় সরকার অধিদপ্তরের হিসাব সহকারী : ২১]
ⓚ সভাপতি কর্তৃক প্রস্তাবটি অনুমোদন করেছেন।
ⓚ সভাপতি প্রস্তাবটি অনুমোদন করেছেন।
ⓖ সভাপতি কর্তৃক প্রস্তাবটি অনুমোদিত হয়েছে।
ⓖ সভাপতি কর্তৃক প্রস্তাবটি অনুমোদিত হয়নি। **উত্তর:** ক

৯. **শুদ্ধ শব্দ কোনটি?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১০]
ⓚ জাতিসত্তা ⓚ সস্ত্রীক
ⓖ সমীচিন ⓖ গীতাঞ্জলী **উত্তর:** খ

১০. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (দ্বিতীয় পর্যায়) : ২২]
ⓚ তিনি সস্ত্রীক শহরে থাকেন।
ⓚ তিনি ও স্ত্রী শহরে থাকেন।
ⓖ তিনি স্ব-স্ত্রীসহ শহরে থাকেন।
ⓖ তিনি স্বস্ত্রীক শহরে থাকেন। **উত্তর:** ক

সমার্থ শব্দের বাহুল্যজনিত অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অদ্যাপিও	অদ্যপি, অদ্যও	যদ্যপিও	যদিও, যদ্যপি
অশ্রুজল	অশ্রু	সময়কাল	সময়, কাল
আয়ত্তাধীন	আয়ত্ত, অধীন	সঠিক	ঠিক
আরক্তিম	আরক্ত, রক্তিম	সমূলসহ	সমূল, মূলসহ
সপরিবারসহ	সপরিবার, পরিবারসহ	সুস্বাগত	স্বাগত
কেবলমাত্র	কেবল, মাত্র	শুধুমাত্র	শুধু, মাত্র

MCQ Solution

১. **ব্যাকরণগত বিবেচনায় শুদ্ধ শব্দটি নির্ণয় করুন-** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]
ⓚ আয়ত্তাধীন ⓚ আয়ত্ত
ⓖ আয়ত্ব ⓖ আয়ত্ত্বাধীন **উত্তর:** খ

২. **নিচের যে শব্দটিকে শাব্দিক অপপ্রয়োগ বলে বিবেচনা করা যায়-** [রূপালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৮]
ⓚ হেথায় ⓚ অশ্রুজল
ⓖ অম্বরতল ⓖ অন্ধআবেগ **উত্তর:** খ

৩. **'বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে।' – বাক্যটির শুদ্ধ রূপ কোনটি?** [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১২]
ⓚ বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে
ⓚ বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে
ⓖ বৃক্ষটি মূলসহ উৎপাটিত হয়েছে
ⓖ খ ও গ উভয়ই **উত্তর:** ঘ

৪. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা : ০৬]
ⓚ আপনি সপরিবারে আমন্ত্রিত
ⓚ আপনি স্বপরিবারে আমন্ত্রিত
ⓖ আপনি পরিবারবর্গসহ আমন্ত্রিত
ⓖ আপনি আপনার পরিবারসহ আমন্ত্রিত **উত্তর:** ক

কি ও কী

প্রশ্নবোধক বাক্যে কি এবং বিস্ময়সূচক বাক্যে কী হবে। যেমন-

অশুদ্ধ	শুদ্ধ
তুমি কী ঢাকা যাবে?	তুমি কি ঢাকা যাবে?
কি ভয়ানক বিপদ!	কী ভয়ানক বিপদ!

MCQ Solution

১. **কোন বাক্যটি শুদ্ধ?** [এনআরবি ব্যাংক লি. ট্রেইনি অফিসার : ২২]
ⓚ তুমি কি ঢাকা যাবে?
ⓚ তুমি কী ঢাকা যাবে?
ⓖ তোমরা কী ঢাকা যাবে?
ⓖ তোমরা কী ঢাকায় যাবে? **উত্তর:** ক

প্রবাদ-প্রবচন বা পঙ্‌ক্তির বিকৃতিজনিত ত্রুটি

অশুদ্ধ	শুদ্ধ
দশচক্রে ঈশ্বর ভূত।	দশচক্রে ভগবান ভূত।
বুনো কচু, বাঘা তেঁতুল।	বুনো ওল, বাঘা তেঁতুল।
ঘোড়ায় চড়িয়া মর্দ হাঁটিয়া চলিল।	ঘোড়ায় চড়িয়া মর্দ হাঁকিয়া চলিল।
কপাল ভাসিয়া যায় নয়নের জলে।	কপোল ভাসিয়া যায় নয়নের জলে।
এক অগ্রহায়ণে শীত যায় না।	এক মাঘে শীত যায় না।
আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই	সাতেও নেই, পাঁচেও নেই।
সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম	সারা জীবন ভূতের বেগার খেটে মরলাম।
দশের লাঠি দশের বোঝা।	দশের লাঠি একের বোঝা।

MCQ Solution

১. **"ঘোড়ায় চড়িয়া মর্দ ..... চলিল।" শূন্যস্থানে প্রচলিত শব্দটি চিহ্নিত করুন?** [বিআরসি অফিসার : ৯৮]
ⓚ দৌড়িয়া ⓚ হাঁটিয়া
ⓖ হাঁকিয়া ⓖ সজোরে **উত্তর:** গ

২. **শূন্যস্থানে কি হবে? কপোল ভাসিয়া যায় ..... জলে।** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭]
ক বর্ষার খ ঝর্ণার
গ নয়নের ঘ চোখের **উত্তর:** গ

৩. **নিচের কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ?** [৪৪তম বিসিএস]
ক আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই।
খ আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
গ তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।
ঘ সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম **উত্তর:** গ

৪. **কোন বাক্যটি শুদ্ধ?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ক ক্ষমতা একটি মহান গুণ
খ সব মাছগুলোর দাম কত?
গ দশের লাঠি একের বোঝা
ঘ আমি সন্তোষ হইলাম **উত্তর:** গ

কতিপয় উদাহরণ

অশুদ্ধ	শুদ্ধ
সদাসর্বদা তোমার উপস্থিত প্রার্থনীয়।	সর্বদা তোমার উপস্থিতি প্রার্থনীয়।
অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।	অন্নাভাবে প্রতি ঘরে হাহাকার। / অন্নাভাবে ঘরে ঘরে হাহাকার।
বিরাট গরু-ছাগলের হাট।	গরু-ছাগলের বিরাট হাট।
চন্দ্র ও সূর্যগ্রহণ দুটি বিস্ময়কর ঘটনা	চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ দুটি বিস্ময়কর ঘটনা
অতিশয় দুঃখিত হলাম।	খুব দুঃখ পেলাম।
আইনানুসারে তিনি একাজ করতে পারেন না।	আইনত তিনি এ কাজ করতে পারেন না।
আমার আর বাঁচিবার স্বাদ নেই।	আমার আর বাঁচার সাধ নেই।
আজকালকার মেয়েগুলো যেমন মুখরা তেমন বিদ্যানও বটে।	আজকালকার মেয়েগুলো যেমন মুখরা তেমন বিদুষীও বটে।
আমি তোমার কাছে কৃতজ্ঞতা রইলাম।	আমি তোমার নিকট কৃতজ্ঞ রইলাম।
আমি আপনার জ্ঞাতার্থে এই সংবাদ লিখলাম।	আমি আপনার অবগতির জন্যে এই সংবাদ লিখলাম। / আপনাকে জ্ঞাপনার্থে এই সংবাদ লিখলাম।
আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।	আমি এ ঘটনা স্বচক্ষে দেখেছি। / আমি এ ঘটনা প্রত্যক্ষ করেছি।
আমি, তুমি ও তিনি আজ বাগানে যাবেন।	তিনি, তুমি ও আমি আজ বাগানে যাব।
তুমি, করিম ও আমি আজ পড়তে যাব।	করিম, তুমি ও আমি আজ পড়তে যাব।
গণিত শাস্ত্র সকলের নিকট নিরস নহে।	গণিত শাস্ত্র সকলের নিকট নীরস নহে।
ঘটনাটি শুনে গ্রামবাসী আশ্চর্য হয়ে গেল।	ঘটনাটি শুনে গ্রামবাসী আশ্চার্যান্বিত হয়ে গেল।
তার বৈমাত্রেয় সহোদর ডাক্তার।	তার সহোদর ডাক্তার। / তার বৈমাত্রেয় ডাক্তার।
তার উদ্ধতপূর্ণ আচরণে ব্যথিত হয়েছি।	তার উদ্ধত (বা ঔদ্ধত্যপূর্ণ) আচরণে ব্যথিত হয়েছি।
তার সাঙঘাতিক আনন্দ হলো।	তার অপরিসীম আনন্দ হলো।
তুমিই টাকাটা আত্মসাৎ করেছ।	তুমিই টাকা আত্মসাৎ করেছ।
দিবারাত্রি পরিশ্রমে তার শারীরিক স্বাস্থ্য ভঙ্গ হয়েছে।	দিনরাত পরিশ্রমের ফলে তার স্বাস্থ্য ভেঙে গিয়েছে।
পূর্বদিকে সূর্য উদয় হয়।	পূর্বদিকে সূর্য উদিত হয়।
পরবর্তীতে আপনি আসবেন।	আপনি পরে আসবেন।
ব্যাকুলিত চিত্তে আমি তাঁকে দেখতে পেলাম।	ব্যাকুল চিত্তে আমি তাঁকে দেখতে পেলাম।
বাংলাদেশ উন্নতশীল দেশে।	বাংলাদেশ উন্নয়নশীল দেশ।
যশ লাভ করবার জন্যে তার আকাঙ্খা খুব বেশি।	যশোলাভের জন্যে তার আকাঙ্ক্ষা খুব বেশি।
অসুস্থ্যের জন্যে আমি কাল আসতে পারিনি।	অসুস্থতার জন্যে আমি কাল আসতে পারিনি।

সে সমস্ত কথা বিস্তারিত বলল।	সে সব কথা বিস্তারিত বলল।
তারা একত্রে গমন করলো।	তারা গমন করল।
আমি ও আমার বাবা ছাতক গিয়েছিলেন।	আমি ও আমার বাবা ছাতক গিয়েছিলাম।

MCQ Solution

১. **আমি ...... প্রার্থনা করি। শূন্যস্থানে বসবে-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৯]
ⓚ কায়ামনো বাক্যে ⓚ কায়মনো বাক্যে
ⓖ কায়ামন বাক্যে ⓖ কায়মন বাক্যে **উত্তর:** খ

২. **কোন বাক্যটি শুদ্ধ?** [২৫তম বিসিএস]
ⓚ তাহার জীবন সংশয়পূর্ণ
ⓚ তাহার জীবন সংশয়ময়
ⓖ তাহার জীবন সংশয়াপূর্ণ
ⓖ তাহার জীবন সংশয়ভরা **উত্তর:** ক

৩. **শুদ্ধ বাক্য কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ⓚ রফিক, তুমি ও আমি সিনেমা দেখতে যাব।
ⓚ তুমি, শফিক ও আমি সিনেমা দেখতে যাব।
ⓖ আমি, শফিক ও তুমি সিনেমা দেখতে যাব।
ⓖ তুমি, আমি ও শফিক সিনেমা দেখতে যাব। **উত্তর:** ক

৪. **কোনটি শুদ্ধ বাক্য?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ দুটি বিস্ময়কর ঘটনা
ⓚ চন্দ্র অপেক্ষা সূর্যগ্রহণ বিস্ময়কর ঘটনা
ⓖ চন্দ্র সূর্যগ্রহণ অপেক্ষা বিস্ময়কর ঘটনা
ⓖ চন্দ্র ও সূর্যগ্রহণ দুটি বিস্ময়কর ঘটনা **উত্তর:** ক

৫. **শুদ্ধ বাক্যটি দেখান-** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]
ⓚ তুমি কী আজ যাবে?
ⓚ তুমি কি আজ যাবে?
ⓖ তুমি কী অদ্য যাবে?
ⓖ তুমি কী আজ যাইবে? **উত্তর:** খ

৬. **শুদ্ধ বাক্যটি নির্দেশ করুন -** [জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট : ০৫]
ⓚ বিরাট গরু-ছাগলের হাট
ⓚ বিরাট গরু ও বিরাট ছাগলের হাট
ⓖ গরু-ছাগলের বিরাট হাট
ⓖ বিরাট গবাদি পশুর হাট **উত্তর:** গ

৭. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৫]
ⓚ তার সাংস্কৃতি নাই ⓚ তার সাংস্কৃত নাই
ⓖ তার সাংস্কৃতিক নাই ⓖ তার সংস্কৃতি নাই **উত্তর:** ঘ

৮. **শুদ্ধ কোনটি?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ⓚ অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার
ⓚ অন্নাভাবে প্রতি ঘরে হাহাকার
ⓖ অন্ন অভাবে প্রতিটি ঘরে ঘরে হাহাকার
ⓖ অন্ন অভাবে প্রতিটি ঘরে হাহাকার **উত্তর:** খ

৯. **কোনটি শুদ্ধ বাক্য?** [কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস-এর অডিটর : ২২]
ⓚ অধ্যয়নই ছাত্রদের তপস্যা
ⓚ অধ্যায়ন ছাত্রদের তপস্যা
ⓖ অধ্যাপনাই ছাত্রদের তপস্যা
ⓖ অধ্যাপনা ছাত্রদের তপস্যা **উত্তর:** ক

১০. **শুদ্ধ বাক্যটি নির্দেশ করুন?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন ইনস্ট্রাক্টর (ননটেক) : ০৫]
ⓚ গোময় জ্বালানী কাষ্ঠরূপে ব্যবহার হয়
ⓚ গোময়ের জ্বালনীরূপে ব্যবহার হয়
ⓖ গোময় জ্বালানী কা'রূপে ব্যবহৃত
ⓖ গোময়ের জ্বালানীরূপে ব্যবহার হয় **উত্তর:** ঘ

১১. **নিচের কোন বাক্যটি সঠিক?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায় ২) : ১৮]
ⓚ মানুষ তার নিজ জীবনের স্থপতি
ⓚ মানুষ জীবনের স্থপতি
ⓖ মানুষই জীবনের স্থপতি
ⓖ মানুষ জীবনের নির্মাতা রফিক **উত্তর:** ক

১২. **শুদ্ধ বাক্য নয় কোনটি?** [৪২তম (বিশেষ) বিসিএস]
ⓚ ইশ! যদি পাখির মত পাখা পেতাম
ⓚ বিদ্বান হলেও তার কোনো অহংকার নেই
ⓖ অকারণে ঋণ করিও না
ⓖ হয়তো সোহমা আসতে পারে **উত্তর:** গ

১৩. **কোন বাক্যটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৯]
ⓚ আমি সাক্ষী দিয়েছি
ⓚ নীরোগ লোক যথার্থ সুখী
ⓖ তার এখন সঙ্কট অবস্থা
ⓖ সদাসর্বদা তোমার উপস্থিত প্রার্থনীয় **উত্তর:** খ

১৪. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী : ১৮]
ⓚ তুমি নির্দোষী নও
ⓚ সব মাছগুলোর দাম কত?
ⓖ আমি সন্তোষ হলাম
ⓖ দৈন্যতা সব সময় ভাল না
ⓤ কোনোটিই নয় **উত্তর:** ঙ

১৫. **কোন বাক্যটি শুদ্ধ-** [Banker's Selection Commitee (BSC) Senior Officer : 18]
ⓚ তিনি অপমানিত বোধ করেছেন
ⓚ তুমি চিরজীবী হও
ⓖ চন্দ্র উদয় হয়েছে
ⓖ তুমি চিরঞ্জীব হও **উত্তর:** খ

১৬. **কোনটি শুদ্ধ বাক্য?** [৪৩তম বিসিএস মানসিক দক্ষতা (লিখিত)]
ⓚ গণিত খুব কঠিন
ⓚ এ সৌন্দর্য ছেড়ে কোথাও নড়িতে ইচ্ছা হয় না
ⓖ নৌকা স্রোতে ভাসিয়া চলিয়াছিল
ⓖ আকণ্ঠ পর্যন্ত ভোজন করলাম **উত্তর:** গ

১৭. **নিম্নের কোন বাক্যটি শুদ্ধ?** [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের অফিসার : ০৮]
ক অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার
খ সাবধানপূর্বক চলবে
গ সে আরোগ্য লাভ করেছে
ঘ আমি সন্তোষ হলাম **উত্তর:** গ

১৮. **শুদ্ধ বাক্যটি নির্দেশ করুন।** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী : ১৩]
ক আমি চাক্ষুষ প্রত্যক্ষ করেছি
খ তিনি স্বস্ত্রীক এসেছেন
গ তিনি সাক্ষ্য দেবেন না
ঘ তার কথায় মাধুর্যতা নেই **উত্তর:** গ

১৯. **কোনটি শুদ্ধ বাক্য?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক : ১৩]
ক বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে
খ তোমার সাথে গোপন পরামর্শ আছে
গ মেয়েটি দারুণ সবুদ্ধিমতী
ঘ আজকাল বিদ্বান মহিলার অভাব নেই **উত্তর:** ক

২০. **কোনটি শুদ্ধ বাক্য?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]
ক তাকে স্নেহাশীষ দিও খ তাকে স্নেহশীষ দিও
গ তাকে স্নেহাশিষ দিও ঘ তাকে স্নেহশিষ দিও **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর - তাকে স্নেহাশিস দিও।

২১. **কোন বাক্যটিতে ভুল নেই?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ক দরিদ্রতা অভিশাপ খ ফুল দেখতে সুন্দর
গ ভুল লিখতে ভূল করো না
ঘ শনিতে অশনি দেখতে পাইলাম **উত্তর:** খ

২২. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৩]
ক তিনি স্বস্ত্রীক বিদেশে গেছেন
খ পরবর্তীতে তার সাথে আমার আর সাক্ষাৎ হয়নি
গ সকল ছাত্রই অমনোযোগী নয়
ঘ 'শেষের কবিতা' একখানি উৎকৃষ্ট কাব্যগ্রন্থ **উত্তর:** খ

২৩. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১২]
ক 'গীতাঞ্জলি' পড়েছ কি?
খ অল্প দিনের মধ্যে তিনি আরোগ্য হলেন
গ এ কথা প্রমাণ হয়েছে
ঘ আবশ্যক ব্যয়ে কার্পণ্য করা অনুচিত **উত্তর:** ক

২৪. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১২]
ক সূর্য উদয় হয়েছে? খ তার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি
গ যুক্তি খণ্ডন হয়েছে কিন্তু মুক্তি মেলেনি
ঘ বিধি লঙ্ঘন হয়েছে **উত্তর:** গ

২৫. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [৭ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১১]
ক সমুদয় পক্ষীই নীড় বাঁধে
খ চোরটি সব মালসুদ্ধ ধরা পড়েছে
গ তার বৈমাত্রেয় সহোদর অসুস্থ
ঘ দশচক্রে ঈশ্বর ভূত **উত্তর:** ক

২৬. **কোন বাক্যটি শুদ্ধ?** [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১০]
ক তিনি স্বস্ত্রীক বেড়াতে গেছেন
খ বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেয়
গ আমার আর বাঁচিবার স্বাদ নাই
ঘ কোনো বাক্যই শুদ্ধ নয় **উত্তর:** ঘ

২৭. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনে সিনিয়র অ্যাসিস্ট্যান্ট : ১৮]
ক ঘটনা বর্ণিত হয়েছে খ আমি সন্তুষ্ট হলাম
গ গৌরব লুপ্ত হয়েছে ঘ সবগুলোই **উত্তর:** ঘ

২৮. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [অগ্রণী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৩]
ক বিধি লঙ্ঘন হয়েছে
খ যুক্তি খণ্ডিতো হয়েছে কিন্তু মুক্তি মেলেনি
গ আমি আর দ্বিতীয়টি দেখিনি
ঘ অনাবশ্যকীয় ব্যাপারে কৌতূহল ভালো নয়। **উত্তর:** ঘ

২৯. **কোনটি শুদ্ধ বাক্য?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১২]
ক ইহার আবশ্যক নাই
খ ইহা প্রমান হইয়াছে
গ বুনো কচু, বাঘা তেঁতুল
ঘ বুনো ওল, বাঘা তেঁতুল **উত্তর:** ঘ

৩০. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (প্রথম পর্যায়) : ২২]
ক সূর্য পূর্বদিকে উদয়মান হয়
খ সূর্য পূর্বদিকে উদিয়মান হয়
গ সূর্য পূর্বদিকে উদয় হয়
ঘ সূর্য পূর্বদিকে উদিত হয় **উত্তর:** ঘ

৩১. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার (ক্যাশ) : ১১]
ক রাজা পাপিষ্ঠা রানীকে শাস্তি দিলেন
খ এমন পাপিষ্ঠ মেয়েকে আমি ঘরে রাখব না
গ আসামীর অনুপস্থিতে বিচার চলছে
ঘ অবশ্যকীয় ব্যয়ে কার্পন্য অনুচিত **উত্তর:** ক

৩২. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার (টেলার) : ১৫]
ক তিনি গুণীজন; সম্মান তাঁর প্রাপ্য।
খ দুষ্কৃতিকারীদের ছুটি দেওয়া উচিত নয়।
গ তিনি স্বস্ত্রীক বেড়াতে এসেছে।
ঘ ছেলেরা সকলে একত্রিত হয়ে খেলছে। **উত্তর:** খ

৩৩. **নিচের কোন বাক্যটি অশুদ্ধ?** [তিতাস গ্যাস ফিল্ড কোম্পানি লি. সহকারী অফিসার (জেনারেল) : ১৮]
ক উহার আবশ্যক নাই খ নাটিকাটি সবাইকে মুগ্ধ করল
গ হস্তীটি অত্যন্ত স্থুল ঘ যার লাঠি, তার মাটি **উত্তর:** ক

৩৪. **নিচের কোন বাক্যটি অশুদ্ধ?** [বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার : ১১]
ক নিশ্চিত সংবাদ পেয়েছ কি?
খ রাঙ্গামাটি পার্বত্য এলাকা
গ বাংলাদেশ একটি উন্নতশীল দেশ
ঘ চিক চিক করে বালি কোথা নাহি কাদা **উত্তর:** গ

৩৫. **নিচের কোন বাক্যটি অশুদ্ধ?** [বিসিআইসি উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ⓚ লোকটি নিরপরাধী কিন্তু নিরহঙ্কারী নয়
ⓚ সবিনয়ে বলছি উল্লিখিত বিষয়ে আমি কিছুই জানি
ⓖ নদীর জল হ্রাস পেলেও স্রোতের ক্ষিপ্রতা কমেনি
ⓖ তোমার দুরবস্থা দেখে দুঃখিত হলাম **উত্তর:** ক

৩৬. **'ভাষার অপ-প্রয়োগ আছে যে বাক্যে-** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার : ১৫]
(ক) বুঝেছি, তুমি এ কাজ পারবে না।
(খ) তিনি আমার বইটি প্রকাশিত করেছেন।
(গ) কোথায় আমরা একত্রিত হব?
(ঘ) এত বিলম্ব কেন? **উত্তর:** খ

৩৭. **শুদ্ধ রূপটি দেখান-** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৬]
(ক) সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান
(খ) সাহিত্যিক ও সংস্কৃতিক অনুষ্ঠান
(গ) সাহিত্য ও সংস্কৃতিক অনুষ্ঠান
(ঘ) সাহিত্য এবং সাংস্কৃতিক অনুষ্ঠান **উত্তর:** ক,ঘ

৩৮. **সঠিক বাক্য কোনটি?** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সিনিয়র অফিসার : ১১]
(ক) মনোরম উদানে ভ্রমণ দূরাকাঙ্খা
(খ) মনরম উদ্যানে ভ্রমণ দুরাকাঙ্খা
(গ) মনরম উদ্যানে ভ্রমণ দুরাকাংখা
(ঘ) মনোরম উদ্যানে ভ্রমণ দুরাকাংখা
(ঙ) মনরম উদ্যানে ভ্রমণ দূরাকাংখা **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক বাক্য - মনোরম উদ্যানে ভ্রমণ দুরাকাঙ্ক্ষা।

৩৯. **নিচের কোন বাক্যটি বাক্যটি সঠিক?** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]
(ক) কুলাটা নারীকে বর্জন কর
(খ) কূলটা নারীকে বর্জন কর
(গ) কুলোটা নারীকে বর্জন কর
(ঘ) কুল নারীকে বর্জন কর **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর - কুলটাকে বর্জন কর।

৪০. **নিচের কোন বাক্যটি শুদ্ধ নয়?** [বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক : ০৩]
(ক) প্রধান প্রকৌশলী প্রথমে অনুমোদন দেন নাই পরবর্তীতে দেন।
(খ) জনগণের জন্য সরকার, সরকারের জন্য দরকার।
(গ) কী কথা তাহার সাথে, তার সাথে?
(ঘ) আমি যেয়ে দেখি সব শেষ? **উত্তর:** ঘ

৪১. **'আমি ও আমার বাবা ছাতক গিয়েছিলেন।' বাক্যটি-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
(ক) শুদ্ধ (খ) অশুদ্ধ
(গ) প্রচলিত (ঘ) কোনোটিই নয় **উত্তর:** খ

৪২. **'জিম্মি' শব্দের কোন প্রয়োগটি শুদ্ধ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চিফ ইন্সট্রাক্টর (ননটেক) : ০৩]
(ক) দস্যুরা তাকে জিম্মি করে রেখেছে।
(খ) তুমি নিশ্চিন্তে আমার নিকট তোমার ছেলেকে জিম্মিরূপে রেখে যেতে পারো।
(গ) ওরা তাকে জিম্মি করে রেখে এখন তার ছেলের কাছে টাকা দাবি করেছে।
(ঘ) জিম্মি বালকটিকে ওরা হত্যা করে ফেলতে পারে। **উত্তর:** গ

৪৩. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫]
(ক) কেবলমাত্র তুমি যাবে (খ) এতে আশ্চর্য হলাম
(গ) বিবিধ জিনিস কিনলাম
(ঘ) এ সংবাদে সন্তোষ হলাম **উত্তর:** গ

৪৪. **কোন বাক্যটির শুদ্ধ প্রয়োগ হয়েছে?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৫]
(ক) অন্যায়ের ফল অনিবার্য
(খ) অন্যায়ের ফল আবশ্যক
(গ) বিধি লজ্ঘন হয়েছে
(ঘ) কোথায় আমরা একত্র হব? **উত্তর:** ক

৪৫. **কোন বাক্যটি শুদ্ধ?** [৩৭তম বিসিএস]
(ক) আপনি স্বপরিবারে আমন্ত্রিত
(খ) তার কথা শুনে আমি আশ্চর্যান্বিত হলাম
(গ) তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ
(ঘ) সেদিন থেকে তিনি সেখানে আর যায় না **উত্তর:** খ

৪৬. **কোন বাক্যটি শুদ্ধ?** [খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক : ২১]
(ক) তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ নই
(খ) সেদিন থেকে তিনি সেখানে আর যায় না
(গ) আপনি স্বপরিবারে আমন্ত্রিত
(ঘ) তার কথা শুনে আমি আশ্চর্য্যান্বিত হলাম **উত্তর:** ক

৪৭. **কোন বাক্যটি শুদ্ধ?** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ০৪]
(ক) নিরপরাধীকে শাস্তি দিওনা
(খ) সবিনয় পূর্বক নিবেদন
(গ) তিনি তেলে বেগুনে রেগে উঠলেন
(ঘ) তুমি নির্দোষ নও **উত্তর:** ঘ

৪৮. **কোনটি শুদ্ধ বাক্য?** [নির্বাচন কমিশন সচিবালয়ে উপজেলা নির্বাচন অফিসার : ০৪]
(ক) হাসান আমার ভ্রাতুষ্পুত্র
(খ) সায়াহ্নে সবাই বাড়ি ফিরছে
(গ) ঘটনাটি সবার জন্যই লজ্জাস্কর
(ঘ) দারিদ্রতা কেউ চায় না **উত্তর:** ক

৪৯. **কোন বাক্যটি সঠিক?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান : ১৮]
(ক) মিঠুর কোনো ভৌগোলিক জ্ঞান নেই
(খ) হিমালয় পর্বত দুর্লজ্ঞাণীয়
(গ) গড্ডালিকা প্রবাহে গা ভাসিয়ো না
(ঘ) স্বাক্ষর লোক মাত্রই শিক্ষিত নয় **উত্তর:** ক

বিবিধ বানান অশুদ্ধি

১. **কোন বানানটি শুদ্ধ নয়?** [NSI-এর ওয়াচার কনস্টেবল (ফিল্ড স্টাফ) : ২১]
(ক) দারিদ্র্যতা (খ) উপযোগিতা
(গ) রুগণ্ (ঘ) কাহিনি **উত্তর:** ক

২. **ভাষার অপপ্রয়োগের একটি দৃষ্টান্ত হল-** [ঢাবি অধিভুক্ত ৭ (সাত) কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
(ক) দৈন্যতা (খ) গীতাঞ্জলি
(গ) প্রতিযোগিতা (ঘ) সাক্ষ্য **উত্তর:** ক

৩. **শুদ্ধ বানান কোনটি?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়) : ১৮]
ⓚ ষ্টেশন ⓔ রুগ্ণ
ⓖ বিপ্রকর্স ⓖ সাধারন **উত্তর:** খ

৪. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্ম) : ০৯]
ⓚ প্রত্যান্ত ⓔ আদ্যাক্ষর
ⓖ মরূদ্যান ⓖ সম্বর্ধনা **উত্তর:** খ,গ

৫. **কোন বানানটি অশুদ্ধ?** [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ⓚ শারীরিক ⓔ বাল্মিকী
ⓖ ঊর্ধ্বমুখী ⓖ হরিণ **উত্তর:** খ

৬. **অশুদ্ধ বানানটি শুদ্ধ করুন-** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
ⓚ অনুকূল ⓔ অমাবস্যা
ⓖ অনটন ⓖ অধ্যায়ন **উত্তর:** ঘ

৭. **কোনটি অশুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯০]
ⓚ অনূজ ⓔ ভুল
ⓖ মানসিক ⓖ দুর্লভ **উত্তর:** ক

৮. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার (টেলার) : ১৫]
ⓚ শিরচ্ছেদ ⓔ পিপিলিকা
ⓖ আদ্যন্ত ⓖ জগত **উত্তর:** গ

৯. **নিচের কোন শব্দটি শুদ্ধ?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব : ১৩]
ⓚ শ্রদ্ধাঞ্জলী ⓔ সামঞ্জস্যতা
ⓖ ইতোমধ্যে ⓖ সখ্যতা **উত্তর:** গ

১০. **কোন শব্দটির প্রয়োগ শুদ্ধ?** [সমন্বিত আট ব্যাংক (সিনিয়র অফিসার) : ১৮]
ⓚ লক্ষ্যণীয় ⓔ উপলক্ষ্য
ⓖ সৌন্দর্যতা ⓖ সুবুদ্ধিমান **উত্তর:** খ

১১. **ভুল বানান কোনটি?** [NSI - এর ফিল্ড অফিসার : ২১]
ⓚ সায়ত্তশাসন ⓔ সর্বস্বান্ত
ⓖ মুমূর্ষু ⓖ শুশ্রূষা **উত্তর:** ক

১২. **কোন শব্দটি শুদ্ধ?** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪]
ⓚ উদীচি ⓔ ঐক্যতা
ⓖ ইয়াত্তা ⓖ কিঞ্চিৎ **উত্তর:** ঘ

১৩. **নিচের কোন বানানটি অশুদ্ধ?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ⓚ কার্য ⓔ অতঃপর
ⓖ লজ্জাকর ⓖ উজ্জ্বল **উত্তর:** ঘ

১৪. **কোন বানানটি শুদ্ধ নয়?** [৩৩তম বিসিএস]
ⓚ দরিদ্রতা ⓔ উপযোগিতা
ⓖ শ্রদ্ধাঞ্জলি ⓖ উর্দ্ধ **উত্তর:** ঘ

১৫. **কোন বানানটি সঠিক?** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ⓚ উষা ⓔ কিংবদন্তি
ⓖ আমীন ⓖ বিদেশী **উত্তর:** ক,খ

১৬. **নিচের কোন শব্দটি শুদ্ধ?** [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ⓚ কৌতুহল ⓔ কৌতূহল
ⓖ কাংখিত ⓖ শ্রদ্ধাঞ্চলী **উত্তর:** খ

১৭. **কোন বানানটি শুদ্ধ?** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
ⓚ দিগ্ভ্রান্ত ⓔ পুরষ্কার
ⓖ পুর্ণমুদ্রণ ⓖ ষ্টেশনারী **উত্তর:** ক

১৮. **কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়?** [ঢাবি অধিভুক্ত ৭ (সাত) কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ⓚ অশ্রুজল ⓔ কেবলমাত্র
ⓖ দৈন্যতা ⓖ ইদানীং **উত্তর:** ঘ

১৯. **কোন শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে?** [৩৮তম বিসিএস/ সিজিএ-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (প্রথম পর্যায়) : ২২]
ⓚ শূণ্য ⓔ ত্রিভুজ
ⓖ পূন্য ⓖ ভূবন **উত্তর:** খ

২০. **অশুদ্ধ বানান কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৮৯]
ⓚ ভৌগোলিক ⓔ ত্রস্থ
ⓖ ভুল ⓖ জটিল **উত্তর:** খ

২১. **ভুল বানান কোনটি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ (সাত) কলেজ (বাণিজ্য ইউনিট) : ২১-২২]
ⓚ রুগ্ন ⓔ ব্যতীত
ⓖ আকাঙ্ক্ষা ⓖ সচ্ছল **উত্তর:** ক

২২. **কোন বানানটি অশুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ উপাধ্যক্ষ ⓔ উপাদান
ⓖ উপার্জন ⓖ উপচার্য **উত্তর:** ঘ

২৩. **নিচের কোনটি শুদ্ধ বানান নয়?** [বাংলাদেশ ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর (আইটি) : ২০]
ⓚ গীতাঞ্জলি ⓔ অতিথি
ⓖ কৌতুহল ⓖ সমীচীন **উত্তর:** গ

২৪. **শুদ্ধ বানান কোনটি?** [৭ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১১]
ⓚ দুরন্ত ⓔ দোর্গা
ⓖ দোর্গ ⓖ দূর্বল **উত্তর:** ক

২৫. **নিচের কোন শব্দটি শুদ্ধ?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের এস্টিমেটর : ২০]
ⓚ উর্ধ ⓔ অত্যান্ত
ⓖ উচিৎ ⓖ নূপুর **উত্তর:** ঘ

২৬. **কোন বানানটি সঠিক?** [ঢাবি (গ-ইউনিট) : ১৮-১৯]
ⓚ আকাঙ্খা ⓔ প্রতিযোগীতা
ⓖ মুমূর্ষূ ⓖ পরিণয় **উত্তর:** ঘ

২৭. **শুদ্ধ বানান কোনটি?** [NSI এর জুনিয়র ফিল্ড অফিসার : ২১]
ⓚ পরিষেবা ⓔ প্রজ্জ্বলন
ⓖ উচ্ছাস ⓖ অগ্রহায়ন **উত্তর:** ক

২৮. **শুদ্ধ বানান কোনটি?** [১৩তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৬]
ⓚ নিরপরাধী ⓔ দারিদ্র্যতা
ⓖ স্বার্থকতা ⓖ প্রাণিকুল **উত্তর:** ঘ

২৯. **কোন শব্দটি শুদ্ধ?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২০-২১]
ⓚ বৈশিষ্ট্যতা ⓔ প্রবাহমান
ⓖ প্রজ্বলিত ⓖ ইতিমধ্যে **উত্তর:** গ

৩০. **নির্ভুল বানান নয়-** [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১২]
ক) নিবাত খ) পরিপক্ব
গ) পল্লল ঘ) বন্দন **উত্তর:** গ

৩১. **কোন শব্দটি শুদ্ধ বানানে লিখিত নয়?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে সহকারী প্রধান পরিদর্শক : ০৯]
ক) পূবালী খ) যুধ্যমান
গ) আকাঙ্ক্ষা ঘ) আশিস **উত্তর:** ক
ব্যাখ্যা: পূবালী - বিকল্প।

৩২. **অশুদ্ধ বানান কোনটি?** [প্রবাসী কল্যাণ ব্যাংক এর কার্যনির্বাহী অফিসার (ক্যাশ) : ১৮]
ক) পুণ্য খ) পুজো
গ) ভুল ঘ) মুহূর্ত **উত্তর:** খ,গ

৩৩. **কোন শব্দটি ভুল?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক) মরূদ্যান খ) কটূক্তি
গ) পরিপক্ক ঘ) অঞ্জলি **উত্তর:** গ

৩৪. **কোন বানানটি অশুদ্ধ?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ১০]
ক) পরিপক্ক খ) দূরবীক্ষন
গ) ত্রিভূজ ঘ) মরুদ্যান **উত্তর:**
ব্যাখ্যা: পরিপক্ব (পরিপক্ক), দূরবীক্ষণ (দূরবীক্ষন), ত্রিভুজ (ত্রিভূজ), মরূদ্যান (মরুদ্যান)।

৩৫. **সঠিক বানান নয় কোনটি?** [৪২তম (বিশেষ) বিসিএস/ সিজিএ- কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ক) ধরণি খ) মূর্ছা
গ) গুণ ঘ) প্রানি **উত্তর:** ঘ

৩৬. **নিচের কোন শব্দটি শুদ্ধ?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর সহকারী পরিচালক : ২০]
ক) বিদ্রূপ খ) গড্ডালিকা
গ) দারিদ্রতা ঘ) সম্ভবপর **উত্তর:** ক,ঘ

৩৭. **নিচের কোন শব্দটি শুদ্ধ বানানে লিখিত হয়েছে?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) : ১৯]
ক) রাবন খ) বিদ্বান
গ) মুহুর্ত ঘ) আকাংখা **উত্তর:** খ

৩৮. **ভুল বানান কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বিটা) : ১৪]
ক) সমিতি খ) প্রতীতি
গ) জামিতি ঘ) প্রকৃতি **উত্তর:** গ

৩৯. **ভুল বানান কোনটি?** [বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩]
ক) সমিতি খ) জ্যামিতি
গ) প্রকৃতি ঘ) প্রতিতি **উত্তর:** ঘ

৪০. **কোন শব্দের বানান অশুদ্ধ?** [প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক) বৈশিষ্ট খ) সশ্রদ্ধ
গ) ঘনিষ্ঠ ঘ) বৈদগ্ধ্য **উত্তর:** ক

৪১. **বাংলা একাডেমি বানান বিধি অনুসারে নিচের কোন বানানটি অশুদ্ধ?** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ক) উনসত্ত্বর খ) রচনাবলি
গ) মরুঝড় ঘ) বৈশাখি **উত্তর:** ক,ঘ

৪২. **শুদ্ধ বানান কোনটি?** [পূবালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
ক) ধ্বস খ) ভুল
গ) মুহুর্ত ঘ) বিয়দাংশ **উত্তর:** খ

৪৩. **ভুল বানান কোনটি?** [৪৩তম বিসিএস]
ক) ভূবন খ) অন্তঃসার
গ) মুহূর্ত ঘ) অদ্ভুত **উত্তর:** ক

৪৪. **নিচের কোন শব্দটি ভুল?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক) মূহুর্মুহূ খ) স্বায়ত্তশাসন
গ) শ্রদ্ধাঞ্জলি ঘ) অভ্যন্তরীণ **উত্তর:** ক

৪৫. **শুদ্ধ বানান নয় কোনটি?** [মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাঠ সহকারী : ১৯]
ক) মোহিণী খ) মুমূর্ষু
গ) দূরদর্শী ঘ) ফুলদানি **উত্তর:** ক

৪৬. **নিম্নের কোন বানানটি অশুদ্ধ?** [অগ্রণী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৩]
ক) ব্রাহ্মণ খ) মনকষ্ঠ
গ) দারিদ্র্য ঘ) সমীচীন **উত্তর:** খ

৪৭. **কোনটি শুদ্ধ নয়?** [৪২তম (বিশেষ) বিসিএস]
ক) যন্ত্রনা খ) শূদ্র
গ) সহযোগিতা ঘ) স্বতঃস্ফূর্ত **উত্তর:** ক

৪৮. **নিচের কোন বানানটি অশুদ্ধ?** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ক) বাণী খ) শূণ্য
গ) অরণ্য ঘ) লবণ **উত্তর:** খ

৪৯. **কোন বানানটি শুদ্ধ?** [শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার : ০৫]
ক) মুহুর্ত খ) সাক্ষর
গ) বীণাপাণী ঘ) সমীচিন **উত্তর:** খ

৫০. **কোন বানানটি শুদ্ধ?** [৪১তম বিসিএস]
ক) পুরস্কার খ) আবিস্কার
গ) সময়পোযোগী ঘ) স্বত্ব **উত্তর:** ঘ

৫১. **কোনটি অশুদ্ধ বানান?** [NSI-এর জুনিয়র ফিল্ড অফিসার : ২১]
ক) বাল্মীকি খ) সূচ্যগ্র
গ) স্বত্ত্ব ঘ) সজ্ঞ **উত্তর:** গ

৫২. **কোন শব্দটি শুদ্ধ বানানে লিখিত?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক) শরৎচন্দ খ) বন্দোপাধ্যায়
গ) দূর্যোগ ঘ) সান্ত্বনা **উত্তর:** ঘ

৫৩. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর : ১৯]
ক) সূক্ষ্ম খ) সুচী
গ) স্বাতন্ত্র ঘ) মুহুর্ত **উত্তর:** ক

৫৪. **ভুল বানান কোনটি?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
ক) সমীচিন খ) শিহরন
গ) দ্বন্দ্ব ঘ) জিগীষা **উত্তর:** ক

৫৫. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. এর কার্যনির্বাহী অফিসার (ক্যাশ) : ১৮]
ⓚ সংশ্রব ⓚ ধস
ⓖ উজ্জ্বল ⓖ দূর্গ **উত্তর:** ক,খ

৫৬. **অশুদ্ধ বানান কোনটি?** [পূবালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
ⓚ স্থিতপ্রজ্ঞ ⓚ সমীচীন
ⓖ সংশ্রব ⓖ অদ্ভুত **উত্তর:**
ব্যাখ্যা: অপশনে প্রদত্ত সবগুলো বানানই সঠিক।

৫৭. **নিচের কোন বানানটি অশুদ্ধ?** [৪৩তম বিসিএস মানসিক দক্ষতা (লিখিত)]
ⓚ জবাকুসুম ⓚ তিমিরবিদারী
ⓖ সলীল-সমাধী ⓖ যৌবনসূর্য **উত্তর:** গ
ব্যাখ্যা : শুদ্ধ বানান - সলিলসমাধি।

৫৮. **শুদ্ধ বানানগুচ্ছ-** [NSI - এর ফিল্ড অফিসার : ২১]
ⓚ পরিস্কার, পুরষ্কার ⓚ বিকৃত, বিক্রীত
ⓖ স্বীকার, শীকার ⓖ ধরণ, ধারনা **উত্তর:** খ

৫৯. **নিচের কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডি অনুষদ (গ ইউনিট) : ২০-২১]
ⓚ দূরবীক্ষণ, পরিপক্ক ⓚ মরিচীকা, সমীচিন
ⓚ বিভীষণ, মরূদ্যান ⓖ সান্ত্বনা, মুমুর্ষু **উত্তর:** গ

৬০. **নিম্নের কোন শব্দগুচ্ছের বানান শুদ্ধ?** [১৫তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ২২]
ⓚ অঙ্গন, কস্তন ⓚ উজ্জ্বল, মূমুর্ষু
ⓖ বাণী, বীণা ⓖ স্বান্তনা, আয়ত্ব **উত্তর:** গ

৬১. **নিচের কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ২১-২২]
ⓚ বাঙালি, গ্যাং, ঠান্ডা
ⓚ মূর্চ্ছা, সঙ্গীত, প্রায়শঃ
ⓖ মাষ্টারী, মূলো, কাহিনী
ⓖ দায়িত্ব, শংকা, সঙ্ঘটন **উত্তর:** ক

৬২. **শুদ্ধ বানানের শব্দ গুচ্ছ-** [২৩তম বিসিএস]
ⓚ স্বায়ত্তশাসন, আভ্যন্তর, জন্মবার্ষিক
ⓚ ভবিষ্যত, ভৌগলিক, যক্ষা
ⓖ যশলাভ, সদ্যোজাত, সম্বর্ধনা
ⓖ ঐক্যতান, কেবলমাত্র, উপরোক্ত **উত্তর:** ক

৬৩. **ঠিক শব্দগুচ্ছ হলো-** [ঢাবি (খ-ইউনিট) : ১৮-১৯]
ⓚ শিহরন, দারুণ, দরুন
ⓖ আশীষ, ইতোপূর্বে, শ্বাশুড়ি
ⓚ গণ্ডুষ, সায়াহ্ন, ঈঙ্গিত
ⓖ ভষ্ম, পুস্পাঞ্জলি, দরিদ্রতা **উত্তর:** ক

৬৪. **নিচের কোন গুচ্ছে সব শব্দ শুদ্ধ?** [ঢাকা ইলেকট্রিকেল সাপ্লাই কোম্পানির অ্যাসিসটেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার : ১৯]
ⓚ ঔষধ, বীণা, ত্রিনয়ণ
ⓚ হরিণ, বন্ধন, লোনা
ⓖ প্রান, খ্রিস্টান, শোনা
ⓖ কন্ঠ, স্টেশন, জিনিষ **উত্তর:** খ

৬৫. **শুদ্ধ বানানে লিখিত শব্দগুচ্ছ দেখান?** [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীনে রিসার্চ অফিসার : ০৬]
ⓚ সমিচিন, হরিতকি, বাল্মিকী
ⓚ সমীচিন, হরিতকি, বাল্মীকি
ⓖ সমীচীন, হরীতকী, বাল্মীকি
ⓖ সমিচীন, হরীতকি, বাল্মিকি **উত্তর:** গ

৬৬. **শুদ্ধ বানান কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক : ১৩]
ⓚ শারীরীক, সমীচিন, নিরীক্ষণ
ⓚ ষ্টিমার, প্রতিযোগী, ব্যুৎপত্তি
ⓖ ঘন্টা, ভোগলিক, আকাঙ্খা
ⓖ পরিত্রাণ, ভূম্যধিকারী, পোস্ট অফিস **উত্তর:** ঘ

৬৭. **নিম্নের কোন বানানটি সঠিক?** [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংক লি. অফিসার : ০৮]
ⓚ ছোয়াচে ⓚ ব্যধি ⓖ বিশেষন
ⓖ রোগাগ্রস্ত ⓤ কোনোটিই নয় **উত্তর:** ঙ

৬৮. **শুদ্ধ বানান গুচ্ছ-** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব : ১৩]
ⓚ নির্নিমেষ, গননা, আপরাহ্ন, সর্বাঙ্গীন
ⓚ বিভীষিকা, আশীর্বাদ, শারীরিক, সমীচীন
ⓖ অদ্ভুত, প্রত্যূষ, উদ্ভূত, নূপুর
ⓖ পূর্বাহ্ন, পুরস্কার, দুর্বিষহ, অভিষেক **উত্তর:** খ

৬৯. **নিচের কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৬]
ⓚ সমিচিন, বাল্মিকি ⓚ সমিচীন, বাল্মিকী
ⓖ সমীচীন, বাল্মীকি ⓖ সমীচীন, বাল্মিকী **উত্তর:** গ

৭০. **শুদ্ধ বানান গুচ্ছ নির্ণয় করুণ-** [৭ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১১]
ⓚ শষ্য, ভুবন, শ্রদ্ধাঞ্জলি
ⓚ সমীচীন, সুষ্ঠ, সাক্ষরতা
ⓖ আকাঙ্ক্ষা, গ্রামীণ, দারিদ্র্য
ⓖ মুখস্থ, মন্ত্রীসভা, ব্রাহ্মন **উত্তর:** গ

৭১. **কোন ত্রয়ীর বানান শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৪]
ⓚ বিমর্ষ, মুমূর্ষু, সংঘর্ষ
ⓚ সত্তেও, সাত্বিক, সত্তা
ⓖ বিঘুর্ণন, বিঘোষণ, বিমর্দণ
ⓖ জায়মান, জম্বুবান, ভ্রাম্যমান **উত্তর:** ক

৭২. **কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
ⓚ বৈরি, কর্মজীবি, মার্তন্ড
ⓚ স্তূপ, দেশসুদ্ধ, কূটনৈতিক
ⓖ পুনর্বাসন, জ্বলোচ্ছাস, দীর্ঘমেয়াদি
ⓖ গুঞ্জুরণ, খ্রিস্টান, আদ্যাপান্ত **উত্তর:** খ

৭৩. **কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ⓚ উৎকর্ষতা, আত্মসাৎ, আদ্র
ⓚ অভ্যন্তরীণ, আয়ত্বধীন, অতীন্দ্রিয়
ⓖ কৌতূহল, কৃচ্ছ্রসাধন, কৃচিৎ
ⓖ অনুষঙ্গ, অঙ্গীভূত, অলঙ্ঘনীয় **উত্তর:** গ

৭৪. **শুদ্ধ বানানগুচ্ছ -** [জনতা ব্যাংক লি. সহকারী কার্যনির্বাহী অফিসার : ১৫]
ⓚ কুপমন্ডুক, দুর্নিরীক্ষ, দুষ্কর
ⓚ অর্চ্চনা, বরেন্য, পৈশাচি
ⓖ মোহিনী, লভনীয়, সৌকর্য্য
ⓖ সৌপ্তিক, হারীত, প্রকুপিত **উত্তর:** ঘ

৭৫. **নিচের কোন বানান গুচ্ছ সঠিক?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ২১]
ⓚ মূহর্মূহু, ব্যাত্যয়, মৃত্যুত্তীর্ন
ⓚ মুহুর্মুহু, ব্যত্যয়, মৃত্যুত্তীর্ণ
ⓖ মুহর্মুহু, ব্যত্যয়, মৃত্যূত্তীর্ন
ⓖ মূহূর্মূহু, ব্যাতয়, মৃতুত্তীর্ন **উত্তর:** খ

৭৬. **কোন শব্দগুচ্ছের বানান শুদ্ধ?** [NSI -এর সহকারী পরিচালক : ২১]
ⓚ রুগ্ন, শিহরণ, বাল্মীকি
ⓚ অদ্যাবিধি, তিরস্কার, শরণ
ⓖ দারুন, দৈন্যতা, বৈচিত্র্য
ⓖ জাত্যবিমান, ব্রহ্মপুত্র, প্রবেশক **উত্তর:**
ব্যাখ্যা: রুগ্‌ণ (রুগ্ন), শিহরন (শিহরণ), অদ্যাবধি (অদ্যাবিধি), দারুণ (দারুন), দৈন্য (দৈন্যতা), জাত্যভিমান (জাত্যবিমান)।

৭৭. **শুদ্ধ বানানগুচ্ছ কোনটি?** [ঢাবি অধিভুক্ত ৭ (সাত) কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ⓚ শারীরিক, সমীচিন, নিরীক্ষণ
ⓚ ইতিমধ্যে, ইতঃপূর্বে, উপরোক্ত
ⓖ শ্রদ্ধাঞ্জলী, বাল্মীকি, আকাঙ্ক্ষা
ⓖ ভৌগোলিক, শতবার্ষিক, মুহুর্মুহু **উত্তর:** ঘ

৭৮. **'টাকা উপার্জনের লক্ষ নিয়ে একদা ঢাকার উদ্দেশ্যে যাত্রা করেছিলাম, অর্থই যে সকল অনর্থের মুল তখনও তা জানতাম না'- বাক্যটিতে কয়টি বানান ভুল আছে?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৬]
ⓚ ২টি ⓚ ৩টি
ⓖ ৪টি ⓖ ১টি **উত্তর:** ক
ব্যাখ্যা: লক্ষ্য (লক্ষ) ও মূল (মুল)।

৭৯. **কোন বানান জোড়টি অশুদ্ধ?** [সোনালী ব্যাংক লি. অফিসার/ অফিসার (ক্যাশ) : ১৪]
ⓚ নেত্রকোনা, ধসপ্রাপ্ত ⓚ আকাঙ্খা, পূর্ণতা
ⓖ মরূদ্যান, আয়ত্ত ⓖ পঞ্চনদ, শশিভূষন **উত্তর:** ক

৮০. **শুদ্ধ বানানে সংকলিত গুচ্ছ কোনটি?** [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার (ক্যাশ) : ১৬]
ⓚ উচ্ছল, স্বায়ত্বশাসন, প্রজ্বলিত
ⓚ প্রোজ্জ্বল, পরাস্থ, সন্ত্রিক
ⓖ মধ্যাহ্ন, বক্ষমাণ, মহত্ত্ব
ⓖ পরিবহন, পক্ক, ভস্ম **উত্তর:**
ব্যাখ্যা: স্বায়ত্তশাসন (স্বায়ত্বশাসন), পরাস্ত (পরাস্থ), বক্ষ্যমাণ (বক্ষমাণ) ও পক্ব (পক্ক)।

৮১. **নিচের কোন বানানগুচ্ছের সবগুলো বানানই অশুদ্ধ?** [৩৭তম বিসিএস/ সমন্বিত পাঁচ (৫) ব্যাংক এর অফিসার (ক্যাশ) : ২১]
ⓚ নিক্কণ, সূচগ্র, অনুর্ধ্ব
ⓚ অনুর্বর, উর্ধ্বগামী, শুদ্ধ্যশুদ্ধি
ⓖ ভূরিভূরি, ভুঁড়িওয়ালা, মাতৃস্বসা
ⓖ রানি, বিকিরণ, দুরতিক্রম্য **উত্তর:** ক
ব্যাখ্যা: নিক্বণ (নিক্কণ), সূচ্যগ্র (সূচগ্র), অনূর্ধ্ব (অনুর্ধ্ব), অনুর্বর (অনূর্বর), শুদ্ধাশুদ্ধি (শুদ্ধ্যশুদ্ধি)।

৮২. **'ব্যবধান' অর্থে 'দূর' শব্দের অপ-প্রয়োগ ঘটেছে কোন শব্দে?** [আইসিবি ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ⓚ দূরদৃষ্টি ⓚ দূরালাপনী
ⓖ দূরাশা ⓖ দূরবর্তী **উত্তর:** গ

সাধু ও চলিতরীতির মিশ্রণজনিত ত্রুটি

সাধু ও চলিত রীতিতে বিভিন্ন পদের রূপভেদ

সাধু রীতি	চলিত রীতি	সাধু রীতি	চলিত রীতি
ক্রিয়াপদ		সর্বনাম পদ	
দেন নাই	দেন নি	তাঁহারা	তাঁরা
দেখিয়া	দেখে	উঁহারা	ওরা
ফুটিয়া রহিয়াছে	ফুটে রয়েছে	উহা	ওটা
খুলিয়া	খুলে	ইহা	এ
ভাঙিয়া যাইতে লাগিল	ভেঙে যেতে লাগল	তাঁহার/ তাহার	তাঁর/ তার
পড়িয়াছেন	পড়েছেন	তাহাকে/ উহাকে	তাকে/ ওকে
বলিয়া	বলে	সে	তিনি
		কেহ	কেউ
ক্রিয়াপদ		বিশেষ্য পদ	
ছুটিতে	ছুটতে	গৃহ	ঘর
পাইয়াছিলেন	পেয়েছিলেন	মস্তক	মাথা
পড়িল	পড়ল/পড়লো	জুতা	জুতো
ক্রিয়াপদ		বিশেষ্য পদ	
পার হইয়া	পেরিয়ে	সুতা	সুতো
আসিয়া	এসে	তুলা	তুলো
যাহাকে	যাকে	পূজা	পূজো
হইলেন	হলেন	শুষ্ক/ শুকনা	শুকনো
হইয়া	হয়ে	বিশেষণ পদ	
হইল	হল / হলো	বন্য	বুনো
করিবার	করবার/ করার	সতিশয়	অত্যন্ত

করিয়া	করে	কিয়ৎক্ষণ	কিছুক্ষণ
করিল	করল	রঙ্গিন	রঙিন**
করিতেছি	করছি	উপর	ওপর
ফিরিয়া	ফিরে	অনুসর্গ (অব্যয়)	
আসিবে	আসবে	পূর্বেই	আগেই
লাগিল	লাগলো	সহিত	সঙ্গে, সাথে
চকিত হওয়া	চমকে	অপেক্ষা	চেয়ে
ছড়াইলে	ছড়ালে	হইতে	হতে
জড়াইলে	জড়ালে	দিয়া	দিয়ে
লিখা	লেখা	জন্য	জন্যে
হউক	হোক	লক্ষ	লাফ
অদ্য	আজ	ব্যতীত	ছাড়া
খাওয়াইয়াছিল	খাইয়েছিল	দ্বারা	দিয়ে
লিখিতেছিলেন	লিখছিলেন	নিমিত্ত	জন্য/ জন্যে
		গুলি	গুলো

সাধু ভাষা এবং চলিত ভাষায় অব্যয়-এর রূপগত পার্থক্য

সাধু ভাষা	চলিত ভাষা
অতএব, অতঃপর, অচিরাৎ, এবং বিধ, কদাপি, কদাচ, যদ্যপি, প্রায়শ, বরঞ্চ, নচেৎ, ইদানীং, পরন্তু, যুগপৎ সংস্কৃত থেকে আগত প্রভৃতি অব্যয় পদ সাধু ভাষায় ব্যবহৃত হয়।	বাংলার নিজস্ব অব্যয় পদ যেমন- না, বা, কি-বা, আচ্ছা, তবু, আর, আরও, তো, আবার, মতো, মতন, ছি, দুর, দুত্তোর প্রভৃতি চলিত ভাষায় ব্যবহৃত হয়।

- তথাপি - তবুও, প্রায়শ - প্রায়ই, বরঞ্চ - রবং, অতঃপর - তারপর; এরূপ কিছু অব্যয় সাধু ভাষা থেকে চলিত ভাষায় এসেছে।
- 'গ্রহ' সাধুরীতির শব্দ।
- ** সাধু ভাষার শব্দে 'ঙ্গ'-এর স্থলে চলিত ভাষায় 'ঙ' এর কোমল রূপ ব্যবহৃত হয়।

MCQ Solution

১. **নিচের কোনটি চলিত রীতির শব্দ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
(ক) তুলা (খ) শুকনো
(গ) পড়িল (ঘ) সহিত **উত্তর:** খ

২. **'উহা' কোন রীতির শব্দ?** [স ও জ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ০১]
(ক) সাধু (খ) চলিত
(গ) উভয় রীতির (ঘ) আঞ্চলিক **উত্তর:** ক

৩. **'ইহা' এর চলিত রূপ কোনটি?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
(ক) এটি (খ) একে
(গ) উহা (ঘ) এ **উত্তর:** ঘ

৪. **'বন্য' শব্দটির চলিত রূপ কোনটি?** [পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল, রাজশাহী) পোস্টম্যান : ২২]
(ক) বন্যে (খ) বুনো
(গ) বনো (ঘ) বন্য **উত্তর:** খ

৫. **নিচের কোনটি সাধু রীতির উদাহরণ?** [জাবি (এফ ইউনিট) : ১৪-১৫]
(ক) হইল, তারা (খ) তুলা, বন্য
(গ) শুষ্ক, মাথা (ঘ) তাঁরা, ওকে **উত্তর:** খ

৬. **'চকিত হইয়া' শব্দটির চলিত রূপ-** [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব (প্রশাসন) : ১৩]
(ক) চকিত হয়ে (খ) চকিত হইয়া
(গ) চকিতে (ঘ) চমকে **উত্তর:** ঘ

৭. **'দেখিয়া' শব্দের চলিত রূপ-** [বেবিচক- এর স্টোরম্যান : ২১]
(ক) দেখে (খ) দেখিল
(গ) দেখিয়াছি (ঘ) দেখাইয়া **উত্তর:** ক

৮. **'খাওয়াইয়াছিল' সাধু ক্রিয়াপদের চলিত রূপ-** [জাবি (গ ইউনিট) : ০৫-০৬]
(ক) খাইছিল (খ) খাচ্ছিল
(গ) খেয়েছিল (ঘ) খাইয়েছিল **উত্তর:** ঘ

৯. **'পার হইয়া' এই ক্রিয়া পদের সাধু রূপটি চলিত রূপে রূপান্তর করলে হবে-** [উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৯]
(ক) পার হয়ে (খ) পারায়ে
(গ) পেরিয়ে (ঘ) পার হইয়ে **উত্তর:** গ

১০. **'ছড়ালে' এর সাধু রূপ-** [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব (প্রশাসন) : ১৩]
(ক) ছড়াইলে (খ) ব্যাপ্তিলে
(গ) ব্যাপ্ত হইলে (ঘ) ছড়াইয়া দিলে **উত্তর:** ক

১১. **'কিয়ৎক্ষণ' শব্দের সঠিক চলিত রূপ কোনটি?** [৯ম বেসরকারি, প্রভাষক নিবন্ধন : ১৩]
(ক) কিছুক্ষণ (খ) কিছু সময়ে
(গ) কয়েকক্ষণে (ঘ) কয়েক মুহূর্ত **উত্তর:** ক

১২. **'লিখিতেছিলেন' শব্দটির চলিত রূপ কোনটি?** [NSI-এর কনস্টেবল : ১৯]
(ক) লিখতেছিলেন (খ) লিখছিলেন
(গ) লিখেছিলেন (ঘ) লিখছিলাম **উত্তর:** খ

১৩. **'লক্ষ প্রদান করিল'-এর চলিত রূপ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
(ক) লম্ফ দিল (খ) লম্ফ প্রদান করিল
(গ) লাফ প্রদান করিল (ঘ) লাফ দিল **উত্তর:** ঘ

১৪. **চলিত রীতিতে কোন শব্দটি ব্যবহৃত হয় না?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩]
(ক) তুলা (খ) ওরা
(গ) হলেন (ঘ) তিনি **উত্তর:** ক,ঘ

১৫. কোনটি সাধু রীতির শব্দ? [৭ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১১]
ⓚ আজ ⓚ মিনতি
ⓖ জল ⓖ জোছনা **উত্তর: গ**

১৬. নিচের কোন শব্দটি সাধু ভাষায় ব্যবহারের উপযোগী? [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়) : ১৮]
ⓚ শুকনো ⓦ সাথে
ⓖ জুতা ⓖ বুনো **উত্তর: গ**

১৭. 'জুতো' শব্দটি কোন ভাষারীতির? [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ⓚ সাধু ⓦ চলিত
ⓖ প্রাকৃত ⓖ কোল **উত্তর: খ**

১৮. কোনটি চলিত ভাষার শব্দ? [বিএনসিসি'র অফিস সহকারী : ২১]
ⓚ এই ⓦ যাহা
ⓖ তাহার ⓖ কেউ **উত্তর: ঘ**

১৯. চলিত রীতির শব্দ কোনটি? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ⓚ শুষ্ক ⓦ শুকনা
ⓖ তুলা ⓖ তুলো **উত্তর: ঘ**

২০. চলিত শব্দ কোনটি? [মৎস্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ বললেন ⓦ বলিলেন
ⓖ বলিয়াছিলেন ⓖ বলাইয়াছিলেন **উত্তর: ক**

২১. চলিত রীতির শব্দ নয় কোনটি? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ⓚ করবার ⓦ করার
ⓖ করিবার ⓖ করে **উত্তর: গ**

ⓖ শ্রদ্ধা ⓘ ভক্তি **উত্তর: ক**

৩৫. কোনটি অঙ্গ-ভূষণ? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৪]
ⓚ মৃদঙ্গ ⓚ মৃগয়া
ⓖ মীনাক্ষি ⓘ মেখলা **উত্তর: ঘ**

৩৬. 'লেশ' মানে- [বন অধিদপ্তরের বন প্রহরী/ জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট : ১৫]
ⓚ ফিতা ⓚ বেশি
ⓖ অল্প **উত্তর: গ**

৩৭. 'শীকর' শব্দের অর্থ কী? [সিজিএ- কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ⓚ শিশির ⓚ নীহারিকা
ⓖ জলকণা ⓘ পদ্মফুল **উত্তর: গ**

৩৮. কোন শব্দযুগল ভিন্নার্থক নয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]
ⓚ শিকার, স্বীকার ⓚ নবনী, ননি
ⓖ শর, ষড় ⓘ ধুম, ধূম **উত্তর: খ**

৩৯. 'শীল' এর সমার্থক শব্দ কোনটি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০০-০১]
ⓚ পাথর ⓚ ঘর্ষণ
ⓖ অবসান ⓘ চরিত্র **উত্তর: ঘ**

৪০. 'শ্বশ্রূ' এর অর্থ কী? [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক : ২১]
ⓚ দাড়িগোঁফ ⓚ শাশুড়ি
ⓖ শক্র ⓘ অশ্রু **উত্তর: খ**

৪১. কোন শব্দটির অর্থ 'শ্মশ্রু'? [জবি (ঘ ইউনিট) : ১০-১১]
ⓚ দাঁড়ী ⓚ দাড়ি
ⓖ দাঁড়ি ⓘ দ্বাড়ি **উত্তর: খ**

৪২. সকল অর্থ সমস্ত, শকল অর্থ কোনটি? [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে ব্যক্তিগত সহকারী : ১৩]
ⓚ কথা ⓚ ভাত
ⓖ ঘটি ⓘ মাছের আঁশ **উত্তর: ঘ**

৪৩. 'সাড়া' এবং 'সারা' শব্দ দুটির অর্থ পার্থক্যের সঠিক উদাহরণ কোনটি? [জবি (ক ইউনিট) : ১৪-১৫]
ⓚ সাড়াবেলা, সারাঘর
ⓚ সারাদিন, সাড়াহীন
ⓖ সারাবই, সাড়াদেশ
ⓘ সারা নেই, সাড়া দাও **উত্তর: খ**

৪৪. 'স্বাক্ষর' শব্দের অর্থ কী? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ০১]
ⓚ দস্তখত
ⓚ অক্ষরজ্ঞান সম্পন্ন
ⓖ নিরক্ষর
ⓘ উচ্চশিক্ষিত **উত্তর: ক**

৪৫. কোন সমোচ্চারিত শব্দদ্বয়ের অর্থ পৃথক নয়? [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪]
ⓚ দেড়ি, দেরি ⓚ পাড়ি, পারি
ⓖ সিত, শীত ⓘ ধুলা, ধূলা **উত্তর: ঘ**

৪৬. ভিন্নার্থক শব্দযুগল নয় কোনটি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]
ⓚ কপাল, কপোল
ⓚ অন্নদা, অন্যদা
ⓖ পর্যঙ্ক, খট্টা
ⓘ সিরিশ, গিরীশ **উত্তর: গ**

বিপরীত শব্দ
Antonyms

বিপরীত শব্দ : বিপরীত শব্দ একে অন্যের পরিপূরক। শব্দের পূর্বে অ, অন, অনা, অপ, অব, অবি, দূর, না, নি, নির প্রভৃতি উপসর্গ যুক্ত করে বিপরীত শব্দ তৈরি করা যায়। যেমন- চেনা থেকে *অচেনা*; আদর থেকে *অনাদর* প্রভৃতি। তবে এমন বহু শব্দ রয়েছে যেগুলোর বিপরীত শব্দ গঠনগতভাবে আলাদা। যেমন-

অ

অতিকায়	ক্ষুদ্রকায়	অখণ্ড	বিভক্ত, খণ্ড
অকর্মণ্য	কর্মঠ	অনুকূল	প্রতিকূল
অনন্ত	সান্ত	অনুগ্রহ	নিগ্রহ
অনুরক্ত	বিরক্ত	অগ্র	পশ্চাৎ
অনুরাগ	বিরাগ	অসীম	সসীম
অলীক	বাস্তব, সত্য	অগ্রজ	অনুজ
অধিত্যকা	উপত্যকা	অর্পণ	প্রত্যর্পণ, গ্রহণ
অনাবিল	আবিল	অমৃত, সুধা	গরল, বিষ
অজ্ঞাত	জ্ঞাত, বিদিত	অবতরণ	উত্তরণ, উড্ডয়ন
অচল	সচল	অনাস্থা	আস্থা
অজ্ঞ	বিজ্ঞ, প্রাজ্ঞ	পাঙ্‌ক্তেয়	অপাঙ্‌ক্তেয়
অজ্ঞান	জ্ঞান	অনির্বাণ	নির্বাণ
অতিবৃষ্টি	অনাবৃষ্টি	অপচয়, নয়ছয়	উপচয়, সঞ্চয়
অর্থ	অনর্থ	অভিজ্ঞ	অনভিজ্ঞ
অর্থী	প্রত্যর্থী	অভয়	ভয়
অধিক	অল্প	অশান্তি	প্রশান্তি
অন্ধ	চক্ষুষ্মান	অলস	পরিশ্রমী, কর্মঠ
অন্ধকার	আলোক	অনশন	অশন
অন্তরঙ্গ	বহিরঙ্গ	অবিরল	বিরল
অধমর্ণ	উত্তমর্ণ	অগ্রগামী	পশ্চাৎগামী
অনুলোম	প্রতিলোম	অধম	উত্তম
অনুলোপ	প্রতিলোপ	অন্ত্য	আদ্য
অনুমোদিত	অননুমোদিত	অর্বাচীন	প্রাচীন

অ

অন্তর, ভিতর	বাহির	অহ্ন, দিন	রাত্রি
অমরাবতী, স্বর্গ	নরক	অশন	অনশন
অপ্রতিভ	সপ্রতিভ	অস্তি	নাস্তি
অজ্ঞেয়	জ্ঞেয়	অম্ল	মধুর

আ

আকুঞ্চন, কুঞ্চন	প্রসারণ	আকাশ	পাতাল
আদিষ্ট	নিষিদ্ধ	আরোহণ	অবরোহণ
আবাহন	বিসর্জন	আকর্ষণ	বিকর্ষণ
আসক্ত	অনাসক্ত	আবির্ভাব	তিরোভাব
আঁটি	শাঁস	আবশ্যক	অনাবশ্যক
আক্রমণ	প্রতিরক্ষা, প্রতিরোধ	আবদ্ধ	মুক্ত, উন্মুক্ত
আগা	গোড়া	আমদানি	রপ্তানি
আগে	পিছে, পরে	আয়	ব্যয়
আগমন	নির্গমন	আলো	অন্ধকার, তিমির
আগমনী	বিদায়ী	আলসে	চটপটে
আচার	অনাচার	আশ্রয়	নিরাশ্রয়
আটক	ছাড়	আশা	নিরাশা
আত্মীয়	অনাত্মীয়	আসক্তি	বৈরাগ্য, নিরাসক্তি
আর্দ্র, সিক্ত	শুষ্ক	আস্তিক	নাস্তিক
আদান	দান, প্রদান	আপন	পর
আদর	অনাদর	আহার	অনাহার
আগম	লোপ, নির্গম	আদিম	অন্তিম
আশ্লেষ	বিশ্লেষ	আনকোরা	পুরানো
আশু	বিলম্ব	আধুনিক	প্রাচীন, অনাধুনিক
আপদ	নিরাপদ		

ই / ঈ

ইঁদুর কপালে	একাদশে বৃহস্পতি	ইহা	উহা
ইতর	ভদ্র	ইহলোক	পরলোক

ই / ঈ

ইষ্ট	অনিষ্ট	ঈদৃশ	তাদৃশ
ইচ্ছা	অনিচ্ছা	ঈর্ষা	প্রীতি
ইন্দ্রিয়	অতীন্দ্রিয়	ঈষৎ	অধিক
ইদানিং	তদানিং	ঈপ্সা	অনীপ্সা
ইদানীন্তন	তদানীন্তন	ঈশান	নৈর্ঋত
ইস্তফা	যোগদান		

উ			
উগ্র, করাল	সৌম্য, কোমল	উত্তরীয়	অন্তরীয়
উত্তপ্ত, উষ্ণ	শীতল	উদীয়মান	অপসৃয়মান
উদার	কৃপণ, সংকীর্ণ	উচাটন	প্রশান্ত
উদিত	অস্তমিত	উৎকর্ষ	অপকর্ষ
উদয়	অস্ত	উৎকৃষ্ট, প্রকৃষ্ট	অপকৃষ্ট, নিকৃষ্ট
উচিত	অনুচিত	উন্নত	অনুন্নত, নত, অবনত
উচ্চ	নীচ	উন্নতি	অবনতি
উজান	ভাটি	উন্নীত	অবনমিত
উজার	ভরপুর	উপকার	অপকার
উতরানো	তলানো	উপচিকীর্ষা	অপচিকীর্ষা
উত্তমর্ণ	অধমর্ণ	উপস্থিত	অনুপস্থিত
উন্মীলন	নির্মীলন	উজ্জ্বল	অনুজ্জ্বল, ম্লান
উক্ত	অনুক্ত	উত্থান	পতন
উর্বর	অনুর্বর, ঊষর	উন্মীলন	নিমীলন
উদ্ধত	বিনীত, নম্র	উৎপত্তি	বিনাশ
উদ্যত	বিরত	উৎসাহ	নিরুৎসাহ
উৎকণ্ঠা	শান্তি	উদ্দিষ্ট	নিরুদ্দিষ্ট
উপসর্গ	অনুসর্গ		
ঊ / ঐ			
ঊর্ধ্ব	অধঃ	এ যুগ	সে যুগ
ঊর্ধ্বগামী	নিম্নগামী, অধোগামী	এলোমেলো	গোছানো
একতা	বিচ্ছিন্নতা	এঁড়ে	বকনা
একা	সম্মিলিত	ঐহিক	পারত্রিক
একমত, স্বমত	দ্বিমত, বহুমত, পরমত	ঐক্য	বিভেদ, অনৈক্য
ঊ / ঔ			
একূল	ওকূল	ঐচ্ছিক	আবশ্যিক
এপিঠ	ওপিঠ	ঐশ্বর্য	দারিদ্র্য, নিঃস্ব
একান্ন	পৃথগন্ন	ঐতিহাসিক	অনৈতিহাসিক
এখন	তখন	ঔজ্জ্বল্য	ম্লানিমা
ঊষা	গোধূলি, সন্ধ্যা	ওস্তাদ	শাগরেদ
ঋজু	বক্র, বঙ্কিম	ওঠা	নামা, বসা
ঋদ্ধি	অবনতি	ঔদার্য	কার্পণ্য
একাল	সেকাল	ঔচিত্য	অনৌচিত্য
ঔদ্ধত্য	বিনয়		

MCQ Solution

১. **'অখণ্ড' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ অসম্পূর্ণ ⓚ অবিভক্ত
ⓖ পরিপূর্ণ ⓖ বিভক্ত **উত্তর: ঘ**

২. **অগ্রজ-এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [প্রবাসী কল্যাণ ব্যাংক কার্য নির্বাহী অফিসার : ১৮]
(ক) পরিগ্রজ (খ) পশ্চাৎ
(গ) নিগ্রহ (ঘ) অনুজ **উত্তর: ঘ**

৩. **কোনটি 'অধিত্যকা' শব্দের বিপরীতার্থক শব্দ?** [৪২তম (বিশেষ) বিসিএস]
(ক) অন্ধকার (খ) তিরোভাব
(গ) হালকা (ঘ) উপত্যকা **উত্তর: ঘ**

৪. **'অতিকায়' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
(ক) বৃহৎ (খ) ক্ষুদ্রকায়
(গ) অণু (ঘ) অল্প **উত্তর: খ**

৫. **'অর্বাচীন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লি. এর সহকারী কর্মকর্তা (প্রশাসন) : ২১]
(ক) নিরপরাধ (খ) প্রাচীন
(গ) অনুজ (ঘ) অনভ্যাস **উত্তর: খ**

৬. **'অনাস্থা'র বিপরীত শব্দ-** [সমন্বিত আট ব্যাংক অফিসার (জেনারেল) : ২২]
(ক) প্রদান (খ) আমল
(গ) আকর্ষণ (ঘ) আস্থা **উত্তর: ঘ**

৭. **'অন্তরঙ্গ' শব্দটির বিপরীত শব্দ কোনটি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৫-০৬]
(ক) শত্রু (খ) বহিরঙ্গ
(গ) সম্পর্কহীন (ঘ) ঘনিষ্ট **উত্তর: খ**

৮. **'অনুরক্ত'- এর বিপরীত শব্দ কোনটি?** [গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লি. এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
(ক) আসক্ত (খ) সংসক্ত
(গ) আরক্ত (ঘ) বিরক্ত **উত্তর: ঘ**

৯. **'অনুরাগ' শব্দটির বিপরীত শব্দ কোনটি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর মেডিকেল অফিসার : ২১]
(ক) বিরক্ত (খ) উপহাস
(গ) বিরাগ (ঘ) প্রতিঘাত **উত্তর: গ**

১০. **'অনুগ্রহ' এর বিপরীতার্থক শব্দ-** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
(ক) নিগ্রহ (খ) দয়া
(গ) বিগ্রহ (ঘ) প্রতিগ্রহ **উত্তর: ক**

১১. **'নিগ্রহ' শব্দের বিপরীত শব্দ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
(ক) অনুগ্রহ (খ) বিগ্রহ
(গ) সানুগ্রহ (ঘ) অনিগ্রহ **উত্তর: ক**

১২. **'অনুমোদিত' শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি?** [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ⓚ অননুমেয় ⓚⓗ অনাবশ্যক
ⓖ অননুমোদিত ⓖⓗ মতানৈক্য **উত্তর:** গ

১৩. **'অনাবিল' শব্দের বিপরীত শব্দ:** [মৎস্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
(ক) আবিল (খ) নাবিল
(গ) আনাবিল (খ) কোনোটিই নয় **উত্তর:** ক

১৪. **'অনন্ত' - এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
(ক) অসীম (খ) সীমাহীন
(গ) অকুল (ঘ) সান্ত **উত্তর:** ঘ

১৫. **'অপচয়' এর বিপরীত শব্দ কোনটি?** [NSI- এর কনস্টেবল : ১৯]
(ক) সাশ্রয় (খ) কৃচ্ছতা
(গ) কৃপণতা (ঘ) সঞ্চয় **উত্তর:** ঘ

১৬. **'সঞ্চয়' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
(ক) অন্তরায় (খ) উপচয়
(গ) পরাভয় (ঘ) নয়ছয় **উত্তর:** ঘ

১৭. **'উপচয়' শব্দটির বিপরীত শব্দ কোনটি?** [ইবি (খ ইউনিট) : ১৩-১৪]
(ক) অনুপচর (খ) অপচয়
(গ) উপচর্য (ঘ) অবচয় **উত্তর:** খ

১৮. **'অর্পণ' এর বিপরীত শব্দ কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার : ০১]
(ক) গ্রহণ (খ) প্রদান
(গ) বিয়োজন (ঘ) ওপরের কোনোটিই নয় **উত্তর:** ক

১৯. **'অপাঙ্‌ক্তেয়'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [বাংলাদেশ কৃষি ব্যাংক ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর : ১২]
(ক) অতুলনীয় (খ) ঘরোয়া
(গ) সামাজিক (ঘ) পঙ্‌ক্তিহীন **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর : অপাঙ্‌ক্তেয় - পাঙ্‌ক্তেয়।

২০. **'অপসূয়মান' শব্দটির বিপরীত কি?** [সহকারী জজ নিয়োগ : ০৮]
(ক) উদীয়মান (খ) ক্ষয়মান
(গ) বিলীয়মান (ঘ) বিবর্তমান **উত্তর:** ক

২১. **'অভিজ্ঞ' এর বিপরীত শব্দ কোনটি?** [সাধারণ বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
(ক) অতিভিজ্ঞ (খ) অনভিজ্ঞ
(গ) জ্ঞানশূন্য (ঘ) কোনোটিই নয় **উত্তর:** খ

২২. **'অমৃত' এর বিপরীতার্থক শব্দ-** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সহকারী নিরাপত্তা কর্মকর্তা : ২১]
(ক) তিক্ত (খ) বিষাক্ত
(গ) বিরল (ঘ) গরল **উত্তর:** ঘ

২৩. **'গরল' শব্দের বিপরীত শব্দ কি?** [পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) : ১৯]
(ক) মৃত (খ) অমৃত
(গ) গরল (ঘ) গরজ **উত্তর:** খ

২৪. **'অমরাবতী'-এর বিপরীত শব্দ কোনটি?** [বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার : ১১]
(ক) সুরলোক (খ) অম্বর
(গ) দ্যুলোক (ঘ) নরক **উত্তর:** ঘ

২৫. **'অর্থী'র বিপরীত শব্দ-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক-ইউনিট) : ১৬-১৭]
(ক) প্রার্থী (খ) প্রত্যর্থী
(গ) প্রার্থনাকারী (ঘ) যাচক **উত্তর:** খ

২৬. **'অলস' এর বিপরীত শব্দ কোনটি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহায়ক : ১৪]
(ক) পরিশ্রমী (খ) কুড়ে
(গ) আকাশ (ঘ) পাতাল **উত্তর:** ক

২৭. **'অলীক' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [ডেসকো সাব-স্টেশন আটেনডেন্ট : ২২]
(ক) অলৌকিক (খ) লৌকিক
(গ) বাস্তব (ঘ) অবাস্তব **উত্তর:** গ

২৮. **নশ্বর যেমন শ্বাশত, অলীক তেমন ....** [থানা শিক্ষা অফিসার : ০৪]
(ক) শান্ত (খ) সত্য
(গ) সুন্দর (ঘ) স্থায়ী **উত্তর:** খ

২৯. **'অসীম' শব্দের বিপরীতার্থক শব্দ-** [জবি (ঘ ইউনিট) : ০৫-০৬]
(ক) সীমাহীন (খ) সসীম
(গ) সীমাশূন্য (ঘ) আদিগন্ত **উত্তর:** খ

৩০. **'অহ' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [বাংলাদেশ ডেভলপমেন্ট ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
(ক) সূর্য (খ) গতি
(গ) অপর (ঘ) রাত্রি **উত্তর:** ঘ

৩১. **'আকাশ'-এর বিপরীত শব্দ-** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার (টেলার) : ১৫]
(ক) বাতাস (খ) কুসুম
(গ) বাণী (ঘ) পাতাল **উত্তর:** ঘ

৩২. **'আরোহণ'-এর বিপরীতার্থক শব্দ কি?** [কন্ট্রোলার জেনারেল অব্ অ্যাকাউন্টস এর অডিটর : ২২]
(ক) অবরোহণ (খ) সংশ্লেষণ
(গ) বিসর্জন (ঘ) বহির্গমন **উত্তর:** ক

৩৩. **'আকুঞ্চন' এর বিপরীত শব্দ কোনটি?** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
(ক) চিরন্তন (খ) বিসর্জন
(গ) উত্তরণ (ঘ) প্রসারণ **উত্তর:** ঘ

৩৪. **'প্রসারণ' এর বিপরীত শব্দ-** [ষোড়শ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ) : ১৯]
(ক) সম্প্রসারণ (খ) বিবর্ধন
(গ) আকুঞ্চন (ঘ) আকর্ষণ **উত্তর:** গ

৩৫. **'আগমন' এর বিপরীত শব্দ কোনটি?** [পানি উন্নয়ন বোর্ড অফিস সহায়ক : ১৫]
(ক) গমন (খ) নির্গমন
(গ) প্রস্থান (ঘ) সটান **উত্তর:** খ

৩৬. **'আগমনী' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [ববি (ক ইউনিট) : ১৩-১৪]
ক বিদায়ী খ প্রত্যাগমন
গ বিসর্জন ঘ প্রাক্তনী **উত্তর:** ক

৩৭. **'আবাহন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (প্রথম পর্যায়) : ২২]
ক বিসর্জন খ তিরোভাব
গ অপকর্ষ ঘ অবরোহন **উত্তর:** ক

৩৮. **'আদিষ্ট' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [বাংলাদেশ গ্যাস ফিল্ড সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) : ২১]
ক নিষিদ্ধ খ উদ্যত
গ হাজির ঘ অনাসক্ত **উত্তর:** ক

৩৯. **'আকস্মিক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন-এর ক্লাস্টার আইটি অ্যাসিসটেন্ট : ১২]
ক হঠাৎ খ চিরন্তন
গ তিরোভাব ঘ স্থির **উত্তর:** খ

৪০. **'আপদ'-এর বিপরীত শব্দ কোনটি?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১২]
ক সম্পদ খ বিপদ
গ বিগ্রহ ঘ নিগ্রহ **উত্তর:** ক

৪১. **'আসার' শব্দের বিপরীত অর্থ কি?** [বাংলাদেশ ব্যাংক অফিসার : ০১]
ক বৃষ্টি খ আকাঙ্ক্ষা
গ আগমন ঘ মাস বিশেষ **উত্তর:**
ব্যাখ্যা: আসার অর্থ- প্রবল বর্ষণ, জলবিন্দু, নিদর্শন, চিহ্ন।

৪২. **'আবির্ভাব' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর : ১৯]
ক তাদৃশ ক আত্ম
গ তিরোভাব ঘ আরোহন **উত্তর:** গ

৪৩. **'আদিম' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [বাংলাদেশ হাউস বিল্ডিং ফিন্যান্স কর্পোরেশন সিনিয়র অফিসার : ১১]
ক অন্ত খ অন্তম
গ অন্তিম ঘ পূর্ব **উত্তর:** গ

৪৪. **'আঁটি' শব্দের বিপরীত শব্দ হচ্ছে?** [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার (ক্যাশ) : ১৩]
ক সাস খ শাষ
গ শাঁস ঘ শাঁষ **উত্তর:** গ

৪৫. **'আলো' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১৯]
ক আঁধার খ ভালো
গ মন্দ ঘ অলস **উত্তর:** ক

৪৬. **ইতর-এর বিপরীত শব্দ কোনটি?** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক অভদ্র খ মিথ্যা
গ উত্তম ঘ ভদ্র **উত্তর:** ঘ

৪৭. **'ইদানিং' শব্দের বিপরীত শব্দ-** [রাবি (ঙ ইউনিট) : ১৫-১৬]
ক আজকাল খ তদানিং
গ তদানিন্তন ঘ তৎকালীন **উত্তর:** খ

৪৮. **'ঈদৃশ' এর বিপরীত শব্দ-** [জাবি (ক ইউনিট) : ১৪-১৫]
ক সদৃশ খ এরকম
গ তাদৃশ ঘ সাদৃশ **উত্তর:** গ

৪৯. **'উত্তরণ' শব্দের বিপরীত শব্দ-** [রূপালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১৩]
ক পতন খ অবনয়ন
গ অবতরণ ঘ অধস্তন **উত্তর:** গ

৫০. **'উত্থান' এর বিপরীত শব্দ কোনটি?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ১৪]
ক উন্মোচন খ পতন
গ অবতান ঘ অবসান **উত্তর:** খ

৫১. **'উদ্যত' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [হাবিপ্রবি (জি ইউনিট) : ১৫-১৬]
ক সমুন্নত খ অদ্যত
গ বিরত ঘ প্রদ্যুত **উত্তর:** গ

৫২. **'উন্নীত' শব্দের বিপরীতার্থক শব্দ কি?** [জীবন বীমা কর্পোরেশন এর অফিস সহায়ক : ২১]
ক বিনীত খ অবনমিত
গ অবনতি ঘ অধোগতি **উত্তর:** খ

৫৩. **'উত্তপ্ত' শব্দটির বিপরীতার্থক শব্দ কি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিস্তা) : ১০]
ক শৈত্য খ শীত
গ বরফ ঘ শীতল **উত্তর:** ঘ

৫৪. **'উত্তরীয়' এর বিপরীত শব্দ-** [রাবি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ক অনুত্তরীয় খ অন্তরীয়
গ নৈর্ঋত ঘ চাদর **উত্তর:** খ

৫৫. **'উদার' এর বিপরীতার্থক শব্দ-** [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩]
ক কঠিন খ কোমল
গ সংকীর্ণ ঘ হৃদয়বান **উত্তর:** গ

৫৬. **'উদ্ধত' এর বিপরীত শব্দ কোনটি?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ক অবনত খ বিনীত
গ আনত ঘ নত **উত্তর:** খ

৫৭. **'উচাটন' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক উর্ধ্বটান খ প্রশান্ত
গ উঁচুনিচু ঘ উত্তাল **উত্তর:** খ

৫৮. **'উৎকর্ষ' শব্দের বিপরীত শব্দ :** [পূবালী ব্যাংক লি. ট্রেইনি সহকারী জুনিয়র অফিসার : ১৯]
ক নিম্নকর্ষ খ অপকর্ষ
গ উর্বর ঘ অবনতি **উত্তর:** খ

৫৯. **শুদ্ধ বিপরীত শব্দযুগল নয় -** [ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (অফিসার) : ১৮]
ক আকাশ-পাতাল খ সম্মুখে-পেছনে
গ উর্ধ্ব-অধ ঘ ভিতর-বাহির **উত্তর:** গ

৬০. **'উষর' শব্দের বিপরীতার্থক শব্দ-** [বেরোবি (খ ইউনিট) : ১৬-১৭]
ক) অনুর্বর খ) উর্বর
গ) ধূসর ঘ) শস্যশ্যামল **উত্তর: খ**

৬১. **'ঋদ্ধি' শব্দটির বিপরীত অর্থ কোনটি?** [জাবি (বিবিএ) : ১০-১১]
ক) সন্ধ্যা খ) বক্র
গ) অবনতি ঘ) ঋৎ **উত্তর: গ**

৬২. **'একান্ন' এর বিপরীত শব্দ কোনটি?** [জবি (এফ ইউনিট) : ১৪-১৫]
ক) একসাথে খ) পৃথগন্ন
গ) পোলাও ঘ) পৃথক **উত্তর: খ**

৬৩. **'এখন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয় প্রশাসনিক কর্মকর্তা (মুক্তিযোদ্ধা) : ১৮]
ক) তখন খ) যখন
গ) সেক্ষণ ঘ) পরক্ষণ **উত্তর: ক**

৬৪. **'এঁড়ে' শব্দের বিপরীত শব্দ হচ্ছে?** [কুবি (খ ইউনিট) : ১৪-১৫]
ক) অকপট খ) আনাড়ি
গ) গোঁয়ার ঘ) বকনা **উত্তর: ঘ**

৬৫. **'ঐহিক' শব্দের বিপরীত শব্দ -** [৪২তম (বিশেষ) বিসিএস/ বাংলাদেশ রেলওয়ে গার্ড (গ্রেড-২) : ২২]
ক) অবনতি খ) অদৃশ্য
গ) অকৃতজ্ঞ ঘ) পারত্রিক **উত্তর: ঘ**

৬৬. **'ঐচ্ছিক' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক : ১৭]
ক) আবশ্যক খ) আবশ্যকীয়
গ) আবশ্যিক ঘ) পারত্রিক **উত্তর: গ**

৬৭. **'ঐশ্বর্য' এর বিপরীত শব্দ কোনটি?** [সিজিএ এর অফিস সহায়ক : ২২]
ক) আসক্তি খ) পারত্রিক
গ) নিঃস্ব ঘ) ঐচ্ছিক **উত্তর: গ**

৬৮. **'ঐকতান' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ক) ঐকবাদন খ) স্বরবিরোধ
গ) স্বরসঙ্গতি ঘ) কনসার্ট **উত্তর: খ**

৬৯. **'ঔদার্য' শব্দের বিপরীতার্থক শব্দ-** [বাংলাদেশ হাউস বিল্ডিং ফিন্যান্স কর্পোরেশন অফিসার : ১১]
ক) ম্লান খ) পতন
গ) কার্পণ্য ঘ) বিনয় **উত্তর: গ**

৭০. **'ঔদ্ধত্য' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ক) সরল খ) বিনয়
গ) শান্ত ঘ) বিনীত **উত্তর: খ**

৭১. **'ঋজু' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [সোনালী ও জনতা ব্যাংক লি. অফিসার (আইটি) : ২০]
ক) সরল খ) বঙ্কিম
গ) বেঁটে ঘ) ভঙ্গুর **উত্তর: খ**

৭২. **কোন শব্দটি 'সিক্ত'র বিপরীত?** [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ক) অর্জন খ) বর্জন
গ) শুষ্ক ঘ) তীব্র **উত্তর: গ**

৭৩. **নিচের বিপরীত শব্দযুগলের মধ্যে অশুদ্ধ-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক (সাধারণ) : ১৮]
ক) খাতক-মহাজন খ) আসমান-জমিন
গ) সিক্ত-রিক্ত ঘ) স্বপ্ন-বাস্তব **উত্তর: গ**

৭৪. **সঠিক বিপরীত শব্দযুগল-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]
ক) অনন্ত - সান্ত খ) আশ্রয় - প্রশ্রয়
গ) উত্তম - মধ্যম ঘ) জলচর - খেচর **উত্তর: ক**

৭৫. **কোন শব্দযুগল বিপরীতার্থক নয়?** [৪০তম বিসিএস]
ক) ঐচ্ছিক-অনাবশ্যিক খ) কুটিল-সরল
গ) কম-বেশি ঘ) কদাচার-সদাচার **উত্তর: ক**

ক			
কনিষ্ঠ	জ্যেষ্ঠ	কুলীন	অন্ত্যজ
কর্কশ, কঠিন	কোমল	কেজো	অকেজো
কৃষ্ণ	শুক্ল, ধবল, শুভ্র	কুঁড়ে	কুঠি, কোঠা
কৃষ্ণপক্ষ	শুক্লপক্ষ	কুমেরু	সুমেরু
কুটিল	সরল	কড়ি	কোমল, কড়িশূন্য
কৃতজ্ঞ	অকৃতজ্ঞ, কৃতঘ্ন	ক্ষয়িষ্ণু	বর্ধিষ্ণু
কৃত্রিম	স্বাভাবিক/ নৈসর্গিক	ক্ষীয়মাণ	বর্ধমান
কপট	অপকট	ক্ষতি	ফায়দা, লাভ
কালোয়াত	তালকানা	ক্ষিপ্র	মন্থর
কেলেঙ্কারি	সুনাম	ক্ষিপ্ত	শান্ত, প্রকৃতিস্থ
ক্ষীণ	পুষ্ট	ক্রয়, কেনা	বিক্রয়, বেচা
ক্রোধ	প্রীতি, মায়া	কৃশ	স্থূল
ক্রন্দন, বিলাপ	হাস্য		

খ			
খবর	জিজ্ঞাসা	খাতক	মহাজন
খিড়কি	সিংহদ্বার, দেউড়ি	খেদ	আহ্লাদ, প্রসন্নতা
খোঁজ	নিখোঁজ	খরা	বাদল
খাঁটি	ভেজাল, ভুয়া	খয়েরখাঁ	দুশমন
খুঁত	নিখুঁত	খোলা	ঢাকা
খ্যাতি	অখ্যাতি	খুব	অল্প
খ্যাত	অখ্যাত	খানিক	অধিক
খেদ	অখেদ, হর্ষ	খুশি	অখুশি

	গ		
গুপ্ত, গূঢ়	ব্যক্ত, প্রকাশিত	গৃহী	সন্ন্যাসী, যাযাবর
গৌরব	লজ্জা	গ্রীষ্ম	শীত
গৃহীত	বর্জিত	গুরু	লঘু, শিষ্য
গেঁয়ো	শহুরে	গতি	স্থিতি
গ্রাম্য	নাগরিক, শহুরে, বন্য	গঞ্জনা	প্রশংসা
গ্রহণ	বর্জন	গলগ্রহ	প্রতিপাল্য
গাম্ভীর্য	চাপল্য	গত	অনাগত
গৌণ	মুখ্য	গভীর	অগভীর
	ঘ		
ঘাত	প্রতিঘাত	ঘর	বাহির, বা'র
ঘন	তরল	ঘাটতি	বাড়তি, উদ্বৃত্ত
ঘরে	বাইরে	ঘোলা	স্বচ্ছ, পরিষ্কার
ঘাতক	পালক		
	চ - ছ		
চপল	গম্ভীর, অচপল	চিরায়ত	কদাচিৎ, সাময়িক
চঞ্চল	স্থির, নিশ্চল	চিরন্তন	ক্ষণকালীন, আকস্মিক
চালু	অচল	চেনা	অচেনা
চেতন	অচেতন, জড়	চিন্ময়	মৃন্ময়
চালক	চালিত	চাক্ষুষ	অগোচর
চলিত	সাধু	চরিত্রবান	চরিত্রহীন
চড়াই	উৎরাই	চ্যুত	অচ্যুত
চতুর	নির্বোধ, বোকা	চমৎকার	কুৎসিত
ছাড়া	ধরা	ছায়া	রৌদ্র
ছলনা	সততা	ছদ্ম	সত্য, আসল
	জ		
জরা	যৌবন	জঙ্গম, অস্থাবর	স্থাবর
জাগরণ	নিদ্রা, তন্দ্রা	জয়	পরাজয়
জাগ্রত	নিদ্রিত, সুপ্ত	জোয়ার	ভাটা
জন্ম	মৃত্যু	জিত	হার
জীবিত	মৃত, হত	জ্যোতি	অন্ধকার
জীবন	মরণ	জিন্দাবাদ	মুর্দাবাদ
জনাকীর্ণ	জনবিরল	জালিয়াত	সজ্জন
জ্যোৎস্না, পূর্ণিমা	অমাবস্যা	জ্ঞানী	মূর্খ
জ্বলন্ত	নিভন্ত	জরিমানা	বকশিশ
জমিন	আসমান	জুলমাত	আলো
জ্বলন	নির্বাপণ		
	ঝ		
ঝাপসা	পরিষ্কার	ঝাল	মিষ্টি
ঝুনা	কচি, কাঁচা		
	ট		
টাটকা	বাসি	টগবগে	মেদা
টান	ঢিলা	টিলা	খন্দ
টানা	পোড়েন	টিমটিম	জ্বলজ্বল
	ঠ - ড		
সঠিক	বেঠিক	ঠুনকো	মজবুত
ঠাণ্ডা	গরম	ঠকা	জেতা
ডুবা	ভাসা	ডানপিঠে	শান্ত
ডাগর	ছোট, বেঁটে	ডুবন্ত	ভাসন্ত
	ত		
তাপ	শৈত্য, নিস্তাপ	তিমির	আলো, প্রভা
তিরস্কার	পুরস্কার	তীব্র	মৃদু
তপ্ত	শীতল	তন্ময়	মৃন্ময়
তুহিন	উষ্ণতা	তদ্রূপ	যদ্রূপ
তাল	বেতাল	তফাত	কাছে
তারুণ্য	বার্ধক্য	তির্যক	ঋজু, সরল
তরুণ	বৃদ্ধ, প্রবীণ	তুখোড়	ভোঁতা, বোকা
তেজী	মেদা, মন্দা	ত্বরান্বিত, ত্বরা	বিলম্বিত, বিলম্ব
তেজ	নিস্তেজ	ত্যাগ	ভোগ
ত্বরিত	শ্লথ	তাতা	ঠান্ডা
তমসা	আলো	তীক্ষ্ণ	স্থূল
	দ		
দুষ্কৃতি	সুকৃতি	দ্বিধা	নির্দ্বিধা
দারক, পুত্র	দুহিতা	দুর্লভ	সুলভ
দীর্ঘ	হ্রস্ব	দোষ	গুণ
দূর	নিকট	দোষী	নির্দোষ
দুরন্ত	শান্ত	দক্ষিণ, ডান	বাম, উত্তর
দুর্দৈব	সৌভাগ্য	দুষ্ট	শিষ্ট

দ

দয়ালু	নির্দয়, নিষ্ঠুর	দুর্বল	সবল, প্রবল, বলবান
দেওয়া	নেওয়া	দস্যু	ঋষি
দাতা	গ্রহীতা	দেনা	পাওনা
দান	গ্রহণ, প্রতিদান	দরদি	নির্দয়, বেদরদি
দ্যুলোক	ভূলোক	দৃঢ়	শিথিল
দ্বেষ	প্রেম	দুর্দান্ত	নিরীহ
দুর্মতি	সুমতি		
দিবা, দিবস	নিশি, রাত্রি, শর্বরী, রজনী, বিভাবরী		

ধ

ধনবান	ধনহীন	ধীর	অধীর
ধাত্রী	ধাত্রা	ধর্ম	অধর্ম
ধুপ (রৌদ্র)	ছায়া	ধন্যবাদার্হ	নিন্দার্হ
ধৃষ্ট	নম্র, বিনয়ী	ধনাত্মক	ঋণাত্মক
ধনী, ধনিক	নির্ধন, দরিদ্র, গরিব, দীন		

ন

নির্মল	পঙ্কিল	নিরাকার	সাকার
নন্দিত	নিন্দিত	নির্বার	দুর্বার
নিমগ্ন	উদাসীন, নির্লিপ্ত	নশ্বর	শাশ্বত, অবিনশ্বর
নির্ভর	অনির্ভর	ন্যায়	অন্যায়
নরম	শক্ত, কঠিন	নকল	আসল
নতুন	পুরাতন	নেতিবাচক	ইতিবাচক
নাস্তিক	আস্তিক	নির্লজ্জ	সলজ্জ
নিজস্ব	পরস্ব	নগণ্য	গণ্য
নগর	গ্রাম	নিত্য	নৈমিত্তিক
নির্দয়	সদয়	নিমীলিত	উন্মীলিত
নিন্দুক	স্তাবক		

প

প্রসন্ন, প্রফুল্ল, উৎফুল্ল	বিষণ্ণ, বিমর্ষ	প্রদান	আদান
প্রচ্ছন্ন	ব্যক্ত, প্রকট	পূজক	পূজিত
প্রবীণ	নবীন	প্রশংসা	কুৎসা, নিন্দা, ভর্ৎসনা
পাপ	পুণ্য	প্রবেশ	প্রস্থান
পাপী	নিষ্পাপ	প্রতিভাবান	প্রতিভাহীন
পাইকার	ফড়িয়া	প্রভু	ভৃত্য
পাইকারি	খুচরা	প্রকৃত	অপ্রকৃত, বিকৃত
পরাধীন	স্বাধীন	প্রবৃত্তি	নিবৃত্তি
পথ	বিপথ	প্রাচী	প্রতীচী
পটু, ঝানু	অপটু	প্রাচ্য	প্রতীচ্য, পাশ্চাত্য
পরার্থ	স্বার্থ	পুণ্যবান	পুণ্যহীন
প্রতিযোগী	সহযোগী	পামর	পুণ্যবান
প্রফুল্ল	বিমর্ষ, ম্লান	পূর্ব	পশ্চিম
পাংশু	সতেজ	প্রস্থান	প্রবেশ
প্রখরতা	স্নিগ্ধতা		

ব

বদ্ধ	মুক্ত	বন্ধন	মুক্তি
বিশ্রী	শ্রী, সুশ্রী	বিনীত	দুর্বিনীত, উদ্ধত
বাহুল্য	সংক্ষেপ	বিধি	নিষেধ
বিষাদ	আনন্দ	বাঁকা	সোজা
বিজ্ঞ	অজ্ঞ	বন্ধুর	মসৃণ
বন্দোবস্ত	বেবন্দোবস্ত	বিরত	রত, নিরত
বাচাল	স্বল্পভাষী	বেহেশত	দোযখ
বাদী	বিবাদী	বোকা	চালাক
বিদ্বান	মূর্খ	ব্যর্থ	সার্থক
বিজেতা	বিজিত	বুদ্ধিমান	বুদ্ধিহীন
বিবাদ	মিত্রতা	বিশেষ	সামান্য
বিরল	বহুল	বিপদ, আপদ	সম্পদ
সন্ধ্যা	বিহান, সকাল	বৃহৎ	ক্ষুদ্র
বাউণ্ডুলে	সংসারী		

ভ

ভূত	ভাবী, ভবিষ্যৎ	ভীরু	নির্ভীক
ভোঁতা	ধারাল, চোখা	ভীতু	সাহসী
ভূস্বামী	ভূমিহীন	ভয়	সাহস
ভেদ	অভেদ	ভার্যা	দয়িত

ম

মনীষা	নির্বোধ	মৃদু	উগ্র, প্রবল
মান	অপমান	মিলন	বিরহ
মানী	মানহীন	মেঘলা	ফরসা
মহৎ	নীচ, ক্ষুদ্র	মূর্ত	বিমূর্ত
মিল	গরমিল , অমিল	মৌন	মুখর
মহাত্মা	নীচাত্মা	মধুর	তিক্ত
মাগনা	কষ্টার্জিত		

		য	
যোজক	বিয়োজক	যোগ	বিয়োগ
যশ	অপযশ, কলঙ্ক, নিন্দা	যজমান	পুরোহিত
যুক্ত	বিযুক্ত, মুক্ত	যতি	সংযতী
যাচিত	অযাচিত	যত	তত
		র	
রুগ্ণ	সুস্থ	রাগ	বিরাগ
রোগ	নীরোগ, স্বাস্থ্য	রামছাগল	পাতিছাগল
রোষ	প্রসাদ	রুষ্ট	তুষ্ট
রিক্ত, শূন্য	পূর্ণ	রদ	চালু
রাজসিক	তামসিক	রসিক	বেরসিক
		ল	
লাল	কাল, নীল , সবুজ	লক্ষ্মী	অলক্ষ্মী
লাভ	ক্ষতি , লোকসান	লায়েক	নালায়েক
লঘিষ্ঠ	গরিষ্ঠ	লাজুক	নির্লজ্জ
লেজ	মাথা	লগ্ন	চ্যুত
		শ	
শ্রদ্ধা	অশ্রদ্ধা, ঘৃণা	শিষ্ট	অশিষ্ট
শাসক	শাসিত	শীঘ্র	বিলম্ব
শত্রু	মিত্র, বন্ধু	শান্ত	অশান্ত
শ্রীযুক্ত	শ্রীহীন	শুখো	হাজা
শহীদ	গাজী	শারীরিক	মানসিক
শ্রেষ্ঠ	নিকৃষ্ট	শিথিল	সুদৃঢ়
শৌখিন	পেশাদার		
		স	
সবাক	নির্বাক	সন্নিকৃষ্ট	বিপ্রকৃষ্ট
সদর্থক	নঞর্থক	সরল	কুটিল
সঙ্কুচিত	প্রসারিত	সমষ্টি	ব্যষ্টি
সংক্ষিপ্ত	বিস্তৃত	স্মরণ	বিস্মরণ
সংশয়	প্রত্যয়, নিশ্চয়	সাদা	কালো
সংশ্লেষণ	বিশ্লেষণ	স্বনামী, স্বনামে	বেনামী, বেনামে
সুশীল	দুঃশীল	সুন্দর	কুৎসিত
সরস	নীরস	সহযোগ	অসহযোগ
সরব	নিরব		
স্বকীয়	পরকীয়	সফল	বিফল, পণ্ড
সহোদর	বৈমাত্রেয়	সদাচার	কদাচার
সৃষ্টি	ধ্বংস, প্রলয়	সুনজর	কুনজর
স্বতন্ত্র	পরতন্ত্র	স্মৃতি	বিস্মৃতি
সার	অসার	সরকারি	বেসরকারি
সচেষ্ট	নিশ্চেষ্ট	সমৃদ্ধিশালী	সমৃদ্ধিহীন
সম্বল	নিঃসম্বল	সাফল্য	ব্যর্থতা
সংকোচ	নিঃসংকোচ	সন্ধি	বিগ্রহ, বিবাদ, বিচ্ছেদ
সুবহ	দুর্বহ	সাম্য	বৈষম্য, অসাম্য
সংকীর্ণ	প্রশস্ত	সাধু	তস্কর, চোর, ধূর্ত
সুষুপ্ত	জাগরিত	সভ্য	বুনো
সংহত	বিভক্ত	সমক্ষ, প্রত্যক্ষ	পরোক্ষ
সফেদ	নিকষ	সজীব	নির্জীব
সওয়াল	জবাব	সমস্ত	অংশ
সদ্ভাব	বিরোধ	সুকৃত	দুষ্কৃত
সাচ্চা	ভুয়া	স্ববাস	প্রবাস
সুরভি	পূতি		
		হ	
হিত	অহিত	হাসি	কান্না
হর্ষ	বিষাদ, শোক	হরণ	পূরণ
হালকা	ভারী	হক	নাহক
হুঁশ	বেহুঁশ	হাল	বেহাল, সাবেক
হৃদ্য	ঘৃণা	হ্রাস, উপশম	বৃদ্ধি
হর্তা	ভর্তা	হৃদ্যতা	কপটতা
হতবুদ্ধি	স্থিতবুদ্ধি	হাজির	গরহাজির
হরদম	হঠাৎ		

MCQ Solution

১. **'কড়ি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [জবি (খ ইউনিট) : ১২-১৩]

ⓚ কোমল ⓛ মধুর
ⓖ পয়সা ⓘ কানা **উত্তর:** ক

২. **'কুটিল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩]

ⓚ অকুটিল ⓛ বাঁকা
ⓖ সরল ⓘ হালকা **উত্তর:** গ

৩. **'সরল' শব্দের বিপরীতার্থক নয় নিচের কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১]

ⓚ কুটিল ⓛ জটিল
ⓖ গরল ⓘ বক্র **উত্তর:** গ

৪. **'কুৎসা' শব্দের বিপরীত শব্দ কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ২ ইউনিট) : ১৬-১৭]
ⓚ প্রশংসা ⓚ সুন্দর
ⓖ খ্যাতি ⓘ শুভ্র **উত্তর:** ক

৫. **'কোমল' - এর বিপরীতার্থক শব্দ-** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ২১]
ⓚ কর্কশ ⓚ কঠিন
ⓖ শক্ত ⓘ মমত্ব **উত্তর:** ক,খ

৬. **'কৃষ্ণ' এর বিপরীতার্থক শব্দ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভাষা বিভাগ, ফারসি) : ০৯-১০]
ⓚ সাদা ⓚ শুক্ল
ⓖ অন্ধকার ⓘ আলো **উত্তর:** খ

৭. **'কৃষ্ণপক্ষ' এর বিপরীত শব্দ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৬-১৭]
ⓚ বিষ্ণুপক্ষ ⓚ ভদ্রপক্ষ
ⓖ শুক্লপক্ষ ⓘ শুদ্ধপক্ষ **উত্তর:** গ

৮. **'ধবল' এর বিপরীত শব্দ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ১৪-১৫]
ⓚ সাদা ⓚ কৃষ্টি
ⓖ স্বচ্ছ ⓘ কৃষ্ণ **উত্তর:** ঘ

৯. **'কৃতঘ্ন' এর বিপরীত শব্দ কোনটি?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২০]
ⓚ অকৃতজ্ঞ ⓚ কৃতজ্ঞ
ⓖ উপকারী ⓘ ক্ষতিকর **উত্তর:** খ

১০. **'কৃশ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১২]
ⓚ সাধু ⓚ স্থূল
ⓖ মসৃন ⓘ হ্রস্ব **উত্তর:** খ

১১. **'কৃত্রিম' শব্দের বিপরীত শব্দ লিখুন।** [শিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান) : ২২]
ⓚ অকৃত্রিম ⓚ মৌলিক
ⓖ স্বাভাবিক ⓘ সরল **উত্তর:** গ

১২. **'নৈসর্গিক' এর বিপরীত শব্দ কি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সিনিয়র অফিসার : ২১]
ⓚ প্রাকৃতিক ⓚ কৃত্রিম
ⓖ রাত্রিকালীন ⓘ দিবাকালীন **উত্তর:** খ

১৩. **'ক্রোধ' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [কর্মসংস্থান ব্যাংক লি. ডাটা এন্ট্রি অপারেটর : ১৮]
ⓚ উল্লাস ⓚ ক্ষমা
ⓖ মায়া ⓘ স্বস্তি **উত্তর:** গ

১৪. **'ক্ষতি' - এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার (আইটি) : ১৬]
ⓚ অনুকূল ⓚ ব্যবসা
ⓖ সামান্য ⓘ ফায়দা **উত্তর:** ঘ

১৫. **'ক্ষিপ্র' এর বিপরীত শব্দ-** [ঢাবি (ক ইউনিট) : ১৪-১৫]
ⓚ দ্রুত ⓚ চতুর
ⓖ মন্থর ⓘ চঞ্চল **উত্তর:** গ

১৬. **'ক্ষিপ্ত' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [রাবি (ক ইউনিট) : ০৫-০৬]
ⓚ প্রকৃতিস্থ ⓚ শান্ত
ⓖ আনন্দিত ⓘ উল্লসিত **উত্তর:** ক,খ

১৭. **'ক্ষীয়মাণ' এর বিপরীত শব্দ কি?** [২৫তম বিসিএস/ প্রিমিয়ার ব্যাংক জুনিয়র ট্রেইনি অফিসার (ক্যাশ) : ২২]
ⓚ বৃহৎ ⓚ বর্ধিষ্ণু
ⓖ বর্ধমান ⓘ বৃদ্ধিপ্রাপ্ত **উত্তর:** গ

১৮. **'ক্ষয়িষ্ণু' এর বিপরীতার্থক শব্দ-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]
ⓚ বাড়ন্ত ⓚ কৃশ
ⓖ বর্ধিষ্ণু ⓘ অবনতি **উত্তর:** গ

১৯. **'খিড়কি' এর বিপরীতার্থক শব্দ কি?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৩]
ⓚ বাতায়ন ⓚ গুপ্ত পথ
ⓖ চিলেকোঠা ⓘ সিংহদ্বার **উত্তর:** ঘ

২০. **'খাতক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল) : ১৮]
ⓚ বন্ধু ⓚ সম্পদ
ⓖ মহাজন ⓘ জমি **উত্তর:** গ

২১. **'খবর'-এর বিপরীতার্থক শব্দ-** [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৪]
ⓚ বার্তা ⓚ সংবাদ
ⓖ জিজ্ঞাসা ⓘ তত্ত্ব **উত্তর:** গ

২২. **'খুশি' শব্দের বিপরীত শব্দ কী?** [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট : ২০]
ⓚ সকাল ⓚ অখুশি
ⓖ উঠে ⓘ ভান্ডার **উত্তর:** খ

২৩. **কোনটি 'গুপ্ত' শব্দের বিপরীতার্থক শব্দ?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৮]
ⓚ প্রকাশ ⓚ উন্মীলিত
ⓖ অব্যক্ত ⓘ ব্যক্ত **উত্তর:** ঘ

২৪. **'গাম্ভীর্য' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনে সিনিয়র অ্যাসিস্ট্যান্ট : ১৮]
ⓚ নম্র ⓚ দুরন্তপনা
ⓖ কপটতা ⓘ চাপল্য **উত্তর:** ঘ

২৫. **'গৃহী' শব্দের বিপরীতার্থক শব্দ-** [৩৩তম বিসিএস/ বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ⓚ সংসারী ⓚ সঞ্চয়ী
ⓖ সংস্থিতি ⓘ সন্ন্যাসী **উত্তর:** ঘ

২৬. **'গৌরব'-এর বিপরীতার্থক শব্দ কি?** [বেসিক ব্যাংক লি. সহকারী ম্যানেজার : ১৮]
ⓚ অপমান ⓚ অমর্যাদা
ⓖ মানহানি ⓖ লজ্জা **উত্তর:** ঘ

২৭. **'গঞ্জনা'র বিপরীতার্থক শব্দ কোনটি?** [জাককানইবি (ঙ ইউনিট) : ১৬-১৭]
ⓚ বঞ্চনা ⓚ বন্দনা
ⓖ প্রশংসা ⓖ ঘটনা **উত্তর:** গ

২৮. **'গূঢ়' এর বিপরীত শব্দ কোনটি?** [পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড এর সহকারী কর্মকর্তা (প্রশাসন) : ২১]
ⓚ গুড়া ⓚ গুড়
ⓖ ব্যক্ত ⓖ গুড়ম **উত্তর:** গ

২৯. **'গ্রহণ' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [NSI-এর কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ অর্জন ⓚ বর্জন
ⓖ হরণ ⓖ প্রত্যাপর্ণ **উত্তর:** খ

৩০. **'গ্রাম্য' এর বিপরীতার্থক শব্দ হল:** [ববি (ক-ইউনিট) : ১১-১২]
ⓚ ভদ্র ⓚ রুচিবান
ⓖ শহুরে ⓖ পরিপাটি **উত্তর:** গ

৩১. **'পালক' শব্দের বিপরীত শব্দ-** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২০-২১]
ⓚ নিপীড়ক ⓚ ধ্বংসকারী
ⓖ ঘাতক ⓖ শোষক **উত্তর:** গ

৩২. **'ঘাটতি' এর বিপরীত শব্দ কি?** [NSI-এর সাঁটমুদ্রাক্ষরিক : ১৭]
ⓚ উদ্বৃত্ত ⓚ বেশি
ⓖ বাড়তি ⓖ পূর্ণ **উত্তর:** ক,গ

৩৩. **'চক্ষুষ্মান' শব্দটির বিপরীত শব্দ হলো-** [চবি (ক ইউনিট) : ১৬-১৭]
ⓚ অন্ধ ⓚ অদৃশ্য
ⓖ অনুজ্জ্বল ⓖ অবনমিত **উত্তর:** ক

৩৪. **'চঞ্চল' এর বিপরীত অর্থ-** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓚ বিচল ⓚ অবিচল
ⓖ প্রচল ⓖ নিশ্চল **উত্তর:** ঘ

৩৫. **'চঞ্চল'- শব্দের বিপরীত শব্দ কোনটি?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অকিস সহকারী : ২১]
ⓚ উৎরাই ⓚ স্থির
ⓖ অপটু ⓖ অকপট **উত্তর:** খ

৩৬. **'চিরায়ত' শব্দের সঠিক বিপরীতার্থক শব্দ কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন) : ০৮-০৯]
ⓚ সমসাময়িক ⓚ কদাচিৎ
ⓖ প্রতিদিন ⓖ অক্ষয় **উত্তর:** খ

৩৭. **'চিরন্তন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার (আইটি) : ১৬]
ⓚ পুরাতন ⓚ ক্ষণকালীন
ⓖ তিরোভাব ⓖ পরলোক **উত্তর:** খ

৩৮. **'চাক্ষুষ'- এর বিপরীত শব্দ-** [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর : ২০]
ⓚ অদৃশ্য ⓚ নিরিবিলি
ⓖ নিভন্ত ⓖ আগোচর **উত্তর:**
ব্যাখ্যা : সঠিক উত্তর- অগোচর।

৩৯. **'চপল' এর বিপরীতার্থক শব্দ-** [ডাক বিভাগের অফিস সহায়ক (খুলনা অঞ্চল) : ২২]
ⓚ স্তব্ধ ⓚ ঠান্ডা
ⓖ গম্ভীর ⓖ রাশভারী **উত্তর:** গ

৪০. **'জমিন' শব্দের বিপরীত শব্দ -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ⓚ আসমান ⓚ আকাশ
ⓖ মাটি ⓖ বাতাস **উত্তর:** ক

৪১. **'জরা' এর বিপরীতার্থক শব্দ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫]
ⓚ যৌবন ⓚ পতিত
ⓖ জীবন ⓖ মৃত্যু **উত্তর:** ক

৪২. **'যৌবন'-এর বিপরীতার্থক শব্দ-** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১৪]
ⓚ জড় ⓚ মড়া
ⓖ জ্বরা ⓖ জরা **উত্তর:** ঘ

৪৩. **'জুলমাত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [ঢাবি (ক ইউনিট) : ০৭-০৮]
ⓚ আলো ⓚ লাল
ⓖ স্নেহ ⓖ নীল **উত্তর:** ক

৪৪. **'জঙ্গম'-এর বিপরীতার্থক শব্দ কি?** [২৪তম বিসিএস]
ⓚ অরণ্য ⓚ সমুদ্র
ⓖ পর্বত ⓖ স্থাবর **উত্তর:** ঘ

৪৫. **'ঝানু' -এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓚ চতুর ⓚ পটু
ⓖ অপটু ⓖ চালাক **উত্তর:** গ

৪৬. **'পটু'-এর বিপরীত শব্দ কোনটি?** [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ⓚ অপঠু ⓚ অপটূ
ⓖ অপটু ⓖ অপঠূ **উত্তর:** গ

৪৭. **'ডাগর' এর বিপরীত শব্দ কোনটি?** [হাবিপ্রবি (গ ইউনিট) : ১৫-১৬]
ⓚ ছোট ⓚ মলিন
ⓖ কুৎসিত ⓖ স্বল্প **উত্তর:** ক

৪৮. **'তমসা'র বিপরীত শব্দ কোনটি?** [জাবি (গ ইউনিট) : ১১-১২]
ⓚ নিকুঞ্জ ⓚ অন্ধকার
ⓖ ধোঁয়াশা ⓖ আলো **উত্তর:** ঘ

৪৯. **'তস্কর' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ২১]
ⓚ তুচ্ছ ⓚ তথাগত
ⓖ সাধু ⓖ অতএব **উত্তর:** গ

৫০. **'তিমির' এর বিপরীতার্থক শব্দ-** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক) আলো খ) অন্ধকার
গ) কালো ঘ) তিরস্কার **উত্তর:** ক

৫১. **'তাপ' শব্দের বিপরীতার্থক শব্দ-** [১৫তম বিসিএস/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক) শৈত্য খ) শীতল
গ) উত্তাপ ঘ) হিম **উত্তর:** ক

৫২. **'তাতা' শব্দটির বিপরীত শব্দ কোনটি?** [সমন্বিত ৬টি ব্যাংক ও ২টি আর্থিক প্রতিষ্ঠানের সিনিয়র অফিসার : ১৮]
ক) ত্বরা খ) ঠান্ডা
গ) তন্দ্রা ঘ) গরম **উত্তর:** খ

৫৩. **'তেজী' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল - ২) : ১৬]
ক) অস্তেজ খ) শক্তি
গ) নিস্তেজ ঘ) তেজ **উত্তর:** গ

৫৪. **'তেজী' শব্দের বিপরীত শব্দ-** [ঢাবি (ক ইউনিট) : ১৫-১৬]
ক) শিথিল খ) শান্ত
গ) মন্দা ঘ) মন্থর **উত্তর:** গ

৫৫. **'ত্বরা'- এর বিপরীত শব্দ-** [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
ক) বিলম্ব খ) তাৎক্ষণিক
গ) তাড়াতাড়ি ঘ) অপেক্ষা **উত্তর:** ক

৫৬. **'তীক্ষ্ণ' শব্দের বিপরীত শব্দ-** [রাবি (ঙ ইউনিট) : ১৬-১৭]
ক) কর্কশ খ) মৃদু
গ) সুক্ষ্ম ঘ) স্থূল **উত্তর:** ঘ

৫৭. **'দারিদ্র্য' এর বিপরীতার্থক শব্দ-** [জবি (খ ইউনিট) : ০৫-০৬]
ক) সম্পন্ন খ) ধনী
গ) ঐশ্বর্য ঘ) উন্নয়ন **উত্তর:** গ

৫৮. **'দুষ্কৃতি'- এর বিপরীতার্থক শব্দ কি?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩]
ক) সৎ খ) ধার্মিক
গ) সদয় ঘ) সুকৃতি **উত্তর:** ঘ

৫৯. **'দুর্দান্ত' এর বিপরীত শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ক) সুবিনীত খ) কোমল
গ) নিরীহ ঘ) সুস্থির **উত্তর:** গ

৬০. **'দুর্বার'- শব্দের বিপরীত শব্দ কোনটি?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের বিভিন্ন পদ : ১৮]
ক) অদম্য খ) কোমল
গ) নির্বার ঘ) স্থির **উত্তর:** গ

৬১. **'দুর্দৈব' শব্দটির বিপরীত শব্দ কোনটি?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার : ০৫]
ক) সৌভাগ্য খ) দুর্ভাগ্য
গ) সুলভ ঘ) দুর্লভ **উত্তর:** ক

৬২. **'দেউড়ি' শব্দের বিপরীত শব্দ-** [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৩]
ক) বাতায়ন খ) গবাক্ষ
গ) অলিন্দ ঘ) খিড়কি **উত্তর:** ঘ

৬৩. **'দ্যুলোক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [তিতাস গ্যাস কো. লি. ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার : ১১]
ক) ভূলোক খ) লোক
গ) কালো ঘ) দিবালোক **উত্তর:** ক

৬৪. **দুহিতা-এর বিপরীত শব্দ কোনটি?** [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৬]
ক) পুত্র খ) কন্যা
গ) স্ত্রী ঘ) স্বামী **উত্তর:** ক

৬৫. **'দ্বেষ' এর বিপরীত শব্দ কী?** [জাবি (এফ, আইন ইউনিট) : ১২-১৩]
ক) প্রেম খ) বিদ্বেষ
গ) ভাব ঘ) কোনোটিই নয় **উত্তর:** ক

৬৬. **বিপরীত শব্দ কোনটি?** [জাককানইবি (এ.এল ইউনিট) : ১৭-১৮]
ক) দাতা - গ্রহীতা খ) দাতা - গৃহিতা
গ) দাতা - প্রাপক ঘ) দাতা - ত্রাতা **উত্তর:** ক

৬৭. **'ধনিক' -এর বিপরীত শব্দ কোনটি?** [ঢাবি (ক ইউনিট) : ০০-০১]
ক) নির্ধন খ) দরিদ্র
গ) নিঃস্ব ঘ) শ্রমিক **উত্তর:** ক

৬৮. **'ধীর' শব্দের বিপরীত শব্দ :** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ক) দ্রুত খ) অধীর
গ) বধীর ঘ) কোনোটিই নয় **উত্তর:** খ

৬৯. **'ধনবান' শব্দের বিপরীত শব্দ :** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ক) ধনহীন খ) ধনাঢ্য
গ) ধনবান্য ঘ) কোনোটিই নয় **উত্তর:** ক

৭০. **'ধৃষ্ট' - এর বিপরীত শব্দ কোনটি?** [খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক : ২১]
ক) নিরীহ খ) দুষ্ট
গ) বিনয়ী ঘ) মুক্ত **উত্তর:** গ

৭১. **'নাস্তিক' শব্দের বিপরীত শব্দটি কী?** [চবি (খ ইউনিট) : ০৩-০৪]
ক) আস্তিক খ) অস্তিত্ববাদী
গ) ধার্মিক ঘ) জড়বাদী **উত্তর:** ক

৭২. **নির্মল-এর বিপরীতার্থক শব্দ কি?** [স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার : ২২]
ক) প্রফুল্ল খ) বিশুদ্ধ
গ) পঙ্কিল ঘ) কোনোটিই নয় **উত্তর:** গ

৭৩. **'নিন্দুক'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [বেরোবি (ক ইউনিট) : ১৬-১৭]
ক) প্রশংসা খ) প্রশংসাকারী
গ) স্তাবক ঘ) গুণকীর্তনকারী **উত্তর:** গ

৭৪. **'নন্দিত' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক : ২২]
ক) বিষণ্ন খ) বিষাদ
গ) প্রচ্ছন্ন ঘ) নিন্দিত **উত্তর:** ঘ

৭৫. **'নন্দিত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক : ১৩]
ক) বিষণ্ন খ) বিষাদ
গ) প্রচ্ছন্ন ঘ) এর কোনোটিই নয় **উত্তর: ঘ**

৭৬. **'নন্দিত-নিন্দিত' কিসের উদাহরণ?** [NSI-এর সাঁটমুদ্রাক্ষরিক : ১৭]
ক) প্রতিশব্দ খ) বিপরীত শব্দ
গ) সমার্থক শব্দ ঘ) কোনোটিই নয় **উত্তর: খ**

৭৭. **'নেতিবাচক' শব্দের বিপরীত অর্থ কোনটি?** [পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী : ১১]
ক) অর্থবাচক খ) ইতিবাচক
গ) সমার্থক **উত্তর: খ**

৭৮. **'নিমগ্ন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার (আইটি) : ১৬]
ক) উদাসীন খ) জাগরিত
গ) অপকর্ষ ঘ) নিস্তেজ **উত্তর: ক**

৭৯. **'নিমীলিত' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [শাবিপ্রবি (ক ইউনিট) : ১৬-১৭]
ক) উন্মীলিত খ) উদ্বেলিত
গ) উপেক্ষিত ঘ) উন্মোচিত **উত্তর: ক**

৮০. **'বিরক্ত' শব্দের বিপরীত অর্থ কী?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৫]
ক) আদর খ) অন্ত
গ) অনুরক্ত ঘ) অনুজ **উত্তর: গ**

৮১. **'নিরাকার' শব্দের বিপরীতার্থক শব্দ-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২]
ক) আকার খ) সকার
গ) অদৃশ্য ঘ) দৃশ্যমান **উত্তর:**
ব্যাখ্যা: 'নিরাকার' শব্দের সঠিক বিপরীত শব্দ - সাকার।

৮২. **'পঙ্কিল' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [ঢাবি (ক ইউনিট) : ০২-০৩]
ক) পরিচ্ছন্ন খ) উজ্জ্বল
গ) নির্মল ঘ) অম্লান **উত্তর: গ**

৮৩. **'পাংশু' এর বিপরীত শব্দ কোনটি?** [খুলনা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৩-১৪]
ক) সতেজ খ) সবুজ
গ) খর্ব ঘ) বৃহৎ **উত্তর: ক**

৮৪. **'পামর' শব্দটির বিপরীতার্থক কী হবে?** [ঢাবি অধিভুক্ত ৭ (সাত) কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ক) পাষাণ খ) দয়ালু
গ) পুণ্যবান ঘ) মহাত্মা **উত্তর: গ**

৮৫. **'পুষ্ট' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ১৮]
ক) জীর্ণ খ) ক্ষীণ
গ) দুর্বল ঘ) ভঙ্গুর **উত্তর: খ**

৮৬. **'প্রাচী' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [৮ম বিজেএস (সহকারী জজ) : ১৩]
ক) প্রচীতী খ) প্রতীচী
গ) প্রতিচী ঘ) প্রীতিচী **উত্তর: খ**

৮৭. **'প্রাচ্য' এর বিপরীত শব্দ-** [রাবি (ই৩ ইউনিট) : ১৭-১৮]
ক) প্রাচী খ) দূরপ্রাচ্য
গ) প্রাতীচ্য ঘ) অপ্রাচ্য **উত্তর: গ**

৮৮. **'পাশ্চাত্য' শব্দের বিপরীত শব্দ-** [NSI এর কম্পিউটার অপারেটর : ২১]
ক) প্রতীচ্য খ) প্রাচ্য
গ) পশ্চিমা ঘ) পূর্ব-পশ্চিম **উত্তর: খ**

৮৯. **'প্রশান্তি' শব্দের বিপরীতার্থক শব্দ কি?** [বেরোবি (ক ইউনিট) : ১৫-১৬]
ক) অশান্তি খ) নিন্দা
গ) দুশ্চিন্তা ঘ) চঞ্চলতা **উত্তর: ক**

৯০. **'প্রচ্ছন্ন' শব্দের বিপরীতার্থক শব্দ-** [বাংলাদেশ হাউস বিল্ডিং ফিন্যান্স কর্পোরেশন অফিসার : ১১]
ক) ব্যক্ত খ) আগমন
গ) ভর্ৎসনা ঘ) বিষণ্ন **উত্তর: ক**

৯১. **'প্রফুল্ল' এর বিপরীত শব্দ কী?** [ইবি (শাপলা) : ১১-১২]
ক) উৎফুল্ল খ) বিষাদ
গ) বিমর্ষ ঘ) কষ্ট **উত্তর: গ**

৯২. **'প্রলয়'-এর বিপরীত শব্দ-** [জাবি (গ ইউনিট) : ১২-১৩]
ক) স্মৃতি খ) মালয়
গ) সৃষ্টি ঘ) স্তুতি **উত্তর: গ**

৯৩. **'প্রসন্ন' এর বিপরীতার্থক শব্দ-** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. কার্যনির্বাহী অফিসার (ক্যাশ) : ১৮]
ক) বিপন্ন খ) আসন্ন
গ) প্রতিপন্ন ঘ) বিষণ্ন **উত্তর: ঘ**

৯৪. **'প্রাচীন'-এর বিপরীতার্থক শব্দ কি?** [NSI-এর ফিল্ড অফিসার : ২১]
ক) নতুন খ) বর্তমান
গ) অর্বাচীন ঘ) এর কোনোটিই নয় **উত্তর: গ**

৯৫. **'বন্ধুর' বিপরীত শব্দ কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরে সহকারী শিক্ষক : ১৭]
ক) মসৃণ খ) বন্ধু
গ) শত্রু ঘ) কণ্টক **উত্তর: ক**

৯৬. **'বর্ধমান' এর বিপরীত শব্দ-** [চবি (ঘ ইউনিট) : ০৫-০৬]
ক) ক্ষীয়মাণ খ) মহাজন
গ) ধনী ঘ) গরিষ্ঠ **উত্তর: ক**

৯৭. **'বিভাবরী' এর বিপরীত শব্দ-** [রাবি : ০৯-১০]
ক) দিবস খ) রজনী
গ) দীন ঘ) রাত্রি **উত্তর: ক**

৯৮. **'বিহান' এর বিপরীত শব্দ কোনটি?** [রাবি (ক২ ইউনিট) : ১৭-১৮]
ক) সোহন খ) সন্ধ্যা
গ) বিশ্ব ঘ) মাস **উত্তর: খ**

৯৯. **'বিষণ্ন' শব্দের বিপরীত শব্দ-** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার (টেলার) : ১৫]
ক) আসন্ন খ) প্রসন্ন
গ) প্রচ্ছন্ন ঘ) সম্পন্ন **উত্তর:** খ

১০০. **'বহুল' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [ইবি (খ ইউনিট) : ১৫-১৬]
ক) সরল খ) গরল
গ) বিরল ঘ) বিষাক্ত **উত্তর:** গ

১০১. **'বিলাপ' এর বিপরীত শব্দ কোনটি?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৯]
ক) অপলাপ খ) রোদন
গ) প্রলাপ ঘ) হাস্য **উত্তর:** ঘ

১০২. **'বিষণ্ন' শব্দের বিপরীত শব্দগুচ্ছ শনাক্ত কর-** [ঢাবি (ক ইউনিট) : ০১-০২]
ক) প্রফুল্ল, প্রসন্ন, উৎফুল্ল
খ) আমোদিত, প্রস্ফুটিত, আহ্লাদিত
গ) নন্দিত, আনন্দিত, তুষ্ট
ঘ) হৃষ্ট, তৃপ্ত, তাপিত **উত্তর:** ক

১০৩. **'বিশ্রী' এর বিপরীতার্থক শব্দ কী?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১০]
ক) শ্রীত খ) সুন্দর
গ) শ্রী ঘ) কৃশ **উত্তর:** গ

১০৪. **'বন্ধন' এর বিপরীত শব্দ হচ্ছে-** [NSI-এর কনস্টেবল : ১৯]
ক) মুক্ত খ) উন্মুক্ত
গ) মুক্তি ঘ) খোলা **উত্তর:** গ

১০৫. **'বিনীত'-এর বিপরীতার্থক শব্দ কি?** [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার (ক্যাশ) : ১১]
ক) অবিনীত খ) দুর্বিনীত
গ) অবিনত ঘ) অভদ্র **উত্তর:** খ

১০৬. **'বাহুল্য' এর বিপরীত শব্দ-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ১০-১১]
ক) প্রয়োজনীয় খ) সংক্ষেপ
গ) বিনীত ঘ) অনুগ্রহ **উত্তর:** খ

১০৭. **'বিধি' এর বিপরীত শব্দ কোনটি?** [বিসিক-এর প্রমোশন অফিসার : ২১]
ক) নিয়ম খ) অনিয়ম
গ) প্রথা ঘ) নিষেধ **উত্তর:** ঘ

১০৮. **'বিদিত' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [জাককানইবি (ক ইউনিট) : ১৬-১৭/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক) অজ্ঞাত খ) গৃহীত
গ) বিদীর্ণ ঘ) বিসর্জন **উত্তর:** ক

১০৯. **'বিরত' এর বিপরীত শব্দ-** [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ক) আরত খ) না-রাত
গ) নিরত ঘ) নিবৃত **উত্তর:** গ

১১০. **'বঙ্কিম' - এর বিপরীতার্থক শব্দ-** [সোনালী ব্যাংক সিনিয়র অফিসার : ১৪]
ক) রক্তিম খ) ক্লেদাক্ত
গ) ঋজু ঘ) বাঁকা **উত্তর:** গ

১১১. **'ব্যক্ত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [৩৮তম বিসিএস/ রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ক) ত্যক্ত খ) গ্রাহ্য
গ) দৃঢ় ঘ) গূঢ় **উত্তর:** ঘ

১১২. **'ব্যষ্টি' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ক) সৃষ্টি খ) বৃদ্ধি
গ) সমষ্টি ঘ) ভবিষৎ **উত্তর:** গ

১১৩. **'বিজেতা' এর বিপরীত শব্দ কোনটি?** [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার/ অফিসার : ১৬]
ক) বিজ্ঞ খ) বিজন
গ) বিজিত ঘ) বাহ্য **উত্তর:** গ

১১৪. **'বিগ্রহ' শব্দের বিপরীত শব্দ হল-** [মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাঠ সহকারী : ১৯]
ক) বিবাদ খ) সন্ধি
গ) সংকোচন ঘ) বিস্তৃত **উত্তর:** খ

১১৫. **'ব্যর্থ' শব্দের বিপরীতার্থক-** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নিরাপত্তা অপারেটর : ২১]
ক) সার্থক খ) স্বার্থক
গ) পরর্থ ঘ) অশর্থ **উত্তর:** ক

১১৬. **'ভার্যা'র বিপরীত শব্দ কোনটি?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ২১]
ক) দার খ) দয়িত
গ) বনিতা ঘ) জায়া **উত্তর:** খ

১১৭. **'ভূলোক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [চবি (গ ইউনিট) : ০৩-০৪]
ক) অতিলোক খ) দ্যুলোক
গ) পরলোক ঘ) ছায়ালোক **উত্তর:** খ

১১৮. **'ভূত' এর বিপরীত শব্দ কোনটি?** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২/ ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.ফিল্ড অফিসার : ২২]
ক) দৈত্য খ) জীন
গ) ভবিষ্যৎ ঘ) নির্ভীক **উত্তর:** গ

১১৯. **'ভূত' এর বিপরীত শব্দ-** [ঢাবি (ক ইউনিট) : ০৪-০৫]
ক) বর্তমান খ) ভাবী
গ) প্রেত ঘ) সম্ভব **উত্তর:** খ

১২০. **'মান' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন পদ : ১৯]
ক) সম্মান খ) অপমান
গ) গৌণ ঘ) অমান্য **উত্তর:** খ

১২১. **'মনীষা' শব্দের বিপরীত শব্দ-** [বাংলাদেশ বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ নিরাপত্তা অফিসার : ২১]
ক) নির্বোধ খ) প্রভা
গ) মনস্বিতা ঘ) স্থিরতা **উত্তর:** ক

১২২. 'মধুর' শব্দের বিপরীতার্থক শব্দ- [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ⓚ মিষ্টি ⓚ তিক্ত
ⓖ অম্লত্ব ⓖ মন্দ **উত্তর:** খ

১২৩. 'অম্ল' শব্দের বিপরীত শব্দ কোনটি? [NSI-এর ডেসপাচ রাইডার : ২১]
ⓚ মধুর ⓚ মিষ্টি
ⓖ তিতা ⓖ লোনা **উত্তর:** ক

১২৪. 'মাগনা' শব্দের বিপরীতার্থক শব্দ- [ইসলমী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৬-১৭]
ⓚ সহজলব্ধ
ⓚ অধিক অর্থের বিনিময়ে অর্জিত
ⓖ কষ্টার্জিত
ⓖ বিনা মূল্যে অর্জিত **উত্তর:** গ

১২৫. 'মুক্ত' এর বিপরীতার্থক শব্দ- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০]
ⓚ স্বাধীন ⓚ বদ্ধ
ⓖ মুক্তি ⓖ বাহির **উত্তর:** খ

১২৬. 'মুখর' শব্দের বিপরীত শব্দ- [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর উচ্চমান সহকারী : ২১]
ⓚ চঞ্চল ⓚ নিস্তব্ধ
ⓖ মৌন ⓖ নীরব **উত্তর:** গ

১২৭. 'মুখ্য' এর বিপরীত শব্দ কোনটি? [বাংলাদেশ জুটমিল করপোরেশনের অফিসার : ১৭]
ⓚ প্রধান ⓚ গৌণ
ⓖ সূক্ষ্ম ⓖ গুণ্য **উত্তর:** খ

১২৮. 'মৃদু' শব্দের অমিল শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৮৯]
ⓚ উগ্র ⓚ শক্ত
ⓖ উদ্ধত ⓖ কঠিন **উত্তর:** ক

১২৯. 'যত' এর বিপরীত শব্দ কোনটি? [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট স্কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ⓚ অনেক ⓚ সংখ্যা
ⓖ তত ⓖ কোনোটিই নয় **উত্তর:** গ

১৩০. 'যাযাবর' এর বিপরীত শব্দ- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ৯৯-০০]
ⓚ গৃহকাতর ⓚ ঘরকুনো
ⓖ গৃহী ⓖ গৃহগত **উত্তর:** গ

১৩১. 'যাযাবর' এর বিপরীতার্থক শব্দ কোনটি? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ২০]
ⓚ সর্বজনীন ⓚ সার্বিক
ⓖ স্থির ⓖ স্থায়ী **উত্তর:** ঘ

১৩২. 'যোজক'- এর বিপরীত শব্দ কি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্ম) : ০৯]
ⓚ প্রণালী ⓚ বিয়োজক
ⓖ হ্রাস ⓖ কোনোটিই নয় **উত্তর:** খ

১৩৩. 'রাজসিক' শব্দের বিপরীত শব্দ কোনটি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক : ১৮]
ⓚ প্রাজসিক ⓚ অরাজসিক
ⓖ তামসিক ⓖ সাধারণ **উত্তর:** গ

১৩৪. 'লগ্ন'-এর বিপরীত শব্দ কোনটি? [ঢাবি (গ ইউনিট) : ০১-০২]
ⓚ শুরু ⓚ শেষ
ⓖ চ্যুত ⓖ ভোলা **উত্তর:** গ

১৩৫. 'শ্রীযুক্ত' শব্দের বিপরীত শব্দ : [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১১]
ⓚ শ্রী অযুক্ত ⓚ শ্রীবিহীন
ⓖ শ্রীহীন ⓖ শ্রীমতি **উত্তর:** গ

১৩৬. 'শোক' শব্দের বিপরীত শব্দ- [জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী : ২১]
ⓚ দুঃখ ⓚ হর্ষ
ⓖ অনুতাপ ⓖ ব্যথা **উত্তর:** খ

১৩৭. 'শর্বরী' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়) : ১৯]
ⓚ দিবস ⓚ কুটিল
ⓖ কৃষ্ণ ⓖ কুৎসিত **উত্তর:** ক

১৩৮. 'শান্ত' এর বিপরীত শব্দ কোনটি? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১২]
ⓚ স্থির ⓚ অনবরত ⓖ অনন্ত
ⓖ গতিশীল ⓤ কোনোটিই নয় **উত্তর:** ঙ

১৩৯. 'শূন্য' এর বিপরীত শব্দ কোনটি? [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট স্কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২২]
ⓚ পূর্ণ ⓚ পূণ্য
ⓖ পুর্ণ ⓖ পুর্ন **উত্তর:** ক

১৪০. 'শৌখিন' শব্দের বিপরীতার্থক শব্দ- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ কুশলী ⓚ নোংরা
ⓖ পেশাদার ⓖ দুর্জন **উত্তর:** গ

১৪১. 'সংশয়' এর বিপরীতার্থক শব্দ কোনটি? [১১তম বিসিএস/ ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.ফিল্ড অফিসার : ২২]
ⓚ নির্ভর ⓚ প্রত্যয়
ⓖ বিস্ময় ⓖ দ্বিধা **উত্তর:** খ

১৪২. 'সংহত' এর বিপরীতার্থক শব্দ কোনটি? [জবি (ঘ ইউনিট) : ০৭-০৮]
ⓚ বিবৃত ⓚ বিভক্ত
ⓖ অসংযত ⓖ অশক্ত **উত্তর:** খ

১৪৩. 'সঠিক' শব্দের বিপরীত শব্দ কোনটি? [জাবি (গ ইউনিট) : ১১-১২]
ⓚ সরল ⓚ সহজ
ⓖ সত্য ⓖ বেঠিক **উত্তর:** ঘ

১৪৪. 'স্থাবর' শব্দের সঠিক বিপরীত শব্দ কোনটি? [৯ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১৪]
ⓚ জঙ্গণ ⓚ স্থাবরহীন
ⓖ জঙ্গম ⓖ স্থাবরবিহীন **উত্তর:** গ

১৪৫. **'স্মরণ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা) : ১৩]
ⓚ জাগরণ ⓚ বিস্মরণ
ⓖ নির্লিপ্ত ⓖ উদিত **উত্তর:** খ

১৪৬. **'সংক্ষিপ্ত'-এর বিপরীত শব্দ কি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শাপলা) : ০৯]
ⓚ চওড়া ⓚ প্রসারিত
ⓖ প্রশস্ত ⓖ বিস্তৃত **উত্তর:** ঘ

১৪৭. **'সংকীর্ণ' এর বিপরীত শব্দ কি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্ম) : ০৯]
ⓚ প্রশস্ত ⓚ প্রসারিত
ⓖ চওড়া ⓖ বিস্তৃত **উত্তর:** ক

১৪৮. **'সঙ্কুচিত'-এর বিপরীতার্থক শব্দ কি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শিউলী) : ০৯]
ⓚ চওড়া ⓚ প্রসারিত
ⓖ প্রশস্ত ⓖ বিস্তৃত **উত্তর:** খ

১৪৯. **'সবল' এর বিপরীত শব্দ-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৩-১৪]
ⓚ দুর্বল ⓚ দুষ্ট
ⓖ একবর্ণা ⓖ বিচিত্র **উত্তর:** ক

১৫০. **'সুধা' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [জাবি (বিবিএ) : ১০-১১]
ⓚ তিক্ত ⓚ বিষাক্ত
ⓖ গরল ⓖ সবকটি **উত্তর:** গ

১৫১. **'সুযুপ্ত' শব্দের বিপরীত শব্দ-** [রাবি : ০৫-০৬]
ⓚ নিমগ্ন ⓚ আহরিত
ⓖ হরণ ⓖ জাগরিত **উত্তর:** ঘ

১৫২. **'সুরভি' এর বিপরীতার্থক শব্দ-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২]
ⓚ কৃষ ⓚ শুভ্র
ⓖ পূতি ⓖ সুশীল **উত্তর:** গ

১৫৩. **'সুশীল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [জাবি (জার্নালিজম) : ১২-১৩]
ⓚ দুঃশীল ⓚ অসামাজিক
ⓖ সাধারণ ⓖ একটিও নয় **উত্তর:** ক

১৫৪. **'সমষ্টি' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [রাবি : ০৯-১০]
ⓚ গুচ্ছ ⓚ যৌগ
ⓖ বিচ্ছিন্ন ⓖ ব্যষ্টি **উত্তর:** ঘ

১৫৫. **'সংকোচ' এর বিপরীতার্থক শব্দ হলো-** [বাংলাদেশ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মাঠ কর্মকর্তা : ১৩]
ⓚ নিঃসংকোচ ⓚ প্রসার
ⓖ লজ্জাযুক্ত ⓖ নিগ্রহ **উত্তর:** ক

১৫৬. **'সন্ধি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ১০]
ⓚ বিয়োগ ⓚ বিগ্রহ
ⓖ নিগ্রহ ⓖ বর্জন **উত্তর:** খ

১৫৭. **'সন্নিকৃষ্ট'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ-ইউনিট) : ১৮-১৯]
ⓚ সংকীর্ণ ⓚ অপকৃষ্ট
ⓖ বিপ্রকৃষ্ট ⓖ বিগ্রহ **উত্তর:** গ

১৫৮. **'সচেষ্ট'- এর সঠিক বিপরীত শব্দ কোনটি?** [NSI-এর কনস্টেবল : ১৯]
ⓚ অশিষ্ট ⓚ অনিষ্ট
ⓖ লঘিষ্ঠ ⓖ নিশ্চেষ্ট **উত্তর:** ঘ

১৫৯. **'সৌম্য'-এর বিপরীত শব্দ-** [সমন্বিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ⓚ উগ্র ⓚ শান্ত
ⓖ কঠিন ⓖ উদ্ধত **উত্তর:** ক

১৬০. **'সৌম্য'- এর বিপরীত শব্দ-** [বাংলাদেশ কৃষি উন্নয়ন ব্যাংক সিনিয়র অফিসার : ১০]
ⓚ অসুন্দর ⓚ কুৎসিত
ⓖ কাপুরুষ ⓖ করাল **উত্তর:** ঘ

১৬১. **'স্বকীয়' শব্দটির বিপরীত শব্দ কোনটি?** [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল - ২) : ১৬]
ⓚ অপর ⓚ নিজস্ব
ⓖ স্বকীয়তা ⓖ পরকীয় **উত্তর:** ঘ

১৬২. **'স্বাধীন' শব্দের বিপরীত শব্দ-** [বাংলাদেশ টেলিভিশনের অফিস সহায়ক : ২১]
ⓚ পরাধীন ⓚ অধীন
ⓖ নবীন ⓖ সুখী **উত্তর:** ক

১৬৩. **'স্বতন্ত্র' এর বিপরীত শব্দ-** [ইবি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ অন্যতন্ত্র ⓚ অপরতন্ত্র
ⓖ পরতন্ত্র ⓖ অসমতন্ত্র **উত্তর:** গ

১৬৪. **'সন্ন্যাসী' এর বিপরীত শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ সন্ন্যাস ⓚ গৃহী
ⓖ গৃহি ⓖ কোনোটিই নয় **উত্তর:** খ

১৬৫. **'সফেদ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন মাস্টার : ২২]
ⓚ শুভ্র ⓚ নিকষ
ⓖ লোহিত ⓖ নীলিম **উত্তর:** খ

১৬৬. **'সভ্য' শব্দটির বিপরীতার্থক শব্দ হল-** [রাবি (ঙ ইউনিট) : ১৩-১৪]
ⓚ গ্রাম্য ⓚ প্রতীচ্য
ⓖ বুনো ⓖ বিষম **উত্তর:** গ

১৬৭. **'সমক্ষ' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর : ১৯]
ⓚ প্রত্যক্ষ ⓚ পরোক্ষ
ⓖ তুলনীয় ⓖ অনুক্ষ **উত্তর:** খ

১৬৮. 'সহোদর' শব্দের বিপরীত অর্থ প্রকাশ করে নিচের কোন শব্দ? [জবি (ঘ ইউনিট) : ১২-১৩]
ক) অনাদর খ) অগ্রজ
গ) বৈমাত্রেয় ঘ) জাতিক **উত্তর:** গ

১৬৯. 'হরণ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? [তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশন এর উচ্চমান সহকারী : ১৭]
ক) পূরণ খ) গ্রহণ
গ) মুক্ত ঘ) কোনোটিই নয় **উত্তর:** ক

১৭০. 'হর্ষ'-এর বিপরীতার্থক শব্দ কোনটি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী : ১১]
ক) আনন্দ খ) কষ্ট
গ) বিষাদ **উত্তর:** গ

১৭১. 'হিত' শব্দের বিপরীতার্থক শব্দ- [আনসার ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট : ১০]
ক) বিহিত খ) অহিত
গ) সুহৃদ ঘ) বিপরীত **উত্তর:** খ

১৭২. 'হাল' শব্দের বিপরীত শব্দ কোনটি? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন কারিগরি শিক্ষা জুনিয়র ইনস্ট্রাক্টর : ০৫]
ক) সাবেক খ) বর্তমান
গ) তৎসম ঘ) উত্তম **উত্তর:** ক

১৭৩. 'হৃদ্য' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১২]
ক) ঘৃণা খ) অহৃদ্য
গ) অবহেলা ঘ) বিরক্ত **উত্তর:** ক

১৭৪. যথাযথ বিপরীত শব্দজোড় নয় কোনটি? [রাবি (আই ইউনিট) : ১৬-১৭]
ক) গৃহী - সন্ন্যাসী খ) উত্তম - মধ্যম
গ) আকাশ - পাতাল ঘ) কান্না - হাসি **উত্তর:** খ

১৭৫. সঠিক বিপরীত শব্দজোড়া - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী : ১১]
ক) ইষ্ট - শিষ্ট খ) সঞ্চয় - অপচয়
গ) আগ্রহ - নিগ্রহ **উত্তর:** খ

১৭৬. 'তস্কর' ও 'নিন্দুক' শব্দগুলোর বিপরীত শব্দ কোনগুলো? [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০০-০১]
ক) কঠিন, নির্দয় খ) সাধু, স্তাবক
গ) কপটতা, বিষাদ ঘ) ডাকাত, অহংকারী **উত্তর:** খ

১৭৭. নিচের কোন বিপরীত শব্দটি শুদ্ধ? [জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১১]
ক) বাহ্য - আভ্যন্তর খ) বলী - দুর্বল
গ) মহাত্মা - নীচাত্মা ঘ) যজমান - পুরোহিত **উত্তর:** গ

১৭৮. বিপরীতার্থক শব্দের ক্ষেত্রে নিচের কোনটি ভুল? [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (NSI)-এর সহকারী পরিচালক : ২১]
ক) অমৃত = গরল খ) তস্কর = সাধু
গ) কৃশ = স্থূল ঘ) অর্বাচীন = আধুনিক **উত্তর:** ঘ

১৭৯. নিচের কোন বিপরীতার্থক শব্দজোড় অশুদ্ধ? [রূপালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ১৩]
ক) শুষ্ক - রুক্ষ খ) স্বতন্ত্র - পরতন্ত্র
গ) সুবহ - দুর্বহ ঘ) ক্রয় - বিক্রয় **উত্তর:** ক

১৮০. সঠিক বিপরীত শব্দযুগল নয়- [ঢাবি (খ ইউনিট) : ১৪-১৫]
ক) শ্রী - বিশ্রী খ) টক - ঝাল
গ) গুণ - গান ঘ) উন্মুখ - বিমুখ **উত্তর:** গ

১৮১. নিচের কোন বিপরীত শব্দযুগল অশুদ্ধ? [পূবালী ব্যাংক লি. অফিসার/ জুনিয়র অফিসার (ক্যাশ) : ১৪]
ক) আসামি - হাজতি খ) প্রকৃষ্ট - নিকৃষ্ট
গ) লঘু - গুরু ঘ) বিরল - বহুল **উত্তর:** ক

১৮২. কোন শব্দজোর বিপরীতার্থক নয়? [৩৫তম বিসিএস]
ক) অনুলোম - প্রতিলোম গ) গরিষ্ঠ - লঘিষ্ঠ
খ) নশ্বর - শাশ্বত ঘ) হৃষ্ট - পুষ্ট **উত্তর:** ঘ

ব্যাখ্যা: হৃষ্ট শব্দের বিপরীতার্থক শব্দ বিষণ্ন; পুষ্ট শব্দের বিপরীতার্থক শব্দ ক্ষীণ।

১৮৩. নিচের জোড় শব্দগুলোর মধ্যে কোন দুটি শব্দ বিপরীতার্থক নয়? [জবি (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক) আপদ - বিপদ খ) আকাশ - পাতাল
গ) আলো - আঁধার ঘ) আয় - ব্যয় **উত্তর:** ক

১৮৪. বিপরীতার্থক শব্দজোড়ের দৃষ্টান্ত হিসেবে কোনটি অশুদ্ধ? [ঢাবি (ক ইউনিট) : ১৫-১৬]
ক) আসমান - জমিন
খ) ইস্তফা - যোগদান
গ) মৌলিক - যৌগিক
ঘ) ঐহিক - মানসিক **উত্তর:** ঘ

১৮৫. কোন শব্দজোড় বিপরীত নয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডি অনুষদ (গ-ইউনিট) : ২০-২১]
ক) প্রাচ্য-প্রতীচ্য খ) আবাহন-বিসর্জন
গ) সাম্য-বৈষম্য ঘ) যোজন-সংযোজন **উত্তর:** ঘ

১৮৬. যথার্থ বিপরীত শব্দ নয়- [দি সিকিউরিটি প্রিন্টিং করর্পোরেশন অফিসার (জেনারেল) : ২১]
ক) রত-বিরত
খ) সফল-পণ্ড
গ) পুরস্কার-তিরস্কার
ঘ) সুবহ-বিবহ **উত্তর:** ঘ

১৮৭. নিচের কোনটি অশুদ্ধ? [৩৭তম বিসিএস/ খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক : ২১]
ক) অহিংস-সহিংস খ) প্রসন্ন-বিষণ্ণ
গ) দোষী-নির্দোষী ঘ) নিষ্পাপ-পাপিনী **উত্তর:** গ

ব্যাখ্যা: সঠিক বিপরীত শব্দ হবে : দোষী - নির্দোষ।

বাগধারা এবং প্রবাদ-প্রবচন
Idioms & Proverbs

বাগধারা

বাগধারা এক ধরনের গভীর ভাব ও অর্থবোধক শব্দ বা শব্দগুচ্ছ। বাগধারা বা বাগ্বিধি কোনো শব্দ বা শব্দগুচ্ছের বিশেষ অর্থ প্রকাশ করে। অতীত কালের সামাজিক ও সাংস্কৃতিক ঘটনার স্মারক হচ্ছে বাগধারা। বাগধারা ব্যবহারের সময়ে ভাষা ব্যবহারকারীকে অর্থের বিষয়ে সচেতন থাকতে হয়। বাগধারার প্রয়োগে ভাষা প্রাণবন্ত হয় এবং বাক্যে অধিক ব্যঞ্জনা সৃষ্টি করতে পারে।

MCQ Solution

১. **সাধারণ অর্থের বাইরে যা বিশিষ্ট অর্থ প্রকাশ করে থাকে তাকে বলে-** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ⓚ বাগ্বিধি ⓦ সমার্থক শব্দ
ⓖ ভিন্নার্থক শব্দ ⓖ বিপরীতার্থক শব্দ **উত্তর:** ক

২. **বাগধারা অতীত কালের কোন ঘটনার স্মারক?** [পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) সহকারী পরিচালক : ২১]
ⓚ সামাজিক-অর্থনৈতিক ⓦ সামাজিক-রাজনৈতিক
ⓖ সামাজিক-মানসিক ⓖ সামাজিক-সাংস্কৃতিক **উত্তর:** ঘ

অ	
অন্ধকারে ঢিল মারা (আন্দাজে কাজ করা)	
অকাল কুষ্মাণ্ড (অপদার্থ, অকেজো, অকর্মা)	
অকাল বোধন (অসময়ে আবির্ভাব)	অন্ধকার দেখা (হতবুদ্ধি)
অকূল পাথার (ভীষণ বিপদ)	অনধিকার চর্চা (সীমার বাইরে পদক্ষেপ)
অক্কা পাওয়া (মারা যাওয়া)	অষ্টরম্ভা (কাঁচকলা, ফাঁকি)
অগাধ, গভীর জলের মাছ (সুচতুর ব্যক্তি)	অমাবস্যার চাঁদ (দুর্লভ বস্তু)
অর্ধচন্দ্র (গলাধাক্কা)	অথৈ জলে পড়া (দিশেহারা হওয়া)
অনুরোধে, উপরোধে ঢেঁকি গেলা (অনুরোধে অনিচ্ছা সত্ত্বেও কিছু করা)	
২৬৫. অশুদ্ধ কোনটি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৪-১৫]

ⓚ Acting- ভারপ্রাপ্ত

ⓚ Mysticism- অতীন্দ্রিয়বাদ

ⓖ Aesthetics- নন্দনতত্ত্ব

ⓖ Alias- মুচলেকা **উত্তর: ঘ**

বাক্য সংক্ষেপণ

Sentence Summarization

➤ একটি মাত্র শব্দে ভাবকে প্রকাশ করাকে বাক্য সংকোচন বা বাক্য সংক্ষেপণ বলে।

ডাক ও ধ্বনি	
কূজন - পাখির ডাক	কল্লোল - সমুদ্রের ঢেউয়ের শব্দ
হ্রেষা - অশ্বের ডাক	কলতান - অব্যক্ত মধুর ধ্বনি
বৃংহিত, বৃংহণ - হাতির ডাক	মর্মর - শুকনো পাতার শব্দ
মন্দ্র - গম্ভীর ধ্বনি	ঝংকার - বাদ্যযন্ত্রের ধ্বনি
কেকা - ময়ূরের ডাক	টংকার - ধনুকের ধ্বনি
কুহু - কোকিলের ডাক	হুঙ্কার - বীরের গর্জন
নাদ, হুঙ্কার - সিংহের ডাক	শিঞ্জন - অলঙ্কারের ধ্বনি
গর্জন/ হুঙ্কার - বাঘের ডাক	গুঞ্জন - ভ্রমরের শব্দ
বুক্কন - কুকুরের ডাক	ঝনৎকার - ঝনঝন শব্দ
ক্রেঙ্কার - রাজহাঁসের (কর্কশ) ডাক	নিক্বণ - নূপুর বা বীণার ধ্বনি
কিঙ্কিনি - সেতারের ঝংকার	মকমক - ব্যাঙের ডাক
জীমূতমন্দ্র - মেঘের ধ্বনি	

খোলস / চামড়া	
নির্মোক/ কঞ্চুক - সাপের খোলস	অজিন- হরিণের চামড়া (চর্ম)
কৃত্তি - বাঘের চামড়া	অজিনাসন - হরিণের চামড়ার আসন

ইচ্ছা	
জিঘাংসা - হনন (হত্যা) করার ইচ্ছা	মুমুক্ষা - মুক্তি লাভের ইচ্ছা
জিজ্ঞাসা - জানবার ইচ্ছা	মুমুক্ষু - মুক্তি পেতে ইচ্ছুক
অনুসন্ধিৎসা - অনুসন্ধান করার ইচ্ছা	মুক্তিকামী - মুক্তি পাওয়ার ইচ্ছা
অনুচিকীর্ষা - অনুকরণ করার ইচ্ছা	বুভুক্ষা - ভোজন করার ইচ্ছা
অপচিকীর্ষা - অপকার করার ইচ্ছা	বিজিগীষা - বিজয় লাভের ইচ্ছা
উপচিকীর্ষা - উপকার করার ইচ্ছা	বিবক্ষা - বলার ইচ্ছা
প্রতিচিকীর্ষা - প্রতিকার করার ইচ্ছা	বিবিক্ষা - প্রবেশ করার ইচ্ছা
চিকীর্ষা - করার ইচ্ছা	বিবৎসা - বাস করার ইচ্ছা
চিক্ষমিষা/ তিতিক্ষা - ক্ষমা করার ইচ্ছা	বিবমিষা - বমন করিবার ইচ্ছা
রিরংসা - রমণ বা সঙ্গমের ইচ্ছা	যুযুৎসু - যুদ্ধের জন্য ইচ্ছুক
তিতীর্ষা - ত্রাণ লাভ করার ইচ্ছা	যদৃচ্ছা - যে রূপ ইচ্ছা
জিগীষা - জয় করার ইচ্ছা	জিগমিষা - গমন করার ইচ্ছা
শুশ্রূষা - সেবা করার ইচ্ছা	জুগুপ্সা - নিন্দা করার ইচ্ছা
দিদৃক্ষা - দেখবার ইচ্ছা	জিজীবিষা - বেঁচে থাকার ইচ্ছা
দিৎসা - দান করার ইচ্ছা	লিপ্সা - লাভ করার ইচ্ছা
ক্ষুধা - খাইবার ইচ্ছা	ঈপ্সা - পাওয়ার ইচ্ছা
পিপাসা - পান করার ইচ্ছা	জিহীর্ষা - হরণ করার ইচ্ছা

যোগ্য	
চূষ্য - যা চুষে খাবার যোগ্য	ক্ষমার্হ - ক্ষমার যোগ্য
চর্ব্য - যা চিবিয়ে খাবার যোগ্য	ক্ষমার্য - ক্ষমার অযোগ্য
লেহ্য - যা চেটে খাবার যোগ্য	প্রশংসার্হ - প্রশংসার যোগ্য
পেয় - যা পান করার যোগ্য	ধন্যবাদার্হ - ধন্যবাদের যোগ্য
ক্রেয় - যা ক্রয় করার যোগ্য	ঘৃণার্হ/ ঘৃণ্য - ঘৃণার যোগ্য
বিক্রেয় - যা বিক্রয় করার যোগ্য	ঘ্রেয় - ঘ্রাণের যোগ্য
খাদ্য - যা খাওয়ার যোগ্য	আরাধ্য - আরাধনা করিবার যোগ্য
পাঠ্য - যা পাঠ করিবার যোগ্য	বরেণ্য - বরণ করিবার যোগ্য
পাচ্য - রন্ধনের যোগ্য	নাব্য - নৌ চলাচলের যোগ্য
জ্ঞাতব্য - জানিবার যোগ্য	মাননীয় - মান-সম্মান প্রাপ্তির যোগ্য
অনিন্দ্য - যা নিন্দার যোগ্য নয়	অন্তরীক্ষ - যা অন্তরে ঈক্ষণ (দেখার) যোগ্য
নগণ্য - গণনার যোগ্য নয় যা	

উপকার
কৃতজ্ঞ - যে উপকারীর উপকার স্বীকার করে
অকৃতজ্ঞ - যে উপকারীর উপকার স্বীকার করে না
কৃতঘ্ন - উপকারীর অপকার করে যে

বলা	
অনুক্ত - যা বলা হয়নি	অকথ্য - যা বলা উচিত নয়
উক্ত - যা বলা হয়েছে	বক্ষ্যমাণ - যা বলা হচ্ছে
বক্তব্য - যা বলা হবে	

কথা	
বাচাল - যে বেশি কথা বলে	অবর্ণনীয় - বর্ণনা করা যায় না যা
মিতভাষী - যিনি অধিক কথা বলেন না	অনির্বচনীয় - কথায় বর্ণনা করা যায় না যা
স্বল্পভাষী - যিনি কম কথা বলেন	

ভবিষ্যৎ	
ভবিতব্য - যা ভবিষ্যতে ঘটবে	ভাবি - যা হবে
অবিমৃষ্যকারী - যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে, অগ্র পশ্চাৎ বিবেচনা করে কাজ করে না	অপরিণামদর্শী - যে ভবিষ্যতের চিন্তা করে না বা দেখে না

কষ্টকর/ সহজে না	
দুর্নিবার - যা কষ্টে নিবারণ করা যায়	দুর্জয় - যা কষ্টে জয় করা যায়
দুর্দমনীয় - যা দমন করা কষ্টকর	দুর্গম - যাহাতে সহজে গমন করা যায় না
দুর্বিষহ - যা সহ্য করা যায় না	দুর্লঙ্ঘ্য - যাহা সহজে লঙ্ঘন করা যায় না

দুর্লভ - যা কষ্টে লাভ করা যায়	দুস্তর - যাহা সহজে উত্তীর্ণ হওয়া যায় না
দুর্মর - যা সহজে মরে না	কষ্টার্জিত - যা কষ্টে অর্জন করা যায়
দুষ্প্রাপ্য - যা সহজে পাওয়া যায় না	দুরতিক্রম্য - যা সহজে অতিক্রম করা যায় না বা কষ্টে অতিক্রম করা যায় যা
দুর্দম - যা সহজে দমন করা যায় না	
নাই / যায় না	
অজয় - যা জয় করা যায় না	অনিবার্য - কোনো ভাবেই যা নিবারণ করা যায় না
অনতিক্রম্য - যা অতিক্রম করা যায় না	
অগম্য - যাহাতে গমন করা যায় না	অপ্রতিরোধ্য - যা প্রতিরোধ করা যায় না
অলঙ্ঘ্য/অলঙ্ঘনীয় - যা লঙ্ঘন করা যায় না	কষ্টকর - কষ্টে করা যায় যাহা
অদম্য - যা দমন করা যায় না	নিরীহ - যার ঈহা (চেষ্টা) নেই
অনিবারিত - যা নিবারণ করা যায় না	অমূল্য - যা মূল্য দিয়ে বিচার করা যায় না
অদৃশ্য - যা দেখা যায় না	অনন্যকর্মা - যার অন্য কর্ম নেই
অনুচ্চার্য - যা উচ্চারণ করা যায় না	
অক্ষি/ চক্ষু	
সমক্ষ - অক্ষির সমীপে	গোচর - চক্ষুর দ্বারা গৃহীত
প্রত্যক্ষ - অক্ষির অভিমুখে	অনিমেষ - চোখের নিমেষ না ফেলিয়া
পরোক্ষ - অক্ষির অগোচরে	অক্ষিপক্ষ্ম - অক্ষি পত্রের (চোখের পাতা) লোম
চাক্ষুষ - চক্ষুর সম্মুখে সংগঠিত	অপাঙ্গ - চোখের কোণ
চশমখোর - যার চক্ষু লজ্জা নেই	কামাক্ষী - অক্ষিতে কাম যার (যে নারীর)
চক্ষুগোচর - চোখে দেখা যায় এমন	পুণ্ডরীকাক্ষ - পদ্মের ন্যায় অক্ষি বা চোখ
জন্ম	
দ্বিজ - দু'বার জন্মে যা	অগ্রজ -অগ্রে জন্মেছে যে
অজ - জন্মহীন-মৃত্যুহীন	সরোজ - সরোবরে জন্মায় যাহা
ঊষর - যে ভূমিতে ফসল জন্মায় না	অনুজ - অনুতে (বা পশ্চাতে) জন্মেছে যে
পঙ্কজ - পঙ্কে জন্মে যা	ক্ষণজন্মা - শুভ ক্ষণে জন্ম যার
দো-ফসলি - যে জমিতে দুবার ফসল জন্মে	অনুর্বর - যে জমির উৎপাদিকা শক্তি নাই
জাতিস্মর- পূর্বের জন্মের কথা স্মরণ আছে যার	মরণোত্তর জাতক - পিতার মৃত্যুর পর জন্ম হয়েছে যে সন্তানের
জয়ন্তী	
জয়ন্তী - জয়সূচক যে উৎসব, জয়ের জন্য যে উৎসব	সুবর্ণ জয়ন্তী - ৫০ বছর পূর্তি
	রজত জয়ন্তী - ২৫ বছর পূর্তি
হীরক জয়ন্তী - ৬০ বছর পূর্তি	

তুল্য	
মাদৃশ - আমার তুল্য (সদৃশ)	ঋষিতুল্য - ঋষির তুল্য
তাদৃশ - তার তুল্য	ঋষিকল্প - ঋষির ন্যায়
ত্বাদৃশ - তোমার তুল্য	দেবোপম - দেবতার তুল্য
দিন	
পূর্বাহ্ণ - দিনের পূর্ব ভাগ	গোধূলি - দিনের আলো ও সন্ধ্যার আলোর মিলন বা দিন ও রাতের সন্ধিক্ষণ
মধ্যাহ্ন - দিনের মধ্য ভাগ	
অপরাহ্ণ - দিনের অপর ভাগ	
সায়াহ্ন - দিনের সায় (অবসান) ভাগ	প্রভাতকল্পা - প্রায় প্রভাত হয়েছে এমন
রাত	
পূর্বরাত্র - রাত্রির প্রথম ভাগ	নিশীথ - গভীর রাত্রি
মহানিশা - রাত্রির মধ্য ভাগ	শবনম - রাতের শিশির
পররাত্র - রাত্রির শেষ ভাগ	সৌপ্তিক - রাত্রিকালীন যুদ্ধ
ত্রিযামা - রাত্রির তিন ভাগ একত্রে	
স্থায়ী	
নশ্বর - নষ্ট হওয়াই স্বভাব যার বা যা চিরস্থায়ী নয়	অস্থায়ী - যা স্থায়ী নয়
	ক্ষণস্থায়ী - ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী
অবিনশ্বর - যা কখনো নষ্ট হয় না বা নষ্ট হওয়াই স্বভাব নয় যার	ক্ষণপ্রভা - যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী হয় না
অনিকেতন - যার বাসস্থান নেই	
স্থায়ী	
উদ্বাস্তু - স্থায়ী ঠিকানা নেই যার বা যে বাস্তু থেকে উৎখাত হয়েছে	হা-ঘরে - ঘরের অভাব যার
পূর্বে	
অশ্রুতপূর্ব - যা পূর্বে শোনা যায় নি	অভূতপূর্ব - যা পূর্বে কখনো হয় নি
অদৃষ্টপূর্ব - যা পূর্বে দেখা যায় নি	ভূতপূর্ব - যা পূর্বে ছিল এখন নেই
অচিন্তিতপূর্ব - যা পূর্বে চিন্তা করা যায় নি	অনাস্বাদিতপূর্ব - যা পূর্বে কখনও আস্বাদিত হয় নাই
পণ্ডিত ও রচনা	
ইতিহাসবেত্তা - ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি	ব্যাকরণবিদ - যিনি ব্যাকরণ রচনা করে
ঐতিহাসিক - ইতিহাস রচনা করেন যিনি	শাস্ত্রজ্ঞ - শাস্ত্রে পণ্ডিত যিনি
বৈয়াকরণ - ব্যাকরণে পণ্ডিত যিনি বা যিনি ভালো ব্যাকরণ জানেন	শাস্ত্রকার - শাস্ত্র রচনা করেন যিনি
	স্মার্ত - যিনি স্মৃতি শাস্ত্র জানেন
ছান্দসিক - ছন্দে নিপুণ যিনি	নৈয়ায়িক - যিনি ন্যায়শাস্ত্র জানেন
কৃতবিদ্য - যিনি বিদ্যা লাভ কয়িয়াছেন	

গাছ

বনস্পতি - যে গাছে ফল ধরে, কিন্তু ফুল ধরে না	ওষধি - একবার ফল দিয়ে যে গাছ মারা যায় বা ফল পাকলে যে গাছ মারা যায়
আগাছা - যে গাছ কোনো কাজে লাগে না	
পরগাছা - যে গাছ অন্য গাছকে আশ্রয় করে বাঁচে	ঔষধি - যে গাছ থেকে ঔষধ তৈরি হয়

একই

সতীর্থ - একই গুরুর শিষ্য যারা	সমসাময়িক - একই সময়ে বর্তমান
সহোদর- একই মাতার উদরে জাত যারা	নিবিষ্টচিত্ত - একই বিষয়ে চিত্ত নিবিষ্ট যাহার
যুগপৎ - একই সময়ে	

পর

পরজীবী - পরকে আশ্রয় করিয়া বাঁচিয়া থাকে যে	পরভৃৎ - পরকে প্রতিপালন করে যে
পরান্নজীবী - পরের অন্নে যে জীবন ধারণ করিয়া থাকে	পরশ্রীকাতর - পরের শ্রী (উন্নতি) দেখিয়া যাহার মন খারাপ হয়

আপনা

পণ্ডিতন্মন্য/ পণ্ডিতম্মন্য - আপনাকে যে পণ্ডিত মনে করে	আধ্যাত্মিক - আত্মার সম্বন্ধীয় বিষয়
	আত্মসর্বস্ব - আত্মিক আপনাকে সর্বস্ব ভাবে যে

আপনা

হীনমন্য - আপনাকে অত্যন্ত হীন বলিয়া ভাবে	আত্মঘাতী - আপনাকে হত্যা করে যে
আত্মভোলা - আপনাকে ভুলে থাকে যে	কৃতার্থম্মন্য - যে আপনাকে কৃতার্থ মনে করে
আত্মকেন্দ্রিক - আপনাকে কেন্দ্র করে যার চিন্তা বা যে ব্যক্তি কেবল নিজের বিষয়েই চিন্তা করে	বর্ণচোরা - আপনার বর্ণ লুকায় যে বা যার প্রকৃত বর্ণ ধরা যায় না

মৃত

মুমূর্ষু - মৃতের মত অবস্থা যার	জীবন্মৃত - জীবিত থেকেও যে মৃত
মরণশীল - মরিবেই যাহা	ভাগাড় - মৃত জীবজন্তু ফেলা হয় যেখানে

এমন

প্রকাশিতব্য - প্রকাশিত হইবে এমন	শ্রুতিগ্রাহ্য - শোনা যায় এমন
শ্রবণীয়/ শ্রাব্য - শুনিতে পারা যায় এমন	পঠিতব্য - পাঠ করিতে হইবে এমন
বোধগম্য - বুঝিতে পারা যায় এমন	প্রেক্ষিত - দর্শন করা হয়েছে এমন
জাগন্ত/ জাগরুক - জাগিয়া রহিয়াছে এমন	

নির্মিত বা তৈরি

হিরণ্ময় - হিরণ্য (স্বর্ণ) দ্বারা নির্মিত	ফুলেল - ফুল হইতে তৈরি
মৃন্ময় - মৃত্তিকা দ্বারা নির্মিত বা তৈরি	

চরে

আকাশচারী/ খেচর - আকাশে চরে বেড়ায় যে	নিশাচর - নিশাকালে চরে বেড়ায় যে
কপোত - বাতাসে চরে যে	জলচর - যা জলে চরে
স্থলচর - যা স্থলে চরে	উভচর - যা জলে ও স্থলে চরে

সম্পর্কিত

ইহলৌকিক - ইহলোক সম্পর্কিত	দৈহিক - দেহ সম্বন্ধীয়
পারলৌকিক - পরকাল সম্পর্কিত	অলোকসামান্য - ইহলোকে যা সামান্য নয়

সমস্ত/ সব

সর্বব্যাপক - যিনি সর্বত্র ব্যাপিয়া থাকেন	সর্বজনীন - সকলের জন্য প্রযোজ্য বা সর্বজনের হিতকর
সর্বগ্রাসী - সবকিছু গ্রাস করে যে	সার্বজনীন - সকলের দ্বারা অনুষ্ঠিত
সর্বজ্ঞ - যিনি সকল কিছুই জানেন	বিশ্বজনীন - বিশ্বজনের হিতকর
সর্বভুক - সমস্ত পদার্থ ভক্ষণ করে যে	

মর্ম

মর্মভেদী - মর্মভেদ করিয়া যায় যাহা	মর্মস্পর্শী - মর্মকে স্পর্শ করে এমন
মর্মান্তিক বা মর্মন্তুদ - মর্মকে পীড়া দেয় যা	

ব্যয়

মিতব্যয়ী - আয় অনুসারে ব্যয় করেন যিনি	কৃপণ - যে ব্যয় করতে কুণ্ঠাবোধ করে
অমিতব্যয়ী - আয় অনুসারে ব্যয় করেন না যিনি	ব্যয়বহুল - যা সম্পন্ন করতে বহু ব্যয় হয়

রূপান্তর

অনূদিত - অন্য ভাষায় রূপান্তরিত	লিপ্যন্তর - অন্য লিপিতে রূপান্তর

পুরুষ

অকৃতদার - যে দার (স্ত্রী) পরিগ্রহ করেনি বা যে পুরুষ বিয়ে করেনি	প্রোষিতপত্নীক/ প্রোষিতভার্য - যে পুরুষের স্ত্রী বিদেশে থাকে
কৃতদার - যে দার (স্ত্রী) পরিগ্রহ করেছে বা যে পুরুষ বিয়ে করেছে	সুদর্শন - যে পুরুষের চেহারা দেখতে সুন্দর
	বীরবৌলি - পুরুষের কর্ণভূষণ
অজাতশ্মশ্রু - যে পুরুষের দাড়ি-গোঁফ গজায়নি	স্ত্রৈণ - স্ত্রীর বশীভূত
	তাণ্ডব - পুরুষের উদ্দাম নৃত্য

নারী

অনন্যা - যে নারী অন্য কারও প্রতি আসক্ত হয়না	বীরা/ পুরন্ধ্রী - যে নারীর স্বামী ও পুত্র জীবিত
প্রিয়ভাষী - প্রিয় বাক্য বলে যে	বীরাঙ্গনা - যে নারী বীর
অবীরা - যে নারীর পতি নেই, পুত্রও নেই	সুস্মিতা - যে নারীর হাসি সুন্দর
রামা - নারী সুন্দরী	শুচিস্মিতা - যে নারীর হাসি কুটিলতাবর্জিত
অসূর্যস্পশ্যা - যে নারী কখনও সূর্যকে দেখে নাই বা সূর্যও যে নারীর মুখ দেখতে পারে না	অনসূয়া - যে নারীর অসূয়া (হিংসা) নেই
	দ্বিপুত্রিকা - যে নারীর দুটি মাত্র পুত্র
প্রোষিতভর্তৃকা - যে নারীর স্বামী বিদেশে থাকে	নবোঢ়া - যে নারীর সম্প্রতি বিয়ে হয়েছে
স্বয়ংবরা - যে নারী নিজে বর বরণ করে নেয়	অনূঢ়া - যে নারীর বিয়ে হয় না (আইবুড়ো অর্থে)
কুমারী - যে নারীর (মেয়ের) বিয়ে হয় নি	কাকবন্ধ্যা - যে নারী জীবনে একমাত্র সন্তান প্রসব করেছে
নিঃসপত্ন - যে নারীর সতীন/ শত্রু নেই	
বন্ধ্যা - যে নারীর কোন সন্তান হয় না	মৃতবৎসা - যে নারীর সন্তান বাঁচে না
বীরপ্রসূ - যে নারী বীর সন্তান প্রসব করে	সাগরিকা - যে নারী সাগরে বিচরণ করে
অন্যপূর্বা - যে নারী পূর্বে অন্যের স্ত্রী/ বাগদত্তা ছিল	অঘটনঘটন পটিয়সী - অঘটন কাণ্ড ঘটাইতে অতিশয় পারদর্শী যে নারী
প্রিয়ংবদা - যে নারী প্রিয় কথা বলে	লাস্য - নারীর লীলাময়ী নৃত্য

পত্নী

সপত্নী - একই স্বামীর পত্নী যাহারা	বিপত্নীক - যে ব্যক্তির পত্নী মৃত বা যার স্ত্রী মারা গিয়েছে
সপত্নীক - পত্নীসহ বর্তমান	

জয়

ইন্দ্রজিৎ - ইন্দ্রকে জয় করেন যিনি	শত্রুজিৎ - শত্রুকে জয় করেন যিনি
জয়োৎসব - জয়ের জন্য যে উৎসব	জিতেন্দ্রিয় - ইন্দ্রিয়কে জয় করেন যিনি
শুভ তিথি - জয় সূচনা করে এরূপ তিথি	

ক্রম

ক্রমাগত - ক্রমে ক্রমে আসিয়াছে যাহা	যথাবিধি - বিধিকে অতিক্রম না করে
একাদিক্রমে - এক থেকে শুরু করে ক্রমাগত	ক্রমান্বয়ে বা যথাক্রমে - ক্রমকে বজায় রাখিয়া
ক্রমবর্ধমান - যা ক্রমশ বর্ধিত হচ্ছে	

মান

উড্ডীন/ উড্ডীয়মান - উড়িয়া যাইতেছে যাহা	জাজ্বল্যমান - যা পুনঃ পুনঃ জ্বলিতেছে
উদীয়মান - উদয় হইতেছে এমন	দেদীপ্যমান - যা দীপ্তি পাচ্ছে
উপচীয়মান - উপচাইয়া পড়িতেছে এমন	দহ্যমান - দগ্ধ হইতেছে এমন
বিবদমান - বিবাদ করিতেছে এমন	দোদুল্যমান - যা বার বার দুলছে
সততসঞ্চরমান - সর্বদা ইতস্তত ঘুরিয়া বেড়াইতেছে	রোরুদ্যমান - যে ক্রমাগত রোদন করেছে
কম্পমান - যা কাঁপছে	

কুল

কুলপ্রদীপ - কুলের কীর্তি বর্ধনকারী যে সন্তান	কুললক্ষ্মী - কুলের কল্যাণস্বরূপা যে গৃহিণী
কুল কলঙ্ক - কুলে কলঙ্ক লেপন করে যে	কুলতিলক - কুলের অলঙ্কার বা বিশিষ্ট মর্যাদা আনয়ন করে যে
কুলাঙ্গার - কুলের কীর্তিতে কলঙ্ক লেপন করে যে	

গমন / চলা

বিহঙ্গ বা বিহগ (পাখি) - আকাশে গমন (বিচরণ) করে যে	উরগ (সাপ) - বুকে (উরস) হেঁটে গমন করে যে
ভূজঙ্গ বা ভূজগ (সাপ) - ভূজের সাহায্যে চলে যে বা বাহুতে ভর করে চলে যে	তুরগ (ঘোড়া) - ত্বরিত গমন করতে পারে যে
	পন্নগ- পায়ে হেঁটে গমন করে না যে
প্লবগ (ব্যাঙ/ বানর) - লাফিয়ে চলে যে	সর্বগ - সর্বত্র গমন করে যে

শক্তি

যথাশক্তি - শক্তিকে অতিক্রম না করিয়া	শাক্ত - শক্তির উপাসনা করে যে

শত্রু

অরিন্দম - অরিকে (শত্রুকে) দমন করে যে	অজাতশত্রু - এখনও শত্রু জন্মায় নাই যাহার
শত্রুঘ্ন - শত্রুকে বধ করে যে	পরন্তপ - শত্রুকে পীড়া দেয় যে

শ্রম

শ্রমকাতর - শ্রম করিতে কষ্টবোধ করে যে	শ্রমবিমুখ - শ্রম করিতে চাহেনা যে

অনেক

অন্যতম - অনেকের মধ্যে একজন	শ্রেষ্ঠ - অনেকের মধ্যে প্রধান
অন্যতর - দুইয়ের মধ্যে একটি	

অর্থ

নিরর্থক - অর্থ নাই যাহার	অর্থকরী - অর্থ উপার্জন করা যায় যে ফসল হইতে

গতি

জঙ্গম - যা গতিশীল	স্থাবর - যা গতিশীল নয়

মন / চিত্ত

অন্যমনস্ক - অন্যদিকে মন যার	অনন্যমনা - অন্যদিকে মন নাই যার
একাগ্রচিত্ত - এক বিষয়ে যার চিত্ত নিবিষ্ট	

উপায়

অনন্যোপায় - যার অন্য উপায় নেই	নিরুপায় - যার কোনো উপায় নেই

আদি

আদ্যন্ত,আদ্যোপান্ত - আদি থেকে অন্ত পর্যন্ত	অনাদি - আদি নাই যাহার

অহং

অহমিকা - অহং বা আত্ম সম্পর্কে অতিশয় সচেতনতা	নিরহংকার - অহংকার নেই যার

মধুকর, মাধুকরী

মাধুকরী - যে ব্যক্তি এক দরজা থেকে অন্য দরজায় ভিক্ষা করে বেড়ায়	মধুকর - মধু পান করে যে

উপ্ত / সুপ্ত

ঘুমন্ত/ সুপ্ত - ঘুমে আচ্ছন্ন যে	উপ্ত - যা বপন করা হয়েছে

খ্যাতি

বিখ্যাত - যার বিশেষ খ্যাতি আছে	খ্যাতিমান - যার খ্যাতি আছে

চিন্তা

অচিন্তনীয়/ অচিন্ত্য - যা চিন্তা করা যায় না	চিন্তাতীত - চিন্তার অতীত

ক্লান্তি

অক্লান্তকর্মী - কর্মে যাহার ক্লান্তি নাই	অক্লান্ত - ক্লান্তি নাই যার

পা

আপাদমস্তক - পা থেকে মাথা পর্যন্ত	পাদ্য - পা ধুইবার জল

লাভ

অযত্নলব্ধ - যা বিনা যত্নে লাভ করা গিয়েছে	অনায়াসলভ্য - অনায়াসে লাভ করা যায় যাহা
অযত্নসম্ভূত - যা বিনা যত্নে উৎপন্ন হয়েছে	সাধ্যাতীত - যা লাভ করা দুঃসাধ্য

অকাল

অকালপক্ব - অকাল পক্ব হয়েছে যা	অকালবোধন - অকালে যাকে জাগরণ করা হয়

আল্লাহ

আস্তিক - আল্লাহর অস্তিত্বে বিশ্বাস আছে যার	নাস্তিক - আল্লাহর অস্তিত্বে বিশ্বাস নেই যার

শহীদ - আল্লাহ প্রদত্ত দ্বীন তথা ইসলাম কায়েম এবং রক্ষার জন্য যিনি যুদ্ধে নিহত হন

বিবিধ

অবশ্যম্ভাবী- যা অবশ্যই ঘটবে	ঐকমত্য-যে বিষয়ে মতভেদ নেই এমন
অবগাহন - আবক্ষ জলে নেমে স্নান	অবৈতনিক - বেতন নেয়া হয় না যাতে
অতিথি - যার আগমনের কোনো তিথি নেই	অসমীক্ষিত - সম্পূর্ণরূপে বিবেচনা করা হয় নাই এমন
অতুলনীয় - যার তুলনা নাই	অধীত - যা অধ্যয়ন করা হয়েছে
অনাহত - যা আঘাত পায়নি	অনভিজ্ঞ - অভিজ্ঞতার অভাব আছে যার
অনন্যসাধারণ - যা সাধারণের মধ্যে দেখা যায় না	অবিসংবাদী - যে বিষয়ে কোনো বিতর্ক/ বিবাদ/ বিরোধ নেই
অশীতিপর - আশি বছরের বেশি বয়সী ব্যক্তি	চিরন্তন - যা বহুকাল হতে চলে আসছে
করদ - কর দান করে যে	গজগৃহ, পিলখানা - হাতির বাসস্থান
অপ্রতিগৃহ্য - দান গ্রহণ করা উচিৎ নয় যার থেকে	দৌবারিক - দ্বারে থাকে যে
কুম্ভিলক- যে লেখক অন্যের ভাব, ভাষা প্রভৃতি চুরি করে নিজের নামে চালায়	ত্রিকালদর্শী, ত্রিকালজ্ঞ - ত্রিকালের ঘটনা জানেন যিনি
কর্মঠ- কর্ম সম্পাদনে অতিশয় দক্ষ/ পরিশ্রমী	নাবালক - এখনও যার বালকত্ব যায় নি
কদাকার - যার আকার কুৎসিত	নদীমাতৃক - নদী মাতা যার
গেছো - গাছে উঠতে পটু যে	মাঝি - যিনি নৌকা চালান
বিতস্কাম - কামনা দূর হয়েছে যার	পাটনী - খেয়া পার করে যে
প্রত্যুদ্গমন - সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা	প্রত্যুৎপন্নমতি - উপস্থিত বুদ্ধি আছে যার
বাগ্মী - যিনি বক্তৃতা দানে পটু	সুগ্রীব - গ্রীবা সুন্দর যার
বহুদর্শী - বিবিধ বিষয় সম্পর্কে অভিজ্ঞ	সংবর্ত - যে মেঘে প্রচুর বৃষ্টি হয়
বহুজ্ঞ - বহু বিষয়ে জ্ঞানবিশিষ্ট	বন্ধুর - কোথাও উন্নত কোথাও অবনত বা কোথাও উঁচু কোথাও নিচু
সম্ভাব্য - হয়তো হবে	
ভঙ্গুর/ ঠুনকো- যা সহজেই ভেঙ্গে যায়	হাতুড়ে - যে রোগ নির্ণয়ে হাতড়ে মরে
সর্বংসহা - যে সকল অত্যাচারই সয়ে যায়	অবিবেচক - যে বিবেচনা না করে কাজ করে
সংশপ্তক - যে জয়লাভে দৃঢ় প্রতিজ্ঞ	অসমসাহসিক - অসম সাহস যাহার
সব্যসাচী - যার দুই হাত সমান চলে	অন্নগত প্রাণ - অন্ন গ্রহণ করিয়া যে প্রাণধারণ করে
হরবোলা - হরেক রকম বলে যে	অতুলনীয় - যার তুলনা নেই
হিতৈষী - হিত ইচ্ছা করে যে	ঊর্মি - সমুদ্রের ঢেউ

অকুতোভয় - যার কোনো কিছু থেকেই ভয় নেই	উদ্ভিদ - যা মাটি ভেদ করিয়া উপরে উঠে
অতলস্পর্শী - তল স্পর্শ করা যায় না যার	অজ্ঞাতকুলশীল - যার বংশ পরিচয় এবং স্বভাব কেউই জানে না
আঁষটে - ঈষৎ আমিষ (আঁষ) গন্ধ যার	একাহারী - দিনে যে এক বার আহার করে
অসম্ভব - যা হতে পারে না	ঐন্দ্রজালিক - ইন্দ্রজাল (যাদু) জানেন যিনি
পরস্ব - অপরের ধন	
অযৌক্তিক - যুক্তি সংগত নয়	সংঘর্ষ - পরস্পর আঘাত
অবিশ্বাস্য - যা বিশ্বাস করা যায় না	দোহারা - মোটাও নয়, রোগাও নয়
আচারনিষ্ঠ - আচারে নিষ্ঠা আছে যার	আধত - ঈষৎ কম্পিত
কিংকর্তব্যবিমূঢ় - কর্তব্য স্থির করিতে না পারিয়া বিমূঢ় যে / কি করতে হবে ভেবে পায় না	পাথেয় - পথ চলার খরচ
	আটমেসে/ আটাসে - আটমাস মাতৃগর্ভে থাকিয়া ভূমিষ্ট হয় যে
আলুনি - লবণ কম দেওয়া হয়েছে এমন	রত্নি - কনুই থেকে কব্জি পর্যন্ত
প্রাপক - যার উদ্দেশ্যে পত্রটি রচিত	হৈমন্তিক - যা হেমন্তকালে জন্মে
নাতিশীতোষ্ণ - যা খুব শীতল বা উষ্ণ নয়	বিস্মৃতপ্রায় - যাহা লোকে প্রায় ভুলিয়া গিয়াছে
গলবস্ত্র - গলায় কাপড় দিয়া	বালসুলভ - যা বালকের মধ্যেই সুলভ
চতুরঙ্গ - চারি শাখা-হস্তী, অশ্ব, রথ ও পদাতিক বিশিষ্ট সেনা	মায়াকান্না - ছল (ছলনা) করিয়া কান্না
	সাদরে - আদরের সাথে
চৈতালি- চৈত্র মাসের ফসল	ভূমিহীন চাষি - যাদের বসতবাড়ি আছে কিন্তু কৃষি জমি নেই
জ্ঞানেন্দ্রিয় - জ্ঞান লাভ করা যায় যে ইন্দ্রিয় দ্বারা	
	মধুপ - মধু পান করে যে
ঠিকানা - ঠিকমত নাম ধাম আছে যাহাতে	মুষ্টিমেয় - যা মুষ্টি দ্বারা পরিমাণ করা যায়
ঢাকাই - ঢাকায় উৎপন্ন	সয়ম্ভূ - নিজেকে যে নিজেই সৃষ্টি করেছে
দাবানল - অরণ্যের অগ্নিকাণ্ড	মেটে - মাটির মত রং যার
দিগ্বিদিগজ্ঞানশূন্য - কোনটা দিক কোনটা বিদিগ এই জ্ঞান নাই যাহার	হামবড়া - নিজেকে বড় ভাবে যে
	মেঘমেদুর - মেঘে আচ্ছন্ন হওয়ার ফলে স্নিগ্ধ
নাতিদীর্ঘ - যা অতি দীর্ঘ নয়	সর্বহারা/ হৃতসর্বস্ব - যার সর্বস্ব হারিয়ে গেছে বা যার কিছু নেই
নদীমেখলা - নদী মেখলা যে দেশের	
প্রবাসী - বিদেশে থাকে যে	সংক্রান্তি - মাসের শেষ দিন
জ্ঞানপাপী - সজ্ঞানে অন্যায় করে যে	নবীন -যে প্রবীণ নয়
পিতৃব্য - পিতার ভ্রাতা	উদ্বেল - বেলাকে অতিক্রান্ত
নিষ্ঠাবান - আচরণে যার নিষ্ঠা আছে	নিঃস্ব - যার কিছুই নেই

নাবিক - নৌকা দ্বারা জীবিকা নির্বাহ করে যে	সবজান্তা - যিনি সব জানেন
	শ্রুতিধর - যে শুনেই মনে রাখতে পারে বা শোনা মাত্র স্মরণ রাখতে পারে যে
নিদাঘ - নিতান্ত দগ্ধ হয় যে সময়ে (গ্রীষ্মকাল)	
রোদসী - আকাশ ও পৃথিবীর অন্তরালোক	শীকর - বৃষ্টির জল
শ্বাপদসংকুল - যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ	ত্রিমোহনা - তিন মোহনার মিলন যেখানে
আটপৌরে - যা সবসময় পরার উপযোগী	অপ্রতর্ক্য - যা তর্কের দ্বারা মীমাংসা করা যা না
পথিকৃৎ - যিনি প্রথম পথ দেখান	অপ্রমেয় - যা প্রমাণ করা যায় না
অসংবৃত - যার বসন আলগা	রবাহূত - যে রব শুনে এসেছে
পরিবেদন - বড় ভাই থাকতে ছোট ভাইয়ের বিয়ে	নদী সিকস্তি - নদীর ভাঙনে সর্বস্বান্ত জনগণ
অপসৃয়মান - যা ক্রমশ দূরে সরে যাচ্ছে	বাথান - গবাদি পশুর পাল
চক্রসীমা - চক্রের প্রান্তভাগ	জলদ - যা জল দেয়
মাতাল - যে মদের নেশা করে	বীতশোক - শোক দূর হয়েছে যার
পসুরি, পশুরী - পাঁচ সেরের সমাহার	স্বোপার্জিত - নিজের দ্বারা অর্জিত
যাযাবর - যারা এক জায়গায় বেশি থাকে না	উপত্যকা- দুই পর্বতের মধ্যবর্তী নিম্নভূমি
যুধিষ্ঠির = যুদ্ধে স্থির থাকেন যিনি	

MCQ Solution

১. **বাক্য সংকোচন কি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা) : ১৬]
ক) অসম্পূর্ণ বাক্য
খ) একটি মাত্র শব্দে ভাবকে প্রকাশ করা
গ) ক্ষুদ্রতম বাক্য
ঘ) ইঙ্গিতময় শব্দ ব্যবহার করে বাক্য তৈরি করা **উত্তর:** খ

২. **'পাখির ডাক' এক কথায় প্রকাশ কর।** [সমন্বিত ৮ (আট) ব্যাংক অফিসার (জেনারেল) : ২২/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহকারী তথ্য কর্মকর্তা : ২২]
ক) কেকা খ) হ্রেষা
গ) কূজন ঘ) অজিন **উত্তর:** গ

৩. **'হাতির ডাক' এক কথায় প্রকাশ-** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ১৬]
ক) হ্রেষা খ) বৃংহিত
গ) হুংকার ঘ) বুক্কন **উত্তর:** খ

৪. **কোনটি অশ্বের ডাক?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৭]
ক) বৃংহতি খ) হ্রেষা
গ) ক্রেকার ঘ) বুক্কন **উত্তর:** খ

৫. **'গম্ভীর ধ্বনি' এর বাক্য সংকোচন করুন।** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক) মন্ত্র খ) মন্দ্র
গ) মর্মন্তুদ ঘ) মধুপ **উত্তর:** খ

৬. **'ময়ূরের ডাক' কে এক কথায় কি বলে?** [SESIP গবেষণা কর্মকর্তা : ১৫]
ⓚ কুহু ⓚ কেকা
ⓖ কৃত্তি ⓘ কীর্তি **উত্তর:** খ

৭. **'নাদ' শব্দের অর্থ কি?** [১৩তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৬]
ⓚ মেঘের ডাক ⓚ বাঘের ডাক
ⓖ সিংহের ডাক ⓘ ময়ূরের ডাক **উত্তর:** গ

৮. **কোনটি রাজহাঁসের ডাক?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান : ১৮]
ⓚ হ্রেষা ⓚ বৃংহতি
ⓖ ক্রেঙ্কার ⓘ কূজন **উত্তর:** গ

৯. **'মকমক' হলো** – [সমন্বিত ৬টি ব্যাংক ও ২টি আর্থিক প্রতিষ্ঠানের সিনিয়র অফিসার : ১৮]
ⓚ মখমল ⓚ ঝকমক করা
ⓖ চকচক করা ⓘ ব্যাঙের ডাক **উত্তর:** ঘ

১০. **'হ্রেষা', 'গুঞ্জন' এবং 'নাদ'- এই শব্দগুলো একই শ্রেণিভুক্ত, কারণ প্রতিটিই-** [Joint Five Banks & Financial Institution (Officer) : 18]
ⓚ অভিন্ন অর্থ জ্ঞাপক ⓚ খাঁটি বাংলা শব্দ
ⓖ প্রাণীর ডাক নির্দেশক ⓘ ধ্বন্যাত্মক শব্দ **উত্তর:** গ

১১. **'নূপুরের ধ্বনি'- এক কথায় কি বলে?** [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৫/ ১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ⓚ শিঞ্জন ⓚ রুমঝুম
ⓖ ঝংকার ⓘ নিক্বন **উত্তর:** ঘ

১২. **'অব্যক্ত মধুর ধ্বনি' কে এক কথায় বলে** – [বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার : ১১]
ⓚ রিনিঝিনি ⓚ শিঞ্জন
ⓖ কলতান ⓘ নিক্বণ **উত্তর:** গ

১৩. **'মেঘের ধ্বনি' এর বাক্য সংকোচন কোনটি?** [বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের অডিটর : ২১]
ⓚ মৃন্ময় ⓚ জীমূতমন্দ্র
ⓖ জীমূতেন্দ্র ⓘ শানকি **উত্তর:** খ

১৪. **"মেঘে আচ্ছন্ন হওয়ার ফলে স্নিগ্ধ"- এর বাক্য সংকোচন কি?** [খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ মেঘলা ⓚ মেঘাচ্ছান্ন
ⓖ মেঘমেদুর ⓘ মেঘস্নিগ্ধ **উত্তর:** গ

১৫. **'অলংকারের ঝংকার'র বাক্য সংকোচন কি?** [NSI-এর ওয়াচার কনস্টেবল : ২১]
ⓚ কিন্নর ⓚ শিঞ্জন
ⓖ অজিন ⓘ অঞ্জন **উত্তর:** খ

১৬. **'নিজের দ্বারা অর্জিত' এক কথায় হবে-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট) : ২০-২১]
ⓚ স্বকীয় ⓚ অর্জিত
ⓖ স্বোপার্জিত ⓘ স্বর্জিত **উত্তর:** গ

১৭. **যা কোথাও উঁচু কোথাও নিচু** - [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩]
ⓚ বন্ধুর ⓚ বর্ধিষ্ণু
ⓖ প্রত্যুদ্‌গমন ⓘ মেদুর **উত্তর:** ক

১৮. **'কষ্টে অতিক্রম করা যায় যা'** – [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক (পদার্থ) : ২১]
ⓚ দুর্নিবার ⓚ দুর্লভ
ⓖ বন্ধুর ⓘ দুরতিক্রম্য **উত্তর:** ঘ

১৯. **'যা সহজে অতিক্রম করা যায় না'-এ বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কি?** [২০তম বিসিএস/ ডাক অধিদপ্তরের হিসাব সহকারী : ২২]
ⓚ অনতিক্রম্য ⓚ অলঙ্ঘ্য
ⓖ দুরতিক্রম্য ⓘ দুর্গম **উত্তর:** গ

২০. **এক কথায় প্রকাশ কর : 'যা কষ্টে নিবারণ করা যায়'** [পরিসংখ্যান ব্যুরোর কন্ট্রোল অপারেটর : ২০]
ⓚ অনিবার্য ⓚ দুর্নিবার
ⓖ অনির্বাণ ⓘ কোনোটিই নয় **উত্তর:** খ

২১. **এক কথায় প্রকাশ করুন- যা সহজে উত্তীর্ণ হওয়া যায় না-** [আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের অফিস সহায়ক : ২০]
ⓚ দুর্গম ⓚ দুস্তর
ⓖ দুর্জয় ⓘ দুর্লভ **উত্তর:** খ

২২. **'যা উচ্চারণ করা যায় না' এর এক কথায় প্রকাশ কি হবে?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর : ১৯]
ⓚ দুরুচ্চার্য ⓚ দুরপনেয়
ⓖ অবরোদ্ধ ⓘ অনুচ্চার্য **উত্তর:** ঘ

২৩. **'যা দেখা যায় না' এক কথায় হবে-** [বিআরটিএ সহকারী পরিচালক : ০৫]
ⓚ দৃশ্যমান ⓚ অদৃষ্ট
ⓖ অদেয় ⓘ অদৃশ্য **উত্তর:** ঘ

২৪. **এক কথায় প্রকাশ করুন। অক্ষির অভিমুখে-** [NSI-এর সহকারী পরিচালক : ২১]
ⓚ প্রত্যক্ষ ⓚ পরোক্ষ
ⓖ সমক্ষ ⓘ চাক্ষুষ **উত্তর:** ক

২৫. **'অক্ষির সমীপে' এর সংক্ষেপণ হলো-** [২৪তম বিসিএস/ ১৭তম বিসিএস/ স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) : ২২]
ⓚ সমক্ষ ⓚ পরোক্ষ
ⓖ প্রত্যক্ষ ⓘ নিরপেক্ষ **উত্তর:** ক

২৬. **বাক্য সংকোচন করুন : 'চক্ষুর সম্মুখে সংগঠিত'** [NSI-এর ওয়াচার কনস্টেবল (ফিল্ড স্টাফ) : ২১]
ⓚ প্রত্যক্ষ ⓚ চাক্ষুষ
ⓖ চর্ব্য ⓘ সম্মুখে **উত্তর:** খ

২৭. **'চক্ষুর দ্বারা গৃহীত'-এর এক কথায় প্রকাশিত রূপ-** [স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
ⓚ চক্ষুষ্মান ⓚ দর্শনীয়
ⓚ গোচর ⓘ অনিশেষ **উত্তর:** গ

২৮. যার চক্ষু লজ্জা নেই- [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী : ১৩]
ⓚ চশমখোর ⓚ নির্লজ্জ
ⓖ চাক্ষুস ⓖ চোষ্য **উত্তর:** ক

২৯. যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী হয় না, তাকে বলে- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ রগ ⓚ অনসূয়া
ⓖ ক্ষণপ্রভা ⓖ ক্ষণস্থায়ী জ্যোতি **উত্তর:** গ

৩০. যা স্থায়ী নয় - [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ⓚ অস্থায়ী ⓚ সততা
ⓖ ক্ষণিক ⓖ বিশ্বাস **উত্তর:** ক

৩১. এক কথায় প্রকাশ করুন: 'অনুকরণ করার ইচ্ছা' [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]
ⓚ অনুচিকীর্ষা ⓚ অপচিকীর্ষা
ⓖ অনুচিকীর্ষু ⓖ উপচিকীর্ষু **উত্তর:** ক

৩২. 'অপকার করার ইচ্ছা' এককথায়- [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ১৮]
ⓚ অপচিকাষ্য ⓚ অপচিকীর্ষা
ⓖ অপকার ⓖ অপকারী **উত্তর:** খ

৩৩. 'লাভ করার ইচ্ছা'কে এক কথায় কি বলে? [ইসলামি ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার (আরডিএস) : ১৩]
ⓚ লোপ ⓚ লোভ
ⓖ লিপ্সা ⓖ বুভুক্ষা **উত্তর:** গ

৩৪. যা বিনা যত্নে লাভ করা হয়েছে- [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৫]
ⓚ অযত্নলভ্য ⓚ অযত্নলব্ধ
ⓖ অযত্নলব্দ ⓖ অযত্নসংস্কৃত **উত্তর:** খ

৩৫. 'যা বিনা যত্নে উৎপন্ন হয়েছে'-এর বাক্য সংকোচন কী হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ⓚ অযত্নলব্ধ ⓚ অযত্নসম্ভূত
ⓖ অযত্নজাত ⓖ অনায়াসলব্ধ **উত্তর:** খ

৩৬. 'যা অনায়াসে লাভ করা যায়' তা হলো- [শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণীর শ্রম কর্মকর্তা : ০৪]
ⓚ সহজলভ্য ⓚ অনায়াসলভ্য
ⓖ সুলভ ⓖ অদুর্লভ **উত্তর:** খ

৩৭. 'দেখবার ইচ্ছা'র এককথায় প্রকাশ- [বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার (আইটি) : ১৬]
ⓚ বিবক্ষা ⓚ তিতিক্ষা
ⓖ দীক্ষা ⓖ দিদৃক্ষা **উত্তর:** ঘ

৩৮. 'জিজীবিষা' শব্দটি দিয়ে বোঝায়- [৪৩তম বিসিএস/ ৪০তম বিসিএস]
ⓚ জয়ের ইচ্ছা
ⓚ হত্যার ইচ্ছা
ⓖ বেঁচে থাকার ইচ্ছা
ⓖ শোনার ইচ্ছা **উত্তর:** গ

৩৯. 'তিতিক্ষা' শব্দ দ্বারা বুঝায়- [দুদক-এর উপ-সহকারী পরিচালক : ২০]
ⓚ লাভ করার ইচ্ছা ⓚ গমন করার ইচ্ছা
ⓖ ক্ষমা করার ইচ্ছা ⓖ ত্যাগ করার ইচ্ছা **উত্তর:** গ

৪০. 'যা প্রমাণ করা যায় না'- [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী) : ১৫]
ⓚ অভূতপূর্ব ⓚ অপ্রমেয়
ⓖ অপ্রতর্ক্য ⓖ অপসৃয়মান **উত্তর:** খ

৪১. 'যা ক্ষমার অযোগ্য' [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম) : ০৮-০৯]
ⓚ ক্ষমিয় ⓚ ক্ষমার্য
ⓖ ক্ষমা ⓖ ক্ষমাপ্রদ **উত্তর:** খ

৪২. এক কথায় প্রকাশ করুন- 'পাওয়ার ইচ্ছা' [ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.ফিল্ড অফিসার : ২২]
ⓚ জিগীষা ⓚ ঈপ্সা
ⓖ বুভুক্ষা ⓖ লিপ্সা **উত্তর:** খ

৪৩. 'হরণ করার ইচ্ছা'- এর এক কথায় প্রকাশযোগ্য রূপ- [সমন্বিত ৫টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অফিসার : ১৮]
ⓚ জিহীর্ষা ⓚ বিভ্রমিষা
ⓖ বিবিক্ষা ⓖ জুগুপ্সা **উত্তর:** ক

৪৪. 'প্রবেশ করার ইচ্ছা'কে এককথায় কী বলা হয়? [কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার (ক্যাশ) : ২১]
ⓚ বিবিক্ষা ⓚ বিবিক্ত
ⓖ বিবাসন ⓖ বিবর্ধন **উত্তর:** ক

৪৫. 'যা চেটে খেতে হয়' তা হলো- [NSI-এর সহকারী পরিচালক : ১৭]
ⓚ চর্ব ⓚ চোষ্য
ⓖ লেহ্য ⓖ পেয় **উত্তর:** গ

৪৬. যা চুষে খাওয়া হয়- [SESIP গবেষণা কর্মকর্তা : ১৫]
ⓚ লেহ্য ⓚ চূষ্য
ⓖ চর্ব্য ⓖ পেয় **উত্তর:** খ

৪৭. 'বরণের যোগ্য যিনি' বাক্যটিকে এক কথায় প্রকাশ করুন- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ বরেণ্য ⓚ বীরপুরুষ
ⓖ বীর ⓖ বরণীয় **উত্তর:** ক

৪৮. যা বলা হয়েছে- এক কথায় প্রকাশ করলে হবে- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]
ⓚ বক্তব্য ⓚ বক্তৃতা
ⓖ উক্ত ⓖ বিবৃতি **উত্তর:** গ

৪৯. যা বলা হবে - এর বাক্য সংকোচন কোনটি? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ : ২১]
ⓚ উক্ত ⓚ বক্তব্য
ⓖ ভবিতব্য ⓖ অনুমিত **উত্তর:** খ

৫০. 'যা বলা উচিত নয়'- কোন শব্দে বিধৃত? [বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড ২) : ০৬]
ⓚ কুকথ্য ⓚ অকথ্য
ⓖ অসত্য ⓖ অযোগ্য **উত্তর:** খ

৫১. **যার অন্য কর্ম নেই** - [শ্রম মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক : ০৫]
ⓚ অনোন্যকর্মা ⓚ অন্যকর্মা
ⓖ অনন্যকর্মা ⓖ অনন্যকর্ম **উত্তর:** গ

৫২. **এক কথায় প্রকাশ কর : 'দিন ও রাতের সন্ধিক্ষণ'** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এর কার্গো হেলপার : ২১]
ⓚ পূর্বাহ্ণ ⓚ সায়াহ্ন
ⓖ সন্ধ্যা ⓖ গোধূলি **উত্তর:** ঘ

৫৩. **'দিনের আলো ও সন্ধ্যার আলোর মিলন' এক কথায়-** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (জবা) : ১১]
ⓚ সায়াহ্ন ⓚ প্রদোষ
ⓖ অপরাহ্ণ ⓖ গোধূলি **উত্তর:** ঘ

৫৪. **'যিনি ভালো ব্যাকরণ জানেন'- এক কথায় কি হয়?** [সহকারী জজ প্রিলিমিনারি টেস্ট : ০৭]
ⓚ ব্যাকরণবিদ ⓚ ব্যাকরণ বিশেষজ্ঞ
ⓖ বৈয়াকরণ ⓖ বৈয়াকরণিক **উত্তর:** গ

৫৫. **যিনি ব্যাকরণ রচনা করে, তাঁকে কি বলে?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]
ⓚ বৈয়াকরণ ⓚ ব্যাকরণবিদ
ⓖ ব্যাকরণ লেখক ⓖ ব্যাকরণ সংকলক **উত্তর:** খ

৫৬. **'যিনি বিদ্যা লাভ করিয়াছেন'..... এক কথায় কী বলে?** [কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার (ক্যাশ) : ২১]
ⓚ কৃতবিদ্যা ⓚ কৃতবিদ্য
ⓖ কৃতবিদ্যান ⓖ কৃতবিদ্দান **উত্তর:** খ

৫৭. **যিনি স্মৃতিশাস্ত্র জানেন, তাকে এক কথায় বলে-** [উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার (ক্যাশ) : ০৮]
ⓚ স্রযুক ⓚ নির্ভয়
ⓖ নৈয়ায়িক ⓖ স্মার্ত **উত্তর:** ঘ

৫৮. **'যিনি ন্যায়শাস্ত্র জানেন' এর এক কথায় প্রকাশিত রূপ হলো-** [৪২তম (বিশেষ) বিসিএস]
ⓚ ন্যায়বাগীশ ⓚ নৈয়ায়িক
ⓖ ন্যায়পাল ⓖ ন্যায়ঋদ্ধ **উত্তর:** খ

৫৯. **যে প্রবীণ নয়- তাকে এক কথায় কি বলে?** [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫]
ⓚ বৃদ্ধ ⓚ নবীন
ⓖ শিশু ⓖ যুবতী **উত্তর:** খ

৬০. **ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি/ যিনি ইতিহাস জানেন-** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ ইতিহাসবেত্তা ⓚ ঐতিহাসিক
ⓖ ইতিহাসবিদ ⓖ ইতিহাস রচয়িতা **উত্তর:** ক

৬১. **এক কথায় প্রকাশ করুন : 'ইতিহাস রচনা করেন যিনি'-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় পর্যায়) : ১৯]
ⓚ ইতিহাসবেত্তা ⓚ ঐতিহাসিক
ⓖ ইতিহাসবিদ ⓖ উপরের সবগুলো **উত্তর:** খ

৬২. **'ছন্দে নিপুণ যিনি' এক কথায় কি হবে?** [সোনালী ও জনতা ব্যাংক লি. অফিসার (আইটি) : ১৯]
ⓚ কবি ⓚ ছান্দসিক
ⓖ ছন্দবেত্তা ⓖ ছন্দদাতা **উত্তর:** খ

৬৩. **উপকারীর অপকার করে যে-** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান : ২১]
ⓚ কৃতজ্ঞহীন ⓚ অকৃতজ্ঞ
ⓖ কৃতঘ্ন ⓖ অপকারী **উত্তর:** গ

৬৪. **'বাঘের চামড়া'কে এক কথায় কি বলে-** [সিটি ব্যাংক লি. প্রবেশনারি অফিসার : ১১]
ⓚ অজিন ⓚ শিঞ্জন
ⓖ কৃতি ⓖ কৃত্তি **উত্তর:** ঘ

৬৫. **'একই গুরুর শিষ্য' এক কথায় প্রকাশ কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহায়ক : ১৪]
ⓚ সৈন্যদল ⓚ সতীর্থ
ⓖ কামুক ⓖ আমগাছ **উত্তর:** খ

৬৬. **'যে অনবরত কাঁদছে' সংকুচিত রূপ হলো-** [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী : ১৮]
ⓚ বাষ্পায়মান ⓚ রোরুদ্যমান
ⓖ স্যাসয়মান ⓖ ধূমায়মান **উত্তর:** খ

৬৭. **চক্রের প্রান্তভাগকে এককথায় বলে-** [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে সহকারী প্রোগ্রামার : ১৭]
ⓚ চক্রেশ ⓚ চক্রসীমা
ⓖ চক্রধারা ⓖ চক্রবিন্দু **উত্তর:** খ

৬৮. **ফল পাকলে যে গাছ মারা যায়-** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ০৫]
ⓚ ঔষধি ⓚ ওষধী
ⓖ ঔষধী ⓖ ওষধি **উত্তর:** ঘ

৬৯. **একবার ফল দিয়ে যে গাছ মারা যায়-** [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্টমাস্টার : ১০]
ⓚ ঔষধী ⓚ ওষধি
ⓖ ওষধী ⓖ ঔষধি **উত্তর:** খ

৭০. **যে গাছে ফল ধরে কিন্তু ফুল ধরে না, তাকে এক কথায় কি বলে?** [পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড এর সহকারী কর্মকর্তা (প্রশাসন) : ২১]
ⓚ পরগাছা ⓚ আগাছা
ⓖ বর্ণচোরা ⓖ বনস্পতি **উত্তর:** ঘ

৭১. **'একই সময়ে' -এর সমার্থক -** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান : ১৮]
ⓚ সমসাময়িক ⓚ যুগপৎ
ⓖ যগৎপত ⓖ বর্তমান **উত্তর:** খ

৭২. **'একই সময়ে বর্তমান' এ বাক্যের এক কথায় প্রকাশ হল-** [থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫]
ⓚ সমসাময়িক ⓚ যুগপৎ
ⓖ সতীর্থ ⓖ যুগল **উত্তর:** ক

৭৩. এক কথায় প্রকাশ করুন। 'এক মায়ের সন্তান যারা'- [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান : ২১]
ক) ভাই-বোন খ) ভ্রাতৃ
গ) সহোদর ঘ) যুগপৎ **উত্তর:** গ

৭৪. যে ব্যক্তি কেবল নিজের বিষয়েই চিন্তা করে তাকে বলা হয়- [অপরাধ তদন্ত বিভাগ এর অফিস সহায়ক : ২১]
ক) আত্মভোলা খ) আত্মকেন্দ্রিক
গ) আস্তিক ঘ) আত্মসর্বস্ব **উত্তর:** খ

৭৫. 'পরকে প্রতিপালন করে যে' এককথায় হবে- [দুর্নীতি দমন কমিশন এর উপ-সহকারী পরিচালক : ২০]
ক) পরভৃত খ) পরভৃৎ
গ) প্রতিপালক ঘ) প্রতিপোষক **উত্তর:** খ

৭৬. 'পরের অন্নে যে বেঁচে থাকে' - এর এক কথায় প্রকাশ কোনটি? [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর : ২০]
ক) পরান্নজীবী খ) পরান্নভোজী
গ) পরজীবী ঘ) পরাশ্রয়ী **উত্তর:** ক

৭৭. যে স্ত্রীলোক/ নারী প্রিয় কথা বলে, তাকে বলা হয়- [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক : ২২]
ক) প্রিয়ংবদা খ) অবীরা
গ) মাধুকর ঘ) কেকা **উত্তর:** ক

৭৮. এক কথায় প্রকাশ করুন - 'যে নারীর হাসি সুন্দর' [বাংলাদেশ জুটমিল করপোরেশনের অফিসার : ১৭]
ক) সরোজ খ) সুস্মিতা
গ) অনসূয়া ঘ) সাবিত্রী **উত্তর:** খ

৭৯. কোন বানানটি শুদ্ধ? [২১তম বিসিএস]
ক) সুচিস্মিতা খ) সুচিস্মীতা
গ) সূচীস্মিতা ঘ) শুচিস্মিতা **উত্তর:** ঘ

৮০. 'প্রোষিতভর্তৃকা' - শব্দটির অর্থ কী? [৪০তম বিসিএস]
ক) ভর্ৎসনাপ্রাপ্ত তরুণী
খ) যে নারীর স্বামী বিদেশে অবস্থান করে
গ) ভূমিতে প্রোথিত তরুমূল
ঘ) যে বিবাহিতা নারী পিত্রালয়ে অবস্থান করে **উত্তর:** খ

৮১. যে স্বামীর স্ত্রী প্রবাসে থাকে- তাকে কী বলে? [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার (ক্যাশ) : ১৬]
ক) প্রোষিতভর্তৃকা খ) প্রোষিতা
গ) প্রবাসিনী ঘ) প্রোষিতপত্নীক **উত্তর:** ঘ

৮২. সূর্যও যে নারীর মুখ দেখতে পারে না, তাকে এক কথায় কি বলে? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]
ক) অদৃষ্টসূর্য খ) অসূর্যস্পশ্যা
গ) অসূর্যদ্রষ্টা ঘ) অসূর্যপ্রেক্ষা **উত্তর:** খ

৮৩. যে নারীর সন্তান বাঁচে না, এক কথায় কি বলে? [বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের অডিটর : ২১]
ক) মৃতমা খ) মৃত জননী
গ) মৃতবৎসা ঘ) কাক বন্ধ্যা **উত্তর:** গ

৮৪. এক কথায় প্রকাশ করুন, "যার স্ত্রী মারা গিয়েছে"? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০]
ক) বিধবা খ) বিপত্নীক
গ) সপত্নীক ঘ) বিপদাত্মক **উত্তর:** খ

৮৫. 'যে নারীর পতি নেই, পুত্রও নেই' এককথায় কি হবে? [প্রিমিয়ার ব্যাংক জুনিয়র ট্রেইনি অফিসার (ক্যাশ) : ২২]
ক) বিধবা খ) অবীরা
গ) কাকবন্ধ্যা ঘ) পতিপুত্রহীনা **উত্তর:** খ

৮৬. 'পুরুষের কর্ণভূষণ' এর সংকোচিত রূপ কোনটি? [ইসলামী বিশ্ববিদ্যালয় (ছ ইউনিট) : ১০-১১]
ক) পুরুষকর্ণ খ) পুরুষালী
গ) বীরবৌলি ঘ) বীরবল **উত্তর:** গ

৮৭. যা ভবিষ্যতে ঘটবে? [কর্মসংস্থান ব্যাংক অ্যাসিসট্যান্ট অফিসার : ০১]
ক) ভবিষ্যৎ খ) ভবিষ্য
গ) ভবিতব্য ঘ) অভব্য **উত্তর:** গ

৮৮. 'যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে'- একে এক পদে পরিণত করলে কোনটি হবে? [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার : ১৮]
ক) অপরিণামদর্শী খ) অবিবেচক
গ) অবিমৃষ্যকারী ঘ) অকালজ্ঞানী **উত্তর:** গ

৮৯. অগ্র পশ্চাৎ বিবেচনা করে কাজ করে না যে- [ডাক অধিদপ্তরের ডাক-জীবন-বীমা- এর অফিস সহকারী : ২২]
ক) অদ্যন্ত খ) মুর্খ্য
গ) অনভিজ্ঞ ঘ) অবিমৃষ্যকারী **উত্তর:** ঘ

৯০. ইন্দ্রিয়কে জয় করেছে যে - [বাংলাদেশ গ্যাস ফিল্ড-এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ক) ইন্দ্রজিৎ খ) জিতেন্দ্রিয়
গ) সন্ন্যাসী ঘ) সন্যাসী **উত্তর:** খ

৯১. 'জয়ের জন্য যে উৎসব'- এক কথায় কি হবে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক) বিজয়জয়ন্তী খ) জয়ন্তী
গ) জয়ান্তী ঘ) বিজয় উৎসব **উত্তর:** খ

৯২. জয় সূচনা করে এরূপ তিথি- [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন সহকারী সার্জন (রেলওয়ে হাসপাতাল) : ০৫]
ক) শুভ তিথি খ) জয়োৎসব
গ) জয়তিথি ঘ) জয়ন্তী **উত্তর:** ক

৯৩. হীরক জয়ন্তী (Dimond Jubilee) কত বছরে অনুষ্ঠিত হয়? [সাধারণ বীমা কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক : ১৯]
ক) ৫০ বছর খ) ৬০ বছর
গ) ৮০ বছর ঘ) ৭৫ বছর **উত্তর:** খ

৯৪. সুবর্ণ জয়ন্তী কত বছর পূর্তিতে পালিত হয়? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৪]
ক) ২৫ বছর খ) ৫০ বছর
গ) ৬০ বছর ঘ) ৭৫ বছর **উত্তর:** খ

৯৫. এক কথায় প্রকাশ কর : 'এক থেকে শুরু করে ক্রমাগত'– [সমন্বিত ৮ (আট) ব্যাংক অফিসার (জেনারেল) : ২২]
ক) ক্রমাগত খ) একাদিক্রমে
গ) ক্রমবিন্যাস ঘ) ক্রমিক **উত্তর:** খ

৯৬. 'প্রেক্ষিত' শব্দের অর্থ – [ঢাকা বিশ্ববিদ্যালয় : ০৩-০৪]
ক) দৃষ্টিকোণ খ) পর্যবেক্ষণ
গ) প্রেক্ষাপট ঘ) দর্শন করা হয়েছে এমন **উত্তর:** ঘ

৯৭. দু'বার জন্মে যা- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ক) দ্বিজ খ) আজন্মা
গ) দ্বিজন্মা ঘ) পুনর্জন্মা **উত্তর:** ক

৯৮. এক কথায় প্রকাশ করুন : 'পঙ্কে জন্মে যা' – [বাংলাদেশ গ্যাস ফিল্ড কোম্পানি সহকারী ব্যবস্থাপক : ১১]
ক) পঙ্কজ খ) পাঙ্ক
গ) পঙ্কিল ঘ) পাক্ষ **উত্তর:** ক

৯৯. 'পশ্চাতে জন্মেছে যে' - তাকে এক কথায় কি বলে? [কর্মসংস্থান ব্যাংক অ্যাসিস্ট্যান্ট অফিসার (সাধারণ) : ১২]
ক) ছোট ভাই খ) সহদর
গ) অনুজ ঘ) সবকটি **উত্তর:** গ

১০০. জন্মহীন-মৃত্যুহীন – [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়) : ১৯]
ক) আমৃত্যু খ) অজ
গ) অজেয় ঘ) অয **উত্তর:** খ

১০১. 'শুভক্ষণে জন্ম যার'- বাক্যটিকে এককথায় কি বলে? [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ১৯]
ক) শুভজন্মা খ) ক্ষণজন্মা
গ) বৃহস্পতিতে জন্ম ঘ) সুভক্ষণা **উত্তর:** খ

১০২. 'পূর্বের জন্মের কথা স্মরণ আছে যার' এককথায় বলা হয়- [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক : ১৩]
ক) পূর্বসুরী খ) জাতিস্মর
গ) পাণ্ডিতস্য ঘ) তীক্ষ্মধী **উত্তর:** খ

১০৩. 'কর্মে যাহার ক্লান্তি নাই' এই বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কি? [২১তম বিসিএস/ সিজিএ- কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ক) ক্লান্তি হীন খ) অক্লান্ত
গ) অক্লান্তকর্মী ঘ) অবিশ্রাম **উত্তর:** গ

১০৪. 'যাহা বপন করা হইয়াছে'- এটি নিম্নের কোন শব্দটিতে সংক্ষেপিত হয়েছে? [স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
ক) সুপ্ত খ) উপ্ত
গ) গুপ্ত ঘ) লুপ্ত **উত্তর:** খ

১০৫. 'শহীদ' শব্দের অর্থ কি? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]
ক) বলি খ) মৃত গ) খুন
ঘ) আল্লাহ প্রদত্ত দ্বীন তথা ইসলাম কায়েম এবং রক্ষার জন্য যিনি যুদ্ধে নিহত হন **উত্তর:** ঘ

১০৬. 'পা ধুইবার জল' সংকোচন করলে কি হয়? [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৪]
ক) পঙ্কজ খ) প্রিয়ংবদা
গ) পাদপ ঘ) পাদ্য **উত্তর:** ঘ

১০৭. 'যা সাধারণের মধ্যে দেখা যায় না'- এর এককথায় প্রকাশ কোনটি? [খাদ্য অধিদপ্তরে খাদ্য পরিদর্শক : ০৯]
ক) অনন্য রকম খ) অসাধারণ
গ) সাধারণ ঘ) অনন্যসাধারণ **উত্তর:** ঘ

১০৮. 'যার কিছু নেই' এক কথায় প্রকাশ করলে হবে- [বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ব্যক্তিগত কর্মকর্তা : ২১]
ক) ভিখারী খ) দরিদ্র
গ) অসংবৃত ঘ) হৃতসর্বস্ব **উত্তর:** ঘ

১০৯. যার তুলনা নাই – [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২০]
ক) অতুল্য খ) অতুলনীয়
গ) তুলনাহীন ঘ) বৈতুল্য **উত্তর:** খ

১১০. 'যা আঘাত পায়নি।' বাক্যের এক শব্দে প্রকাশ রূপ কি? [সমন্বিত ৬ ব্যাংক এ্যাসিসট্যান্ট প্রোগ্রামার : ২১]
ক) অনঘাত খ) অনিরুদ্ধ
গ) অনাঘাত ঘ) অনাহত **উত্তর:** ঘ

১১১. 'সম্পূর্ণরূপে বিবেচনা করা হয় নাই এমন' এটিকে এক শব্দে প্রকাশ করা যায় কোন শব্দে? [জনতা ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ২০]
ক) অসমাপ্ত খ) অসমীক্ষিত
গ) অসমর্থিত ঘ) অসম্পূর্ণ **উত্তর:** খ

১১২. যা অবশ্যই ঘটবে- [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ক) সম্ভাবনাময় খ) দুর্নিবার
গ) অবশ্যম্ভাবী ঘ) সম্ভাব্য **উত্তর:** গ

১১৩. 'অশীতিপর' শব্দের অর্থ কি? [সহকারী থানা শিক্ষা অফিসার : ১০]
ক) শীত সহ্য করতে অক্ষম ব্যক্তি
খ) আশি বছরের বেশি বয়সী ব্যক্তি
গ) শীতে কাতর নয় এমন ব্যক্তি
ঘ) প্রাচীন ধ্যান ধারণায় বিশ্বাসী ব্যক্তি **উত্তর:** খ

১১৪. যে লেখক অন্যের ভাব, ভাষা প্রভৃতি চুরি করে নিজের নামে চালায়, তাকে বলা হয়- [৪০তম বিসিএস / প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ক) লিপিকার খ) কুসীদজীবী
গ) নকলবাজ ঘ) কুম্ভিলক **উত্তর:** ঘ

১১৫. শুদ্ধ বানান কোনটি? [পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার (ক্যাশ) : ১৩]
ক) কুম্ভীলেক খ) কুম্ভীলেক
গ) কুম্ভিলক ঘ) কুম্ভিলক **উত্তর:** গ

১১৬. 'অপরের ধন' এর এককথায় প্রকাশ কী? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক) অনাদি খ) পরস্ব
গ) অনাস্থা ঘ) অনার্জিত **উত্তর:** খ

১১৭. রচয়িতার মূল গ্রন্থ হতে যারা প্রাচীন পাণ্ডুলিপি লিপিবদ্ধ করতেন, তাদের বলা হত- [শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৩]
ক) অনুবাদক খ) লিপিকার
গ) লেখক ঘ) নকলনবিশ **উত্তর:** খ

১১৮. 'কর্ম সম্পাদনে পরিশ্রমী/ অতিশয় দক্ষ' বাক্যের সংক্ষিপ্ত রূপ- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ⓚ কর্মী ⓚ কর্মনিষ্ঠ
ⓖ কর্মঠ ⓖ কর্মোদ্যমী **উত্তর:** গ

১১৯. উপস্থিত বুদ্ধি আছে যার- [অপরাধ তদন্ত বিভাগ এর অফিস সহায়ক : ২১]
ⓚ বুদ্ধিমান ⓚ বুদ্ধিমতী
ⓖ বিচক্ষণ ⓖ প্রত্যুৎপন্নমতি **উত্তর:** ঘ

১২০. 'নদী সিকস্তি' কারা? [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]
ⓚ নদীর চর জাগলে যারা চর দখল করতে যায়
ⓚ পূজা-পার্বণে যারা নদীতে স্নান করতে যায়
ⓖ নদীতে জাল দিয়ে মাছ ধরার কাজে নিয়োজিত জনগণ
ⓖ নদীর ভাঙনে সর্বস্বান্ত জনগণ **উত্তর:** ঘ

১২১. এক কথায় প্রকাশ কর : 'সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা'? [গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লি. এর সহকারী ব্যবস্থাপক (সাধারণ) : ২১]
ⓚ সংবর্ধনা ⓚ অভিনন্দন
ⓖ প্রত্যুদ্গমন ⓖ কোনোটিই নয় **উত্তর:** গ

১২২. 'শোনা যায় এমন' এক কথায় প্রকাশ করুন- [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓚ শ্রুতিগ্রাহ্য ⓚ শ্রুতিমধুর
ⓖ শ্রুতিযোগ্য ⓖ শ্রুতিধর **উত্তর:** ক

১২৩. এক কথায় প্রকাশ কর : 'যে শুনেই মনে রাখতে পারে।' [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ⓚ মেধাবী ⓚ অশ্রুতপূর্ব
ⓖ শ্রুতিধর ⓖ জাতিস্মর **উত্তর:** গ

১২৪. গাছে উঠতে পটু যে- এককথায় কী হবে? [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ⓚ গাছো ⓚ গাছি
ⓖ গেছো ⓖ আরোহী **উত্তর:** গ

১২৫. 'যিনি বক্তৃতা দানে পটু' তাকে বলে- [ডাক বিভাগের অফিস সহায়ক (খুলনা অঞ্চল) : ২২]
ⓚ বাকপটু ⓚ বাগ্মী
ⓖ সুবক্তা ⓖ অনলবর্ষী **উত্তর:** খ

১২৬. সঠিক বানান কোনটি? [সাধারণ বীমা কর্পোরেশনের অফিস সহকারী : ২১]
ⓚ সংশপ্তক ⓚ সংসপ্তক
ⓖ সংষপ্তক ⓖ সংষপ্তক **উত্তর:** ক

১২৭. যার দুই হাত সমান চলে, তাকে কি বলে? [ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার : ২২]
ⓚ দু'হাতি ⓚ সমান তালী
ⓖ সব্যসাচী ⓖ তবলা বাদক **উত্তর:** গ

১২৮. 'যে সকল অত্যাচারই সয়ে যায়' এক কথায় কি হবে? [ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (অফিসার) : ১৮]
ⓚ সর্বংসহা ⓚ সর্বসহ্যকারী
ⓖ সহ্যকারী ⓖ অত্যাচারী **উত্তর:** ক

১২৯. 'সাপের খোলস'- বাক্য সংকোচন কি হবে? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ২০]
ⓚ নির্মোক ⓚ উরগ
ⓖ কৃত্তি ⓖ প্লাবক **উত্তর:** ক

১৩০. সঠিক উত্তর কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (আলফা) : ১৪]
ⓚ হত্যা করার ইচ্ছা= জিঘাংসা
ⓚ গম্ভীর ধ্বনি = বৃক্কন
ⓖ হয়ত হবে = সম্ভাব্য
ⓖ যা লাফিয়ে চলে = তুরগ **উত্তর:** ক,গ

১৩১. 'যার বাসস্থান নেই'- বাক্যের এক কথায় প্রকাশ কি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বিটা) : ১৪]
ⓚ অনিকেতন ⓚ উদ্বাস্তু
ⓖ অনুজ ⓖ একাহার **উত্তর:** ক

১৩২. এক কথায় প্রকাশ করুন : 'যা লাফিয়ে চলে'- [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১৯]
ⓚ উল্লম্ফ ⓚ লাফবাজ
ⓖ দড়াবাজ ⓖ প্লবগ **উত্তর:** ঘ

১৩৩. যা নিন্দার যোগ্য নয়- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বিটা) : ১৪]
ⓚ নিন্দনীয় ⓚ প্রশংসনীয়
ⓖ অনিন্দ্য ⓖ প্রশংসার যোগ্য **উত্তর:** গ

১৩৪. 'গণনার যোগ্য নয় যা' এককথায় বলা যায় - [রূপালী ব্যাংক লি. সিনিয়র অফিসার (ফাইন্যান্সিয়াল এনালিস্ট) : ২০]
ⓚ অগণ্য ⓚ নগণ্য
ⓖ অপরিমিত ⓖ অসংখ্য **উত্তর:** খ

১৩৫. 'নৌকা চলাচলের যোগ্য'কে এক কথায় কী বলে? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ১৮]
ⓚ নাব্য ⓚ গভীর
ⓖ নব্য ⓖ কোনোটিই নয় **উত্তর:** ক

১৩৬. 'রাত্রির শেষ ভাগ' এক কথায়- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (গামা) : ১৪]
ⓚ পররাত্র ⓚ মহানিশা
ⓖ যামিনী ⓖ রাত্রিশেষ **উত্তর:** ক

১৩৭. 'রাতের মধ্যভাগ' এক কথায় প্রকাশ কি হবে? [সম্মিলিত ৫ (পাঁচ) ব্যাংক অফিসার (ক্যাশ) : ২২]
ⓚ মধ্যরাত্রি ⓚ মধ্যাহ্ন
ⓖ মহানিশা ⓖ অনামশী **উত্তর:** গ

১৩৮. 'রাত্রিকালীন যুদ্ধ' এর এক কথায় প্রকাশ কোনটি? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ)-এর অডিটর : ২২]
ⓚ কোকনদ ⓚ রিরংসা
ⓖ ত্রেক্কার ⓖ সংবর্ত **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর - সৌপ্তিক।

১৩৯. 'কোনভাবেই যা নিবারণ করা যায় না'- এক কথায় কি হবে? [বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর প্রমোশন অফিসার : ২১]
ⓚ অনিবার্য ⓚ অনন্যোপায়
ⓖ অদম্য ⓖ অসম্ভব **উত্তর:** ক

১৪০. 'যা অধ্যয়ন করা হয়েছে'- এক কথায় কি হবে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১৫]
ⓚ পঠিত ⓚ অধীত
ⓖ অধ্যয়িত ⓘ অধ্যায়িত **উত্তর:** খ

১৪১. 'যা কষ্টে জয় করা যায়'- এক কথায় কি হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২]
ⓚ কষ্টার্জিত ⓚ পরিশ্রমলব্ধ
ⓖ দুর্জয় ⓘ দুর্লভ **উত্তর:** গ

১৪২. 'যাহা কষ্টে অর্জন করা যায়' তাকে এক কথায় বলে- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া) : ১৩]
ⓚ দুর্জয় ⓚ অদম্য
ⓖ কষ্টার্জিত ⓘ পরিশ্রমলব্ধ **উত্তর:** গ

১৪৩. যা কষ্টে লাভ করা যায়- [স্বাস্থ্য মন্ত্রণালয়ের ফার্মেসিক্যাল : ২২]
ⓚ অলভ্য ⓚ দুর্লভ
ⓖ দুর্জয় ⓘ কষ্টসাধ্য **উত্তর:** খ

১৪৪. 'কর দান করে যে'-এক কথায়- [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১]
ⓚ অধীন ⓚ আশ্রিত
ⓖ করদ ⓘ প্রজা **উত্তর:** গ

১৪৫. দান গ্রহণ করা উচিৎ নয় যার থেকে- তাকে এক কথায় কি বলে? [পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৬]
ⓚ অচ্ছুত ⓚ অপ্রতিগৃহ্য
ⓖ দুহ্য ⓘ অবাচী **উত্তর:** খ

১৪৬. 'যিনি অধিক কথা বলেন না'- এক কথায় কি হবে? [বাংলাদেশ টেলিভিশনের অফিস সহায়ক : ২১]
ⓚ সংযত ⓚ মিতভাষী
ⓖ অল্পভাষী ⓘ সন্ন্যাসী **উত্তর:** খ

১৪৭. 'আবক্ষ জলে নেমে স্নান'- এক কথায় কি হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২]
ⓚ স্নান ⓚ প্রক্ষালন
ⓖ অবগাহন ⓘ পদধৌত **উত্তর:** গ

১৪৮. 'যে বহু বিষয় জানে' এক কথায়- [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এরোড্রম কর্মকর্তা (এটিএম) : ২১]
ⓚ বহুদর্শী ⓚ সর্বজ্ঞ
ⓖ সবজান্তা ⓘ কোনোটিই নয় **উত্তর:** ক

১৪৯. 'নষ্ট হওয়া স্বভাব যার' তাকে কি বলে? [২৫তম বিসিএস]
ⓚ নষ্ট স্বভাব ⓚ ফেলনা
ⓖ নশ্বর ⓘ ওপরের কোনোটিই নয় **উত্তর:** গ

১৫০. নষ্ট হওয়া স্বভাব নয় যার – এক কথায় কী হবে? [মৎস্য অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ অবিনশ্বর ⓚ নশ্বর
ⓖ নষ্ট স্বভাব ⓘ বিনষ্ট **উত্তর:** ক

১৫১. 'যা পূর্বে দেখা যায়নি' এক কথায় কি বলে? [উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার : ২২]
ⓚ অদৃশ্য ⓚ দৃষ্টপূর্ব
ⓖ অপূর্ব ⓘ অদৃষ্টপূর্ব **উত্তর:** ঘ

১৫২. 'যা পূর্বে কখনো হয় নি' এর সঠিক বাক্য সংকোচন হল- [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর সহকারী পরিচালক : ২০]
ⓚ ভূতপূর্ব ⓚ অভূতপূর্ব
ⓖ অদৃষ্টপূর্ব ⓘ অশ্রুতপূর্ব **উত্তর:** খ

১৫৩. যা পূর্বে ছিল এখন নেই- তাকে কি বলে? [১৩তম বিসিএস]
ⓚ অভূতপূর্ব ⓚ ভূতপূর্ব
ⓖ অদৃষ্টপূর্ব ⓘ অনিবার্য **উত্তর:** খ

১৫৪. 'যিনি নৌকা চালান'- এক কথায় প্রকাশ কী? [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট : ২০]
ⓚ তাঁতি ⓚ জেলে
ⓖ রাখাল ⓘ মাঝি **উত্তর:** ঘ

১৫৫. 'খেয়া পার করে যে' এর এক কথায় প্রকাশক কোনটি? [পোস্টমাস্টার জেনারেল এর উচ্চমান সহকারী (উত্তরাঞ্চল) : ২২]
ⓚ মাঝি ⓚ পাটনী
ⓖ ঘাঁটাল ⓘ কর্ণধার **উত্তর:** খ

১৫৬. যে পুরুষের এ যাবৎ দাড়ি-গোঁফ গজায়নি তাকে কি বলে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৫]
ⓚ অজাতশত্রু ⓚ অজাতমিত্র
ⓖ অজাতশ্মশ্রু ⓘ বর্ণচোরা **উত্তর:** গ

১৫৭. যা চিরস্থায়ী নয়- [১৬তম বিসিএস/ পোস্টমাস্টার জেনারেল এর উচ্চমান সহকারী (উত্তরাঞ্চল) : ২২]
ⓚ অস্থায়ী ⓚ চিরন্তন
ⓖ ক্ষণস্থায়ী ⓘ নশ্বর **উত্তর:** ঘ

১৫৮. 'আমার তুল্য' এর বাক্য সংকোচন- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৫]
ⓚ ঈদৃশ ⓚ তাদৃশ
ⓖ মাদৃশ ⓘ তিদৃশ **উত্তর:** গ

১৫৯. অকাল পক্ব হয়েছে যা- [স্বাস্থ্য, শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অফিস সহায়ক : ১৯]
ⓚ প্রত্যক্ষ ⓚ অকালপক্ব
ⓖ অন্যতম ⓘ খেচর **উত্তর:** খ

১৬০. 'অকালে যাকে জাগরণ করা হয়'- এক কথায়- [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র নির্বাহী কর্মকর্তা : ১৮]
ⓚ অকুতোভয় ⓚ অনন্য সাধারণ
ⓖ অঘটনঘটনপটিয়সী ⓘ অকালবোধন **উত্তর:** ঘ

১৬১. যার আগমনের কোনো তিথি নেই – এক কথায় কি? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১]
ⓚ ভিখারী ⓚ অতিথি
ⓖ শরণার্থী ⓘ একাদশে বৃহস্পতি **উত্তর:** খ

১৬২. যে ব্যক্তি এক ঘর থেকে অন্য ঘরে ভিক্ষা করে বেড়ায় তাকে এক কথায় বলা হয়- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ মাধুকরী ⓚ পরিব্রজা
ⓖ মধুকর ⓖ পরগাছা **উত্তর:** ক

১৬৩. 'উপকারীর উপকার স্বীকার করে না যে' তাকে এক কথায় কি বলে? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরে অফিস সহায়ক : ২১]
ⓚ উপচিকীর্ষা ⓚ অকৃতজ্ঞ
ⓖ কৃতঘ্ন ⓖ কোনোটিই নয় **উত্তর:** খ

১৬৪. 'জানবার ইচ্ছা'- এ বাক্যটির বাক্য সংকোচন কি? [ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.ফিল্ড অফিসার : ২২]
ⓚ জিগীষা ⓚ জিজ্ঞাসা
ⓖ জিঘাংসা ⓖ জুগুপ্সা **উত্তর:** খ

১৬৫. কোন বাক্যটির সঙ্কোচন রূপ 'জিগীষা? [৪৪তম বিসিএস]
ⓚ জানিবার ইচ্ছা ⓚ জয় করিবার ইচ্ছা
ⓖ হনন করিবার ইচ্ছা ⓖ যুদ্ধ করিবার ইচ্ছা **উত্তর:** খ

১৬৬. নিচের কোন বানানটি সঠিক? [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২১]
ⓚ জিগিষা ⓚ জীগীষা
ⓖ জিগীষা ⓖ জীগিষা **উত্তর:** গ

১৬৭. 'গোপন করার ইচ্ছা' এক কথায় প্রকাশকে কী বলে? [বাংলাদেশ হাউস বিল্ডিং ফিন্যান্স কর্পোরেশন সিনিয়র অফিসার : ১১]
ⓚ জিঘাংসা ⓚ জিগীষা
ⓖ দিদৃক্ষা ⓖ জুগুপ্সা **উত্তর:** ঘ

১৬৮. 'ভোজন করার ইচ্ছা' - এক কথায় কি হবে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ⓚ পেটুক ⓚ ভোজনবিলাসী
ⓖ বুভুক্ষা ⓖ খাদক **উত্তর:** গ

১৬৯. যে বানানটি শুদ্ধ- [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট) : ২১-২২]
ⓚ বুভুক্ষু ⓚ বুভূক্ষু
ⓖ বূভূক্ষূ ⓖ বুভুক্ষূ **উত্তর:** ক

১৭০. 'বলার ইচ্ছা' কে এক কথায় কী বলে? [সমন্বিত ৬টি ব্যাংক ও ২টি আর্থিক প্রতিষ্ঠানের সিনিয়র অফিসার : ১৮]
ⓚ বিলেচ্ছা ⓚ বলেচ্ছা
ⓖ বলব ⓖ বিবক্ষা **উত্তর:** ঘ

১৭১. 'হনন করার ইচ্ছা' - এক কথায় কি হবে? [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল) : ১৮]
ⓚ হননেচ্ছা ⓚ জিঘাংসা
ⓖ হত্যা ⓖ অদম্য **উত্তর:** খ

১৭২. 'নিন্দা করার ইচ্ছা'- এর এক কথায় প্রকাশ কি হবে? [বাংলাদেশ ব্যাংক এর সহকারী পরিচালক : ২২]
ⓚ নিন্দার্হ্য ⓚ নিন্দিচ্ছা
ⓖ জুগুপ্সা ⓖ নিন্দনীয় **উত্তর:** গ

১৭৩. 'বিশ্বজনের হিতকর' -এক কথায় কি হবে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২]
ⓚ বিশ্বজনীন ⓚ সর্বজনীন
ⓖ সার্বজনীন ⓖ হিতৈষী **উত্তর:** ক

১৭৪. 'সর্বজনের হিতকর' - এককথায় কি হবে? [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫] **অথবা,**
'সকলের জন্য প্রযোজ্য' এককথায় কি হবে? [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ⓚ সর্বজনীন ⓚ সার্বজনীন
ⓖ বিশ্বজনীন ⓖ সর্বহিতকর **উত্তর:** ক

১৭৫. 'যা নিবারণ করা যায় না' - এর কথায় কি হবে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম) : ১২]
ⓚ অনিবারিত ⓚ নির্বাণ
ⓖ অনিবারণযোগ্য ⓖ দুর্নিবার **উত্তর:** ক

১৭৬. 'যা বলা হয়নি'- এক কথায় হবে- [১২তম বিসিএস/ পোস্টমাস্টার জেনারেল (উত্তরাঞ্চল, রাজশাহী) পোস্টম্যান : ২২]
ⓚ অবহিত ⓚ অনুক্ত
ⓖ অবাচ্য ⓖ অনুল্লেখ **উত্তর:** খ

১৭৭. 'যা বার বার দুলছে'- এর সঠিক বাক্য সংকোচন কী? [NSI-এর কম্পিউটার অপারেটর : ২১]
ⓚ দুল্যমান ⓚ দোদুল্যমান
ⓖ দোলায়মান ⓖ ঝুলন্ত **উত্তর:** খ

১৭৮. 'যা দীপ্তি পাচ্ছে'- এক কথায় কি হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ সন্দীপন ⓚ দীপ্তিমান
ⓖ আলোকিত ⓖ দেদীপ্যমান **উত্তর:** ঘ

১৭৯. শুদ্ধ বানান নির্ণয় করুন: [তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. সহকারী ব্যবস্থাপক : ২১]
ⓚ দেদিপ্যমান ⓚ দেদিপামাণ
ⓖ দেদীপ্যমাণ ⓖ দেদীপ্যমান **উত্তর:** ঘ

১৮০. 'যার কোনো উপায় নেই' এক কথায় কি হবে? [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ১৯]
ⓚ নাচার ⓚ নিরুপায়
ⓖ অনন্যোপায় ⓖ অনুপায় **উত্তর:** খ

১৮১. 'যে উপকারীর উপকার স্বীকার করে' - এক কথায় কি হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩]
ⓚ অকৃতার্থ ⓚ কৃতজ্ঞ
ⓖ কৃতঘ্ন ⓖ অকৃতজ্ঞ **উত্তর:** খ

১৮২. 'এক বিষয়ে যার চিত্ত নিবিষ্ট।' এক কথায় হবে- [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শিউলী) : ১১]
ⓚ একাগ্রচিত্ত ⓚ একমনা
ⓖ অন্যমনা ⓖ মনোযোগী **উত্তর:** ক

১৮৩. যে বিষয়ে কোনো বিতর্ক (বিবাদ/ বিরোধ) নেই - [রাজউক-ইমারত পরিদর্শক : ২২]
ক) অবিমৃষ্যকারী খ) অবিতর্ক
গ) অবিমিশ্যকারী ঘ) অবিসংবাদী **উত্তর:** ঘ

১৮৪. যা দমন করা কষ্টকর? [পল্লী উন্নয়ন একাডেমির সহকারী পরিচালক : ২১]
ক) দুর্দমনীয় খ) দুর্নিবার
গ) দূর্নিবার ঘ) দূর্দনমীয় **উত্তর:** ক

১৮৫. 'যা দমন করা যায় না' এক কথায় হবে- [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১]
ক) দুর্দমনীয় খ) দুর্দম
গ) অদম্য ঘ) অসম্ভব **উত্তর:** গ

১৮৬. 'আপনাকে পণ্ডিত মনে করে যে'- এক কথায় কি হবে? [সিজিএ এর অফিস সহায়ক : ২২]
ক) অতিপণ্ডিত খ) মহাপণ্ডিত
গ) পণ্ডিত নেতা ঘ) পণ্ডিতম্মন্য **উত্তর:** ঘ

১৮৭. 'ইহলোকে যা সামান্য নয়'- এক কথায় কি হবে? [বাংলাদেশ ব্যাংক অফিসার : ১৫]
ক) অনন্যসাধারণ খ) আনন্যসাধারণ
গ) অলোকসামান্য ঘ) আলোকসামান্য **উত্তর:** গ

১৮৮. 'স্থায়ী ঠিকানা নেই যার' এক কথায় প্রকাশ কোনটি শুদ্ধ? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০০]
ক) বস্তিবাসী খ) টোকাই
গ) ঠিকানাবিহীন ঘ) উদ্বাস্তু **উত্তর:** ঘ

১৮৯. 'যে বস্তি থেকে উৎখাত হয়েছে'- এক কথায় কি হবে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২১]
ক) উদ্বাস্তু খ) সর্বহারা
গ) বস্তিহীন ঘ) কাঙ্গাল **উত্তর:** ক

১৯০. 'ক্ষমার যোগ্য'- এর বাক্য সংকোচন- [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর জেনারেল ম্যানেজার (প্রশাসন) : ২২]
ক) ক্ষমা খ) ক্ষমাপ্রার্থী
গ) ক্ষমার্হ ঘ) ক্ষমাপ্রদ **উত্তর:** গ

১৯১. যে ভূমিতে ফসল জন্মায় না- এক কথায় কি হবে? [১৫তম বিসিএস/ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি এর সহকারী পরিচালক : ২২]
ক) পতিত খ) বন্ধ্যা
গ) অনুর্বর ঘ) ঊষর **উত্তর:** ঘ

১৯২. মাটির মত রং যার- [ইসলামী বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১০-১১]
ক) মেটো খ) মাটিয়া
গ) মেটে ঘ) খাকি **উত্তর:** গ

১৯৩. বাক্য সংকোচন করুন : 'মৃত্তিকা দিয়ে তৈরি' [৪৪তম বিসিএস]
ক) মৃন্ময় খ) মেটেল
গ) চিন্ময় ঘ) মন্ময় **উত্তর:** ক

১৯৪. 'যা মূল্য দিয়ে বিচার করা যায় না'- এক কথায় প্রকাশ কি হবে [পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১৩]
ক) দামি খ) অমূল্য
গ) মূল্যবান ঘ) মূল্যতুল্য **উত্তর:** খ

১৯৫. 'যে আপনার রং লুকায়' তাকে এক কথায় কী বলে? [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার : ২০]
ক) অদৃশ্য খ) বর্ণচোরা
গ) ভূতপূর্ব ঘ) ফুলেল **উত্তর:** খ

১৯৬. 'চৈত্র মাসের ফসল'- এর বাক্য সংকোচন কি? [মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মচারী নিয়োগ : ১৩]
ক) চৈত্রী খ) ত্রিফসলা
গ) চৈতালি ঘ) চৈফসলী **উত্তর:** গ

১৯৭. 'ঋষির ন্যায়' – এক শব্দে প্রকাশ? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩]
ক) ঋষিক খ) ঋষিতুল্য
গ) ঋষিকল্প ঘ) ঋষিজ **উত্তর:** গ

১৯৮. 'যার শত্রু জন্মায়নি' - বাক্যের সংক্ষিপ্ত রূপ- [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার : ০৪]
ক) অজাতশত্রূ খ) অজাতশত্রু
গ) অশ্রুতপূর্ব ঘ) অন্যপূর্বা **উত্তর:** খ

১৯৯. 'শত্রুকে দমন করে যে' এক কথায় প্রকাশ করুন - [তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি, সহকারী ব্যবস্থাপক : ২১]
ক) শত্রুঘ্ন খ) অরিন্দম
গ) শত্রুহন্তা ঘ) কৃতঘ্ন **উত্তর:** খ

২০০. 'যার আকার কুৎসিত' এক কথায় প্রকাশ করুন- [NSI- এর কম্পিউটার অপারেটর : ২১]
ক) কুশ্রী খ) বিশ্রী
গ) কদর্য ঘ) কদাকার **উত্তর:** ঘ

২০১. সঠিক বাক্য সংকোচন 'বাচাল' এর পুরো বাক্য কোনটি? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার : ১২]
ক) যেখানে বেশি বলা হয়েছে
খ) যে বেশি কথা বলে
গ) বেশি গল্প বলে
ঘ) যেখানে বেশি লোক আছেন **উত্তর:** খ

২০২. 'হাতির বাসস্থান'- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা) : ১৬]
ক) গজগৃহ খ) হস্তিগৃহ
গ) গুরুগৃহ ঘ) গজনীড় **উত্তর:** ক

২০৩. এক কথায় প্রকাশ করুন : দ্বারে থাকে যে - [শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]
ক) দ্বাররক্ষী খ) দৌবারিক
গ) দ্বারিকা ঘ) দারোয়ান **উত্তর:** খ

২০৪. 'যা হবে' বাক্যটি সংকোচন করলে হবে- [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ক) ভাবি খ) অবশ্য
গ) ভাবী ঘ) অবশ্যম্ভাবী **উত্তর:** ক

২০৫. 'কথায় বর্ণনা করা যায় না যা'- এ বাক্যের সংক্ষিপ্ত রূপ কি? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইঞ্জিনিয়ারিং কলেজ এর ক্যাশ সরকারী : ২১]
ক) বর্ণনাতীত খ) অনির্বচনীয়
গ) অবর্ণনীয় ঘ) নির্বচনীয় **উত্তর:** খ

২০৬. আকাশে বেড়ায় যে- [স্বাস্থ্য, শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অফিস সহায়ক : ১৯]
ক খেচর খ আচারনিষ্ঠ
গ অন্যতম ঘ অনুজ **উত্তর:** ক

২০৭. 'জলে চরে যে'- এক কথায় প্রকাশ করুন- [NSI - এর অফিস সহায়ক : ১৭]
ক জলচর খ জলজ
গ জলীয় ঘ জলচরা **উত্তর:** ক

২০৮. 'শত্রুকে পীড়া দেয় যে' – এর সঠিক বাক্য সংকোচন হলো- [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ক শত্রুঘ্ন খ শত্রুহ্
গ পরন্তপ ঘ জিঘাংসা **উত্তর:** গ

২০৯. এক কথায় প্রকাশ করুন : 'মর্মকে পীড়া দেয় যা'। [কর্মসংস্থান ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৫]
ক মর্মন্তদ খ মর্মভেদী
গ মর্মস্পর্শী ঘ পীড়াদায়ক **উত্তর:** ক

২১০. 'মৃতের মত অবস্থা যার' তাকে এক কথায় কি বলা হয়? [স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার : ২২]
ক মুমুর্ষু খ মুমূর্ষু
গ মুমুর্ষ্য ঘ মূমুর্ষূ **উত্তর:** খ

২১১. পায়ে হেঁটে গমন করে না যে- [বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার (ক্যাশ) : ১১]
ক প্লবগ খ ভুজঙ্গ
গ পন্নগ ঘ সবকটি **উত্তর:** গ

২১২. 'বেলাকে অতিক্রান্ত' পদের অর্থ কি? [আইসিবি ব্যাংক লি. অফিসার : ১১]
ক অবেলা খ গোধূলি
গ উদ্বেল ঘ সাঁঝ **উত্তর:** গ

২১৩. 'বৃষ্টির জল' এর এক কথায় প্রকাশ- [বাংলাদেশ হাউস বিল্ডিং ফিন্যান্স কর্পোরেশন অফিসার : ১১]
ক অমিয় খ শ্বাদল
গ বেসাতি ঘ শীকর **উত্তর:** ঘ

২১৪. এক কথায় প্রকাশ করুন : 'আজীবন সধবা যে নারী'- [তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি. ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার : ১১]
ক আসধবা খ অন্নপূর্ণা
গ বৈজয়ন্তী ঘ চিরায়ুস্মতী
ঙ কোনোটিই নয় **উত্তর:** ঙ

২১৫. এক কথায় প্রকাশ করুন : 'ঈষৎ কম্পিত'- [তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি. ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার : ১১]
ক আকম্পিক খ কম্পাস
গ কম্পমান ঘ আধত **উত্তর:** ঘ

২১৬. এক কথায় প্রকাশ করুন : 'অনেকের মধ্যে একজন'- [অপরাধ তদন্ত বিভাগ এর অফিস সহায়ক : ২১]
ক অবিসংবাদিত খ অবীরা
গ অনিন্দ্য ঘ অন্যতম **উত্তর:** ঘ

২১৭. 'দুইয়ের মধ্যে একটি' এর এক কথায় প্রকাশ কি হবে? [কারিগরি শিক্ষা অধিদপ্তরে ইঞ্জিনিয়ারিং কলেজ এর ক্যাশ সরকারী : ২১]
ক অন্যতর খ অন্যতম
গ দৌবারিক ঘ কোনোটিই নয় **উত্তর:** ক

২১৮. এক কথায় প্রকাশ করুন : 'অন্য ভাষায় রূপান্তরিত'- [বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তরের অফিস সহকারী : ২১]
ক গুদাম খ অনূদিত
গ অনুচিকীর্ষা ঘ অননুমেয় **উত্তর:** খ

২১৯. 'কনুই থেকে কব্জি পর্যন্ত' -এর সংক্ষেপ হলো- [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক : ২১]
ক রত্নি খ টিবিয়া ফিবুলা
গ হাতাংশ ঘ গিরিজা **উত্তর:** ক

২২০. 'যে বিষয়ে মতভেদ নেই এমন' - এর এক কথায় প্রকাশ - [পূবালী ব্যাংক লি. অফিসার/ সিনিয়র অফিসার : ১৪]
ক ঐকমত্য খ অবিসংবাদিত
গ মীমাংসিত ঘ নিরঙ্কুশ **উত্তর:** ক

২২১. 'পিতার মৃত্যুর পর জন্ম হয়েছে যে সন্তানের' - বাক্যটিকে সংকোচন করলে হবে - [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষক : ১৭]
ক পিতৃপিতৃব্য খ মরণোত্তর জাতক
গ অজ্ঞাত কুলশীল ঘ জারজ-জাতক **উত্তর:** খ

২২২. সঠিক উত্তর কোনটি 'যার বংশ পরিচয় এবং স্বভাব কেউই জানেনা'- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : (প্রথম পর্যায়) : ২২]
ক অজ্ঞাতকুলশীল খ অচিন্তা
গ অনাহত ঘ অবিনশ্বর **উত্তর:** ক

২২৩. 'পথ চলার খরচ' কথাটির সংক্ষিপ্তরূপ - [পূবালী ব্যাংক লি. অফিসার/ জুনিয়র অফিসার (ক্যাশ) : ১৪]
ক খোরাকি খ হাত খরচ
গ পাথেয় ঘ পার্থিব **উত্তর:** গ

২২৪. 'পরস্পর আঘাত' কথাটিকে সংক্ষেপ করলে হবে - [পূবালী ব্যাংক লি. অফিসার/ জুনিয়র অফিসার (ক্যাশ) : ১৪]
ক প্রত্যাঘাত খ সংঘর্ষ
গ সংঘাত ঘ আহত **উত্তর:** খ

২২৫. 'দোহারা' শব্দের মানে - [সোনালী ব্যাংক লি. (অফিসার) : ১৪]
ক দ্বিতীয়বার পরাজিত
খ মোটাও নয়, রোগাও নয়
গ দোহারের মানুষ
ঘ খারাপভাবে হারা **উত্তর:** খ

২২৬. 'তিন মোহনার মিলন যেখানে' - এক কথায় কী হবে? [ইসলামি ব্যাংক বাংলাদেশ লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার (গ্রেড-৩) : ১৩]
ক তিন মোহনা খ ত্রয়ী
গ ত্রিমোহনা ঘ তেমোহনা **উত্তর:** গ

২২৭. 'বুকে ভর দিয়ে চলে যে প্রাণী' - [NSI-এর ফিল্ড অফিসার : ২১]
ক পারগ খ উরগ
গ বিহগ ঘ মোরগ **উত্তর:** খ

২২৮. 'বাহুতে ভর করে চলে যে'-এর বাক্য সংকোচন- [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫]
ক) সব্যসাচী খ) বুভুক্ষা
গ) ভুজঙ্গ ঘ) বাহুঙ্গ **উত্তর:** গ

২২৯. 'যে পুরুষ বিয়ে করেছে' এর এক কথায় প্রকাশ কি? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৯]
ক) অকৃতদার খ) অনূঢ়া
গ) কৃতদার ঘ) কুশীলক **উত্তর:** গ

২৩০. যে মেয়ের বিয়ে হয়নি - এর বাক্য সংকোচন কোনটি? [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল) : ১৮]
ক) মৃতবৎসা খ) কৃতদার
গ) অনুজা ঘ) অনূঢ়া **উত্তর:** ঘ

২৩১. 'অনূঢ়া' কোনটির বাক্য সংকোচন? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ক) যে নারীর কোনো সন্তান হয় না
খ) যে নারী বীর সন্তান প্রসব করে
গ) যে নারীর সন্তান বাঁচে না
ঘ) যে মেয়ের বিয়ে হয়নি **উত্তর:** ঘ

২৩২. 'বীর সন্তান প্রসব করে যে নারী'- এক কথায় তাকে কী বলে? [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল) : ১৮]
ক) বীরপুত্র খ) রত্নগর্ভা
গ) স্বর্ণমাতা ঘ) বীরপ্রসূ **উত্তর:** ঘ

২৩৩. 'যে নারী পূর্বে অপরের বাগদত্তা ছিল'- তাকে এক কথায় কী বলে? [খাদ্য অধিদপ্তরে উপ খাদ্য পরিদর্শক : ২১]
ক) প্রোষিতভর্তৃকা খ) অভিসারণী
গ) অনন্যপূর্বা ঘ) অন্যপূর্বা **উত্তর:** ঘ

২৩৪. 'মুক্তি পেতে ইচ্ছুক' – এক কথায় কী হবে? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে অধীন জুনিয়র অডিটর : ১৪]
ক) মুমুক্ষু খ) মূমূক্ষু
গ) মুমূক্ষূ ঘ) মুমুক্ষা **উত্তর:** ক

২৩৫. 'যে রোগ নির্ণয়ে হাতড়ে মরে' - এক কথায় কী হবে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২]
ক) অনভিজ্ঞ খ) অরিন্দম
গ) হাতুড়ে ঘ) ওষধি **উত্তর:** গ

২৩৬. যাদের বসতবাড়ি আছে কিন্তু কৃষি জমি নেই, তাদের কি বলে? [পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৩]
ক) বর্গা চাষি খ) ক্ষুদ্র চাষি
গ) ভূমিহীন চাষি ঘ) প্রান্তিক চাষি **উত্তর:** গ

২৩৭. 'যে বনে হিংস্র জন্তুতে পরিপূর্ণ' - এককথায় কি হবে? [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন এর অফিস সহকারী : ২২]
ক) স্বাপদসংকুল খ) শ্বাপদসংকুল
গ) জঙ্গল ঘ) শ্বাদল **উত্তর:** খ

২৩৮. 'ঈষৎ আমিষ গন্ধ যার' এর এক কথায় প্রকাশ কী হবে? [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর সহকারী পরিচালক : ২০]
ক) আমিষ্ট খ) আমশি
গ) আঁষটে ঘ) আমিষ্য **উত্তর:** গ

২৩৯. ঈষৎ পাংশুবর্ণ-এর বাক্য সংকোচন- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক) কয়রা খ) ধূসর
গ) আরক্ত ঘ) পীত **উত্তর:** ক

২৪০. 'আকাশ ও পৃথিবীর অন্তরাল'কে এক কথায় বলে- [NSI-এর কম্পিউটার টেকনিশিয়ান : ২১]
ক) ক্রন্দসী খ) রোদসী
গ) আমশি ঘ) অতরস্পর্শী **উত্তর:** খ

২৪১. 'জ্ঞানপাপী' বলে- [বাংলাদেশ ব্যাংক অফিসার (ক্যাশ) : ১৬]
ক) জ্ঞানের বড়াই করে যে
খ) সজ্ঞানে অন্যায় করে যে
গ) অনেক জ্ঞান আছে যার
ঘ) বাস্তবে জ্ঞানের প্রয়োগ করে না যে **উত্তর:** খ

২৪২. বাক্যটি এক কথায় প্রকাশ করুন- "পরিমিত ব্যয় করে যে"- [পিএসসি'র নিয়োগ : ১৮]
ক) মিতব্যয়ী খ) কৃপণ
গ) অপচয়কারী ঘ) বিলাসী **উত্তর:** ক

২৪৩. 'যার কোনো কিছুতে ভয় নেয়' এক কথায় প্রকাশ কি? [প্রবাসী কল্যাণ ব্যাংক কার্যনির্বাহী অফিসার (ক্যাশ) : ১৮]
ক) অভয় খ) ভয়শূন্য
গ) অকুতোভয় ঘ) নির্ভীক **উত্তর:** গ

২৪৪. যে ব্যয় করতে কুণ্ঠাবোধ করে- এক কথায় প্রকাশ করলে হবে- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়) : ১৯]
ক) কৃপণ খ) ব্যয়কুণ্ঠ
গ) মিতব্যয়ী ঘ) হিসেবী **উত্তর:** ক

২৪৫. 'কি করতে হবে ভেবে পায় না'- এই অবস্থাকে কী বলে?' [সুন্দরবন গ্যাস কোম্পানি লি. এসিস্ট্যান্ট কো-অর্ডিনেশন অফিসার: ২০]
ক) বিস্মিত খ) কিংকর্তব্যবিমূঢ়
গ) লজ্জিত ঘ) সভাষিত **উত্তর:** খ

২৪৬. কোনটি শুদ্ধ? [রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ২১]
ক) কিংকর্তব্যবিমূঢ় খ) মুমুর্ষু
গ) মুহুর্তৃ ঘ) সমিচীন **উত্তর:** ক

২৪৭. 'নাতিদীর্ঘ' বাগধারাটির অর্থ কি? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা : ১৬]
ক) অতি দীর্ঘ খ) অতি দীর্ঘ নয়
গ) যাহা মাপা যায় ঘ) যাহা মাপা যায় না **উত্তর:** খ
ব্যাখ্যা: প্রশ্নটি বাগধারার নয়; এক কথায় প্রকাশ এর প্রশ্ন।

২৪৮. 'যার বসন আলগা'-এর বাক্য সংকোচন- [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর পরিসংখ্যান সহকারী : ২০]
ক) আলগা বসনা খ) অসংবৃত
গ) লজ্জাহীন ঘ) সংবৃক্তহীনতা **উত্তর:** খ

২৪৯. 'আটপৌরে' শব্দটির অর্থ কি? [স্বাস্থ্য অধিদপ্তরের অধীন স্বাস্থ্য সহকারী : ০৪]
ⓚ যা পরা উচিত নয়
ⓚ যা উৎসবে পরা উচিত
ⓖ যা সবসময় পরার উপযোগী **উত্তর: গ**

২৫০. 'যে মদের নেশা করে'- এক কথায় প্রকাশ করুন- [পিএসসি'র নিয়োগ : ১৮]
ⓚ মদপ্রেমিক ⓚ মদের নেশা
ⓖ মদচুর ⓖ মাতাল **উত্তর: ঘ**

২৫১. 'গবাদি পশুর পাল'-এর সংক্ষেপ হলো- [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি.-এর কার্গো হেলপার : ২১]
ⓚ বাথান ⓚ গোশালা
ⓖ কস্তা ⓖ পশুপাল **উত্তর: ক**

২৫২. 'বড় ভাই থাকতে ছোট ভাইয়ের বিয়ে' এর এক কথায় প্রকাশ কি? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের অধীন অডিটর : ১৯]
ⓚ পরিবেদন ⓚ চিরকুমার
ⓖ লবেজান ⓖ অভিসার **উত্তর: ক**

২৫৩. 'যা জল দেয়' এর এক কথায় প্রকাশ কি? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ে অধীন জুনিয়র অডিটর : ১৯]
ⓚ পাটোয়ারি ⓚ জলদ
ⓖ জলাধার ⓖ জলধি **উত্তর: খ**

২৫৪. 'এক স্থান থেকে অন্য স্থানে ঘুরে ঘুরে জীবন যাপন করে যে' কথাটিকে এক কথায় প্রকাশ কর- [ঢাবি (গ ইউনিট) : ১৮-১৯]
ⓚ যাযাবর ⓚ পর্যটক
ⓖ পথিক ⓖ অভিযাত্রী **উত্তর: ক**

২৫৫. এক কথায় প্রকাশ করুন: পাঁচ সেরের সমাহার - [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অফিস সহকারী : ১৯]
ⓚ পরিমেয় ⓚ পশুরী
ⓖ চতুরঙ্গ ⓖ শৌরঙ্গ **উত্তর: খ**

২৫৬. 'শোক দূর হয়েছে যার' বাক্যটির সংক্ষিপ্ত রূপ- [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ সিনিয়র অফিসার : ২১]
ⓚ শোকহারা ⓚ বীতশোক
ⓖ শোকহীন ⓖ বীতকাম **উত্তর: খ**

২৫৭. 'আদরের সাথে' এর এক কথায় প্রকাশ নিচের কোনটি? [NSI-এর কম্পিউটার টেকনিশিয়ান : ২১]
ⓚ আদুরে ⓚ সাদরে
ⓖ আদরী ⓖ সাদরী **উত্তর: খ**

২৫৮. মাসের শেষ দিনকে এক কথায় কী বলা হয়? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ (B ইউনিট) : ২১-২২]
ⓚ একাদশী ⓚ মাসান্ত
ⓖ প্রতিপদ ⓖ সংক্রান্তি **উত্তর: ঘ**

২৫৯. 'দুই পর্বতের মধ্যবর্তী নিম্নভূমি' - বাক্যটির সংকোচিত রূপ কোনটি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২১-২২]
ⓚ নাব্য ⓚ উৎরাই
ⓖ উপত্যকা ⓖ চন্দ্রচূড় **উত্তর: গ**

২৬০. 'যুদ্ধে স্থির থাকেন যিনি' এর বাক্যসংকোচন কোনটি? [কমিউনিটি হেলথ কেয়ার এর প্রোভাইডার : ২২]
ⓚ যুধিষ্ঠির ⓚ স্থিরচিত্ত
ⓖ দৃঢ়চিত্ত ⓖ যুদ্ধস্থির **উত্তর: ক**

পত্রলিখন, সারাংশ এবং ভাব-সম্প্রসারণ
Letter Writing, Summary & Amplification

পত্রলিখন

'পত্র' শব্দটির আভিধানিক বা ব্যবহারিক অর্থ স্মারক বা চিহ্ন। সুন্দর, শুদ্ধ চিঠির মাধ্যমে মানুষের শিক্ষা, বুদ্ধিমত্তা, রুচি ও ব্যক্তিত্বের প্রকাশ ঘটে। সুলিখিত চিঠি অনেক সময় উন্নত সাহিত্য হিসেবে বিবেচিত হয়। যেমন- রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছিন্নপত্র'।


চিঠির বিভিন্ন অংশ : একটি চিঠি মূলত দুটি অংশে বিভক্ত -
১. শিরোনাম এবং
২. পত্রগর্ভ।

শিরোনাম-এর প্রধান অংশ প্রাপকের ঠিকানা। এই অংশে চিঠির খামের ওপর বামদিকে প্রেরকের ঠিকানা ও ডানদিকে প্রাপকের ঠিকানা লিখতে হয়। বর্তমানে সরকারি পোস্ট অফিসে প্রাপ্ত খামের সামনে অংশে প্রাপকের ঠিকানা লেখার নির্দিষ্ট ছক এবং পেছনের অংশে প্রেরকের ঠিকানা আলাদা ছাপানো ছক রয়েছে। 'লেফাফা' শব্দের অর্থ- চিঠি প্রেরণের জন্য ব্যবহৃত কাগজের তৈরি মোড়ক বা খাম; এতে ডাকটিকিট লাগানো হয়। পোস্টাল কোড পোস্ট অফিসের নাম নির্দেশ করে। প্রবাসী বন্ধুকে লেখা পত্রের ঠিকানা ইংরেজি ভাষায় লিখতে হবে। পূর্ণ ও স্পষ্ট ঠিকানার অভাবে চিঠিপত্রগুলোকে 'ডেড লেটার' বলা হয়। *পত্রগর্ভ* হচ্ছে চিঠির ভেতরের অংশ। পত্রের মূল বিষয়কে পত্রের গর্ভাংশ বলা হয়।


চিঠির প্রকারভেদ : বিষয়বস্তু, প্রসঙ্গ ও কাঠামো অনুসারে বিভিন্ন ধরনের পত্রকে নিম্নলিখিত শ্রেণিতে ভাগ করা যায়-
ক) ব্যক্তিগত চিঠি
খ) আবেদনপত্র বা দরখাস্ত
গ) সংবাদপত্রে প্রকাশের জন্য চিঠি
ঘ) মানপত্র ও স্মারকলিপি
ঙ) বাণিজ্যিক বা ব্যবসায়িকপত্র
চ) আমন্ত্রণ বা নিমন্ত্রণপত্র
ছ) দলিল বা চুক্তিপত্র

ক) ব্যক্তিগত চিঠি : ব্যক্তিগত চিঠির কাঠামোতে ছয়টি অংশ থাকে।

চিঠির ছক



চিঠির খাম



১. মঙ্গলসূচক শব্দ : এককালে ব্যক্তিগত চিঠির প্রথমে কাগজের পৃষ্ঠার মাঝামাঝি জায়গায় পত্রলেখক মঙ্গলসূচক শব্দ লিখতেন। আজকাল ব্যক্তিগত চিঠিতে এগুলো আর লেখা হয় না।

২. স্থান ও তারিখ : ব্যক্তিগত পত্রের ওপরের ডানদিকে তারিখ এবং যে স্থানে বসে পত্র লেখা হচ্ছে তার নাম লিখতে হয়।

৩. সম্বোধন : পত্র লেখার শুরুতে পত্রের বামদিকে প্রাপকের সঙ্গে সম্পর্ক অনুযায়ী সম্বোধন বা সম্ভাষণ লিখতে হয়। পত্রদাতার সঙ্গে প্রাপকের সম্পর্ক অনুসারে এবং পত্র-প্রাপকের মান, মর্যাদা, সামাজিক প্রতিষ্ঠা অনুযায়ী সম্বোধনসূচক শব্দ নির্বাচন করতে হয়। যেমন-

ব্যক্তিগত পত্রের সম্ভাষণ রীতি-

শ্রদ্ধাভাজন (পুরুষ)	শ্রদ্ধাস্পদেষু, পরম শ্রদ্ধাভাজন, মাননীয়, মান্যবরেষু, মান্যবর, শ্রদ্ধাভাজনেষু ইত্যাদি।
শ্রদ্ধাভাজন (মহিলা)	মাননীয়া, মাননীয়াসু, শ্রদ্ধেয়া, শ্রদ্ধাস্পদাসু ইত্যাদি।
সম্ভ্রান্ত ব্যক্তি	সুধী, মান্যবর, সৌম্য ইত্যাদি।
সমবয়স্ক প্রিয়জন/ বন্ধু (পুরুষ)	বন্ধুবরেষু, অভিন্নহৃদয়েষু, প্রিয়বরেষু, প্রিয়, প্রিয়বর, বন্ধুবর, প্রিয়বন্ধু, সুপ্রিয়, সুহৃদবরেষু, প্রীতিভাজনেষু ইত্যাদি।
সমবয়স্ক প্রিয়জন/ বন্ধু (মহিলা)	সুচরিতাসু, প্রীতিভাজনীয়াসু, প্রীতিনিলয়াসু, সুহৃদয়াসু ইত্যাদি।

বয়ঃকনিষ্ঠ (ছেলে)	কল্যাণীয়, কল্যাণীয়েষু, স্নেহাস্পদেষু, স্নেহভাজনেষু, স্নেহের, প্রিয়, প্রীতিভাজনেষু, প্রীতিনিলয়েষু ইত্যাদি।
বয়ঃকনিষ্ঠ (মেয়ে)	কল্যাণীয়া, কল্যাণীয়াসু, স্নেহের, স্নেহভাজনীয়া, স্নেহভাজনীয়াসু ইত্যাদি।

৪. মূল পত্রাংশ (মূল বক্তব্য) : পত্র লেখার সময় পত্রের বক্তব্য ও বিষয়কে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়। এই অংশে পত্রলেখকের মূল বক্তব্য, উদ্দেশ্য, ইচ্ছা, আবেগ, অনুভূতি, ঔৎসুক্য ইত্যাদি লিখতে হয়। পত্র-সমাপ্তিসূচক অভিব্যক্তির পর বিদায় সম্ভাষণ হিসেবে পত্র-প্রাপকের সঙ্গে লেখকের সম্পর্ক অনুযায়ী ব্যবহৃত হয়। স্থান, কাল, পাত্রভেদে পত্র-প্রাপকের সঙ্গে সম্পর্ক অনুসারে বিশেষণ ব্যবহারের পাথর্ক্য দেখা যায়। যেমন-

প্রাপক শ্রদ্ধাভাজন (পুরুষ)	স্নেহভাজন, স্নেহধন্য, স্নেহাকাড়ী, প্রীত্যর্থী, গুণমুগ্ধ, প্রণত, প্রীতিধণ্য, প্রীতিস্নিগ্ধ ইত্যাদি।
প্রাপক শ্রদ্ধাভাজন	(পত্রলেখক মহিলা) স্নেহধন্যা, প্রণতা, বিনীতা, গুনমুগ্ধা প্রীতিধন্যা, প্রীতিস্নিগ্ধা।
প্রাপক অনাত্মীয় সম্মানীয় লোক	(পত্রলেখক পুরুষ) নিবেদক, ভবদীয়, বিনীত, বিনয়াবনত ইত্যাদি।
	(পত্রলেখক মহিলা) নিবেদিকা, বিনীতা, বিনয়াবনতা, ইত্যাদি।
প্রাপক বন্ধুস্থানীয় বা প্রিয়ভাজন	(পত্রলেখক পুরুষ) প্রীতিধন্য, প্রীতিমুগ্ধ, অভিন্নহৃদয়, আপনারই, তোমারই ইত্যাদি।
	(পত্রলেখক মহিলা) প্রীতিধন্য, প্রীতিমুগ্ধ, অভিন্নহৃদয়া ইত্যাদি।
প্রাপক বয়সে ছোট হলে	আশীর্বাদক, আশীর্বাদিকা শুভাকাঙ্ক্ষী, শুভানুধ্যায়ী ইত্যাদি।
* বিদায় সম্ভাষণ সাধারণত পত্রের ডানদিকে লিখতে হয়।	

৫. নাম-স্বাক্ষর (পত্রলেখকের স্বাক্ষর) : নাম-স্বাক্ষার চিঠির গুরুত্বপূর্ণ বিষয়। তাই চিঠির শেষে অবশ্যই স্বাক্ষর করতে হয়।

৬. শিরোনাম : শিরোনাম পত্র পাঠাবার খামের উপর লিখতে হয়। খামের উপর বাম দিকে পত্রলেখকের (প্রেরক) ঠিকানা এবং ডান দিকে পত্র প্রাপকের পূর্ণাঙ্গ ঠিকানা স্পষ্টভাবে লিখতে হয়। খামের উপরে ডান কোণে প্রযোজ্য ক্ষেত্রে নির্দিষ্ট মূল্যের ডাক টিকিট লাগতে হয়। আজকাল বড় বড় পোস্ট অফিসে ডাক টিকিটের পরিবর্তে মেশিনের সাহায্যে খামের উপর ছাপ মারার ব্যবস্থা চালু হয়েছে।

খ) আবেদনপত্র : সুযোগ-সুবিধা প্রার্থনা করে কর্তৃপক্ষের নিকট লিখিত পত্রের নাম আবেদনপত্র। আবেদনপত্র বিভিন্ন ধরনের হতে পারে। যথা- ছুটির আবেদনপত্র, চাকুরির আবেদনপত্র প্রভৃতি।

গ) সংবাদপত্রে প্রকাশের জন্য চিঠি : সংবাদপত্রে চিঠি বা আবেদন প্রকাশের জন্য সম্পাদকের বরাবর পাঠাতে হবে। সংবাদপত্রে প্রকাশের জন্য চিঠিপত্রের বিষয়বস্তু হলো মূলত স্থানীয় সংবাদ, অভাব, অভিযোগ, হারানো বিজ্ঞপ্তি প্রভৃতি।

ঘ) মানপত্র বা অভিনন্দনপত্র : মানপত্র বলতে সংবর্ধনার জন্য প্রদত্ত প্রশংসাসূচক ও শ্রদ্ধাজ্ঞাপক অভিনন্দপত্রকে বোঝায়।

ঙ) স্মারকলিপি বা অভিযোগপত্র : 'স্মারক' কথাটির শাব্দিক অর্থ হল 'যা স্মরণ করিয়ে দেয়'। যথাযথ কর্তৃপক্ষকে কোনো বিষয় বা সমস্যা সম্পর্কে স্মরণ করিয়ে দেওয়া বা অবহিত করা বা সে সমস্যা সমাধান করার জন্য যে আবেদন পত্র রচনা করা হয় তাকে স্মারকলিপি বলে।

চ) আমন্ত্রণ বা নিমন্ত্রণপত্র : নিমন্ত্রণপত্র এক ধরনের সামাজিক পত্র। সাধারণত সামাজিক অনুষ্ঠানে যোগদানের জন্য যে পত্রের মাধ্যমে সাদর আমন্ত্রণ বা অনুরোধ জানানো হয়, তাকে নিমন্ত্রণপত্র বলে।

ছ) বাণিজ্যিক বা ব্যবসায়িকপত্র : ব্যবসায়-বাণিজ্য বা লেনদেন ও ক্রয়-বিক্রয় কাজে যে পত্র বিনিময় হয়, তাকে বাণিজ্যিক বা ব্যবসায়িক পত্র বলে।

জ) দলিলপত্র : বৈষয়িক ব্যাপারে সরকারি পৃষ্ঠপোষকতায় আইনানুসারে লিখিত চুক্তিপত্রকে দলিলপত্র বলে।

MCQ Solution

১. **'পত্র' শব্দটির আভিধানিক বা ব্যবহারিক অর্থ কী?** [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৩/ ৬ষ্ঠ বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১০]
ⓚ যোগাযোগ ⓚh বিনিময়
ⓖ চিহ্ন বা স্মারক ⓖh সংযোগ **উত্তর:** গ

২. **সুলিখিতপত্র অনেক সময় কিসের মর্যাদা লাভ করে?** [বিশেষ শিক্ষক নিবন্ধন : ১০]
ক) ঐতিহাসিক খ) সামাজিক
গ) সাংস্কৃতিক ঘ) সাহিত্যিক **উত্তর:** ঘ

৩. **পত্র লেখার সময় কোনটির গুরুত্ব সর্বাধিক?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩]
ক) পত্রের ভাষা খ) পত্রের বক্তব্য ও বিষয়
গ) পত্রের আঙ্গিক ঘ) স্থান ও তারিখ **উত্তর:** খ

৪. **'লেফাফা' শব্দের অর্থ কী?** [Joint Recruitment Test for 8 Banks (Senior Officer) : 18]
ক) শাবল খ) বালতি
গ) মোড়ক ঘ) চিঠি **উত্তর:** গ

৫. **'লেফাফা'য় লাগানো হয়-** [বন অধিদপ্তরের বন প্রহরী : ১৫]
ক) কাগজ খ) ডাকটিকিট
গ) সাইনবোর্ড **উত্তর:** খ

৬. **একটি পত্রের প্রধান অংশ কয়টি?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২০/ ৭ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১১]
ক) দুইটি খ) তিনটি
গ) চারটি ঘ) পাঁচটি **উত্তর:** ক

৭. **সাধারণত পত্রের দুটি অংশ থাকে– এগুলো কী?** [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১২]
ক) প্রেরক ও প্রাপকের ঠিকানা
খ) শিরোনাম ও পত্রগর্ভ
গ) লেখকের স্বাক্ষর ও নাম
ঘ) প্রেরকের ঠিকানা **উত্তর:** খ

৮. **ব্যক্তিগত পত্রে কতটি অংশ থাকে?** [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ক) চার খ) পাঁচ
গ) ছয় ঘ) সাত **উত্তর:** গ

৯. **ব্যক্তিগত পত্রের ওপরের ডান কোণে কী লেখা হয়?** [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৩]
ক) সম্ভাষণ খ) পত্র লেখকের স্থান ও তারিখ
গ) মঙ্গলসূচক শব্দ ঘ) প্রাপকের ঠিকানা **উত্তর:** খ

১০. **'প্রাপক' অর্থ–** [ইসলামী ব্যাংক সহকারী অফিসার (গ্রেড-৩) : ০৮]
ক) যিনি পত্র লেখেন
খ) যার উদ্দেশ্যে পত্রটি রচিত
গ) পত্রের মঙ্গলাচরণ
ঘ) বক্তব্য বিষয় **উত্তর:** খ

১১. **প্রাপক বয়সে বড় হলে প্রেরক স্বাক্ষরের আগে কোন শব্দটি ব্যবহার করবে?** [৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১১]
ক) প্রীতিমুগ্ধ খ) আশীর্বাদক
গ) শুভাকাঙ্ক্ষী ঘ) স্নেহভাজন **উত্তর:** ঘ

১২. **একটি পত্রের বাইরের অংশের উপর যেটা থাকে তাকে বলা হয়–** [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১২]
ক) পত্রগর্ভ খ) শিরোনাম
গ) সম্ভাষণ ঘ) মূল বক্তব্য **উত্তর:** খ

১৩. **শিরোনামের প্রধান অংশ কোনটি?** [থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫]
ক) ডাক টিকেট খ) পোস্টাল কোড
গ) প্রেরকের ঠিকানা ঘ) প্রাপকের ঠিকানা **উত্তর:** ঘ

১৪. **কোনটির অভাবে চিঠি লেখার উদ্দেশ্য ব্যর্থ হয়?** [৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১১]
ক) প্রেরকের ঠিকানা খ) প্রাপকের ঠিকানা
গ) পত্রগর্ভ ঘ) স্বাক্ষর ও তারিখ **উত্তর:** খ

১৫. **প্রবাসী বন্ধুকে লেখা পত্রের ঠিকানা কোন ভাষায় লিখতে হয়?** [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১২]
ক) বাংলা ভাষায়
খ) অবস্থানকারী দেশের ভাষায়
গ) প্রেরকের নিজের ভাষায়
ঘ) ইংরেজি ভাষায় **উত্তর:** ঘ

১৬. **কোনটির অভাবে চিঠিপত্র 'ডেড লেটার' বলে চিহ্নিত হয়?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৮]
ক) পূর্ণ ও স্পষ্ট ঠিকানা খ) প্রয়োজনীয় সিলমোহর
গ) উপযুক্ত সম্ভাষণ ঘ) সঠিক দিন তারিখ **উত্তর:** ক

১৭. **কোন অংশকে পত্রের গর্ভাংশ বলা হয়?** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক) সম্বোধন অংশকে
খ) লেখকের স্বাক্ষর অংশকে
গ) ঠিকানা অংশকে
ঘ) মূল বিষয় অংশকে **উত্তর:** ঘ

১৮. **চাকরির জন্য যে পত্র লিখতে হয় তার নাম কি?** [বিশেষ শিক্ষক নিবন্ধন : ১০]
ক) ব্যক্তিগতপত্র খ) অভিযোগ সংক্রান্তপত্র
গ) নিমন্ত্রণপত্র ঘ) আবেদনপত্র **উত্তর:** ঘ

১৯. **সুযোগ-সুবিধা প্রার্থনা করে কর্তৃপক্ষের নিকট লিখিত পত্রের নাম–** [৬ষ্ঠ বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১০]
ক) চুক্তিপত্র খ) মানপত্র
গ) ব্যক্তিগত পত্র ঘ) আবেদনপত্র **উত্তর:** ঘ

২০. **সংবাদপত্রে একটি আবেদন প্রকাশের জন্য কার বরাবর পাঠাতে হবে?** [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন এর অফিস সহকারী : ২২]
ক) মালিকের বরাবর
খ) সাংবাদিকের বরাবর
গ) প্রকাশকের বরাবর
ঘ) সম্পাদকের বরাবর **উত্তর:** ঘ

২১. **সংবাদপত্রে প্রকাশের জন্য নিখোঁজ সংবাদ কোন ধরনের পত্র?** [৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১১]
ক) বিজ্ঞপ্তি খ) অভিযোগপত্র
গ) চুক্তিপত্র ঘ) প্রতিবেদন **উত্তর:** ক

২২. **নিচের কোনটি অভিনন্দন বা সংবর্ধনা পত্র?** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক) আমন্ত্রণপত্র খ) মানপত্র
গ) নিমন্ত্রণপত্র ঘ) স্মারকপত্র **উত্তর:** খ

২৩. **বিষয়ের স্পষ্ট উল্লেখ থাকতে হবে যে পত্রে–** [জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার : ১৫]
ক) ব্যক্তিগত পত্রে খ) সামাজিক পত্রে
গ) মানপত্রে ঘ) বাণিজ্যিক পত্রে **উত্তর:** ঘ

২৪. **আপ্যায়নের উদ্দেশ্যে যে দাওয়াত পত্র তাকে বলে–** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩]
ক) আমন্ত্রণপত্র খ) নিমন্ত্রণপত্র
গ) মানপত্র ঘ) অভিনন্দনপত্র **উত্তর:** খ

২৫. **বৈষয়িক ব্যাপারে সরকারি পৃষ্ঠপোষকতায় আইনানুসারে লিখিত পত্রকে কী বলে?** [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৩]
ক) চুক্তিপত্র খ) বায়নানামা
গ) বাণিজ্যিকপত্র ঘ) দলিলপত্র **উত্তর:** ঘ

সারমর্ম ও সারাংশ লিখন

গদ্য বা পদ্য রচনার কোনো না কোনো অন্তর্নিহিত মূলভাব থাকে। সহজ ও সাবলীল ভাষায় সংক্ষেপে তা লেখার নাম সারমর্ম বা সারাংশ। সাধারণত গদ্যের ভাব-সংক্ষেপণ বোঝাতে সারাংশ ও পদ্যের ভাব-সংক্ষেপণ বোঝাতে সারমর্ম কথাটি ব্যবহৃত হয়ে থাকে।

সারমর্ম/ সারাংশ লেখার ক্ষেত্রে নিম্নলিখিত দিকগুলো বিশেষ বিবেচনায় রাখা দরকার-

১. সারমর্ম বা সারাংশ লিখতে গেলে অনুচ্ছেদের তথ্য লিখলে চলে না, মূলভাব বুঝে নিয়ে তাকে সংক্ষেপে প্রকাশ করতে হয়।
২. প্রদত্ত রচনাংশে সাধারণত একটি মূলভাব বা বক্তব্য থাকে। কখনো কখনো একাধিক মূলভাব বা বক্তব্যও থাকতে পারে।
৩. মূল রচনাংশে ব্যবহৃত বর্ণনা, সংলাপ, উদাহরণ, অলংকার (উপমা-রূপক) ইত্যাদি বাদ দিতে হয়।
৪. মূল অংশে উদ্ধৃতি থাকলে প্রয়োজনে সেই উদ্ধৃতির ভাবটুকু উদ্ধৃত ছাড়া লিখতে হবে।
৫. সারমর্ম কিংবা সারাংশ অবশ্যই মূল রচনার ভাবধারণার মধ্যে সীমিত থাকে।

সারমর্ম/ সারাংশ লেখার ক্ষেত্রে নিম্নলিখিত কৌশল অবলম্বন করা উচিত-

১. সারমর্ম কিংবা সারাংশ একটি অনুচ্ছেদে লেখা উচিত।
২. প্রারম্ভিক বাক্য যথাসম্ভব সংহত ও আকর্ষণীয় হওয়া চাই।
৩. প্রসঙ্গ বাক্য (মূল ভাবটুকু প্রকাশের চুম্বক বাক্য) সারমর্ম/ সারাংশের প্রথমে থাকা ভালো।
৪. প্রত্যক্ষ উক্তি থাকলে তা বর্জন করে পরোক্ষ উক্তিতে সংক্ষেপে প্রকাশ করতে হয়।
৫. সারমর্ম/সারাংশে উত্তম পুরুষে (আমি, আমরা) বা মধ্যম পুরুষে (তুমি, তোমরা) লেখা চলে না, নাম (প্রথম) পুরুষে লিখতে হয়।
৬. সারমর্ম ও সারাংশের ভাষা সরল, সাবলীল ও প্রাঞ্জল হওয়া দরকার।
৭. মূলের কোনো অংশের হুবহু উদ্ধৃতি বা অনুকৃতি সারমর্ম/ সারাংশে গ্রহণীয় নয়।

MCQ Solution

১. **সারাংশের মূল উদ্দেশ্য কী?** [শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা : ১১]
ক) অন্তর্নিহিত তাৎপর্য তুলে ধরা
খ) ভাবের অংশ প্রকাশ করা
গ) বাইরের ভাব বিশ্লেষণ করা
ঘ) অন্যভাব ফুটিয়ে তোলা **উত্তর:** ক

২. **'সারাংশ লিখন' শিক্ষার উদ্দেশ্য কী?** [৬ষ্ঠ বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১০]
ক) বক্তব্য বিশ্লেষণ খ) বক্তব্য সংযোজন
গ) বক্তব্য সংমিশ্রণ ঘ) বক্তব্য সংক্ষেপণ **উত্তর:** ঘ

৩. **সারাংশ বা সারমর্ম সাধারণত কয়টি অনুচ্ছেদে লিখতে হয়?** [বিশেষ শিক্ষক নিবন্ধন : ১০]
ক) একটি খ) দুইটি
গ) তিনটি ঘ) চারটি **উত্তর:** ক

৪. **সারাংশ লিখনে একাধিক অনুচ্ছেদ থাকা-** [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৩]
ক) অপরিহার্য খ) বাঞ্ছনীয়
গ) অপ্রয়োজনীয় ঘ) অসম্ভব **উত্তর:** ঘ

৫. **সারাংশ লিখতে ভাষায় বাহুল্য, উপমা, অলংকার এ সকল-** [প্রবাসী কল্যাণ ব্যাংক অফিসার (জেনারেল) : ২১]
ক) বর্জনীয় খ) প্রাসঙ্গিক
গ) গ্রহণীয় ঘ) যৌক্তিক **উত্তর:** ক

৬. **সারাংশে কোনটি প্রয়োজন নেই?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ক) অলংকার খ) প্রাঞ্জলতা
গ) সরলতা ঘ) সংক্ষেপণ **উত্তর:** ক

৭. **সারাংশে প্রত্যক্ষ উক্তির ক্ষেত্রে কি করতে হয়?** [৬ষ্ঠ বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১০]
ক) গ্রহণ করতে হবে খ) পরিবর্তন করতে হবে
গ) অবিকল লিখতে হবে ঘ) বর্জন করতে হবে **উত্তর:** ঘ

৮. **সারাংশের জন্য গুরুত্বপূর্ণ দিক কোনটি?** [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৩]
ক) প্রাঞ্জলতা খ) সৃজনশীলতা
গ) মননশীলতা ঘ) ভাষারীতির শুদ্ধতা **উত্তর:** ক

৯. **সারাংশ কোন পুরুষে লিখতে হয়?** [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১২]
ক) উত্তম পুরুষ খ) মাধ্যম পুরুষ
গ) প্রথম পুরুষ ঘ) উপরের সবগুলো **উত্তর:** গ

ভাব-সম্প্রসারণ : 'ভাব-সম্প্রসারণ' কথাটির অর্থ কবিতা বা গদ্যের অন্তর্নিহিত তৎপর্যকে ব্যাখ্যা করা, বিস্তারিত করে লেখা, বিশ্লেষণ করা। ইঙ্গিতময়, অর্থপূর্ণ ভাবঘন বাক্যকে সম্প্রসারিত করা এবং ব্যাখ্যার মাধ্যমে ভাবকে সহজ করে তোলার নামই হচ্ছে ভাব-সম্প্রসারণ। অর্থাৎ ভাবের সার্থক ও সুসঙ্গত প্রসারণই ভাব-সম্প্রসারণ।

ভাব-সম্পসারণের ক্ষেত্রে কয়েকটি দিকের প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া প্রয়োজন। যেমন-

১) প্রদত্ত চরণ বা গদ্যাংশটি একাধিকবার মনোযোগ সহকারে পড়ে অন্তর্নিহিত ভাবটি কী, তা সঠিকভাবে বুঝতে হবে। মূল ছত্রটি হুবহু ব্যবহার করা উচিত নয়।
২) অন্তর্নিহিত মূলভাবটি কোনো উপমা, রূপক-প্রতীকের আড়ালে প্রচ্ছন্ন থাকে, তবে ভাব-সম্প্রসারণের সময় প্রয়োজনে অতিরিক্ত অনুচ্ছেদ-যোগে ব্যাখ্যা করলে ভালো হয়।
৩) সহজ ভাষার, সংক্ষেপে ভাবসত্যটি উপস্থাপন করা উচিত। প্রয়োজনে যুক্তি উপস্থাপন করে তাৎপর্যটি উদ্ধার করতে হবে।

৪) মূল ভাববীজকে বিশদ করার সময় সহায়ক দৃষ্টান্ত, প্রাসঙ্গিক তথ্য বা উদ্ধৃতি ব্যবহার করা চলে।

৫) ভাব-সম্প্রসারণ করার সময় মনে রাখতে হবে যে, যেন বক্তব্যের পুনরাবৃত্তি না ঘটে। বারবার একই কথা লেখা ভাব-সম্প্রসারণের ক্ষেত্রে দূষণীয়।

MCQ Solution

১. ইঙ্গিতময়, অর্থপূর্ণ ভাবঘন বাক্যকে সম্প্রসারিত করার নাম কি? [বিশেষ শিক্ষক নিবন্ধন : ১০]
ক) সারাংশ খ) সারমর্ম
গ) রচনা ঘ) ভাব-সম্প্রসারণ **উত্তর:** ঘ

২. ব্যাখ্যার মাধ্যমে ভাবকে সহজ করে তোলার নামই হচ্ছে- [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১০]
ক) সারাংশ খ) অনুবাদ
গ) ভাব-সম্প্রসারণ ঘ) বাগধারা **উত্তর:** গ

৩. ভাবের সার্থক ও সুসঙ্গত প্রসারণই- [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১২]
ক) গবেষণাপত্র খ) প্রতিবেদন
গ) সার সংক্ষেপ ঘ) ভাব-সম্প্রসারণ **উত্তর:** ঘ

৪. ভাব-সম্প্রসারণে ভাবের- [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৩]
ক) পরিবর্তন ঘটে খ) অলঙ্করণ ঘটে
গ) সম্প্রসারণ ঘটে ঘ) সংকোচন ঘটে **উত্তর:** গ

৫. ভাব-সম্প্রসারণের ক্ষেত্রে দোষের বিষয় কোনটি? [বিশেষ শিক্ষক নিবন্ধন : ১০]
ক) একই কথার পুনরাবৃত্তি
খ) প্রাসঙ্গিক আলোচনা
গ) যুক্তিতর্কপূর্ণ বিষয়
ঘ) বৈজ্ঞানিক ব্যাখ্যা **উত্তর:** ক

৬. কোনটি ভাব-সম্প্রসারণের বৈশিষ্ট্য নয়? [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৩]
ক) একাধিক অনুচ্ছেদ
খ) বাক্যের পুনরাবৃত্তি
গ) প্রবাদ-প্রবচনের ব্যবহার
ঘ) অভিমত প্রদান **উত্তর:** খ

৭. কোনটি ভাব-সম্প্রসারণে হুবহু ব্যবহৃত হওয়া উচিত নয়? [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৩]
ক) তথ্য খ) উপমা
গ) অলঙ্কার ঘ) মূল ছত্র **উত্তর:** ঘ

৮. 'দুর্নীতি জাতির সকল উন্নতির অন্তরায়' মূলত কোন বিষয়ে আলোচিত হয়? [৬ষ্ঠ বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১০]
ক) সারমর্ম খ) প্রবন্ধ
গ) ভাব-সম্প্রসারণ ঘ) আবেদনপত্র **উত্তর:** গ

অনুবাদ এবং শূন্যস্থান পূরণ

Translation, Pronunciation & Fill in the gap

অনুবাদ

অনুবাদ বলতে বোঝায় ভাষান্তর বা ভাষান্তরকরণ। এক ভাষা থেকে অন্যভাষায় রূপান্তর বা পুনর্বিবৃতি। বিভিন্ন ভাষাগোষ্ঠীর মধ্যে তথ্য বিনিময়ের প্রধান উপাদান হচ্ছে অনুবাদ। পৃথিবীর বিভিন্ন জাতি বিভিন্ন ভাষায় সাহিত্য-সংস্কৃতি, জ্ঞান-বিজ্ঞান নিয়ে কাজ করে যাচ্ছে। সেসবের পরিচয় পেতে হলে সেগুলোকে নিজের ভাষায় অনুবাদ করতে হয়। তাই অনুবাদ জ্ঞান চর্চার অন্যতম সহায়ক। বিশ্বের প্রায় সব তথ্য ও জ্ঞান ইংরেজি ভাষায় পাওয়া যায়। তাই ইংরেজি ভাষা থেকে অনুবাদের ওপর অধিকতর গুরুত্ব দেওয়া হয়। অনুবাদের পারদর্শিতা মূলত অভ্যাসের উপর নির্ভরশীল। ক্রিয়ার কাল অনুবাদের ক্ষেত্রে পরিবর্তন করা যাবে না। পরিভাষা না থাকলে অনুবাদে ইংরেজি শব্দ ব্যবহার করা যায়।

অনুবাদ প্রধানত দুই ধরনের। যথা- আক্ষরিক অনুবাদ এবং ভাবানুবাদ। অনুবাদ আক্ষরিক কিংবা ভাবানুবাদ হবে - এটা নির্ভর করে অনুবাদের বিষয়ের ওপর।

MCQ Solution

১. **অনুবাদের অর্থ কি?** [বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর স্টোরম্যান : ২১/ ১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক) অনুসরণ খ) ভাবান্তর
গ) ভাষান্তরকরণ ঘ) সমার্থকরণ **উত্তর:** গ

২. **অনুবাদের কোনটির সহায়ক?** [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ক) ভাষার উন্নতি খ) জ্ঞান চর্চার
গ) ভাষার শৃঙ্খলার ঘ) কাব্য রচনার **উত্তর:** খ

৩. **অনুবাদের পারদর্শিতা কিসের উপর নির্ভরশীল?** [১৩তম বেসরকারী শিক্ষক নিবন্ধন (স্কুল - ২) : ১৬]
ক) পড়াশোনার উপর
খ) ভাষান্তরের উপর
গ) নির্ধারণের উপর
ঘ) অভ্যাসের উপর **উত্তর:** ঘ

৪. **কোন বিষয়টি অনুবাদের ক্ষেত্রে পরিবর্তন করা যাবে না?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩]
ক) ক্রিয়ার কাল
খ) ভাষার অলংকার
গ) বাক্যের দৈর্ঘ্য
ঘ) পদক্রম **উত্তর:** ক

৫. **অনুবাদে ইংরেজি শব্দ বাংলা করা যায় কখন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজবিজ্ঞান) : ০৮-০৯]
ক) শব্দ পছন্দ না হলে
খ) শব্দের অর্থ না বুঝলে
গ) পরিভাষা থাকলে
ঘ) পরিভাষা না থাকলে **উত্তর:** ঘ

৬. **অনুবাদ কত প্রকার?** [১৩তম বেসরকারী প্রভাষক নিবন্ধন : ১৬]
ক) ২ প্রকার খ) ৩ প্রকার
গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার **উত্তর:** ক

৭. **অনুবাদ মূলত দুই প্রকার, যেমন-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজবিজ্ঞান) : ০৮-০৯]
ক) ভাষান্তর ও ভাবগত
খ) ইংরেজি ও বাংলা
গ) চিন্তনীয় ও বর্ণনামূলক
ঘ) ভাবানুবাদ ও আক্ষরিক **উত্তর:** ঘ

৮. **অনুবাদ কোন প্রকারের হবে তা কীসের ওপর নির্ভর করে?** [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ক) বিষয়ের ওপর খ) ভাবের ওপর
গ) বিন্যাসের ওপর ঘ) ভাষার ওপর **উত্তর:** ক

বিসিএস প্রিলিমিনারি প্রশ্নোত্তর ও ব্যাখ্যা

বিসিএস প্রিলিমিনারি প্রশ্নোত্তর

৪৪তম বিসিএস

১. **কোনটি জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ নয়?**
ⓚ ব্যথার দান ⓚ দোলন চাঁপা
ⓖ শিউলিমালা ⓖ সোনার তরী

(ক) ব্যথার দান (খ) দোলন চাঁপা
(গ) শিউলিমালা (ঘ) সোনার তরী

ব্যাখ্যা: 'সোনার তরী' (১৮৯৪) রবীন্দ্রনাথ ঠাকুরের মাত্রাবৃত্ত ছন্দে রচিত একটি কাব্যগ্রন্থ। কুষ্টিয়ার শিলাইদহে বসবাসকালে কবি কাব্যটি রচনা করেন। এ কাব্যের উল্লেখযোগ্য কবিতা- সোনার তরী, যেতে নাহি দেব, হিং টিং ছট প্রভৃতি।

২. **ধ্বনি-পরিবর্তনের নিয়মে কোনটি বর্ণ-বিপর্যয়-এর দৃষ্টান্ত?**
(ক) রতন (খ) কবাট
(গ) পিচাশ (ঘ) মুলুক

ব্যাখ্যা: শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বা বর্ণ বিপর্যয় বলে। যেমন- পিশাচ > পিচাশ।

৩. **নিচের কোনটি 'অগ্নি'র সমার্থক শব্দ নয়?**
(ক) বহ্নি (খ) আবীর
(গ) বায়ুসখা (ঘ) বৈশ্বানর

ব্যাখ্যা: আবীর এর সমার্থক শব্দ : রক্ত, রক্তিম, রঞ্জিত, রুধির, রাঙা, লাল, লহু, শোণিত প্রভৃতি।

৪. **'দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা।' - এই উক্তিটি নিচের কোন পারিভাষিক অলংকার দ্বারা শোভিত?**
(ক) অপহ্নুতি (খ) যমক
(গ) অর্থোন্নতি (ঘ) অভিযোজন

ব্যাখ্যা: যদি উপমেয়কে অস্বীকার করে উপমানকে প্রতিষ্ঠিত করা হয় তবে তাকে অপহ্নুতি অলংকার বলে। যেমন- দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা। এখানে উপমেয় নদী ধারাকে অস্বীকার করে উপমান অশ্রুধারাকে প্রতিষ্ঠা করা হয়েছে।

৫. **'যথারীতি' কোন সমাসের দৃষ্টান্ত?**
(ক) অব্যয়ীভাব (খ) দ্বিগু
(গ) বহুব্রীহি (ঘ) দ্বন্দ্ব

ব্যাখ্যা: যথারীতি = রীতিকে অতিক্রম না করে (অব্যয়ীভাব সমাস)।

৬. **'মৃত্তিকা দিয়ে তৈরি'- কথাটি সংকোচন করলে হবে-**
(ক) তন্ময় (খ) মন্ময়
(গ) মৃন্ময় (ঘ) চিন্ময়

৭. **'অর্ধচন্দ্র' কথাটির অর্থ-**
(ক) অমাবস্যা (খ) গলাধাক্কা দেওয়া
(গ) কাছে টানা (ঘ) কাস্তে

ব্যাখ্যা: অর্ধচন্দ্র বাগধারা - গলাধাক্কা দেওয়া।

৮. **'হরতাল' কোন ভাষা থেকে আগত শব্দ?**
(ক) পর্তুগিজ (খ) হিন্দি
(গ) গুজরাটি (ঘ) ফরাসি

ব্যাখ্যা: গুজরাটি শব্দ - খদ্দর, হরতাল।

৯. **কোনটি 'জিগীষা'র সম্প্রসারিত প্রকাশ?**
(ক) জানিবার ইচ্ছা (খ) জয় করিবার ইচ্ছা
(গ) হনন করিবার ইচ্ছা (ঘ) যুদ্ধ করিবার ইচ্ছা

ব্যাখ্যা

জিজ্ঞাসা	জানবার ইচ্ছা।
জিগীষা	জয় করার ইচ্ছা।
জিঘাংসা	হনন (হত্যা) করার ইচ্ছা।
যুযুৎসু	যুদ্ধ করার ইচ্ছা।

১০. **নিচের কোনটি তৎসম শব্দ?**
(ক) পছন্দ (খ) হিসাব
(গ) ধূলি (ঘ) শৌখিন

ব্যাখ্যা: প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বিবর্তিত যেসব বাংলা শব্দের লিখিত চেহারা সংস্কৃত ভাষার শব্দের অনুরূপ সেগুলোকে তৎসম (সংস্কৃত) শব্দ বলে। যেমন- অঞ্চল, ধূলি, নদী, পাঠক ইত্যাদি। পছন্দ ও শৌখিন - ফারসি শব্দ। হিসাব - আরবি শব্দ।

১১. **নিচের কোনটি বাংলা 'ধাতু'র দৃষ্টান্ত?**
(ক) কহ্ (খ) কথ্
(গ) বুধ্ (ঘ) গঠ্

ব্যাখ্যা: যেসব ধাতু বা ক্রিয়ামূল সংস্কৃত থেকে সোজাসুজি আসেনি সেগুলো হলো বাংলা ধাতু। যেমন- আঁক্, কহ্, কাট্, কাঁদ, পড়, হাস্ ইত্যাদি।

১২. **ইসলাম ও সুফিমতের প্রভাবে ভারতবর্ষে ঘটেছিল-**
(ক) বর্ণবাদের পুনরুত্থান (খ) রাষ্ট্রবিপ্লব
(গ) চিন্তাবিপ্লব (ঘ) অভিবাসন বিপ্লব

ব্যাখ্যা: বাস্তববাদী শামীয় আরবধর্ম ইরানের ভাবপ্রবণ আর্য মনে যে প্রতিক্রিয়ায় সৃষ্টি করেছিল, তাই সুফিতত্ত্বে রূপ লাভ করেছে। সুফিধর্ম হচ্ছে প্রেমবাদ। সে-প্রেম আল্লাহ-প্রেম। সুফিমতে স্থানিক প্রভাব লক্ষণীয়। ইসলাম সুফিমতের প্রভাবে ভারতে দেখা দেয় চিন্তা-বিল্পব। সুফিশাস্ত্র গ্রন্থের মধ্যে শেখ ফয়জুল্লার 'গোরাক্ষ বিজয়', সৈয়দ সুলতানের 'জ্ঞানপ্রদীপ-জ্ঞানচৌতিশা' প্রভৃতি উল্লেখযোগ্য।

১	ঘ
২	গ
৩	খ
৪	ক
৫	ক
৬	গ
৭	খ
৮	গ
৯	খ
১০	গ
১১	ক
১২	গ

১৩. শুদ্ধ বানান কোনটি?
ⓚ মুমুর্ষু ⓚ মূমুর্ষ
ⓖ মুমূর্ষু ⓘ মূমূর্ষ
ব্যাখ্যা: মুমূর্ষু - মৃত্যুকাল আসন্ন এমন, মরণাপন্ন।

১৪. 'ইতর বিশেষ' বলতে বোঝায়-
ⓚ দুর্বৃত্ত ⓚ চালাকি
ⓖ পার্থক্য ⓘ অপদার্থ
ব্যাখ্যা: ইতর বিশেষ বাগধারা - পার্থক্য।

১৫. নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির দৃষ্টান্ত কোনটি?
ⓚ গো + অক্ষ = গবাক্ষ
ⓚ পৌ + অক = পাবক
ⓖ বি + অঙ্গ = বঙ্গ
ⓘ যতি + ইন্দ্র = যতীন্দ্র
ব্যাখ্যা: গো + অক্ষ = গবাক্ষ [নিয়মানুসারে হয় - নিপাতনে সিদ্ধ]।
পৌ + অক = পাবক [নিয়ম : ঔ + স্বরধ্বনি = আব্]।
বি + অঙ্গ = ব্যঙ্গ (বঙ্গ) [নিয়ম : ই + ই/ঈ ভিন্ন অন্য স্বধ্বনি = য্ + অ (য ফলা)।
যতি + ইন্দ্র = যতীন্দ্র (ই + ই = ঈ)।

১৬. নিচের কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ?
ⓚ আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই।
ⓚ আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
ⓖ তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।
ⓘ সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম
ব্যাখ্যা: অপশনে উল্লিখিত অশুদ্ধ বাক্যগুলোর শুদ্ধরূপ-
-সাতেও নেই, পাঁচেও (সতেরোতেও) নেই।
-আপনি সপরিবারে (স্বপরিবারে) আমন্ত্রিত।
-সারা জীবন ভূতের বেগার (মজুরি) খেটে মরলাম।

১৭. নিচের কোনটি যৌগিক বাক্য?
ⓚ দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেওয়া হবে না।
ⓚ তিনি বেড়াতে এসে কেনাকাটা করলেন।
ⓖ মহৎ মানুষ বলে সবাই তাঁকে সম্মান করেন।
ⓘ ছেলেটি চঞ্চল তবে মেধাবী।

১৮. 'চণ্ডীমঙ্গল' কাব্যের উপাস্য 'চণ্ডী' কার স্ত্রী?
ⓚ জগন্নাথ ⓚ বিষ্ণু
ⓖ প্রজাপতি ⓘ শিব
ব্যাখ্যা: পার্বতী হলেন একজন হিন্দু দেবী। তিনি শিবের স্ত্রী। সাধারণত তাঁকে দয়াময়ী ও উগ্র দুই রূপেই দেখা হয়। তাঁর দয়াময়ী মূর্তিগুলো হল কাত্যায়নী, অন্নপূর্ণা, মহাগৌরী, ও ললিতা প্রভৃতি। অন্যদিকে তাঁর ভয়ংকরী রূপগুলো হল দুর্গা, কালী, তারা, চণ্ডী ইত্যাদি। মধ্যযুগের বাংলা সাহিত্যে মঙ্গলকাব্যের ধারায় চণ্ডীদেবীর কাহিনী অবলম্বনে রচিত 'চণ্ডীমঙ্গল' কাব্য এ দেশে যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছিল।

১৯. 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য' কোথা থেকে উদ্ধার করা হয়েছিল?
ⓚ নেপালের রাজদরবার থেকে
ⓚ গোয়াল ঘর থেকে
ⓖ পাঠশালা থেকে
ⓘ কান্তজীর মন্দির থেকে

২০. বিদ্যাপতি মূলত কোন ভাষার কবি ছিলেন?
ⓚ মারাঠি ⓚ হিন্দি
ⓖ মৈথিলী ⓘ গুজরাটি
ব্যাখ্যা: বিদ্যাপতি মৈথিলী, অবহট্‌ঠ ও সংস্কৃত ভাষায় বহু গ্রন্থ ও পদ রচনা করেন। বৈষ্ণব পদাবলির আদি কবি বিদ্যাপতি। তিনি ব্রজবুলি ভাষা (মৈথিলী ও বাংলা মিশ্রণে এক মধুর সাহিত্যিক ভাষা) তে পদগুলো রচনা করেন। তাঁকে 'মিথিলার (মৈথিল) কোকিল' বলা হয়। একটি বাংলা পঙ্ক্তি না লিখেও বাংলা সাহিত্যে তাঁকে অত্যন্ত মর্যাদাবান কবি বলা হয়।

২১. 'মনোরমা' বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের চরিত্র?
ⓚ কৃষ্ণকান্তের উইল ⓚ দুর্গেশনন্দিনী
ⓖ মৃণালিনী ⓘ বিষবৃক্ষ
ব্যাখ্যা: সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বিখ্যাত উপন্যাস 'মৃণালিনী' (১৮৬৯ খ্রি.)। ত্রয়োদশ শতাব্দীতে বাংলায় তুর্কি আক্রমণের ঐতিহাসিক প্রেক্ষাপট উপন্যাসটির মূল বিষয়বস্তু। উপন্যাসটির প্রধান চরিত্র - মৃণালিনী, হেমচন্দ্র, মাধবাচার্য, মনোরমা প্রমুখ।

২২. 'ব্যক্ত প্রেম' ও 'গুপ্ত প্রেম' কবিতা দুটি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
ⓚ খেয়া ⓚ মানসী
ⓖ কল্পনা ⓘ সোনার তরী
ব্যাখ্যা: বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'মানসী' (১৮৯০ খ্রি.) কাব্যের উল্লেখযোগ্য কবিতা - অনন্ত প্রেম, অপেক্ষা, আগন্তুক, ব্যক্ত প্রেম, গুপ্ত প্রেম, মানসিক অভিসার প্রভৃতি।

২৩. 'অভীক' রবীন্দ্রনাথের কোন গল্পের নায়ক?
ⓚ নষ্টনীড় ⓚ নামঞ্জুর গল্প
ⓖ রবিবার ⓘ ল্যাবরেটরি

ব্যাখ্যা

ছোটগল্প	চরিত্র
নষ্টনীড়	চারু, অমল।
নামঞ্জুর গল্প	অমিয়া, অনিল
রবিবার	অভীক, বিভা
ল্যাবরেটরি	নন্দকিশোর মল্লিক, সোহিনী

১৩	গ
১৪	গ
১৫	ক
১৬	গ
১৭	ঘ
১৮	ঘ
১৯	খ
২০	গ
২১	গ
২২	খ
২৩	গ

২৪. 'সকলের তরে সকলে আমরা/ প্রত্যেকে আমরা পরের তরে।' - কার রচিত পঙ্ক্তি?

ক) রজনীকান্ত সেন খ) ইসমাইল হোসেন সিরাজী
গ) কামিনী রায় ঘ) দ্বিজেন্দ্রলাল রায়

ব্যাখ্যা: উপরিউক্ত পঙ্ক্তি কামিনী রায়ের 'পরার্থে' কবিতা থেকে চয়িত।

২৫. 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে।' - এই মনোবাঞ্ছাটি কার?

ক) ভবানন্দের খ) ভাঁড়ুদত্তের
গ) ঈশ্বর পাটুনীর ঘ) ফুল্লরার

ব্যাখ্যা: মধ্যযুগের কবি ভারতচন্দ্র রায়গুণাকরের 'অন্নদামঙ্গল' কাব্যের অন্যতম চরিত্র ঈশ্বরী পাটনী। কাব্যটিতে একটি মাঝির (ঈশ্বরী পাটনী) সাথে দেবী অন্নপূর্ণার দেখা হয়। মাঝি যখন দেবীকে চিনতে পারে তখন দেবী তাকে কোনো কিছু চাওয়ার জন্য বলে। সে চায় যেন তার সন্তান সবসময় সুখে থাকে। এখানে বাঙালির চিরায়ত সন্তানস্নেহের উদাহরণ ফুটে উঠেছে।

২৬. নিচের কোন ব্যক্তি 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন না?

ক) কাজী আবদুল ওদুদ খ) এস ওয়াজেদ আলি
গ) আবুল ফজল ঘ) আবদুল কাদির

ব্যাখ্যা: ঢাকা ইন্টারমিডিয়েট কলেজ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন যুক্তিবাদী ও প্রগতিশীল শিক্ষক ও ছাত্রের উদ্যোগে ১৯ জানুয়ারি, ১৯২৬ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত হয় সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন ঢাকা মুসলিম সাহিত্য সমাজ। সংগঠনটির মাধ্যমে 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সূত্রপাত হয়। সংগঠনটির প্রধান লেখক ছিলেন- আবদুল কাদির, কাজী আবদুল ওদুদ, আবুল হুসেন, আবুল ফজল, কাজী মোতাহার হোসেন, মোতাহের হোসেন চৌধুরী প্রমুখ।

২৭. নিচের কোন কাব্য কাজী নজরুল ইসলামের উদারনৈতিক ঐতিহ্যভাবনার ধারক?

ক) বিষের বাঁশি খ) অগ্নিবীণা
গ) সিন্ধু-হিন্দোল ঘ) চক্রবাক

ব্যাখ্যা: কাজী নজরুল ইসলাম ছিলেন ঐতিহ্য সচেতন কবি। একদিকে ইসলামি ঐতিহ্যে তাঁর প্রগাঢ় বিশ্বাস ছিল, অন্যদিকে হিন্দু ঐতিহ্যের পরিবেশের মধ্যে তাঁর জীবন বিকশিত হয়েছিল। 'অগ্নিবীণা' (অক্টোবর, ১৯২২ খ্রি.) কাব্যের সবগুলো কবিতাই হিন্দু-মুসলিম ঐতিহ্যভিত্তিক। মুসলিম ঐতিহ্য নিয়ে লেখা কবিতাগুলো হচ্ছে- কামালপাশা, আনোয়ার, রণভেরী, শাত-ইল-আরব, খেয়াপারের তরণী, কোরবানী ও মোহররম। হিন্দু-ঐতিহ্য প্রধান কবিতাগুলো হচ্ছে, বিদ্রোহী, ধূমকেতু, প্রলয়োল্লাস, রক্তাম্বরধারিণী মা ও আগমনী।

২৮. নিচের কোনটি উপন্যাস নয়?

ক) দিবারাত্রির কাব্য খ) শেষের কবিতা
গ) পল্লীসমাজ ঘ) কবিতার কথা

ব্যাখ্যা

গ্রন্থ	গ্রন্থের ধরন	রচয়িতা
কবিতার কথা	প্রবন্ধ	জীবনানন্দ দাশ
দিবারাত্রির কাব্য	উপন্যাস	মানিক বন্দ্যোপাধ্যায়
শেষের কবিতা		রবীন্দ্রনাথ ঠাকুর
পল্লীসমাজ		শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

২৯. 'বাঙালী ও বাঙলা সাহিত্য' গ্রন্থ কে রচনা করেছেন?

ক) দীনেশচন্দ্র সেন খ) গোপাল হালদার
গ) আহমদ শরীফ ঘ) সুকুমার সেন

ব্যাখ্যা: মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস প্রণয়নে অধ্যাপক শরীফ এক বিশিষ্ট স্থান দখল করে আছেন। তিনি হিন্দু-মুসলমান নির্বিশেষে সকল বাঙালির সাধনাকেই অসাম্প্রদায়িক ও উদার দৃষ্টিভঙ্গিতে বিচার করেন। তাঁর শ্রেষ্ঠ রচনা 'বাঙালী ও বাঙলা সাহিত্য' (দুখণ্ড ১৯৭৮, ১৯৮৩) প্রবন্ধ। গ্রন্থটি মধ্যযুগের বাংলা সাহিত্যের পূর্ণাঙ্গ ইতিহাস গ্রন্থের মর্যাদা লাভ করেছে।

৩০. 'খোকা' ও 'রঞ্জু' মাহমুদুল হক- এর কোন উপন্যাসের চরিত্র?

ক) কালো বরফ খ) খেলাঘর
গ) অনুর পাঠশালা ঘ) জীবন আমার বোন

ব্যাখ্যা: মাহমুদুল হকের 'জীবন আমার বোন' বাংলাদেশের মুক্তিসংগ্রামের পটভূমিতে রচিত উপন্যাস হলেও এর নায়ক খোকা দেশের পরিস্থিতি সম্পর্কে অনেকটা নিস্পৃহ, যুদ্ধকে সে এড়িয়ে চলতে চেয়েছে। গ্রন্থটির শিরোনাম যাকে নিয়ে সে খোকার পঞ্চদশী বোন রঞ্জু। .....

৩১. সৈয়দ ওয়ালীউল্লাহ'র লেখা নাটক কোনটি?

ক) কবর খ) বহিপীর
গ) ওরা কদম আলী ঘ) পায়ের আওয়াজ পাওয়া যায়

ব্যাখ্যা

নাটক	রচয়িতা
কবর	মুনীর চৌধুরী
বহিপীর	সৈয়দ ওয়ালীউল্লাহ
পায়ের আওয়াজ পাওয়া যায়	সৈয়দ শামসুল হক
ওরা কদম আলী	মামুনুর রশীদ

২৪	গ
২৫	গ
২৬	খ
২৭	খ
২৮	ঘ
২৯	গ
৩০	ঘ
৩১	খ

৩২. মীর মশাররফ হোসেনের 'বিষাদ-সিন্ধু' একটি -
ক) মহাকাব্য খ) ইতিহাস গ্রন্থ
গ) উপন্যাস ঘ) ইতিহাস-আশ্রিত জীবনীগ্রন্থ

৩৩. 'চাঁদের অমাবস্যা' উপন্যাসের যুবক-শিক্ষকের নাম-
ক) আবদুল কাদের খ) খতিব মিয়া
গ) আক্কাস আলী ঘ) আরেফ আলী

ব্যাখ্যা: সৈয়দ ওয়ালীউল্লাহ'র মনোসমীক্ষণমূলক উপন্যাস 'চাঁদের অমাবস্যা'। জ্যোৎস্না রাতে এক নগ্ন নারীর লাশ আবিষ্কার করে গ্রামের তরুণ স্কুলমাস্টার আরেফ আলী। খুনি সেই দরিদ্র স্কুলমাস্টারের আশ্রয়দাতা পরিবারেরই একজন। কাজেই বিষয়টা সে চেপে যায়। কিন্তু পরবর্তী সময়ে অন্তদ্বন্দ্বে ভুগতে থাকে সে। একদিকে সত্য প্রকাশ করতে না পারার বেদনা, অন্যদিকে তার আশ্রয় এবং শিক্ষকতার পেশাটা হারানোর ভয়। আরেফের মনোগত এ ক্রিয়া-প্রতিক্রিয়াই উপন্যাসটির মূল প্রতিপাদ্য বিষয়।

৩৪. 'মরণ রে তুঁহু মম শ্যামসমান।' পঙ্ক্তিটির রচয়িতা-
ক) বিদ্যাপতি
খ) গোবিন্দ দাস
গ) রবীন্দ্রনাথ ঠাকুর
ঘ) কৃষ্ণদাস কবিরাজ

৩৫. 'আনোয়ারা' উপন্যাসের রচয়িতার নাম -
ক) সৈয়দ মুজতবা আলী
খ) কাজী আবদুল ওদুদ
গ) নজিবর রহমান
ঘ) রোকেয়া সাখাওয়াত হোসেন

ব্যাখ্যা: মোহাম্মদ নজিবর রহমানের একটি কালজয়ী সামাজিক উপন্যাস 'আনোয়ারা' (১৯১৪ খ্রি.)। গ্রামীণ জীবনের পটভূমিকায় রচিত উপন্যাসটিতে বাঙালি মুসলমান সম্প্রদায়ের পারিবারিক ও সামাজিক চিত্র ফুটে উঠেছে।

৩২	গ
৩৩	ঘ
৩৪	গ
৩৫	গ

৪৩তম বিসিএস

১. **রবীন্দ্রনাথ কোন কারক বাদ দিতে চেয়েছিলেন?**
ⓚ করণ কারক ⓚ সম্প্রদান কারক
ⓖ অপাদান কারক ⓖ অধিকরণ কারক

২. **কেন্তমের কোন দুটি শাখা এশিয়ার অন্তর্গত?**
ⓚ হিত্তিক ও তুখারিক
ⓚ তামিল ও দ্রাবিড়
ⓖ আর্য ও অনার্য
ⓖ মাগধী ও গৌড়ী

৩. **'রুখের তেন্তুলি কুমিরে খাই'-এর অর্থ কী?**
ⓚ তেজি কুমিরকে রুখে দিই
ⓚ বৃক্ষের শাখায় পাকা তেঁতুল
ⓖ গাছের তেঁতুল কুমিরে খায়
ⓖ ভুল থেকে শিক্ষা নিতে হয়

৪. **কত সালে 'দুর্গেশনন্দিনী' উপন্যাস প্রথম প্রকাশিত হয়?**
ⓚ ১৮৬০ ⓚ ১৮৬১
ⓖ ১৮৬৫ ⓖ ১৮৬৭

৫. **বাংলা সাহিত্যে প্রথম মহিলা ঔপন্যাসিকের নাম কী?**
ⓚ বেগম রোকেয়া ⓚ কাদম্বরী দেবী
ⓖ স্বর্ণকুমারী দেবী ⓖ নূরুন্নাহার ফয়জুন্নেসা

ব্যাখ্যা: স্বর্ণকুমারী দেবী ১৮৫৫ সালে কলকতার জোঁড়াসাঁকোর ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের কন্যা ও রবীন্দ্রনাথ ঠাকুরের ভগ্নী। তাঁর প্রথম উপন্যাস- দীপনির্বাণ।

৬. **মনসা দেবীকে নিয়ে লেখা বিজয় গুপ্তের মঙ্গলকাব্যের নাম কী?**
ⓚ 'মনসামঙ্গল' ⓚ 'মনসাবিজয়'
ⓖ 'পদ্মাপুরাণ' ⓖ 'পদ্মাবতী'

৭. **দৌলত উজির বাহরাম খান সাহিত্যসৃষ্টিতে কার পৃষ্ঠপোষকতা লাভ করেন?**
ⓚ সুলতান গিয়াসউদ্দিন আজম শাহ
ⓚ কোরেশী মাগন ঠাকুর
ⓖ সুলতান বরবক শাহ
ⓖ জমিদার নিজাম শাহ

৮. **কোনটি নামধাতুর উদাহরণ?**
ⓚ চল্ ⓚ কার্
ⓖ বেতা ⓖ পড়

৯. **'গড্ডলিকা প্রবাহ' বাগধারায় 'গড্ডল' শব্দের অর্থ কী?**
ⓚ স্রোত ⓚ ভেড়া
ⓖ একত্র ⓖ ভাসা

১০. **'তাতে সমাজজীবন চলে না'।- এ বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি?**
ⓚ তাতে সমাজজীবন চলে।
ⓚ তাতে না সমাজজীবন চলে।
ⓖ তাতে সমাজজীবন অচল হয়ে পড়ে।
ⓖ তাতে সমাজজীবন সচল হয়ে পড়ে।

ব্যাখ্যা: নেতিবাচক বাক্যকে অস্তিবাচক বাক্যে রূপান্তর করতে হলে নিম্নলিখিত নিয়মনীতি অনুসরণ করতে হয়।
i) অর্থের কোনো পরিবর্তন হবে না।
ii) 'না'-বোধক অব্যয় উঠিয়ে দিতে হবে।
iii) 'না'-বোধক বাক্যের মূল বিশেষ্য বা বিশেষণ পদটির বিপরীতার্থক পদ ব্যবহার করতে হবে।
যেমন- চলে না ⟹ অচল হয়ে পড়ে।

১১. **"তোমারেই যেন ভালোবাসিয়াছি শত রূপে শত বার/জনমে জনমে যুগে যুগে অনিবার।"- রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতার অংশ?**
ⓚ 'অনন্ত প্রেম' ⓚ 'উপহার'
ⓖ 'ব্যক্ত প্রেম' ⓖ 'শেষ উপহার'

১২. **হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কী?**
ⓚ পণ্ডিত ⓚ বিদ্যাসাগর
ⓖ শাস্ত্রজ্ঞ ⓖ মহামহোপাধ্যায়

ব্যাখ্যা: ড. হরপ্রসাদ শাস্ত্রী ১৮৯৮ সালে ব্রিটিশ সরকার প্রদত্ত 'মহামহোপাধ্যায়' উপাধিতে (মহারানী ভিক্টোরিয়ার ৬০তম রাজ্যাঙ্কে প্রবর্তিত) ভূষিত হন।

১৩. **ক্ষুদ্র জাতিগোষ্ঠী নিয়ে লেখা উপন্যাস কোনটি?**
ⓚ 'তেইশ নম্বর তৈলচিত্র'
ⓚ 'ক্ষুধা ও আশা'
ⓖ 'কর্ণফুলী'
ⓖ 'ধানকন্যা'

১৪. **'নীললোহিত' কোন লেখকের ছদ্মনাম?**
ⓚ অরুণ মিত্র ⓚ সমরেশ বসু
ⓖ সুনীল গঙ্গোপাধ্যায় ⓖ সমরেশ মজুমদার

১৫. **বাগযন্ত্রের অংশ কোনটি?**
ⓚ স্বরযন্ত্র ⓚ ফুসফুস
ⓖ দাঁত ⓖ উপরের সবকটি

১৬. **'চর্যাপদে'র প্রাপ্তিস্থান কোথায়?**
ⓚ বাংলাদেশ ⓚ নেপাল
ⓖ উড়িষ্যা ⓖ ভুটান

১৭. **কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?**
ⓚ 'কাঁদো নদী কাঁদো ⓚ 'নেকড়ে অরণ্য'
ⓖ 'রাঙা প্রভাত' ⓖ 'প্রদোষে প্রাকৃতজন'

১	খ
২	ক
৩	গ
৪	গ
৫	গ
৬	গ
৭	ঘ
৮	গ
৯	খ
১০	গ
১১	ক
১২	ঘ
১৩	গ
১৪	গ
১৫	ঘ
১৬	খ
১৭	খ

১৮. বড় > বড্ড - এটি কোন ধরনের পরিবর্তন?
ক) বিষমীভবন খ) সমীভবন
গ) ব্যঞ্জনদ্বিত্ব ঘ) ব্যঞ্জন-বিকৃতি

১৯. 'সপ্তকাণ্ড রামায়ণ' বাগধারার অর্থ কী?
ক) রামায়ণের সাত পর্ব
খ) রামায়ণে বর্ণিত বৃক্ষ
গ) রামায়ণে বর্ণিত সাতটি সমুদ্র
ঘ) বৃহৎ বিষয়

২০. 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' কার লেখা?
ক) এস.ওয়াজেদ আলী খ) আবুল মনসুর আহমদ
গ) আবুল হাসেম ঘ) আবুল হুসেন
ব্যাখ্যা: আবুল মনসুর আহমদের আত্মজীবনীমূলক প্রবন্ধ 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর'। স্মৃতিকথার আঙ্গিকে লেখা প্রবন্ধটিতে তিনি ব্রিটিশবিরোধী স্বাধীনতা আন্দোলন থেকে পুরো পাকিস্তান আমল এবং স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়-পরবর্তী সময় পর্যন্ত প্রায় অর্ধশতাব্দীর রাজনৈতিক ইতিহাস অত্যন্ত সরল ও অন্তরঙ্গ ভঙ্গিতে তুলে ধরেছেন।

২১. "ঐ ক্ষেপেছে পাগলি মায়ের দামাল ছেলে" - কে এই দামাল ছেলে?
ক) কামাল পাশা খ) কাজী নজরুল ইসলাম
গ) চিত্তরঞ্জন দাস ঘ) সুভাষ বসু

২২. 'Attested' শব্দের বাংলা পরিভাষা কী?
ক) প্রত্যায়িত খ) সত্যায়িত
গ) প্রত্যয়িত ঘ) সত্যয়িত

২৩. 'ডেকে ডেকে হয়রান হচ্ছি।' - এ বাক্যে 'ডেকে ডেকে' কোন অর্থ প্রকাশ করে?
ক) অসহায়ত্ব খ) বিরক্তি
গ) কালের বিস্তার ঘ) পৌনঃপুনিকতা

২৪. 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কাব্যগ্রন্থের কবি কে?
ক) রফিক আজাদ খ) শঙ্খ ঘোষ
গ) শক্তি চট্টোপাধ্যায় ঘ) শামসুর রাহমান

২৫. 'আসমান' কোন ভাষা থেকে আগত শব্দ?
ক) পর্তুগিজ খ) ফরাসি
গ) আরবি ঘ) ফারসি

২৬. নিম্নবিবৃত স্বরধ্বনি কোনটি?
ক) আ খ) ই
গ) এ ঘ) অ্যা

২৭. 'জিজীবিষা' শব্দটির অর্থ কী?
ক) জীবননাশের ইচ্ছা খ) জীবনকে জানার ইচ্ছা
গ) বেঁচে থাকার ইচ্ছা ঘ) জীবন-জীবিকার পথ

২৮. ভুল বানান কোনটি?
ক) ভূবন খ) অন্তঃসার
গ) মুহূর্ত ঘ) অদ্ভুত

২৯. 'যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়।'-এটি কোন ধরনের বাক্য?
ক) সরল বাক্য খ) জটিল বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) খণ্ড বাক্য

৩০. 'চিকিৎসাশাস্ত্র' কোন সমাস?
ক) কর্মধারয় খ) বহুব্রীহি
গ) অব্যয়ীভাব ঘ) তৎপুরুষ

৩১. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোথায় জন্মগ্রহণ করেন?
ক) চৌবেরিয়া গ্রাম, নদীয়া
খ) কাঁঠালপাড়া গ্রাম, চব্বিশ পরগোনা
গ) বীরসিংহ গ্রাম, মেদিনীপুর
ঘ) দেবানন্দপুর গ্রাম, হুগলি

৩২. 'মুসলিম সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয়-
ক) ২৬ মার্চ, ১৯২৭ খ) ১৯ জানুয়ারি, ১৯২৬
গ) ১৯ মার্চ, ১৯২৬ ঘ) ১৯ ফেব্রুয়ারি, ১৯২৬

৩৩. 'মানুষের মৃত্যু হলে তবুও মানব থেকে যায়'- কে রচনা করেন এই কাব্য?
ক) সুধীন্দ্রনাথ দত্ত খ) প্রেমেন্দ্র মিত্র
গ) সমর সেন ঘ) জীবনানন্দ দাশ

৪২তম (বিশেষ) বিসিএস

১. 'উদ্বাসন' শব্দের অর্থ কী?
ক) বাসভূমি থেকে বিতাড়িত হওয়া
খ) বাসভূমির সম্মুখস্থ ভূমি
গ) অজ্ঞাত বিষয় প্রকাশ করা
ঘ) বিকাশ

২. 'কিত্তনখোলা' নাটকটির বিষয়-
ক) যন্ত্রণাদগ্ধ শহুর জীবন
খ) স্নিগ্ধ-শ্যামল প্রকৃতির রূপ
গ) লোকায়ত জীবন-সংস্কৃতি
ঘ) দেশবিভাগ জনিত জীবন যন্ত্রণা

৩. মধ্যপদলোপী কর্মধারয় সমাস কোনটি?
ক) সিংহ চিহ্নিত আসন = সিংহাসন
খ) মহান যে পুরুষ = মহাপুরুষ
গ) কুসুমের মত কোমল = কুসুমকোমল
ঘ) জয়া ও পতি = দম্পতি

৪. বাক্যের দুটি অংশে থাকে -
ক) প্রসাদগুণ, মাধুর্যগুণ খ) উপমা, অলংকার
গ) উদ্দেশ্য, বিধেয় ঘ) সাধু, চলিত

৫. 'যিনি ন্যায়শাস্ত্র জানেন' এর এক কথায় প্রকাশিত রূপ হলো -
ক) ন্যায়বাগীশ খ) নৈয়ায়িক
গ) ন্যায়পাল ঘ) ন্যায়ঋদ্ধ

১৮	গ
১৯	ঘ
২০	খ
২১	ক
২২	খ
২৩	ঘ
২৪	খ
২৫	ঘ
২৬	ক
২৭	গ
২৮	ক
২৯	খ
৩০	ক
৩১	গ
৩২	খ
৩৩	ঘ

১	ক
২	গ
৩	ক
৪	গ
৫	খ

৬. **মহাকবি আলাওল রচিত কাব্য -**
ক চন্দ্রাবতী খ পদ্মাবতী
গ মধুমালতী ঘ লায়লী-মজনু

৭. **সঠিক বানান নয় কোনটি?**
ক ধরণি খ মূর্ছা
গ গুণ ঘ প্রানি

৮. **কোনটি শুদ্ধ নয়?**
ক যন্ত্রনা খ শূদ্র
গ সহযোগিতা ঘ স্বতঃস্ফূর্ত
ব্যাখ্যা: যন্ত্রনা ⇒ যন্ত্রণা।

৯. **কোন সাহিত্যকর্মে সান্ধ্য ভাষার প্রয়োগ আছে?**
ক পদাবলি খ গীতগোবিন্দ
গ চর্যাপদ ঘ চৈতন্যজীবনী

১০. **'ঐহিক' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**
ক ঈদৃশ খ পারত্রিক
গ মাঙ্গলিক ঘ আকস্মিক

১১. **মুক্তিযুদ্ধভিত্তিক নভেল কোনটি?**
ক ক্রীতদাসের হাসি
খ জীবন ও রাজনৈতিক বাস্তবতা
গ কান্নাপর্ব
ঘ প্রদোষে প্রাকৃতজন

১২. **আমার জ্বর জ্বর লাগছে- 'জ্বর জ্বর' শব্দ দুটি অবিকৃতভাবে উচ্চারিত হওয়াকে বলে-**
ক দ্বিরুক্ত শব্দ খ সমার্থক শব্দ
গ যুগ্মশব্দ ঘ শব্দদ্বিত্ব

১৩. **শুদ্ধ বাক্য নয় কোনটি?**
ক বিদ্বান হলেও তার কোনো অহংকার নেই
খ ইশ! যদি পাখির মত পাখা পেতাম
গ অকারণে ঋণ করিও না
ঘ হয়তো সোহমা আসতে পারে
